Vol. 144, No. VI

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(December Session, 2015)

(From the 11th to 17th December, 2015)

(The 11th, 14th, 15th, 16th and
17th December, 2015)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price : ₹ 178/-

Vol. 144, No. VI

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(December Session, 2015)

(From the 11th to 17th December, 2015)

(The 11th, 14th, 15th, 16th and 17th December, 2015)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI M. K. NARAYANAN

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee,** Chief Minister and Minister-in-Charge of Home Department, Department of Land and Land Reforms, Department of Health & Family Welfare, Department of Information and Cultural Affairs, Department of Hill Affairs, Minority Affairs and Madrasah Education Department and Department of Personnel and Administrative Reforms, Transport Department.
2. **Dr. Partha Chatterjee,** Minister-in-Charge, Department of School Education, Department of Higher Education, Department of Parliamentary Affairs.
3. **Dr. Amit Mitra,** Minister-in-Charge, Finance Department, Department of Excise, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction, Department of Information Technology and Electronics.
4. **Shri Manish Gupta,** Minister-in-Charge, Department of Power and Department of Non-Conventional Energy Sources.
5. **Shri Subrata Mukherjee,** Minister-in-Charge, Department of Public Health Engineering and Departments of Panchayats and Rural Development.
6. **Shri Abdul Karim Chowdhary,** Minister-in-Charge, Department of Mass Education Extention and Library Services.
7. **Shri Sadhan Pande,** Minister-in-Charge, Department of Consumer Affairs, Department of Self-Help Group and Self-Employment.
8. **Shri Upendra Nath Biswas,** Minister-in-Charge, Department of Backward Classes Welfare.
9. **Shri Javed Ahmed Khan,** Minister-in-Charge, Department of Disaster Management, Department of Fire and Emergency Services and Department of Civil Defence.
10. **Shri Rabindranath Bhattacharya,** Minister-in-Charge, Department of Statistics & Programme Implementation.
11. **Smt. Sabitri Mitra,** Minister-in-Charge, Department of Refugee Relief and Rehabilitation.

12. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

13. **Shri Shantiram Mahato,** Minister-in-Charge, Department of Paschimanchal Unnayan Affairs.

14. **Shri Haider Aziz Safwi,** Minister-in-Charge, Department of Correctional Administration.

15. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Agriculture.

16. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Tourism.

17. **Shri Rachpal Singh,** Minister-in-Charge, Department of Planning.

18. **Shri Binay Krishna Barman,** Minister-in-Charge, Department of Forests.

19. **Shri Goutam Deb,** Minister-in-Charge, Department of North Bengal Development.

20. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Labour.

21. **Shri Shankar Chakravorty,** Minister-in-Charge, Public Works Department.

22. **Dr. Rabiranjan Chattopadhyay,** Minister-in-Charge, Department of Science and Technology and Department of Bio-Technology.

23. **Dr. Sudarsan Ghosh Dastidar,** Minister-in-Charge, Department of Environment.

24. **Shri Ujjal Biswas,** Minister-in-Charge, Department of Technical Education and Training.

25. **Shri Shyama Prasad Mukherjee,** Minister-in-Charge, Department of Sericulture.

26. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.

27. **Dr. Sukumar Hansda,** Minister-in-Charge, Department of Tribal Development.

28. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Water Resources Investigation and Development.

29. **Shri Arup Roy,** Minister-in-Charge, Department of Agricultural Marketing, Department of Agriculture.

30. **Shri Chandra Nath Sinha,** Minister-in-Charge, Department of Fisheries.

31. **Shri Krishnendu Narayan Choudhury,** Minister-in-Charge, Department of Food Processing, Industries and Horticulture.

32. **Shri Rajib Banerjee,** Minister-in-Charge, Department of Irrigation and Waterways.

33. **Shri Aroop Biswas,** Minister-in-Charge, Department of Housing and Department of Youth Services, Sports Department.

34. **Smt. Chandrima Bhattacharya,** Minister-of-State, Department of Health & Family Welfare, Minister-of-State (Independent Charge) Department of Law and Judicial.

35. **Shri Pundarikakshya Saha,** Minister-of-State, Department of Public Health Engineering.

36. **Shri Manturam Pakhira,** Minister-of-State, Department of Irrigation and Waterways, Sundarban Affairs.

37. **Shri Giasuddin Molla,** Minister-of-State, Department of Madrasah Education, Minority Affairs.

38. **Shri Becharam Manna,** Minister-of-State, Department of Agriculture, Agriculture Marketing, Child Development.

39. **Shri Swapan Debnath,** Minister-of-State, Department of Land and Land Reforms, Micro and Small Scale Enterprises and Textiles and Animal Resources Development.

40. **Dr. (Smt.) Shashi Panja,** Minister-of-State (Independent Charge), Department of Child Development, Women Development; Branch of Department of Women Development and Social Welfare.

41. **Dr. Asish Banerjee,** Minister-of-State, Department of Ayush, Higher Education and School Education Department.

Parliamentary Secretary

1. **Shri Rabindra Nath Ghosh,** Parliamentary Secretary, Public Works Department.

2. **Shri Amal Acharjee,** Parliamentary Secretary, Fisheries Department.

3. **Shri Biplab Mitra,** Parliamentary Secretary, Law Department.

4. **Shri Nasiruddin (Lal) Ahamed,** Parliamentary Secretary, Transport Department.

5. **Shri Tapas Roy,** Parliamentary Secretary, Parliamentary Affairs Department.

6. **Shri A.T.M. Abdulla,** Parliamentary Secretary, Panchayats and Rural Development Department.

7. **Shri Ashok Kumar Deb,** Parliamentary Secretary, Madrasah Education Department.

8. **Smt. Asima Patra,** Parliamentary Secretary, Micro and Small Scale Enterprises and Textiles Department.

9. **Shri Jyotirmoy Kar,** Parliamentary Secretary, Co-operation Department.

10. **Shri Radhakanta Maiti,** Parliamentary Secretary, Irrigation and Waterways Department.

11. **Smt. Sandhya Rani Tudu,** Parliamentary Secretary, Backward Classes Welfare Department.

12. **Shri Arup Kumar Khan,** Parliamentary Secretary, Agriculture Marketing Department.

13. **Dr. Asish Banerjee,** Parliamentary Secretary, Higher Education Department, Technical Education and Training Department.

14. **Shri Subhasish Batabyal,** Parliamentary Secretary.

15. **Shri Wilson Champramary,** Parliamentary Secretary.

16. **Shri Chand Mohammad,** Parliamentary Secretary.

17. **Shri Silbhadra Dutta,** Parliamentary Secretary.

18. **Shri Tapan Dasgupta,** Parliamentary Secretary.

19. **Shri Ashok Kumar Deb,** Parliamentary Secretary.

20. **Shri Shankar Dolai,** Parliamentary Secretary.

21. **Smt. Firdousi Begum,** Parliamentary Secretary.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Biman Banerjee**

Deputy Speaker : **Smt. Sonali Guha (Bose)**

Secretary : **Shri Buddheswar Mahanti**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

*1. Abdul Karim Chowdhary, Shri (29-Islampur, Uttar Dinajpur)
2. Abdur Rahim Boxi, Shri (47-Malatipur, Malda)
3. Abdur Razzak, Shri (76-Jalangi, Murshidabad)
4. Abdur Razzak Molla, Shri (139-Canning Purba, South 24-Parganas)
5. Abu Hena, Shri (61-Lalgola, Murshidabad)
6. Abu Nasar Khan Choudhury, Shri (53-Sujapur, Malda)
7. Abu Taher Khan, Shri (74-Nowda, Murshidabad)
8. Abul Hasem Mondal, Shri (265-Memari, Burdwan)
9. Abul Kasem Molla, Dr. (183-Jagatballavpur, Howrah)
#10. Acharjee, Shri Amal (36-Itahar, Uttar Dinajpur)
11. Adhikari, Shri Ananta Deb [16-Maynaguri (SC), Jalpaiguri]
12. Adhikari, Shri Anil [13-Falakata (SC), Jalpaiguri]
13. Adhikari, Shri Dibyendu (216-Kanthi Dakshin, Purba Medinipur)
14. Adhikary, Shri Paresh Chandra [1-Mekhliganj (SC), Cooch Behar]
15. Akhruzzaman, Shri (59-Raghunathganj, Murshidabad)
16. Ali Imran Ramz, Shri (31-Chakulia, Uttar Dinajpur)
17. Anisur Rahaman, Shri (75-Domkal, Murshidabad)
18. Asif Mehbub, Shri (45-Chanchal, Malda)
#19. A.T.M. Abdulla, Shri (125-Basirhat Uttar, North 24-Parganas)

B

20. Badal, Shri Jamadar (148-Bhangore, South 24-Parganas)
21. Bag, Shri Nabin Chandra [259-Khandaghosh (SC), Burdwan]
22. Bagdi, Shri Bijoy [284-Dubrajpur (SC), Birbhum]
23. Bagdi, Shri Dhiren [289-Sainthia (SC), Birbhum]
24. Bakshi, Smt. Smita (165-Jorasanko, Kolkata)
25. Bandopadhyay, Smt. Nayana (162-Chowrangee, Kolkata)
**26. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
+27. Banerjee, Shri Biman (140-Baruipur Paschim, South 24-Parganas)
*28. Banerjee, Smt. Mamata (159-Bhabanipur, Kolkata)
29. Banerjee, Dr. Nikhil Kumar (276-Durgapur Purba, Burdwan)
*30. Banerjee, Shri Rajib (184-Domjur, Howrah)
31. Banerjee, Shri Tapas (280-Asansol Dakshin, Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

32. Baraik, Shri Bulu Chik [20-Mal (ST), Jalpaiguri]
33. Barma, Dr. Sukhbilas [17-Jalpaiguri (SC), Jalpaiguri]
*34. Barman, Shri Binay Krishna [2-Mathabhanga (SC), Cooch Behar]
35. Barman, Shri Hiten [5-Sitalkuchi (SC), Cooch Behar]
*36. Basu, Shri Bratya (114-Dum Dum, North 24-Parganas)
37. Basu, Smt. Manju (107-Noapara, North 24-Parganas)
*38. Basu, Shri Purnendu (117-Rajarhat-Gopalpur, North 24-Parganas)
#39. Batabyal, Shri Subhasis (248-Chhatna, Bankura)
40. Bauri, Shri Purna Chandra [246-Raghunathpur (SC), Purulia]
41. Bauri, Shri Umapada [245-Para (SC), Purulia]
42. Belthariya, Shri Swapan Kumar (244-Kashipur, Purulia)
43. Besra, Shri Susanta [238-Bandwan (ST), Purulia]
44. Bhattacharjee, Shri Amiya Kanti (211-Chandipur, Purba Medinipur)
**45. Bhattacharya, Smt. Chandrima [110-Dum Dum (Uttar), North 24-Parganas]
*46. Bhattacharya, Shri Rabindranath (188-Singur, Hooghly)
47. Bhattacharya, Dr. Rudra Nath (26-Siliguri, Darjeeling)
48. Bhattacharya, Shri Samik (124-Basirhat Dakshin, North 24-Parganas)
49. Bhowmick, Shri Partha (104-Naihati, North 24-Parganas)
50. Bhunia, Smt. Mamata (230-Daspur, Paschim Medinipur)
51. Bhunia, Dr. Manas Ranjan (226-Sabang, Paschim Medinipur)
52. Biswas, Shri Abir Ranjan [90-Ranaghat Dakshin (SC), Nadia]
*53. Biswas, Shri Aroop (152-Tollygunge, South 24-Parganas)
54. Biswas, Shri Emani (57-Suti, Murshidabad)
55. Biswas, Dr. Ramendra Nath [92-Kalyani (SC), Nadia]
56. Biswas, Shri Satyajit [88-Krishnaganj (SC), Nadia]
57. Biswas, Shri Surajit Kumar [96-Bongaon Dakshin (SC), North 24-Parganas]
*58. Biswas, Shri Ujjal (85-Krishnanagar Dakshin, Nadia)
*59. Biswas, Dr. Upendra Nath [94-Bagda (SC), North 24-Parganas]
60. Bose, Shri Sujit (116-Bidhan Nagar, North 24-Parganas)
61. Bouri, Shri Swapan [247-Saltora (SC), Bankura]

C

62. Chakrabarti, Shri Chiranjeet (119-Barasat, North 24-Parganas)
63. Chakraborty, Shri Snehasis (195-Jangipara, Hooghly)
64. Chakraborty, Shri Manoj (72-Baharampur, Murshidabad)
*65. Chakravorti, Shri Shankar (39-Balurghat, Dakshin Dinajpur)
#66. Champramary, Shri Wilson [11-Kalchini (ST), Jalpaiguri]
#67. Chand Mohammad, Shri (62-Bhagabangola, Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

68. Chatterjee, Shri Dipak (293-Nalhati, Birbhum)
69. Chatterjee, Shri Gouranga (275-Pandabeswar, Burdwan)
*70. Chatterjee, Dr. Partha (154-Behala Paschim, South 24-Parganas)
71. Chatterjee, Shri Partha Sarathi (87-Ranaghat Uttar-Paschim, Nadia)
72. Chatterjee, Shri Rabindranath (270-Katwa, Burdwan)
73. Chatterjee, Shri Sovan (153-Behala Purba, South 24-Parganas)
74. Chatterjee, Shri Tapan (269-Purbasthali Uttar, Burdwan)
75. Chatterjee, Shri Ujjal (282-Kulti, Burdwan)
*76. Chattopadhyay, Dr. Rabiranjan (260-Bardhaman Dakshin, Burdwan)
***77. Chattopadhyay, Shri Sobhandeb (160-Rashbehari, Kolkata)
78. Chhetri, Dr. Harka Bahadur (22-Kalimpong, Darjeeling)
*79. Chowdhury, Shri Krishnendu Narayan (51-Englishbazar, Malda)
80. Chowdhury, Md. Hedayatullah, Shri (263-Monteswar, Burdwan)

D

81. Das, Shri Biswajit [95-Bongaon Uttar (SC), North 24-Parganas]
82. Das, Smt. Kasturi (155-Maheshtala, South 24-Parganas)
83. Das, Shri Samares (218-Egra, Purba Medinipur)
#84. Dasgupta, Shri Tapan (193-Saptagram, Hooghly)
#85. Datta, Shri Silbhadra (108-Barrackpur, North 24-Parganas)
86. De, Shri Sukumar (207-Nandakumar, Purba Medinipur)
#87. Deb, Shri Ashok Kumar (156-Budge Budge, South 24-Parganas)
*88. Deb, Shri Gautam (19-Dabgram-Phulbari, Jalpaiguri)
**89. Debnath, Shri Swapan (268-Purbasthali Dakshin, Burdwan)
90. Dey, Shri Ajoy (86-Santipur, Nadia)
91. Dolai, Shri Bhushan Chandra (206-Moyna, Purba Medinipur)
92. Dolai, Smt. Chhaya [232-Chandrakona (SC), Paschim Medinipur]
93. Doloi, Shri Rameswar [235-Keshpur (SC), Paschim Medinipur]
#94. Dolai, Shri Shankar [231-Ghatal (SC), Paschim Medinipur]
95. Dutta, Shri Parash (106- Jagatdal, North 24-Parganas)
96. Dutta, Shri Sabyasachi (115-Rajarhat-New Town, North 24-Parganas)

F

#97. Firdousi Begum, Smt. (151-Sonarpur Uttar, South 24-Parganas)
*98. Firhad Hakim, Shri (158-Kolkata Port, Kolkata)
99. Firoza Begam, Smt. (63-Raninagar, Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

G

*100. Ghatak, Shri Moloy (281-Asansol Uttar, Burdwan)
101. Ghosal, Dr. Anup (185-Uttarpara, Hooghly)
102. Ghosh, Shri Asok (170-Howrah Uttar, Howrah)
103. Ghosh, Shri Nirmal (111-Panihati, North 24-Parganas)
#104. Ghosh, Shri Rabindra Nath (8-Natabari, Cooch Behar)
105. Ghosh, Shri Rathin (118-Madhyamgram, North 24-Parganas)
106. Ghosh Kar, Smt. Ratna (91-Chakdah, Nadia)
107. Ghosh, Shri Samarendranath (77-Karimpur, Nadia)
108. Ghosh, Shri Susanta (233-Garbeta, Paschim Medinipur)
109. Ghosh, Shri Swapan Kanti (285-Suri, Birbhum)
110. Ghosh, Shri Tamonash (144-Falta, South 24-Parganas)
*111. Ghosh Dastidar, Dr. Sudarsan (208-Mahisadal, Purba Medinipur)
**112. Giasuddin Molla, Shri (142-Mograhat Paschim, South 24-Parganas)
113. Giri, Shri Akhil (217-Ramnagar, Purba Medinipur)
++114. Guha (Bose), Smt. Sonali (145-Satgachhia, South 24-Parganas)
115. Guha, Shri Udayan (7-Dinhata, Cooch Behar)
116. Gulsan Mullick, Shri (175-Panchla, Howrah)
*117. Gupta, Shri Manish (150-Jadavpur, South 24-Parganas)

H

*118. Haider Aziz Safwi, Shri (176-Uluberia Purba, Howrah)
119. Haldar, Shri Bhupendra Nath [50-Maldaha (SC), Malda]
120. Halder, Shri Dipak Kumar (143-Diamond Harbour, South 24-Parganas)
121. Halder, Shri Jogoranjan (133-Kulpi, South 24-Parganas)
122. Halder, Shri Joydeb [135-Mandir Bazar (SC), South 24-Parganas]
123. Halder, Shri Ram Sankar [129-Kultali (SC), South 24-Parganas]
124. Hamidul Rahaman, Shri (28-Chopra, Uttar Dinajpur)
125. Hansda, Shri Bachchu [40-Tapan (ST), Dakshin Dinajpur]
126. Hansda, Shri Dibakar [237-Binpur (ST), Paschim Medinipur]
*127. Hansda, Dr. Sukumar (222-Jhargram, Paschim Medinipur)
128. Hazra, Shri Banamali (267-Bhatar, Burdwan)
129. Hazra, Shri Bankim Chandra (132-Sagar, South 24-Parganas)
130. Hazra, Shri Gadadhar [287-Nanoor (SC), Birbhum]
131. Hembram, Smt. Deblina [249-Ranibandh (ST), Bankura]

I

132. Id. Mohammad, Shri (69-Bharatpur, Murshidabad)
133. Insar Ali Biswas, Shri (73-Hariharpara, Murshidabad)
134. Iqbal Ahmed, Shri (202-Khanakul, Hooghly)
135. Isha Khan Choudhury, Shri (54-Baishnabnagar, Malda)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

J

136. Jahanara Khan, Smt. (279-Jamuria, Burdwan)
137. Jana, Shri Samir Kumar (130-Patharpratima, South 24-Parganas)
*138. Javed Ahmed Khan, Shri (149-Kasba, South 24-Parganas)
139. Joardar, Shri Abani Mohan (83-Krishnanagar Uttar, Nadia)
140. Julfikar Molla, Shri (121-Haroa, North 24-Parganas)

K

*141. Kar, Shri Jyotirmoy (212-Patashpur, Purba Medinipur)
142. Karak, Shri Biswanath [201-Goghat (SC), Hooghly]
#143. Khan, Shri Arup Kumar (254-Onda, Bankura)
144. Khan, Shri Basudeb [261-Raina (SC), Burdwan]
145. Khan, Shri Kallol (81-Nakashipara, Nadia)
146. Kisku, Shri Upen [250-Raipur (ST), Bankura]
147. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]
148. Kundu, Shri Biswajit [264-Kalna (SC), Burdwan]

L

149. Lahiri, Shri Jatu (172-Shibpur, Howrah)

M

150. M. Nuruzzaman, Dr. (120-Deganga, North 24-Parganas)
151. Mahamuda Begam, Smt. (38-Kumarganj, Dakshin Dinajpur)
152. Mahapatra, Shri Arun (219-Dantan, Paschim Medinipur)
*153. Mahapatra, Dr. Saumen Kumar (203-Tamluk, Purba Medinipur)
154. Mahata, Shri Nepal (240-Baghmundi, Purulia)
155. Mahata, Shri Srikanta (234-Salboni, Paschim Medinipur)
156. Mahata, Shri Chudamani (221-Gopiballavpur, Paschim Medinipur)
157. Mahato, Shri Dhirendra Nath (241-Joypur, Purulia)
*158. Mahato, Shri Shantiram (239-Balarampur, Purulia)
159. Mainul Haque, Shri (55-Farakka, Murshidabad)
160. Maiti, Shri Mrigendra Nath (236-Medinipur, Paschim Medinipur)
#161. Maiti, Shri Radhakanta (229-Debra, Paschim Medinipur)
162. Maity, Shri Ardhendu (214-Bhagabanpur, Purba Medinipur)
163. Maity, Smt. Banasri (213-Kanthi Uttar, Purba Medinipur)
164. Majhi, Shri Asim Kumar [191-Balagarh (SC), Hooghly]
#165. Maji, Dr. Nirmal [177-Uluberia Uttar (SC), Howrah]
166. Majumdar, Shri Asit, (190-Chunchura, Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

167. Majumder, Shri Brajamohan (173-Howrah Dakshin, Howrah)
168. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC), Birbhum]
169. Malakar, Shri Sankar [25-Matigara-Naxalbari (SC), Darjeeling]
*170. Mallick, Shri Jyoti Priya (100-Habra, North 24-Parganas)
171. Mamtaj Begam, Smt. (157-Metiaburuz, South 24-Parganas)
172. Mandal, Shri Anandamay [126-Hingalganj (SC), North 24-Parganas]
173. Mandal, Shri Gour Chandra [274-Galsi (SC), Burdwan]
174. Mandal, Shri Kalipada (179-Shyampur, Howrah)
175. Mandal, Shri Nirmal Chandra [137-Baruipur Purba (SC), South 24-Parganas]
176. Mandal, Shri Ranjit Kumar (78-Tehatta, Nadia)
177. Mandi, Shri Biram [223-Keshiary (ST), Paschim Medinipur]
**178. Manna, Shri Becharam (196-Haripal, Hooghly)
179. Marjit, Shri Ashis [66-Khargram (SC), Murshidabad]
180. Md. Ghulam Rabbani, Shri (30-Goalpokhar, Uttar Dinajpur)
181. Md. Sohrab, Shri (58-Jangipur, Murshidabad)
182. Md. Sohrab Ali, Shri (278-Raniganj, Burdwan)
183. Mete, Shri Basudev [273-Ausgram (SC), Burdwan]
184. Mete, Shri Gurupada [257-Indus (SC), Bankura]
+++185. Mishra, Dr. Surjya Kanta (225-Narayangarh, Paschim Medinipur)
186. Mishra, Smt. Minati (252-Bankura, Bankura)
*187. Mitra, Dr. Amit (109-Khardaha, North 24-Parganas)
188. Mitra, Shri Asit (181-Amta, Howrah)
#189. Mitra, Shri Biplab (42-Harirampur, Dakshin Dinajpur)
*190. Mitra, Shri Madan (112-Kamarhati, North 24-Parganas)
*191. Mitra, Smt. Sabitri (49-Manickchak, Malda)
192. Mondal, Smt. Bina [98-Swarupnagar (SC), North 24-Parganas]
193. Mondal, Shri Dilip [146-Bishnupur (SC), South 24-Parganas]
194. Mondal, Shri Kanai Chandra [65-Nabagram (SC), Murshidabad]
195. Mondal, Shri Ranajit [215-Khejuri (SC), Purba Medinipur]
196. Mondal, Shri Shyamal [138-Canning Paschim (SC), South 24-Parganas]
197. Mondal, Smt. Usha Rani [122-Minakhan (SC), North 24-Parganas]
#198. Monirul Islam, Shri (288-Labpur, Birbhum)
199. Muzaffar Khan, Shri (187-Champdani, Hooghly)
200. Mukherjee, Shri Apurba (277-Durgapur Paschim, Burdwan)
201. Mukherjee, Shri Asutosh (253-Barjora, Bankura)
202. Mukherjee, Shri Samar (48-Ratua, Malda)
*203. Mukherjee, Shri Shyama Prasad (255-Bishnupur, Bankura)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

*204. Mukherjee, Shri Subrata (161-Ballygunge, Kolkata)
205. Mukhopadhyay, Shri Jiban (147-Sonarpur Dakshin, South 24-Parganas)
206. Munda, Shri Joseph [21-Nagrakata (ST), Jalpaiguri]
207. Murmu, Shri Dulal [220-Nayagram (ST), Paschim Medinipur]
208. Murmu, Shri Khagen [43-Habibpur (ST), Malda]

N

#209. Nag (Mallick), Smt. Nilima [93-Haringhata (SC), Nadia]
#210. Nasiruddin Ahamed, Shri (80-Kaliganj, Nadia)
211. Naskar, Shri Jayanta [127-Gosaba (SC), South 24-Parganas]
212. Naskar, Shri Subhas [128-Basanti (SC), South 24-Parganas]
213. Naskar, Dr. Tarun Kanti [136-Joynagar (SC), South 24-Parganas]
214. Nazmul Haque, Shri (228-Kharagpur, Paschim Medinipur)
215. Nure Alam Chowdhury, Shri (294-Murarai, Birbhum)

O

216. Oraon, Shri Manoj Kumar [10-Kumargram (ST), Jalpaiguri]

P

**217. Pakhira, Shri Manturam (131-Kakdwip, South 24-Parganas)
*218. Pande, Shri Sadhan (167-Maniktala, Kolkata)
219. Panja, Shri Samir Kumar (182-Udaynarayanpur, Howrah)
**220. Panja, Dr. Shashi (166-Shyampukur, Kolkata)
#221. Patra, Smt. Asima [197-Dhanekhali (SC), Hooghly]
222. Patra, Shri Manoranjan (251-Taldangra, Bankura)
223. Paul, Shri Paresh (164-Beleghata, Kolkata)
#224. Phiroja Bibi, Smt. (210-Nandigram, Purba Medinipur)
225. Poddar, Shri Samir Kumar [89-Ranaghat Uttar Purba (SC), Nadia]
#226. Pramanick, Shri Ujjal [262-Jamalpur (SC), Burdwan]

Q

227. Quazi Abdul Gaffar, Shri (99-Baduria, North 24-Parganas)

R

228. Rabiul Alam Chowdhury, Shri (70-Rejinagar, Murshidabad)
229. Rafiqur Rahaman, Shri (102-Amdanga, North 24-Parganas)
230. Rajak, Smt. Protima [67-Burwan (SC), Murshidabad]
231. Ray, Shri Asok (290-Mayureswar, Birbhum)
232. Ray, Shri Keshab Chandra [6-Sitai (SC), Cooch Behar]
233. Ray, Shri Pramatha Nath [34-Kaliaganj (SC), Uttar Dinajpur]

234. Ray, Shri Sushil Chandra [44-Gazole (ST), Malda]
*235. Roy, Shri Arup (171-Howrah Madhya, Howrah)
236. Roy, Shri Debaprasad (12-Alipurduars, Jalpaiguri)
237. Roy, Smt. Debasree (134-Raidighi, South 24-Parganas)
238. Roy, Shri Dhiman (101-Ashoknagar, North 24-Parganas)
239. Roy, Shri Gokul (32-Karandighi, Uttar Dinajpur)
240. Roy, Shri Khageswar [18-Rajganj (SC), Jalpaiguri]
241. Roy, Smt. Mamata (15-Dhupguri, Jalpaiguri)
242. Roy, Shri Nagendra Nath [3-Cooch Behar Uttar (SC), Cooch Behar]
243. Roy, Shri Narmada Chandra [37-Kushmandi (SC), Dakshin Dinajpur]
#244. Roy, Shri Pulak (178-Uluberia Dakshin, Howrah)
245. Roy, Shri Satyendra Nath [41-Gangarampur (SC), Dakshin Dinajpur]
246. Roy, Shri Subhranshu (103-Bijpur, North 24-Parganas)
247. Roy, Dr. Sudipto (186-Sreerampore, Hooghly)
#248. Roy, Shri Tapas (113-Baranagar, North 24-Parganas)
249. Roy Chowdhury, Shri Biplab (204-Panskura Purba, Purba Medinipur)
250. Roy Pradhan, Shri Arghya (9-Tufanganj, Cooch Behar)
251. Rukbanur Rahman, Shri (82-Chapra, Nadia)

S

252. S. M. Sadi, Shri (79-Palashipara, Nadia)
253. Sabina Yeasmin, Smt. (52-Mothabari, Malda)
254. Saha, Smt. Aparna [266-Bardhaman Uttar (SC), Burdwan]
255. Saha, Smt. Dipali [258-Sonamukhi (SC), Bankura]
256. Saha, Smt. Mala (168-Kashipur-Belgachhia, Kolkata)
257. Saha, Smt. Namita [141-Magrahat Purba (SC), South 24-Parganas]
**258. Saha, Shri Pundarikakshya (84-Nabadwip, Nadia)
259. Saha, Smt. Seuli [209-Haldia (SC), Purba Medinipur]
260. Saha, Shri Subrata (60-Sagardighi, Murshidabad)
261. Saha, Shri Swarna Kamal (163-Entally, Kolkata)
262. Sahajahan Choudhury, Shri (272-Mangalkot, Burdwan)
263. Santra, Shri Krishna Chandra [200-Arambag (SC), Hooghly]
264. Santra, Shri Shyamal [256-Katulpur (SC), Bankura]
265. Sardar, Shri Nirapada [123-Sandeshkhali (ST), North 24-Parganas]
266. Sardar, Shri Sital Kumar [174-Sankrail (SC), Howrah]
267. Sarkar, Shri Apurba (68-Kandi, Murshidabad)
268. Seikh Safiujjaman, Shri (71-Beldanga, Murshidabad)
269. Sekh Sahonawez, Shri (271-Ketugram, Burdwan)

270. Sen, Shri Arunava (180-Bagnan, Howrah)
271. Sengupta, Shri Mohit (35-Raiganj, Uttar Dinajpur)
272. Shaw, Shri Ashok Kumar (189-Chandannagar, Hooghly)
273. Singh, Shri Arjun (105-Bhatpara, North 24-Parganas)
*274. Singh, Shri Rachhpal (198-Tarakeswar, Hooghly)
275. Singh, Shri Sultan (169-Bally, Howrah)
276. Singha Roy, Smt. Shaoni (64-Murshidabad, Murshidabad)
277. Singh Deo, Shri K.P. (242-Purulia, Purulia)
*278. Sinha, Shri Chandra Nath (286-Bolpur, Birbhum)
279. Sinha, Shri Khagendra Nath [33-Hemtabad (SC), Uttar Dinajpur]
280. Sinha, Shri Prabodh Chandra (227-Pingla, Paschim Medinipur)
281. Sk. Amjad Hossain, Shri (192-Pandua, Hooghly)
282. Sk. Parvez Rahaman, Shri (199-Pursurah, Hooghly)
283. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Sadar, Paschim Medinipur)
284. Swati Khandoker, Smt. (194-Chanditala, Hooghly)

T

285. Tajmul Hossain, Shri (46-Harishchandrapur, Malda)
286. Thakur, Shri Akshay (4-Cooch Behar Dakshin, Cooch Behar)
287. Thakur, Shri Manjul Krishna [97-Gaighata (SC), North 24-Parganas]
288. Tirkey, Shri Sunil Chandra [27-Phansidewa (ST), Darjeeling]
289. Touab Ali, Shri (56-Samserganj, Murshidabad)
#290. Tudu, Smt. Sandhya Rani [243-Manbazar (ST), Purulia]

U

291. Upadhyay, Shri Bidhan (283-Barabani, Burdwan)

NOMINATED MEMBER

292. Mr. Michael Shane Calvert

---

* DENOTES MINISTER -IN- CHARGE
** DENOTES MINISTER-OF-STATE
*** DENOTES CHIEF GOVERNMENT WHIP
\# DENOTES PARLIAMENTARY SECRETARIES
\+ DENOTES HON'BLE SPEAKER
++ DENOTES HON'BLE DEPUTY SPEAKER
+++ DENOTES HON'BLE LEADER OF THE OPPOSITION

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 11th December, 2015 at 3.00 p.m.

P R E S E N T

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair and 238 Members including Ministers-in-Charge and Ministers-of-State.

[3.00 – 3.10 p.m.]

OBITUARY REFERENCES
&
Condolence resolution to be moved from the chair to pay homage to Shri Hashim Abdul Halim, former speaker of West Bengal Legislative Assembly

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of former Minister of Goverment of West Bengal and former Members of West Bengal Legislative Assembly who breathed their last recently and also to move a resolution on the sad demise of Shri Hashim Abdul Halim, former Speaker of West Bengal Legislative Assembly.

Incidentally, I want to introduce the family members of Shri Hashim Abdul Halim for their presence in the house today– his wife, son, daughter, all of you.

Shri Madan Bauri, former Minister-of State of Goverment of West Bengal and former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 16th September, 2015 at Gharpathar, Bankura. He was 74.

Born on the 1st January, 1942 at Gharpathar in the district of Bankura. Shri Bauri was educated at Veduashol School. He was involved in political activities under the banner of Communist Party of India. During his political career, he was associated with Krishak Khetmajoor and other organisations.

Shri Bauri was elected to West Bengal Legislative Assembly in 1982, 1987 and 1991 from Indpur (SC), Bankura Assembly Constituency as a Candidate of Communist Party of India. He held the portfolio of Minister of State-in-Charge of Civil Defence Branch of Home Department, Govt. of West Bengal during the period 1991-1996.

With the demise of Shri Bauri the State has lost a veteran politician as well as an able administrator.

Shri Aftabuddin Mondal, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 1st November, 2015 in Lucknow, Uttar Pradesh after a prolonged suffering from various ailments. He was 70.

Born on the 15th July, 1945 at Deora in the district of Howrah. Shri Mondal was educated at Amta Pitamber High School and Amta Ramsaday College under the University of Calcutta. By profession he was a teacher. He entered into the arena of politics under the banner of Congress Party. Besides politics he was associated with many social and philanthropic activities.

Shri Mondal was elected to West Bengal Legislative Assembly in 1972 from Amta, Howrah Assembly Constituency as a candidate of Congress Party.

With the demise of Shri Mondal the State has lost a veteran politician.

Shri Badal Bhattacharya, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 1st November, 2015 at a hospital in Kolkata after a prolonged illness. He was 69.

Born on the 1st October, 1946 Shri Bhattacharya was educated at Netajinagar Sri Chaitanya College, Dinabandhu College and Surendra Nath Law College, Kolkata. In his political career he was associated with the Bharatiya Janata Party. Apart from political activities he was involved in many social and philanthropic activities.

Shri Bhattacharya was elected to West Bengal Legislative Assembly in a By-Election in 1999 from Asokenagar North 24-Parganas Assembly Constituency as a candidate of Bharatiya Janata Party.

With the demise of Shri Bhattacharya the state has lost a veteran politician.

Shri Shib Sankar Bandopadhyay, former Member of West Bengal Legislative Assembly passed away on the 15th November, 2015 at Katwa Hospital, Burdwan. He was 88.

Born on the 21st October,1927 at Shibdaspur in the district of Nadia, Shri Bandopadhyay was educated at Matiari Rampada Sen Memorial High School and Burdwan Raj College. By profession he was a teacher. He concentrated his political activities under the

banner of Congress Party. As a dedicated political worker he played a key role in organising the party's activities successfully in different capacities apart from President of the Nadia District Congress Committee. Besides politics he was associated with many social and philanthropic activities in his native district.

Shri Bandopadhyay was elected to West Bengal Legislative Assembly in 1972 from Kaliganj, Nadia Assembly Constituency as a candidate of Congress Party.

With the demise of Shri Bandopadhyay the State has lost a veteran politician.

Shri Naba Kumar Ray, former Member of West Bengal Legislative Assembly passed away on the 27th November, 2015 at KPC Medical College and Hospital in Kolkata. He was 67.

Born on the 24th November, 1948 at Thakurgram in the undivided Bengal, now in Bangladesh, Shri Ray was educated at Thakurgram High School, Kaliyaganj College and obtained LL.B from the University of Calcutta. By profession he was a lawyer. He was elected President of Uttar Dinajpur District Bar Association, Raiganj in 2009 and held that Chair till his death. In his political career he was attached with the Indian National Congress and became Vice-President of Uttar Dinajpur District Congress Committee.

Shri Ray was elected to West Bengal Legislative Assembly in 1977 and 1982 from Kaliyaganj (SC), West Dinajpur Assembly Constituency as a candidate of Congress(I).

With the demise of Shri Ray the State has lost a vetern politician.

Shri Sekh Majed Ali, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 6th December, 2015 at his residence at Jamgram in Hooghly after a prolonged sufferings from cancer. He was 74.

Born on the 1st May, 1941 at Srirambati, Hooghly Shri Ali was educated at Jamgram Janardan Institution and Itachuna B. N. College under Burdwan University. By profession he was a teacher. In his political career he was associated with the Communist Party of India (Marxist). Besides politics, he was associated with many social and philanthropic activities. He served as the Member of West Bengal Board of Secondary Education during 1996-2001.

Shri Ali was elected to West Bengal Legislative Assembly for consecutive three terms beginning from 1996 from Pandua, Hooghly Assembly Constituency as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Ali the State has lost a veteran politician.

After obituary references have been made

CONDOLENCE RESOLUTION

Mr. Speaker : Hon'ble Members, now I move a resolution on the passing away of Shri Hashim Abdul Halim, former Speaker of West Bengal Legislative Assembly and former Minister of the Government of West Bengal who breathed his last on the 2nd November, 2015 at a private nursing home in Kolkata following a cardiac arrest. He had been suffering from cardiac problems for the last few years.

"This House expresses its deep sense of sorrow at the passing away of Shri Hashim Abdul Halim, former Speaker of West Bengal Legislative Assembly and former Minister of Govt. of West Bengal.

A man of high repute Shri Hashim Abdul Halim was born on the 5th June, 1935 in Kolkata and had his education at St. Joseph College, St. Xavier's College, City College and University of Calcutta. After obtaining Law Degree from that University he first took up his profession in practising law as an advocate and earned an enviable reputation. As an astute politician he actively participated in various political movements apart from Trade Union Movements in the country and gained immense popularity. Besides, as an ardent social worker he was associated with many social organisations.

A legendary figure of parliamentary democracy Shri Hashim Abdul Halim was elected to the West Bengal Legislative Assembly for consecutive seven terms beginning from 1977. As an able administrator he served as the Minister-in-Charge of the Legislative and Judicial Departments, Govt. of West Bengal during the period from 1977 to 1982. He was elected Speaker of West Bengal Legislative Assembly for consecutive six terms beginning from 1982 and held that position for an uninterrupted period of 29 years the longest by anyone in India. During his long tenure he extended sincere efforts to uphold the working of the parliamentary democratic system prevailing in India and commanded respect from all quarters. He had a good sense of humour which he often used as an effective tool while conducting the affairs of the Assembly.

A man of outstanding personality Shri Hashim Abdul Halim had been the President of West Bengal Branch of the Commonwealth Parliamentary Association and actively participated in all the Commonwealth Parliamentary Conference since 1982. He became member of the Executive Committee of Commonwealth Parliamentary Assocaition for four terms and Vice-Chairman of that Committee for two terms. He was elected Chairman of the Executive Committee of that Association in its 51st Conference at Nadi, Fiji in September, 2005 and held that post till 2008. He was also elected as the President of the World Federation of United Nations Association in 1995 in Sanfrancisco, U.S.A. and again in 2000 in Kolkata.

An exceptional parliamentarian Shri Hashim Abdul Halim represented the State at numerous seminars and conferences in India and abroad. During his long political career he made a remarkable contribution for the promotion of parliamentary system in India and Commonwealth Countries. He was conferred Honorary Doctorate by Soka University in Tokyo, Japan in 1996.

This House, thus, expresses its respectful homage to the memory of Shri Hashim Abdul Halim."

[3.10 – 3.20 p.m.]

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে শোক প্রস্তাব আজকে আপনি এখানে রেখেছেন বিশেষ করে মাননীয় প্রাক্তন স্পীকার এই হাউসে যিনি দীর্ঘদিন কাজ করেছেন অভিজ্ঞতার সাথে, উপলব্ধির সাথে হাসিম আব্দুল হালিম সহ অন্যান্য মেম্বারস্ যারা মারা গিয়েছেন তাদের প্রতি শোক জ্ঞাপন করে সেই শোক প্রস্তাবে অংশ নিতে পেরে এবং অংশ নেওয়ার জন্য আজকে এখানে আমরা উপস্থিত হয়েছি সমস্ত রাজনৈতিক দলের সকলে। কারণ একজন মানুষ যখন মারা যান তিনি তখন সমস্ত রাজনীতির ঊর্ধ্বে চলে গিয়ে একটা মানুষ হিসাবে বিবেচিত হন বিভিন্নভাবে, বিভিন্ন কর্মসূচির মাধ্যমে হৃদয় দিয়ে উপলব্ধি করার পর। আমি প্রথমেই হাসিম আব্দুল হালিমের স্ত্রীসহ, তাঁর সন্তানরা সহ, পরিবার-পরিজন সহ, তার সহকর্মীদের সকলকেই শোক জ্ঞাপন করছি। হাসিম আব্দুল হালিম হয়তো আরও কিছুদিন বাঁচতে পারতেন কিন্তু তিনি মারা গিয়েছেন ২রা নভেম্বর ২০১৫ সালে। তিনি প্রায় ২৯ বছর বিধানসভায় কাজ করে গেছেন কনটিনিউয়াস, অবিরত, অবিরাম প্রচেষ্টায় এবং তিনি ইন্টারন্যাশানাল পার্লামেন্টারির যে সমস্ত বডিগুলি আছে আপনি সব উল্লেখ করেছেন বলে আমি আর ডিটেলসে উল্লেখ করছি না, রিপিটেশান হবে। সি.পি.এ.-তেও তিনি কাজ করেছেন ভাইস চেয়ারম্যান হিসাবে ১৯৯৬-এ। এছাড়াও ল'বডি এবং বিভিন্ন ট্রেড ইউনিয়ন অর্গানাইজেশান, বিভিন্ন এন.জি.ও., বিভিন্ন অর্গানাইজেশানে কাজ করার অভিজ্ঞতা তাঁর হয়েছে এবং সবচেয়ে বড় অভিজ্ঞতা এই গণতন্ত্রের সবচেয়ে বড় মন্দির, মসজিদ, গুরুদোয়ারা, গীর্জায় দাঁড়িয়ে তিনি হয়তো অনেক আইন পাশ করিয়েছেন, অনেক সংশোধন করিয়েছেন, অনেক

মতামত দিয়েছেন। অনেককে দূর থেকে প্রত্যক্ষ করেছেন, অনেককে পরিলক্ষিত করেছেন কে কীরকম পারফরমেন্স করছে। হয়তো অনেক সময় না বলতে পারলেও হৃদয় দিয়ে উপলব্ধি করেছেন। কাউকে হয়তো খুব ভালোবাসতেন, কাউকে হয়তো মনে মনে ভালোবাসতেনও না। কিন্তু তবু তিনি যখন চেয়ারে থাকেন চেয়ারের একটা মর্যাদা — সেই মর্যাদাটা আমরা কখনওই কেউ লঙ্ঘন করি না, এটাই চেয়ারের সবচেয়ে বড় মাধুর্য। প্রায় ১৯৮২ সাল থেকে ২০১১ সালের আপনি দায়িত্বভার নেওয়ার আগে পর্যন্ত সম্ভবত এটাই ঠিক উনি সামলে গেছেন বিধানসভা। কখনও কখনও ভারতবর্ষের সংসদীয় বিভিন্ন স্পীকারের কাজে, গণতন্ত্রের কাজে, কনস্টিটিউশনাল কিছু কিছু কাজে এবং কমনওয়েলথেরও কিছু কিছু বিশেষ করে স্পীকারদের যে সমস্ত অ্যাকটিভিটিস তার উপরেও তিনি অনেক বক্তব্য পেশ করেছেন এবং কাজ করেছেন। আমি আগেই বলেছি স্যার, কিছু কিছু সম্পর্ক থাকে যা রাজনীতির ঊর্ধ্বে আমাদের সকলকেই একটা অন্য জায়গায় সেতু বন্ধন করে। আমার তাঁর সাথে প্রথম সাক্ষাৎ হয়, যখন তিনি তাঁর মেয়েকে হারান। তিনি অত্যন্ত শোকগ্রস্ত ছিলেন সেই সময়। আমি শুনেছিলাম পার্থ চ্যাটার্জীর মুখে সেই সময় যে তিনি খুবই শোকগ্রস্ত এবং খুবই মর্মাহত তাঁর পরিবার, অনেকটাই ভেঙে পড়েছেন। সেই সময় পার্থদাকে বলেছিলাম, পার্থদা, আমি একদিন ওনার সঙ্গে দেখা করতে যাব, একটু কথা বলুন। কিছু না, এই শোকের দিনে অন্তত তাঁর পাশে দাঁড়িয়ে, তাঁর সন্তানের, এই শোক হারা পিতা, যে শোকসাগরে তিনি ভাসছেন, সেখানে অন্তত দু-একটা কথা বলার সুযোগ পাব, একটু মানসিক সান্ত্বনা দেওয়ার সুযোগ পাব। সেইহেতু আমি তাঁর বাড়িতে গিয়েছিলাম এবং তাঁরা খুবই সুন্দরভাবে আমাদের গ্রহণ করেছিলেন। তাদের আতিথেয়তায় আমরা মুগ্ধ হয়েছিলাম এবং তার পর থেকে একটা সম্পর্ক গড়ে উঠেছিল। সম্পর্ক কখনও একদিনে তৈরি হয় না, সম্পর্ক তৈরি হতে সময় লাগে। আমরা এখানে যারাই রাজনীতি করি না কেন, সরকারি, বিরোধী অনেক মানুষের সাথে আমাদের মতানৈক্য অনেক সময় থাকে, বিতর্ক থাকে। বিতর্ক তো থাকবেই, এটাই গণতন্ত্রের সবচেয়ে বড় সৌজন্য। এটা আমরা সকলে স্বীকার করে নিই। একসময় সম্পর্ক তৈরি করতে গিয়ে বামপন্থী আন্দোলন করা সত্ত্বেও যেমন অজয় মুখোপাধ্যায়ের ডেডবডি যখন বহন করা হয়, সুব্রত মুখোপাধ্যায় সেদিন ছিলেন, আমি ছিলাম। আমি তখন খুব ছোট, কিন্তু আমি সুব্রতদার সঙ্গে গাড়িতে ছিলাম যখন অজয় মুখোপাধ্যায়ের ডেডবডিটা নিয়ে আসা হয় বিধানসভায়। ইন্দ্রজিৎ গুপ্তের সাথে আমাদের সম্পর্ক খুবই ভালো ছিল। গীতাদি আমাকে পার্সোনালি খুবই ভালোবাসতেন। নারায়ণ চৌবে, অমর রায় প্রধান — এই রকম অনেকের সাথে, প্রফুল্ল সেন একদিন এই হাউসের মুখ্যমন্ত্রী ছিলেন। আমি চিনতামও না, জানতামও না, হয়তো কথা শুনেছিলাম। কিন্তু আমি ১৯৯০ সালে, তাঁর মৃত্যুর কিছুদিন আগে, তাঁর সাথে আমার সাক্ষাৎ করার সুযোগ হয় এবং আমি গিয়েছিলাম এবং তিনি আমাকে খুব স্নেহ করতেন। এই বিধানসভারই মুখ্যমন্ত্রী ছিলেন সিদ্ধার্থশঙ্কর রায়। তিনিও আমাকে খুব স্নেহ করতেন, খুব ভালোবাসতেন। তাঁর মৃত্যুকালেও আমরা উপস্থিত ছিলাম। যেমন উপস্থিত ছিলাম প্রফুল্লদার মৃত্যুর সময়, উপস্থিত ছিলাম জ্যোতিবাবু মারা যাবার পরেও। দীর্ঘদিন তিনি বামপন্থী রাজনীতি করেছেন। কিন্তু আমি নিজে বার বার শেষের দিকে তাঁর যখন শরীর খুব খারাপ হয় এবং বিশেষ করে সিঙ্গুর, নন্দীগ্রামে

মুভমেন্টগুলো হয়, তখন তিনি কখনও কখনও আমাকে ডেকে পাঠাতেন, কথা শুনতেও চাইতেন। এই নিয়ে অনেক আলোচনা আমার সাথে অনেকদিন হয়েছে। যে আলোচনার কথা কোনোদিনই আমরা বাইরে প্রকাশ করি না বা করবও না, এটা হৃদয়ের কথা, ব্যাঙ্কে গচ্ছিত থাকবে। কারণ এটা হচ্ছে বিশ্বাস, ভরসার সবচেয়ে বড় আস্থাস্থল, যখন কোনো মানুষ কোনো মানুষকে বিশ্বাসে নিয়ে কথা বলে। বিশ্বাস বা মর্যাদার কখনও লঙ্ঘন করতে নেই। তাই কোনোদিনই আমি সে কথা বাইরে বলব না। যতটা পারব না বলার চেষ্টা করব। কথা তো অনেক সময় মুখ দিয়ে বেরিয়ে যায়। যতটা না বের করা যায়, কাজেই সেই সম্পর্কটা একটা তৈরি হয় ভালোবাসার মধ্য দিয়ে, বিশ্বাসের মধ্য দিয়ে। তারপরে আমি অনেকবার গেছি। আমার বেশ মনে আছে আমি একবার কেরালায় গিয়েছিলাম। আমাকে উনি বলেছিলেন, আমার কিন্তু জন্মদিন আসছে, আপনি কিন্তু জন্মদিনটায় আসবেন। আমার মনে হয় সম্ভবত যখন শেষ জন্মদিনটা পালন করা হয়েছিল। শেষের দিকটায় আমি জানি না কেন, উনি আমাকে খুব ভালোবাসতেন, ডেকে কথা বলতেন। আমি সেদিনটা আজও মনে রাখি এবং উনি আরও কিছুদিন বেঁচে থাকতেন, এটা আমরা নিশ্চয় চেয়েছিলাম। তিনি মারা গিয়েছেন সেদিনও, আমরা বারবার শুধু তিনি নন, তাঁর স্ত্রীও যখন মারা যান, তখন আমি শ্মশানে ছুটে গিয়েছিলাম। এই যে মৃত্যুগুলো, যে যে ধরনের রাজনীতি করুন না কেন, কিছু কিছু মৃত্যু তো আমাদের টাচ করে। যেমন আমি আর ন্যাশনাল লেভেলের কথা বলছি না। সেখানে বলতে গেলে অনেক কথা আসবে। বিশেষ করে আমার প্রিয় রাজীব গান্ধীর কথা আসবে। আমরা যে রাজনীতিটা করে এসেছি, যেটা দেখেছি চোখের সামনে, সেজন্যই বলছিলাম যে, যখনই ভাবি খুব খারাপ লাগে এবং তার পরিবার, পরিজনকে সামনে রেখে যদি দুঃখের কথা বলি, সেটা তাদের আরও দুঃখিত করে। তাদের হৃদয়ে হারানো বেদনাগুলো ফিরে আসে, তাদের আবেগ জানায়, তাদের হৃদয়ে তারা কাঁদে।

[3.20 – 3.30 p.m.]

আমরা যখন এই কথাগুলি অন্তর থেকে বলি আমাদের অন্তরের উৎসারিত শক্তি — সব সময় আমরা আর্টিফিসিয়াল হতে পারি না। আমাদের কখনও কখনও আবেগ কাঁদায়, বিবেক আমাদের ভাবায়, চেতনা আমাদের জাগায় এবং জাগ্রত করে আমাদের বিবেক, বুদ্ধি। আমি যে কথাগুলি বলছি আমার মনে মনে আমারও হৃদয় কাঁদছে। কারণ আমরা ঝগড়া করি, তর্ক করি, বিতর্ক করি — যাই করি সবাই প্রাণে বেঁচে থাক, তাঁর পরিবার বেঁচে থাক, সে ভালো থাকুক — এটা কিন্তু আমরা সবসময় কামনা করি। হারিয়ে গেলে ঝগড়াটা করব কি করে? আর হারিয়ে গেলে কথাটা বলব কি করে? হৃদয় দিয়ে এটা উপলব্ধি করি এবং তাই আরো হয়তো কিছু বলার আছে। কিন্তু জানি আমার অন্যান্য বন্ধুরাও বলবেন। সি.পি.আই.এম পার্টির তিনি মেম্বার ছিলেন। তারাও বলবেন, কংগ্রেস পার্টি ও অন্যান্য সদস্যরাও বলবেন। তাদের সুযোগ দেওয়ার জন্য আমার বক্তৃতা না বাড়িয়েই আমি — হাসিম আব্দুল হালিমের পরিবারের প্রতি — তাঁর স্ত্রী এখানে উপস্থিত আছেন। তিনি দুই পুত্র এবং এক কন্যাকে রেখে গেছেন। একজন তো মারা গিয়েছেন আগেই। তাদের সবাইকে আমি সম্মান জানাই। আমি সমবেদনা বলব না। আমি বলি

সংগ্রামী অভিনন্দন জানাই। কারণ তিনি যে কথা বলেছেন বা যেটা লিপিবদ্ধ করে গিয়েছেন বা যেভাবে গণতন্ত্রকে — তিনি এই হাউজটাকে কনটিনিউ করে গেছেন এতদিন ধরে, দীর্ঘদিন ধরে ইটস এ লং লং টাইম এটা বলতে পারেন যে এটা আপনারা ডেলিবারেট করেছেন সেটাকে আমরা সম্মান জানাই। মিঃ স্পীকার সাহেব আমি আপনাকে অনুরোধ করব তার যতগুলি কমেন্টস বা বক্তৃতা আছে সেটা নিয়ে আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভায় বই আকারে বের করতে পারি। একটা মানুষ চলে যায় পড়ে থাকে তাঁর স্মৃতি। একটা মানুষ চলে যায় পড়ে থাকে তাঁর মন্তব্য। একটা মানুষ চলে যায় পড়ে থাকে তাঁর চেতনা। একটা মানুষ চলে যায় পড়ে থাকে তাঁর দৃষ্টিভঙ্গি — সেই কথাগুলি যদি কারো কোনো কাজে লাগে। দেখুন সবসময় সব কথা সবার পছন্দ হবে সেটা হতে পারে না, এটাই গণতন্ত্র। কিন্তু কিছু কিছু কথা, কনস্ট্রাকটিভ কথা, পজিটিভ কথা যা আমাদের নিশ্চয়ই ভালো পথ দেখায়। সেই পথ অনুসরণ করার স্বার্থে আমি মনে করি হাসিম আব্দুল হালিমের সমস্ত কথাগুলি নিয়ে, বক্তব্যগুলি নিয়ে ওয়েস্ট বেঙ্গল অ্যাসেম্বলিতে মাননীয় স্পীকার স্যার একটা বই তৈরি করুন। যেটা লাইব্রেরিতে থাকবে। অনেকে জানতে পারবে এবং অনেকের রুলিং সম্বন্ধে একটা আইডিয়া হবে। আমি এইটুকু বলে আবার তার পরিবার, পরিজনকে, সি.পি.আই.এম সহ লেফ্‌ট ফ্রন্ট পার্টিসহ আমাদের যারা তাঁর সঙ্গে কাজ করার সুযোগ পেয়েছেন — তিনি অনেক সময় বকতেন আবার ভালোবাসতেন। এটা আমার তখনকার এম.এল.এ-দের কাছ থেকে শোনা। সবাই মিলে আমরা — আমি এবং আমাদের গভর্নমেন্টের পক্ষ থেকে এবং আমাদের লেজিসলেচার পার্টির পক্ষ থেকে আপনার এই প্রস্তাবের উপর শোকজ্ঞাপন করছি। আমাদের সমবেদনা জানাচ্ছি তাঁর পরিবার, পরিজন সহ সকলকে। হাসিম আব্দুল হালিম তিনি নিজে বেঁচে থাকুন তার রুলিংয়ের মধ্যে দিয়ে। গণতন্ত্র তিনি যেভাবে চালিয়ে এসেছেন, এই বিধানসভায় বিশেষ করে। পরিস্থিতি যাই হোক কখনো কখনো কোনো রুলিং কারো পছন্দ হতে পারে বা নাও হতে পারে বাট এতদিন ধরে কাজ করেছেন সেটাকে আমি অভিনন্দন জানাই। আপনি আমাকে সুযোগ দিয়েছেন। সবারটা শুনতে পারলে আমি আরও খুশি হতাম। আমাকে একটা এমারজেন্সি কাজের জন্য স্যার আপনার পারমিশান নিয়ে আমি হয়তো একটু আগে চলে যাব। তবে আমি নিশ্চয়ই দুই-একজনেরটা শুনব। অনেক অনেক ধন্যবাদ আমাকে সুযোগ দেওয়ার জন্য।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে। উনি যে প্রস্তাব করেছেন এই প্রস্তাবটা নিয়ে আমি ইতিমধ্যেই বিবেচনা করছি যে ওনার যে সমস্ত রুলিং রয়েছে, সেই রুলিংগুলো একটা পুস্তক আকারে বের করে আমাদের মাননীয় সদস্য যারা আছেন তাদের মধ্যে বিলি করে দেব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি এখানে যে প্রস্তাব উত্থাপন করেছেন প্রয়াত শ্রী হাসিম আব্দুল হালিম তাঁর স্মরণে এবং তার সঙ্গে আপনি এই সময়কালে যাঁরা প্রয়াত হয়েছেন সেই বিষয়ে যে প্রস্তাব দিয়েছেন সেই সবটা সমর্থন করেই আমি তাঁদের সবার উদ্দেশ্যে, তাঁদের স্মৃতির উদ্দেশ্যে আমার শ্রদ্ধা জানাচ্ছি এবং আমার কয়েকটি কথা খুব সংক্ষিপ্তভাবে আপনার বিশেষভাবে আনীত প্রস্তাব প্রয়াত শ্রী হাসিম আব্দুল হালিম সম্পর্কে — সেই সম্পর্কে আমার কথা সীমিত রাখব। শ্রী হাসিম আব্দুল হালিম এই হাউসে ২৯ বছর

একাদিকক্রমে — আপনি যে চেয়ারে বসেছেন, সেই চেয়ারে আসীন ছিলেন। এটা আপনি সঠিকভাবে উল্লেখ করেছেন যে, আমাদের দেশের সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে এটা একটা নজিরবিহীন দৃষ্টান্ত — একটা রেকর্ড। আমাকে কেউ উইকিপিডিয়া সার্চ করে বলেছিলেন যে, এটা বিশ্বেরও একটা দৃষ্টান্ত। যদিও তিনিই একজন যিনি হাউস অফ কমন্স-এ ৩০ বছর একাদিকক্রমে ওই চেয়ারে আসীন ছিলেন। যাই হোক, আমি শুধু বলতে চাই যে, তিনি স্পীকার হিসাবে সংসদীয় গণতন্ত্রে যে একটা খুব গুরুত্বপূর্ণ বিষয় — সেটা এই হাউস পরিচালনা, আইনসভা কিভাবে পরিচালিত হবে — সরকার, বিরোধীপক্ষ, অন্য যারা কেউ যদি নির্দল থাকেন, যারা মানুষের দ্বারা নির্বাচিত হয়েছেন তাদের কথা বলবার অধিকার, তাদের প্রশ্ন করবার অধিকার, তাদের প্রস্তাব তোলবার অধিকার, তাদের বিতর্কে অংশগ্রহণ করবার অধিকার, তাদের ভোট দেওয়ার অধিকার ইত্যাদি, ইত্যাদি এই সব বিষয়ে এটা একটা আনুষ্ঠানিক ব্যাপার খালি নয়, একটা জীবন্ত বিতর্ক হোক, আলোচনা হোক, সেটা উনি সবসময় চেষ্টা করেছেন এবং এটা কি করে আরও গণতন্ত্রীকরণ করা যায় সেইজন্য এই যে কমিটি সিস্টেম এখন আমাদের আছে সেটা ওঁর একটা বড় অবদান। তিনি চাইতেন যে বিধায়করা এলেন, বললেন কিছু — কিছু একটা বিতর্কের ব্যাপারে তাদের এলাকা নিয়ে, কি রাজ্যের ব্যাপারে এটাই যথেষ্ট নয়। তারা সিদ্ধান্ত গ্রহণে অংশীদার হবেন, সরকার যে দায়বদ্ধ এই আইনসভার কাছে সংসদীয় গণতন্ত্রে এটা একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। সুতরাং সরকারের বিভিন্ন দপ্তরভিত্তিক যাতে আলোচনা হয়, কোনো নতুন বিল হলে সেগুলো বিশেষ করে কি করে সিলেক্ট কমিটি ইত্যাদিতে যায় বা পরে সাবজেক্ট কমিটিতে যায় সেইসব ব্যবস্থাও হয়েছিল। এই করে যাতে সবাই অংশগ্রহণ করতে পারে, তাদের মতামত দিতে পারেন এবং সামগ্রিকভাবে প্রত্যেক সদস্য যাতে এর অংশীদার হোন এটা একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। গণতন্ত্র মানে আমরা নির্বাচিত প্রতিনিধি যারা কেবল আমাদের অধিকার নয়, আমরা মানুষের কাছে দায়বদ্ধ এবং সরকার আমাদের কাছে দায়বদ্ধ এই হাউসে—এই ব্যবস্থাটাকে কী করে একটা সুসংহত রূপ দেওয়া যায় তার জন্য তিনি বহু পরীক্ষামূলক ব্যবস্থা এবং তারপরে অনেকগুলো গুরুত্বপূর্ণ অবদান রেখে গেছেন। এইরকম অনেকগুলো দৃষ্টান্ত তিনি তৈরি করেছেন, যা পরে দেশের সংসদে অনুসৃত হয়েছে এবং অন্যান্য রাজ্যেও তা অনুসৃত হয়েছে। এটা করতে গিয়ে তিনি কখনও মনে করেননি যে, আমাদেরটাই সবচাইতে সেরা। অন্যান্য জায়গায়, অন্যান্য জায়গার যে অভিজ্ঞতা, অন্যান্য দেশের যে অভিজ্ঞতা, তার যা ইতিবাচক শিক্ষণীয় দিক তা তিনি আহরণ করবার চেষ্টা করেছেন, গ্রহণ করবার চেষ্টা করেছেন এবং সেটা করতে গিয়ে আমি যখন সরকারি ট্রেজারী বেঞ্চে ছিলাম, তখন দেখেছি যে—যেটার জন্য সবাই ওনাকে শ্রদ্ধা করতেন সেটা হচ্ছে যে, সরকার পক্ষের মন্ত্রীরা — তাঁরাও যদি কোনো ভুল-ত্রুটি করতেন — কারোর আসতে দেরি হত, একটা প্রশ্নের জবাব হয়তো এড়িয়ে যাচ্ছেন, কিছু করছেন তাহলে তাদেরও ওঁর কাছ থেকে বলতে পারেন ভর্ৎসনা শুনতে হত। আমার তো মনে আছে কয়েকটা দৃষ্টান্ত, আমি তার মধ্যে যেতে চাচ্ছি না। এইজন্য বিরোধীপক্ষে যারা ছিলেন, তারাও যদি কোনো বিষয়ে ক্ষুব্ধ হতেন, তারা গিয়ে ওঁকে বলতে পারতেন এবং অনেক বিষয়ে পরামর্শ করতেন এবং তিনিও পরামর্শ চাইতেন। যখন

কোনো বিষয়ে একটা বিতর্ক হত — এই বিষয়ে কী হবে, তা নিয়ে একটা দৃষ্টান্ত নেই, সেটা কী করা যায়—তখন এখানে যারা বিরোধী দলের সিনিয়ার বা সরকার পক্ষের প্রতিনিধিরা থাকতেন তাদের ডাকতেন, তাদের বলতেন যে এটা কী হতে পারে। বিশেষ করে যারা সংসদীয় রীতিনীতিতে প্রবীণ, যারা অভিজ্ঞ তাদের মতামত নিতেন। এইরকম অনেক বিষয় আছে— আমি তার মধ্যে যাচ্ছি না।

[3.30 — 3.40 p.m.]

এটা একটা। কিন্তু এটা তার ব্যক্তিত্বের একমাত্র দিক না। আইনমন্ত্রী হিসেবে তিনি যে পাঁচ বছর কাজ করেছিলেন সেখানেও তাঁর উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিচারাধীন বন্দীদের, যারা রাজনৈতিক কারণে বন্দী হয়েছিলেন, তাদের মুক্তি দেওয়ার ব্যাপারে দ্রুততার সঙ্গে আইনগত পদক্ষেপ নেওয়া এবং একটা জটিল প্রক্রিয়া, কিংবা ভূমিসংস্কার আইন সংশোধন করে বর্গাদারদের অধিকার রক্ষার জন্যে যে আইন, এক লাইনে, দুই লাইনে আইনের একটা বাক্য বা দুটো বাক্য পরিবর্তন করে গুরুত্বপূর্ণ পরিবর্তন করা যায়, অনেকের তাতে অবদান ছিল, কিন্তু আইনমন্ত্রী হিসেবে একটা বিশেষ ভূমিকা পালন করতে হয়। কারণ বিভিন্ন দপ্তর সেটা পাঠায় তা আইন দপ্তরকে দেখতে হয়। যদিও সেটা দেখার জন্য একটা প্রশাসনিক ব্যবস্থা রয়েছে, বিশেষজ্ঞরা দেখেন, কিন্তু মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। সেটা তিনি দক্ষতার সঙ্গে পালন করেছেন এবং তিনি সেই পাঁচ বছর পরে আইনমন্ত্রী ছিলেন না, তাঁর অভাব অনেক সময় অনুভূত হয়েছে। তৃতীয়ত আমি এটাও তাঁর ব্যক্তিত্বের গুরুত্বপূর্ণ দিক বলে মনে করি যে তিনি একজন আধুনিক মানুষ ছিলেন। আধুনিক যুগ যেটা পৃথিবীতে বলা হয়, সে বিষয়ে বিতর্কের খুব একটা অবকাশ আছে বলে আমার মনে হয় না। কারণ মানব সভ্যতার ইতিহাসে আমাদের দেশ, অন্য দেশ যেকোনো দেশের কোনো ঐতিহাসিক ঘটনা আলাদা করা যায় না। যদি বলা হয় ফরাসি বিপ্লবের পরে তথাকথিত রেনেসাঁ, নবজাগরণ, দুনিয়াতে নতুন করে যুক্তিবাদের প্রতিষ্ঠা ইত্যাদি এইসব যুগের সূচনা, আধুনিক যুগের সূচনা, সেই আধুনিক যুগের একজন প্রতিনিধি ছিলেন তিনি। আধুনিক মনস্কতা সেটা খুব গুরুত্বপূর্ণ, যুক্তিবাদের উপর বিশ্বাস। অনেক বিষয়ে যখন অনেক কিছু নিয়ে বিতর্ক ইত্যাদি হয়েছে, আমরা তাঁর অবস্থান সেইসব বিষয়ে দেখেছি। জাতি, ধর্ম ইত্যাদি নিয়ে পাঁচ রকম যখন বিবাদ-বিসংবাদ এইসব হয়েছে, প্রকৃতপক্ষে আমাদের সংবিধানের যে মৌলিক চরিত্র ধর্মনিরপেক্ষতা এবং সংবিধানের মৌলিক বিষয়গুলি তিনি তা খালি ঘোষণা করেননি, খালি বলার ব্যাপার নয়, করার ব্যাপার, ব্যক্তিগত জীবনে সেই আচরণ করা, এটা একটা বিষয় যেটা দৃষ্টান্ত হয়ে থাকবে। আমি এই বর্ণময় ব্যক্তিত্বের একটা কথা দিয়ে আমার বক্তব্য শেষ করতে পারি। তিনি সম্পূর্ণ মানুষ, পূর্ণতা হচ্ছে এইখানটায় যে মানুষ কাজ করেন, তাদের সেই কাজ চিরস্মরণীয় হয়ে থাকে। আমরা বাঁচি অনেকে, বাঁচি কিন্তু বেঁচে আছি কি মরে গেছি ঠিক ঠিক বোঝা যায় না। পাশের ফ্ল্যাটে কেউ মারা গেলে আমরা জানি না যে কে কখন মারা গেছে, এ এক রকম বাঁচা যে বেঁচে থেকেও বেঁচে আছি না মরে গেছি পার্থক্য করা যায় না। আমাদের অনেক জিনিস আহত করে না, আমাদের চিন্তিত করে না, আমাদের উদ্বিগ্ন করে না। মানুষের যা প্রতিক্রিয়া হওয়া উচিত, তার প্রতিক্রিয়া

হয়তো ব্যক্ত হয় না। কিন্তু কিছু মানুষ বেঁচে থাকেন, তারা মৃত্যুর পরেও বেঁচে থাকেন। জীবনে দুরকম বাঁচা যায়। একজন বেঁচে থাকতে থাকতে মরে যান, আর কেউ কেউ মরে যাওয়ার পরেও বেঁচে থাকেন। সেই একটা ব্যক্তিত্ব এই কারণে বহুমুখী বিষয় তার সঙ্গে যুক্ত, যে একটা সম্পূর্ণ মানুষ যিনি খালি যান্ত্রিকভাবে কাজ করতেন না, সেই কাজের মধ্যে জীবন, সেই জীবনের জন্য এই হাউসের মধ্যে হয়তো একটা উত্তপ্ত পরিবেশ তৈরি হয়েছে হাল্কাছলে একটা কথা বললেন তাতে পরিবেশটা বদলে গেল, সবাই হাসাহাসি করল। এই যে একটা রসবোধ তাঁর মধ্যে ছিল, যাকে আমি স্যাটায়ার, হিউমার এই ইংরেজি শব্দগুলো ব্যবহার না করে বলতে পার রবীন্দ্রনাথের ভাষায় তাঁর মধ্যে হাস্যকৌতুক ছিল, তাঁর মধ্যে ব্যঙ্গকৌতুকও ছিল। এই বোধ, রসবোধ এবং যে মেধা ছিল, যাকে প্রত্যুৎপন্নমতিত্ব বলা হয়, ইংরেজিতে উইট শব্দটার খুব একটা ভালো বাংলা বলতে পারব না, যেটার সঙ্গে তিনি হাউস চালাতেন। এই সবটা নিয়ে তাঁর ব্যক্তিগত জীবন। অথচ একটা শৃঙ্খলা মেনে চলা, যেদিন তিনি প্রয়াত হয়েছেন সেদিনও তিনি মর্নিং ওয়াক করেছেন। এই যে ডিসিপ্লিন, শৃঙ্খলাবোধ এইসব নিয়ে একটা জীবন, একটা পূর্ণতা। সেই বিষয়টাও তাঁর চরিত্রে বিশেষ বৈশিষ্ট্য যা অনুকরণযোগ্য, অনুসরণযোগ্য। আমি এইসব মিলিয়ে তাঁর স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা জানাচ্ছি। এবং তাঁর পরিবার-পরিজন সহ তাঁর যে বৃহত্তর পরিবার, তাঁর যে গুণমুগ্ধ পরিবার তাদের সকলের উদ্দেশে আমরা সমবেদনা জানাচ্ছি, আপনার যে প্রস্তাব আপনি এনেছেন তাকে সমর্থন জানাচ্ছি।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হাসিম আব্দুল হালিম সাহেব এবং অন্যান্য যে সমস্ত আমাদের প্রাক্তন সদস্য ছিলেন তাদের উদ্দেশে যে শোক প্রস্তাব নিয়ে এসেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করে সকলের প্রথমে রুহ এ মাগফিরত এবং তাদের পরিবার-পরিজনের প্রতি সহানুভূতি জানিয়ে দু-একটি কথা বলছি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং ডঃ সূর্য্যকান্ত মিশ্র যা বলেছেন প্র্যাকটিক্যালি সেটা হালিম সাহেব সম্পর্কে সব কিছু কভার করেছে। স্যার, আপনি জানেন এই অ্যাসেম্বলি কতগুলি ক্ষেত্রে ইতিহাস তৈরি করেছে। আপনি জানেন যে আজিজুল হক সাহেব যখন স্পীকার ছিলেন এবং পরবর্তী স্তরে বিজয় ব্যানার্জী মহাশয় যখন স্পীকার ছিলেন তাদের দুটো রুলিং-এ দুটো সরকারকে তারা ক্ষমতাচ্যুত করেছিলেন। তাদের স্পীকারের দুটো রুলিং-এর জন্য। স্যার, আজিজুল হক সাহেবের রুলিং-এর জন্য নাজিমুদ্দিন সাহেবের মিনিস্ট্রি অচল হয়ে গিয়েছিল। সরকারকে বরখাস্ত করতে হয়েছিল এবং বিজয় ব্যানার্জির সময়ে পি ডি এফ মিনিস্ট্রি বরখাস্ত হয়েছিল। হাসিম আব্দুল হালিম সাহেব একটা রেকর্ড, একটা ইতিহাস সৃষ্টি করেছেন। ২৯ বৎসর ধরে একটা বিধানসভায় তিনি এই অধ্যক্ষের পদ পরিচালনা করলেন। This is also a history in the history of the parliamentary democracy in the country সুতরাং, এই সম্বন্ধে দু-একটা কথা বলতে চাইছি। তাঁর সবচেয়ে বড় গুণ ছিল যে তিনি অপোজিশনকে খুব সম্মান দিতে জানতেন যেটা পার্লামেন্টারি ডেমোক্রেসির মূল কথা। এই প্রসঙ্গে আমি পণ্ডিত জওহরলাল নেহরুর একটা কথা স্মরণ করতে চাই। প্রথমদিকে আপনি জানেন যে পার্লামেন্টে খুব কম সংখ্যক বিরোধী ছিল। কিন্তু শ্যামাপ্রসাদ মুখার্জির মতো মানুষ ছিলেন। হীরেন মুখার্জির মতো

মানুষ ছিলেন। এই সমস্ত প্রথিতযশা মানুষ লোকসভার সদস্য ছিলেন। একদিন ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি বক্তব্য রাখছেন। অনেকক্ষণ ধরে বক্তৃতা দিয়েই যাচ্ছেন। একজন কংগ্রেসী সদস্য বললেন যে স্যার, আপনি আর কতক্ষণ বলবেন? পণ্ডিত নেহরু উঠে দাঁড়ালেন তাঁর সীটে। তিনি বললেন, You please sit down. When you speak only the House hears but when Mr. Mukherjee speaks, the entire nation hears... এই যে পার্লামেন্টারি ডেমোক্রেসির অপোজিশনের প্রতি একটা শ্রদ্ধা, সম্মান জানানো সেটা হালিম সাহেবের ক্ষেত্রেও আমরা এটা দেখতে পেয়েছি। ১৯৭৭ সালে প্রথম তিনি যখন সদস্য হয়ে আসেন তখন আমি সদস্য ছিলাম। তখন থেকেই তাঁর সঙ্গে আমার পরিচয়। তাঁর আর একটা বড় গুণ ছিল স্যার, তিনি সদস্যদের সঙ্গে — কোনো সদস্য কোনো অসুবিধায় পড়লে, কোনো বিপদে পড়লে বা কোনো প্রয়োজন যদি দেখা দিত, তাঁর সঙ্গে দেখা করলেই অ্যাজ এ স্পীকার তিনি চেষ্টা করতেন সেটাকে কতটা দূর করা যায়। একটু আগেই আমাদের জ্ঞান সিং সাহেব বলছিলেন বিদেশে, অ্যাজ চেয়ারম্যান অব দি কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন, বিদেশে গিয়েছেন তখন কয়েকটি জায়গাতে উনিও গিয়েছিলেন, তিনি বললেন যে ওখানে গিয়ে আমাদের কী সুবিধা হচ্ছে, কী অসুবিধা হচ্ছে সমস্ত কিছুই খোঁজখবর নিয়েছেন। স্যার, স্পীকার হিসাবে তিনি অনেক রুলিং দিয়েছেন, তাঁর একটা বড় গুণ ছিল—ডাঃ মিশ্র যেটা বললেন, অনেক গণ্ডগোলের সময়ে রসিকতা দিয়ে, হিউমার দিয়ে তিনি ঘরকে সামাল দিতে পারতেন। তিনি অ্যাসেম্বলিকে সামাল দিতে পারতেন এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ তাঁর যে বক্তব্য, যখন তাঁর বিরুদ্ধে নো কনফিডেন্স মোশন নিয়ে আসা হয় কংগ্রেসের তরফ থেকে তখন তিনি যে উত্তরটা দিয়েছিলেন সেই উত্তরটা অত্যন্ত মারাত্মক উত্তর।

[3.40 — 3.50 p.m.]

সেখানে তাঁর যে বক্তব্য তিনি রেখেছিলেন সেটা একটা ল্যান্ডমার্ক। নো কনফিডেন্স মোশানের বিরুদ্ধে যে বক্তব্যটা তিনি রেখেছিলেন তার সমর্থনে দ্যাট ইজ ল্যান্ড মার্ক। ডাঃ মিশ্র বললেন তখনকার দিনে মন্ত্রীদের ইনডিসিপ্লিন দেখলেই মন্ত্রীদের তিনি যথেষ্ট বকুনি দিতেন। দেরি করে এলে তাঁদেরকে বকুনি দিতেন। তাঁর একটা চিন্তাধারা তিনি কার্যকরী করে গেছেন সেটা হচ্ছে স্ট্যান্ডিং কমিটিগুলিতে সমস্ত সদস্যকে ইনভল্ভ করা এবং তিনি আর একটা জিনিস ইনট্রোডিউস করেছেন আমার যেটা মনে হয়, তার আগে আমি যত স্পীকার দেখেছি তাঁরা সকলেই স্যুট-কোট পরে আসতেন। হি ওয়াজ দ্য ফার্স্ট স্পীকার, তিনি পাঞ্জাবী পায়জামা স্পীকারের পদে থাকাকালীন ইনট্রোডিউস করেছিলেন, যেটা আপনার ক্ষেত্রেও দেখতে পাচ্ছি। তাঁর আগে মনসুর হাবিবুল্লা সাহেবও কোর্ট-প্যান্ট পরে ওই চেয়ারে বসতেন। সুতরাং এই জিনিসগুলি সাধারণ মানুষের মতো চিন্তাভাবনা এবং এই চিন্তাধারা নিয়ে হাসিম আব্দুল হালিম সাহেব তিনি ২৯ বছর ধরে এই হাউসের অধ্যক্ষের পদকে মহিমান্বিত করেছেন। আমি আর বক্তব্য না বাড়িয়ে তাঁর প্রতি শ্রদ্ধা জানাচ্ছি, তাঁর আত্মার শান্তি কামনা করি এবং তাঁর পরিবারবর্গের প্রতি আমার সমবেদনা এবং তাঁর যারা গুণমুগ্ধ তাঁদের সকলকে আমার সহানুভূতি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি এবং আপনি যে আমাকে চান্স দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয় এই পবিত্র সদনে মাননীয় প্রাক্তন অধ্যক্ষ হালিম সাহেব সহ যাঁরা অন্যান্য প্রাক্তন সদস্য মারা গেছেন তাদের যে শোকপ্রস্তাব আপনি নিয়ে এসেছেন সেই শোকপ্রস্তাবকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা এখানে বলতে চাইছি। ইতিমধ্যেই আমাদের বিরোধী দলীয় নেতা এবং কংগ্রেস সদস্য সোহরাব এবং মাননীয়া মুখ্যমন্ত্রী বক্তব্য রেখেছেন। আজ এইকথা অকপটেই বলতে হয় যে দীর্ঘ এত বছর ধরে ১৯৭৭ সাল থেকে '৮২—এই পাঁচ বছর তিনি আইনমন্ত্রী ছিলেন, বাকী দীর্ঘ সময় ২৯ বছর তিনি এই অধ্যক্ষের চেয়ার অলংকৃত করেছিলেন। আমরা সকলেই জানি যে জন্ম হলেই মানুষের মৃত্যু হয়। কিন্তু এমন কতগুলি মৃত্যু যা চির অমর হয়ে থাকে তাঁর কাজের মধ্য দিয়ে। যে কথা আমাদের অপোজিশন লিডার উল্লেখ করেছেন। আমরা দেখেছি যে সরকারি অধ্যক্ষ থেকে সমস্ত সদস্য এমন কি নির্দল সদস্যও যাঁরা থাকতেন তাঁদেরকেও তিনি সমমর্যাদা দিতেন। তাদেরও কথা বলার অধিকার গণতান্ত্রিক অধিকার ঠিক রাখার জন্য যা যা ব্যবস্থা নেওয়া দরকার সেটা তিনি করতেন। এই কথা অকপটেই বলতে হয় তখন বিরোধী দল যারা এখন সরকারী দলে বসে আছেন তাঁদের সঙ্গে বন্ধুসুলভ আচরণ তিনি করতেন। এবং তাঁকে আমরা টেনশনহীন একটা মানুষ হিসাবে দেখেছি। আমরা তাঁকে কোনো টেনশন করতে দেখিনি। তিনি গুরুগম্ভীরভাবে হাস্যরস পরিবেশন করতেন এবং এই হাউসের গুরুগম্ভীর পরিবেশের মধ্যেও হাস্যরসের মধ্য দিয়ে সবাইকে তিনি আনন্দদানও করতেন। আমরা তাঁর আর একটাও দিক দেখেছি সেটি হল কঠোর হতে এই চেয়ার-এর মর্যাদা রক্ষার্থে। আমরা এটাও দেখেছি যে আমাদের এখানে সেই সময় আমরা যারা মন্ত্রী ছিলাম আমাদেরকেও যেমন তিনি ছাড় দিতেন না, সেই সময় প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু তাঁর ক্ষেত্রেও দেখেছি একদিন প্রশ্নোত্তর পর্বে ওনার উত্তর দেবার কথা ছিল, তিনি দেরি করে আসার জন্য চেয়ার ছেড়ে উঠে ঘরে চলে গেলেন... এবং মুখ্যমন্ত্রী বুদ্ধবাবু যখন এলেন, তখন তিনি বলতেও ছাড়লেন না যে, সময়ের দিকে নজরটা দেওয়া আমাদের সবার আগে দরকার। এইভাবে তিনি সভাকে পরিচালনা করতেন। আমি আমার বক্তব্যকে দীর্ঘায়িত করবো না, আজ ওঁনার প্রতি আমি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করছি এবং ওনার পরিবারের প্রতি আমি সমবেদনা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় আমাদের এই হাউসের এই সময়কালের মধ্যে যে সমস্ত সদস্য প্রয়াত হয়েছেন তাঁদের প্রতি এবং বিশেষ করে আমাদের প্রাক্তন প্রয়াত অধ্যক্ষ হাসিম আব্দুল হালিমের সম্পর্কে আপনি যে বিশেষ শোক প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং সকলের প্রতি আমার গভীর শ্রদ্ধা নিবেদন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হালিম সাহেবের সাথে আমার ব্যক্তিগত পরিচিতি ঘটে ১৯৭৭ সাল থেকে এবং তার মৃত্যুকালীন সময় পর্যন্ত সেই সম্পর্ক অটুট ছিল। কিন্তু সবচেয়ে বড় কথা আমি দীর্ঘ ১৫ বছর সংসদীয় মন্ত্রী হিসাবে একটানা হালিম সাহেবের সাথে এই বিধানসভা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ওতপ্রোতভাবে যুক্ত থেকেছি এবং বস্তুতপক্ষে বলতে গেলে তিনি আমার কাছে friend, philosopher and guide শুধু আমার কাছেই নয়, অনেক এম.এল.এ'র কাছেই friend, philosopher and guide হিসাবে তিনি কাজ

করেছেন। সংসদীয় বিষয়ে তাঁর ব্যুৎপত্তি, তাঁর ধ্যান-ধারণা এত স্পষ্ট ছিল যে, আমরা অনেক সময় তাকে বলতাম Ready reckoner about Parliamentary practices and business, যখনই কিছু জানার প্রয়োজন হবে বললে দু-এক মিনিট চিন্তা করে তিনি বলে দিতে পারতেন, এটা তার বিশেষ গুণ ছিল। আর একটা জিনিস ছিল, তাঁর মধ্যে দেখেছি একটা Innovative temperament, যে সংসদীয় ব্যবস্থাকে উন্নত করার জন্য, স্ট্রিম লাইন করার জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা যায়। যেমন ধরুন, প্রত্যেক বছর বিধানসভা নির্বাচনের ফলে বহু সদস্য নতুন করে নির্বাচিত হয়ে আসেন, তাঁদের সংসদীয় বিধি-ব্যবস্থা সম্পর্কে ধ্যানধারণা থাকে না, ঠিকমতো এই বিধানসভার মধ্যে তাঁরা কাজকর্ম পরিচালনা করতে গিয়ে অসুবিধার সম্মুখীন হন। এই কথা চিন্তা করে এখানে তিনি তৈরি করলেন Forum for Parliamentary studies। অর্থাৎ যাঁরা প্রথমবার বিধায়ক হিসাবে নির্বাচিত হয়ে আসবেন তাঁরা কীভাবে বিধানসভায় তাঁদের কার্যভার পরিচালনা করবেন, কীভাবে প্রশ্ন করতে হয়, কীভাবে বাজেটকে বিশ্লেষণ করতে হয়, কীভাবে আইন প্রণয়নের ক্ষেত্রে নিজেদের লেজিসলেশানের ভূমিকা পালন করতে হয়, এই সমস্ত বিষয়ে তাঁদের অবহিত করার জন্য তিনি Forum for Parliamentary studies তৈরি করেছিলেন এবং প্রখ্যাত পার্লামেন্টেরিয়ান অধ্যাপক হীরেন মুখার্জীকে তার প্রথম চেয়ারম্যান করেছিলেন এবং তিনি আমাদের রাজ্যে যাঁরা সংসদীয় বিষয়ে যথেষ্ট অভিজ্ঞ ব্যক্তি রয়েছেন, যেমন ধরুন আমি দেখেছি ডঃ প্রতাপ চন্দ্র চন্দ্র, অশোক কৃষ্ণ দত্ত এবং আরও অন্যান্য এই রকম বহু বিশিষ্ট পার্লামেন্টারিয়ানকে ডেকে এনে সেখানে তিনি বলবার ব্যবস্থা করে দিতেন যাতে নবনির্বাচিত বিধায়করা তাঁদের বক্তব্যর দ্বারা নিজেদের সমৃদ্ধ করে কাজটা করতে পারেন। দ্বিতীয়ত যে জিনিসটা আমরা সকলে খুব গুরুত্ব সহকারে বিবেচনা করছি যে কমিটি সিস্টেম, তিনি কমিটি সিস্টেমটা করলেন কোন প্রেক্ষাপটে সেটা ভাবনার দরকার। ত্রিস্তরীয় পঞ্চায়েতি ব্যবস্থা চালু হয়ে গেছে decentralisation of power হয়ে গেছে, গ্রামের মিউনিসিপ্যালিটিতে সমস্ত কাজকর্ম পঞ্চায়েতের মাধ্যমে হবে, যেগুলো আগে এম.এল.এ-রা করতেন।

[3.50 — 4.00 p.m.]

ফলে এম.এল.এ-দের কোনো কাজ থাকল না। তখনকার দিনের প্রসিডিংস খুললে দেখা যাবে এম.এল.এ-রা বারেবারে এই সদনে অভিযোগ করেছে যে আমরা কী করব? আমাদের তো কিছু কাজ করার নেই। দুটো-একটা সার্টিফিকেট লেখা এবং সুপারিশ করা ছাড়া তো আর কোনো কাজ নেই। তো উনিও সেটা ভাবলেন যে এম.এল.এ-দেরকে এনগেজ করতে হবে। তাদেরকে সংসদীয় কাজে আরও বেশি করে যুক্ত করতে হবে। সেই ভাবনার ভেতর থেকেই এই কমিটি সিস্টেমটা। অনেক জায়গায় হয়তো কমিটি সিস্টেম তখন ছিল কিন্তু তাকে তিনি এখানে খুব দ্রুততার সাথে চালু করলেন এবং স্ট্রীম লাইন করলেন এবং এম.এল.এ-দের ভূমিকাকে তিনি আরও উজ্জ্বল করার জন্য একটা মস্তবড় ভূমিকা পালন করলেন। হালিম সাহেব সম্বন্ধে অন্যদিকে এ কথা বলা যেতে পারে, সূর্য্যদা বলেছেন যে পূর্ণাঙ্গ মানুষ। আমি বলছি he was an institution in himself. তিনি নিজেই একজন institution ছিলেন। তার উদারতা,

হৃদয়বৃত্তি, তিনি একটা নির্দিষ্ট রাজনৈতিক মতবাদে বিশ্বাস করলেও ভিন্ন রাজনৈতিক মতাদর্শীদের প্রতি শ্রদ্ধা করতেন। তিনি এ কাজটা করতেন। ভিন্ন মতাবলম্বী মানুষদের প্রতি যে সৌজন্যবোধ, তাঁর কথাবার্তা শোনার জন্য যে ধৈর্য এগুলো তিনি দেখাতেন। আর একটা জিনিস এখন কতটা চলছে আমি জানি না, তবে তিনি চালু করেছিলেন। আমাকে একদিন বললেন যে, আমাদের এম.এল.এ-রা হঠাৎ-হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়। অনেক সময় অভিযোগ ওঠে যে তাঁরা ঠিকমতন চিকিৎসা পাচ্ছেন না বা তাঁদের যত্ন নেওয়া হচ্ছে না। তা আপনি আপনার দপ্তরের মাধ্যমে একটা কিছু ব্যবস্থা করুন। তখন আমরা সংসদীয় দপ্তরে পার্লামেন্টারি অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টে একজন ডেপুটি সেক্রেটারির নেতৃত্বে একটা ছোট সেল তৈরি করেছিলাম। মফস্বলে সম্ভব হবে না কিন্তু কলকাতায় যে সমস্ত এম.এল.এ-রা অসুস্থ হয়ে হাসপাতালে থাকবে এই খবর পাওয়ামাত্রই পার্লামেন্টারি অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের ওই ডেপুটি সেক্রেটারি কিংবা তার কোনো প্রতিনিধি ২-৩ জন তারা হাসপাতালে যাবে, সংশ্লিষ্ট ডাক্তারের সাথে কথা বলবে, পেসেন্টের সাথে কথা বলবে। চিকিৎসার ব্যাপারে তার কী প্রয়োজন আর কী প্রয়োজন নেই অন্তত ২-৩ বার হাসপাতালে থাকাকালীন যাবে, খোঁজ-খবর নেবে। এই ব্যাপারটা আমার সময় কিন্তু চালু হয়েছিল যাতে এম.এল.এ-রা চিকিৎসার ক্ষেত্রে একটা যথেষ্ট মর্যাদা পায় যে দপ্তরের পক্ষ থেকে তাদের খোঁজখবর নেওয়া হচ্ছে, এই ব্যাপারটা করতে পারা যায়। সেইজন্য তাঁকে বলা যেতে পারে তিনি ইনোভেটিভ ছিলেন। সব ব্যাপারে তার একটা চিন্তাভাবনা ছিল। আর একটা কথা এখানে উচ্চারিত হয়েছে। হালিম সাহেবের আগে বিধানসভার যে সমস্ত অধ্যক্ষ তাদের রুলিং দিয়ে বা তাদের কার্যকলাপের মাধ্যমে ঐতিহাসিক দৃষ্টান্ত সৃষ্টি করেছেন হালিম সাহেব কিন্তু তাঁদের স্মৃতিকে রক্ষা করার জন্য এই বিধানসভায় তাঁদের নামাঙ্কিত কিছু কক্ষ করে গেছেন। যেমন—বিজয় ব্যানার্জী হল, আজিজুল হক, নৌসের আলি কক্ষ ইত্যাদি। সেই দৃষ্টিভঙ্গি থেকে আমি বলতে চাই তাঁর যা অবদান, ২৯ বছর ধরে তিনি এই বিধানসভার অধ্যক্ষ হিসাবে এই বিধানসভাকে যেভাবে পরিচালনা করেছেন এবং সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করার চেষ্টা করেছেন, দেশে-বিদেশে শুধু এখানে তিনি আমাদের সংসদীয় ব্যবস্থাটাকে উজ্জ্বল করেছেন তাই নয়, আমি বলতে চাইছি মাননীয় অধ্যক্ষ মহোদয়, তার বক্তব্যের মধ্যে রেকমেন্ডেশানের মধ্যে বলেছেন। আন্তর্জাতিক স্তরে এই বিধানসভার মানটাকে উন্নীত করেছেন। আমি বারেবারে বলতাম যে, আপনি কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট মানে পশ্চিমবঙ্গ বিধানসভার গৌরব অনেক বেশি বেড়ে গেল। আপনি ওয়ার্ল্ড ফেডারেশানের প্রেসিডেন্ট মানে আমার পশ্চিমবঙ্গ বিধানসভার গৌরব অনেকখানি বেড়ে গেল। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সেই দৃষ্টিভঙ্গিতে বলছি আপনি চিন্তাভাবনা করবেন যে, এই বিধানসভার মধ্যে যে ঘরগুলো রয়েছে কোনো একটি উপযুক্ত ক্ষেত্রকে বেছে নিয়ে হালিম সাহেবের নামে নামাঙ্কিত করা যায় কিনা। যেভাবে বিজয় ব্যানার্জী এবং অন্যান্যদের জন্য করা হয়েছে সেই প্রস্তাবটা আমি আপনার কাছে রাখলাম। আমি হালিম সাহেবের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করি এবং তাঁর পরিবারের যে সমস্ত সদস্যরা এখানে উপস্থিত হয়েছেন তাঁদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, আপনি গত বিধানসভার পর থেকে আজ পর্যন্ত যাঁরা এই বিধানসভার সদস্য এবং প্রাক্তন মন্ত্রী প্রয়াত হয়েছেন তাঁদের কথা উল্লেখ করেছেন এবং বিশেষভাবে হালিম সাহেবের স্মৃতির উদ্দেশে একটা বিশেষ প্রস্তাব এনেছেন। সেইজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

হাসিম আব্দুল সাহেব যখন এই বিধানসভার অধ্যক্ষ ছিলেন, তাঁর সঙ্গে কাজ করার সুযোগ আমার হয়নি। তবে তাঁর সঙ্গে আমার পরিচয় ছিল। মাঝে মাঝে দেখা হত। আমি তাঁর কাছে যখন এগিয়ে যেতাম, তখন তিনি সহাস্যে আমার সঙ্গে কথা বলতেন। তাঁর ব্যবহারিক যে জীবন তা অত্যন্ত সাদামাটা, তিনি অতি নম্র, ভদ্র, বিনয়ী যা আমাকে আকৃষ্ট করেছে। আমি তাঁর মৃত্যুতে ভীষণভাবে দুঃখিত এবং ব্যথিত। আমি যা শুনলাম, যে, তিনি শুধু আমাদের রাজ্যের নয়, গোটা ভারতবর্ষে এবং পৃথিবীতে তিনি পশ্চিমবাংলার গৌরবকে তুলে ধরেছেন। বিধানসভার স্পীকার হিসাবে তিনি সবার সঙ্গে আলোচনা করে বিধানসভা পরিচালনা করতেন। এবং বিশেষ করে বিরোধীদের তিনি যথেষ্ট গুরুত্ব দিতেন এবং তাঁরা যাতে সুযোগ-সুবিধা পান বলার সেক্ষেত্রে সুযোগ করে দিতেন। তিনি যদিও নির্দিষ্ট একটা রাজনৈতিক দলের নেতৃত্বে ছিলেন। কিন্তু একদিকে বিধানসভার স্পীকার অন্যদিকে একটা রাজনৈতিক দলের নেতৃত্বে থাকা সত্ত্বেও তিনি তার ঊর্ধ্বে উঠে বিধানসভাকে পরিচালনা করেছেন। সংসদীয় ব্যবস্থাকে, দেশের ধর্মনিরপেক্ষতা এবং সম্প্রীতিকে প্রসারিত করার চেষ্টা করেছেন। আমি তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি। তাঁর শোকসন্তপ্ত পরিবারের যাঁরা এখানে উপস্থিত রয়েছেন, তাঁদের সকলের প্রতি সমবেদনা এবং যাঁরা তাঁর অনুরাগী তাঁদের সকলের প্রতি আমি সমবেদনা জ্ঞাপন করছি। আমার কথা শেষ করছি।

Dr. Harka Bahadur Chhetri : Thank you very much Hon'ble Speaker Sir. I must thank you for bringing a resolution of condolence of the sad demise of late Speaker, Hashim Abdul Halim. I did not know much about him because this is my first tenure in the Assembly. But I vividly remember when I came with the letter of elected representative received from SDO office. With that letter I had come to Kolkata. I came to the Assembly House. When I for the first time entered the Hon'ble Speaker's Chamber there was a very frail gentleman seating on the chair and I did not feel that he could have been a Speaker. Then afterwards when I forwarded my letter of introduction to the Hon'ble Speaker, he said "I know you". I was a little bit surprised because for the first time I was seeing and he told me "I know you"! That kind of acknowledgement to a newcomer was definitely coming from a person who had wide and broad heart, Sir. So after listening to the illustrious speakers who have had the opportunity to work with him for a long period I also came to know for the first time in international stature that was there sir. So this is the day when we recount what we have lost and we all know that the

ultimate destination is oblivion. Everyone is going to go, Sir. That we all know. But the smaller people reached the destination early, the bigger people—they will be remembered for a long time by this world. So as the Hon'ble Chief Minister has suggested and I was also thinking at that time that if his important rulings and his important judgements, whatever are there, if we can, if the Assembly can publish a book as a memory to the great man it will be a great thing Sir. As the saying goes Sir, he had a very open kind of approach to the opposition as well as to the Treasury Benches. In fact he gave more time to the Opposition as was told by many speakers. I was reminded of a poem by Russain Nobel Laureate, Joseph Broadsky who had said sometime we talk about the world become very very intolerant, the country is becoming intolerant. Those kinds of issues keep coming Sir. When we discuss about a person who was so broad, who could accommodate everybody I remember that point which in two lines says — "Death renders us all alike. So in life let us be various." And probably that was the spirit with which the late Speaker Hashim Abdul Halim lived his life and hopefully and I am sure Sir, this House will continue to inherit that legacy. With these words I conclude my paying of respect to the late Speaker Sa'ab and my address, Sir.

Thank you.

[4.00 — 4.10 p.m.]

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় স্পীকার স্যার, আজকে যে প্রস্তাব এসেছে, এর আগে আমাদের মাননীয় সদস্য যারা প্রয়াত হয়েছেন এবং বিশেষ করে আমাদের প্রাক্তন স্পীকার হাসিম আব্দুল হালিম সাহেবের উপরে যে শোক প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে অমি দু-একটি কথা বলছি। খুবই স্বাভাবিক যে হালিম সাহেবের সময়ে আমি এখানে কাজ করিনি বিধানসভার সদস্য হিসাবে। কিন্তু ২০১১-র নির্বাচনের পরে একটা সভা তিনি ডেকেছিলেন তাঁর ঘরে, কিছু সদস্যকে নিয়ে, যার মধ্যে আমার নামও ছিল, আমি এসেছিলাম। সেই একঘণ্টা সময় তাঁর সঙ্গে ছিলাম, এটুকুই তাঁর সঙ্গে পরিচয়। আমি আমার পূর্বসূরীদের কাছ থেকে যে কথাগুলো শুনেছি এবং আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী, ডাঃ সূর্য্যকান্ত মিশ্র, সোহরাব সাহেব এবং অন্যান্যরা যে বক্তব্য বললেন, তার পরিপ্রেক্ষিতে আমি দু-একটি কথা এখানে আপনাদের সামনে রাখতে চাইছি। Speaker speaks for the Parliament, not for the Government। এটাই হচ্ছে সংসদীয় গণতেন্ত্রর একেবারে অত্যন্ত স্পীরিট, গুরুত্বপূর্ণ স্পীরিট এবং এর মধ্যে দিয়ে স্পীকার যে কাজটা করতে পারেন, সেটা হচ্ছে যে পার্লামেন্ট এবং গভর্নমেন্ট যে দুটো আলাদা প্রতিষ্ঠান, সেই দুটো প্রতিষ্ঠানকে অত্যন্ত সুন্দরভাবে তিনি দেখাতে পারেন। এবং তার মধ্যে দিয়ে আরও যে কাজটা অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে স্পীকার করতে পারেন

সেটা হচ্ছে, মন্ত্রীরা, মন্ত্রীদের যে অ্যাকাউন্টেবিলিটি সেই অ্যাকাউন্টেবিলিটি তিনি পালন করার ক্ষেত্রে মন্ত্রীদের সাহায্য করতে পারেন। এবং আরও একটা কথা যে একজন true, independent, impartial Speaker তাঁর ভূমিকা এখানে সবথেকে গুরুত্বপূর্ণ। একটা উদাহরণ আমি আপনাদের সামনে দিচ্ছি যে রিসেন্টলি হাউস অফ কমন্সে তার যে স্পীকার তিনি David Cameroon অর্থাৎ প্রধানমন্ত্রী যখন তিনি প্রশ্নোত্তর পর্বে উত্তর দিচ্ছিলেন, সেই উত্তর দেওয়ার মাঝখানেই তাঁর উত্তরকে তিনি থামিয়ে দিয়েছিলেন। অর্থাৎ একজন স্পীকার যদি এক্সট্রা পার্লামেন্টারী প্রেসার অর্থাৎ তার নিজের দলের প্রেসার থেকে মুক্ত হয়ে কাজ করতে পারেন, তিনি কতদূর পর্যন্ত যেতে পারেন এটা একটা উদাহরণ হিসাবে আমি আপনাদের সামনে বলতে চাইলাম। এই কথাগুলো আমি এই কারণেই বললাম যে আমি যেটা শুনেছি যে মাননীয় প্রাক্তন স্পীকার তিনি একজন ট্রু ইন্ডিপেনডেন্ট স্পীকার হিসাবে এখানে ভূমিকা পালন করার চেষ্টা করেছেন। এবং বিশেষ করে বিরোধীদের তিনি যেভাবে সুযোগ দিয়েছেন, এই যে একটা কথা বলি আমরা, সবসময় যে হাউস বিলঙস টু অপজিশান, এই কথাটা কিন্তু বলাটা অনেক সহজ, কাজে করাটা অত্যন্ত কঠিন। এবং যেখানে স্পীকারদের দায়িত্বই সব সময় বেশি থাকে নতুবা ওই যে Ayes have it, Ayes have it এই যে কথাটাই সব সময় চলতে থাকে, এর বাইরে যে যুক্তিগুলো, যে যুক্তিগুলো যারা তোলেন, সেই যুক্তিগুলোকে তুলতে সাহায্য করা যেটা স্পীকারের ভূমিকা এবং সেই কাজটা অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে, সুন্দরভাবে, সুচারুভাবে তিনি করতে পেরেছিলেন বলে আমি শুনেছি। তিনি অত্যন্ত আত্মমর্যাদাসম্পন্ন ব্যক্তি ছিলেন, এবং অত্যন্ত আত্মমর্যাদাসম্পন্ন ব্যক্তিরা অন্যদের মর্যাদাকে তারা সঠিকভাবে গুরুত্ব দিতে পারেন এবং সেই কাজটা তিনি করেছেন। পরিষদীয় রাজনীতিতে এমন মূল্যবোধসম্পন্ন ব্যক্তিত্ব আমাদের দেশে খুবই কম এসেছে। এবং আমার যেটা মনে হয়েছে যে পরিষদীয় রাজনীতিতে আমরা তার অভাব নিশ্চয় বোধ করব। এবং আরও একটা কথা আমি বলতে চাই, যেটা আমার নেতৃত্বের কাছে আমি শুনেছি যে '৫০-এর দশক, '৬০-এর দশকে যে বামপন্থী রাজনীতি, তার যে মূল্যবোধ, সেই মূল্যবোধের আজকে প্রচুর অভাব দেখা দিয়েছে। ফলে পরিষদীয় রাজনীতিতে, বিশেষ করে স্পীকার হিসাবে আজকে আমাদের দেশে অ্যাসেম্বলি বা পার্লামেন্টে যারা দায়িত্ব পালন করছেন বা ভবিষ্যতে করবেন, আমার মনে হয় তাঁর কাছ থেকে তাঁদের অনেক শিক্ষণীয় বিষয় আছে। আমি হাসিম আব্দুল হালিমের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে, তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২৯ বছরের নিরবচ্ছিন্ন অধ্যক্ষের আসনে বসা ডঃ হাসিম আব্দুল হালিমের স্মৃতির উদ্দেশে এবং অন্যান্য যে সমস্ত সদস্যরা প্রয়াত হয়েছেন তাঁদের জন্য আপনি যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি ২-১টি কথা বলছি। ব্যক্তিগতভাবে হালিম সাহেবের সঙ্গে আমার কোনো পরিচয় ছিল না। কিন্তু একজন সর্বক্ষণের রাজনৈতিক কর্মী হিসাবে পশ্চিমবঙ্গে রাজনীতির খুঁটিনাটি খবর রাখা এবং সংবাদমাধ্যমের মধ্য দিয়ে হালিম সাহেবের সম্পর্কে আমরা যা জেনেছি তা হল তিনি এই ২৯ বছর অধ্যক্ষ থাকাকালীন তার নিজের দলের সঙ্গে নিবিড় যোগাযোগ সত্ত্বেও তিনি পশ্চিমবঙ্গের রাজনৈতিক

উত্তাপকে, কোনোদিন বিধানসভার মধ্যে আসতে দেননি। পূর্ব ভারতের একটি রাজ্যে, ভারতবর্ষের মতো বড় মাপের একটা দেশ থেকে প্রতিনিধিত্ব করে তিনি শুধু দেশে নয়, আন্তর্জাতিক ক্ষেত্রেও নিজেকে স্বমহিমায় প্রতিষ্ঠিত করেছেন। পশ্চিমবঙ্গ বিধানসভার গৌরবের মাত্রাটাকে একটা উন্নত মাত্রা দিতে সমর্থ হয়েছেন। আজকের দিনে যখন সহিষ্ণুতা-অসহিষ্ণুতার প্রশ্ন নিয়ে বিভিন্ন দিকে বিতর্ক উঠছে, মানুষ যখন বুক চিতিয়ে রাস্তায় নেমে নিজেকে প্রকৃত ধর্মনিরপেক্ষ বলে প্রমাণ করতে চাইছেন, আমরা যদি হালিম সাহেবের দিকে তাকাই তাহলে দেখতে পাই তাঁকে ধর্মনিরপেক্ষ প্রমাণ করার জন্য কোনো কিছুর আশ্রয় নিতে হয়নি। এমন এক ব্যক্তি, যাঁর রাজনৈতিক দর্শন তার জীবনে প্রতিফলিত হয়েছে। তার দৈনন্দিন জীবনের চলাফেরা, দৈনন্দিন জীবনের কোনো বাস্তববোধ কোনো ধর্মীয় বিশ্বাসের দ্বারা প্রভাবিত ছিল না। রাজনৈতিক বহুত্ববাদ, ভারতের সামাজিক বহুত্ববাদকে যিনি চার দেওয়ালের মধ্যে একটা নতুন মাত্রা দিতে পেরেছিলেন। ঈশ্বরের বিধানে আমাদের জীবন সুনির্দিষ্টকালখণ্ডে আবদ্ধ। রাজসিকভাবেই তাঁর প্রয়াণ হয়েছে। তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আমি সমবেদনা জানাচ্ছি এবং তাঁর আত্মার শান্তি কামনা করছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সমস্ত প্রাক্তন বিধায়ক ইহলোক ছেড়ে পরলোকে গমন করেছেন তাদের প্রত্যেককেই শ্রদ্ধা ও শোক জ্ঞাপন করি। হাসিম আব্দুল হালিম আমাদের অধ্যক্ষ ছিলেন, ২৯ বছর ধরে দায়িত্ব পালন করেছেন, তাঁর পরিবারের সকলেই যারা আজকে এই হাউসের মধ্যে এসে তাঁর শোকজ্ঞাপনে অংশ নিচ্ছেন তাদেরকেও আমাদের পরিষদীয় দলের তরফ থেকে, বিধানসভার সমস্ত বিধায়কদের তরফ থেকে — আপনারা যে শোক জ্ঞাপনের দিনে যে অংশ নিয়েছেন — আমরাও যে আপনাদের সঙ্গে সমব্যথী সেটাকে আমরা প্রদর্শন করার জন্য, জানান দেওয়ার জন্য অধ্যক্ষ মহোদয়ের কাছে আমার কৃতজ্ঞতা প্রকাশ করি। আমি সংসদীয় রাজনীতিতে একেবারেই নতুন, এখানে অনেকেই পুরোনো আছেন। যদিও দেখতে দেখতে প্রায় পনেরো বছর হয়ে গেল। কিন্তু পনেরো বছরের বেশির ভাগ সময়টাই হাসিম আব্দুল হালিমের অধ্যক্ষ থাকাকালীন আমার সময় কেটেছে।

[4.10 — 4.24 p.m.]

প্রথমে ৬০ জন বিধায়ককে নিয়ে, পরে ৩০ জন বিধায়ককে নিয়ে। এমনকি ২৯ জন বিধায়ককে নিয়েও আমার সময় কেটেছে। প্রথম অর্ধের কথা নাই-ই বা বললাম। দ্বিতীয় অর্ধের অর্থাৎ ২০০৬ থেকে ২০১১ সাল পর্যন্ত, এই সময়কালে তিনি আমাদের অধ্যক্ষ ছিলেন। তাঁর সাথে আমার যথেষ্ট পারস্পরিক বোঝাপড়া ছিল। তাঁর পরামর্শ আমরা গ্রহণ করতাম। তিনি আমাকে বলতেন সংসদীয় রাজনীতিতে পড়াশোনা করতে হবে, লাইব্রেরিতে যেতে হবে। কে, কোনটা বলছে সেটা দেখতে হবে, শুনতে হবে। ওইখানে সিদ্ধার্থশঙ্কর রায় ভালো বলেছিলেন, ওইখানে জ্যোতিবাবু ভালো বলেছিলেন, এগুলো দেখতে হবে। আর যারা হাউসে ভালো বলতেন তাদেরকে নিজের ঘরে ডেকে বলতেন নাও ঠান্ডা খাও। আবার খারাপ বললেও বলতেন, তুমি আজকে কিন্তু ভালো বলোনি। তিনি সবসময় চাইতেন এই হাউসের বিতর্ক যেন গঠনমূলক হয় এবং যুক্তিবাদী হয়। আমার সঙ্গে অনেক বিষয়েই তার মিল থাকত না, তাঁর অনেক সিদ্ধান্ত

আমরা মেনেও নিতে পারতাম না, কিন্তু তাই বলে তাঁর সঙ্গে আমার সম্পর্ক কোনোদিন খারাপ হয়নি। চাপের মধ্যে যতটুকু আমাদের শিখতে হয়েছে তার অনেকটাই কৃতিত্ব কিন্তু হাসিম আব্দুল হালিম সাহেবের। আমাদের বাঁদিকে যারা বসে আছেন তারা তো চৌত্রিশ বছরের মধ্যে উনত্রিশ বছরই তাঁকে দেখেছেন। বিরোধী দল তাঁকে কিভাবে দেখছে এটাই সাংঘাতিক প্রশ্ন। আমি হাসিম আব্দুল হালিম সাহেবকে শুধুমাত্র একজন কমিউনিস্ট নেতা হিসাবে মনে করি না, তিনি মানবদরদীও ছিলেন। শুধু তাই নয়, এখানে ডেপুটি স্পীকার হিসাবে উপস্থিত আছেন সোনালী গুহ সে বলতে পারবে, সোনালী গুহ সেই সময়ে যতবার অসুস্থ হয়েছেন, ততবার হালিম সাহেব হাসপাতালে ছুটে গিয়েছেন বা খবর নিয়েছেন। হালিম সাহেবকে আমি যতবার জিজ্ঞাসা করতাম এই শরীর নিয়ে আপনি কেন রোজ রোজ আসেন, দু-চারদিন অ্যাবসেন্ট হতে পারেন না, ছুটি নিতে পারেন না। উনি হেসে বলতেন, কেন তোমার সুবিধা হয়, গণ্ডগোল করতে পারবে। দশটার মধ্যে তিনি অফিসে চলে আসতেন। আমি বলতাম এখানে কি ধূপধুনো দিতে আসেন সকাল দশটার সময়? উনি বলতেন কেন, সময়ে আসতে হবে, সময়ে সব কিছু করতে হবে। অসুস্থ শরীর—আমার চারিদিক দিয়ে ঘিরে ধরেছি, তিনি আকাশের দিকে তাকিয়ে সব শুনেছেন, কিন্তু চলে যাননি। অসম্ভব জেদি ব্যক্তিত্বের মানুষ ছিলেন তিনি। তিনি অত্যন্ত স্নেহপ্রবণ ছিলেন। আমার এই সংসদীয় রাজনীতিতে বিদেশ ভ্রমণের প্রথম সুযোগ তিনি করে দিয়েছিলেন। এখানে মানস ভূঞ্যা আছেন — আমি, মানস ভূঞ্যা এবং ফরোয়ার্ড ব্লকের তারাপদ চক্রবর্তী ছিলেন — এই রকম চার-পাঁচজন আমরা গিয়েছিলাম। তিনি আমাদেরকে বলে দিতেন এইখানে, এইখানে যাবে, সি.পি.এ-এর এই অফিসে যাবে, হাউস অফ কমনস্, হাউস অফ লর্ডসে গিয়ে দেখবে, জানবে সেখানে কী হচ্ছে। শুধু পাঠানো নয়, অভিভাবক হিসাবেও তিনি আমাদেরকে গাইড করতেন। তার মধ্যে এই ব্যাপারটা ছিল, এটা আমরা অনুভব করেছি। বাইরে আমাদের তুমুল আন্দোলন, ভেতরে বসে উনি। শমীক বলল আঁচ পাননি, আঁচতো উনি পেয়েছেন — কিন্তু সেই আঁচ সহ্য করেও তিনি অধ্যক্ষ পদে কাজ করেছেন। সবথেকে বড় কথা, তুমুল গণ্ডগোলের পরেও তিনি আমাদেরকে ডেকে বলেছেন, কেন তোমরা এমন করছ। আমি ভুলব না নেতাইয়ের কথা, আমি ভুলব না নন্দীগ্রামের কথা, আমি ভুলব না সিঙ্গুরের কথা, আমাদের দলের সমস্ত রকম আন্দোলন বাইরে চলছে। এখানে যতই আমাদের সংখ্যা কম থাকুক, আমরা যতবার চেষ্টা করেছি ব্যাপারগুলো তুলে ধরার, তিনি তখন নানান ধরনের রুলিং দিয়েছেন। তিনি সাংঘাতিক বিচক্ষণ মানুষ ছিলেন। কিন্তু তিনি আমাদের গ্রহণ করেননি। তবে আবার অন্যদিকে এটাও ঠিক যে আমরা যখন আলোচনা চেয়েছিলাম একটা সময়ে তখন প্রায় শেষের দিকে তিনি আলোচনার জন্য আমাদের সময় দিয়েছিলেন — এক ঘণ্টার জন্য একটা আলোচনা হবে কিন্তু কথা রাখেননি সরকার পক্ষের লোকেরা, তখন উনি এখানে এসে বলেছিলেন যে দেখো বিরোধী দলনেতা, তোমরা সব দিয়েছো ঠিকই আছে আমি তো অর্ডার হিসাবে মেনেওছি। আমাদের কার্যবিবরণীতে যা আছে সেইমতোই আমি অনুমোদন দিয়েছিলাম কিন্তু আমি তো কাউকে দড়ি বেঁধে এখানে হাজির করতে পারব না। অকপট স্বীকারোক্তি এই হাউসে বসে তিনি করেছিলেন। যখন বাইরে গেলেন, হায়দরাবাদ গেলেন তখন হাসিম আব্দুল হালিম সাহেবের সঙ্গে আমি গিয়েছি। তাঁর পরিবারের লোকেরাও ছিল।

সেখানেও দেখেছি তাঁর অগাধ পাণ্ডিত্য সকলে স্বীকার করেছেন। বিদেশে গেছি বিদেশেও দেখেছি যে তাঁর অগাধ পাণ্ডিত্য নিয়ে কোনো প্রশ্ন ছিল না। আমি নিজে যে ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশানের সর্বভারতীয় সভাপতি ছিলাম সেখান থেকে অনুরোধ এসেছিল হাসিম আব্দুল হালিমকে যদি একবার নিয়ে আসা যায়। আমি ওনাকে বললাম, আপনি যাবেন? বললেন, আমার তো শরীর খারাপ। বললাম, তাহলেও চলুন, হাসিম আব্দুল হালিম নেশান অফ্ স্পেসিফিক ম্যানেজমেন্টে, চেন্নাইতে, ইনঅগরাল স্পিচ, কি-নোট স্পীকার হিসাবে তাঁর বক্তব্য রেখেছিলেন। প্রত্যেকেই আমাকে বলেছিল উনি ম্যানেজমেন্টের লোক, না রাজনীতির লোক? আমি বললাম, না উনি ভাল ল-ইয়ার। অনেক কথাই মনে পড়ে। প্রত্যেকবার পুজোতেই বলতেন কী খেয়েছ এবার পুজোতে বল। কোনো ভালো লেখা-টেখা থাকলেই দিলীপবাবুকে দিয়ে পাঠিয়ে দিতেন, বলতেন পড়তে দিও ওকে। মানে—নিজে শিখতেন অপরকে শেখাতেন। তা সত্ত্বেও তাঁর রসবোধ—তাঁর কৌতুক আমাদের আজও—আমি আর সুব্রত বক্সী তখন প্রায়ই তাঁর ঘরে যেতাম। তিনি যে কি রসবোধে বিরোধী দলনেতার স্বীকৃতি না দিয়ে গল্প করে বলতেন তা হাউসকে বলতে চাই না। কিন্তু আজও আমার কাছে অবাক লাগে। তাঁর মৃত্যুতে আমি বলব যে হাউস একজনকে শুধু হারায়নি একজন বিশিষ্ট সমাজসেবীকে হারিয়েছে, একজন বিশিষ্ট মানুষকে হারিয়েছে। সংসদীয় রীতিনীতি শেখবার একজন অভিভাবককে হারিয়েছে। এটা শুধুমাত্র কমিউনিস্ট পার্টির লস বলে আমি মনে করি না। আমি মনে করি যে এই হাউসের একজন বিদগ্ধ লোককেও আমরা হারালাম। আমি আবারও বলি যে প্রায় প্রতিটি বিষয়ে আমাদের মতবিরোধ ছিল, হয়তো থাকলেও ছিল, কিন্তু এক জায়গায় মিল ছিল সব কাজের পরে যে সম্পর্ক সে সম্পর্কে কোনো ছেদ পড়েনি বা কোনো কালিমালিপ্ত হয়নি। যা আজকের রাজনীতিতে সচরাচর এই সৌজন্যবোধ আমরা অনেকে ভুলে গিয়েছি, সেই কথাটা মনে করলে — এবং তাদের পরিবারের সকলেই সব খবর নিতেন। বিলেতে ছিলেন আমার মেয়ের বিয়ের সময়। বললেন, আমি বিলেতে আছি, আমি যেতে পারছি না, বৌভাতে যাব। এয়ারপোর্ট থেকে সোজা তিনি এসেছিলেন। এটা সম্ভব কিন্তু তার পরেই তিনি যখন হাউসে বসলেন প্রথম দিনেই বললেন — পড়তে দেব না। যা এখনকার অধ্যক্ষ মহোদয় পড়তে-টড়তে দেন দেখি, কিন্তু আমাদের হাসিম আব্দুল হালিম সাহেব নিজে দাঁড়াতেন, দাঁড়িয়ে এমনভাবে সব বলতেন — যেটুকু তিনি অনুমোদন দিতেন সেটুকুর বাদে পড়লেই মাইকটা বন্ধ হয়ে যেত। চিৎকার-চেঁচামেচি হত বটে কিন্তু অনড় ছিলেন। আমি তাঁর প্রতি আবারও শ্রদ্ধা জানাই। তাঁর পরিবারের সকল সদস্য-সদস্যাদের পাশে দাঁড়াতে চাই। আমরা যখন হায়দরাবাদে গিয়েছিলাম তখন বলেছিলেন — চল তোমাকে মিউজিয়াম দেখিয়ে নিয়ে আসি। আমি এবং মিসেস হালিম ছিলেন এবং আমাদের তখনকার সেক্রেটারি মনোরঞ্জন সরকার সঙ্গে ছিলেন। তিনি ঘুরে ঘুরে সব মিউজিয়াম দেখতেন। খেতে ভালোবাসতেন, খাওয়াতে ভালোবাসতেন। ঘরের মধ্যে ঢুকলেই — কারা, কারা আছে দেখ তো? মসী সাহেব বসে থাকতেন, শৈলেন সাহেবরাও বসে থাকতেন, দিলীপবাবুরা বসে থাকতেন এবং আরও অনেকে এই রকম বসে থাকতেন। প্রবোধবাবু এবং আরও অনেকে বসে থাকতেন। প্রবোধবাবুর সঙ্গে আবার আলাদা করে সি.পি.এ. নিয়ে আলাদা সম্পর্ক গড়ে উঠেছিল। তিনি যখন অসুস্থ ছিলেন, বাড়ি থেকে খাবার

আসত—তখন তিনি বলতেন, 'এ বাবা, কি খাবার! দেখ তো, ছেলেরা গার্ড দিচ্ছে কিনা বাইরে? পাহারা দিচ্ছে কিনা, দেখ তো বাইরে বাড়ির কাউকে পাঠালো কিনা, মেয়েরা এল কিনা।' এরকম রসিকতা তার মধ্যে ছিল। পুজোর পরে ঈদের সময় তার সঙ্গে কথা হয়েছে। পুজোর পরে যাইনি বলে, উনি বললেন, কি পার্থ, সারাদিন এই রাজনীতিই করছ? আমি বললাম না স্যার যাব। কিন্তু এবার আর যাওয়া হয়ে ওঠেনি। তার পরেতে সেই মৃত্যুর সংবাদ। আমি নিজে ব্যক্তিগতভাবে মনে করি যে, একজন ভালো পরামর্শদাতা — সব পরামর্শই যে নিতে হবে এমন কোনো মানে নেই। অত্যন্ত জানবার বই, শেখার বই, পড়বার বই — তা কিন্তু হালিম সাহেব অনেককেই দিয়েছেন। আমি অকপটে স্বীকার করছি, আমি তা নিয়েছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : Thank you, Honourable Minister. Now I think the Resolution is accepted by all the Members ...(Pause)... The Resolution is adopted unanimously. Now I would request the Hon'ble Members to rise in their seat for 2 minutes as a mark of respect to the deceased.

...(At this Hon'ble Members stood in silence for 2 minutes)...

Thank you Ladies and Gentlemen. Secretary will send the message of condolence to the members of the bereaved family.

আমাদের প্রয়াত স্পীকারের প্রোটেট আনভেইলিং হবে আমাদের লবিতে, আমি সকলকে যাওয়ার জন্য অনুরোধ করছি।

Adjournment

The house was then adjourned at 4.24 p.m. till 11.00 a.m. on Monday, the 14th December, 2015 at the "Assembly House", Kolkata-700001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 14th December, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair and 221 Members including Ministers-in-Charge and Ministers-of-State.

[11.00 - 11.10 a.m]

(noise)...Hon'ble Members of Left Front gathered near Mr. Speaker's Chair. They displayed some festoons. (noise)...

PRESENTATION OF THE 72ND REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 72nd Report of the Business Advisory Committee. The committee met in my chamber on the 11th December, 2015 and recommended the Programme of Business for the 14th December, 2015 as follows:

14.12.15, Monday	: (i)	Business remaining from 11.12.15
	(ii)	The Brainware University Bill, 2015 (Introduction, Consideration and Passing) one and half hours

Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the motion for acceptance of the House.

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ৭২তম প্রতিবেদন যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the Motion is adopted.

...(এই সময় বিরোধী পক্ষের সদস্যরা মাননীয় মিঃ স্পীকারের আসন ঘিরে প্ল্যাকার্ড দেখিয়ে শ্লোগান দিতে থাকেন এবং কিছু বলার জন্য মাননীয় স্পীকারের কাছে আবেদন করতে থাকেন।)...

মিঃ স্পীকার : Please take your seat. আপনারা ওখানে বসুন, আমি দেখব। প্লিজ, আপনারা যান। Please take your seat. আপনারা আপনাদের জায়গায় গিয়ে বসুন। আপনি মেনশন করবেন, আমি জিরো আওয়ারে দেব।

...(মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা কিছু বলার জন্য মিঃ স্পীকারের সামনে গিয়ে আবেদন করতে থাকেন।)...

মিঃ স্পীকার : No, no. I will not allow. না, না, এখন হতে পারে না। আমি আপনাদের বলতে সময় দেব। কোয়েশ্চেন আওয়ারের পরে আপনাদের বলতে দেব।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : জিরো আওয়ারটা হোক, আমি শুনব। না, না, এখন দেব না। আমি আপনাদের বলছি কোয়েশ্চেন আওয়ার হোক, আমি শুনব। Please go to your seat. I will allow you to speak after the Question Hour is over.

...(গোলমাল)...

মিঃ স্পীকার : ফার্স্ট কোয়েশ্চেনটা এখন দিতে পারছি না। মাননীয় পার্থ চ্যাটার্জী আসছেন। উনি রাস্তায় আটকে গেছেন। উনি আমাকে খবর পাঠিয়েছেন। আমি পরে দিচ্ছি। স্টার কোয়েশ্চেন নম্বর-২। আমি প্রথম কোয়েশ্চনটা পরে নিচ্ছি।

Starred Questions
(to which oral answers were given)

অগ্নিনির্বাপণ কেন্দ্রের সংখ্যা

*২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রী সমীর কুমার জানা :** অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে রাজ্যে মোট অগ্নিনির্বাপণ কেন্দ্রের সংখ্যা কত (জেলাওয়ারি হিসেব সহ)?

...(নয়েজ)...

শ্রী জাভেদ আহমেদ খান :

মাননীয় স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী সমীর কুমার জানার প্রশ্নের উত্তরে বলি, ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে রাজ্যে মোট অগ্নি নির্বাপণ কেন্দ্রের সংখ্যা ১১৮টি। জেলাওয়ারি হিসেব তালিকা আকারে সংযোজিত করা হল।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী, আপনি জেলাওয়ারি টোটাল নম্বর-টা বলে যান।

Shri Javed Ahmed Khan :

Sl. No.	Name of District	Nos. of Fire Stn.	Name of Fire Station
01	Kolkata	15	1. Head Quarter, 2. Kalighat, 3. Gariahat, 4. Garden Reach, 5. Tollygunj, 6. Alifnagar, 7. Baishnabghata Patuli, 8. Central

Sl. No.	Name of District	Nos. of Fire Stn.	Name of Fire Station
			Avenue, 9. Nimtala, 10. Cossipur, 11. Lalbazar, 12. Canal West Road, 13. Manicktala, 14. Writers' Buildings, 15. Coal Berth.
02	South 24-Parganas	06	1. Behala, 2. Baruipur, 3. Budge-Budge, 4. Falta, 5. Diamond Harbour, 6. KLC(Bantala)
03	North 24-Parganas	16	1. North Barrackpur, 2. Lalkuthi, 3. Garulia, 4. Kankinara, 5. Gobardanga, 6. Kamarhati, 7. Panihati, 8. Kanchrapara, 9. Bongaon, 10. Barasat, 11. Basirhat, 12. Habra, 13. Dum Dum, 14. Bidhan Nagar, 15. Baranagore, 16. Garifa.
04	Nadia	06	1. Kalyani, 2. Ranaghat, 3. Santipur, 4. Krishnanagar, 5. Nabadwip, 6. Karimpur.
05	Birbhum	03	1. Bolpur, 2. Rampurhat, 3. Suri.
06	Murshidabad	03	1. Berhampur, 2. Kandi, 3. Dhuliyan.
07	Howrah	06	1. Howrah, 2. Liluah, 3. Bally, 4. Shibpur, 5. Uluberia, 6. Alampur.
08	Purba Medinipur	05	1. Haldia, 2. Contai, 3. Kolaghat, 4. Tamluk, 5. Ramnagar (Digha).
09	Paschim Medinipur	04	1. Ghatal, 2. Medinipur, 3. Kharagpur, 4. Jhargram.
10	Hooghly	11	1. Arambag, 2. Bansberia, 3. Hooghly, 4. Chandan Nagar, 5. Bhadreswar, 6. Champdani, 7. Srirampur, 8. Rishra, 9. Konnagar, 10. Uttarpara, 11. Tarakeswar.
11	Burdwan	09	1. Asansol, 2. Durgapur, 3. Ranigunj, 4. Panagarh, 5. Burdwan, 6. Bhatar, 7. Katwa, 8. Kalna, 9. Labourhat.

Sl. No.	Name of District	Nos. of Fire Stn.	Name of Fire Station
12	Bankura	02	1. Bankura, 2. Bishnupur.
13	Purulia	03	1. Purulia, 2. Raghunathpur, 3. Santaldih.
14	Malda	03	1. English Bazar, 2. Chanchal, 3. Harish Chandrapur.
15	Dakshin Dinajpur	02	1. Balurghat, 2. Gangarampur.
16	Uttar Dinajpur	04	1. Raigunj, 2. Islampur, 3. Dalkhola, 4. Kaliya Gunj.
17	Darjeeling	06	1. Darjeeling, 2. Siliguri, 3. Matigara, 4. Kurseong, 5. Kalimpong, 6. Bijanbari.
18	Jalpaiguri	04	1. Jalpaiguri, 2. Moynaguri, 3. Dhupguri, 4. Malbazar.
19	Alipurduar	04	1. Alipurduar, 2. Falakata, 3. Hassimara, 4. Barobisha.
20	Cooch Behar	06	1. Cooch Behar, 2. Tufangunj, 3. Mekhligunj, 4. Mathabhanga, 5. Dinhata, 6. Haldibari.

Total existing Fire Stations up to 31.10.2015=118 (one hundred eighteen)

স্যার, মোট ১১৮টি ফায়ার স্টেশন অপারেশানাল আছে। এছাড়াও অনেকগুলি নতুন ফায়ার স্টেশন করছি। প্রায় পঞ্চাশটি মতো করা হচ্ছে। তার মধ্যে ২১টির কনস্ট্রাকশান চালু আছে। আর ২৯টির কাজ ইতিমধ্যেই ধরা হয়েছে। ল্যান্ড আইডেন্টিফাই করা হয়েছে। তার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

...(নয়েজ)...

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যদিও আমাদের উনি যে তালিকা দিয়েছেন, তাতে ১১৮টি ফায়ার স্টেশান এ পর্যন্ত চালু হয়েছে। এছাড়াও, নতুন কতগুলি প্রোপোজাল গ্রহণ করেছেন? আন্ডার কনস্ট্রাকশান এবং নিউ প্রভিশান কতগুলি রয়েছে? এটা যদি দয়া করে বলেন।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আমাদের ১১৮টি অপারেশানাল ফায়ার স্টেশন আছে। এখন ২১টি নতুন ফায়ার স্টেশনের কাজ চলছে। তার মধ্যে কলকাতার বাঁশদ্রোণী, প্রগতি ময়দান প্রায় কমপ্লিট হয়ে গেছে, এবার চালু হবে। ওনার এরিয়াতে দক্ষিণ চব্বিশ পরগনায় ক্যানিং, সোনারপুর, কাকদ্বীপে, উত্তর চব্বিশ পরগনায় অশোকনগর, মধ্যমগ্রামে

হচ্ছে। আমরা নদীয়া জেলায় তিনখানা করছি — বেথুয়াডহরি, নাকাশিপাড়া ব্লকে চাকদহ এবং তেহট্ট। মুর্শিদাবাদে একখানা হচ্ছে — লালবাগ। হুগলীর ডানকুনি এবং পাণ্ডুয়াতে, বর্ধমানের মেমারিতে, পূর্ব মেদিনীপুরের এগরাতে ফায়ার স্টেশান হচ্ছে। বাঁকুড়ার খাতরা এবং পুরুলিয়ার ঝালদাতে ইতিমধ্যেই তৈরি হয়ে গেছে। দু-একদিনের মধ্যেই উদ্বোধন হয়ে যাবে। দক্ষিণ দিনাজপুরের বুনিয়াদপুরে কাজ চলছে। দার্জিলিঙের মিরিক ও নকশালবাড়ির কাজ চলছে। কোচবিহারে শীতলকুচির কাজ চলছে। আমাদের নতুন ২৯টা ফায়ার স্টেশন হচ্ছে। ভিন্ন ভিন্ন জায়গায় প্রোপোজাল জোগাড় করেছি এবং খুব শীঘ্রই সেই কাজ আমরা আরম্ভ করব।

[11.10— 11.20 a.m.]

শ্রী সমীর কুমার জানা : স্যার, আমার নেক্সট সাপ্লিমেন্টারী করছি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে। যতগুলো নতুন প্রোপোজাল নেওয়া হয়েছে তার জন্য টোটাল কত ফান্ড অ্যালোকেশন করা হয়েছে?

শ্রী জাভেদ আহমেদ খান : আমাদের টোটাল খরচ হয়েছে ৪৪ কোটি ৪১ লক্ষ ২৫ হাজার ১২৯ টাকা। এছাড়া, কলকাতার জন্য, নোনাডাঙার জন্য প্রায় ২ কোটি ৭৪ লক্ষ ৮ হাজার ৫৯৩ টাকা।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন। দীর্ঘ ৩৪ বছর রাজ্যে একটা সরকার ছিল। সেই সরকার অগ্নি-নির্বাপণ কেন্দ্রগুলোর একদমই দেখাশোনা করেনি। আমার বিধানসভা হুগলী জেলার হেড কোয়ার্টার চুঁচুড়ায় একটা অগ্নি-নির্বাপণ কেন্দ্র আছে। সেই কেন্দ্রটা গত বামফ্রন্ট সরকার একদম জরাজীর্ণ অবস্থার মধ্যে রেখে দিয়েছিল। ছাদ ভেঙে পড়ার অবস্থা। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আগেই আকর্ষণ করেছি। বামফ্রন্ট সরকার ওই হেড কোয়ার্টারের অগ্নি-নির্বাপণ কেন্দ্র চরম দূরবস্থার মধ্যে রেখে দিয়েছিল। আমি জানতে চাইছি, বর্তমানে আমাদের মা-মাটি-মানুষের সরকারের মাননীয় মন্ত্রী এই ব্যাপারে কী চিন্তা করছেন? চুঁচুড়ার অগ্নি-নির্বাপণ কেন্দ্রের সুষ্ঠু পুনর্বাসনের জন্য এবং নতুন জায়গার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কী ব্যবস্থা গ্রহণ করেছেন যদি এই পবিত্র সদনকে জানান।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর প্রশ্নের উত্তরে জানাচ্ছি, হুগলী তথা সারা বাংলা জুড়ে ৩৪ বছরে বেহাল অবস্থা এই সি.পি.এম সরকার, বামফ্রন্ট সরকার করে গিয়েছিল এবং প্রত্যেকটা ডিপার্টমেন্টেরই অবস্থা এই রকম খারাপ ছিল। আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পরে পুরনো যে ফায়ার স্টেশন আছে এবং যেগুলো নতুন, সবগুলোর গুরুত্ব দিয়ে কাজ আরম্ভ করেছি। চুঁচুড়ার যে ফায়ার স্টেশনের ব্যাপারে উনি বলছেন সেটা একটা অ্যাবানডান প্লেসে আছে। আমরা অন্য একটা জায়গা আইডেন্টিফাই করেছি, পেয়ে গেলে শীঘ্রই কাজ আরম্ভ করব। অনেক টাকা ব্যয় করে অনেকগুলো ফায়ার স্টেশনের রেনোভেশনের কাজ আমরা আরম্ভ করেছি। তার মধ্যে হুগলী ডিস্ট্রিক্টেও অনেকগুলো আছে এবং অন্যান্য ডিস্ট্রিক্টেও আছে।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অভিনন্দন জানাই। বন্যা পরিস্থিতির মোকাবিলা এবং অগ্নি-নির্বাপণ ব্যবস্থা থেকে আরম্ভ করে, উনি বন্যার সময় যে ম্যানেজমেন্ট করেছেন ডিজাস্টার ম্যানেজমেন্ট থেকে তার জন্য ওনাকে অভিনন্দন জানাই। আজকে ওদিকে যাঁরা চিৎকার করছেন, ৩৪ বছর ক্ষমতায় ছিলেন, তাঁদের কাছে প্রশ্ন, বাম-জমানায় কতগুলো নতুন অগ্নি-নির্বাপণ কেন্দ্র হয়েছিল? আমি আপনাদের কাছে প্রশ্ন করছি। আমার পূর্বস্থলী বিধানসভা এলাকার দু-নম্বর ব্লকে অগ্নি-নির্বাপণ কেন্দ্রের জন্য একবিঘা জায়গা হস্তান্তর করেছি, তাদের নামে লিখে দিয়েছি। সেটা কবে নাগাদ হবে যদি বলেন ভালো হয়।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই এবং আমরা সবাই জানি, ৩৪ বছর বাম সরকারের জমানায় বছরে যদি একটা করে ফায়ার স্টেশন হত তাহলে ৩৪ বছরে ৩৪টা হত। কিন্তু তাঁরা কোনো কাজ করেননি ৩৪ বছরে। তাঁদের মন্ত্রী শুধু যাত্রা করতেন। তাই করতেই তাঁর বেশী সময় ব্যয়িত হত। আমাদের সরকার আসবার পর আমরা প্রত্যেক জায়গায় যেখানে ফায়ার স্টেশন আছে তার রেনোভেশনের কাজও করছি, নতুন ফায়ার স্টেশন নির্মাণও করছি। স্যার, এটা আমাদের রেকর্ড। ...(গোলমাল)... ইতিহাসের মধ্যে লেখা যাবে আমরা প্রায় ৫০টি নতুন ফায়ার স্টেশনের প্রোপোজ করেছি। তার মধ্যে ২১ খানা ফায়ার স্টেশনের কাজ আরম্ভ হয়ে গেছে। ওনার এলাকা বর্ধমান জেলায় শুধু পূর্বস্থলী নয়, উখড়ায়, গুসকরায়, জামালপুরে, কালিয়াদহ ও আউশগ্রামে নতুন ফায়ার স্টেশন হচ্ছে। ৫ খানা নতুন ফায়ার স্টেশনের প্রস্তাব এবছর রেখেছি। ...(গোলমাল)... তার জন্য টাকাও নিযুক্ত করেছি। কিছু কাজ আরম্ভ হয়ে গেছে, কিছু কাজ হচ্ছে।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি এই সরকারের প্রথম দিন থেকে আমি আমার বিধানসভা কেন্দ্র সবংয়ে একটা ফায়ার ব্রিগেড স্টেশনের জন্য আবেদন করেছিলাম। প্রত্যেকটা হাউসে আমি কোশ্চেন করি, সাপ্লিমেন্টারি করি। তিনি বলেছিলেন আমরা বিবেচনা করছি। আমরা ওখানে জায়গা চিহ্নিত করে রেখেছি। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী আমাদের আলোকপাত করবেন কি করবেন না?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ক, কংগ্রেস নেতা মানসরঞ্জন ভূঞ্যা সাহেবকে বলতে চাই, সবং-এ জায়গা চিহ্নিত করেছেন, আমরা সেটা ফিজিবিলিটি রিপোর্টের জন্য পাঠিয়েছি। রিপোর্ট এসে গেলে আমরা শীঘ্রই পরবর্তী পদক্ষেপ করবো।

Dr. Harka Bahadur Chhetri : Mr. Speaker, Sir, I would like to draw the attention of the Hon'ble Minister. Last year, during January, when Standing Committee on Home had visited my constituency at Pedong, immediately after 15 days, there was a big fire. As a result, the entire town was gutted down. I had requested the Hon'ble Minister that the immediate need of the hour was to establish one fire

brigade station there. But unfortunately, I have not seen on the list of the new construction that has come up all over the state. Is the Hon'ble Minister thinking anything on the line of constructing one fire brigade office or fire brigade station at Pedong or not? Thank you, Sir.

Shri Javed Ahmed Khan : With respect to the question of Mr. Harka Bahadur Chhetri, Sir, I would like to point out here that in Darjeeling we have six fire stations and one new fire station is coming up at Mirik. We have time and again, surveyed Darjeeling and have asked the administration to identify some land for which the district administration has not come up with any proposed land for fire brigade. If any proposal comes from the District administration regarding Pedong land, if they give us the land, then definitely we will take up the matter. Next step is to get the feasibility report then we will take up the matter for new construction. Thank you, Sir.

নির্মীয়মাণ অগ্নিনির্বাপণ কেন্দ্র

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১) **শ্রীমতী রত্না ঘোষ (কর) :** অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার অন্তর্গত চাকদহ ও বেথুয়াডহরীতে শুরু হওয়া অগ্নিনির্বাপণ কেন্দ্র দুটির কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়; এবং

(খ) উক্ত পরিকল্পনা দুটির রূপায়ণে আর্থিক ব্যয়-বরাদ্দের পরিমাণ কত টাকা ধার্য করা হয়েছে।

শ্রী জাভেদ আহমেদ খান :

(ক) নদীয়া জেলার অন্তর্গত চাকদহতে নির্মীয়মাণ অগ্নিনির্বাপণ কেন্দ্রটির নির্মাণকার্য শেষ হওয়ার নির্ধারিত তারিখ হল ৩১শে মার্চ, ২০১৬। এবং বেথুয়াডহরীতে নির্মীয়মাণ অগ্নিনির্বাপণ কেন্দ্রটির নির্মাণকার্য শেষ হওয়ার নির্ধারিত তারিখ হল ৫ই এপ্রিল, ২০১৬।

(খ) চাকদহ অগ্নিনির্বাপণ কেন্দ্রের জন্য এখনও পর্যন্ত মোট ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকার অনুমোদন PWD-কে দেওয়া হয়েছে। এরা বেথুয়াডহরী অগ্নিনির্বাপণ কেন্দ্রের জন্য এখনো পর্যন্ত মোট ২,৬১,৬১,৫২২/- (দুই কোটি একষট্টি লক্ষ একষট্টি হাজার পাঁচশত বাইশ) টাকার অনুমোদন PWD-কে দেওয়া হয়েছে।

[11.20— 11.30 a.m.]

শ্রীমতী রত্না ঘোষ (কর) : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। নদীয়া জেলায় আর কোথায়ও এই প্রকল্প রূপায়ণের

কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কি?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া সদস্যাকে জানাই আমাদের নদীয়ায় চাকদা এবং তেহট্টতেও নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্রের কাজ আরম্ভ করেছি।

শ্রীমতী রত্না ঘোষ (কর) : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন। বামফ্রন্টের সময়ে পশ্চিমবাংলার এই অগ্নিনির্বাপণ কেন্দ্রগুলি ধ্বংসস্তুপে পরিণত হয়েছিল, সেগুলিকে সচল করার জন্য আমাদের বর্তমান সরকারের কত অর্থ ব্যয় হয়েছে।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, উনি যে প্রশ্নটা করেছেন এর উত্তর এখন আমার কাছে নেই, আমি পরে তথ্য ডিপার্টমেন্ট থেকে নিয়ে ওনাকে দিয়ে দেব।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় মন্ত্রীকে প্রথমেই ধন্যবাদ এবং অভিনন্দন জানাই, বর্তমান মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এবং ভারপ্রাপ্ত মন্ত্রী জাভেদ আহমেদ খান মহাশয়কে, নদীয়া জেলার চাকদা এবং বেথুয়াডহরীতে ২০১৫ সালে দুটি অগ্নি-নির্বাপণ কেন্দ্রের কাজ শুরু হয়েছে এবং এই কাজ কবে নাগাদ শেষ হবে এবং এলাকার মানুষ তার পরিষেবা পেতে পারে জানাবেন কি?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, কাজটা চলছে, আমি ডিপার্টমেন্টের মাধ্যমে খবর নিয়ে সদস্যকে জানাতে পারব। এই মুহূর্তে আমার কাছে সেই তথ্যটা নেই।

শ্রী দীপক হালদার : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা প্রশ্ন। আমাদের দক্ষিণ ২৪ পরগনা জেলায় নতুন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে কটি অগ্নি-নির্বাপণ কেন্দ্র তৈরি হয়েছে বা হচ্ছে?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, মাননীয় সদস্যের উত্তরে বলি আমরা কিন্তু রেকর্ড তৈরি করেছি, ইতিহাস তৈরি করেছি। এই বছর শুধু ৫০ খানা নতুন ফায়ার স্টেশন অনুমোদন দিয়েছি। তার মধ্যে ২১ খানা ফায়ার স্টেশনে কাজ চলছে এবং ২৯ খানা ফায়ার স্টেশনের জন্য ল্যান্ড আইডেন্টিফাই করা হয়েছে এবং অন্যান্য কাজ চলছে। তার মধ্যে দক্ষিণ-২৪ পরগনায় আমরা কাকদ্বীপ, ক্যানিং এবং সোনারপুরে নতুন ফায়ার স্টেশন করছি। আপনারা শুনে খুশি হবেন সেই কাজটা দ্রুতভাবে চলছে এবং আমরা খুব শীঘ্রই কাজটা শেষ করার চেষ্টা করবো। মাননীয় সদস্যকে বলি, এটাও ঠিক যে বামফ্রন্ট সরকারের জামানায় যতগুলো ফায়ার স্টেশন হওয়ার কথা ছিল সেগুলোর একটাও হয়নি। আমরা পরবর্তীকালে অন্তত দমকলের সম্বন্ধে বলতে পারি সেইখানে ফায়ার স্টেশনের প্রোপোজাল ৮ বছর পড়েছিল বামফ্রন্ট জামানায়। আমরা আসবার পরে ওগুলো ক্লিয়ার করেছি এবং মাননীয় সদস্যকে জানাই, আমরা আজকে কোনো পার্টি হিসাবে বিবেচনা করি না, আমাদের যেখানে প্রয়োজনীয়তা আছে সেখানে আমরা দমকল কেন্দ্রগুলি স্থাপিত করি।

শ্রী পার্থসারথী ভৌমিক : মাননীয় মন্ত্রী মহোদয়কে প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি এই কারণে যে কলকাতার অগ্নিনির্বাপণ কেন্দ্রগুলি অত্যাধুনিকভাবে সাজিয়ে তোলবার চেষ্টা করছেন। আমার অতিরিক্ত প্রশ্ন মন্ত্রী মহোদয়ের কাছে, কলকাতার পাশাপাশি জেলার অগ্নিনির্বাপণ

কেন্দ্রগুলিকে এইভাবে অত্যাধুনিক পদ্ধতিতে সাজাবার কোনো পরিকল্পনা আছে কি না যদি জানান।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই আমাদের সরকার আসবার পরে প্রথম ক্যাবিনেট মিটিংয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সেইখানে নির্দেশ দিয়েছিলেন প্রত্যেকটা ডিপার্টমেন্টকে ঢেলে সাজাবার জন্য।

...(গোলমাল)...

এবং আমার ডিপার্টমেন্টে যেটা হচ্ছে ফায়ার অ্যান্ড এমারজেন্সি সার্ভিসেস এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট অ্যান্ড সিভিল ডিফেন্সের প্রত্যেকটাকেই আমরা সাড়ে চার বছরের কিছু বেশিদিনের মধ্যে ভালভাবে, সুন্দরভাবে চেষ্টা করেছি। ফায়ার ব্রিগেডে এই চার বছরে আমরা প্রায় তিন-চারশো কোটি টাকার মতো ইনফ্রাস্ট্রাকচার নিয়োগ করেছি। আপনারা শুনে খুশি হবেন, সদস্যদের জানাই আমাদের যেমন নতুন ল্যাডার আনা হয়েছে, তার সঙ্গে সঙ্গে ২২২ খানা নতুন গাড়ি আমরা এই বছর আনতে পেরেছি এবং এই নতুন গাড়িগুলো খুব শীঘ্র যেখানে যেখানে নতুন ফায়ার স্টেশন হচ্ছে, যেখানে পুরনো ফায়ার স্টেশনে গাড়ির ব্যবস্থা করা হয়েছে সেখানে আমরা সেই ব্যবস্থা করব। আপনারা শুনে খুশি হবেন এই বছরের মধ্যে আমরা প্রায় দেড়শো কোটি টাকার কাছাকাছি নিয়োগ করেছি এই বছর ফায়ার স্টেশন তৈরি করতে এবং আদার ইকুইপমেন্ট কেনার জন্য। আমাদের ফায়ার এমারজেন্সি সার্ভিসেসে স্যার সারা ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম হচ্ছি। আমরা শুধু আগুন নেভানোর জন্য আধুনিক ব্যবস্থাই করিনি, আমাদের যে ফায়ার পার্সোনেল আছে, তাদের সম্বন্ধে আমরা চিন্তা করেছি। তারা কি রকম সুযোগসুবিধা পাবে তাদের সিকিউরিটির জন্য, তাদের জন্য আমরা ফায়ার প্রুফ ড্রেস কিনেছি। যেগুলি তৈরি ইন ফাইবার যদি ফায়ারে ফ্লেম হয়, তারা আঘাত পাবে না, তারা পুড়বে না, সেই ব্যবস্থা করেছি। আমরাই প্রথম ফায়ার ব্রিগেড সারা ভারতবর্ষের মধ্যে, আমরা এই পদক্ষেপ নিয়েছি। এই হিসাবে আমাদের ফায়ার ব্রিগেড, আমরা আজকে গর্বিত। বাংলার মানুষ বলছে যে এখন আগুন লাগলে আর চিন্তা করতে হয় না, ফায়ার ব্রিগেড সঙ্গে সঙ্গে আসে এবং আগুন নেভানোর ব্যবস্থা করে।

...(গোলমাল)...

শ্রী নির্মল ঘোষ : স্যার, দীর্ঘদিন এই হাউসে আছি। বামফ্রন্টরা পরাজিত হবে, এটা নিশ্চিত করেই স্যার এরা হাউসে কোশ্চেন আওয়ারে এই গোলমাল, আমি জানি না ওদের লিডার কেন এটা করলেন। কোশ্চেন আওয়ারে নিজ নিজ এলাকার সমস্যার কথা বলা যায়। স্যার, আমি মাননীয় অগ্নিনির্বাপণ মন্ত্রীকে ধন্যবাদ জানাই। স্বাধীনতার পর আমার পানিহাটিতে ভাড়া বাড়িতে ছিল। আপনি সেখানে নতুন বিল্ডিং তৈরি করে ফেলেছেন এবং কবে সেটার উদ্বোধন হবে? তার সঙ্গে আমি শুধু এইটুকু বলতে চাই যে কলকাতা হাইরাইজ বিল্ডিং হয়েছে, সাউথ, নর্থ, ইস্ট, ওয়েস্ট। আপনি জানেন জেলাগুলোতে হাইরাইজ বিল্ডিং দশ তলা, এগারো তলা, কুড়ি তলা, একুশ তলা, পঁয়ত্রিশ তলা পর্যন্ত হয়েছে। আমি আপনার কাছে প্রশ্ন রাখতে চাই এই হাইরাইজ বিল্ডিংগুলোতে তৎপরতার সঙ্গে অগ্নিনির্বাপণের জন্য আধুনিক যে ল্যাডার

সিস্টেম, আপনার আধুনিক পদ্ধতিতে উচ্চ বাড়িতে আগুন নেভানোর জন্য কি কি ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন এবং আমার জেলা উত্তর ২৪-পরগনায় right from the New Town to Rajarhat — নিউ টাউন টু ব্যারাকপুর হয়ে কি কি ব্যবস্থা করেছেন যদি বলেন ভালো হয়।

...(গোলমাল)...

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় সদস্যকে আপনার মাধ্যমে জানাই যে আমাদের সরকার আসার পরে আমরা শুধু ইনফ্রাস্ট্রাকচার বাড়াতে জোর দিইনি, সব জিনিসের উপর জোর দিয়েছি। ইনফ্রাস্ট্রাকচার একদিকে আছে, পুরনো বিল্ডিংয়ে রেনোভেশানের ব্যবস্থা করেছি। নতুন ফায়ার স্টেশন কোথায় কোথায় হবে সেটা সার্ভে করে দেখেছি। কোন কোন জায়গায় বেশি আগুন লাগার ঘটনা ঘটে এবং কোন কোন জায়গায় প্রায়োরিটি দিয়ে ফায়ার স্টেশন করা হবে এবং তার সঙ্গে আজকে শুধু হাইরাইজ বিল্ডিং নয়, আজকাল অনেক ইলেকট্রিক শর্ট সার্কিটের ঘটনাও ঘটে ওভারহেডে এবং টেকনিকাল ফায়ারও হয় এবং তার সঙ্গে ইন্ডাস্ট্রিয়াল ফায়ারও আছে। তার জন্য আমরা প্রত্যেকটা জিনিস আইডেনটিফাই করে কি কি লাগবে, গাড়ি কি রকম লাগবে, আমরা ডিজাইন করেছি এবং সেই হিসাবে আমরা কাজ করছি। আপনারা শুনে খুশি হবেন ২০১৪-১৫-তে আমরা দু'খানা নতুন ল্যাডার এনেছি। প্রায় ষোল কোটি টাকা খরচা করে দু'খানা নতুন ল্যাডার এনেছি আটান্ন মিটারের এবং বিয়াল্লিশ মিটারের। হাই রাইজের জন্য যাতে কোনো অসুবিধা না হয়, সেজন্য। আমরা এই বছরে আবার হাই রাইজের জন্য ৬৮ মিটারের — আমরা এখনও ডিসাইড করিনি, তবে আমরা ল্যাডার কেনার ব্যবস্থা করছি। যদি রাজারহাট-নিউ টাউনের মতো জায়গায় কোনো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে তাহলে ব্যবস্থা নেওয়া হবে।

[11.30– 11.40 a.m.]

তার সঙ্গে স্যার হাইরাইজের ক্ষেত্রে যাতে আমাদের কোনো অসুবিধা না হয় তার জন্য, আমরা এই বছর আবার একটা হাইরাইজের জন্য তার থেকে বড় ৬৮ মিটার হোক বা ১০০ মিটার — এখনো সেটা ডিসাইড করিনি, আমরা ল্যাডার কেনার ব্যবস্থা করছি।

...(তুমুল হইচই)...

যাতে রাজারহাট নিউটাউনের মতন জায়গায়, সেই জায়গায় যদি কোনো অগ্নিকাণ্ড হয় তাহলে ব্যবস্থা নেওয়া হবে এবং তার সঙ্গে আপনারা জানেন ন্যাশনাল বিল্ডিং কোড সেটা খুব স্ট্রিক্টলি ফলো করা হচ্ছে। আমরা তার মাধ্যমে আমরা এই ব্যবস্থাগুলি করছি। তার সঙ্গে সঙ্গে স্যার আমরা শহরের জন্য যে রকম মটর পাম্প ফায়ার ফাইটিংয়ের অ্যারেঞ্জমেন্ট করেছি স্যার, তার সঙ্গে বস্তির জন্য, ছোট ছোট গাড়ি সেটা যাতে বস্তির মধ্যে ঢুকতে পারে আমরা সেই মিনি ফায়ার ফাইটিংয়ের জন্য ব্যবস্থা করেছি স্যার।

...(তুমুল হইচই)...

৩৬ খানা ইন অপারেশন হয়ে গেছে, কাজে লেগে গেছে স্যার। নর্থ ২৪-পরগনায় পানিহাটিতে

ভাড়া বাড়ি ছিল সেই জায়গায় আমরা নিজের জায়গা আইডেনটিফাই করে নতুন করে বিল্ডিং করছি এবং ওখানে ফায়ার বিগ্রেড হচ্ছে। স্যার আগেই যেটা বলেছি অশোকনগর, মধ্যমগ্রামে করছি। তার সঙ্গে সঙ্গে স্যার ওটাও রেকর্ড আমাদের সরকার আসার পরে আমরা দ্রুতভাবে শুধু ফায়ার বিগ্রেড স্যাংসান করছি না। তার জন্য টাকা, তার জন্য ল্যান্ড সব কিছু অ্যারেঞ্জমেন্ট করে আমরা একসঙ্গে কাজ করছি। টাকার অভাবে, ল্যান্ড না পাওয়ার অভাবে যাতে কাজটা ব্যাহত না হয়। সেইজন্য মাননীয় সদস্যকে বলি, ওনার এলাকায় আমরা নজর দিয়েছি এবং ওনার এলাকা পানিহাটিতে খুব শীঘ্রই চালু করব।

উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী অসিত মিত্র :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে রাজ্যে উচ্চ-প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময় সাপেক্ষে, উচ্চ-প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক/শিক্ষিকাদের মোট শূন্য পদের সংখ্যা কত?

ডঃ পার্থ চ্যাটার্জী : ...(তুমুল হইচই)...

(ক) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে রাজ্যে উচ্চ-প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা ৫৮৫৯।

(খ) উক্ত সময় সাপেক্ষে, উচ্চ-প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক/শিক্ষিকাদের মোট শূন্য পদের সংখ্যা ১৪০৮৮।

শ্রী অসিত মিত্র : ...(তুমুল হইচই)...

স্যার মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। যদিও খুব কষ্ট করে শুনতে হচ্ছে স্যার।

...(তুমুল হইচই)...

আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় জানিয়েছেন যে ৫৮৫৯টা স্কুলে ১৪০৮৮টা পদ খালি আছে। প্রায় গড়ে ২.৫-এর মতন হবে এই ভ্যাকেন্সিটা। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে প্রশ্ন করতে চাই এই ১৪০৮৮টা পদ কবে নাগাদ পূর্ণ হবে এবং তার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

ডঃ পার্থ চ্যাটার্জী : ...(তুমুল হইচই)...

মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় বিধায়ক শ্রী অসিত মিত্রের প্রশ্নের উত্তরে জানাই, উনি নিশ্চয়ই জানেন যে আমাদের মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার যে আগ্রহ প্রকাশ করেছেন যে শিক্ষায় বেশি গুরুত্ব দেওয়া এবং সেই আগ্রহের ভিত্তিতে শূন্যপদগুলি তা প্রাথমিক, উচ্চ প্রাথমিক এবং কলেজ শিক্ষা। প্রত্যেকটি ক্ষেত্রেই নোটিফিকেশান হয়েছে। আপনার প্রশ্নের উত্তরে জানাই যে,

এটারও পরীক্ষা হয়েছে আর নাইন থেকে টুয়েলভ পর্যন্ত এর যে সাবজেক্ট টিচারের পরীক্ষার প্রস্তুতি চলছে। অর্থাৎ আপনি যে প্রশ্নটা করেছেন ১৪ হাজার ৮৮—এই সংখ্যাটি কতদিনের মধ্যে পূরণ হবে—আমি আপনাকে জানাই এর জন্য প্রয়োজনীয় পরীক্ষা ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে।

শ্রী অসিত মিত্র : এরজন্য যে প্রয়োজনীয় পরীক্ষা গ্রহণ করা হয়েছে তা আমি জানতাম। কিন্তু আমি আপনার কাছে জানতে চাইছিলাম যে এটা কোন সময়ের মধ্যে অ্যাপয়েন্টমেন্টটা কার্যকরী হবে।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় এটার ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই এই দুটি স্বয়ংশাসিত সংস্থা। যারা পরীক্ষা নিচ্ছেন তাদেরকে বলব সময়মত একেবারে ট্রান্সপারেন্ট ওয়েতে এই পরীক্ষার রেজাল্ট বের করার।

শ্রী অসিত মিত্র : মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই, কারণ উনি সঠিকভাবে সঠিক কথাটাই বলেছেন। কিন্তু আর একটা কথা আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই এই যে উচ্চ প্রাথমিক বিদ্যালয় — যদিও আপনি প্রাথমিকের কথাও তুলেছেন, আমি প্রাথমিকের বিষয়ে যাচ্ছি না—উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে যে পরিকাঠামো, সেই পরিকাঠামোর ক্ষেত্রে এখনও প্রধান শিক্ষক কে হবেন বা প্রধান শিক্ষক নেই — এই প্রধান শিক্ষক বা শিক্ষিকা না থাকার ফলে একটা চরম অসহনীয় অবস্থা তৈরি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই যে, এখানে এই যে ইনফ্রাস্ট্রাকচারের অভাব অর্থাৎ হেড মাস্টার-হেড মিস্ট্রেস নেই, কে ঠিক করবে এটা? কমিটি ঠিক করবে, না স্বয়ংশাসিত সংস্থা হিসাবে অন্য কোনো প্রতিষ্ঠান — যাদের কথা বলছেন তারা ঠিক করবেন — এটা কিন্তু এখনও পর্যন্ত ঠিক হয়নি। এই বিষয়ে আপনি যদি এর উত্তরটা দেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় বিধায়ক ঠিকই বলেছেন। কিন্তু যা পেয়েছি, যা লিগাসি যে কোথায় মাস্টার আছে ছাত্র নেই, কোথাও ছাত্র আছে মাস্টার নেই — এ তো পাওয়া, এই অবস্থা তো এই সাড়ে চার বছরে হয়নি, এটা বছরের পর বছর সাড়ে তিন দশক ধরে হয়েছে। তাহলে ১৪ হাজার মাস্টারমশাই আসছে না কেন? যেখানে ৩০:১ থাকার কথা, সেখানে আমাদের আছে ২৮:১—এই ১৪ হাজার-১৫ হাজার করে নিয়েছিলাম বলে। এখন প্রশ্ন হচ্ছে যে, এদের ইনফ্রাস্ট্রাকচার, এদের কমিটি—এগুলোকে করা এবং আপনি তার সঙ্গে পরিকাঠামোর কথা বলেছেন। আমরা প্রত্যেকটা স্কুলকেই পরিকাঠামোগতভাবে সাহায্য করছি, যাতে তাদের চেয়ার, বেঞ্চ দিতে পারি এবং আপনারা সকলেই জানেন যে, আমরা সবচেয়ে বেশি জোর দিয়েছি ওয়াশরুমের ব্যাপারে—ছাত্রীদের টয়লেটের ব্যাপারে—এগুলো সমস্তই আমরা করছি। কিন্তু আমাদের অর্থেরও তো অসুবিধা আছে, ২ লক্ষ হাজার কোটি টাকা মাথায় ঋণের বোঝা নিয়ে আমাদের কাজ করতে হচ্ছে। এবারে যেটা আমরা করবার চেষ্টা করছি সেটা আপনাদের কাছে খুব পরিষ্কার যে, আগে মাস্টারমশাইদের নিয়ে যাওয়া এবং সেই স্কুলগুলোকে পরিকাঠামোগতভাবে উন্নয়ন করা এবং তারপরে আমরা ইতিমধ্যেই কিছু

উচ্চক্লাসের জন্য হেডমাস্টার, হেড মিস্ট্রেসের বিজ্ঞাপন দিয়েছি, তার মধ্যে কিছু নেওয়াও হয়েছে এবং পরবর্তীকালে এই সমস্যাটা সমাধান করার চেষ্টা করব।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই। প্রথমে মাননীয় মন্ত্রীকে আমি ধন্যবাদ জানাই এই কারণে যে কলেজে পার্ট টাইমার টিচারদের রেমুনারেশান কিছুটা বাড়ানোর ব্যাপারে আপনাদের সরকারের তরফ থেকে ঘোষণা করেছেন কিন্তু স্কুলস্তরের যারা পার্শ্বশিক্ষক, আংশিক সময়ের শিক্ষক, ভোকেশানাল শিক্ষক বা চুক্তিভিত্তিক শিক্ষক যারা আছেন, তারা মাসে ৫-৭ হাজার টাকার বেশি পায় না অথচ স্কুলস্তরে তারা প্রচুর দায়িত্ব নেয়। ফলে আপনার কাছে আমার স্পেসিফিক যেটা প্রশ্ন যে, কলেজের পার্টটাইমার বা কন্ট্রাকচুয়াল টিচারদের মতো এদেরও কোনো রেমুনারেশান বাড়ানোর ব্যাপারে ভাবনা-চিন্তা সরকারের তরফে আছে কিনা এটা অনুগ্রহ করে জানাবেন।

[11.40 - 11.50 a.m.]

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক তরুণবাবুকে জানাই যখনই কিছু সরকার করে আপনি একটা করে প্রশ্ন করেন। ভালো। কিন্তু আপনার জেনে রাখা ভালো যে শুধু মাত্র স্যালারি হেডে এই সরকারের নানাবিধ, শ্রীকৃষ্ণের নামের মতো নানারকম শিক্ষক নিয়োগ করে গিয়েছেন যারা, সেই আমাদের পূর্ববর্তী সরকার, এই খাতে শুধুমাত্র স্যালারির জন্যে প্রায় ১৬ হাজার কোটি টাকা পড়ছে। এরপরে পেনশান আছে, এরপরে আবার কস্ট টু দি টিচার্স আলাদা আছে ইনফ্রাস্ট্রাকচার ছাড়া। আপনার বোঝার দরকার আছে যেখানে ২৮ হাজার কোটি টাকা আমাদের দেনা শোধ করতে হচ্ছে, যেখানে প্রায় ২০ হাজার কোটি টাকার মতো, যদি আরো ৪ হাজার কোটি টাকা ধরি পেনশান ইত্যাদির জন্য, স্যালারি হেডে যেখানে ১৬ হাজার কোটি টাকা চলে যাচ্ছে, পেনশান ছাড়া এবং অন্যান্য সুযোগসুবিধা ছাড়া, সেখানে বাড়াবার ইচ্ছা থাকলেও আমরা সব সময় করতে পারছি না। আর দ্বিতীয় কথা আপনি নিশ্চয়ই জানেন যেগুলো সর্বশিক্ষা মিশনের অধীনে এসেছিল কেন্দ্রীয় সরকারের প্রকল্প, সেই কেন্দ্রীয় সরকারের প্রকল্প প্রায় ৫০ পার্সেন্ট এবার ছাঁট করা হয়েছে। সুতরাং কেন্দ্রীয় সরকারকেও এটা ভাবতে হবে যে এদেরকে কি করে অ্যাকমোডেট করা যায়। এটা শুধুমাত্র রস খাইয়ে এলাম আর মাইনে বেড়ে গেল এভাবে করা যাবে না। অনুভব করতে হবে সরকারের যে অসুবিধেগুলো, সেই অসুবিধেগুলো কি করে দুর করা যায়। অনেক ক্ষেত্রে দেখা গিয়েছে এদের যে শিক্ষাগত যোগ্যতা, সেই শিক্ষাগত যোগ্যতাকেও কিন্তু মানা হয়নি। তা সত্ত্বেও আমরা এদের প্রতি সহানুভূতিশীল এবং আমরা জানি সময়ের সঙ্গে সঙ্গে এদের সমস্যা মেটাবার চেষ্টা হবে।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে একটা প্রশ্ন রাখছি। আমাদের সাড়ে চার বছরে প্রাথমিক বিদ্যালয়, উচ্চ প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলেজের যথেষ্ট উন্নতি হয়েছে। এখানে শিক্ষার প্রসার গ্রাম-বাংলায় যথেষ্ট হয়েছে। আমার প্রশ্ন বিগত ৩৪ বছর ধরে বামপন্থী বন্ধুরা নো ডিটেনসান পদ্ধতি চালুর মাধ্যমে গ্রামবাংলার মেধাশক্তিকে অনেকটা দমিত করে রেখেছিল।

আমার প্রশ্ন হচ্ছে পাশ ফেল প্রথা নিয়ে আমাদের সরকারের অবস্থানটা কোথায় যদি মাননীয় মন্ত্রী মহাশয় একটু বলেন?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য কালীপদ মণ্ডল মহাশয়কে জানাই, আপনারা জানেন যে আমরা যখন বিরোধী দল ছিলাম, এ ব্যাপারে আমাদের স্পষ্ট লাইন ছিল। আমরা মেধাকে বর্জন করে কিছু করতে চাইনি। এবার কেন্দ্রীয় সরকার যখন আমাদের কাছে জানতে চায়, যে পাশ ফেল প্রথা নিয়ে আপনাদের মতামতটা কি। আমরা পরিষ্কারভাবে জানিয়েছি যে আমরা এই নো ডিটেনশান পলিসি, অর্থাৎ পাশ ফেল প্রথা ফিরে আসুক এটা আমরা চাই। কিন্তু তার সঙ্গে সঙ্গে চাই কি মডালিটিজ, কোন প্রক্রিয়ায় কোন ক্লাস কিভাবে হবে, তা বিশদভাবে আসলে আমরা আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে মন্ত্রিসভার অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করব। এই বিষয়ে আমরা যথারীতি চিঠিও কেন্দ্রীয় সরকারকে দিয়েছি। আমরা শুধু নয়, আমার কাছে যতদূর খবর আছে আরো ২০টি রাজ্যও এই ব্যাপারে মতামত দিয়েছেন যে যাতে পাশ ফেল প্রথা ফিরে আসে। কিন্তু ফিরে আসলে চলবে না, আমরা চেয়েছি শিক্ষা সবার জন্যে এবং আমরা বলবার চেষ্টা করেছি কেউ যদি ফেল করে তাদেরকে কি কোনো প্রশিক্ষণের ব্যবস্থা হবে, তাদের জন্য কি আলাদা ক্লাসের ব্যবস্থা হবে। যদি না হয়, তাহলে দেখা যাচ্ছে যে এই প্রথার মধ্যে যদি দেখা যায় আবার স্কুল ছুটের সংখ্যা বাড়ছে, সেদিকটাকেও সরকারকে নজর দিতে হবে। এখনও পর্যন্ত এই ব্যাপারে কিছু হয়নি। একটি কমিটি গঠন হয়েছে। সেই কমিটিতে আমি শুনলাম আমাকেও রাখা হয়েছে। ১৪ তারিখে তার মিটিং, আমি ১৪ তারিখে যেতে পারছি না। আমি অন্যকে পাঠাব হয়তো। ১৪ তারিখের পরে বোঝা যাবে যে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অবস্থান কি?

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সম্প্রতি কেন্দ্রের বি.জে.পি. এর নেতৃত্বে এবং প্রধানমন্ত্রীর নেতৃত্বে নরেন্দ্র মোদির সরকার সর্বশিক্ষা অভিযানের টাকা বাজেট থেকে কাট-ছাঁট করে দিচ্ছে, যা ইউ.পি.এ. আমলে প্রত্যেকটা রাজ্য পেত। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে জানতে চাইছি, এই সর্বশিক্ষা অভিযানের টাকা যে কাট-ছাঁট করা হচ্ছে, এই রাজ্যে তার এফেক্ট কি পড়ছে এবং রাজ্য সরকার এই বিষয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করছে?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটু আগেই মাননীয় বিধায়ক তরুণ নস্করের প্রশ্নের উত্তরে বলেছি যে, শুধুমাত্র সর্বশিক্ষা অভিযানের টাকাই নয়, প্রায় ৫০টি প্রকল্পের টাকা এখানে হয় অর্ধেক হয়ে গেছে বা উঠিয়ে নেওয়া হয়েছে। সর্বশিক্ষা অভিযানের ক্ষেত্রেও ৫০% টাকা কেটে নেওয়া হয়েছে। আই.সি.ডি.এস.-এর টাকাও কেটে নেওয়া হয়েছে। এই ব্যাপারে আমরা লিখিতভাবে কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি। মুখ্যমন্ত্রী নিজে, অর্থমন্ত্রী নিজে দরবার করেছেন। মুখ্যমন্ত্রী চিঠি দিয়েছেন এবং আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আবারও দরবার করব। আমি নিজে কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানিকেও বলেছি যে, সর্বশিক্ষা অভিযান বা এই ধরনের অভিযানে — লোকে বলছে এরপর মিড-ডে-মিল এর টাকাও কেটে নেওয়া হবে — যদি টাকা কেটে নেওয়া হয় তাহলে সর্বশিক্ষাটা আর সার্বজনীন থাকবে না। একদিকে সকলের জন্য শিক্ষা চাই, অপরদিকে টাকা কেটে নেবে, তাহলে কিছুই হবে না। আমরা দেখছি কেন্দ্রীয় সরকার শেষ পর্যন্ত কি করে।

চালু প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১১) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে নভেম্বর, ২০১৫ সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনা জেলায় মোট কতগুলি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় চালু আছে; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি বিদ্যালয়ে শৌচাগার আছে?

ডঃ পার্থ চ্যাটার্জী :

(ক) ৩০শে নভেম্বর, ২০১৫ সাপেক্ষে, দক্ষিণ ২৪-পরগনা জেলায় মোট ৩৭৪৮টি প্রাথমিক ও ১৬৯টি মাধ্যমিক বিদ্যালয় চালু আছে।

(খ) বর্তমানে সব বিদ্যালয়ে শৌচাগার আছে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — বর্তমান আর্থিক বছরে রাজ্য সরকার কতগুলো উচ্চ প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের আপগ্রেডেশান করবার সুপারিশ গ্রহণ করেছে?

ডঃ পার্থ চ্যাটার্জী : এখন তো বছরের প্রায় শেষের দিক, এখন আর সুপারিশ কি করে হবে? আপনার জেলায় যেটুকু করার ছিল সবটাই করেছি। বরং আপনার জেলায় আরও আপগ্রেডেশনের প্রশ্ন আছে বলেছেন, পরবর্তী আর্থিক বছরে যখন সুবিধা হবে করে দেব।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, through you I would like to draw the attention of the Hon'ble Education Minister that probably the last year an interview was held of the Minority Lepchas to appoint in some of the schools for Lepcha language. Sir, the lepcha language is very flourishing language as the number of tribes are coming down. Keeping that in mind, the Hon'ble Chief Minister has decided to appoint Lepcha teachers. The appointment was also given to some teachers, but they were not allowed to join in their respective school by GTA. So, if the Govt. of West Bengal, if the Hon'ble Education Minister is planning something that the teachers who are selected will be allowed to teach mother tounge in the respective school or not.

[11.50 a.m. – 12.00 noon]

Dr. Partha Chatterjee : I am grateful to Dr. Harka Bahadur Chhetri. You know that the D.M. and the S.Ps are in consultation with those teachers so that they can go to the respective schools where they have been selected. Even then they are not going I will

request you to pursue them to go there and the government will take all measures to support them to teach their language in their own school where they have been selected.

শ্রী যোগরঞ্জন হালদার : স্যার, আমি আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি এই কারণে যে এই অল্প সময়ের মধ্যে, সাড়ে চার বছরের মধ্যে পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে প্রভূত উন্নতি হয়েছে। ছাত্রছাত্রীদের পোশাক এবং সাইকেল দিয়েছেন। টেস্ট পেপার দিচ্ছেন। বিভিন্নভাবে ছাত্রছাত্রীদের এগিয়ে দেবার চেষ্টা করছেন। আমি আপনার কাছে জানতে চাইছি এই ছাত্রছাত্রীদেরকে পায়ের জুতো দেবার কোনো পরিকল্পনা আছে কি?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক এই কাগজের খবর দেখে বোধহয় কিছু ভাবছেন। সব কাগজের সব সংবাদ দেখে কিন্তু কিছু করবেন না। কাগজের বেশিরভাগটাই হয়তো ঠিক আছে, কিন্তু কিছু কিছু কাগজ আবার প্রতিযোগিতার জন্য তারা বলে বেড়ায়। এই ধরনের চিন্তাভাবনা আমাদের যে এডুকেশন কমিশন আছেন তারা ভাবছেন। এখনও পর্যন্ত সরকারের যে আর্থিক অবস্থা, সেই সময়ে এই ধরনের ভাবনাটা আমাদের নেই। কিন্তু এটা যে একেবারেই আমাদের এডুকেশন কমিশন বলেননি তা নয়। সুতরাং এই মুহূর্তে আমরা এটা নিয়ে চিন্তা করছি না। আপনি একটা কথা বলেননি। আমরা শীতবস্ত্রও দেবার চেষ্টা করছি। সুতরাং আমাদের মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন যাতে সবাই স্কুলমুখী হয়, পড়াশোনামুখী হয়। যা যা করণীয় নিশ্চয় আমরা তা করব।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন — পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হবার পর আমাদের কতগুলি মাধ্যমিক স্কুল সারা বাংলায় উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত হয়েছে সেটা বলবেন কি?

মিঃ স্পীকার : এটা হয়ে গেছে। আমি পরের কোয়েশ্চেনে যাচ্ছি।

*৩। (নট প্রেজেন্ট)

*৫। (নট প্রেজেন্ট)

*৭। (নট প্রেজেন্ট)

কিষানমাণ্ডি নির্মাণ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯) **শ্রী জয়ন্ত নস্কর :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সমস্ত ব্লকে কিষানমাণ্ডি নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, দক্ষিণ ২৪-পরগনা জেলার গোসাবা ব্লকে কিষানমাণ্ডির কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

শ্রী অরূপ রায় :

স্যার, এরা বাংলার মানুষকে ৩৪ বছর জ্বালিয়েছে। বাংলাকে সর্বক্ষেত্রে পিছিয়ে দিয়েছে। এখানে বিধানসভাকে এখন কলুষিত করছে। এর থেকে ওদের অবিলম্বে বিরত হওয়া উচিত। মাননীয় স্পীকার স্যার, আমি প্রশ্নের উত্তরে বলি—

(ক) হ্যাঁ। রাজ্য ব্লক পর্যায়ে প্রয়োজনভিত্তিক পর্যায়ক্রমে কৃষক বাজারগুলি নির্মিত হচ্ছে।

(খ) দক্ষিণ ২৪-পরগনা জেলার গোসাবা ব্লকে কৃষক বাজার নির্মাণের জন্য প্রয়োজনীয় জমিটি আগে ড্যানিয়াল হ্যামিলটন এস্টেটের নামে নথিভুক্ত ছিল। বর্তমানে জমিটি দক্ষিণ ২৪-পরগনা জেলার কালেক্টরের খতিয়ানে নথিভুক্ত হয়েছে এবং সেটি কৃষিজ বিপণন দপ্তরকে হস্তান্তরিত করা হয়েছে। কৃষক বাজারটি নির্মাণের জন্য দরপত্র আহ্বান করার প্রক্রিয়া শুরু হয়েছে।

Mr. Speaker : Hon'ble Member Shri Sovandeb Chattopadhyay has sought for my permission to put a question to the Hon'ble Education Minister Dr. Partha Chatterjee. I allow him.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আপনার অনুমতি নিয়ে মাননীয় শিক্ষামন্ত্রীকে প্রশ্ন করছি, পশ্চিমবাংলায় শুধুমাত্র প্রাথমিক, উচ্চ প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক—সার্বিকভাবে সমস্ত স্কুলগুলিতে যে টয়লেট করার কথা আলোচনা হয়েছিল এবং আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম, যেগুলি আমাদের অতীতের সরকার করতে পারেননি, যার জন্য পশ্চিমবঙ্গ বারবার সমালোচিত হয়েছে। আমি আমাদের শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাইছি, সেই ব্যাপারে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটু আগেই জানিয়েছিলাম এই মহতি সভায়, মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায়ের উত্থাপিত প্রশ্নে আবার জানাই, সারা ভারতবর্ষে যে কটি রাজ্যে এই বিষয়ে অগ্রগণ্য ভূমিকা নিয়েছে, পশ্চিমবঙ্গ তার মধ্যে প্রধান এবং প্রথম তারা একশ শতাংশ বিদ্যালয়ে টয়লেট বা ওয়াশ রুমের ব্যবস্থা করেছে। এটা কেন্দ্রীয় সরকার দ্বারা স্বীকৃত। সম্প্রতি আমি দিল্লিতে গিয়েছিলাম। সেখানেও তারা আমাদেরকে সাধুবাদ জানিয়েছে।

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি এই কারণে যে, আমরা প্রথমবার যখন নির্বাচিত হই, সেই সময় আমরা দেখেছিলাম, রাজ্যপালের যে বাজেট ভাষণ, ওতে আমরা দেখেছিলাম, আমাদের পশ্চিমবঙ্গে ২০ হাজার মেয়েদের স্কুলে বাথরুম ছিল না। আজকে যে অভূতপূর্ব সাফল্য হয়েছে, আমি এর জন্য আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং আমার সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ স্যার।

Mr. Speaker : Since the list has been exhausted the Question Hour is over.

Starred Questions
(to which answers laid on the Table)

হরিশ্চন্দ্রপুর বিধানসভা এলাকার রাস্তা সংস্কার

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮) **শ্রী তজমুল হোসেন :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত বাংরুয়া সংযোগ রাস্তাটি সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবিত রাস্তাটি হরিশ্চন্দ্রপুর ১ নং ব্লকের অন্তর্গত ভবানীপুর মোড় থেকে কাশিমবাজার ব্রীজ পর্যন্ত। পরিকল্পনার রূপরেখা হল, রাস্তাটির সংস্কার এবং নির্মাণ। রাস্তাটির দৈর্ঘ্য ১৯৪৪ মিটার এবং প্রস্থ ২.৪৪ মিটার।

ন্যায্য মূল্যে ধান বিক্রয়ের ব্যবস্থা

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭) **শ্রী বাসুদেব খাঁ :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গ্রামীণ পরিকাঠামোয় ধান বিক্রয়ের বিষয়ে কৃষকদের মধ্যস্বত্বভোগীদের (ফড়েদের) হাত থেকে রক্ষা করতে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : গ্রামীণ পরিকাঠামোয় কৃষকদের অভাবী বিক্রয় রোধ করতে এবং মধ্যস্বত্বভোগী (ফড়ে)-দের হাত থেকে রক্ষা করতে সমবায় বিভাগ নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছে :

(ক) ধান্য ক্রয়ে সমবায় পরিকাঠামোয় বেনফেড এবং কনফেড, এই দুই ধান্যক্রয়কারী শীর্ষ সংস্থাকে আর্থিকভাবে সমৃদ্ধ করা হয়েছে।

(খ) প্রাথমিক কৃষি উন্নয়ন সমিতিগুলি, যারা চেকের মাধ্যমে ধান্য ক্রয় করে, তাদের নিজস্ব মূলধন সহ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের মাধ্যমে স্বল্প সুদে প্রাপ্ত ঋণের সাহায্যে আর্থিকভাবে সবল করা হয়েছে যাতে ধান্য ক্রয়ে পুঁজির অভাব না হয়।

(গ) বেনফেড এবং কনফেড সংস্থা দু'টির ধান্যক্রয়ের ন্যূনতম লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করা হয়েছে।

(ঘ) প্রকৃত চাষীদের কাছ থেকে ধান্যক্রয় নিশ্চিত করতে কৃষকদের পরিচিতি পত্র / প্রমাণ পত্র দেখে ধান্যক্রয়ের ব্যবস্থা নেওয়া হয়েছে।

(ঙ) বেনফেড এবং কনফেড কোন কোন প্রাথমিক সমবায় সমিতির মাধ্যমে ধান্যক্রয় করবে খাদ্য দপ্তরের সঙ্গে পরামর্শক্রমে তা-ও স্থির করা হয়েছে।

জলের অভাবে ক্ষতিগ্রস্ত ধানচাষ

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২১) **শ্রী মনোরঞ্জন পাত্র :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া জেলার অনেকগুলি ব্লকে চলতি খারিফ মরশুমে জলের অভাবে ধানচাষ ক্ষতিগ্রস্ত হয়েছে;

(খ) সত্যি হলে উক্ত ব্লকগুলিকে খরাকবলিত হিসাবে ঘোষণা করা হবে কিনা; এবং

(গ) উক্ত ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণের জন্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে/ করছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) বাঁকুড়া জেলার মধ্যে চারটি ব্লকের ৭৫১টি মৌজায় ৩৩% বা তার অধিক ফসল ক্ষতির খবর পাওয়া গেছে। জেলা সমাহর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় নোটিফিকেশন জারি করেছেন।

(গ) সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছে—

(i) ওই অঞ্চলের কৃষকরা যাতে বিকল্প চাষের বন্দোবস্ত করতে পারেন তার জন্য প্রয়োজনীয় কৃষি সুপারিশ জারি করা হয়েছে।

(ii) রবি মরসুমে চাষের জন্য বিভিন্ন শস্য বীজের মিনিকিট যেমন গম, হাইব্রিড ভুট্টা, মসুর ডাল, মুগ ডাল, সরষে, হাইব্রিড সূর্যমুখী, তিল, চীনাবাদাম প্রভৃতি বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

MOTION FOR FURTHER EXTENSSION OF TIME FOR PRESENTATION OF REPORT OF THE COMMITTEE ON PRIVILEGES (2014-2015 & 2015-2016)

Smt. Sonali Guha (Bose) : I beg to move that the time for presentation of the Report of the Committee of Privileges on the privilege case against the Editor, 24 Ghanta News channel, due to expire by the end of the current session, be further extended till the end of the next Session.

Mr. Speaker : The question before the House is the Motion moved by the Chairperson of the Committee.

As many as are of that opinion, will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

The Motion is adopted.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Rajib Banerjee desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

Respected Sir,

You may be aware of the fact that I had been operated in 2013 on account of sudden injury in my right leg ankle. The screw inserted thereon need to be removed for which I have been operated again on 02.12.2015.

Therefore, I am not able to attend current session of Assembly starting from 11th December, 2015.

This is for your information and necessary action.

Yours sincerely

Sd/-
(Rajib Banerjee)

Mr. Speaker : I now ask whether Shri Rajib Banerjee has the permission of the Assembly asked for by him.

Mr. Speaker : There is no dissentient voice. I declare that Shri Rajib Banerjee has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 11th December, 2015 till the last sitting of the current session of the Assembly.

[12.00 noon – 12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received four notices of adjournment motion. The first, the second, and the third ones are on the same subject of reported death of some tea-garden workers in North Bengal. The first one is from Shri Asit Mitra, Shri Manoj Chakraborty, Shri Pramatha Nath Roy, Shri Sunil Chandra Tirkey, Shri Joseph Munda, Smt. Firoza Begum, Shri Rabiul Alam Chowdhury, Smt. Shaoni Sinha Roy, Shri Bhupendra Nath Halder and Shri Nepal Mahata. The Second one is from Dr. Tarun Kanti Naskar. The third one is from Shri Samik Bhattacharya. And the fourth one is from Shri Anisur Rahaman, Shri Sahajahan Choudhury,

Shri Anandamay Mandal, Shri S. M. Sadi, and Shri Basudeb Khan on the subject of alleged non-purchase of paddy from the farmers at the support price and situation arisen therefrom.

The subject matter of all the motions are not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the Ministers concerned through Questions, Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member of each party may, however, read the text of the Motion as amended.

...(গোলমাল)...

শ্রী সুনীল চন্দ্র তিরকে : মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হল—সম্প্রতি নাগরাকাটা, নাগেশ্বরীসহ অন্যান্য বেশ কয়েকটি চা-বাগানে শ্রমিকের অনাহারে-অর্ধাহারে মৃত্যুর ঘটনা ঘটেচে বলে জানা গেছে। রাজ্য সরকারের কাছে আবেদন জানিয়েও কোনো ফল পাওয়া যায়নি। অবিলম্বে মৃতদের ক্ষতিপূরণ এবং অসুস্থতার আর্থিক সাহায্য এবং বন্ধ চা-বাগানগুলি পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবী জানাচ্ছি।

ডঃ তরুণকান্তি নস্কর : মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হল—উত্তরবঙ্গের কয়েকটি চা-বাগান প্রায় ৮ মাস বন্ধ থাকার ফলে শ্রমিকরা বেতন ও চিকিৎসার সুযোগ না পেয়ে দীর্ঘদিন অর্ধাহার-অনাহারে থেকে কয়েকজন শ্রমিকের মৃত্যুর ঘটনা ঘটেছে বলে জানা যাচ্ছে। যারা বেঁচে আছেন তাঁদের জীবনও সঙ্কটাপন্ন। শ্রমিক ও চা-শিল্পের স্বার্থে এই বাগানগুলি অধিগ্রহণ করা প্রয়োজন।

...(গোলমাল)...

(এই সময় মাননীয় সদস্য সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী শমীক ভট্টাচার্য্য : মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তর কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হল—উত্তরবঙ্গে চা-বাগানে গত কয়েক মাসে কয়েকজন শ্রমিকের মৃত্যুর ঘটনা ঘটেছে বলে জানা গেছে। রাজ্য সরকার অস্বীকার করছে যে, তাদের কাজ নেই, খাদ্য নেই, ওষুধ নেই।

...(গোলমাল)...

শ্রী আনিসুর রহমান : মাননীয় মহাশয়, জনসাধারণের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হল, রাজ্যের ধান চাষীরা চরম বিপদের সম্মুখীন। উৎপাদন খরচ বাড়লেও

সরকারীভাবে সহায়ক মূল্যের ব্যবস্থা হয়নি। ফলে কৃষকরা সংগ্রহ মূল্যের থেকে কম দামে ধান বিক্রয় করতে বাধ্য হচ্ছে।

মিঃ স্পীকার : উনি সকালবেলায় একটা মেনশান করতে চেয়েছিলেন। Please, I permit it to mention. সকালবেলা এক ঘণ্টা সময়ের মধ্যে আপনারা অনেকবার আমার কাছে অনুরোধ করেছেন, ও একটা মেনশান করতে চায়। যেহেতু উনি একজন আমাদের বিধানসভার সদস্য, আমি ওনাকে মেনশানটা অ্যালাও করছি। আপনি করুন।

...(গোলমাল)...

শ্রী আলি ইমরান রাম্‌জ : ডিসেম্বরে যে ছ-জন শিশু মারা গেছে তার জন্যে বিহার সরকার ক্ষতিপূরণ দিচ্ছে। কিন্তু আমাদের সরকার নীরব আছে। এই কথা বলার জন্যে আপনার কাছে আবেদন করেছিলাম। কিন্তু আপনি সুযোগ দেননি। তাই আমি বিধানসভার কাছে আর কিছু বলব না।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : ঠিক আছে, ঠিক আছে। বলতে হবে না আপনাকে। আপনাকে আমি সুযোগ দিয়েছি। আপনি সুযোগের সদ্ব্যবহার করতে জানেন না।

(এই সময় ভারতীয় জনতা পার্টির মাননীয় সদস্য শ্রী শমীক ভট্টাচার্য মিঃ স্পীকার মহাশয়ের চেয়ারের সামনে গিয়ে কিছু বলার চেষ্টা করেন।)

(এই সময় বামফ্রন্টের মাননীয় সদস্য-সদস্যাগণ সভাকক্ষ ত্যাগ করেন।)

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received (Three) Notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
i) Reported closure of some Tea-Gardens in North Bengal and situation arisen therefrom	: Shri Khagen Murmu Shri S. M. Sadi Shri Sk. Amjad Hossain Shri Akshay Thakur Shri Kanai Chandra Mondal Shri Dibakar Hansda Shri Susanta Besra **and** Shri Manoj Kumar Oraon.
ii) Reported death of some new born babies and alleged lack of infrastructural facilities in some hospitals in Kolkata	: Shri Insar Ali Biswas Shri Monoranjan Patra Shri Ranjit Kumar Mandal Shri Anandamay Mandal

Shri Upen Kisku
Shri Ramsankar Halder
Shri Nirapada Sardar
Shri Rameswar Dolai **and**
Smt. Jahanara Khan

iii) Urge for construction of roads from Argon (আরগোন) to Masundi (মাসুন্দী) via Rajur (রাজুর) and from Talari Senpara (তালারি সেন পাড়া) to Kankurhati (কাঁকুড়হাটি) in Ketugram Assembly Constituency Area. : Shri Sekh Sahonawez

Mr. Speaker : I have selected the notice of Shri Sekh Sahonawez on the subject of (iii) Urge for construction of roads from Argon to Masundi via Rajur and from Talari Senpara to Kankurhati in Ketugram Assembly Constituency Area. The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

ডঃ পার্থ চ্যাটার্জী : অনারেবল স্পীকার স্যার, মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো যে, এর উত্তর পারলে এই চলতি সদনের মধ্যে দিতে এবং বিধায়ককে জানিয়ে দিতে।

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Report of Justice G. R. Bhattacharjee Commission of inquiry (Ex-BDO Kallol Sur Death Matter) along with State Government's Action Taken Report thereon.

Dr. Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to present the Report of Justice G. R. Bhattacharjee Commission of inquiry (Ex-BDO Kallol Sur Death Matter) along with State Government's Action Taken Report thereon.

The Audit Report, Audit Certificate and Certified accounts in respect of the West Bengal Housing Board for the years 2011-2012 and 2012-2013

Shri Manish Gupta : Hon'ble Speaker, Sir, I beg to present the Audit Report, Audit Certificate and Certified accounts in respect of the West Bengal Housing Board for the years 2011-2012 and 2012-2013.

[12.10 – 12.18 p.m.]

The Annual Accounts and Audit Report thereon, of the East Kolkata Wetlands Management Authority for the year 2013-2014

Dr. Sudarsan Ghosh Dastidar : Sir, I beg to lay the Annual Accounts and Audit Report thereon, of the East Kolkata Wetlands Management Authority for the year 2013-2014.

LAYING OF NOTIFICATION

Notification made by the Agricultural Marketing Department, Government of West Bengal under the West Bengal Right to Public Services Act, 2013

Shri Arup Roy : Sir, I beg to lay the Notification No.1468-AM/O/9M-22/2015, dated the 14th October, 2015, issued by the Agricultural Marketing Department, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary dated the 29th October, 2015 under the West Bengal Right to Public Services Act, 2013.

MENTION CASES

Shri Manoj Kumar Oraon : Absent.

Shri Deba Prasad Roy : Absent.

Shri Sahajahan Choudhury : Absent.

Shri Rameswar Doloi : Absent.

Dr. Tarun Kanti Naskar : Absent.

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, through you I would like to draw the attention of the concerned minister regarding the notification of WBCS examination. There has been lot of resentment back home because in the list of the optional papers, Nepali which is a language in the 8th Schedule of the Indian Constitution and also a Minority language which was declared here by the Hon'ble Chief Minister, Mamata Bandopadhyay in 2011 that Nepali should get the status of Nepali as the minority language. But strangely, this language of optional provision is not there in the recent notification whereas languages like Iranian, Persian which fall under neither the 8th Schedule, nor any of the state language, has been mentioned there. So, it is my humble request that please necessary amendment be made and Nepali language be included as one of the optional papers for those who are sitting for the Civil Service Examination. Thank you Sir.

...(At this stage, the BJP Member, Shri Samik Bhattacharya, walked out of the House)...

Shri Anisur Rahaman : Absent.

Shri Nirapada Sardar : Absent.

Shri S. M. Sadi : Absent.

Smt. Aparna Saha : Absent.

Shri Dhiren Bagdi : Absent.

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, পশ্চিমবঙ্গ সরকার এই গত কয়েক বছরে সারা পশ্চিমবাংলায় বিশেষ করে মেয়েদের জন্য বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করেছেন। বিরোধীরা যদিও চিৎকার চেঁচামেচি করে সেই উন্নয়নকে স্তব্ধ করার চেষ্টা করছে। আমরা জানি যে আমাদের বহু স্কুলকে, হাইস্কুলকে হায়ার সেকেন্ডারী স্কুলে আপ-গ্রেডেশান করা হয়েছে। আমার বিধানসভা এলাকায় কেতুগ্রামে জ্ঞানদাস একজন বৈষ্ণব কবি, তার নামাঙ্কিত জ্ঞানদাস বালিকা বিদ্যালয়, বালিকা বিদ্যালয়টি হাইস্কুল থেকে হায়ার সেকেন্ডারী করার জন্য আবেদন করেছে। আপনার মাধ্যমে মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যাতে অতি সত্বর সেই স্কুলটি হায়ার সেকেন্ডারী স্কুলে রূপান্তরিত করা হয়।

শ্রী অশোক ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। যদিও এর আগে করেছি। আমার এলাকায় মানুষের বিশেষ করে ছাত্রছাত্রীদের অবস্থা ভেবে আমাকে বলতে হচ্ছে যে এলাকায় কোনো কলেজ নেই। গোটা উত্তর হাওড়ার বিধানসভার মধ্যে একটি কলেজের ব্যাপারে আমরা হাওড়ার কর্পোরেশানের মেয়রকে বলেছিলাম। মেয়র একটি জমি হস্তান্তর করে, প্রায় ৫.২৯ একর জমি, ৩৭/২ ভৈরব দত্ত লেন। মাননীয় শিক্ষামন্ত্রীর হাতে আমরা দিয়ে এসেছিলাম এবং সেখানে মাননীয় মন্ত্রী অরূপ রায়, মাননীয় মন্ত্রী রাজীব ব্যানার্জী, মেয়রের উপস্থিতিতে আমরা সেটা উদ্বোধন করেছিলাম। কিন্তু কলেজের ব্যাপারে এখনও পর্যন্ত কোনোরকম সদুত্তর আমরা পাইনি। একটি কলেজ এখানে বিশেষ প্রয়োজন আছে। কারণ আমার ডানদিকে লালবাবা, বাঁদিকে দীনবন্ধু, তারপরে বিশাল অঞ্চল ফাঁকা। আমি প্রয়োজনীয় জায়গা দিয়েছি এবং একটি কলেজ করতে গেলে প্রয়োজনীয় যা যা দরকার, মাননীয় মন্ত্রী যদি বলেন আমি সেটাও জোগাড় করতে রাজি আছি। একটি কলেজের জন্য আমার আবেদন রইলো।

ডঃ পার্থ চ্যাটার্জী : আজকে এখানে দুইজন বিধায়ক শাহাজাহান এবং অশোকবাবু যে বিষয়ে বললেন তাঁদেরকে আমি সেই বিষয়ে বলতে চাই। প্রথম কথা শাহাজাহানবাবুকে বলছি, এই উন্নীত করার বিষয়টি লিখিতভাবে আমাদের দপ্তরকে জানালে নিশ্চয়ই সেটা দেখা হবে এবং দেখা হচ্ছেও। আমি জানি না আপনি এখানে বলছেন, অথচ তার ফলো আপ করতে হবে।

ফলো আপ না করলে তো হবে না। দ্বিতীয় কথা, মাননীয় বিধায়ক অশোকবাবু যেটা বললেন, এটা ঠিকই যে এটা আমরা পেয়েছি এবং এর জন্য হায়ার এডুকেশান কমিশান যারা এটা দেখেন, যারা এর প্রয়োজনীয় সম্ভাবনা খতিয়ে দেখেন তারা এটা দেখবেন এবং এর প্রসেস চলছে। বলা মাত্র সঙ্গে সঙ্গে করার ক্ষেত্রে অসুবিধা আছে। একটা কলেজ করতে গেলে প্রায় ২৫-৩০ কোটি টাকা একইসঙ্গে খরচ করতে হয়। সুতরাং আমরা নিশ্চয় এই বিষয়টি দেখব এবং সময়মত সেটা যাতে সবুজ সঙ্কেত পায় তার জন্য চেষ্টা করব।

ZERO HOUR

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : নট রেসপন্ডিং।

শ্রী শ্যামল মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি এই হাউসে মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং কৃষি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী উভয়েই এখানে উপস্থিত আছেন। আমার দক্ষিণ ২৪-পরগনা জেলায় প্রায় ৭৫ শতাংশ মানুষ কৃষির ওপরে নির্ভরশীল এবং কৃষি এলাকা। এই এলাকাতে আরো কৃষির উৎপাদন বৃদ্ধি করতে এবং কৃষক সমাজকে প্রশিক্ষণপ্রাপ্ত করার জন্য আমাদের এই জেলাতে একটি কৃষি বিশ্ববিদ্যালয় এবং কৃষি গবেষণাগার যাতে নির্মাণ করা হয় তার জন্য আপনার মাধ্যমে আমি দুই মন্ত্রীমহোদয়কে বিশেষভাবে অনুরোধ করছি। নমস্কার।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন রিসেস। আমরা আবার দেড়টার সময় মিলিত হব।

[1.30 – 1.40 p.m.]

LEGISLATION

The Brainware University Bill, 2015

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce the Brainware University Bill, 2015.

(Secretary then read the title of the Bill)

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the Brainware University Bill, 2015 be taken into consideration.

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী দ্য ব্রেনওয়্যার ইউনিভার্সিটি বিল ২০১৫, এই হাউসে উত্থাপন করেছেন। এই প্রসঙ্গে আমি প্রথমেই যে কথাটা বলতে চাই, এটা একটা বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে প্রতিষ্ঠিত হবে। এটাকে নিয়ে বর্তমান সরকার বোধহয় ষষ্ঠ বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে চলেছেন এই শেষ আড়াই বছরের মধ্যে। শিক্ষার বিস্তার হোক, বিভিন্ন প্রতিষ্ঠান গড়ে উঠুক, ছাত্র-ছাত্রীরা পড়াশুনোর সুযোগ লাভ করুক এ বিষয়ে আমাদের কোনো দ্বিমত নেই। আমরাও শিক্ষার প্রসারে নতুন নতুন প্রতিষ্ঠান যাতে গড়ে উঠুক সেজন্য ততটাই আগ্রহী কিন্তু একটা বিষয় শুধু যেটা আমাদের কাছে মনে

হচ্ছে, আমাদের রাজ্যে যে আর্থ সামাজিক অবস্থা, সাধারণ মানুষের যে আর্থিক অবস্থা, এই বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো ছাত্র-ছাত্রীদের কাছ থেকে যে ধরনের টিউশান ফিস এবং অন্যান্য অর্থ নেবে পড়ানোর জন্য সেইটা কিন্তু বহন করার মতো ক্ষমতা আমাদের রাজ্যের একটা বিরাট অংশের মানুষের নেই। কারণ মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী জানেন, আগেও ছিল কিন্তু এখন একটু বেশী করে চলছে যে নবম, দশম, একাদশ, দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের কিম্বা যারা কলেজে পড়ছে সেইসব ছাত্র-ছাত্রীদের এই সরকারের তরফ থেকে তারা যাতে শিক্ষাটা চালিয়ে যেতে পারে, পড়াশুনোটা চালিয়ে যেতে পারে তার জন্য অর্থ সহায়তার ব্যবস্থা রয়েছে। এতে দেখা যাচ্ছে প্রচুর ছাত্র-ছাত্রী চিফ মিনিস্টারের দপ্তরে আবেদন করছে। কিছু সাহায্যও পাচ্ছে। এটাই প্রমাণ করে — যে পড়াশুনো করতে গিয়ে, দ্বাদশ শ্রেণী পর্যন্ত শিক্ষাটাকে যেখানে অবৈতনিক করে দেওয়া হয়েছে কিন্তু তা সত্ত্বেও অভিভাবকরা তাদের ছেলেমেয়েদের পড়াশুনোর খরচ বহন করতে অপারগ হয়ে কিভাবে মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত করছে, এর থেকে এটা প্রমাণ হয়। এই যে privatization ফলে, কারা শিক্ষা ভাল করতে পারবে — না, যাদের আর্থিক সঙ্গতি আছে, তারা এই সব বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সুযোগ লাভ করতে পারবে এবং সেটা যদি ঘটে তাহলে আমরা যেটা চাইছি যে বৈষম্য দুর হোক Riht to Education বা অন্যান্য কিছুর মাধ্যমে। কিন্তু সেই বৈষম্যটা প্রকারান্তরে কিন্তু এসে দাঁড়াবে এবং সেই কারণের জন্য আমরা বামফ্রন্টের পক্ষ থেকে প্রথম থেকেই বলছিলাম যে, এই বেসরকারীকরণের আমরা বিপক্ষে এবং এটা যতটা নিম্নতম পর্যায়ে—আজকের দিনে আর্থ-সামাজিক ব্যবস্থা বিশ্বায়ন অমুক-তমুক অনেক কথা আসবে। এখানে হয়তো পুরোপুরি সব জিনিসটাকে বন্ধ করা যাবে না। কিন্তু যতটা নিয়ন্ত্রিত করা সম্ভবপর কঠোরভাবে সেটাই নিয়ন্ত্রণ করা দরকার। কিন্তু সেক্ষেত্রে দেখা যাচ্ছে যে, আমাদের সরকার খুব দ্রুততার সঙ্গে বেসরকারীকরণের মাধ্যমের দিকে এগোচ্ছেন এবং এই অল্প সময়ের মধ্যে ৬-৬টি বেসরকারী বিশ্ববিদ্যালয় তারা প্রতিষ্ঠা করেছেন। দ্বিতীয় কথা হচ্ছে, যে এই bill-এ মাননীয় মন্ত্রী বলেছেন, উচ্চশিক্ষা সংক্রান্ত বিষয়ে সরকারের যে নীতি আছে, যে, নীতিটা Official Gazettee vide Notification No. 142-Edn (U) ওরা করেছেন। সেই নীতিতে কী আছে, সেটা এই মুহূর্তে off hand আমার কাছে নেই। কিন্তু একটা আমি বলছি, এই বিলে Schedule B-তে যেখানে বলা হচ্ছে — এই বিশ্ববিদ্যালয়টা গড়ে উঠবে কতটা জায়গা জুড়ে, না, ৫.৬৭২ একর জায়গার উপরে গড়ে উঠবে। একটা বিশ্ববিদ্যালয় গড়ার ক্ষেত্রে পাঁচ একর জায়গা মোটেই sufficient নয় বলে আমি মনে করি। অতএব এই যে Expert Committee করেছেন, তারা report দিয়েছেন, feasibility রিপোর্ট, viability রিপোর্ট এবং আপনাদের যে education policy — আমার যতদুর মনে পড়ে যে নিম্নতম দশ একরের কথা কোথাও আছে। যদি নাও থাকে। কিন্তু আপনি পাঁচ একর কিংবা ছয় একর জায়গায় একটা বিশ্ববিদ্যালয় গড়ে উঠবে — এটা হয় না। একটা multi-dimension, multi-discipline বিশ্ববিদ্যালয় তার ছাত্র-ছাত্রী, হস্টেল, খেলার মাঠ অমুক-তমুক করে, building ইত্যাদি করে এই জায়গায় হবার নয়। ফলে জায়গার ক্ষেত্রে একটা ঘাটতি থেকে যাচ্ছে, বিশ্ববিদ্যালয়ের জন্য যে জায়গাটা দরকার সেটা ঘাটতি থেকে

যাচ্ছে। তৃতীয় কথা হচ্ছে, যে এই বিলের যে বক্তব্য, মানে যা লেখা আপনারা আগে যে কটা বিল পাশ করেছেন, যতগুলি section আছে, অর্থাৎ এই বিলে আছে, বোধহয় ৪৫টি section। এরা আগে Seacom University, Neotia University, Techno India University কিংবা Adamas University-এ সবই ওই ৪৫টি ধারাতেই, section-এই সীমাবদ্ধ রাখা হয়েছে। অর্থাৎ language হুবহু এক—ওই নাম, ঠিকানা, অমুক-তমুক সেইগুলো কিছু পরিবর্তন হয়েছে, বাকি কিন্তু সব contents একই রয়েছে। কিন্তু এই একই থাকতে গিয়ে যেটা দেখা যাচ্ছে যে, ধরুন আপনি এই বিশ্ববিদ্যালয় পরিচালনা করার জন্য সবচেয়ে আপনার ক্ষমতাশীল সংস্থা হচ্ছে governing body. Governing body-তে আপনার total সদস্য থাকবেন ১৫ জন। এই ১৫ জন সদস্যের মধ্যে আমি যা হিসাব করে দেখছি ১০ জন হচ্ছেন nominated Member, Chancellor-ই nominated করবেন ওই ১০ জনকে। কেন এখানে কি একটু democratic systemটাকে adopt করা যেত না। যেমন faculty council, dean ইত্যাদি — এই সবের ক্ষেত্রে যদি একটু শিক্ষকদের ভেতর থেকে নির্বাচনের ব্যবস্থা থাকত তাহলে বোধহয় ভাল হত। যদিও আপনি একটু রেখেছেন, সেটা হচ্ছে আপনি rotation ভিত্তিতে in alphabetic order করার, যাতে পর পর সকলে পেতে পারে chanceটা সেই ব্যবস্থাপনাটা আছে। কিন্তু গণতান্ত্রিক ব্যবস্থার প্রতি বা গণতান্ত্রিক চিন্তা-ভাবনাটাকে খুবই minimize করা হয়েছে সমস্ত জায়গায়, শুধু governing body নয়, অন্যান্য যা কিছু ক্ষেত্র আছে সবটাই। আর 4th thing হচ্ছে, আপনি বলছেন এই বিশ্ববিদ্যালয় Tuition fee for professional courses যা করবে, may be determined by the State Government from time to time. এটা প্রতিষ্ঠিত হয়নি এটা কি হবে, সেটা পরের বিবেচ্য।

[1.40 — 1.50 p.m.]

কিন্তু আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইব, আগে যে চার-পাঁচটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে, যারা কোর্স চালু করে দিয়েছে, তারা ছাত্রদের কাছ থেকে মাসিক কত বেতন নিচ্ছে রাজ্য সরকারের অ্যাপ্রুভালে বা অনুমোদনক্রমে, সেটা যদি এই হাউসে জানান তাহলে সুবিধা হয়। যদিও আপনি সেভিং ক্লজে রেখেছেন যে, স্টেট গভর্নমেন্টের অনুমোদন নিয়ে করতে হবে। কিন্তু এটা বাস্তব ঘটনা যেহেতু এই সেলফ ফাইনান্সিং ইউনিভার্সিটি, এরা যেহেতু রাজ্য সরকারের কাছ থেকে কোনো আর্থিক অনুদান গ্রহণ করবে না, একটা বিশ্ববিদ্যালয়ের মতো. শিক্ষা প্রতিষ্ঠান চালাতে গেলে তার রিসার্চ, লাইব্রেরী, অধ্যাপকদের বেতন, নানা ধরনের বিষয় চালাতে গেলে যে বিশাল পরিমাণ টাকা খরচা হবে, সেই টাকাটা কিন্তু ছাত্রদের কাছ থেকে তোলা হবে। তাহলে ছাত্রদের ন্যূনতম মাসিক বেতন অন্যান্য বিশ্ববিদ্যালয় যেগুলো চালু হয়ে গেছে, সেখানে কি রকম দেওয়া হচ্ছে, সেটা যদি জানান তাহলে ভালো হয়। রাজ্যের ছাত্রদের জন্য রিজার্ভেশন অফ্ সীটস রেখেছেন। ২৫% সীটস রাজ্যের ছাত্রদের জন্য রিজার্ভেশন রেখেছেন। এটা আমরা অতীতেও বলেছি, আজকেও বলছি যে এই মাত্রাটা বা সংখ্যাটা ২৫ থেকে আরও যদি বাড়াতে পারতেন, তাহলে রাজ্যের ছাত্রদের ভাল হত। যদিও আপনি

বলবেন, এটা আমরা ন্যূনতম করেছি, ন্যূনতম ২৫%। যাই হোক, আমাদের মূল আপত্তির কথা আমরা আগেও বলেছি, আজকেও বলছি যে এটা যেন একটু মনে হচ্ছে খুব হট স্টেপ করছেন। যেসব বিশ্ববিদ্যালয়গুলো আগে আপনারা অনুমোদন দিয়েছেন, তারা প্রতিষ্ঠিত হয়ে কীভাবে পঠন-পাঠনের ব্যবস্থা করেছে, কোয়ালিটি অফ্ টিচিং, কোয়ালিটি অফ্ এডুকেশান কীভাবে আছে, সেগুলো আপনারা পর্যবেক্ষণ করেছেন কিনা আমরা জানি না। যাই হোক, এই কয়েকটি কথা বলে, এই যে বিল, এই বিলের প্রাইভেটাইজেশানের বিরুদ্ধে নীতিগতভাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান স্যার, আজ এই পবিত্র সদনে পশ্চিমবঙ্গের মাননীয় শিক্ষা মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় যে বিলটি এনেছেন "দি ব্রেনওয়্যার ইউনিভার্সিটি বিল, ২০১৫", আমি একে সর্বতোভাবে সমর্থন করছি। 'ব্রেনওয়্যার'—এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয়েছিল ১৯৯০ সালে। আমার কাছে কিছু এদের কাগজপত্র আছে। এতে দেখছি ১৯৯০ সালে এটি স্থাপিত হয়েছিল। সেই ১৯৯০ থেকে শুরু করে আজ ২০১৫ সাল, ২৫ বছর ধরে এরা প্রায় ৮৬টি কেন্দ্র থেকে বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা করেছে। ৮৬টি কেন্দ্র সারা পশ্চিমবঙ্গ জুড়ে আছে। এদের এখান থেকে প্রায় লক্ষাধিক ছাত্র শিক্ষা নিয়ে আজকে জীবিকা অর্জন করে চলেছে। আজকে ওরা চাইছে যে একটা ইউনিভার্সিটি স্থাপন করবে, প্রাইভেট ইউনিভার্সিটি এবং তার আর্থিক দায়-দায়িত্ব ওদেরই। ওদের ইচ্ছা সেটা। প্রবোধদা আপত্তি জানালেন। আপত্তিই তো ওনাদের হবেই। এটা করতেই হবে ওদেরকে। আসলে আমাদের মনে রাখতে হবে যে, আজকে আমাদের দেশে ছাত্র সংখ্যা বেড়ে চলেছে। একেবারে হু হু করে ছাত্র সংখ্যা বাড়ছে। আরও শিক্ষা প্রতিষ্ঠানের দরকার। এই ছাত্ররা অনেক সময় ভর্তি হতে পারে না। এই কারণে আমরা লক্ষ করেছি যে, অনেকেই কিন্তু উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। আমাদের বামফ্রন্টের বন্ধুরা, তাদের যখন অন্তর্জলি হচ্ছে, ওই সময় শেষ দিকে তারা কিছু স্কুল কলেজ স্থাপন করেছিলেন। জ্যাঠার নামে, কাকার নামে স্কুল হয়েছে। সেইসব জায়গায় কোনো ছাত্র নেই, শিক্ষকও নেই, পরিকাঠামোও নেই, এইসব হয়েছে। আমাদের সরকার যখন ক্ষমতায় এল, এই সময় কিন্তু প্রচুর পরিমাণে কলেজ স্থাপিত হয়েছে। ওখানে শিক্ষক আছে, ছাত্র আছে, পরিকাঠামো আছে। একমাত্র এই নয়, এই যে বিশ্ববিদ্যালয়ের বিলটি আজকে এসেছে, এটি হলে ১৪তম বিশ্ববিদ্যালয় স্থাপিত হচ্ছে। এটা সরকারের পক্ষে একটা রেকর্ড। ১৪তম বিশ্ববিদ্যালয় স্থাপিত হচ্ছে। আরেকটি কথা বলি, সম্ভবত প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ভিতরে বোধ হয় এটা অষ্টম বিশ্ববিদ্যালয়। আসলে আমাদের সরকারের উদ্দেশ্য হচ্ছে, উচ্চশিক্ষা থেকে কেউ যেন বঞ্চিত না হয়। আমাদের সরকারের উদ্দেশ্য হল, শিক্ষার সম্প্রসারণ হোক, শিক্ষার বিকাশ হোক। এমন অনেকে আছে যারা সেই সুযোগ পাচ্ছে না। সুযোগ যদি হয়ে যায় তাহলে তারা সুযোগ পাবে। ব্রেনওয়্যার হচ্ছে একটি বৃত্তিমূলক শিক্ষা কেন্দ্র। এরা সমগ্র পশ্চিমবঙ্গে বৃত্তিমূলক শিক্ষার জন্য বিখ্যাত। তারা বিশ্ববিদ্যালয় স্থাপন করতে চাইছে। প্রবোধবাবু বলছিলেন, এঁদের জমির পরিমাণ হচ্ছে, ৮ একর। আমার কাছে এদের যে কাগজপত্র রয়েছে তাতে লেখা আছে যে, এঁদের ৯ একর জমি আছে। এঁদের উদ্দেশ্যটা কী? সেটা ওঁদের পেপার থেকে আপনাদের

শোনাচ্ছি। ওঁদের উদ্দেশ্য হচ্ছে — To offer quality, job oriented courses in areas of information technology, management and skills. It will also have an entrepreneur development programme—এটা একটা উদ্দেশ্য। তাঁরা আর কী করছে? এঁরা কেবলমাত্র শিক্ষাগুলি দিচ্ছে না, শিক্ষার সঙ্গে সঙ্গে ইন্টারভিউ কিভাবে দিতে হয় সেটাও এঁরা শেখাবে। বর্তমানে আমাদের ছেলেমেয়েরা লেখাপড়ায় অনেক উন্নত মানের এবং তাদের সবই আছে। কিন্তু তারা ইংরাজি বলতে পারে না। এঁরা সেই কমিউনিকেটিভ ইংলিশের শিক্ষা দেবে। এই সমস্তগুলি এঁদের আছে। এঁরা বলছেন, গবেষণা করবেন, রিসার্চ করবেন, সোলার এনার্জি, ওয়াটার পিউরিফিকেশান, web technologies — এই সব নিয়ে গবেষণা তাদের মধ্যে হবে। এগুলি তারা এর ভেতরে উল্লেখ করছেন। আর আমাদের বিল যেটা আছে সেখানে স্পষ্ট বলা হয়েছে। এই বিশ্ববিদ্যালয় যেটা হচ্ছে, এর উদ্দেশ্য হচ্ছে— to provide instruction, teaching, training and research in various branches and specialized fields of study of science, technology, medicine, management, law, humanities, social science, education performing arts, sports and any other fields of study including the imparting of skills that have employment potentialities. অর্থাৎ আমাদের বিলে বলা হচ্ছে যে, এই নতুন যে ইউনিভার্সিটি হচ্ছে এর উদ্দেশ্য হচ্ছে এই। এখানে প্রবোধবাবু আশঙ্কা করছেন যে, এতে টিউশন ফি বৃদ্ধি পাবে। স্বেচ্ছাচারিতা — অনেক কিছু হবে। অনেক কিছু আশঙ্কা তাঁদের হতে পারে। কিন্তু এইসব আশঙ্কার কোনো সুযোগ নেই। সেখানে সরকারের কঠোর নিয়ন্ত্রণ রয়েছে। এর উদাহরণ তো দেখতে পারছেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়, হিসাব দেয়নি। আজকে সংবাদপত্রে কোথাও একটা দেখছিলাম। সরকারের সেখানে কঠোর নিয়ন্ত্রণ আছে। এই বিলের ভেতরে স্পষ্ট করে বলে দেওয়া হচ্ছে যে, এই ইউনিভার্সিটি পশ্চিমবঙ্গের মধ্যে কোথাও কোনো স্কুল করতে গেলে, সেন্টার করতে গেলে, কোনো ডিপার্টমেন্ট খুলতে গেলে সরকারের কাছে তাদের অনুমোদন নিতে হবে। আরও বলছে যে, এই ব্রেনওয়্যারের অধীনে যে সমস্ত প্রতিষ্ঠানগুলি আছে সেগুলিকেও যদি ইউনিভার্সিটির আওতার মধ্যে আনতে হয় তাহলে সরকারের সঙ্গে আলোচনা করতে হবে। টিউশান-ফি, প্রফেশনাল কোর্স, ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ম্যানেজমেন্ট—এগুলির কি হবে তা টাইম-টু-টাইম সরকারের সঙ্গে আলোচনা করে স্থির করতে হবে। ছাত্রদের ভর্তির ক্ষেত্রে ২৫ শতাংশ সিট পশ্চিমবঙ্গের ছাত্রদের জন্য সংরক্ষিত হবে। নন-টিচিং স্টাফ অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে ৫০ শতাংশ সিটে পশ্চিমবঙ্গের মানুষকে নিতে হবে। এইভাবে সরকারের কিন্তু একটা নিয়ন্ত্রণ আছে। আর এছাড়া গভর্নর হচ্ছেন এই ইউনিভার্সিটির সর্বেসর্বা। তাঁকে visitor করা হচ্ছে। উনি যে কোনো সময় বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো কাগজপত্র চাইতে পারবেন। যে কোনো ব্যাপারে ইনস্ট্রাকশান দিতে পারবেন। তিনি ইচ্ছা করলে সিদ্ধান্ত বাতিলও করতে পারবেন। সুতরাং, সরকারের এখানে একটা নিয়ন্ত্রণ আছে। এছাড়া বলা হচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম দেখাশোনার জন্য সরকারের একটি রেগুলেটরি কমিটি তৈরি করে দেবে। এঁরা লক্ষ করবে যে, কোথাও কোনো অনিয়ম হচ্ছে কিনা। আর এই কমিটির রেকমেন্ডেশানগুলি ইউনিভার্সিটি মানতে বাধ্য থাকবে।

[1.50 – 2.00 p.m.]

এই বিলের ১৮ পাতায় সরকারের কী কী ক্ষমতা আছে তা নিয়ে বিস্তারিত আলোচনা করা আছে। সেখানে বলে দেওয়া হয়েছে, সরকার যে কোনো সময়ে, যে কোনো বিষয়ে inspection করতে পারবে, ছাত্র-স্বার্থে তারা ইউনিভার্সিটিকে নির্দেশ দিতে পারবে এবং প্রত্যেক শিক্ষাবর্ষের আরম্ভে বিগত শিক্ষাবর্ষের কার্যক্রমের হিসাব সরকারের কাছে জমা দিতে হবে। এই এত রকমের নিয়ন্ত্রণ কিন্তু এখানে রয়েছে।

আর, সর্বশেষে আরেকটা জিনিস খুব গুরুত্বপূর্ণ। প্রাইভেট ইউনিভার্সিটি — আমার ইচ্ছা হল ইউনিভার্সিটি উঠিয়ে দিলাম বা চলে গেলাম — তা চলবে না। এক্ষেত্রে ইউনিভার্সিটিকে অন্তত এক বছর আগে ছাত্র এবং কর্মচারীদের নোটিশ দিতে হবে। বলে দেওয়া হচ্ছে, শেষ ব্যাচ যতদিন না পাশ করে যাচ্ছে ততদিন পর্যন্ত কিন্তু এই ইউনিভার্সিটি ওঠানো যাবে না। যে মুহূর্তে ইউনিভার্সিটি উঠিয়ে দেওয়া হবে বলে স্থির করা হবে, সরকারকে নোটিশ দেবে, সঙ্গে সঙ্গে সরকার থেকে একজন অ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দেওয়া হবে। অ্যাডমিনিস্ট্রেটর বিষয়গুলোর ওপর লক্ষ রাখবেন। এবং এই নতুন যে বিশ্ববিদ্যালয়, যেটা স্থাপিত হচ্ছে, বিলের মধ্যে একেবারে স্পষ্ট করে বলে দেওয়া হচ্ছে যে আগামী ১০ বছরের ভেতরে এটা কিন্তু উঠিয়ে দেওয়া যাবে না।

যাই হোক, আমরা মনে করি পশ্চিমবঙ্গে যে বেকার সমস্যা, দীর্ঘদিন, ৩৪ বছরের যে অপশাসন, কল-কারখানা বন্ধ, বেকার সমস্যা, এগুলো মেটাতে গেলে এই জাতীয় শিক্ষা প্রতিষ্ঠান, এই জাতীয় বিশ্ববিদ্যালয় অপরিহার্য এবং এর প্রয়োজনীয়তা রয়েছে। আর, এই ধরনের একটা বিল আনার জন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রীকে সাধুবাদ জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : (হাউজে অনুপস্থিত)।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় চেয়ারম্যান মহোদয়, আজকে বিল নম্বর ৩৫, ২০১৫ — The Brainware University Bill, যা উপস্থাপিত করেছেন আমাদের শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায়, সেই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি এই হাউজের কাছে কয়েকটি কথা নিবেদন করছি।

প্রায় সাড়ে তিন দশক ধরে সারা রাজ্যব্যাপী অনুন্নয়নের যে একটা মরুভূমি আমরা প্রত্যক্ষ করেছিলাম সেই 'কান্তার মরু' পেরিয়ে মাত্র সাড়ে চার বছর, মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উন্নয়নে জোয়ার এনেছেন। এটা আমরা সবাই জানি। খাদ্য, স্বাস্থ্য, শিক্ষাক্ষেত্রে উন্নয়নের এই প্রবাহ গতিশীল। আমরা জানি ...(হইচই)... যে কোনো জিনিসেরই আলোচনায় আসার আগে ভূমিকা দরকার। আর, যদি ভূমিকাটি আপনাদের গাত্রদাহের কারণ হয় তাহলে অন্তত কিছুক্ষণ ক্রোধকে প্রশমিত করুন। আমি মূল বক্তব্যের ভূমিতে ফিরব। যেটুকু প্রয়োজন, যে কোনো ভূমিতে আসতে গেলে ভূমিকা দরকার। সেই ভূমিকা করার গণতান্ত্রিক অধিকার, সংসদীয় অধিকার বিধায়ক হিসাবে আমার আছে বলে আমি মনে করি।

শিক্ষা-স্বাস্থ্য-খাদ্য এবং উন্নতির স্বার্থে, শিল্পের স্বার্থে এই প্রবাহ গতিশীল। আমি বলছিলাম তারই স্রোত বেয়ে ২ কোটি টাকার বেশী ঋণ ভার নিয়ে পরশ্রীকাতরদের অকারণ অপবাদের শায়কবিদ্ধ হয়েও আমাদের জন-নেত্রী মমতা উন্নয়নের পথ থেকে সরে আসেননি। ঠিক সেজন্যই আমরা আজকের এই শিক্ষায় নতুন গতিসঞ্চারী প্রকল্প দেখতে পাচ্ছি। আপনারা নিশ্চয় জানেন, ইতিমধ্যেই ব্যক্ত হয়েছে, যে ১৪টি বিশ্ববিদ্যালয় আমরা স্পর্শ করেছি। বেসরকারী অষ্টম বিশ্ববিদ্যালয় আমরা স্পর্শ করলাম। এই অষ্টম বিশ্ববিদ্যালয় স্থাপনমূলক উপস্থাপিত বিলটি শুভ কর্মপথে আমাদের সেই মাইলস্টোনটি এনে দিল। বিলটির স্বপক্ষে অবজেক্ট এবং রিজনে উল্লেখ করা হয়েছে ক্রমবর্ধমান শিক্ষার্থীদের চাহিদার সঙ্গে পাল্লা দিতে সরকার বেসরকারী পর্যায়ে এই উদ্যোগ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল ২০১৩ সালের ৩১শে জানুয়ারী। আমরা নোটিফিকেশন নাম্বার ১৪২ Edn(U) মারফত জেনেছিলাম ব্যাপ্তি, গভীরতা এবং মানোন্নয়নের জন্য এই সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। যার সূত্র বেয়ে আজকে আমরা এই বিলটি উপস্থাপিত করতে পারছি। আমরা এরই সঙ্গে আপনাদের কাছে বলতে চাইছি সবিতা দেবী এডুকেশন ট্রাস্ট সরকারী নথিভুক্ত ২৪-পরগনার বারাসতে অবস্থিত। ইতিমধ্যে তা ব্যক্ত হয়েছে। তারা স্বউদ্যোগে ইঞ্জিনিয়ারিং, টেকনিক্যাল, ম্যানেজমেন্ট শিক্ষণে অভিজ্ঞতা অর্জন করেছে দীর্ঘ ২৫ বছর ধরে যা জীবনবাবু উল্লেখ করেছেন। রাজ্য সরকারের কাছে নতুন বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাব তারাই দিয়েছে। বারাসতেই হবে তাদের মেইন ক্যাম্পাস এবং off Campus, off - shore শিক্ষা কেন্দ্রের অনুমোদনও নিয়ন্ত্রণ করবে এই বিশ্ববিদ্যালয়। পশ্চিমবঙ্গের স্টেট কাউন্সিল হায়ার এডুকেশনের ভাইস চেয়ারম্যানের নেতৃত্বে যে ব্রেনওয়ার ইউনিভার্সিটি বিলটি নানা নির্দেশ ও ব্যাখ্যা সহ এই আকারে পরিবেশিত হচ্ছে এবং উপস্থাপিত হচ্ছে তার পরিকাঠামো রচিত হয়েছিল। এই বিলে স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে আর্থিক দায় দায়িত্ব বহন করবে এই ট্রাস্ট। স্যার, নির্বাচিত সরকার জনগণকে পরিষেবা দিচ্ছে। জনগণও দায়িত্ব সচেতন হয়ে তাদের কোনো কোনো সংস্থা বেসরকারীভাবে শিক্ষার প্রসারকল্পে কিছু উদ্যোগ নিতে অগ্রসর হচ্ছে। সরকারী ক্ষমতার সীমাবদ্ধতা ও শিক্ষার প্রয়োজনীয়তা উপলব্ধি করে আমরাও এই যৌথ উদ্যোগকে স্বাগত জানাচ্ছি এবং সমর্থন করছি। স্যার সংশয়বাদীরা বলবেন, সব শিক্ষাকেন্দ্রে সরকারী কুক্ষিগত না করে স্বাধিকার বজায় রেখে বেসরকারীভাবে অন্যকে দায়িত্ব দেওয়া হয় তাতে আপত্তির কিছু নয়। কিন্তু সরকারী নজরদারির অভাবে এতে শিক্ষা প্রকল্প সত্যিকারে সাধিত হবে কি? শিক্ষার মান থাকবে কি? দক্ষ, শিক্ষিত, শিক্ষকের সংস্থান হবে কি? শিক্ষার্থীদের উপর মাত্রাতিরিক্ত ফি ধার্য করা হবে না তো? স্বাধিকারের বদলে স্বেচ্ছাচার হবে না তো? আমরা বিশ্বাস করি যখন ইচ্ছে পড়াবো, যা ইচ্ছে করবো এবং যখন তখন পরীক্ষা নেব, ফল প্রকাশে অনর্থক দেরি করবো, এমন কি প্রতিষ্ঠান বন্ধ করে দেব—এমন জিনিস চলবে না তো? চ্যান্সেলর, ভাইস চ্যান্সেলর যখন ট্রাস্টের নিযুক্ত তাহলে সরকার কেন এর প্রতিবিধানের পথে যাবে না? স্বয়ংবদ এই ৪৫টি কোর্স সমন্বিত এই শিক্ষা বিলটি কিছু সংশয়াতীত এক প্রশ্নের উত্তরলিপি নিয়েই উপস্থাপিত হয়েছে। আমরা জানি সরকারী নজরদারি ও প্রয়োজন স্বীকার করতেই হবে। এরও কিন্তু পর্যাপ্ত ব্যবস্থা আছে। স্পষ্টভাবে নির্দিষ্ট আছে যে রেগুলেটরি বডি বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমিক, প্রশাসনিক,

অর্থনৈতিক সমস্ত কর্ম নিয়ন্ত্রণ করছে। সেখানেও কেন্দ্রীয় সরকারের অনুমোদিত এই বডিতে রাজ্য সরকারের পক্ষ থেকে হায়ার এডুকেশান ডিপার্টমেন্টের সক্রিয় সদস্য থাকবে। এমন কি রেগুলেটরি কমিটি রাজ্য সরকার কর্তৃক গঠিত হবে। যে গভর্নিং বডি দৈনন্দিন সমস্ত কাজ তাদের সিদ্ধান্ত অনুযায়ী করে সেখানেও রাজ্য সরকারের প্রতিনিধি থাকবে। যে স্ট্যাটিউট বিশ্ববিদ্যালয়কে প্রাথমিকভাবে চালনা করছে সেখানেও রাজ্য সরকারের সতর্ক নজর থাকবে। কোনো রেগুলেশন ও অর্ডিন্যান্স জারির আগে স্টেট গভর্নমেন্টের অনুমোদন প্রয়োজন। বলগাহীন, যথেচ্ছাচারের সুযোগ নেই বললেই হয়।

[2.00 – 2.10 p.m.]

স্যার, আমাদের শিক্ষার নামে, শিক্ষার মান বজায় রাখার জন্য যোগ্যতাসম্পন্ন ভাইস চ্যান্সেলর নিয়োগ করতে হবে এবং সেই জন্য আমরা দেখেছি শিক্ষকরা যেন দক্ষ বিষয়ব্যুৎপন্ন হয়। সেই দিকে নজর দেওয়া হয়েছে। মান বিধি অনুযায়ী নির্দিষ্ট থাকবে। ইঞ্জিনিয়ারিং, টেকনিক্যাল ও ম্যানেজমেন্টের ছাত্রদের ফি কি হতে পারে তাও নির্ধারণ করবে সরকার। চ্যান্সেলার ও রেজিস্ট্রার সংস্থার নিযুক্ত হলেও সবার উপরে রাজ্য সরকারের প্রতিনিধি ভিজিটর থাকবে। রাজ্যপাল নিজ পদাধিকার বলে যে পদে থাকবেন তাতে থাকবে প্রশাসনিক ক্ষমতা যা সবার ঊর্ধ্বে। ছাত্র স্বার্থ পরিপন্থী, জনমত বিরোধী ব্যবস্থা গ্রহণজনিত কোনো সমস্যা উদ্ভূত হলে তার সমাধানে রাজ্য সরকার হস্তক্ষেপ করবে। প্রতিষ্ঠান বন্ধ করতে গেলে তা মাঝপথে হঠাৎ করা যাবে না। ভর্তি হওয়া ছাত্রদের শেষ ব্যাচ কোর্স কমপ্লিট না করা পর্যন্ত শেষ পরীক্ষা দিয়ে তাদের সার্টিফিকেট প্রাপ্তি না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠান বন্ধ করা যাবে না। এমন কি সিকিউরিটি ডিপোজিট সরকার গ্রহণ করবে। অন্য বিশ্ববিদ্যালয়ের অনুরূপ ফ্যাকাল্টি কাউন্সিল থাকবে, ডিন থাকবে, ভাইস চ্যান্সেলার পোস্টে এইভাবে নিযুক্ত হতে পারে অনিবার্য শূন্যতা পরিপূরণের জন্য কিন্তু তার মেয়াদও এক বছরের বেশি হবে না। স্যার, পরিশেষে বলি আজকে এই জায়গায় আমাদের উপস্থাপিত যে বিল যে শিক্ষা সুযোগ সৃষ্টি করছে, শিক্ষার প্রসার করছে শিক্ষার স্বার্থে দলমত নির্বিশেষে সবার সমর্থন পাবে এই সরকার এটি আমাদের প্রত্যাশা। তবু গুঞ্জন উঠছে স্ব-স্থাপিত অনেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীর সংখ্যাল্পতার অসুখে ভুগছে সেগুলো ছাত্রপূর্ণ আগে করা হোক। আমার কথা পান্থশালায় পথিক আসছে না বলে পান্থশালার নির্মাণ কি বন্ধ করা যায়। বিশেষ করে অনেক নতুন করা প্রতিষ্ঠান সত্ত্বেও শিক্ষা প্রতিষ্ঠানের হাহাকারের প্রেক্ষিতে এখনও নতুন শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজন। যদি তা তৈরি করা যায় শিক্ষা ক্ষেত্রে তাহলে ক্ষতি কি? অন্তত এক্ষেত্রে অধিকন্তু ন দোষায়, এই বিলকে আমি স্বাগত জানাচ্ছি, এই বিলকে আমি সমর্থন করছি, সবাইকে সমর্থনের আহ্বান জানাচ্ছি। নমস্কার।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী ব্রেনওয়্যার ইউনিভার্সিটি যে বিল এনেছেন নীতিগতভাবে তার বিরোধিতা করে দু-একটি কথা আমি জানাতে চাইছি। আমি রবীন্দ্রনাথের একটি উদ্ধৃতি দিয়ে শুরু করতে চাইছি। রবীন্দ্রনাথ বলছেন এক জায়গায়— "চিরকালই মানুষের সভ্যতায় একদল অখ্যাত লোক থাকে তাদের সংখ্যাই বেশি। তারাই বাহন, তাদের মানুষ হবার সময় নেই। দেশের সম্পদের উচ্ছিষ্টে

তারা পালিত। সবচেয়ে কম পরে, কম শিখে বাকি সকলের চেয়ে বেশি তাদের অসম্মান। কথায় কথায় তারা রোগে মরে, উপোসে মরে, উপরওয়ালাদের লাথি ঝেঁটা খেয়ে মরে। জীবনযাত্রার জন্য যত কিছু সুযোগ সুবিধা সব কিছু থেকে তারা বঞ্চিত। তারা সভ্যতার পিলসুজ। মাথায় প্রদীপ নিয়ে খাড়া দাঁড়িয়ে থাকে। উপরের সবাই আলো পায়, তাদের গা দিয়ে তেল গড়িয়ে পড়ে।" জানি না ব্রজবাবু সাহিত্যিক মানুষ, ওঁর নিশ্চয় এই উদ্ধৃতিটি স্মরণ আছে। এখানে বিলে যে কথা বলা হয়েছে এক্সপানশান, ইনক্লুশান অ্যান্ড কোয়ালিটি। ইনক্লুশান কথাটার অর্থ কী? ইনক্লুশান কথাটার অর্থ হচ্ছে সমস্ত স্তরের মানুষকে এই শিক্ষার সুযোগের মধ্যে নিয়ে আসা এটা নিশ্চয় মাননীয় মন্ত্রী উদ্দেশ্য হিসাবে যেটা বলতে চেয়েছেন সেটা মিন করতে চেয়েছেন। এই ধরনের প্রতিষ্ঠানে যে ধরনের ফি'জ স্ট্রাকচার থাকে সেই ফি'জ স্ট্রাকচার এই যে যাদের গা দিয়ে তেল ঝরে পড়ে, রবীন্দ্রনাথ যাদের কথা বলেছেন তাদেরকে মাননীয় মন্ত্রী এই শিক্ষার মধ্যে আনতে পারবেন? এটা যদি না আনতে পারেন তাহলে এই ইনক্লুশান, এক্সপানশান, কোয়ালিটি কথাটার কী অর্থ আছে? দেখুন, এই সুযোগটা আপনারা বলছেন অনন্য সাধারণ সুযোগ-সুবিধা এখানে করে দেবেন। তা সেই অনন্য সাধারণ সুযোগ-সুবিধা সবার জন্য দেওয়া উচিত। আমি রবীন্দ্রনাথকে আর একটা জায়গায় উদ্ধৃত করছি। রবীন্দ্রনাথ বলছেন, "দেহের সমস্ত রক্ত মুখে এসে জমা হলে সেটাকে স্বাস্থ্যের লক্ষণ বলে না। তেমনি গোটা দেশকে রিক্ত করে, নিঃস্ব করে, বঞ্চিত করে অল্প কিছু মানুষের জন্য অনন্য সাধারণ সুযোগ-সুবিধার ব্যবস্থা করাটাও কোনো সভ্য সমাজের নীতি নয়।" আমাদের যে সভ্য সমাজ মাননীয় মন্ত্রী শিক্ষার ক্ষেত্রে যে আপনি তৈরি করতে যাচ্ছেন, তাতে কিন্তু এই অনন্য সাধারণ সুযোগসুবিধা যেটা বলছেন, সেটা কিন্তু সবার জন্য করতে পারছেন না। এখানে প্রবোধবাবুর বক্তব্য আমি শুনেছি। প্রবোধবাবু শিক্ষার বেসরকারীকরণের এই পদক্ষেপকে বিরোধিতা করেছেন। আমি প্রবোধবাবুদের স্মরণ করাতে চাইছি আপনাদের সময়ে কিন্তু এই যে ভুরি ভুরি প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি হয়েছিল, আপনাদের সময়েতেই এখানে আম্বানীদের জন্য আপনারা একটা ইউনিভার্সিটি বিল এনেছিলেন। আম্বানীরা সেই ইউনিভার্সিটিটা খুলতে পারেননি এবং সেই বিলের যে ধারাগুলো ছিল, সেই ধারাগুলোর সঙ্গে পার্থবাবু এবং তাঁর যে পূর্বসুরী ছিলেন ব্রাত্যবাবু, তাদের ধারাগুলোর কিন্তু খুব একটা পার্থক্য নেই। আপনারাই কিন্তু পথটা দেখিয়ে গেছেন ওই বিশ্ববিদ্যালয় তৈরি করার ক্ষেত্রে। ফলে এই বিষয়টা মনে রাখা দরকার। আমার দ্বিতীয় পয়েন্ট—আমি আমাদের হায়ার এডুকেশান স্ট্যান্ডিং কমিটির কলিগ জীবনবাবুর বক্তব্য শুনছিলাম। আমাদের হায়ার এডুকেশান স্ট্যান্ডিং কমিটির অভিজ্ঞতা কিন্তু খুব তিক্ত। আমরা ঘুরে ঘুরে দেখেছি সেখানকার প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ যেগুলো আছে, যেগুলোরই এক একটা করে ইউনিভার্সিটি করা হয়েছে, অ্যাডামাস বলুন, সিকম বলুন বা আই.ই.এম. বলুন, আরও যেগুলো যেগুলো করা হয়েছে, সেগুলোর ইনফ্রাস্ট্রাকচার সম্পর্কে, কোর্সের স্ট্যান্ডার্ড সম্পর্কে, এগুলোর সম্পর্কে কিন্তু আমাদের হায়ার এডুকেশান স্ট্যান্ডিং কমিটির অত্যন্ত তিক্ত অভিজ্ঞতা আছে। জীবনবাবুকে এখানে দাঁড়িয়ে সাপোর্ট করতেই হবে, জীবনবাবু সাপোর্ট করেছেন। কিন্তু আমাদের যে অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতা হচ্ছে এই সমস্ত জায়গাতে বিজনেসটাই কিন্তু সেন্টার স্টেজে, এডুকেশানটাই সেন্টার স্টেজে নাই। ফলে এডুকেশানটা

সেন্টার স্টেজে থাকতে গেলে আজকের দিনে ব্যক্তিগত উদ্যোগে যতগুলো প্রতিষ্ঠান তৈরি হবে, সেখানে কখনও এডুকেশান সেন্টার স্টেজে থাকতে পারে না। বিজনেস, কমার্স, প্রফিট মেকিং—এটাই কিন্তু সেন্টার স্টেজে থাকতে বাধ্য এবং সেটাই সেন্টার স্টেজে আছে। আমি জানি যে আপনারা যখন বিরোধীপক্ষে ছিলেন, কিছু কিছু অন্তত আপনারা বিরোধিতা করেছিলেন। যখন এই আম্বানীদের ইউনিভার্সিটি হয়, আমি জানি আপনারা কিছু কিছু বিরোধিতা করেছিলেন। কিন্তু ক্ষমতায় আসার পরে আমি জানি না সমস্ত ক্ষমতাসীন দলের ভাষাটা এক হয়ে যায় কিনা। আপনারা কিন্তু যেভাবে এই বিশ্ববিদ্যালয়গুলো করছেন, কতগুলো করেছেন আপনি এবং ব্রাত্যবাবু মিলে, আমি জানি না আপনাদের হিসেব আছে কিনা। কিন্তু যেভাবে এই বিশ্ববিদ্যালয়গুলো করছেন তাতে এই ইনক্লুসিভ এডুকেশানটা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে, সেটা কিন্তু আপনাদের ভেবে দেখার সময় হয়েছে। একেবারে mushrooming up private educational institutions এটা কিন্তু হচ্ছে। যেখানে দু-একটা ছাড়া প্র্যাকটিকালি স্ট্যান্ডার্ড বলে কিন্তু কিচ্ছু নেই। ফলে এই হচ্ছে আজকের শিক্ষার অবস্থা। আজকে যে কলেজগুলোকে আপনারা ইউনিভার্সিটি করছেন, আপনারা ওয়েবসাইটে দেখুন, এই তথ্য আমাদের দেওয়া নয়, আপনারা ওয়েবসাইটে দেখুন বা যেগুলোকে ইউনিভার্সিটি বানিয়েছেন সরকারের তরফ থেকে, সেগুলোতে কজন ছাত্র ভর্তি হচ্ছে। আজকে গোটা ভারতবর্ষে শিল্পের কী অবস্থা? শিল্পের যেখানে অবস্থা একেবারে একটা recession-এর মধ্য দিয়ে যাচ্ছে, যেখানে আমাদের রাজ্যও শিল্পের ক্ষেত্রে একটা recession-এর মধ্য দিয়ে যাচ্ছে, সেখানে এই সমস্ত ইঞ্জিনিয়ারিং কলেজগুলোতে ছাত্র ভর্তি হচ্ছে না, ছাত্র ভর্তি হওয়ার জায়গা নেই। সেখানে কলেজগুলো আংশিকভাবে বন্ধ হয়ে যাচ্ছে। শিক্ষকদের সেখান থেকে তাড়িয়ে দেওয়া হচ্ছে। এতো আজকে প্রত্যেকদিনের খবর। কারণ ছাত্র ভর্তি না হলে এই সমস্ত প্রতিষ্ঠানগুলো চলতে পারে না। অথচ এগুলোকেও কিন্তু এনকারেজ করা হচ্ছে। এর মধ্য দিয়ে কোন শিক্ষা বিস্তার হচ্ছে, সেটা কিন্তু অন্তত আমাদের মাথায় ঢোকে না। ফলে আমার বক্তব্য হচ্ছে যে নীতিগতভাবে আগেও যেমন বিরোধিতা করেছি, এখনও তেমন এই ধরনের প্রচেষ্টাকে আমরা বিরোধিতা করছি এবং আমি আপনাকে আবার রিকোয়েস্ট করব এই সরকারের যে শিক্ষানীতি আপনারা ওয়েবসাইটে ঘোষণা করেছেন, সেই ওয়েবসাইটে ঘোষণা করেই আপনারা বলছেন। এরকম কিন্তু আমরা কোথাও দেখিনি যে ওয়েবসাইটে আপনারা ঘোষণা করেছেন, এর আগেও কখনও দেখা যায়নি to encourage private investment in the state higher education system. আপনারা ওয়েবসাইটে ঘোষণা করে আপনাদের দপ্তরে করেছেন। এইরকমভাবে প্রাইভেট এডুকেশান মানে এখন যেটা প্র্যাকটিকালি কমার্স, কমার্সিয়ালাইজেশান, সেই কমার্সিয়ালাইজেশানকে এইরকমভাবে কখনও ওয়েলকাম জানানো হয়েছে আমার অন্তত খেয়াল পড়ছে না। ফলে আমি এই বিলের নীতিগতভাবে বিরোধিতা করছি। ধন্যবাদ।

শ্রী সমীর কুমার জানা : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আজকের এই পবিত্র সদনে বিল নম্বর ৩৫, ২০১৫—দি ব্রেনওয়্যার ইউনিভার্সিটি বিল মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী এই সদনে

উপস্থাপন করেছেন, তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে গুটিকয়েক প্রতিবেদন উপস্থাপন করছি। আমরা এতক্ষণ যাবত বিরোধী দলের যারা দায়িত্বে রয়েছেন, তাদের বক্তব্য শুনছিলাম। তরুণবাবুর বক্তব্যও আমরা কিছুক্ষণ আগে শুনেছি।

[2.10 — 2.20 p.m.]

বিষয়টা হচ্ছে আজকে — বামফ্রন্টের আমলে যারা দায়িত্বে ছিলেন দীর্ঘদিন, শিক্ষাকে তারা কোন জায়গায় নিয়ে গেছেন সেটা তারা এখন এখানে বসে থেকে মূল্যায়ন করবার চেষ্টা করছেন। এটা আমরা জানি যে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে বাংলার বিভিন্ন ক্ষেত্রে যেমন উন্নয়নটা সংগঠিত হয়েছে, শিক্ষার ক্ষেত্রে তেমনিভাবে তাৎপর্যপূর্ণভাবে আমরা উন্নয়নটা সংগঠিত হতে দেখেছি। আজকে আমরা যে জন্য এই বিল আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমরা জানি মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে এই সরকারের আমলে ইতিমধ্যে ৪৫টার বেশি কলেজ সেখানে উপস্থাপিত হয়েছে, স্থাপন করা গেছে। এর আগে মোট ১৩টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সরকারী উদ্যোগে ৬টি, ৭টি বেসরকারী উদ্যোগে যে প্রাইভেট ইউনিভার্সিটি আমরা স্থাপন করবার চেষ্টা করেছি এবং সেটার বিল পাস হয়েছে। আজকে যে ১৪ নম্বর ইউনিভার্সিটি বিলটা আনা হয়েছে — বর্তমানে পশ্চিমবঙ্গে যেভাবে উচ্চশিক্ষার ক্ষেত্রে একেবারে জনবিস্ফোরণ ঘটছে এবং তার সঙ্গে সঙ্গে ছাত্রদের প্রভাব বাড়ছে। যার জন্য এখানে উচ্চশিক্ষা লাভ করতে গিয়ে অনেকে এই রাজ্য থেকে অন্য রাজ্যে পাড়ি জমাচ্ছে। এই জায়গায় ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা নিয়ে একটি সরকারকে এই অল্প পরিসর সময়ের মধ্যে আমাদের প্রত্যাশা মতন, আমাদের লক্ষ্যে পৌঁছানো কখনই সম্ভব নয় সেটা আপনারা উপলব্ধি করতে পেরেছেন। নির্দিষ্ট লক্ষ্যের মধ্যে থেকে আমরা মনে করি আমাদের যে সমস্ত গভর্নমেন্টের যে ইউনিভার্সিটি রয়েছে তার বাইরে প্রাইভেট ইউনিভার্সিটিকে এনকারেজ করে তার নিয়ন্ত্রণ রেখাটাকে সরকারের হাতের মধ্যে রেখে যদি বাংলার ছাত্রছাত্রীদের অভাব, অভিযোগের ব্যবস্থা করা যায় এটা নিঃসন্দেহে এটাকে খারাপ বলে বিবেচনা করার কোনো সুযোগ আছে বলে আমি মনে করি না। এমস অ্যান্ড অবজেক্টের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে রাজ্য সরকার অফিসিয়াল গেজেট ভাইড নোটিফিকেশান নম্বর 132 এডুকেশান (ই.উ) ডেটেড ৩১.১.১৩, এই বিজ্ঞপ্তি অনুসারে উচ্চশিক্ষা সম্প্রসারণের জন্য প্রাইভেট ইনভেস্টমেন্টকে উৎসাহিত করেছে। আমরা দেখেছি ১৮৮২ ইন্ডিয়ান ট্রাস্ট অ্যাক্টের দ্বারা রেজিস্ট্রিকৃত সবিতা দেবী এডুকেশান ট্রাস্ট, এডুকেশান এবং চ্যারিটেবল ট্রাস্ট হিসাবে বর্তমানে নর্থ ২৪-পরগনার বারাসতে একটি ইঞ্জিনিয়ারিং এবং একটি টেকনোলজি এবং ম্যানেজমেন্ট কলেজ চালু হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই স্পনসরিং ট্রাস্ট বর্তমানে রাজ্য সরকারের কাছে এই প্রাইভেট ইউনিভার্সিটিটা আমাদের উত্তর ২৪-পরগনার বারাসতে করার আগ্রহ প্রকাশ করেছে। এর সঙ্গে আমরা দেখতে পাচ্ছি এদিকে আমরা যেমন ইনফ্রাস্ট্রাকচার তৈরির ক্ষেত্রে বেসরকারি উদ্যোগে তারা যেমন সহযোগিতা করবেন তেমনিভাবে তারা কেবলমাত্র তাদের মূল ক্যামপাস থাকলেও পশ্চিমবঙ্গের বিভিন্ন ক্ষেত্রে তাদের পঠন-পাঠনের বিস্তৃতি ঘটানোর জন্য সহযোগিতা করবে। এইদিক থেকে আমরা

মনে করি ইতিমধ্যে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ হায়ার এডুকেশান ভাইস চেয়ারম্যানের সভাপতিত্বে যে কমিটি গঠন হয়েছে সেখানে ব্রেনওয়ার ইউনিভার্সিটি নামে প্রাইভেট ইউনিভার্সিটি প্রতিষ্ঠার প্রস্তাব যে অনুমোদন করেছেন সেই অনুমোদনের ভিত্তিতে এই বিলটা এখানে এসেছে। এই বিলটাকে আমাদের নৈতিক সমর্থন শুধু নয়, কার্যকরীভাবে যাতে আমরা সহযোগিতা করতে পারি সেইজন্য হাউসে সকলের কাছে আমরা আমাদের দাবি উত্থাপন করছি। আমরা দেখতে পাচ্ছি যে এই ব্রেনওয়ার ইউনিভার্সিটি—ইউনিভার্সিটি তার ডিপার্টমেন্ট থেকে আরম্ভ করে স্কুল এবং সেন্টার রাজ্যের বিভিন্ন স্থানে এরা প্রতিষ্ঠিত করতে পারবে। এই বিষয়ে কোনো বাধ্যবাধকতা নেই, কোনো অসুবিধা নেই। ইতিমধ্যে তার যে স্থাবর অস্থাবর সম্পত্তি থেকে যাচ্ছে যখন এই বিলটা পাস হয়ে যাবে তখন সবিতা দেবীর ট্রাস্ট থেকে মূল যে ইউনিভার্সিটি হবে তা স্থানান্তরিত হবে তার নির্দেশিকা এখানে রয়েছে। এখানে আমরা দেখতে পাচ্ছি যে ৫ নম্বর ধারায় রেস্ট্রিকশান অ্যান্ড অবলিগেশান অফ দা ইউনিভার্সিটি এখানে টিউশান ফি-এর কথা যেটা বলা হয়েছে সেটা আপনারা নিজেরাও বলেছেন এবং জেনেছেন তথ্য যেটা উপস্থাপিত হয়েছে সেখানে গভর্নমেন্টের পক্ষ থেকে তাদের সঙ্গে আলাপ আলোচনার পরিপ্রেক্ষিতে এখানে টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং, ম্যানেজমেন্ট যে সমস্ত ফিজ দরকার সেটা নির্ধারণ করবে সরকারের সঙ্গে আলাপ-আলোচনার ভিত্তিতে। ফলে এই একটা রেস্ট্রিকশান রয়েছে। খামখেয়ালিপনার চরিতার্থ করাটা তারা করতে পারবে না। আমরা আর একটি জায়গায় দেখতে পেয়েছি সেখানে যাতে ফ্রিশিপ পায়, ৫% ফ্রিশিপ স্টুডেন্টরা পায়, সেটা গভর্নমেন্টের নিয়ম মেনে যারা ব্যাকওয়ার্ড ক্লাসের মধ্যে থেকে যাচ্ছে তাদেরকে সুযোগ দেওয়ার বিধান এখানে থেকে গেছে। আমরা এখানে দেখতে পাচ্ছি স্টুডেন্টদের মধ্যে যারা সরকার অনুমোদিত — সরকার যেগুলো চিন্তা-ভাবনা করেছেন এখানে তাদের রিজার্ভেশান ৫০%, ২০%, ৫% রিজার্ভেশনের সুযোগ এখানে রাখা হয়েছে। পরবর্তীকালে নন টিচিং পোস্টের ক্ষেত্রে ৫০% রিজার্ভেশানের সুযোগ দেওয়া হয়েছে। এক্ষেত্রে আমরা দেখেছি যে, শিক্ষক-শিক্ষার মানটাকে সুন্দর করে বজায় রাখার জন্য সেই জায়গাতে ভাল শিক্ষক যাতে আমরা নিয়োগ করতে পারি সেইজন্য বিশেষ ব্যবস্থা এখানে উল্লেখিত হয়েছে। আমরা দেখতে পাচ্ছি এই যে দি ব্রেনওয়্যার ইউনিভার্সিটি বিল যদি পাস হয় তাহলে তারা যে যে বিষয়ের উপর গুরুত্বটা আরোপ করছেন— to provide regular and distant education programmes. এটার জন্য তারা বিশেষভাবে উদ্যোগ নিয়েছেন to institute degrees, diplomas, certificates and other academic distinctions on the basis of examination, or any other method of evaluation. এইভাবে করে আমরা দেখতে পাচ্ছি to create an entrepreneurs by providing necessary skill and support, 'to provide consultancy to industry, Government, public and private organization-এর সঙ্গে সঙ্গতি রেখে আমাদের এই বিশ্ববিদ্যালয়ের কাজগুলো যাতে ত্বরান্বিত হয় তার জন্য বিশেষ ব্যবস্থা করা হয়েছে। এখানে আর একটি বিষয় আছে যেটাতে আপনারা আশঙ্কা বোধ করছেন যে কাজটা সঠিকভাবে হবে কিনা, চলবে কিনা তার জন্য এখানে আর একটা অধ্যায় দেখা গেছে যে প্লট নং ১০ থেকে ১২-এর মধ্যে রয়েছে — যে

ভিজিটার-মাননীয় গভর্নর, তিনি ভিজিটার হিসাবে দায়িত্ব পালন করবেন। সেখানে কোথাও যদি কোনো অসঙ্গতি থেকে থাকে তিনি একদিকে যেমন কনভোকেশানের দায়িত্ব পালন করবেন ডিপ্লোমা — এগুলোকে তুলে দেওয়ার জন্য, তেমনিভাবে এই ইউনিভার্সিটির মধ্যে যদি কোনোরকম দুর্নীতি হয়ে থাকে তাহলে তিনি তার ইন্সপেকশান করতে পারবেন। ডিউ টাইমে নোটিশ দিয়ে সেই ইন্সপেকশান করে তার যদি কোনো ভুল প্রমাণিত হয় তার বিরুদ্ধে তিনি ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এটুকু সুযোগ থেকে গেছে। অতএব এইদিকে থেকে আমরা মনে করি অথরিটি যা যা করেছেন, যেখানে গভর্নিং বডিই মূল এবং সব থেকে বেশি ক্ষমতাশীল এবং অ্যাকাডেমিক কাউন্সিল এবং ফিনান্স কমিটি — এগুলো যথাযথভাবে তাদের দায়িত্ব পালন করবেন। এখানে আমরা দেখতে পাচ্ছি গভর্নিং বডি — ইউনিভার্সিটির বোর্ড যেটা রয়েছে The Governing Board of the University shall consist of the following members:

(i) the Chancellor, who shall be the Chairman of the Governing Board; (ii) two representatives of the Sponsoring trust to be nominated by the trust; (iii) the Vice-Chancellor of the University; (iv) two Deans of the faculty councils for post-graduate and undergraduate studies to be nominated by the Chancellor, by rotation of every three years in alphabetical order of the name of the Faculty Councils; (v) three academicians to be nominated by the Visitor, the State Government and the Chancellor, respectively.

আমরা দেখতে পাচ্ছি এদের মধ্যে তিনজন এক্সপার্টকে রাখা হয়েছে। অতএব একদিক থেকে ইউনিভার্সিটির যাবতীয় তত্ত্বকে সুন্দর করে গড়ে তোলার জন্য এই ব্যবস্থাগুলোকে গ্রহণ করা হয়েছে। আমরা মনে করি এইরকম একটা বিল যেটা জনসাধারণের পক্ষে বিশেষভাবে একটা গুরুত্বপূর্ণ অধ্যায় সূচিত করবে। ২৬ নম্বরে আমরা দেখতে পাচ্ছি—রেগুলেটরি কমিটি, এটা একটা গুরুত্বপূর্ণ কমিটি যেটা সরকারের দ্বারা নিয়ন্ত্রিত হবে, সরকারের নির্দেশিত পথে রেগুলেটরি কমিটি — তারা কাজকর্ম করবেন। তারা যেসমস্ত নির্দেশগুলি ইউনিভার্সিটির কাছে তুলে ধরবে সেই ইউনিভার্সিটিগুলি সেগুলোকে ফলো করতে তারা বাধ্য থাকবে। তার মধ্যে যদি কখনও কোনো অসঙ্গতি থেকে যায়, তাকে সংশোধন করবার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে যে নির্দেশনামা সর্বস্তরে পৌঁছে দেওয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আমরা মনে করি যে, State government shall have the power to cause an inspection. এখানেও দেখা যাচ্ছে কোনো অসঙ্গতি থাকলে স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে সেই ইউনিভার্সিটিগুলিকে সেইভাবে জানানো এবং তার সংশোধনের জন্য ব্যবস্থা নিঃসন্দেহে এখানে তৈরি করা আছে। power to remove any difficulty. কোনো ডিফিকাল্টি যদি অ্যারাইজ করে থাকে তাকে সংশোধন করা। এভাবে করে তখনও যদি এই ইউনির্ভাসিটি তুলে দেওয়ার প্রশ্ন থাকে তার নির্দিষ্ট সীমারেখা তৈরি করে দেওয়া হয়েছে। তার বাইরে এরা তুলতে পারবে না। তার জন্য সরকারকে জানাতে হবে। সরকার সেখানে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ

করবে। আফটার অল আমরা মনে করি এই যে বিল, এই বিলের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের বর্তমান যা অবস্থা, উচ্চশিক্ষার জন্য ছাত্র-ছাত্রীদের যে সমস্যা, তাকে আজকে পরিবর্তন করবার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এই ব্যবস্থা আমাদের যে ইউনিভার্সিটি বিল এসেছে, একে পূর্ণাঙ্গরূপে সমর্থন করে এবং আপনারা যারা রয়েছেন — যারা তর্কের খাতিরে যারা তর্ক করতে চলেছেন, তারা তর্কটা না করে বাস্তবোচিত অবস্থার চিন্তা-ভাবনা করে বাংলার এই কোটি-কোটি টাকা আজকে এই দেনার দায়কে মাথায় নিয়ে শিক্ষার ক্ষেত্রে সরকারের যে অভিমুখ রয়েছে, তাকে আপনারা সমর্থন করবেন এই আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : Hon'ble Members I beg to present the 73rd report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the programme of business from 15th to 17th December, 2015 as follows:

15.12.2015, Tuesday	: The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	**...1 hr.**
16.12.2015, Wednesday	: Motion under rule 185 regarding issue of intolerance (Notice given by Dr. Partha Chatterjee, Shri Subrata Mukherjee, Dr. Surjya Kanta Mishra, Shri Paresh Chandra Adhikary, Shri Aroop Biswas, Smt. Chandrima Bhattacharya, Shri Sobhandeb Chattopadhyay, Shri Tapas Roy, Shri Asit Mitra, Shri Prabodh Chandra Sinha, Shri Anandamay Mandal, Shri Id Mohammad, Dr. Harka Bahadur Chhetri and Dr. Tarun Kanti Naskar)	...2 hrs.
17.12.2015, Thursday	: The Sanskrit College and University, West Bengal Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	...1½ hrs.

[2.20 – 2.30 p.m.]

Mr. Speaker : Now Minister-in-Charge of the Parliamentary Affairs Department may please move the Motion for acceptance of the House.

MOTION

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্যউপদেষ্টা কমিটির ৭৩তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পীকার : I think the Motion is adopted, the Motion is adopted.

একটা অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার হয়েছে। আমি জানিয়ে দিচ্ছি যে আমাদের মিডিয়া সেন্টারটা এবার থেকে প্রত্যেকদিন একটা থেকে তিনটে পর্যন্ত খোলা থাকবে।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের উচ্চ শিক্ষামন্ত্রী পার্থবাবু যে বিলটা এনেছেন, আমাদের এই বিলের ব্যাপারে নীতিগত কতগুলো আপত্তি আছে। অনক সময় আমরা যখন বলি প্রাইভেটাইজেশনের কথা, আমাদের বোঝাবুঝির একটা গণ্ডগোল হয়ে যায়। প্রাইভেটাইজ আর প্রাইভেট সংস্থাকে উৎসাহিত করা, একেবারে আলাদা জিনিস। যা আমাদের সরকারের হাতে আছে আমরা বলেছি তা কিছুতেই প্রাইভেটে যেতে দেব না। দুই নম্বর আমরা বলেছি প্রাইভেট, ব্যক্তিগত উদ্যোগকে কাজে লাগাতে হবে। কোথায় কোথায় লাগাব? যেখানে সাধারণ মানুষের সমস্যা হতে পারে, ক্ষতি হতে পারে এর বাইরে। এইটা হচ্ছে আমাদের মূল বোঝার ভুল। প্রাইভেট উদ্যোগ নিয়ে যারা আসবেন তাদের নিশ্চয়ই আমরা সহযোগিতা করব, সমর্থন করব। কিন্তু আমরা বলতে চাইছি আমাদের এই হায়ার এডুকেশান, এমনকি রিসার্চ, যেটা আমাদের সব থেকে গুরুত্বপূর্ণ, আমরা বলি এই ক্ষেত্রে এটা প্রাইভেট করা যায় না। প্রাইভেট করতে হবে আমরা বলেছিলাম কোনো বিশেষ ক্ষেত্রে, যেমন ইঞ্জিনিয়ারিং। যে কথা বলছিলেন আপনারা করেছেন, করেছি আমরা। ওইটাতে বেসরকারি উদ্যোগ নেওয়ার দরকার ছিল, ওটাতে সেই জন্য করা হয়েছে। কিন্তু যেভাবে প্রাইভেট ইউনিভার্সিটির অনুমোদন দিচ্ছেন, এটা তো অবাক ব্যাপার। কী নেই এতে! আজ পর্যন্ত আমরা আমাদের কোনো ইউনিভার্সিটিকে এতগুলো দায়িত্ব দিতে পারলাম না। দায়িত্ব দিলাম কাকে? এটা নিয়ে আটটা প্রাইভেট ইউনিভার্সিটি করা হল। কিন্তু যে কটা জিনিস আমাদের জানা দরকার, প্রথমবারে একটা সিলেক্ট কমিটি হয়েছিল। সেই কমিটিতে — ওখানে যে একটা ইনস্পেকশান টিম আছে, সেই টিমের যে পরিদর্শন রিপোর্ট, সেই রিপোর্ট আমরা দেখতে চেয়েছিলাম। তাতে কী আছে না আছে আমরা কেউ দেখতে পেলাম না। আজও অবধি আমরা দেখতে পেলাম না। সেখানে আমরা দেখলাম যে একেবারে হুবহু সেম রিপোর্ট এখানে যেমন, ওখানে একই রিপোর্ট কপি করে দিয়ে দেওয়া হয়েছে। এটা কিছুতেই কাম্য নয়। সবচাইতে একটা বড় ব্যাপার হচ্ছে যে আমি তো দেখে অবাক হয়ে যাচ্ছি একটা কলেজ করতে গেলে পার্থবাবুর অর্ডার হচ্ছে ৫ একর জমি চাই। আবার একটা ইউনিভার্সিটি করার জন্য বলছে ৫ একর জমি চাই! একটা ইউনিভার্সিটি হবে ৫

একর জমিতে, আর কলেজ করতে গেলে ৫ একর লাগবে! এটা কি কাম্য, এটা কি জাস্টিফায়েড? কখনও নয়। তার উপর আবার এই ইউনিভার্সিটিকে এত পাওয়ার দেওয়া হয়েছে যে শিক্ষার কোনো জায়গায় বাদ নেই। আপনি প্রাইমারি থেকে একেবারে এম.এ চলে যাবেন, ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল থেকে আরম্ভ করে এহেন বিষয় নেই যে তারা পড়াতে পারবে না। শুধু তাই না, তারা এই পড়ানো ব্যবসা করার জন্য ইচ্ছা করলে ভারতবর্ষের যে কোনো প্রান্তে একটা করে ইনস্টিটিউট খুলে দিতে পারে। সে সেন্টারে পড়ানো হবে। শুধু আমাদের ভারতবর্ষে নয়, ওতে লেখা আছে সারা পৃথিবীর যে কোনো জায়গায় ওরা সেন্টার খুলতে পারে, পড়াতে পারবে এইসব দেওয়া আছে। তার উপর আবার আছে ডিগ্রি থেকে আরম্ভ করে ডিপ্লোমা যত হয় বিভিন্ন সেন্টার থেকে তারা পড়াবেন। টাকা নেবে, ছেলে ভর্তি করবে আর এই ডিগ্রি দিয়ে দেওয়া হবে, ডিপ্লোমা সার্টিফিকেট কিংবা ডিগ্রি সার্টিফিকেট দিয়ে দেওয়া হবে। এই যে কাজটা করা হয়েছে, আমি আবেদন করব এখন হয়তো ভালো লাগছে কিন্তু একদিন এটা পাপের মতো দেখা দেবে। তাতে আমরা হয়তো সহমত নাও হতে পারি। যত প্রাইভেট কলেজ হয়েছে, ইঞ্জিনিয়ারিং কলেজ বা অন্যান্য যেগুলো হয়েছে তার অনেক জায়গায়, আমি নিজে অনেক জায়গায় দেখেছি, যে পরিমাণ স্টাফ থাকার কথা, শিক্ষক থাকার কথা, শিক্ষক নেই। এমনই দুরবস্থা কাগজে কলমে দেখা যাচ্ছে ভালো ভালো ডিগ্রিধারী ১০-২০ জনের তালিকা আছে, কিন্তু তারা জীবনে ওখানে পড়াতে যায় না। আমি দেখলাম একজন প্রিন্সিপাল, একজন টিচার সব পড়াচ্ছে। অনেক জায়গাতে এইরকম হয়ে আছে। আমরা যে প্রাইভেট ইউনিভার্সিটি করলাম, সাতটা আমরা ইতিমধ্যে অনুমোদন করেছি, মানে আমাদের নীতিগত আপত্তি থাকলেও বিধানসভা পাশ করে দিয়েছে। সেই সাতটার কী অবস্থা আমরা আজ পর্যন্ত তা জানতে পারলাম না। কোনো একটা রিপোর্ট পর্যন্ত বার হল না। আমরা বলেছিলাম, একটা রিপোর্ট দিন, কী অবস্থা হয়েছে — কোথায় ভালো ফল হয়েছে, কোথায় খারাপ ফল হয়েছে, তারপর আমরা আলাদাভাবে ভাবব। সেইগুলো যদি আমরা না শুনি, না জানি তাহলে অন্ধকারে ঢিল ছোঁড়া হবে এবং তার পরিণতিও খুব খারাপ হবে। ইন্দিরা গান্ধীর নামে একটা private University আছে, IGNOU, আরও কিছু আছে, সেসব জায়গায় দেখবেন ব্যবসা করে, অদ্ভুত! certificate দেওয়ার জন্য যা যা ব্যবস্থা সেসব করে চলে যাচ্ছে। আমরা যে চাইছি আমাদের উৎকর্ষতা বাড়ুক, ভালো ছেলে বার হোক, ভালো ছেলে তৈরি করতে হবে, এদের দিয়ে ভালো ছেলে তৈরি হবে? আর যে সংস্থাকে আপনি দিচ্ছেন, তাদের কাজ দেখলাম, মাত্র একটা engineering কলেজ চালায়। এই society বা trust যে করা হয়েছে তার নাম হচ্ছে সবিতা দেবী, তাদের একটা trust আছে। সেই trust একটামাত্র engineering college চালায়। গোটা পশ্চিমবঙ্গে বিভিন্ন জায়গায় এর চেয়ে বেশী শিক্ষা প্রতিষ্ঠান চালানোর অভিজ্ঞতা আছে অনেকের এবং তারা চালায়। এই একটা NGO, যাদের আপনারা দায়িত্ব দিচ্ছেন, তাদের কি অভিজ্ঞতা আছে মাত্র একটা engineering college ছাড়া? আমরা বলেছিলাম যে, যেটুকু একান্ত দরকার, আমাদের যেখানে দরকার সেখানে বাছাই করে নিয়ে যদি private-এর

সঙ্গে যুক্ত করেন তাহলে ভালো হয়। অনেক জায়গায় line দিয়ে ছেলেরা ভর্তি হতে পারছে না, কোথাও কোথাও টাকা দিতে হচ্ছে — উপহার হিসাবে বা যে ভাবেই বলুন না কেন টাকা দিতে হচ্ছে, তারপর ভর্তি হচ্ছে। সেখানে যদি আমরা university করতে পারি তাহলে সুবিধা হয়। তার পর একটা বড় জিনিস হচ্ছে, এই যে আমরা শিক্ষা প্রতিষ্ঠান দেব — চাইলেই দেব মানে এক জায়গায় যদি সবাই চায়, তাহলে তাই দেব, না দূরে দূরে দেব। আপনি তাকিয়ে দেখুন বারাসতে আমাদের শেষ মুহূর্তে government-এর একটা college করা হয়েছে, তারপর একটা private-কে দেওয়া হয়েছে, তারপরও একটা private-কে দেওয়া হয়েছে, তারপরও এটা হচ্ছে এবার, যেখানে general education। specific education যদি হত তাহলে আলাদা কথা। কিন্তু এটা হচ্ছে general education।

পশ্চিমবঙ্গের প্রায় সব জেলায় university হয়ে গেছে। আমি জানি না দিনাজপুরে কী হয়েছে। কিন্তু সমস্ত জেলায় হয়ে গেছে, excepting মুর্শিদাবাদ। মুর্শিদাবাদে একটা university হওয়ার দরকার ছিল, আমরা বারবার বলেছি, কিন্তু আজ পর্যন্ত সেটা হল না। আপনারা জানেন যে, মুর্শিদাবাদের Krishnanath College, Calcutta University'র আগে তার জন্ম হয়েছিল, ঐতিহাসিক কলেজ। আমাদের স্বাধীনতা সংগ্রামীদের অনেকেই সেখানে পড়াশোনা করেছেন। তার জমি আছে, সমস্ত পরিকাঠামো আছে একটা বিশ্ববিদ্যালয় হওয়ার জন্য। একসময় যখন আমরা পড়ি তখন বহরমপুরে, কলকাতা থেকে Physics, Chemistry-র practical করার জন্য সেখানে যেত ছেলেরা। এরকম ঐতিহ্যবাহী কলেজ আছে রামপুরহাটে। সেটাকে খুব সহজেই একটা university-তে পরিণত করা যায়। আমি আগেও বলেছি, এখনও বলছি এটা নিয়ে বিবেচনা করা উচিত। সেখানে প্রায় ৬৮% মানুষ minority, তাদের দিকে তাকিয়ে সেখানে একটা university করার অনুরোধ জানাচ্ছি। পার্থবাবুকে বলব যে, বিরাট দায়িত্ব আপনার ঘাড়ে। শিক্ষা আজকে সবচেয়ে অবহেলিত হয়ে যাচ্ছে। আমাদের বামফ্রন্টের আমলে ৬ জন শিক্ষামন্ত্রী ছিলেন, আর এখন সবটাই পড়েছে পার্থবাবুর ঘাড়ে। তারপর উনি হচ্ছেন পরিষদীয় মন্ত্রী, অনেকটা সময় এখানে দিতে হয়। তারপর উনি হচ্ছেন next to Chief Minister, মুখ্যমন্ত্রী না থাকলে তাঁকে অনেক কিছু সামলাতে হয়। তারপর আবার উনি পার্টির মহাসচিব। এতগুলো কাজ করা আপনার পক্ষে সম্ভব কি? আমি বলছি এই কাজে ঘাটতি হবে। কাজ হয়ে যাবে, কিন্তু যেভাবে কাজ হওয়া দরকার সেইভাবে হবে না। আমি ওই জন্য বলছি যে, আপনি যদি একটু seriously দেখেন। আর যে কথা হয়েছিল, সমস্ত কলেজকে, বিশেষ করে private college যেখানে যা আছে, সব আমরা দেখব, inspection করব, কিন্তু একটাও হয়নি। একটাও হয়নি মানে, তাদের মাথায় ঢুকে আছে যা খুশী করা যায়, যেমন খুশী টাকা নেওয়া যায়। এইগুলো বন্ধ করতে না পারলে একটা বড় সমস্যা হবে। আর একটা মৌলিক বিষয়, আপনারা সবাই জানেন যে, আমরা চাইছি সব ছেলেমেয়েরা একটা certain level পর্যন্ত পড়াশোনা করুক।

[2.30 — 2.40 p.m.]

পড়াশুনা করতে গেলে স্কুল দরকার। সেই স্কুলে শিক্ষক দরকার। আজকে তাকিয়ে দেখুন একটা বিভেদ তৈরি হচ্ছে। শহর এলাকায় স্কুল কলেজে টিচার আছে। সেখানে ভ্যাকান্সী খুব কম। আমি শহর এলাকার স্কুলগুলিতে দেখেছি প্রাইমারী বলুন, হাইস্কুল বলুন সব জায়গাতেই শিক্ষক আছে। কলেজে শিক্ষক আছে। গ্রাম এলাকাতে শিক্ষক নেই। যেখানে নতুন কিছু হচ্ছে সেখানে নেই। এরা কিভাবে চালাবে। আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি আমার নিজের ওই এলাকাতে আপনারা গিয়েছিলেন সেখানে এই বছরে মেয়েদের কলেজে নয়শোর উপরে মেয়ে ভর্তি হয়েছে। আগেও আছে, তাহলে সব মিলিয়ে আড়াই তিন হাজার মেয়ে। সেখানে পাঁচটা সাবজেকটে অনার্স আছে, দুজন শিক্ষক দিয়েছিলেন। তার মধ্যে একজন নজরুল ইউনিভার্সিটিতে চান্স পেয়ে গেছেন। তিনি বলছেন চলে যাবেন। এই দায়িত্বটা পালন করবে কে, না সেল্ফ ফিনানসিং। টাকা দেবে কে, না গ্রামের ছেলেরা দেবে। ওখানে সব গ্রাম। কোনো শহর নেই। সেই গ্রামের ছেলেরা তাদের কলেজে বেশী টাকা দিচ্ছে। যেহেতু প্রাইভেট কলেজ একগাদা ফিজ করে দিচ্ছে। আমি তো অবাক হয়ে যাচ্ছি যাদের সঙ্গতি আছে, তারা পড়বে এমন স্কুলে যেখানে সরকার টাকা দেবে। আর যেখানে গরীব মানুষের ছেলেরা পড়াশুনা করবে সেখানে গভর্নমেন্ট কোনো অনুমোদন দেবে না, টিচারও পাবে না। আমি বলছি এগুলির একান্তই পরিবর্তনের দরকার রয়েছে। এর বাইরে একটা কথা বলি শিক্ষকরা বঞ্চিত হচ্ছে। আমি এই কারণে বলছি এর আগেও কতগুলি প্রতিষ্ঠান খোলা হয়েছিল পঞ্চায়েত দপ্তরের, যেমন— এস এস কে, এম এস কে। আমাদের মাদ্রাসা দপ্তরেও ছিল এস এস কে, এম এস কে। এই নিয়ে বহুবার আলোচনা হয়েছে। আপনারা কথা দিয়েছিলেন আমরা একটা ছাতার তলায় আনার চেষ্টা করব। এখানেও আপনারা বলেছিলেন। কিন্তু আজ পর্যন্ত তা হয়নি। এমন কি যে সুযোগগুলি তাদের দেবার কথা, সেই সুযোগগুলি তারা পাচ্ছে না। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে অনুমোদনহীন দশ হাজার মাদ্রাসা হবে। আমি বলেছিলাম ওঁনাকে ঠাট্টা করে, মিটিং-এ দশ হাজার কেন এক লাখ করলে ভালো হত। অথচ কোনো দায়দায়িত্ব নেই। এখানে টাকা লাগলে টাকা দেবেন না বলছেন, আবার বলছেন মাদ্রাসা দেব। এর মানে কী? কয়েকটা গ্রাম এলাকায় মাদ্রাসা তৈরি হবে। ছেলেরা টাকা দিয়ে পড়বে? এর ফলে হয়েছে আজকে এতগুলি জায়গায় এই পঞ্চায়েতে প্রায় চোদ্দ হাজার এস এস কে আছে, দু-হাজার এম এস কে আছে, আর মাদ্রাসা দপ্তরেরও অনেকগুলি আছে, এখন প্রতিদিনই মাদ্রাসা ছেলেমেয়েগুলি যারা আশা করেছিল মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন বলে টাকা পাবে, কিন্তু সেই টাকা পায়নি। তার ফলে তাদের মধ্যে হতাশা তৈরি হয়েছে। সেই হতাশা থেকে তারা অনশন করছে। এর আগেও অনুমোদনহীন মাদ্রাসার ছেলেমেয়েরা অনশন করেছিল, সেই অনশন এখনও চলছে। আমি বিনীতভাবে আবেদন জানাব যে, আপনি একটু দায়িত্ব নিন যে ওদের সঙ্গে কথা বলে ন্যূনতম প্রয়োজন যেটা আছে সেটা দেবার ব্যবস্থা করুন। তারা তো বলছেন না সমান হারে স্কেল দিতে হবে, বেতন দিতে হবে, কিন্তু মিনিমাম একটা দিতে হবে যাতে তারা বাঁচতে পারে। তাদের সংসার যাতে বাঁচতে পারে। এই দিকটা দেখা দরকার। কিন্তু সেই জায়গাটা অবহেলিত হচ্ছে।

অনুমোদনহীন মাদ্রাসার লোকজন অনশন করছে, এর আগে এম এস কে-র লোকজন অনশন করছে। এর আগে দেখলাম এডেড যেগুলি আছে, তারা অনেক কিছু পাচ্ছে না। বিশেষ করে যারা এম এস কে-তে রয়েছে, এস এস কে-তে রয়েছে তাদের মিড-ডে-মিল, দুপুরের খাবারটা পাচ্ছে না। বই ঠিকমত পাচ্ছে না। অন্যান্য জিনিস পাওয়া যাচ্ছে না। বিল্ডিং করার জন্য টাকা দিচ্ছে না। পঞ্চায়েতে কিছু অর্ডার হয়েছিল সেখানে কিছু টাকা পাচ্ছে, কিন্তু এখানে টাকা পাচ্ছে না। এই জন্য আমি আবেদন জানাব যে প্রাইভেটে যেগুলি হবে নতুন উদ্যোগ ওয়েলকাম। ওয়েলকাম কোথায় বলুন তো — যেখানে প্রয়োজন আছে। যেখানে করতে পারছেন না। তার জন্য বলি যেখানে মেডিক্যাল কলেজ করার প্রয়োজন আছে সরকারীভাবে, সেখানে প্রয়োজন আছে হতে পারে। ইঞ্জিনিয়ারিং কলেজ বড় করে করার প্রয়োজন আছে যেটা আমরা করতে পারছি না সেখান ওয়েলকাম হবে। এইরকম যেখানে আমরা পারছি না, সেখানে কিছু অ্যাডিশনাল উদ্যোগ সেটার প্রয়োজন আছে। সেগুলির আমরা সমর্থন করি। সেগুলি আমরা চাই। কিন্তু এটা যদি হয় যে ঢালাওভাবে যে আসবে সে পেয়ে যাবে, আর কোথায় হল, কেন হল, কিভাবে হল, সেগুলির কিছুই ঠিক নেই, সেটা কখনো হতে পারে না। এতে এমন কিছু বলা আছে যে, কোর্স কারিকুলামে ওদের একটা মাতব্বরি করার ক্ষমতা থাকবে। যেমন স্কুল দেখার যে সমস্ত ব্যবস্থা আছে সেগুলি সবই ওদের ওরিয়েন্টেড। তার মানে ওরা যা করবে তাই। এতে আমাদের সরকারের তরফ থেকে যে কন্ট্রোল করার কথা তা কিন্তু নেই। আর শুধু এটা নয়, আরও একটা বড় বিষয় হচ্ছে অন্যান্য যে ক্ষেত্রগুলি রয়েছে সেখানে আপনাদের কতগুলি ঘাটতি রয়ে গেছে। সব মিলিয়ে দেখবেন এডুকেশন দপ্তর হয়েছে একটা অব্যবস্থার জায়গা। ওখানে টেট পরীক্ষা নিয়ে গোলমাল, কোয়েশ্চেন নিয়ে গোলমাল, নিয়োগ নিয়ে গোলমাল হচ্ছে। সাড়ে চার বছর হয়ে গেল, সত্যি কথা বলতে কি একজন শিক্ষক নিয়োগ সেকেন্ডারীতে হল না, কলেজে নিয়োগ হল না। এক লক্ষের বেশী ভ্যাকান্সী রয়েছে। সেগুলি পূরণ হচ্ছে না। তাই আমি এইগুলি ভাবার দরকার রয়েছে। সকলেরই দায়িত্ব ভাবার। কারণ আমরা প্রতিনিধি হিসাবে এসেছি। মানুষ জানতে চায় যে আপনারা কী করেন। আমার ওখানে মাস্টারমহাশয়, না শিক্ষক, একটা ছেলে আসে, সে তালা খোলে, আর তালা বন্ধ করে চলে যায়। পড়াশুনা হয় না। অনেক জায়গাতেই হয়। এইরকম অনেক জেলাতেই — এটা আমি সমালোচনা করার জন্য বলছি না, এটা আমার চোখে দেখা। এই ঘটনা ঘটছে। এমন কিছু এলাকা আছে যেখানে ওই প্যারা টিচাররা চালিয়ে দিচ্ছে, আর যারা হোল টাইমার, তারা বাড়িতে বসে আছে। এই সবটা মিলিয়ে সত্যি কথা বলতে কি, এডুকেশন ডিপার্টমেন্টে যে অরাজকতা, যে অবস্থা চলছে, আপনারা যদি এখন ঠিকমতো না দেখেন, তাহলে আগামী দিনে শুধু আপনাদের কাছে নয়, সবার কাছে একটা বিরক্তিকর ব্যাপার হবে, অশান্তি হবে। আমি আশা করবো যে, আপনারা সেইভাবে ব্যবস্থা নেবেন। আর যেভাবে করছেন, আমরা এই নীতির বিরোধী। এইভাবে প্রাইভেটাইজেশন করে দেওয়া, প্রাইভেটকে প্রাধান্য দেওয়া — এটার আমরা নীতিগত বিরোধী। আপনারা ঘোষণা করেছিলেন যখন আমেরিকা থেকে একজন এসেছিলেন, তখন আলোচনা হয়েছিল। আমরা জিজ্ঞাসা করেছিলাম যে, কি আলোচনা হয়েছে? জয়েন্টলি পে-কমিশন ডাকা হবে? কিন্তু এতে যা বলা হয়েছে তাতে আমি দেখলাম,

বাইরের কেউ পার্টিসিপেট করতে পারে। এইরকম একটা ব্যবস্থা করা হচ্ছে, যেটা কোনোমতেই কাম্য নয়। আমি তাই বলব যে, এই বিলটাকে নিয়ে একটু ভালো করে পড়াশুনা করতে দিন, আমাদের সদস্যরা আছেন, কয়েকদিন সময় দিয়ে পড়তে দিন, একটা কমিটি করে দিয়ে দেখে নিন। আর ওই রিপোর্টটা দেখাতে হবে। রিপোর্ট না দেখিয়ে আমরা তো কিছুই বুঝতে পারবো না। ৫ জনের একটা কমিটি হয়েছে। ডেপুটি চেয়ারম্যান বোধ হয় হায়ার এডুকেশন কাউন্সিলের লিডার। তার নিচে কিছু জুনিয়র অফিসার আছে। পশ্চিমবাংলার জুনিয়র অফিসাররা রিপোর্ট দেখতে পাবে, অন্য অফিসাররা দেখতে পাবেন, আর মহামান্য যারা সদস্য আছেন এখানে, তাদের এক্তিয়ার নেই ওগুলো দেখার। এ কখনো কোথাও হয় না। আমরা বার বার বলেছিলাম যে, রিপোর্টটা দেখাবেন না কেন? (নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি গভীর আগ্রহ নিয়ে প্রবোধবাবু থেকে আনিসুর রহমান পর্যন্ত শুনলাম। কিন্তু শেষ বক্তার কথাটা দিয়েই পরে প্রথম বক্তায় আসবো। আনিসুরবাবু বোধহয় পশ্চিমবঙ্গে বেশ কিছুদিন নেই। থাকলে উনি জানতেন যে, প্রাইমারিতে ইতিমধ্যেই আমাদের সরকার আসার পরে প্রায় ২০ হাজার শিক্ষক নিয়োগ হয়েছে। কলেজে প্রায় ২০০০ অধ্যাপক নিয়োগ হয়েছে। যেটা হয়নি — আপনাদের এই ক্যাডার সৃষ্টি করবার জন্য এস.এস.কে., আর এম.এস.কে.-র নাম করে ৪০ বছরের ঊর্ধ্বে গৃহস্থ বধূদের আর পার্টির ক্যাডারদের ঢুকিয়ে দেওয়া হয়েছে। ২ লক্ষ, শ্রী কৃষ্ণের নামের মতো ...(গোলমাল)... ২ লক্ষ নানা ধরনের শিক্ষককে প্রায় গৃহভৃত্যের মতো তারা খাটাচ্ছিলেন। কাউকে ৬০০ টাকা, কাউকে হাজার টাকা — এটা হচ্ছে শ্রমিক দরদী বামফ্রন্টের নমুনা। বড় গায়ে লেগেছে। এগুলো এখন সাড়ে চার বছরে ধরা পড়েছে। তাই অরাজকতা তাদের কাছে লাগছে, যারা পার্টির কাজ করছেন, অথচ শিক্ষকতার নাম করে ছাত্রদেরকে বঞ্চিত করছেন। উনি এত কথা বললেন, উনি নিজে ডোমকলে পড়ান না, অথচ ডোমকলের সর্বময় কর্তা উনি। এ ধরনের কাজ তো চলছিলই, আমরা এগুলো বন্ধ করতে চাই। প্রকৃত শিক্ষক, শিক্ষাবিদ, যার মেধা আছে তারা কলেজ, প্রাইমারি — সর্বত্র শিক্ষকতার কাজ করুন। যোগ্য শিক্ষক, যোগ্য ছাত্র এবং ভবিষ্যতের ছাত্র তৈরি করার কারিগর তৈরি করুন। আমি যেটা বলছিলাম...(গোলমাল)...

[2.40 – 2.52 p.m.]

আমি আপনাদেরকে এই কথাটা বলতে চাই যে, আপনাদের আমলে এই সরকারী, বেসরকারী কথাটা যে এসেছে ৩৫ বছরের বা ৩৪ বছরের যে সরকার ছিল, সেই সরকারের আমলে ৮০টি বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছিল, ৮০টি। নিজের চামড়া বাঁচাবার জন্যই আনিসুর রহমান আগে থেকে গেয়ে রেখেছেন আমি কিছু ইঞ্জিনিয়ারিং কলেজ করেছি। যেন খুব সোজা ব্যাপার ইঞ্জিনিয়ারিং কলেজ করাটা। প্রযুক্তিবিদ্যা শেখানোটা যেন একেবারে অ আ ক খ-র মতো, তাই ওই দিকে হাত দিয়েছিলাম। আপনারা আসলে নিজেরাও জানেন না কি করতে চান। নিজেরা জানতেন না বলেই আজকে এই রাজ্য পিছিয়ে গিয়েছিল। মমতা বন্দ্যোপাধ্যায় এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন। আলিমুদ্দিন স্ট্রিট থেকে আপনাদের বায়োডাটা তৈরি হতো

...(হইচই)... আমি আপনাদের একটা জিনিস বলি বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠান করতে গেলে নিয়মগুলো তৈরি করেন যারা তারা কেন্দ্রীয়, যেমন UGC আছে, MCI আছে, AICTE আছে। তাদের নিয়মমতো এই জিনিসটাকে তৈরি করা হয়। ৫ একরের যে কথাটা প্রবোধবাবু বলেছিলেন এবং পরবর্তীকালে আনিসুর রহমানজী বললেন। এক লক্ষ স্কয়্যার ফিট থাকার দরকার। আমাদের যে কমিটি, সেই কমিটি দেখেছে যে ১ লক্ষ স্কোয়্যার ফিট আছে, কি নেই। এবং সেই কারণেই তাদের দেওয়া হয়েছে। এটাও জেনে রাখা ভালো যে ৫ বছর ধরে তারা কিন্তু অফ্ ক্যাম্পাস্ পড়াশোনা বা সেন্টার তৈরি করে যাচ্ছেন। আমাদের এই রাজ্যে এখন কি অবস্থা ইউনিভার্সিটিগুলোর? আন্ডার অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল অফ্ হায়ার এডুকেশন, উচ্চশিক্ষা দপ্তরের। স্টেট এইডেড ইউনিভার্সিটি হচ্ছে ১৯টি। সেল্ফ ফাইন্যান্সিং ইউনিভার্সিটি হচ্ছে ৭টি। স্টেট এইডেড ইউনিভার্সিটি আন্ডার অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল অফ আদার ডিপার্টমেন্টস্ লাইক কৃষিবিশ্ববিদ্যালয় আছে, এই ধরনের ৬টি। আদার অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল অফ MOHRT এটা সেন্ট্রাল গভর্নমেন্টের অর্থাৎ এই ধরনের তারা হচ্ছে ৩টি। ডীমড্ ইউনিভার্সিটি রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ ইউনিভার্সিটি তারা হচ্ছে একটি। অর্থাৎ ৩৬টি ইউনিভার্সিটি আমাদের এই রাজ্যে আছে। এখন প্রশ্ন হচ্ছে, আপনাদের চিন্তার কারণ হচ্ছে যে, এরা কত কষ্টের মধ্যে দিয়েও কাজ করছে কি করে! আমাদের তো কষ্ট ছিল না, তা সত্ত্বেও কাজ করিনি। ২ লক্ষ কোটি টাকা মাথায় ঋণের বোঝা নিয়েও আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এত উন্নয়ন করছেন কি করে? আসল কথা এখানেই আপনাদের রাগ। আমি এখানে আপনাদের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই যে, আমরা এই সময়কালে ৩০টি সরকারী স্টেট এইডেড কলেজ আমরা করেছি এবং ১৫টি জয়েন্ট ভেঞ্চারে করেছি, অর্থাৎ মোট ৪৫টি শিক্ষা প্রতিষ্ঠান হয়েছে, যা আপনারাও স্বপ্নে চিন্তা করতে পারতেন না। এখন মুশকিল হচ্ছে আপনাদের, আপনারা ইউনিভার্সিটি চান, সেখানেও মাইনরিটিকে নিয়ে আসছেন, ইউনিভার্সিটি চান, সেখানেও মুর্শিদাবাদকে ডেকে আনছেন, ইউনিভার্সিটি চান, সেখানে নানা ধরনের ডিমান্ড নিয়ে আসছেন। আজকে সকালে দেখলাম দুর্ঘটনার জন্য এখানে দাঁড়িয়ে একজন বলেছেন। এগুলো হচ্ছে আপনাদের কর্মসূচীহীনতার পরিচয়। যদি তা থাকতো, তাহলে আপনারা বহু সময় পেতেন সবাই গিয়েই আপনারা বলতেন। এই ব্যাপারে আপনাকে কথা দিতে পারি যদি ডোমকল যেতে পারি শিক্ষামন্ত্রী হিসাবে দেখতে, এবং দেখি যে মুর্শিদাবাদে এই ধরনের আবেদন শুধু আপনারা করছেন না, ওখানকার নাগরিকরাও করছেন তাহলে সেটা সরকার নিশ্চয়ই ভেবে দেখবে। তখন আবার আপনারা বলতে আসবেন না আর একটা বাড়লো কেন? এই হচ্ছে মুশকিল। আমি আপনাকে বলছি ব্রেনওয়্যার ইউনিভার্সিটি বিলটি অত্যন্ত প্রয়োজনীয় একটা বিল। ব্রেনওয়্যার সম্পর্কে মানুষের ধ্যানধারণা আছে, আপনারা অনেকে বললেন প্রযুক্তি হলে আপত্তি নেই। ব্রেনওয়্যার আরম্ভই তো করেছিল প্রযুক্তি দিয়ে। ব্রেনওয়্যার সম্পর্কে জানেন যে আপনাদের পাশেই তো ছিল। এটা ১৯৯০ সাল থেকে চলছে। ব্রেনওয়্যার তো আজকে সৃষ্টি হয়নি। তখন LCC আর ব্রেনওয়্যারের প্রতিযোগিতা ছিল আমরা জানি না নাকি? যাঁরা পড়াশোনা করি তাঁরা নিশ্চয়ই জানি, যাঁরা পড়াশোনা না করে শুধু চিৎকার করে তাঁরা কিছু জানেন না। নাহলে ব্রেনওয়্যারের নাম জানে না কে? তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবুকে

জিজ্ঞাসা করবেন তো যে ব্রেনওয়্যারের নাম জানেন, কি জানেন না। জিজ্ঞাসা করবেন তো সুদর্শনবাবুকে যে জানেন, কি জানেন না। সবাই জানেন ব্রেনওয়্যারের নাম। সারা পশ্চিমবঙ্গব্যাপী এমন কোনো জায়গা নেই যেখানে তাদের কোনো সেন্টার নেই। আপনি বলছেন, ব্রেনওয়্যার জানেন না। ব্রেনওয়্যার যখন আমাদের কাছে এসেছিল, আমাদের দপ্তর থেকে অনেক ভেবেচিন্তে বাংলা থেকে ওঠা একটি যুবক সে এটাকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে... আমরা অনেক পরীক্ষা-নিরীক্ষা করবার পর পশ্চিমবাংলা থেকে উঠে আসা একটি কলেজকে ইউনিভার্সিটি করবার সুযোগ দিয়েছি। এবং আমরা মনে করি আমরা সঠিক কাজ করেছি। আপনারাও আমাদের সমর্থন করুন। যদি এর মধ্যে কোনোরকম অনিয়ম হয়, কোনোরকম বেআইনি কাজ হয়, আমরা সম্মিলিতভাবে তাদের ধরবো। ধরবার সুযোগ আছে। এই বিলটি যদি আপনারা ভালো করে পড়েন, তাহলে এই বিলের মধ্যে রয়েছে, যে, ১০ কোটি তাদের জমা রাখতে হবে। এগুলো রয়েছে। একটা পেনাল্টি ক্লজ রয়েছে। আমি BA কমিটির সময় আনিসুর রহমান আমাকে জিজ্ঞাসা করেছিলেন, আগে তো সূর্য্যবাবু বলতেন। আপনারা এই বিলের ২৬ নম্বর ধারা করুন। ধারা না পড়েই আপনারা বলছেন যে, এরা কিরকমভাবে কাজ করবে, এখানে সরকারের কোনো ক্ষমতা নেই। ২৬ ধারাতে তো বলেই দেওয়া আছে রেগুলেটরি কমিশন আছে। এরা কিভাবে কাজ চালাবে, তার জন্য মনিটরিং-এর ব্যবস্থা আছে। আপনারা বলুন না সেখানে। এবং আমরা এখন — যেহেতু সেটা গঠন যদি না হয়, তাহলে সেটা উচ্চশিক্ষা দপ্তর দেখবে। আর আপনি একটা বেসিকেলি ভুল করছেন। আমরা বিধায়ক — জনপ্রতিনিধি। আর যারা করে তারা হচ্ছে সরকারি অফিসার। সরকারি অফিসারদের গোপনীয়তা দেখার অধিকার আমাদের সবসময় থাকে না। সব বিষয়ে থাকে না। যে বিষয়ে টেবিল্ড হয় সে বিষয়ে আমরা টেবিল করি। এবং এক্ষেত্রেও আমার তো মনে হয় না কোনোরকম পেছনের দরজা ব্যবহার হয়েছে — আপনি বলবেন। আপনারা ছ'টা মন্ত্রী করেছেন, ছ'জনকে রেখেছেন, ছ'মাথায় — ছ'দিকে গেছে। কিন্তু আমাদের একটা মাথা আছে। সুতরাং আর তার উপরে একটা মাথা আছে। আমরা জানি কিভাবে কাজ করতে হয়। বুঝতে পেরেছেন। আমাদের—ওই চিৎকারটাই করবেন, কিছুদিন ধরে। করে যান এটা। আর তো চার-পাঁচ মাস আছে, তারপর তো এখানে আর্ধেক দেখতে পাবো না। মাঝেমধ্যে দেখা করতে আসবেন। ...(নয়েজ)... যাকগে এইটা, আমি আপনাদের সকলকেই বলব যে, এখানেও একটা জিনিস দেখুন, ৫০ শতাংশ বলা আছে যে, অশিক্ষক কর্মচারীদের যাদের নিয়োগ হবে তাদের ৫০ শতাংশ সেই অঞ্চলের লোক হবে স্থানীয়ভাবে। এবং আমি দেখেছি হিসেব করে দেখেছি যে, প্রায় ২৫০ জনের মতো অশিক্ষক কর্মচারীদের সুযোগ আছে কর্মসংস্থানের। এছাড়া ইনভেস্টমেন্ট আছে। সরকার তো সব কাজ করতে পারবে না। এটা তো জানেন। সরকারের হাতে টাকা কই। দিন না টাকা কিছু। সরকারের হাতে টাকা কোথায়? বন্যা গেল সেখানে দেড় হাজার কোটি টাকা আমাদের সরকার থেকে খরচা করতে হল। কেন্দ্রীয় সরকার তো এখনও পর্যন্ত দেয়নি। অসীম দাশগুপ্ত তো দলবল নিয়ে গিয়েছিলেন হিসেব নিতে। একবার দলবল নিয়ে হিসেব নিয়ে আসুন না যে, টাকাটা কেন দেওয়া হল না। আপনারা গেলেন, বন্যাত্রাণের ব্যাপারে মিটিং করতে, প্রথমে সূর্য্যবাবু গেলেন, তারপরে অসীমবাবু গেলেন, গিয়ে হিসেব চাইলেন, কিভাবে কি খরচা হচ্ছে।

কিন্তু সেই টাকা যে কেন্দ্রীয় সরকার দিল না তার জন্য তো আপনারা একবার সবাই মিলে বললেন না যে, কেন টাকা দেওয়া হচ্ছে না পশ্চিমবাংলাকে। সুতরাং এগুলো হচ্ছে আপনাদের গিমিক। কাগজে বেঁচে থাকা। কাগজে বেঁচে থাকার — বাইট দেওয়ার হিড়িক — এছাড়া আপনাদের কিছু নেই। আমি আপনাদের বলব — এটা একটা উন্নয়নের সময়, ছাত্রদের ভাগ্য নিয়ে খেলবেন না। ছাত্র-ছাত্রীদের ভাগ্য নিয়ে খেলাটা অনুচিত হবে। এবং আমাদের এই রাজ্যে এখন সাড়ে চার লক্ষ আছে, আমরা আরও দু'লক্ষ বাড়াবো। সিট বাড়াবো। যাতে সমস্ত ছাত্রছাত্রীরা তাদের মেধা, সে দরিদ্র থেকে শুরু করে ধনী পর্যন্ত সকলেই এই রাজ্যে যাতে পড়াশুনার সুযোগ পায়, ইউনিভার্সিটিতে পড়তে পারে, কলেজে পড়তে পারে — সবদিকটা। আর আপনাদের টিচার নিয়ে মাথা ঘামাতে হবে না। আপনাদের মতো কম টাকা দিয়ে আমরা এক্সপ্লয়টেশানটা করব না। আমরা তাই কিছুই নেব না। যতক্ষণ না পর্যন্ত পরীক্ষা নিয়ে টিচার নিয়োগ না করতে পারি। আপনাদের মতো পাড়ায় পাড়ায় পকেট থেকে নিয়ে টিচার নাম দিতে আমরা পারব না। আমি তাই সকলকে অনুরোধ করি যে, আসুন এই ইউনিভার্সিটি বিলটাকে সর্বসম্মতিক্রমে পাস করান এবং বাংলার মঙ্গল হবে — বাংলার ছাত্রসমাজের মঙ্গল হবে। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The question before the House is that the Brainware University Bill, 2015 be taken into consideration. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

Clauses 2 to 45

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 45. So I put Clauses 2 to 45 do stand part of the Bill. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

Schedule

Mr. Speaker : There is not amendment to Schedule of the Bill. So I put Schedule of the Bill do stand part of the Bill. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

Clause 1, The Enacting Formula, Preamble and The Title of The Bill

Mr. Speaker : There is no amendment to clause 1, the Enacting formula, the Preamble and the Title of the Bill. I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the Brainware University Bill, 2015, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Brainware University Bill, 2015, as settled in the Assembly, be passed. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Adjournment

The House was then adjourned at 2.52 p.m. till 11.00 a.m. on Tuesday, the 15th December, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 15th December, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair and 209 Members including Minister-in-Charge and Minister of State.

[11.00 – 11.10 a.m.]

Mr. Speaker : Now Starred Question No. 9. Dr. Surjya Kanta Mishra.

(At this stage, Hon'ble Member Shri Anisur Rahaman rose to speak.)

...NOISE...

Mr. Speaker : This question was put by Dr. Surjya Kanta Mishra. He is not here. I allow Hon'ble Member, Shri Anisur Rahaman to put this question. Give a reply to this.

Starred Questions
(to which oral answer were given)

শালবনীতে ইস্পাত কারখানা নির্মাণ

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫) **ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শালবনীতে জিন্দালদের ইস্পাত কারখানা নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত কারখানায় উৎপাদনের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

ডঃ অমিত মিত্র :

স্যার আপনার অনুমতি নিয়ে (ক) এবং (খ) দুটি পার্টই একসঙ্গে করে উত্তর দিচ্ছি, যদি আপনি দয়া করে আমাকে অ্যালাউ করেন।

(ক) ও (খ) : এম.ও.এ. স্বাক্ষরিত হয় ২০০৭-এ বামফ্রন্ট সরকারের সময়। কিন্তু ২০১১ সালে আমরা সরকারে আসার পরে, প্রকল্পের অগ্রগতি রিভিউ করতে গিয়ে আশ্চর্য হলাম যে, বামফ্রন্ট সরকারের চার বছর সময়ে কাজের কোনো অগ্রগতি হয়নি।

কাঁচামাল জোগানের ক্ষেত্রে সমস্যা দূরীকরণে আমাদের সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করে (কয়লা ও আকরিক লোহার জন্য)—

(১) কয়লার মাইনিং প্ল্যান কেন্দ্রীয় সরকারের থেকে অনুমোদনের জন্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয় এবং তা সফল হয়।

(২) এই শিল্প কারখানাটিকে সচল করার লক্ষ্যে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে প্রয়োজনীয় পরিবেশ ছাড়পত্র বা এনভায়রনমেন্টাল ক্লিয়ারেন্স আনতে সাহায্য করি এবং তাও সফল হয়।

(৩) কেন্দ্রীয় সরকার থেকে মাইনিং প্ল্যান অনুমোদন হওয়ার পরে আমরা তিনটি কয়লা খনিতে (ইছাপুর, কুলটি, সীতারামপুর) মাইনিং লীজ দেওয়ার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করি। কিন্তু, মহামান্য সুপ্রীম কোর্টের আদেশ অনুযায়ী ভারতবর্ষের সব কটি কয়লা ব্লক ডিঅ্যালোকেটেড হয়ে যায়, যার মধ্যে এই তিনটি কয়লা ব্লকও ছিল। সেইহেতু, এই প্রোজেক্টের কাজ ব্যাহত হয়।

(৪) আকরিক লোহার জোগানের অভাবেও সামগ্রিকভাবে ইস্পাত শিল্পের সমস্যা হয়, যা এই প্রোজেক্টের কাজকেও ব্যাহত করে। আকরিক লোহার জোগানের ক্ষেত্রে সমস্যা দূরীকরণের জন্য একটি জাতীয় নীতি রূপায়ণের প্রস্তাব-সম্বলিত চিঠি মাননীয়া মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে লেখেন।

(৫) এছাড়াও, কর্মসংস্থানের কথা চিন্তা করে সরকার 'জে.এস.ডব্লিউ. গ্রুপ'কে দুইটি ৬৬০ মেগাওয়াটের বিদ্যুৎ উৎপাদনের প্ল্যান্ট (১৩২০ মেগাওয়াট) সুপার ফিজিক্যাল প্ল্যান্ট তৈরি করতে সচেষ্ট হতে বলেন যা তারা মেনে নেন এবং কাজ শুরু করার জন্য উদ্যোগী হন। এই প্ল্যান্ট তৈরির কাজটি ইছাপুর কোল ব্লকের সঙ্গে লিঙ্কড ছিল যা মহামান্য সুপ্রীম কোর্টের আদেশ অনুযায়ী ডিঅ্যালোকেটেড হয়ে যায়।

(৬) ইতিমধ্যে, কর্মসংস্থানের কথা ভেবে, রাজ্য সরকার আরো একটি উদ্যোগের প্রস্তাব 'জে.এস.ডব্লিউ. গ্রুপ'কে দেন। একটি সিমেন্ট প্ল্যান্ট তৈরি করার প্রস্তাব সরকার করেন যা বাস্তবায়িত হতে চলেছে। এই প্রস্তাবিত সিমেন্ট প্ল্যান্টটির উৎপাদন ক্ষমতা বছরে ২৪ লক্ষ টন হবে। আমরা আশাবাদী জানুয়ারী, ২০১৬-এর, মধ্যে এর কাজ শুরু হয়ে যাবে।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে পরিকাঠামোগত অনেক লক্ষ্যণীয় উন্নয়ন শুরু হয়েছে এই ইস্পাত কারখানায়। এর মধ্যে, বেশ কয়েকটি কাজ শেষও হয়েছে, যেমন—

(১) ৩৪ কিলোমিটার দীর্ঘ সীমানা প্রাচীর;

(২) ৩০০ জন ইঞ্জিনিয়ারের জন্য আবাসন;

(৩) ৬.৫ কিলোমিটার দীর্ঘ অভ্যন্তরীণ (Internal) রাস্তা;

(৪) নির্মাণ কাজে বিদ্যুৎ জোগানের জন্য Power Sub-Station;

(৫) স্বাস্থ্য পরিষেবা প্রদানের জন্য ২৫,০০০ মানুষ উপকৃত হচ্ছে স্বাস্থ্যকেন্দ্রের মাধ্যমে;

(৬) নিকটবর্তী ১৩টি গ্রামে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে।

আমরা আশাবাদী যে কাঁচামাল জোগানের জট কেটে গেলেই মূল ইস্পাত কারখানা নির্মাণের কাজ শুরু হবে।

*10 : Not Responded.

শ্রমিকদের ন্যূনতম অধিকার

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯) **শ্রী বাসুদেব খাঁ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

শ্রমিকদের ন্যূনতম অধিকার রক্ষার জন্য সরকার কী কী ব্যবস্থা নিয়েছে/নিচ্ছে?

শ্রী মলয় ঘটক :

স্যার, আমাদের দপ্তর মোটামুটি ২৩টি আইন বলবৎ করে, যে আইনগুলো হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট, ট্রেড ইউনিয়ন অ্যাক্ট, পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট, ইন্ডাস্ট্রিয়াল এমপ্লয়মেন্ট স্ট্যান্ডিং অর্ডার, মিনিমাম ওয়েজেস অ্যাক্ট, ফ্যাক্টারিস অ্যাকট, প্ল্যানটেশান লেবার অ্যাক্ট, ওয়ার্কিং জার্নালিস্ট অ্যান্ড আদার নিউজ পেপার এমপ্লয়িস অ্যাক্ট, মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কার্স অ্যাক্ট, ওয়েস্ট বেঙ্গল শপ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট, পেমেন্ট অফ বোনাস অ্যাক্ট, বিড়ি অ্যান্ড সিগার ওয়ার্কার্স অ্যাক্ট, কন্ট্রাক্ট লেবার অ্যাক্ট, পেমেন্ট অফ গ্র্যাচুইটি অ্যাক্ট, সেল্‌স প্রোমোশানস এমপ্লয়িস অ্যাক্ট, ইক্যুয়াল রেম্যুনারেশান অ্যাক্ট, ইন্টার স্টেট মাইগ্রেন্ট ওয়ার্কার্স অ্যাক্ট, চাইল্ড লেবার অ্যাক্ট, বিল্ডিং অ্যান্ড আদার কনস্ট্রাকশান-আর.এম.পি. অ্যাক্ট, ডব্লু.বি. ওয়ার্কার্স হাউস রেন্ট অ্যালাউন্স অ্যাক্ট, ওয়েস্ট বেঙ্গল সাবসিসটেন্স অ্যালাউন্স অ্যাক্ট, ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফান্ড এবং ওয়েস্ট বেঙ্গল আন-অর্গানাইজ্‌ড সেক্টর ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফান্ড। এর মধ্যে মূলতঃ চারটি আইনের উপরে দপ্তর থেকে জোর দেওয়া হয় — সেগুলি হচ্ছে ন্যূনতম মজুরি আইন, শিল্প বিরোধ আইন, ঠিকা শ্রমিক দূরীকরণ আইন এবং গ্র্যাচুইটি প্রদান আইন। ৬১টি শিল্প ক্ষেত্রে মিনিমাম ওয়েজেস ছিল। সেই ৬১টি ক্ষেত্রে আগেকার সরকারের সময় ২৮ বছর কোন মিনিমাম ওয়েজেস বাড়ানো হয়নি। এই সরকার আসার পরে সেই ৬১টি শিল্প ক্ষেত্রে মিনিমাম ওয়েজেস বাড়ানো হয়েছে এবং ৩০টি নতুন শিল্প ক্ষেত্রকে এর তালিকাভুক্ত করা হয়েছে। এই সংযোজিত ৩০টি ক্ষেত্রে ন্যূনতম মজুরি আইন নির্ধারণের কাজ চলছে। শ্রমিকদের বিভিন্ন দাবি, তাদের কর্মচ্যুতি-ছাঁটাই নিয়ে বিরোধ উপস্থাপিত হলে শিল্প বিরোধ আইন অনুযায়ী তা নিষ্পত্তি করা হয় এবং গত আর্থিক বছরে ৯৫১টি শিল্প বিরোধের নিষ্পত্তি হয়েছে।

[11.10 — 11.20 a.m.]

৪৭টি ক্ষেত্রে বিচার পদ্ধতির দ্বারা নিষ্পত্তির জন্য শ্রম আদালতে পাঠানো হয়েছে। ন্যূনতম মজুরী আইনে গত ১৪-১৫ বর্ষে ৫৫৮১টি সংস্থার পরিদর্শন করা হয়েছে। আইনভঙ্গকারীদের বিরুদ্ধে ১৩৪১টি ক্ষেত্রে আদালতে অভিযোগ দায়ের করা হয়েছে। ৪৮টি তালিকাভুক্ত কর্মসংস্থান ক্ষেত্রে ন্যূনতম মজুরীর হার নির্ধারণ এবং পুনর্নির্ধারণ করা হয়েছে। প্রতিটি ক্ষেত্রে ক্যালোরির হিসাব।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি যে রিপ্লাইটা লে করেছেন তাতে এসব কিছুই নেই। আপনি পড়ে যাচ্ছেন Nothing has been laid। আপনি যেটা লে করছেন তাতে কিন্তু এটা কিছুই নেই। আর আপনি অ্যাডিশনাল কোথা থেকে বলছেন আমি বুঝতে পারছি না। আপনি confine করবেন কোয়েশ্চেনে যা লে করা রয়েছে তার মধ্যে। সাপ্লিমেন্টারী করলে আপনি উত্তর দেবেন। আপনি এত দীর্ঘ উত্তর দিচ্ছেন কিন্তু আপনার লে করা কিছুই নেই।

সাপ্লিমেন্টারী বলুন, প্লিজ।

শ্রী মলয় ঘটক : আমি ওনাকে সম্পূর্ণভাবে উত্তরটা দিয়ে দিচ্ছি।

মিঃ স্পীকার : উনি জানতে চাইলে আপনি বলবেন। আপনি যেটা লে করা হয়নি সেটা বলে যাচ্ছেন। উনি যদি প্রশ্ন করেন সাপ্লিমেন্টারী, বলবেন। আর আপনি আমার অনুমতিও চাননি যে আমি বলবো অ্যাডিশনাল কিছু।

ঠিক আছে আপনি সাপ্লিমেন্টারী করুন।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অবগত করতে চাইছি। আমি যা প্রশ্ন করেছিলাম, যে শ্রমিকদের ন্যূনতম অধিকার রক্ষার জন্য কী কী ব্যবস্থা নিয়েছেন?

উনি এক কলামে কয়েকটা বিষয় শুধু উল্লেখ করেছেন। আপনি যেটা বলছেন, এটা কোনো সময়েই আমাদের কাছে আসেনি এবং সেটা 'লে'ও করেননি। যাই হোক, আপনি নিজের মতো করে বলেছেন। সেটা আমার জানার বিষয় নয়। আপনি আপনার নিজের মতো করে বললেন।

আমার প্রশ্ন হচ্ছে, যে আপনি শ্রমিকদের জন্য কথা এত ভেবেছেন, এত আইনের কথা আপনি বললেন সবটাই ঠিকই আছে। আইনের বাইরে তো আপনি চলতে পারবেন না। আমার প্রশ্ন, যে বন্ধ কলকারখানার শ্রমিকদের জন্য ফাউলাই নামক একটা প্রকল্প আছে। এই প্রকল্পতে ১৫০০ টাকা করে প্রতি মাসে যে সমস্ত কলকারখানা বন্ধ হয়ে যায় তাদের শ্রমিকদের তাতে টাকাটা দেওয়া হয়। তাহলে এখনো পর্যন্ত কতজন শ্রমিককে এই টাকা দেওয়া হয়েছে সেটা আপনি বলুন।

শ্রী মলয় ঘটক : ফাউলাই আইনের মাধ্যমে আমাদের রাজ্যে প্রতি শ্রমিক একটি কারখানা বন্ধ হওয়ার ঠিক এক বছর পরের থেকে দেড় হাজার টাকা করে তারা পেয়ে থাকেন এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী চা-বাগানের ক্ষেত্রে সেই এক বছরের যে সীমা সেটাকে কমিয়ে দিয়ে তিন মাস করে দিয়েছেন। এতে যে টোটাল পরিমাণ আমারা দিই সেই টোটাল পরিমাণটা এক্ষুনি আমার কাছে নেই তবে আমি আপনার কাছে এটা পাঠিয়ে দেবো।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন, আমি তো উত্তর পাচ্ছি না। তাহলে উনি মেনেই নিয়েছেন যে আমাদের রাজ্যে কলকারখানা-আমাদের শিল্প বন্ধ হয়েছে এবং পরিসংখ্যান উনি বলতে পারলেন না, কতজন শ্রমিককে দেওয়া হয়েছে

আর একটা উল্লেখ করলেন যে এক বছরের বদলে তিন মাসে এটা দেওয়া হচ্ছে মানে কমিয়ে আনা হয়েছে। আমার কথা হচ্ছে, চায়ের ক্ষেত্রে তাহলে এই যে কমিয়ে নিয়ে আসা হল, যেখানে হাজার হাজার শ্রমিক আজকে চা-বাগানে অনাহারে অর্ধাহারে থাকছে। এই কমিয়ে আনার কারণটা কি আপনি উল্লেখ করবেন?

শ্রী মলয় ঘটক : চা-বাগানের ক্ষেত্রে বিগত দশটি শ্রম চুক্তি যদি আপনি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে আপনাদের সময়ে তার মধ্যে ৮টি চুক্তি হয়েছিল এবং এই ৮টি চুক্তির কোনো চুক্তিতেই ৪ টাকার বেশি বাড়েনি। সবথেকে বেশি যেটাতে বেড়েছিল সেটা হচ্ছে ৪ টাকা। দুটি ক্ষেত্রে আপনাদের এই পারিশ্রমিক কমিয়ে দেওয়া হয়েছিল। সাড়ে ৮ টাকা থেকে কমিয়ে ৫ টাকা করা হয়েছিল। আবার একবার ১১ টাকা যখন উঠেছিল তখন কমিয়ে দিয়ে ৮ টাকা করে দেওয়া হয়েছিল। তারপরে এই সরকার আসার পরে দুটি চুক্তি হয়েছে এবং সেটা ৬৭ টাকা তারা যখন পারিশ্রমিক পেতেন, তারপরে এখন ১৩২ টাকা করে তারা পাচ্ছেন। এছাড়াও ওয়েস্ট বেঙ্গল প্ল্যানটেশান ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফান্ড বলে একটি আইন তৈরি হয়েছে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে ১০০ কোটি টাকা সেই ফান্ডে দেওয়া হয়েছে এবং আমরা চা-বাগানের যারা কর্মী রয়েছেন তাদের ওয়েলফেয়ারের জন্য সেই কাজ করছি এবং রাজ্যের অন্যান্য যে সমস্ত দপ্তর আছে — যেমন খাদ্য দপ্তর থেকে দুই টাকা কিলো চাল এবং তিন টাকা কিলো গম—এটা শ্রমিকদের মধ্যে বিলি করা হচ্ছে। ...(নয়েজ)... এছাড়াও পানীয় জলের ক্ষেত্রে প্রত্যেকটি বাগানে পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ পাবলিক হেল্‌থ ডিপার্টমেন্ট করছে হেল্‌থ ডিপার্টমেন্ট থেকে সেখানে ওষুধপত্র পৌঁছে দেওয়া এবং ক্যাম্প, ডিসপেনসারি তৈরি করা হচ্ছে। প্রত্যেকটা বাগানে সেখানে মোবাইল ভ্যান গিয়ে শ্রমিকদের চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে এবং সর্বোপরি আমাদের রাজ্যে আপনি জানেন যে মাননীয়া মুখ্যমন্ত্রী ইতিমধ্যে রাজ্যের সমস্ত সরকারী হাসপাতালে চিকিৎসা বিনা পয়সায় করে দিয়েছেন। ...(নয়েজ)... আপনাদের সময়ের মতো একদিকে পে-বেড আর এক দিকে ফ্রি-বেড, একদিকে ভালো খাবার, আর একদিকে খারাপ খাবার, একদিকে ভালো ওষুধ, আর একদিকে খারাপ ওষুধ — এটা কিন্তু এই সরকারের সময় নেই। মাননীয়া মুখ্যমন্ত্রী সমস্ত চিকিৎসা ব্যবস্থা বিনা পয়সায় করে দেওয়ার ব্যবস্থা করেছেন। সুতরাং চা-বাগানে কোনো শ্রমিক সেটা বন্ধই হোক বা খোলাই হোক তাদের খাদ্য থেকে শুরু করে, স্বাস্থ্য পরিষেবা থেকে শুরু করে — এই সরকার আসার পরে যথেষ্টভাবে ব্যবস্থা নেওয়া হয়েছে। আপনাদের চিন্তার কোনো কারণ নেই।

মিঃ স্পীকার : *কোশ্চেন নাম্বার ১৩-তে মমতা রায় চা-শিল্পের উপরে একটা প্রশ্ন করেছেন। চা-এর উপরেই প্রশ্ন হচ্ছে বলে আপনি মমতা রায়ের প্রশ্ন *১৩টা নিন। আমি সাপ্লিমেন্টারি সব একসঙ্গে নেব। আমি মাননীয়া সদস্যাকে কোশ্চেন করতে বলছি।

ডুয়ার্সের চা-বাগান

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯) **শ্রীমতী মমতা রায় :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডুয়ার্স অঞ্চলে চালু চা-বাগানের সংখ্যা কত;

(খ) উক্ত বাগানগুলিতে নিযুক্ত স্থায়ী চা-শ্রমিকের সংখ্যা কত; এবং

(গ) বন্ধ চা-বাগান শ্রমিকদের অন্য কাজ প্রদানের কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী মলয় ঘটক :

প্রশ্ন ঃ (ক) ডুয়ার্স অঞ্চলে চালু চা-বাগানের সংখ্যা কত?

উত্তর ঃ ১৪২টি।

প্রশ্ন ঃ (খ) উক্ত বাগানগুলিতে নিযুক্ত চা-শ্রমিকের সংখ্যা কত?

উত্তর ঃ ১,৭৬,৩৭৯ জন।

প্রশ্ন ঃ (গ) বন্ধ চা-বাগান শ্রমিকদের জন্য রাজ্য সরকার MGNREGA Scheme-এর মাধ্যমে বিকল্প কোন পরিকল্পনা সরকারের আছে কি?

উত্তর ঃ বন্ধ চা-বাগান শ্রমিকদের জন্য খাদ্য দপ্তর MGNREGA Scheme-এর মাধ্যমে বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করে চলেছে।

এছাড়াও বন্ধ চা-বাগান শ্রমিকদের জন্য খাদ্য দপ্তর AAY Scheme-এ ২ টাকা কেজি দরে চাল-গম দেয়। শ্রম দপ্তর মাসে শ্রমিক পিছু ১৫০০ টাকা করে FAWLOI Scheme-এ আর্থিক সহায়তা দেয়। পঞ্চায়েত দপ্তর, আদিবাসী উন্নয়ন দপ্তর এবং নারী ও শিশু কল্যাণ দপ্তর বিভিন্নরকম পেনশন দেয়। স্বাস্থ্য দপ্তর বন্ধ চা-বাগানে ভ্রাম্যমাণ স্বাস্থ্য-পরিষেবা যান (Mobile Medical Unit) চালু করেছে, যেখান থেকে বিনামূল্যে ওষুধ ও স্বাস্থ্য পরিষেবা পাওয়া যায়। জরুরী প্রয়োজনে সাংঘাতিকভাবে অসুস্থ ব্যক্তিকে হাসপাতালে পাঠানো হয় ও পুষ্টিকর খাদ্য দেওয়া হয়। বিদ্যুৎ দপ্তর সকলের বাড়িতে বিদ্যুৎ সংযোগ চালু করেছে। শিক্ষা দপ্তর বিদ্যালয়গুলিতে পাঠরত ছাত্র-ছাত্রীদের Mid-day-Meal দেয়। সহায় প্রকল্প দুঃস্থদের, অনাথদের রান্না করা খাবার দেওয়া হয়।

শ্রীমতী মমতা রায় : স্যার, যে সমস্ত কথা এখানে লেখা আছে, বর্তমানে যে খাদ্য দেওয়া হচ্ছে যে পুষ্টির জন্য সেই চালটা একেবারে নিম্নমানের, গমও নিম্নমানের, ১৫০০ টাকা আগের সরকার দিয়েছেন, স্বাস্থ্যের বেহাল অবস্থা—তার মধ্যে থেকে আমি আরও একটা প্রশ্ন করতে চাইছি ওনাকে যে, ২০১১-র মে অদ্যাবধি এ পর্যন্ত অনাহারে বিনা চিকিৎসায় কতজন শ্রমিক মারা গিয়েছেন?

[11.20 — 11.30 a.m.]

শ্রী মলয় ঘটক : আমি ওনার জন্য বলি, যে ব্যবস্থাগুলির কথা আমি উল্লেখ করলাম, আজ থেকে সাড়ে চার বছর আগে আপনাদের সময় এর একটাও ছিল না। এই সমস্ত ব্যবস্থাগুলি এই সরকার আসার পর নেওয়া হয়েছে এবং আপনার অবগতির জন্য জানাই যে বিনা চিকিৎসায় এবং অনাহারে একজনও চা-শ্রমিকের মৃত্যুর ঘটনা ঘটেনি। আমাদের কানে এসে পৌঁছায়নি।

...(গোলমাল)...

...(এই সময় লেফ্‌ট ফ্রন্টের মাননীয় সদস্যরা নিজ আসন থেকে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।)...

মিঃ স্পীকার : Please, take your seat. Next Supplementary. দাঁড়াবেন না। Please, take your seat.

শ্রীমতী মমতা রায় : বর্তমানে অনাহারে মৃত্যুর মিছিল চা-বাগানে প্রতিনিয়ত চলছে। ওনার কাছে আমার জিজ্ঞাস্য যে, বর্তমানে কতজন শ্রমিক অপুষ্টিতে মারা গিয়েছে? গতকালও সেই বন্ধ চা-বাগানের শ্রমিক মারা গিয়েছে।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : আপনি সাপ্লিমেন্টারি করুন। নাহলে আমি নেক্সট সাপ্লিমেন্টারি নেব, নেক্সট কোয়েশ্চেনে চলে যাব। আপনি সাপ্লিমেন্টারি করার থাকলে করুন।

...(গোলমাল)...

শ্রীমতী মমতা রায় : বন্ধ চা-বাগানের শ্রমিক, যারা অপুষ্টিতে মারা গেলেন, তাদের যে খাদ্য প্রদান করা হচ্ছে, যে খাদ্য বা চিকিৎসা দেওয়া হচ্ছে, সেখানে যে চিকিৎসা করা হচ্ছে, তা একদম নিম্নমানের। সবাই চিকিৎসা পাচ্ছে না। আপনারা যদি চা-বাগানে গিয়ে থাকেন, তাহলে অবশ্যই নিজেদের চোখে দেখে আসতে পারবেন। চা-বাগানগুলো যে বন্ধ আছে, সেই বন্ধ চা-বাগান ...(এই সময় মাইক অফ্ হয়ে যায়)...

মিঃ স্পীকার : প্রশ্নোত্তর পর্বে ভাষণ দেওয়া চলে না। আপনার প্রশ্ন করার থাকলেও আপনি প্রশ্ন করলেন না।

...(গোলমাল)...

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, চা-বাগানে আমরা যা দেখছি, তাতে দেখা যাচ্ছে ২৫৮ জন শ্রমিক starvation-এ মারা গেছে। আজকের কাগজেও আছে দুজন মারা গেছে। এখানে শ্রমিকদের জন্য Tea Plantation Employees-Welfare Fund করা হয়েছিল, বিল পাশ হয়েছিল, সেখানে ১০০ কোটি টাকা প্রভিসান রাখা হয়েছিল, সেই একশো কোটি টাকার ফান্ড থাকা সত্ত্বেও কীভাবে ২৫৮ জন শ্রমিক সেখানে starvation-এ মারা গেল, একটু কাইন্ডলি মাননীয় মন্ত্রিমহোদয়কে বলার জন্য অনুরোধ করছি।

শ্রী মলয় ঘটক : আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, উনি starvation-এ মারা গেছে, এইরকম যদি একটাও কাগজ উনি আজকে বিধানসভায় দেখাতে পারেন, তাহলে আমি মেনে নেব।

মিঃ স্পীকার : আপনি প্রশ্ন করেছেন, উনি উত্তর দিচ্ছেন। You have to listen to the answer quietly.

শ্রী মলয় ঘটক : কী কারণে মারা গেছে, এটা স্যার হাসপাতল ডেথ সার্টিফিকেট দেয়, ডাক্তার ডেথ সার্টিফিকেট দেয় এবং সেই ডেথ সার্টিফিকেটে cause of death লেখা থাকে। এখনও পর্যন্ত সেইরকম কোনো খবর আমাদের কাছে নেই যে খাদ্যের অভাবে চা-বাগানের কোনো শ্রমিক মারা গেছে।

...(গোলমাল)...

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে জানতে চাইছি, সরকারি নিয়ম-কানুন যা আছে No starvation death, no malnutrition death, no lack of treatment, ও তো আছে। এদের সময়ও এরা বলত, আপনাদের সময় আপনারা বলছেন। "What is the real situation? Whether there is death? মৃত্যুর মিছিল চলছে কিনা আপনি বলুন।

শ্রী মলয় ঘটক : স্যার, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, যে কোনো মৃত্যুই দুঃখজনক। কারও কাছে মৃত্যু কাম্য নয়। আমাদের দেশের মৃত্যুর হার ৭ শতাংশ। আর ওয়েস্টবেঙ্গলে সেটার হার হল ৬.৫ শতাংশ। আর চা-বাগান অঞ্চলে ১১ লক্ষ মানুষ বসবাস করেন। সুতরাং স্বাভাবিক মৃত্যু হতেই পারে। কিন্তু আমাদের কাছে স্টারভেশনে মৃত্যু হয়েছে, এই ধরনের কোনো তথ্য নেই এবং কোনো খবর নেই।

শ্রী অশোক ঘোষ : স্যার, পরিস্থিতি যা দেখছি, অনাহারে মৃত্যু হলে খুশি হতেন। এঁরা প্রশ্ন করছে শুধু সমালোচনা করার জন্য। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি, ২০১১ সাল থেকে প্রশ্ন হচ্ছে। ২০১১ সালের আগে এই চা-বাগানের শ্রমিকদের অনাহারে মৃত্যু সংক্রান্ত কোনো পরিসংখ্যান আছে কি?

...(নয়েজ)...

শ্রী মলয় ঘটক : আপনার মাধ্যমে জানাই যে, আমি এখনই আপনাকে কোনো পরিসংখ্যান দিতে পারব না। তবে আমি যখন বিধানসভার সদস্য ছিলাম তখন বামফ্রন্টের যিনি মন্ত্রী ছিলেন তিনি বিধানসভাতে বিবৃতি দিয়েছিলেন যে, একহাজার জন চা-শ্রমিকের মৃত্যু হয়েছে।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার যেটা প্রশ্ন সেটা হল, উনি বলেছেন, FAWLOI প্রকল্পে যেটা, অন্য জায়গার ক্ষেত্রে এক বছর আর চা-বাগানের ক্ষেত্রে তিন মাস। এটা মাননীয়া মুখ্যমন্ত্রী করেছেন যেটা উনি এখানে বলেছেন। আমার পয়েন্ট হচ্ছে যে, চা-বাগানগুলি সাসপেনশান অফ ওয়ার্ক, লক-আউট ঘোষণা হয় তাহলে কিন্তু শ্রমিকরা এগুলি পায় অর্থাৎ এলিজেবল নতুবা এলিজেবল নয়। এই যে ১৬টি চা-বাগান বন্ধ হয়েছে, এগুলি বন্ধই হয়েছে সেখানে সাসপেশান অফ ওয়ার্ক, লক-আউট ঘোষণা হয়নি। আট মাস ধরে বন্ধ আছে। আপনার যে তথ্য যে, তিন মাস পরে তারা FAWLOI-এর টাকা পাবে, FAWLOI-এর টাকা পাওয়ার জন্য তারা এলিজেবল নয়। ফলে তারা মরছে। বিনা খাবারে, বিনা ওষুধে, বিনা চিকিৎসায় মরতে বাধ্য তারা। কারণ তারা টাকা পাচ্ছে না। ফলে আমার যেটা স্পেসিফিক প্রশ্ন, এই যে মালিকরা লক-আউট ঘোষণা করছে না, সাসপেনশান অফ ওয়ার্ক ঘোষণা না করেই চা-বাগান বন্ধ করে দিয়ে চলে যাচ্ছে। এটার বিরুদ্ধে সরকার কোনো ব্যবস্থা নিতে পারছে কিনা। সরকারি কি ব্যবস্থা নেওয়ার চেষ্টা করছেন? এখানে স্পেসিফিক করা যেতে পারে সেটাও করেছেন কিনা যে, কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করতে

পারে। আবার রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়ে সেটা অধিগ্রহণ করে। আর যদি অধিগ্রহণ না করে তাহলে চা-শ্রমিক বাঁচবে না, চা-বাগানগুলি বাঁচবে না। এরকমভাবে দুর্নীতিগ্রস্ত মালিকরা শুধুমাত্র বন্ধ করে দিয়ে চলে যাবে, তাদের লাভের পাহাড় তৈরি করার জন্য। এ বিষয়ে কী ব্যবস্থা নিচ্ছেন, কাইন্ডলি বলবেন।

শ্রী মলয় ঘটক : আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, চা-বাগান এবং জুট—এই দুটোই আইন হচ্ছে কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার সেই আইন দ্বারা নিয়ন্ত্রণ করেন। যদি কোনো চা-বাগান কোনো মালিক বন্ধ করে দেন বা অ্যাবানডান্ড করে চলে যায় তাহলে সেই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ক্ষমতা আছে সেই চা-বাগান অন্য কাউকে হস্তান্তর করার। কিন্তু সেটা রাজ্য সরকারের হাতে নেই। আপনার উত্তরে জানাই, আপনি যেটা বলছেন যে, বন্ধ ক্ষেত্রে আমরা দিই কিন্তু অন্যান্য ক্ষেত্রে দিই না, এটা ঠিক তা নয়। আমাদের সরকারের পক্ষ থেকে একটা সার্ভে আমরা করেছি তাতে ৪৩টি চা-বাগানকে চিহ্নিতকরণ করেছি। যার মধ্যে বন্ধ বাগানগুলির শ্রমিকদের নিশ্চয় FAWLOI দিচ্ছি। কিন্তু বাকি যে চা-বাগানগুলি সিক্ বলে আমরা বলছি, সেই সিক্ চা-বাগানগুলির শ্রমিকদের এমজিনারেগা প্রকল্প, এ.ওয়াই. প্রকল্প, মোবাইল স্বাস্থ্য পরিষেবা, বিনা মূল্যে ওষুধ, পুষ্টিকর খাদ্য এবং জরুরি অবস্থায় তাদের হাসপাতালে স্থানান্তর করার জন্য অ্যাম্বুলেন্স, মিড-ডে-মিল—এই সমস্ত ব্যবস্থাগুলি ৪৩টি চা-বাগানে করা হয়েছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন, মাননীয় তরুণ নস্কর ঠিকই বলেছেন যে, প্রচুর চা-বাগানের মালিক আছেন যারা চা-বাগান থেকে পালিয়ে যান, কিছুদিন পর ম্যানেজাররাও পালিয়ে যান। ফলে চা-শ্রমিকেরা এক অসহায় অবস্থার মধ্যে পড়ে।

[11.30 — 11.40 a.m.]

যে 'FAWLOI' স্কীম আছে তার মধ্যে এটা আসছে না কারণ অফিসিয়ালি চা-বাগানটা বন্ধ হয়নি। এ ব্যাপারে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে ডানকানের যে সমস্ত চা-বাগানগুলো আছে। এবং সেখানে সত্যিকারের শ্রমিকদের দুর্দশা। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি, এ ব্যাপারে রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী এক বিশেষ ভূমিকা পালন করছেন; অবিলম্বে তাঁদের মালিককে ডেকে আনা। তাঁরা যে দীর্ঘদিন ধরে এখান থেকে টাকা নিয়ে, সাইফন করে, অন্য জায়গায় ইন্ডাস্ট্রি করে চা-বাগানগুলো রুগ্ন করে দিচ্ছেন সে ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রী কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন তা মাননীয় শ্রমমন্ত্রীর কাছে জানতে চাইছি।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি মাননীয় সদস্য শ্রীশোভনদেব চট্টোপাধ্যায়ের প্রশ্নের উত্তরে জানাই, ডানকানসের যে চা-বাগানগুলো আছে তার মধ্যে কয়েকটি চা-বাগান চালু আছে এবং বাকিগুলো 'সিক্' চা-বাগানের আওতায় আমরা নিয়ে এসেছি। ইতিমধ্যে খালি ডানকানের চা-বাগানের বিরুদ্ধে আমরা ৪১টা প্রসিকিউশন করেছি। পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্টে ১৫টা প্রসিকিউশন হয়েছে এবং পেমেন্ট অফ গ্র্যাচ্যুইটি অ্যাক্টে ৩টে প্রসিকিউশন হয়েছে। এছাড়াও

মাননীয়া মুখ্যমন্ত্রী সি.আই.ডি-কে তদন্তের ভার দিয়েছিলেন। এবং মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে ডানকানের চা-বাগান যাতে শীঘ্র চালু করা যায় সেই ব্যবস্থা নেওয়ার জন্য ডানকানের কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। ডানকান কর্তৃপক্ষ তাড়াতাড়ি চালু করার জন্য সেখানে প্রতিশ্রুতি দিয়ে এসেছেন। আমরা প্রতিনিয়ত এই বাগানগুলোর ওপর নজর রাখছি। প্রতিনিয়ত সেই বাগানে অ্যাম্বুলেন্স পাঠান, খাবার পাঠান এবং অন্যান্য যা যা ব্যবস্থা নেওয়ার সমস্ত ব্যবস্থা নিচ্ছি। আমি গত ১৫ দিনের মধ্যে দু-বার গেছি স্যার শিলিগুড়ি এবং দার্জিলিং অঞ্চলে। এই চা-বাগানগুলোতে গেছি। এবং চা-বাগানে যারা ট্রেড-ইউনিয়নের নেতৃবৃন্দ তাঁদের ডেকে কথা বলেছি। যাঁরা মালিকপক্ষ তাঁদেরকে ডেকেও কথা বলেছি। যাতে এই চা-বাগানের কোনো শ্রমিকের, অন্ততপক্ষে খাদ্যের অভাব না ঘটে সে ব্যাপারে সরকার যথেষ্ট সচেতন এবং সচেষ্ট আছে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর আরো দুটো প্রশ্ন আছে। ...(হই চই)... না, না সবই চা-বাগানের ওপর প্রশ্ন হলে, অন্যরাও তো প্রশ্ন দিয়েছেন, তাঁদেরগুলোও তো অ্যালাউ করতে হবে। নির্মলবাবু আপনি প্রশ্ন রাখুন। মাননীয় মন্ত্রীকে বলছি উত্তরটা আর পড়তে হবে না, দীর্ঘ উত্তর আপনি দিয়েছেন, দু'পৃষ্ঠার। উনি সাপ্লিমেন্টারী প্রশ্ন করুন।

জুটমিলের সমস্যা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮) **শ্রী নির্মল ঘোষ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রয়োজনীয় কাঁচা পাটের অভাবে রাজ্যের জুটমিলগুলিতে সমস্যা সৃষ্টি হয়েছে/হচ্ছে;

(খ) সত্যি হলে, উক্ত সমস্যা নিরসনে সরকার কীরূপ ব্যবস্থা গ্রহণ করছে; এবং

(গ) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে রাজ্যে বন্ধ জুটমিলের সংখ্যা কত?

শ্রী মলয় ঘটক :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্মলবাবুর প্রশ্নের উত্তরে জানাই,

প্রশ্ন ঃ (ক) এটা কি সত্যি যে প্রয়োজনীয় কাঁচা পাটের অভাবে রাজ্যের জুটমিলগুলিতে সমস্যা সৃষ্টি হয়েছে/হচ্ছে?

উত্তর ঃ প্রাপ্ত তথ্য অনুযায়ী কাঁচা পাটের অভাবে এখনও পর্যন্ত এই রাজ্যের কোনো জুটমিল বন্ধ হয়নি। সরকারীভাবে কাঁচা পাটের অভাব সম্পর্কিত নির্দিষ্ট কোনো তথ্য পাওয়া যায়নি। কিন্তু জুট কমিশনার, ভারত সরকার কাঁচা পাটের অভাব রয়েছে বলে আশঙ্কা প্রকাশ করেছেন। এই ব্যাপারে ডেপুটি জুট কমিশনার ০৩/১১/২০১৫ তারিখের এক চিঠিতে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রকের যুগ্ম সচিব (জুট)-কে অবহিত করেছেন।

প্রশ্ন ঃ (খ) সত্যি হলেও উক্ত সমস্যা নিরসনে সরকার কিরূপ ব্যবস্থা গ্রহণ করেছে? এবং

উত্তর ঃ জুট কমিশনার, ভারত সরকার কাঁচা পাটের অভাব রয়েছে বলে আশঙ্কা প্রকাশ করার পরেই গত ০৪/১১/২০১৫ তারিখে পাট সম্পর্কিত মাননীয় মন্ত্রীমণ্ডলীর আলোচনা অনুষ্ঠিত হয় এবং সেখানে কাঁচা পাটের অভাব সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

মাননীয় শ্রমমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার, গত ১৯/১১/২০১৫ তারিখে জুটমিল মালিকদের সঙ্গে এ ব্যাপারে আলোচনায় বসেন। উক্ত আলোচনায় স্থির হয় যে, জুটমিল মালিক এবং পাট ব্যবসায়ীরা কোনো এক নির্দিষ্ট সময়ে সর্বোচ্চ কী পরিমাণ পাট জমা করতে পারবেন, সে ব্যাপারে জুট কমিশনারকে নিয়ম নির্ধারণ করার জন্য বলা হবে। এছাড়া, জুট কমিশনার এই মজুত করা পাটের পরিদর্শনের ব্যবস্থা করবেন। এই প্রেক্ষিতে গত ২১/১১/২০১৫ তারিখে পাট সংক্রান্ত মাননীয় মন্ত্রীমণ্ডলীর আলোচনাসভা আহ্বান করা হয়। ঐ আলোচনায় স্থির হয় যে :

- জুটমিলগুলির সর্বোচ্চ মজুতের পরিমাণ সম্পর্কে জুট কমিশনার, কেন্দ্রীয় সরকারের অনুমতিক্রমে একটি আদেশনামা প্রণয়ন করবেন।

  পশ্চিমবঙ্গ সরকারের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ মজুত করা পাটের অনুসন্ধান চালাবে।

- ইতিমধ্যে, তথ্য অনুযায়ী বাংলাদেশ সরকার ভারতে কাঁচা পাটের রপ্তানী বন্ধ করে দিয়েছে, কিন্তু পাটজাত দ্রব্য ভারতে রপ্তানী করছে। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হবে যাতে বাংলাদেশ সরকার ভারতে পাটজাত দ্রব্য রপ্তানী বন্ধ করে।

  ২৩/১১/২০১৫ তারিখে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী মাননীয় শ্রী সন্তোষ কুমার গাঙ্গোয়ার-এর সভাপতিত্বে কাঁচা পাটের অভাব এবং তার উপর্যুপরি মূল্যবৃদ্ধি সম্বন্ধে দিল্লিতে একটি আলোচনা হয়। উক্ত সভায় পশ্চিমবঙ্গের মাননীয় শ্রমমন্ত্রী প্রতিনিধিত্ব করেন। এই আলোচনায় স্থির হয় যে, জুট কমিশনার জুটমিলগুলিতে কাঁচা পাটের সর্বোচ্চ দুই মাসের মজুত এবং পাট ব্যবসায়ীদের সর্বোচ্চ সতেরোশো' ক্যুইন্টাল পাট মজুত করার ক্ষেত্রে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করবেন। এর পনেরো দিন পর কাঁচা পাটের অবস্থা পর্যালোচনা করা হবে। এছাড়া, ভারত সরকারের বাণিজ্য মন্ত্রক বাংলাদেশ সরকারের সঙ্গে কাঁচা পাট রপ্তানী বন্ধ করার ব্যাপারে যোগাযোগ করবেন।

  এরপর ২৪/১১/২০১৫ তারিখে জুট কমিশনার দিল্লিতে আয়োজিত আলোচনার সিদ্ধান্ত রূপায়িত করার জন্য তিনটি আদেশনামা প্রণয়ন করেন। প্রথম আদেশনামায় তিনি জুটমিলগুলিকে কোনো এক নির্দিষ্ট সময়ে সর্বোচ্চ দুই মাসের কাঁচা পাট মজুত করার নির্দেশ দিয়েছেন। দ্বিতীয় আদেশনামাতে পাট ব্যবসায়ীদের সর্বোচ্চ সতরোশো ক্যুইন্টাল পাট মজুত করার নির্দেশ জারি করেছেন, এবং তৃতীয় আদেশনামায় তিনি এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে নির্দেশ দিয়েছেন তাদের আইনগত পরিসীমায় উক্ত নির্দেশ বলবৎ করার জন্য জুট কমিশনারের পক্ষে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

  মাননীয় শ্রমমন্ত্রী শ্রী মলয় ঘটক মহাশয় ২৩/১১/২০১৫ তারিখে দিল্লির আলোচনায় গৃহীত সিদ্ধান্ত কতদূর বলবৎ হল, তা জুট কমিশনারের কাছে জানতে চেয়ে চিঠি পাঠিয়েছেন।

  এছাড়াও, ০৯/১২/২০১৫ তারিখে, গত ২৩/১১/২০১৫ তারিখে দিল্লিতে গৃহীত সিদ্ধান্তের রূপায়ণ খতিয়ে দেখতে জুট কমিশনার এবং পশ্চিমবঙ্গ সরকারের এনফোর্সমেন্ট ব্রাঞ্চের সাথে আলোচনায় বসেছেন। এই আলোচনার পরিপ্রেক্ষিতে

শ্রমসচিব, অতিরিক্ত মুখ্যসচিব, স্বরাষ্ট্র দপ্তরের কাছে এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেছেন।

(গ) ৩১শে অক্টোবর, ২০১৫-র সাপেক্ষে রাজ্যে বন্ধ জুটমিলের সংখ্যা ৮(আট)।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, এটা ঠিক যে পশ্চিমবাংলায় জুট আমাদের সবচেয়ে বড় এমপ্লয়মেন্ট দিয়ে থাকে। জুটশিল্পটা আজকের দিনে পরিবেশের জগতে একটা বিরাট ভূমিকা পালন করে। এই জুটে আমাদেরও প্রায় কম-বেশী ৪০ লক্ষ কৃষিজীবী মানুষ যুক্ত। এ বছরে পাট ফলনটা যেহেতু গতবছর তারা দাম পায়নি, না পাওয়াতে এবং প্রাকৃতিক দুর্যোগও ছিল, তার জন্য আমাদের পাটের যে প্রোডাকশন হয়েছে সেটা কম হয়েছে। পাটের প্রোডাকশন কম হলে, আমি মাননীয় মন্ত্রী বিশেষ করে মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিতে চাই যে, যখনই জুট কমিশনার এটাকে গ্রহণ করেছেন যে হ্যাঁ, কাঁচা পাটের অভাব আছে সঙ্গে সঙ্গে আপনার দপ্তর থেকে, আপনি গ্রুপ অফ মিনিস্টার্সের মিটিং করেছেন, আপনি দিল্লি গিয়ে মিটিং করেছেন, সো অন, কিন্তু আমার বক্তব্য হচ্ছে, এই কাঁচা পাটের অভাবের যে এফেক্ট, সমস্ত জায়গায় দাম বৃদ্ধি হয়েছে এবং ক্রাইসিস রয়েছে। প্লাস্টিক নিয়ে যে আন্দোলন চলছে এবং জুট ব্যাগকে সরিয়ে দেওয়ার যে একটা বিরাট চক্রান্ত ভারতবর্ষের মালিক শ্রেণী বা কর্পোরেট হাউসদের রয়েছে এখানে এই অভাবটাকে এই সুযোগে আমাদের রাজ্যে বহুক্ষেত্রে তারা প্লাস্টিকের ব্যাগ বা যেটা পরিবেশ বিরোধী তা আনার চেষ্টা করছে।

আমার ছোট্ট প্রশ্ন, আপনি বলেছেন 'উদ্যোগ নিয়েছেন', কিন্তু এই উদ্যোগে বাংলাদেশ থেকে যেটা সেটাও আপনি উল্লেখ করেছেন, বাংলাদেশ থেকে যদি কাঁচা পাট, যেটা এখানে ৫,৪০০ টাকা মত হয়েছে এবং সেই আমদানি, র জুট আমদানির ব্যবস্থা আপনি করতে পেরেছেন কিনা? দিস ইজ অলসো ইমপর্টেন্ট ৪ লক্ষ মানুষ কাজ করে।

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী নির্মল ঘোষের আনা অতিরিক্ত প্রশ্নের জবাবে জানাই, আমি আমার যে জবাব আপনাকে দিয়েছি তাতেই জানিয়েছি ২৩.১১.১৫ তারিখে দিল্লিতে মাননীয় বস্ত্রমন্ত্রী শ্রী সন্তোষকুমার গাঙ্গোয়ারের সভাপতিত্বে একটা সভা অনুষ্ঠিত হয়েছিল। তাতে আমি এবং আমার দপ্তরের অফিসাররা গিয়েছিলেন। সেখানে জুট কমিশনারও ছিলেন। জুট কমিশনার সেখানে বলেন, এবারে জুটের উৎপাদনের উপর যে কটা সংস্থা যুক্ত তারা কেউই প্রকৃত তথ্য দিতে পারছে না। যেমন জুট বেলার্স অ্যাসোসিয়েশন বলছে ৬০ থেকে ৬৩ লক্ষ বেল হয়েছে, জে.সি.আই. বলছে ৬৪.৫ লক্ষ বেল হয়েছে, জে.সি. বলছে ৮০ লক্ষ বেল হয়েছে। রাজ্য সরকারের এগ্রিকালচার ডিপার্টমেন্ট বলছে ৮৮ লক্ষ বেল হয়েছে। এবারে জুট যখন ওঠে তখনই জুটের দাম অনেক বেড়ে যায়। চার হাজার একশো টাকা থেকে জুটের দাম শুরু হয়। যে কারণে অনেক জুট মিল মালিক কর্তৃপক্ষ তারা জুট কমিশনারের কাছে এবং আমাদের দপ্তরে বিভিন্ন ভাবে ডেপুটেশন দিতে শুরু করে। আমাদেরকে জুট কমিশনারের কাছ থেকে জানানো হয়েছিল জুটের যে অর্ডার দেওয়া হয়েছে সেই অর্ডার অনুযায়ী যদি জুট সাপ্লাই না করা যায়, তাহলে সেক্ষেত্রে প্লাস্টিকের ব্যাগ চালু না হলে, সেই সমস্ত খাদ্যপণ্য মাঠ থেকে তোলা যাবে না। সেই পরিপ্রেক্ষিতে আমরা মিটিং করি। কেন্দ্রীয়

সরকার আপাতত ডাইল্যুশান করে সেটাকে পিছিয়ে দিয়েছেন এবং বলেছেন যে জুট কমিশনার নোটিফিকেশান দেবেন। সেই নোটিফিকেশান অনুযায়ী জুটের প্রকৃত স্টক কত আছে, কোনো হোর্ডিং হয়েছে কিনা বা কোনো জুটমিল হোর্ডিং হয়েছে কিনা সেই তথ্য জুট কমিশনার আবার টেক্সটাইল মিনিস্টারের কাছে পাঠাবেন। তারপরেই এই সিদ্ধান্ত নেওয়া হবে।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন—উনি ৩১শে অক্টোবর পর্যন্ত বলেছেন ৮টি জুটমিল। এখন প্রায় চৌদ্দ-পনেরোটা বন্ধ হয়েছে। আপনি জানেন। সংখ্যাটা আমার আগেই ছিল। জানুয়ারীর শেষের দিক থেকে অনেক জুটমিল বন্ধ হতে পারে। কারণ তারা স্টক করতে পারেনি। আমার কথা হচ্ছে ১৪-১৫টা জুটমিল বন্ধ। আপনাকে ধন্যবাদ। আপনি রাজ্যের সবথেকে বড় জুটমিল হুকুমচাঁদ পর পর অনেকগুলো মিটিং করে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে, প্রায় ওখানে পাঁচটি মিল রয়েছে। একটা মিলে এখনও ওয়ার্ক সাসপেনশান রয়েছে। আমার মুল কথা হচ্ছে এই বন্ধ জুট মিলগুলিকে খোলার জন্য আপনি কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন যদি বলেন?

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে উত্তরে জানাই, ইতিমধ্যে যাতে প্রত্যেক জুটমিল 'র' জুট পেয়ে যান সে ব্যাপারে জুট কমিশনার পদক্ষেপ নিয়েছেন। যদি হোর্ডিং হয়ে থাকে তার বিরুদ্ধে ব্যবস্থা শুরু হয়েছে। আমরা আশা করি, এই পদক্ষেপের ফলে জুটের অ্যাভেলেবিলিটি অনেক বাড়বে। এছাড়া বাংলাদেশের সরকার 'র' জুট এক্সপোর্ট ব্যান্ড করে দিয়েছিলেন। কিন্তু ফিনিশ্‌ড প্রোডাক্ট ব্যান্ড করেননি। যার জন্য ফিনিশ্‌ড ব্যাগগুলি আমাদের দেশে আসছিল। কিন্তু 'র' জুট আসছিল না। আমরা কেন্দ্রের মন্ত্রীর কাছে দাবি করেছি হয় দুটিই খুলে দেওয়া হোক অথবা দুটিই বন্ধ করে দেওয়া হোক। এছাড়া আরও একটা পদক্ষেপ নেওয়া হয়েছে। জুটের যে ব্যাগ সেই ব্যাগে আগে জুট লাগত ৬৬৫ গ্রাম। এখন নতুন যে সার্কুলার হয়েছে তাতে ৫৮০ গ্রামের মতো জুট লাগবে। স্বাভাবিকভাবে প্রত্যেক জুট ব্যাগে ৫০ গ্রামের মতো কম জুট লাগবে। যে লক্ষ লক্ষ ব্যাগ তৈরি হয় তাতে অনেকটাই জুট সাশ্রয় হবে। আমি আপনাকে বলি আমাদের কাছে হিসাব অনুযায়ী এখনও পর্যন্ত যে জুটমিলগুলো বন্ধ আছে তার সংখ্যা হচ্ছে ৯, ১৫ নয়।

[11.40 – 11.50 a.m.]

বাকিগুলো যেগুলো NJMC-র জুট মিল সেগুলো কেন্দ্রীয় সরকারের। সেগুলো কেন্দ্রীয় সরকার পরিচালনা করেন। তাদের ৫টি জুট মিল আছে। যে জুট মিলগুলো বন্ধ আছে, মূলত তার একটা কারণ — র জুটের ক্রাইসিস এবং সেকেন্ড — একটা সময় ছিল যখন জুটের কোনো অর্ডার ছিল না কিন্তু বর্তমানে জুটের অর্ডার থাকা সত্ত্বেও র জুটের একটা ক্রাইসিস আছে। আমরা প্রতিনিয়ত এই জুটমিলগুলোর সাথে মিটিং করছি। আপনি জানেন যে কয়েকদিন আগেও আমরা একটা জুট মিল খুলতে পেরেছি এবং বাকি জুটমিলগুলো আশা করি যদি র জুটের অ্যাভেলেবেলিটি খুব তাড়াতাড়ি হয়ে যায় তাহলে খুব শীঘ্রই খুলে যাবে।

শ্রী আনিসুর রহমান : স্যার, প্রথমে আমাদের বিধায়কও বললেন পাটের দাম বেড়েছে

এবং তাতে নাকি এই সরকারের খুব ভালো রোল আছে, একেবারে মিথ্যা কথা, অসত্য। এই যে পাটের দামটা বেশি হয়েছে এত বেশি দামে পাট কিনেও চট বিক্রি করা যাচ্ছে এবং তার ডিমান্ড আছে। যে দামে এবারে বিক্রি হয়েছে সেই দাম সামনে বছর রক্ষা হবে কি না।

দু-নম্বর একটা প্রশ্ন আছে, এই চা-বাগান নিয়ে।

মিঃ স্পীকার : এই চা-বাগানটা হয়ে গেছে। প্লিজ আর নয়। আপনি জুট নিয়ে উত্তর দিন।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি মাননীয় সদস্যের উত্তরে জানাই যে দিল্লিতে যখন মিটিং হয়েছিল তখন আমরা একটা প্রশ্ন কেন্দ্রীয় সরকারের কাছে তুলেছিলাম যে জুটের দাম যে ওঠানামা করে তার প্রধান কারণ হচ্ছে যে আপনারা আগে থেকে বলেন না যে আপনাদের ঠিক কতো জুট ব্যাগের দরকার। আপনাদের ডিমান্ড কত? আমাদের ওখানকার চাষীরা যে জুট তৈরি করে যদি আপনাদের ডিমান্ড কম হয় তাহলে সেই জুটগুলো জলের দামে ছেড়ে দিতে হয় এবং অধিকাংশ ক্ষেত্রে চাষীদের লস হয়। এইবারে কেন্দ্রীয় সরকার বলেছে আগামী বর্ষে তারা ৯০ লক্ষ বেল্‌স জুট নেবে। যেটা এবারে ৭৪ লক্ষ ছিল তার থেকে ১৬ লক্ষ বেশি। আশা করি, আগামী বছরেও জুটের দাম চাষীরা পাবেন এবং জুটের যদি আমরা চাষ করতে পারি ভালোভাবে তাহলে কারখানাও বন্ধ হবে না, জুটের যারা চাষ করে তারাও ন্যায্য দাম পাবেন।

মিঃ স্পীকার : মাননীয় অন্য একজন মন্ত্রীর আমি প্রশ্ন নিই। অনেক মাননীয় মন্ত্রীরা বসে রয়েছেন তাদের প্রশ্ন আসছে না। সমীরবাবু অনুরোধ করেছেন তাঁর প্রশ্নটা পুনর্নির্বেচনার জন্য, আমি ওটা নিচ্ছি—

আই.টি.আই. কলেজ

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯) **শ্রী সমীর কুমার জানা :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নতুন তৈরি হওয়া আই.টি.আই. কলেজগুলিতে কবে নাগাদ ক্লাস শুরু হবে বলে আশা করা যায়; এবং

(খ) উক্ত কলেজগুলিতে কোন্ কোন্ বিভাগে কতজন ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে এবং তন্মধ্যে কতজন কারিগরী শিক্ষায় প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবে?

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী এটার উত্তর আপনাকে পড়তে হবে না। লেনদি একটা রিপ্লাই আছে। আপনি সাপ্লিমেন্টারি করুন। It will be laid.

শ্রী উজ্জ্বল বিশ্বাস :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অল্প দুটি লাইনে (ক) আর (খ)-টা বলে দিই তাহলে বুঝতে পারবেন।

(ক) কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ কর্তৃক গৃহীত পরিকল্পিত কার্যক্রম অনুযায়ী ৮০টি আই.টি.আই. কলেজের পঠন-পাঠনের কাজ শুরু হবে ২০১৬ সালের ফেব্রুয়ারী মাস থেকে।

(খ) মোট ২৯,৬৩৯টি অতিরিক্ত আসন সৃষ্টি করা হচ্ছে মাট ৮০টি আই.টি.আই-এর জন্য।

ANNEXURE-I

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
1	Mekhligunj (Coochbehar)	Fitter	42
		Electrician	42
		Mechanic Diesel Engine	42
		Welder	42
		Electronics Mechanic	52
		Total :	**220**
2	Kumargram (Alipurduar)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Total :	**220**
3	Maynaguri (Jalpaiguri)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Electronics Mechanic	52
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Diesel Engine	42
		Surveyor	52
		Machinist	32
		COPA	52
		Dress Making	42
		Total :	**440**
4	Mal (Jalpaiguri)#	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Electronic Mechanic	52
		Plumber	52
		Wireman	42
		Mechanic Diesel Engine	42
		COPA	52
		Surveyor	52
		Dress Making	42
		Total :	**460**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
5	Dhupguri (Jalpaiguri)#	Welder	42
		Fitter	42
		Electrician	42
		Mechanic Diesel Engine	42
		Mechanic Motor Vehicle	42
		Electronics Mechanic	52
		Wireman	42
		Surveyor	52
		Sewing Technology	42
		Total :	**398**
6	Chanchal-II (Malda)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Diesel Engine	42
		Surveyor	52
		Total :	**220**
7	Kaliachak-III (Malda)	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Surveyor	52
		COPA	52
		Mechanic Diesel Engine	42
		Sewing Technology	42
		Total :	**460**
8	Itahar (Uttar Dinajpur)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Diesel Engine	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Total :	**220**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
9	Goalpokhur-I (Uttar Dinajpur)	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Surveyor	52
		Mechanic Diesel Engine	42
		Electronic Mechanic	52
		Sewing Technology	42
		Total :	**460**
10	Harirampur (Dakshin Dinajpur)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		COPA	0
		Surveyor	52
		Electronics Mechanic	52
		Total :	**230**
11	Bansihari (Dakshin Dinajpur)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Plumber	52
		Mechanic Diesel Engine	42
		Dress Making	42
		Total :	**304**
12	Kusmandi (Dakshin Dinajpur)	Fitter	42
		Welder	42
		Mechanic Diesel Engine	42
		Surveyor	52
		Electrician	42
		Total :	**220**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
13	Tapan (Dakshin Dinajpur)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Wireman	42
		Surveyor	52
		Mechanic Diesel Engine	42
		Mechanic Motor Vehicle	42
		Electronic Mechanic	52
		Dress Making	42
		Total :	**450**
14	Hili (Dakshin Dinajpur)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Mechanic Diesel Engine	42
		Dress Making	42
		Electronic Mechanic	52
		COPA	52
		Machinist	32
		Total :	**450**
15	Kumargunj (Dakshin Dinajpur)	Fitter	42
			0
		Mechanic Diesel Engine	42
		Electrician	42
		COPA	52
			0
		Mechanic Refrigeration & Air Conditioning	52
			0
		Surveyor	52
		Total :	**282**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
16	Kaligung (Nadia)*	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Diesel Engine	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Electrician	42
		Plumber	52
		Draughtsman Civil	52
		Total :	**324**
17	Nakashipara (Nadia)	Fitter	42
		Electrician	42
		Mechanic Diesel Engine	42
		Welder	42
		Surveyor	52
		Total :	**220**
18	Tehatta-I (Nadia)	Mechanic Motor Vehicle	42
		Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Diesel Engine	42
		Wireman	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		COPA	52
		Electronic Mechanic	52
		Total :	**460**
19	Bhatar (Burdwan)	Welder	42
		Fitter	42
		Computer Hardware & Network Maintenance	52
		Electronic Mechanic	52
		Draughtsman Civil	52
		Electrician	42
		Total :	**282**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
20	Purbasthali-I (Burdwan)	Fitter	42
		Electrician	42
		Mechanic Motor Vehicle	42
		Welder	42
		Plumber	52
		COPA	52
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Mechanic Diesel Engine	42
		Dress Making	42
		Total :	**460**
21	Purbasthali-II (Burdwan)	Electronics Mechanic	52
		Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Mechanic Diesel Engine	42
		Plumber	52
		Surveyor	52
		COPA	52
		Sewing Technology	42
		Total :	**470**
22	Raghunathgunj-II (Murshidabad)	Welder	42
		Fitter	42
		Computer Hardware & Network Maintenance	52
		Electronic Mechanic	52
		Draughtsman Civil	52
		Surveyor	52
		Total :	**292**
23	Samsergunj (Murshidabad)	Mechanic Motor Vehicle	42
		Electronic Mechanic	52
		Plumber	52
		Mechanic Diesel Engine	42
		Electrician	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Draughtsman Mechanical	42
		Surveyor	52
		Total :	**376**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
24	Ausgram-II (Burdwan)	Mechanic Motor Vehicle	42
		Electronic Mechanic	52
		Mechanic Diesel Engine	42
		Fitter	42
		Electrician	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Sewing Technology	42
		Welder	42
		Surveyor	52
		COPA	52
		Total :	**460**
25	Nanoor (Birbhum)	Welder	42
		Fitter	42
		Electrician	42
		COPA	52
		Electronic Mechanic	52
		Draughtsman Mechanical	42
		Surveyor	52
		Sewing Technology	42
		Total :	**366**
26	Mangolkote (Burdwan)	Fitter	42
		Welder	42
		Electrician	42
		Draughtsman Mechanical	42
		Electronic Mechanic	52
		Sewing Technology	42
		Total :	**262**
27	Pandua (Hooghly)#	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Turner	32
		Plumber	52
		Electronic Mechanic	52
		Wireman	42
		Surveyor	52
		Basic Cosmotology	52
		Total :	**450**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
28	Pursura (Hooghly)#	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Electronic Mechanic	52
		Mechanic Refrigeration &	
		Air Conditioning	52
		Draughtsman Civil	52
		Surveyor	52
		COPA	52
		Sewing Technology	42
		Total :	**470**
29	Krishnagar-I # (Nadia)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Basic Cosmotology	52
		Electronic Mechanic	52
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Dress Making	42
		Total :	**418**
30	Ranaghat-II # (Nadia)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Plumber	52
		Electronics Mechanic	52
		Draughtsman Civil	52
		Surveyor	52
		COPA	52
		Dress Making	42
		Total :	**470**
31	ITI Salboni (West Midnapore)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Machanist	32
		Surveyor	52
		Total :	**252**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
32	Garbeta-I (West Midnapore)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Surveyor	52
		Electronic Mechanic	52
		Total :	**272**
33	Hura (Puruila)	Fitter	42
		Electrician	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Diesel Engine	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Total :	**220**
34	Balarampur (Puruila)	Fitter	42
		Electrician	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Total :	**272**
35	Nayagram (West Midnapore)#	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Plumber	52
		Mechanic Diesel Engine	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Electronic Mechanic	52
		Dress Making	42
		Total :	**460**
36	Binpur-II (West Midnapore)*	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Mechinist	32
		Wireman	42
		Mechanic Diesel Engine	42
		Surveyor	52
		COPA	52
		Sewing Technology	42
		Total :	**430**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
37	Indpur (Bankura)*	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Electronic Mechanic	52
		Surveyor	52
		Draughtsman Civil	52
		Mechanic Diesel Engine	42
		Sewing Technology	42
		Total :	**460**
38	Sonamukhi (Bankura)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Machinist	32
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Electronic Mechanic	52
		Wireman	42
		Surveyor	52
		COPA	52
		Total :	**450**
39	Simlapal (Bankura)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Computer Hardware & Network Maintenance	52
		Mechanical Diesel Engine	42
			0
		Surveyor	52
		Electronic Mechanic	52
		COPA	52
		Dress Making	42
		Total :	**418**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
40	Ranibadh (Bankura)*	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Electronic Mechanic	52
		Plumber	52
		Mechanic Motor Vehicle	42
		Surveyor	52
		Mechanic Diesel Engine	42
		COPA	52
		Dress Making	42
		Total :	**460**
41	Manbazar-I (Purulia)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Surveyor	52
		Total :	**220**
42	Khatra (Bankura)	Mechanic Motor Vehicle	42
		Electonics Mechanic	52
		Electrician	42
		Fitter	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Total :	**282**
43	Debra (W Midnapore)*	Fitter	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Plumber	52
		Surveyor	52
		Total :	**230**
44	Ghatal (West Midnapore)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Diesel Engine	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Electronic Mechanic	52
		Dress Making	42
		Total :	**408**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
45	Keshpur (West Midnapore)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Mechinist	32
		Turner	32
		Mechanic Diesel Engine	42
		Wireman	42
		Surveyor	52
		Electronic Mechanic	52
		Total :	**420**
46	Nandigram-I (East Midnapore)	Fitter	42
		Electrician	42
		Mechanic Motor Vehicle	42
		Plumber	52
		Welder	42
		Draughtsman Civil	52
		Electronic Mechanic	52
		COPA	52
		Sewing Technology	42
		Total :	**418**
47	Kanthi-II (East Midnapore)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Motor Vehicle	42
		Draughtsman Civil	52
		Total :	**220**
48	Canning-II (S. 24 Pgs)	Electrician	42
		Welder	42
		Electronics Mechanic	52
		Fitter	42
		Machinist	32
		Surveyor	52
		Sewing Technology	42
		Total :	**304**
49	Canning-I (S. 24 Pgs)	Fitter	42
		Mechanic Diesel Enginee	42
		Electrician	42
		Welder	42
		COPA	52
		Draughtsman Civil	52
		Surveyor	52
		Plumber	52
		Total :	**376**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
50	Basanti (S. 24 Pgs)	Fitter	42
		Electronics Mechanic	52
		Mechanic Diesel Engine	42
		Electrician	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Mechanic Motor Vehicle	42
		COPA	52
		Welder	42
		Draughtsman Civil	52
		Surveyor	52
		Dress Making	42
		Total :	**460**
51	Bagda (N. 24 Pgs)	Electrician	42
		Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Welder	42
		Surveyor	52
		Total :	**220**
52	Haroa (N. 24 Pgs)	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Surveyor	52
		Draughtsman Civil	52
		Mechanic Diesel Engine	42
		Sewing Technology	42
		Total :	**460**
53	Gaighata (N 24)	Welder	42
		Electrician	42
		Fitter	42
		Mechanic Diesel Engine	42
			0
		Electronic Mechanic	52
		Total :	**220**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
54	Bauria (Howrah)	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Electrician	42
		Electronic Mechanic	52
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Total :	**324**
55	Shyampur-II (Howrah)	Welder	42
		Electrician	42
		Fitter	42
		Electronics Mechanic	52
		Mechanic Diesel Engine	42
		Surveyor	52
		Total :	**272**
56	Udaynarayanpur (Howrah) #	Fitter	42
		Electrician	42
		Mechanic Motor Vehicle	42
		Machinist	32
		Surveyor	52
		Welder	42
		Draughtsman Civil	52
		Electronic Mechanic	52
		COPA	52
		Dress Making	42
		Total :	**450**
57	Mandirbazar (S. 24 Pgs)	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Surveyor	52
		COPA	52
		Electronic Mechanic	52
		Sewing Technology	42
		Total :	**470**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
58	Mograhat (S. 24 Pgs)	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Electrician	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Surveyor	42
		Electronic Mechanic	52
		Sewing Technology	42
		Total :	**366**
59	Joynagar-II (S. 24 Pgs)	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Diesel Engine	42
		Electronic Mechanic	52
		Electrician	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Draughtsman Civil	52
		Total :	**376**
60	Kulpi (S. 24 Pgs)	Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Diesel Engine	42
		Electronic Mechanic	52
		Electrician	42
		Mechanic Auto Electrical & Electronics	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Draughtsman Civil	52
		Total :	**418**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
61	Falta (S. 24 Pgs)	Fitter	42
		Mechanic Diesel Engine	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Electronic Mechanic	52
		Draughtsman Civil	52
		Mechanic Motor Vehicle	42
		Sewing Technology	42
		Total :	**460**
62	Kanthi-III (E Midnapore)	Electrician	42
		Fitter	42
		Mechanic Diesel Engine	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Total :	**230**
63	Egra-I (E Midnapore)	Electrician	42
		Mechanic Motor Vehicle	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Electronic Mechanic	52
		Fitter	42
		Surveyor	52
		Sewing Technology	42
		Total :	**324**
64	Amdanga (N. 24 Pgs)#	Mechanic Motor Vehicle	42
		Mechanic Consumer Electronics Appliances	52
		Electronic Mechanic	52
		Electrician	42
		Fitter	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Welder	42
		Draughtsman Civil	52
		Surveyor	52
		Total :	**428**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
65	Halisahar (N. 24 Pgs)#	Electronicss Mechanic	52
		Electrician	42
		Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Welder	42
		Basic Cosmotology	52
		Mechanic Refrigeration & Air Conditioning	52
			0
		Surveyor	52
		Total :	**376**
66	Barasat (N. 24 Pgs)#	Electronics Mechanic	52
		Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Welder	42
		Electrician	42
		Surveyor	52
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		COPA	52
		Total :	**376**
67	Patharpratima (S 24 Pgs)	Electrician	42
		Fitter	42
		Mechanic Motor Vehicle	42
		Welder	42
		Plumber	52
		Mechanic Diesel Engine	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Electronic Mechanic	52
		Sewing Technology	42
		Total :	**460**
68	Sagar (S 24 Pgs)	Electrician	42
		Fitter	42
		Welder	42
		Turner	32
		Electronics Mechanic	52
		Mechanic Diesel Engine	42
		Wireman	42
		Surveyor	52
		Draughtsman Civil	52
		Travel & Tour Assistant	52
		Total :	**450**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
69	Mathabhanga-II (Coochbehar)	Mechanic Motor Vehicle	42
		Fitter	42
		Electrician	42
		Welder	42
		Wireman	42
		Plumber	52
		Carpenter	
		COPA	52
		Sewing Technology	42
		Bamboo Works	52
		Total :	**408**
70	Dinhata-1 (Coochbehar)	Fitter	42
		Electrician	42
		Mechanic Motor Vehicle	42
		Surveyor	52
		Welder	42
		Total :	**220**
71	Chopra (Uttar Dinajpur)	Mechanic Motor Vehicle	42
		Electronics Mechanic	52
		Mechanic Diesel Engine	42
		Electrician	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Information Technology	52
		Computer Hardware & Network Maintenance	52
		Surveyor	52
		Computer Operator & Programming Assistant	52
		Total :	**490**
72	Raninagar-I (Murshidabad)	Mechanic Motor Vehicle	42
		Mechanic Diesel Engine	42
		Electronics Mechanic	52
		Electrician	42
		Mechanic Auto Electrical & Electronics	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Draughtsman Mechanical	42
		Surveyor	52
		Total :	**366**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
73	Mayureswar-I (Birbhum)	Mechanic Motor Vehicle	42
		Fitter	52
		Electrician	42
		Welder	42
		Machinist	32
		Turner	32
		Sheet Metal Worker	42
		Wireman	42
		Surveyor	52
		Basic Cosmotology	52
		Total :	**420**
74	Rampurhat-I (Birbhum)	Mechanic Motor Vehicle	42
		Fitter	42
		Electrician	42
		Welder	42
		Computer Operator & Programming Assistant	52
		Wireman	42
		Plumber	52
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	52
		Sewing Technology	42
		Total :	**460**
75	Khoyrasole (Birbhum)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Information Technology	52
		Plumber	52
		Surveyor	52
		Painter (General)	42
		Mason (Building Construction)	52
		Computer Operator & Programming Assistant	52
		Dress Making	42
		Total :	**470**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
76	Illambazar (Birbhum)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Information Technology	52
		Computer Hardware & Network Maintenance	52
		Draughtsman Mechanical	42
		Surveyor	42
		Sewing Technology	42
		Dress Making	42
		Total :	**398**
77	Dubrajpur (Birbhum)	Mechanic Motor Vehicle	42
		Fitter	42
		Electrician	42
		Sheet Metal Worker	42
		Welder	42
		Plumber	52
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Surveyor	42
		Carpenter	52
		Dress Making	42
		Total :	**450**
78	Islampur (Uttar Dinajpur)	Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Electronics Mechanic	52
		Mechanic Motor Vehicle	42
		Information Technology	52
		Plumber	52
		Surveyor	52
		Computer Operator & Programming Assistant	52
		Total :	**480**

Sl. No.	ITI Name	Proposed trades	Intake Capacity of Trainee
79	Jangipara (Hooghly)	Mechanic Motor Vehicle	42
		Fitter	42
		Electrician	42
		Welder	42
		Electronics Mechanic	52
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Information Technology	52
		Plumber	52
		Surveyor	52
		Computer Operator & Programming Assistant	52
		Total :	**480**
80	Sagardighi (Murshidabad)	Mechanic Motor Vehicle	42
		Fitter	42
		Electrician	42
		Welder	42
		Mechanic Refrigeration & Air Conditioning	52
		Plumber	52
		Surveyor	52
		Draughtsman Civil	52
		Carpenter	52
		Sewing Technology	42
		Total :	**470**

Total intake capacity for 80 nos. of newly established ITIs will be : 29638

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার আগে পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি ITI ছিল। মা-মাটি-মানুষের সরকার আসার পর নতুন কতগুলি হয়েছে এবং কতগুলি প্রস্তাব আমরা গ্রহণ করতে পেরেছি।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি, বিরোধী দলকে বলি, ২০০৬ সালে আপনাদের মন্ত্রী এই সদনে বলেন আই.টি.আই.-এর সংখ্যা

নিয়ে একরকম বললেন। আবার ২০১০-১১ সালে মন্ত্রী বললেন যে, ৩১টি শিল্প প্রশিক্ষণ শিল্পালয়ে মোট ২০টি শিল্প প্রশিক্ষণ কেন্দ্র এবং ২৮টি বেসরকারী প্রশিক্ষণ কেন্দ্র পশ্চিমবঙ্গে চালু হয়েছে। তার আগে বলি ২০০৯-১০-এ দেখুন, আপনারা জিনিসটা শুনে রাখুন। ২০০৯-১০-এ আপনাদের মন্ত্রী বললেন মোট ৩১টি শিল্প প্রশিক্ষণালয় পশ্চিমবাংলায় শুরু হয়েছে। কুড়িটি সরকারী, বেসরকারী ১৮টি। এইবার দেখুন, ২০০৬ সালে কি বললেন? বললেন ২৮টি। ২৮টি আই.টি.আই. বললেন। এটা হচ্ছে আপনাদের বিগত দিনের '০৬-০৭, '০৯-১০, '১০-১১-এর হিসাব। এইবার আমাদের হিসাবটা আপনাদের বলি। আপনারা এতক্ষণ বলছেন খালি প্রশস্তি, প্রশস্তি। প্রশস্তি আপনারাও করুন। মাননীয় বিধায়কের কথা অনুযায়ী বলছি পশ্চিমবাংলায় আমরা ২০১৪-১৫ সালে মোট ৬৩টি সরকারী আই.টি.আই. এবং ১০৩টি প্রাইভেট আই.টি.আই. করার পর আরও ৮০টি নতুন আই.টি.আই. আমরা চালু করতে চলেছি।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন এই আই.টি.আই.-গুলো পি.পি.পি. মডেলে পরিচালিত হচ্ছে। অতএব এখানে আগ্রহী ছাত্রছাত্রীরা এখানে পঠন-পাঠনের ক্ষেত্রে বা প্রশিক্ষণ গ্রহণের ক্ষেত্রে কোনো প্রকার সমস্যার সম্মুখীন হবে কিনা, এই বিষয়ে মাননীয় মন্ত্রী যদি বলেন ভালো হয়।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৮০টি আই.টি.আই. যেটি ফেব্রুয়ারী মাসে শুরু হবে, সেটি সম্পূর্ণ সরকারী আই.টি.আই. এবং এটা পি.পি.পি. মোডে থাকবে। গভর্নমেন্ট আই.টি.আই. বলে সেই সমস্ত জায়গায় আমাদের রাজ্যের ছাত্রছাত্রীরা, তারা কেবলমাত্র বছরে ৩৬০ টাকায় এই শিল্প প্রশিক্ষণালয়ে শিক্ষিত হবে। শতকরা ৪০% ছাত্র, শিক্ষান্তে তার চাকরির গ্যারান্টি তারা দিয়েই তাদের সঙ্গে এই চুক্তিতে সই হয়েছে।

Dr. Harka Bahadur Chhetri : Mr. Speaker Sir, through you I would like to take this opportunity to thank the Hon'ble Minister because after the coming of this Government I witnessed there are two ITI colleges. One has already come up and this is going on. But about the other one I want to know the status because the other ITI has not started as yet. There is also a polytechnic college which has been passed and all the formalities have been through but work has not yet begun. Before that I must thank that there is only on ITI in Kurseong for a long number of years. I do not know how many donkey number of years. But only after this Government came we are thankful that these 4/5 institutions have come up within the short span of time. Thank you very much, Sir.

শ্রী উজ্জ্বল বিশ্বাস : অধ্যক্ষ মহাশয়, ওনার আই.টি.আই.টি যেটা আছে, সেটা প্রায় কমপ্লিশানের মধ্যে। আর একটি আই.টি.আই. যেটা বলেছেন সেটা খুব শীঘ্র কমপ্লিট হয়ে যাবে। মার্চের মধ্যেই এটাকে কমপ্লিট করার জন্য আমরা তাদের কাছে সেইভাবেই প্রস্তাব রেখেছি।

শ্রী পরেশ অধিকারী : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—বিগত বামফ্রন্টের আমলে মেখলিগঞ্জ মহকুমায় চ্যাংড়াবান্দায় আই.টি.আই. স্থাপন করা হয়েছিল।

[11.50 a.m. – 12.00 noon]

পরবর্তীকালে সেই কাজ আপনাদের আমলেই শেষ হয়। এই ২০১২ সালের ফেব্রুয়ারী মাস নাগাদ আপনি যে প্রশ্নের উত্তর দিলেন এগুলো চালু হবে—এর মধ্যে কি চ্যাংড়াবান্দা—মেখলিগঞ্জের মহকুমায় সেই আই.টি.আই. কি এই আওতার মধ্যে পড়ছে কি পড়ছে না এটা আপনার কাছে আমি সুনির্দিষ্টভাবে জানতে চাইছি।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : গ্রুপ অনুযায়ী ভাগ করা আছে। মনে করছি চ্যাংড়াবান্দাও চালু হবে। গ্রুপ অনুযায়ী মেখলিগঞ্জ আছে, তারপর আছে কুমারগ্রাম, আপনার উত্তরবঙ্গের ময়নাগুড়ি, মাল, ধূপগুড়ি, চাঁচোল, চ্যাংড়াবান্দাও আছে। চ্যাংরাবান্দাও চালু হবে কোনো চিন্তা নেই। ৮০টা আই.টি.আই পরপর গ্রুপ অনুযায়ী সিলেকশান হবে।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অতিরিক্ত প্রশ্নের জন্য দৃষ্টি আকর্ষণ করছি। উনি বললেন যে ৮০টা নতুন চালু হবে। এর আগে আমার একটা প্রশ্ন ছিল, তাতে উনি বলেছেন যে প্রায় ৪৮টার মতো চালু হয়ে গিয়েছে। আমি আপনার কাছে খুব বিনীতভাবে জানতে চাইছি আপনি মন্ত্রী হিসাবে হাউসে যা বলছেন—২০১১ সালে—২০১০ সালে বামফ্রন্ট গরাগাঁরালী বলে একটা আই.টি.আই-এর উদ্বোধন করলেন, তারপর ওখানে সেলাই মেশিনের ট্রেনিং শুরু হল। আই.টি.আই. বলতে যা বোঝায়, ওখানে যে ট্রেড চালু হওয়া দরকার—আপনি ভালো করে খোঁজ করে দেখুন—আপনি হাউসে যা বলছেন তার অধিকাংশ আই.টি.আই. যা বামফ্রন্টের আমলে চালু হয়েছিল কিংবা উদ্বোধন হয়েছিল সেগুলো আপনি চালু করেছেন, সেখানে একটাও ট্রেড চালু হয়নি। সত্যি করে আপনি এটা বলুন যে ২০১৩-১৪ সালে যেগুলো আপনারা উদ্বোধন করেছিলেন তার মধ্যে কটা এখন চালু আছে, কতগুলো ট্রেড সেখানে হচ্ছে এবং সেই ছাত্ররা পাস করার পরে কতজনের প্লেসমেন্ট হয়েছে।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে পরিষ্কার বলছি আই.টি.আই. যেটা ডি.জি.ডি. নর্মস, এন.সি.বি.টি কোর্স — সেখানে একটি-দুটি নয়, মোট দশটি ট্রেডের ট্রেনিং যেখানে হয় সেটা আই.টি.আই.—ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট। তার মধ্যে ইলেকট্রিসিয়ান, ফিটার, মেকানিক, মোটর ভেহিকেল, টার্নার, গ্রাইন্ডার—সবকিছু আছে, তাকে আই.টি.আই. বলে। সেইটার সংখ্যা আপনাকে বলছি। আমরা সেটাই বলেছি যে, আমরা ৬৩টি সরকারী আই.টি.আই. পশ্চিমবঙ্গে নিজেরা চালাচ্ছি এবং ২০১৬ সালের ফেব্রুয়ারী মাস নাগাদ ৮০টা একেবারে নতুন গভর্নমেন্ট আই.টি.আই—যেটা পি.পি.পি. মোডে আমরা চালু করছি। সেটাতে গভর্নমেন্টের সম্পূর্ণ অধিকার থাকবে। আমাদের রাজ্যের ৮০% ছাত্র সেখানে মাসে ৩০ টাকা করে দিয়ে পড়াশুনা করতে পারবে এবং পড়াশুনা করার পর তাদের চাকরী সুনিশ্চিত করা হবে—এটা হচ্ছে আই.টি.আই। আই.টি.আই.-এর ব্যাখ্যা এটাই। এখানে মিথ্যার কোনোরকম অবকাশ নেই।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে

অতিরিক্ত প্রশ্ন, আই.টি.আই-এ যে সমস্ত ছাত্র-ছাত্রীরা পঠন-পাঠন করে সেখানে আমরা প্রত্যাশা করি অধিকাংশ ক্ষেত্রে তারা স্বনির্ভর হবে এবং কারিগরী দক্ষতার মাধ্যমে তারা স্বনির্ভর প্রকল্পের মাধ্যমে নিজেদেরকে কর্মজীবনে প্রতিষ্ঠিত করবে। কাজেই যেটি অত্যন্ত প্রাসঙ্গিক সেটি হল কর্মসংস্থানের অথবা স্বনির্ভর হওয়ার সুযোগ কোথায় কোথায় সৃষ্টি হচ্ছে সেটাকে মাথায় রেখে আমরা আই.টি.আই.-গুলোতে কোর্স নির্বাচন করব কি না? যেমন উত্তরবঙ্গে এখন ৭৩টি বট লিফ ফ্যাক্টরি আছে। উত্তরবঙ্গে সাম্প্রতিক কালে অনেকগুলো কোল্ড স্টোরেজ গড়ে উঠেছে। পাশাপাশি রাজ্যে এখন তথ্য প্রযুক্তির ক্ষেত্রে স্মার্ট ফোন এসেছে, ফেসবুক এসেছে, টুইটার এসেছে। আমরা কি এই বিষয়গুলোকে মাথায় রেখে আমাদের আই.টি.আই. সিলেবাসের পরিবর্তন ঘটিয়ে তাদের প্রশিক্ষণকে প্রাসঙ্গিক করে তুলে স্বনির্ভর করবার উদ্যোগ গ্রহণ করব কি না?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই এই ব্যাপারটা আপনি নিশ্চিতভাবে জানেন এবং আপনি যোগাযোগ করেছিলেন। ভিডিওকন, আধুনিক প্রযুক্তি, যেটার বিষয়ে আপনি সবচাইতে বেশি গুরুত্ব দিয়ে বললেন। স্যামসাং কোম্পানি আই.টি.আই.তে তার সর্বাধুনিক যে টেকনোলজি আছে তা নিয়ে ৫টি জায়গায় আমাদের ছাত্রদের ট্রেনিং এবং তারপরে চাকরি সুনিশ্চিত করার ব্যবস্থা করেছে। উত্তরবঙ্গে আপনার সঙ্গে কথা বলে, কারণ আমরা চিঠি করেছি এবং আপনি নিজেই যোগাযোগ করেছেন। ভিডিওকন কোম্পানি এসেছে। আমরা তাদের সঙ্গে মৌ স্বাক্ষরের জন্য চিঠি করেছি। আপনি জানেন খুব শীঘ্র আমাদের প্রসেস হয়েছে। উত্তরবঙ্গে ভিডিওকনকে একটি আই.টি.আই. দেওয়া হচ্ছে যেটা সেন্টার অফ এক্সিলেন্স, যাতে জব স্যাটিসফেকশান সুনিশ্চিত হয়। অবিলম্বে এটা ঠিক করছি— এই বিষয়ে নিশ্চিত থাকুন।

"জলতীর্থ"

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯) **শ্রী কল্লোল খাঁ :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকার কর্তৃক গৃহীত "জলতীর্থ" কর্মসূচী রূপায়ণের অগ্রগতি কীরূপ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র :

রাজ্য সরকার কর্তৃক গৃহীত 'জলতীর্থ' কর্মসূচীতে ৮৩৮টি বিভিন্ন ধরনের ক্ষুদ্রসেচ প্রকল্প (check dam-424, WHT-199, SFMIS-215) গ্রহণ করা হয়েছে, যার আনুমানিক ব্যয়ভার ৫০০ কোটি টাকা এবং ৩২,০০০ হেক্টর CCA লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এর মধ্যে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর ৫২৭টি, পূর্তদপ্তর ৯৩টি, বনদপ্তর ৪৫টি, পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তর ১৩টি, সেচ ও জলপথ দপ্তর ৯৬টি ও পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর ৬৪টি প্রকল্প রূপায়ণের কাজ করবে।

প্রথম পর্যায়ে WRI & DD ১৫১টি প্রকল্প (check dam-19, WHT-72, SFMIS-60) রূপায়ণের কাজ শুরু করেছে যার আনুমানিক ব্যয়ভার ৮১ কোটি টাকা ও CCA-4800

Ha। ইতিমধ্যে ১১১টি প্রকল্পের কাজ (check dam-13, WHT-63, SFMIS-35) সম্পন্ন হয়েছে ৩০.১১.২০১৫ পর্যন্ত এবং আনুমানিক ৩০৩৭ হেক্টর CCA সৃষ্টি করা সম্ভব হয়েছে প্রায় ৩৩ কোটি টাকা ব্যয়ে। (বাঁকুড়া-১৭টি, ১১২০ হেক্টর, পুরুলিয়া ২৯টি, ৭৬৩-হেক্টর, বীরভূম ২টি, ১০০ হেক্টর ও পশ্চিম মেদিনীপুর ৬৩টি, ১০৫৪ হেক্টর)।

দ্বিতীয় পর্যায়ে WRI & DD এবং অন্যান্য দপ্তর ৬৮৭টি পরিকল্পনা গ্রহণ করেছে এবং আনুমানিক ২৭,৮০০ হেক্টর CCA তৈরি হবে। ইতিমধ্যেই ২৭৭টি প্রকল্পের কাজ শুরু হয়েছে। এর মধ্যে WRI & DD ৩৭৬টি প্রকল্প রূপায়ণ করবে যার আনুমানিক ব্যয়ভার ৩৩৭ কোটি টাকা।

শ্রী কল্লোল খাঁ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন জলতীর্থ যে কর্মসূচি মা-মাটি-মানুষের সরকার বা আপনার দপ্তর গ্রহণ করেছে তা আমার জেলায় নেই। আমার জেলায় রাজ্য সরকারের তরফ থেকে বিকল্প কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি না দয়া করে জানাবেন কি?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, নদীয়া ডিস্ট্রিক্টে ১৭টি ব্লক, ৪টি সাবডিভিশান, জলতীর্থ সম্মানীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মস্তিষ্কপ্রসূত একটি প্রোজেক্ট, যেটা এরিড জোনের কথা ভেবে করা হয়েছে। আমাদের সম্মানীয় অর্থমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী ৫০০ কোটি টাকা নিজস্ব তহবিল থেকে দিয়েছে এবং এটা পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে হচ্ছে।

[12.00 noon – 12.10 p.m.]

আমরা বিকল্প হিসাবে আপনার ওখানে RIDF-XII থেকে শুরু করে RIDF-XXI পর্যন্ত এবং core sector দিয়ে, আপনার যে বিধানসভা এলাকা-নাকাশীপাড়া এবং কালীগঞ্জের কিছুটা অংশ নিয়ে ২৮৫টা deep tube well, shallow, heavy deep tube well এবং RLI scheme করেছি। যার ফলে প্রায় ৩ হাজার, সাড়ে ৩ হাজার হেক্টর CCA sector cover করতে পেরেছি। এছাড়া RIDF-XXI-এ আপনার নদীয়া জেলায় প্রায় ১৫০টা project ধরে রেখেছি।

Mr. Speaker : Question hour is over.

Starred Questions
(to which oral answers laid on the Table)

যুবশ্রী প্রকল্প

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮) **ডঃ সুখবিলাস বর্মা :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে যুবশ্রী প্রকল্পটি রূপায়ণের খরচ কোন্ বাজেট হেড অফ অ্যাকাউন্ট থেকে করা হচ্ছে?

(খ) ২০১৩-১৪ ও ২০১৪-১৫ আর্থিক বছরে ওই হেড অফ অ্যাকাউন্টে বাজেট বরাদ্দ কত ছিল; এবং

(গ) উক্ত দুই আর্থিক বছরে এবং ২০১৫-১৬ আর্থিক বছরের ৩১শে অক্টোবর পর্যন্ত উক্ত খাতে খরচের পরিমাণ কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে যুবশ্রী প্রকল্পটি রূপায়ণের খরচ নিম্নলিখিত বাজেট হেড অফ অ্যাকাউন্ট থেকে করা হচ্ছে— "2235-Social Security & Welfare, 02-Social Welfare, 800-Other Expenditure, NP-Non Plan 009-Social Welfare Scheme for Unemployed Persons [LB], 50-Other Charges-00-Voted", D.P. Code No. "2235-02-800-NP-009-50-00-V".

(খ) ২০১৩-১৪ ও ২০১৪-১৫ আর্থিক বছরে ওই হেড অফ অ্যাকাউন্টে বাজেট বরাদ্দ ছিল যথাক্রমে ৯২.৭ কোটি ও ১১৯.০৯ কোটি টাকা।

(গ) উক্ত দুই আর্থিক বছরে এবং ২০১৫-১৬ আর্থিক বছরের ৩১শে অক্টোবর পর্যন্ত উক্ত খাতে খরচের পরিমাণ নিম্নে দেওয়া হল—

আর্থিক বছর	খরচ
২০১৩-১৪	৯২.৭ কোটি টাকা
২০১৪-১৫	১১৯.০৮ কোটি টাকা
২০১৫-১৬ (৩১.১০.২০১৫ পর্যন্ত)	৭৭.৯৭ কোটি টাকা

সামাজিক সুরক্ষা প্রকল্প

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২) **শ্রীমতী রত্না ঘোষ (কর)** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে সামাজিক সুরক্ষা প্রকল্পের অন্তর্গত অসংগঠিত নির্মাণ কর্মী সহায়তা প্রকল্পের আওতায় কতজন শ্রমিককে অন্তর্ভুক্ত করা হয়েছে (ব্লকওয়াড়ী তথ্যসহ); এবং

(খ) নদীয়া জেলায় এই প্রকল্পের অন্তর্ভুক্ত নির্মাণকর্মীদের জন্য নতুন কোনও কর্মসূচী গ্রহণ করা হয়েছে কি?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) প্রারম্ভিক কাল থেকে ৩১শে অক্টোবর, ২০১৫ পর্যন্ত সামাজিক সুরক্ষা প্রকল্পের অন্তর্গত অসংগঠিত নির্মাণকর্মী সহায়তা প্রকল্পে সারা রাজ্যে নথিভুক্ত শ্রমিকের সংখ্যা ২৬,১৭,২৫৬ জন।

উক্ত প্রকল্পে নথিভুক্ত শ্রমিকের পরিসংখ্যান শ্রমদপ্তরের আঞ্চলিক অফিসগুলিতে সংকলন করা হয়। শ্রম দপ্তরের আঞ্চলিক অফিসগুলি মহকুমাভিত্তিক।

মহকুমাভিত্তিক নথিভুক্তির পরিসংখ্যান সংযোজিত হল—

সংযোজনী—'ক'

RLO Wise (at Sub-Divn. Level) detailed report on Beneficiary Registration upto 31.10.2015.

Sl. No.	District	RLO (at Sub-Div. Level)	Ben.Regd.
1	Jalpaiguri	Jalpaiguri	63739
		Malbazar	35587
	TOTAL		**99326**
2	Alipurduar	Alipurduar	23247
		Birpara	22926
	TOTAL		**46173**
		Coochbehar	19016
3	Coochbehar	Mathabhanga	13215
		Dinhata	18909
		Tufanganj	11243
		Mekhliganj	16468
	TOTAL		**78851**
4	Darjeeling	Darjeeling	8977
		Kalimpong	2314
		Kurseong	3825
		Siliguri	45821
	TOTAL		**60937**
5	Uttar Dinajpur	Raiganj	51934
		Islampur	51821
	TOTAL		**103755**
6	D. Dinajpur	Balurghat	27896
		Gangarampur	19224
	TOTAL		**47120**
7	Malda	Malda	142596
		Chanchal	71100
	TOTAL		**213696**
8	Murshidabad	Berhampore	66828
		Kandi	32814
		Jangipur	53275
		Domkol	32586
		Lalbag	20700
	TOTAL		**206203**

Sl. No.	District	RLO (at Sub-Div. Level)	Ben.Regd
9	Nadia	Krishnanagar	143230
		Kalyani	61107
		Tehatta	81881
		Ranaghat	88089
	TOTAL		**374307**
10	24-Parganas (North)	Barrackpore	33242
		Basirhat	27078
		Barasat	43213
		Bidhannagar	2
		Bongaon	33914
	TOTAL		**137449**
11	Kolkata	Kolkata	88963
	TOTAL		**88963**
12	24-Parganas (South)	Alipore	32178
		Dimond Harbour	117704
		Falta	422
		Baruipur	61059
		Canning	28325
		Kakdiwp	29184
	TOTAL		**268872**
13	Howrah	Howrah	18820
		Uluberia	72874
	TOTAL		**91694**
14	Hooghly	Arambagh	19959
		Chandannagore	17364
		Serampore	12454
		Chinsurah	13760
	TOTAL		**63537**
15	Burdwan	Burdwan	33600
		Burdwan Sadar (South)	10922
		Durgapur	23024
		Kalna	15905
		Katwa	18875
		Asansol	29041
	TOTAL		**131367**

Sl. No.	District	RLO (at Sub-Div. Level)	Ben.Regd
16	Birbhum	Suri	69453
		Bolpur	30185
		Rampurhat	32614
	TOTAL		**132252**
17	Bankura	Bankura	22153
		Khatra	18949
		Bishnupur	14256
	TOTAL		**55358**
18	Purulia	Purulia East	18244
		Purulia West	14261
		Raghunathpur	13636
	TOTAL		**46141**
19	Paschim Medinipur	Kharagpur	29429
		Jhargram	21374
		Ghatal	67991
		Medinipur	19860
	TOTAL		**138654**
20	Purba Medinipur	Haldia	59016
		Tamluk	95757
		Contai	77828
	TOTAL		**232601**
		Grand Total	**2617256**

(খ) না। নদীয়া জেলায় এই প্রকল্পের অন্তর্ভুক্ত নির্মাণকর্মীদের জন্য পৃথকভাবে নতুন কোনো কর্মসূচী গৃহীত হয়নি।

সুন্দরবনের দ্বীপসমূহ সংযোগকারী ব্রীজ নির্মাণ

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭) **শ্রী জয়ন্ত নস্কর :** সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনের দ্বীপসমূহের মধ্যে ব্রীজের মাধ্যমে সংযোগসাধন করার কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, তার রূপরেখাটি কীরূপ?

সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) সুন্দরবনের দ্বীপগুলিকে মূল ভূখণ্ডের সাথে যুক্ত করার লক্ষ্যে এই দপ্তর সেতু নির্মাণের প্রকল্প রূপায়িত করে থাকে। প্রধানতঃ নদী, জোয়ার-ভাটার খাল প্রভৃতির উপরেই এই সেতুগুলি নির্মাণের প্রকল্প গৃহীত হয়ে থাকে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received three notices of adjournment motion. The first one is from Shri Anisur Rahaman, Shri S. M. Sadi, Shri Sahajahan Choudhury, Shri Gouranga Chatterjee, Shri Probodh Chandra Sinha, Shri Paresh Chandra Adhikary, Shri Anandamay Mandal and Shri Id Mohammad on the subject of alleged non appointment of permanent teachers in Primary and Secondary Schools and Madrasha in the State. The second one is from Dr. Tarun Kanti Naskar on the subject of alleged lack of proper infrasctructure to provide free treatment in the Government hospitals in the State. And the third one is from Shri Asit Mitra, Smt. Firoza Begum, Smt. Pratima Rajak, Shri Abu Taher Khan, Smt. Sabina Yeasmin, Shri Rabiul Alam Chowdhury, Shri Seikh Safiujjaman and Shri Nepal Mahata on the subject of alleged anomalies in pay structure and other amenities of the Madrasha Teachers in the State.

The subject matter of all the motions relate to day-to-day administration of the State Government and are not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the Ministers concerned through Questions. Calling Attention, Mention etc.

I, therefore, withould my consent to all the Motions.

One Member of each party may, however, read the text of the Motion as amended.

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল:-

দীর্ঘদিন স্থায়ী শিক্ষক না পাওয়ার জন্য রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক এবং মাদ্রাসা স্তরে শিক্ষকের যে সঙ্কট সৃষ্টি হয়েছে বলে অভিযোগ। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সদর্থক কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এইজন্য...

মিঃ স্পীকার : মিঃ রহমান, এই প্রসঙ্গে আপনাকে বলি যে, গতকাল মাননীয় মন্ত্রী পার্থ চ্যাটার্জী শিক্ষা সংক্রান্ত ব্যাপারে, বিশেষ করে শিক্ষক নিয়োগ প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে, এটা নিয়ে উনি বিস্তারিত উত্তর এখানে দিয়ে গেছেন এবং এটা নিয়ে অনেক প্রশ্ন করা হয়েছিল, উনি উত্তর দিয়েছেন। আপনি একটা adjournment motion-এ দুটো সাবজেক্ট এনেছেন। এক

তো আপনার Primary teachers এবং Madhyamik, Secondary বলেছেন, আবার Madrasha ও এনেছেন। দুটো বিষয় admissible নয়, একটা আনার প্রয়োজনীয়তা ছিল।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল:—

সরকারি হাসপাতালগুলিতে বিনামূল্যে চিকিৎসার নির্দেশ দেওয়া হয়েছে, অথচ তা কার্যকর করার জন্য উপযুক্ত পরিকাঠামো নেই বলে অভিযোগ। এর ফলে রোগীরা সময়মতো চিকিৎসা না পেয়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন বলে অভিযোগ। আবার প্রশিক্ষণপ্রাপ্ত স্বাস্থ্যকর্মী ও নার্সের অভাবে চিকিৎসা পরিষেবা ব্যাহত হচ্ছে। সরকারি হাসপাতালগুলিতে উপযুক্ত পরিকাঠামো সুনিশ্চিত করার দাবি জানাচ্ছি।

শ্রীমতী ফিরোজা বেগম : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল, রাজ্যে বিভিন্ন ধরনের মাদ্রাসা আছে। নানা ধরনের শিক্ষা ব্যবস্থা প্রচলিত। বিভিন্ন ধরনের পে স্কেল এবং নিয়ম রয়েছে। হালে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে বলে অভিযোগ। এই কারণে অনেক মাদ্রাসা শিক্ষক অনশন করছে বলে জানা গেছে। এই সমস্যা সমাধানে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received 2 (two) Notices of Calling Attention on the following subjects, namely :

Subject	**Name**
(i) Alleged lack of infrastructural facilities and want of doctors at Joynagar Rural Hospital and Nimpeeth R. K. Ashram Hospital in Kultali Assembly Constituency area.	: Shri Ram Sankar Halder
(ii) Steps taken by the Government to supply fresh drinking water in the arsenic and fluoride affected areas in the State.	: Shri Nirmal Ghosh

I have selected the notice of Shri Nirmal Ghosh on the subject of steps taken by the Government to supply fresh drinking water in the arsenic and fluoride affected areas in the State.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

...(At this stage, all the Hon'ble Members of the Left Front Parties were raising slogans on the well of the House)...

...(তুমুল গণ্ডগোল)...

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যর দৃষ্টি আকর্ষণী এই নির্দিষ্ট বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী এই অধিবেশন চলাকালীন কিম্বা তারপরে সরাসরি লিখিত জবাব দিয়ে দেবেন।

মিঃ স্পীকার : আপনি আপনার দলের সদস্যদের বসতে বলুন। আমি যা বলার বলেছি। প্লিজ আপনারা বসুন। Please go to your seat.

...(তুমুল গণ্ডগোল)...

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Twelfth Report of the Committee on Public Accounts (2014-2015 & 2015-2016)

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to present the Twelfth Report of the Committee on Public Accounts (2014-2015 & 2015-2016) on Para No. 3.2.1 of the Report of the Comptroller and Auditor General of India for the year 2010-2011 (Civil) relating to the Department of Home.

Presentation of the Ninth Report of the Standing Committee on Higher Education (2014-2015 & 2015-2016)

Shri Jiban Mukhopadhyay : Sir, I beg to present the Ninth Report of the Standing Committee on Higher Education (2014-2015 & 2015-2016) on Infrastructure and Activities of some colleges in the State.

GOVERNMENT BUSINESS

LAYING OF RULES

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the amendments to the West Bengal Panchayat (Gram Panchayat Administration) Rules, 2004 published in the Kolkata Gazette Extraordinary dated the 16th November, 2015 under Panchayats and Rural Development Department's Notification No. 4373/PN/O/I/3R-5/2003 Pt.-II date the 9th November, 2015.

...(At this stage, all the Hon'ble Memers of the Congress Party walked out of the House)...

[12.10 – 12.22 p.m.]

...(Noise)...

(At this stage the Left Front Hon'ble Members came down into the well of the House and started raising slogans)

...(Noise)...

Amendments to the West Bengal Panchayat (Panchayat Samiti Administration) Rules, 2008

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the amendments to the West Bengal Panchayat (Panchayat Samiti Administration) Rules, 2008 published in the Kolkata Gazette Extraordinary dated the 16th November, 2015 under Panchayats and Rural Development Department's Notification No. 4374/PN/O/I/3R-6/2004 Pt.-II dated the 9th November, 2015.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Reports on the Accounts of the West Bengal Commission for Backward Classes for the years 2011-2012, 2012-2013 and 2013-2014.

Shri Upendra Nath Biswas : Sir, I beg to lay the Audit Reports on the Accounts of the West Bengal Commission for Backward Classes for the years 2011-2012, 2012-2013, 2013-2014.

The 41st Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2014-2015.

Shri Swapan Debnath : Sir, I beg to lay the 41st Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2014-2015.

The 43rd Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Dairy & Poultry Development Corporation Limited for the year 2011-2012.

Shri Swapan Debnath : Sir, I beg to lay the 43rd Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Dairy & Poultry Development Corporation Limited for the year 2011-2012.

...(Noise)...

LAYING OF NOTIFICATIONS

Notifications made by the Department of Labour, Government of West Bengal under the West Bengal Right to Public Services Act, 2013.

Shri Moloy Ghatak : Sir, I beg to lay the Notification(s) No. 1879-GE/G/3A-20/2014 dated the 25th June, 2015 and No. 2897-GE/G/3A-20/2014, dated the 30th September, 2015 issued by the Department of Labour, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary, dated the 13th August, 2015 and 4th November, 2015 respectively under the West Bengal Right to Public Services Act, 2013.

MENTION CASES

Shri Sahajahan Choudhury : Not responded.

Shri Dhirendra Nath Mahato : Not responded.

Shri Ram Sankar Halder : Not responded.

...(গোলমাল)...

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আমি মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯শে মার্চ ২০১৪ সালে রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের এক নির্দেশিকায় ২০১৬ শিক্ষাবর্ষ থেকে শারীর শিক্ষা বিষয়টি সেকেন্ডারি স্তরে আবশ্যিক বিষয় হিসেবে চালু করে। পশ্চিমবঙ্গ সর্বশিক্ষা মিশনের ২০১৪-১৫ সালের তথ্য অনুযায়ী ৪ হাজার ৩৩২টা উচ্চ প্রাথমিক, ৮৬৩টা মাধ্যমিক এবং ১২১৩টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কোনো শারীর শিক্ষার শিক্ষক নেই। অন্য বিষয়ের শিক্ষকদের কাজ করানো হচ্ছে। শিক্ষার অধিকার আইন অনুযায়ী ১০০ জনের বেশি ছাত্র-ছাত্রী যুক্ত প্রাথমিক বিদ্যালয়ে একজন শারীর শিক্ষার, একজন কর্মশিক্ষার, একজন ক্রাফ্টের শিক্ষক থাকা বাধ্যতামূলক। প্রায় ৭০ হাজার বি.পি.এড. প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্র-ছাত্রী চাকরির অপেক্ষায় আছে। তাদের থেকে এই শূন্য পদগুলি পূরণ করার দাবী করছি মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর কাছে।

...(এই সময় বিরোধী বামফ্রন্টের সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করেন)...

শ্রী অসিত মিত্র : (অ্যাবসেন্ট)।

শ্রী দেবপ্রসাদ রায় : (অ্যাবসেন্ট)।

শ্রী বাসুদেব মেটে : (অ্যাবসেন্ট)।

শ্রী আনিসুর রহমান : (অ্যাবসেন্ট)।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, through you I would like to highlight a very important problem. My Place is famous for both tea and cinchona. Tea gardens in the hill started around 1839 and since then the workers were working there. More than 5th generations of them are living there but they do not have their land right. So same is the case with the cinchona workers also. Since 1850 cinchona started. Numerous generations have lived there. But they are also living without any land right. I have raised the issue several times with the Hon'ble Chief Minister also. I want that Government should take some positive decision about them. Yesterday a delegation met the district administrator, D. M., in Darjeeling. So I want to highlight this issue so that the Government takes a very sympathetic view for them and make some arrangements so that they are provided with their land rights. Thank you, Sir.

শ্রী এস. এম. সাদি : (অ্যাবসেন্ট)।

শ্রী রামেশ্বর দলুই : (অ্যাবসেন্ট)।

শ্রী দিবাকর হাঁসদা : (অ্যাবসেন্ট)।

শ্রী উপেন কিস্কু : (অ্যাবসেন্ট)।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, আমাদের হাওড়া সাঁকরাইলে একটি পুরোনো বাজার আছে। এই বাজারটির বয়স প্রায় ১০০ বছরের বেশি হয়ে গেছে। এই বাজারটির অবস্থা অত্যন্ত সঙ্গীন। শুধু সাঁকরাইল নয়, আশেপাশের বহু মানুষ এসে এই জায়গা থেকে বাজার করে স্যার। ইমিডিয়েটলি এটাকে স্যার সংস্কার করার দরকার আছে। নাহলে যে-কোনো সময় বড়ো ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ, যত তাড়াতাড়ি সম্ভব এই বাজারটি সংস্কার করে মানুষের পাশে দাঁড়াবার জন্য অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ স্যার।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্য প্রতিমন্ত্রীর কাছে আমার আবেদন, আমার এলাকার সত্যবালা আই.ডি. হসপিটাল—এটা বোধহয় পশ্চিমবঙ্গের দ্বিতীয়, বেলেঘাটার পরেই—এত উপেক্ষিত হয়ে পড়ে আছে স্যার, বামফ্রন্ট

আমলে ঝোপ-জঙ্গলে ভরে গিয়েছিল। আমরা আসার পর সেগুলা পরিষ্কার করিয়েছি। মাননীয় মন্ত্রী পরিদর্শনও করেছেন। কিন্তু ওটি আমরা করে উঠতে পারছি না। আমি এম.এল.এ. ল্যাডের টাকা দিয়েছি, এম.পি. দিয়েছেন, মেয়র দিয়েছেন। কিন্তু এখনও যা অবস্থা, স্বাস্থ্য দপ্তর থেকে যদি অবিলম্বে হস্তক্ষেপ করা না হয়, তাহলে ওখানে যে ৫২ বেডের হসপিটাল—সেখানে স্যার, ওষুধ নেই, অত বড়ো হসপিটালে দুজন ডাক্তার, নার্স নেই, সিকিওরিটি নেই। এইভাবে অবহেলিত অবস্থায় পড়ে আছে। আমি অবিলম্বে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করছি, আরেকবার যদি হসপিটালটি পরিদর্শন করেন তাহলে ভালো হয়। কেননা উদ্বোধন যখন করেছিলাম তখন উনি ছিলেন, মাননীয় মন্ত্রী অরূপ রায় ছিলেন, অম্বিকা ব্যানার্জী ছিলেন। আজকে আমার অনুরোধ, অবিলম্বে উনি যদি হসপিটালটি পরিদর্শন করে যথাযথ ব্যবস্থা নেন, তাহলে এলাকার মানুষ উপকৃত হবেন। নমস্কার।

ZERO HOUR

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্মল বাংলা গড়ার একটি বিশেষ লক্ষ্যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর একটি অসাধারণ কাজ উত্তর ২৪-পরগনায় হয়েছে গত ৪ঠা ডিসেম্বরে। এই মন্ত্রিসভার অত্যন্ত সিনিয়র মিনিস্টার শ্রী সুব্রত মুখোপাধ্যায়, শ্রী পূর্ণেন্দু বসু, শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য এবং আমাদের ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশান এবং এম.এল.এ.দের নিয়ে। স্যার অবিশ্বাস্য হলেও সত্য, ২৫ লক্ষ মানুষ একদিনে এই হ্যান্ডওয়াশ যা একটি প্রস্তাব, একটি দর্শন, সেই দর্শনে অংশগ্রহণ করেছেন আমাদের জেলার এবং ইউনেস্কোর প্রতিনিধিদের সামনে। আমাদের জেলার ২৫ লক্ষের বেশী মানুষের সামনে হাত ধুয়ে কি উপকারিতা পাওয়া যায় তার যেমন ডেমনস্ট্রেশান হয়েছে, তার যেমন প্রচার হয়েছে এবং আমাদের এই জেলার এই হ্যান্ডওয়াশ, এই নির্মল বাংলা গড়ার যে আদর্শটিতে আমরা গ্রহণ করেছি তাতে গিনেস্ বুকে আমাদের নাম উঠেছে। স্যার, আপনার মাধ্যমে এটাকে রেকর্ড করাতে চাই। ধন্যবাদ।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে বসিরহাটের ইটিন্ডাঘাট রোড, যা বসিরহাট শহরের একেবারে প্রাণকেন্দ্রের উপর দিয়ে গেছে, দীর্ঘ প্রতীক্ষার পর বহু বছর পর মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখোপাধ্যায় ও শ্রী ফিরহাদ হাকিমের সহযোগিতায় সেখানে রাস্তার কাজ শুরু হয়েছে, কিন্তু রাস্তার কাজের অগ্রগতি অত্যন্ত মন্থর। দিনের বেলায় কাজ হচ্ছে, যার ফলে সেখানে সমস্ত মার্কেট-দোকানপাট সব বন্ধ হয়ে যাচ্ছে, ব্যবসায়ীরা প্রায় একপ্রকার বিদ্রোহ ঘোষণা করেছে সেখানে। রাত্রে কাজ বন্ধ থাকে। রাত্রেই যদি কাজটা করা যায় তাহলে ভালো হয়। আর নীচ দিয়ে ৭০ বছরের পুরনো ওয়াটার সাপ্লাইয়ের লাইন আছে যা কোনোদিন সংস্কার করা হয়নি, সেটাও মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় ব্যবস্থা করেছেন। কিন্তু এই মুহূর্তে সেখানে কোনো পানীয় জলের সরবরাহ নেই। পরিস্থিতি ভয়াবহ। যদি কাজের গতিটাকে একটু ত্বরান্বিত করা যায় আমি সংশ্লিষ্ট দপ্তরের কাছে সেটাই আবেদন জানাচ্ছি।

মিঃ স্পীকার : এখন বিরতি, আমরা আবার ১.৩০ মিনিট সময়ে মিলিত হবো।

(বিরতি)

[1.30 – 1.40 p.m.]

After Adjournment

LEGISLATION

The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015

Smt. Chandrima Bhattacharya : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015.

(Secretary then read the title of the Bill.)

Smt. Chandrima Bhattacharya : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015 be taken into consideration.

শ্রী এস এম সাদি : মাননীয় স্পীকার স্যার, আমাদের মাননীয়া মন্ত্রী মহোদয়া The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015 সভায় উত্থাপন করেছেন। এটা এর আগেও Amendment হয়েছে ২০১২ সালে এই হাউসে। কার্যত যখন বামফ্রন্ট সরকার ছিল ১৯৯১ সালে এই ফান্ড গঠন করার জন্য আইন পাশ করা হয়েছিল এই মহতী সদনে। একথা আমরা জানি, যে কোনো আইন তার প্রয়োজনের নিরিখে সময়ের তাগিদে তাকে enrich করতে হয়, upliftment করতে হয়, স্বভাবতই এটা প্রয়োজন। আমরাও বিলটা দেখেছি। উদ্দেশ্য এখানে যা Aims and Objects এবং reason যা হয়েছে, সেটা আমাদের কাছে খুবই সুস্পষ্ট। খুব বড় ধরনের আপত্তির কিছু নেই এই বিলে। আমি মন্ত্রী মহোদয়াকে বলব যে, উনি এখানে "advocates practicing in West Bengal", 2(A) এখানে যুক্ত করেছেন the words "advocates practicing in West Bengal and in the Andaman and Nicobar Islands" shall be substituted," আমার স্যার, যেটা এখানে বলার, যে আমরা পশ্চিমবঙ্গ বিধানসভা সদনে আলোচনাটা করছি। একথা আমরা সকলেই জানি যে, আন্দামানটা আমাদের কলকাতা হাইকোর্টের Circuit Bench-এর অন্তর্ভুক্ত। কিন্তু আন্দামান আলাদা একটা অঙ্গরাজ্য। কেন্দ্রশাসিত রাজ্য। স্বভাবতঃ এটা যদি মাননীয়া মন্ত্রী মহোদয়া, আপনি একটু ব্যাখ্যা নেবেন, আপনি যে উদ্দেশ্য নিয়ে কল্যাণ তহবিলটা গড়তে চলেছেন। কার্যত যারা দুঃস্থ আইনজীবী রয়েছেন, ব্যবহারজীবী রয়েছেন তাদের স্বার্থে। কিন্তু আমার যেটা মনে হয়, এর জন্য আমাদের মাননীয় রাষ্ট্রপতির assent লাগবে। Assent পাওয়া আপনি বুঝেছেন—এটা সময়সাপেক্ষ। সেইজন্য আপনি আজকে এখানে একটা প্যয়গম্ দিয়েছেন এখানে যে, হাইকোর্টের যারা enrolment রয়েছে, কলকাতা হাইকোর্টের বারে, বারের enrolment যারা রয়েছে, তারা তো এখানেও Practice করে আর আন্দামানেও Practice করে। যেহেতু একই Circuit

Bench-এর মধ্যে। সেইজন্য আন্দামান নিকোবর এই আইল্যান্ড শব্দটা যুক্ত না করলে আপনি যত দ্রুততার সঙ্গে এই তহবিলটা যেটা আপনি fund allocation-এর ক্ষেত্রে বলেছেন যে, "an amount more or less rupees eight lakhs per annum" যেটা আপনি বলেছেন বাজেটে এই লাগবে। সেটা আপনি দ্রুত চাইছেন। দ্রুত করতে চাইছেন। সেইজন্য আমি বলব যে, একটু দেখে নেবেন যে, মাননীয় রাষ্ট্রপতির assent-এর জন্য কালক্ষেপের ফলে যা দ্রুততার সঙ্গে করতে চাইছেন—যাদের জন্য করতে চাইছেন, তারা যেন বঞ্চিত না হয়। এটা একটা বিষয়। আটকে যেতে পারে। এর আগেও আমাদের সদনে অনেক বিষয় এসেছে আমরা এই বেঞ্চ থেকে আমরা বিষয়গুলো সরকারপক্ষের নজরে এনেছি। অনেক ক্ষেত্রে আপনাদের মনে আছে। সিঙ্গুর বিলের ক্ষেত্রে যখন জমির প্রশ্ন উঠেছিল তখন আমরা এই কথা বলেছিলাম যে এটা কিন্তু আটকে যাবে। একটু সংশোধন করলেই হয়তো হত। তাই আমি বলব, বিষয়টাকে একটু দেখুন, এটা করা যেতে পারে, এটা ভাবা যেতে পারে। স্যার, আমরা জানি, আমাদের যে ব্যবস্থা, সেই ব্যবস্থায় বিচার ব্যবস্থাটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আইনের শাসনে এই দপ্তরের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে এবং গণতন্ত্রে এটা খুব জরুরী, এটাকে রক্ষা করবার ক্ষেত্রে। আইনের শাসনটা খুব জরুরী। কিন্তু এই কথা ঠিকই যারা ব্যবহারজীবী, আইনজীবী সবার তো এটা ব্যবসা। সকলে সমানভাবে যে ব্যবসায় দক্ষতা পারদর্শিতা বা আয় করতে পারেন তা না, আমরা জানি। আমাদের যারা হাইকোর্টে, ডিস্ট্রিক্ট কোর্ট, সিভিল কোর্টে ঘোরাঘুরি আছে, আমরা জানি। অনেক উকিল মহাশয় আছেন, খুবই দুঃস্থতার সঙ্গে তারা চলেন। আবার নতুন যারা আছে যাদের ধরুন পারিবারিক কোনো ট্র্যাডিশান নেই, যারা আইন পাশ করে থ্রী ইয়ার্স বা এখন যারা ফাইভ ইয়ার্সে আছেন তাদের এই পেশাটা জমাতে সময় লাগে, কারণ তাদের তো কোনো পারিবারিক গরিমা নেই। আপনি যেটা এনহান্স করেছেন, একটু দেখবেন, আমার মনে হয় যেটা এনহান্স করেছেন এই এক হাজার টাকার জায়গায়, দুই হাজার টাকা এটা একটু হার্ডসিপ হবে। নতুন, সবে যারা আসছেন, যদি একটা ইয়ার মেনশান করে দেন, এই বছর পর্যন্ত যারা প্র্যাকটিশ করেছেন তাদের এত, মোর দ্যান টু বা থ্রী ইয়ার্স যারা প্র্যাকটিশ করছেন তাদের এত বা অ্যাবাভ ফাইভ ইয়ার্স যারা প্র্যাকটিশ করছেন তাদের এত। এটা যদি হয় তাহলে মনে হয় যারা সবে বারে, বার কাউন্সিলে এনরোলমেন্ট করে যারা আছেন তাদের পক্ষে এটা কম হার্ডসিপ হয় আমি বলব। আমি যখন দেখছিলাম। সবসময় জানেন যে এই উকিলবাবুদের দক্ষতার প্রশ্নটা খুব জরুরী। এই সময়কালের মধ্যে খুব জরুরী হয়ে পড়েছে। এবং আমাদের আইনের শাসনটাকে কার্যকরী করে রাখবার ক্ষেত্রে এটা খুব জরুরী। আমরা জানি যে অনেক বিচার দক্ষ উকিলের অভাবেও এবং তারা অনেক আইন, অনেক আইনের ব্যাখ্যা এমনকি অনেক কালক্ষেপও ঘটে যায়, দুটো পরিপূরক আছে, এটা ঠিক। শুধু উকিলবাবুদের জন্য না, আবার বিচার ব্যবস্থার কারণেও এটা ঘটে। সেইজন্য অনেক সময় আমরা বলি, জাস্টিস ডিলেড, জাস্টিস ডিনায়েড—অনেক সময় আইন, সময়ের কালক্ষেপেও সেখানে আইনের শাসন

থেকেও সে বঞ্চিত হয়ে যায়। সেই ক্ষেত্রে আমি যেটা বলতে চাইছি, দেখবেন এই সময়কালের মধ্যে অনেক ঘটনা ঘটেছে। যেগুলো তো আমরা, যা করছেন, আপনারা শুনছেন যে সম্প্রতি একটা গুরুত্বপূর্ণ রায় আমাদের রাজ্যে বেরিয়েছে। আমরা কেউ বিরোধীপক্ষ থেকেও ঠিক করে দিইনি, আমাদের স্পেশ্যাল পি পি তিনি মন্তব্য করছেন, মন্তব্য করেছেন, চাপ আছে জানি, অপরাধী কোথায় আছে। আপনারা জানেন যে একেবারে শুরুতে, এই সদন যখন শুরু হয় তখন এই ঘটনাটা ঘটেছিল। খুবই মর্মান্তিক এবং দুঃখজনক ঘটনা, পার্ক স্ট্রিটের যে ঘটনা। একজন মহিলা তার উপর পাশবিক অত্যাচার হয়, সেটা নিয়ে অনেক মন্তব্য হয়, কটু মন্তব্য হয়, খারাপ মন্তব্য হয়।

মিঃ স্পীকার : এটা প্রাসঙ্গিক নয়।

শ্রী এস এম সাদি : প্রাসঙ্গিক বলছি এইজন্য, এটা ঠিকই, আমরা উকিলবাবুদের জন্য, উকিলবাবুদের স্বার্থটাকে সুরক্ষিত করবার জন্য করছি। কিন্তু আমরা যা লক্ষ্য করছি, সেইটা বলছি স্যার। এগুলো তো স্যার, গভর্নমেন্টের ভূমিকা থাকে, গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। আপনারা দেখেছেন যে এগুলো সব হচ্ছে, রয়েছে। যার ফলে যাদের জন্য আমরা করছি, তাদের সম্পর্কে যেহেতু আমরা জনপ্রতিনিধি, জনমানসে কি প্রতিফলন হচ্ছে। আমি বলতে চাইছি তার যে কাজ, সেই কাজের ক্ষেত্রে জনমানসে বিয়িং অ্যাডভোকেট যার জাস্টিস পাইয়ে দেওয়ার কথা, যার বিচার পাইয়ে দেওয়ার কথা, তার সম্পর্কে বলবে তো আপনারা জনপ্রতিনিধি, আপনারা সব করে এলেন, কল্যাণ তহবিল করলেন, ফান্ড রেইজ করলেন, এটা তো ঠিক, ঠিক আছে, আমরা আপত্তি করছি না। কিন্তু যা দেখা যাচ্ছে, তাতে তো একটা খারাপ বার্তা যাচ্ছে। সেক্ষেত্রে হচ্ছে ডিপার্টমেন্টকে এগুলো দেখা দরকার। ডিপার্টমেন্টকে এগুলোকে নিয়ন্ত্রণ করতে হবে। এগুলোকে কারা তার যোগ্যতা, তার মাপকাঠি, তার দক্ষতা এইসব বিষয়গুলো খুব জরুরী রয়েছে। তাহলে পরে হচ্ছে যে স্যাংটিটি বজায় থাকে, একটা বিশুদ্ধতা বজায় থাকে। হাউসে আমরা আলোচনা করছি। কারণ আমি বলেছি আগে শুরুতে স্যার, যে এটা নিয়ে যে খুব বড় ধরনের বিরোধিতার জায়গায় আমরা তা না। আমরা চাই যে এটা ঠিক আছে, হোক। আমি কয়েকটি বিষয়, যা এই স্বল্প সময়ের মধ্যে পড়ে যা আমার মনে হল, এই রকম ঘটনা তো ঘটছে, প্রতিদিনই ঘটছে স্যার। আপনারা দেখবেন স্যার। এগুলো একটু, বিষয়গুলো দেখার দরকার আছে। সেইজন্য আমি, খুব বেশী এটার উপর বলার বিষয় নেই, আমি শুধু বলব, ঠিক আছে, এটা হোক, এই বিলের উপর আমাদের যে মতামত, সেই মতামত জ্ঞাপন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[1.40 – 1.50 p.m.]

Shri Biplab Mitra : Absent.

শ্রী আখরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় আইনমন্ত্রী কর্তৃক যে দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডভোকেট্স ওয়েলফেয়ার ফান্ড (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৫ এই সদনে পেশ

হয়েছে, আমার সহকর্মী সঠিকভাবে এই বিষয়টা তুলে ধরার চেষ্টা করেছেন। এখানে এক জায়গায় বলা হচ্ছে, 'to practise in West Bengal and in the Andaman & Nikobar Island' এখানে স্যার আমার এই হাউসের কাছে একটা প্রস্তাব আছে। সংশোধনী যেটা এনেছেন আমরা জানি যে আন্দামান নিকোবর আমাদের হাইকোর্ট সার্কিট বেঞ্চের আন্ডারে হলেও আন্দামান একটা কেন্দ্রশাসিত অঞ্চল, তার নিজস্ব একটা ট্রেজারি আছে, তার নিজস্ব একটা সংগ্রহ আছে সার্কিট বেঞ্চের আন্ডারে হলেও। আমার মনে হয় আন্দামান নিকোবরের মানুষের জন্য তাদের নিজস্ব একটা আইন আছে। তাদের নিজস্ব স্টাইল আছে। সেই রাজ্যে তারা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার নিয়ম কানুন প্রযোজ্য হয়। কিন্তু জুডিসিয়ালে যেহেতু আমাদের ক্যালকাটা হাইকোর্টের তত্ত্বাবধানে চলে, আমাদের কাছে আন্দামান নিকোবরের অ্যাডভোকেট, এখানে বার কাউন্সিল বা ওয়েস্ট বেঙ্গলের যারা সদস্য তারা যদি আন্দামান নিকোবরে প্র্যাকটিস করেন তাহলে আন্দামান নিকোবরের মানুষ যারা এখানে বসবাস করেন, এই জায়গায় বলবো একটু রেকটিফাই করার জন্য আমাদের বেঙ্গল ফান্ডের টাকা, বেঙ্গল অ্যাডভোকেটের কথা চিন্তাভাবনা করা হোক। শুধু আন্দামান নিকোবর যেহেতু হাইকোর্ট জুরিসডিকশানের মধ্যে পড়লেই সেটা করা হবে — এটা আমার মনে হয় সঠিক হচ্ছে না। এক হাজার টাকাটা যেটা দু-হাজার করছেন সেটাও সঠিক, তার কারণ যারা অ্যাডভোকেট আছেন আমাদের হাইকোর্টে, লোয়ার এবং বিভিন্ন স্তরে যারা আছে তারা খুব কঠিন সমস্যার সম্মুখীন হচ্ছেন। সরকার ২০১২ সালে নতুনভাবে তাদের কথা চিন্তাভাবনা করেছিলেন। সেইসময় আমি সরকারকে এই আইনটা আনার জন্য ধন্যবাদ জানিয়েছিলাম। এই দিনে মাননীয়া মন্ত্রী মহোদয়া আছেন। আমি বলব অ্যাডভোকেটের সম্পর্কে যদি আরও কিছু ভাবা যেতে পারে, অনেক অ্যাডভোকেট আছেন আমাদের হাইকোর্টে, ম্যাডাম একসময় হাইকোর্টে প্র্যাকটিস করতেন, আমিও তাঁর সহকর্মী হিসাবে তাঁর সঙ্গে হাইকোর্টে অনেকদিন কাজ করেছি। অনেক অ্যাডভোকেটকে এখনো আর্থিকভাবে তাদের সরকার থেকে দেওয়ার কথা, অনেকে এখনো সঠিকভাবে আর্ন করতে পারেন না, এই সমস্ত দুঃস্থ অ্যাডভোকেটদের কাছে যদি আমাদের সোস্যাল ওয়েলফেয়ার ফান্ড থেকে, পি এফ প্রভিডেন্ট ফান্ডের সরকারি বিভিন্ন জায়গায় যে সমস্ত স্কিমগুলো আছে, নতুন অ্যাডভোকেট যারা প্র্যাকটিস করছেন তারা হয়তো তাদের ভবিষ্যৎ তারা সুরক্ষিত করতে পারছেন না তাদের প্র্যাকটিসিংয়ের যে-কোনো কারণে। তারা তাদের নিজস্ব টাকা যদি সাবমিট করে, আমাদের সোস্যাল ওয়েলফেয়ার ফান্ড থেকে তাদের কিছু কন্ট্রিবিউট করে, অ্যাডভোকেটের জন্য পি এফ স্কিমটা যাতে চালু করা যায় সেটা মাননীয়া মন্ত্রী মহোদয়াকে ভাবার জন্য বলব। তার সাথে সাথে যে সমস্ত অ্যাডভোকেট আছেন হাইকোর্ট বা বিভিন্ন স্তরে, এক শ্রেণির অ্যাডভোকেট খুব উচ্চ আয়ের, আবার অনেকের পেট চলে না এইরকম। তাদের চিকিৎসার জন্য —অনেক অ্যাডভোকেটকে চিকিৎসার জন্যও ক্ষতির সম্মুখীন হতে হয়। তাই আমি এই সদনে বলব মেডিক্যাল স্কিম অ্যাডভোকেটদের জন্য করার ব্যাপারে চিন্তা ভাবনা করা হোক। এই বিল যেটা এসেছে সেটা নিয়ে বলার কোনো অবকাশই নেই, তবে আমি আন্দামান

নিকোবর অ্যাড করার ক্ষেত্রে আমি এখানে বক্তব্য রেখে বললাম যে এটা নিয়ে চিন্তাভাবনা করার কথা বলব। এটা হাইকোর্টের আন্ডারে হলেও এখানে এই সুযোগ থেকে বাদ দেওয়ার প্রস্তাব রেখে আমি সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

শ্রী অশোক দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই ধন্যবাদ জানাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং আইনমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যকে। দীর্ঘদিন আমাদের এই দাবী ছিল এবং বার কাউন্সিল থেকে আমরা এই ব্যাপারে অনেক আন্দোলনও করেছিলাম। সবথেকে বড় ব্যাপার হচ্ছে আন্দামান-নিকোবরকে এর মধ্যে ইনক্লুড করা হচ্ছে, এটা উত্তম প্রস্তাব বলে আমি মনে করি। আগে যেটা ২৫০ টাকা ছিল, এখন সেটা ৫০০ টাকা করা হয়েছে। বর্তমানে যেটা ১০০০ টাকা আছে, আজকে যদি এই হাউসে অ্যামেন্ডমেন্টটা গৃহীত হয় তাহলে সেটা হবে ২০০০ টাকা। আইনজীবীরা দীর্ঘদিন প্র্যাকটিস করার পরে একটা জায়গায় গিয়ে তারা যদি পেনশান পেয়ে থাকে, এটা সত্যি তাদের প্রতি সম্মান বলে আমি মনে করি। আমি বিশ্বাস করি আজকে হাউসে এই অ্যামেন্ডমেন্টটা গৃহীত হবে এবং কেউ এর বিরোধিতা করবে না। এই সরকার ক্ষমতায় আসার পরে আইনজীবীদের জন্য যথেষ্ট চেষ্টা করছেন, কখনো বাড়ি তৈরি করার লোন দেওয়ার চেষ্টা করছেন। পশ্চিমবঙ্গে 'ল' পাশ করে যারা প্রথম এনরোলমেন্ট পাচ্ছেন তাদের এক হাজার টাকা করে প্রতি মাসে ভাতা দেওয়া হচ্ছে যেটা অন্য রাজ্যে আছে বলে মনে হয় না। অন্তত তারা যাতে প্র্যাকটিস করতে পারেন, পড়াশোনা করতে পারেন তার জন্য এই ভাতার ব্যবস্থা করা হয়েছে। সরকার আইনজীবীদের কথা ভাবছেন এই ব্যাপারটা অস্বীকার করে কোনো লাভ নেই। সরকারের এই উদ্যোগকে আমরা স্বাগত জানাই। ট্রাস্টির মাধ্যমে আমরা দরখাস্ত জমা দেব এবং দরখাস্ত জমা দেওয়ার পর সেকশান সেভেনে আমরা চেষ্টা করব যাতে নেসেসারি অ্যাকশান নেওয়া যায়। তাছাড়া একটা প্লাস পয়েন্ট হচ্ছে, কোনো মেম্বার যদি মারা যান তাহলে তার যিনি নমিনি থাকবেন তাকে টাকা দেওয়া হবে। তাছাড়া যদি পাঁচ বছরের মধ্যে কেউ মারা যায় তাহলে তার নমিনি বা মৃতের উত্তরাধিকারী বা তার কোনো রিপ্রেজেন্টেটিভ সেই টাকা পেতে পারেন। সরকার এটা অ্যালাউ করার চেষ্টা করেছেন, এটা সরকারের উদারতা বলে আমি মনে করি। আমি মনে করি হাউস এই অ্যামেন্ডমেন্ট বিলকে সমর্থন করার চেষ্টা করবেন। আমি আইনমন্ত্রীকে ধন্যবাদ জানাই, বিভিন্ন প্রকার সমস্যা থাকা সত্ত্বেও তিনি আজকে হাউসে এই বিল নিয়ে এসেছেন বলে। তাছাড়া তিনি নিজে আইনজীবী, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেও আইনজীবী, তাই তিনি আমাদের মতো আইনজীবীদের কথা ভাবেন। আগের সরকার কখনো আইনজীবীদের কথা ভাবেননি এবং ভাবেননি বলেই আগে যে দুজন আইনমন্ত্রী ছিল তারা দুজনেই হেরে গেছেন। এই অ্যামেন্ডমেন্ট বিলে শুধু আমাদের দলের লোকেরাই সুবিধা পাবে না, দলমত নির্বিশেষে সকলেই এর সুবিধা পাবেন, এতে আপত্তির কিছু নেই। আমরা দলমত দেখি না, আমরা বিভিন্নভাবে সবাইকে সাহায্য করে থাকি। রক্তের যেমন জাত নেই, ঠিক তেমনি আমরা কাজের ক্ষেত্রে মানুষের পাশে দাঁড়িয়ে কাজ করার চেষ্টা করি। এই বিল আপনারা গ্রহণ করবেন, এই কথা বলে প্রত্যেককে আন্তরিক ধন্যবাদ ও নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ali Imran Ramz : Honourable Speaker Sir, The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015.

اس بل میں Andaman and Nicobar Islands کو اس ولفیئر فنڈ کے ساتھ جوڑا گیا ہے اس کے لئے بنگال سرکار کی وزیر قانون شریمتی چندیما بھٹاچاریہ کا میں شکر گزار ہوں کہ انھوں نے اس بارے میں سوچا لیکن ساتھ ہی ساتھ یہ بھی کہنا چاہوں گا جو فنڈ increase کیا گیا ہے کہ ڈھائی سو روپے کو پانچ سو اور ہزار کو دو ہزار آج کی تاریخ میں اس کے بارے میں تھوڑا سوچنا چاہئے اسلئے کہ یہ بہت کم ہے اس کے بارے میں آپ تھوڑا غور کریں گی۔ ساتھ ہی ساتھ یہ جو welfare کی بات ہو رہی ہے کہ Advocate کے welfare کے بارے میں اگر بات کیا جائے تو ہم یہ دیکھ رہے ہیں کہ ہمارے یہاں کے جو سرکاری پی پی ہیں یا اے پی پی ہیں۔ سرکار کی طرف سے دوشیوں کو سزا دلانے کے لئے کام کریں گے یا سرکار کے خلاف لاء اینڈ ارڈر کے خلاف جو لوگ حرکت کر رہے ہیں اُس کے خلاف سرکاری پی پی آواز اٹھائیں گے۔ لیکن ہم لوگوں نے دیکھا کہ کٹوا میں، کاکدیپ میں اور پارک اسٹریٹ میں ان سب جگہوں میں سزا کم کرنے کی مانگ سرکاری وکیل نے کیا ہے۔ اس کے بارے میں بھی ہم اپنے وزیر قانون سے کہیں گے کہ آپ دیکھیں کہ سرکاری وکیل کا کام ہے۔ گنہگاروں کو سزا دلانے کی بات کرنا نا کہ اُن کی سزا کو معافی دلانے کیلئے اُن کے پاس کھڑے ہوں، یہ آپ کو دیکھنا چاہئے۔

[* * *]

Mr.Speaker : Ata jabe na , This portion will not go on record.

Shri Ali Imran Ramz: [* * *] ۔تو میں اُن سے گزارش کروں گا آپ as a law minister اپنی ذمہ داری کو سمجھتے ہوئے ملک اور ریاست کی قانوں کی حفاظت کرنے کی ذمہ داری آپ کے اوپر دی گئی ہے اُس کو باخوبی نبھانے کی کوشش کریں اور ساتھ ہی ساتھ آپ سے یہ کہنا چاہوں گا کہ ہم لوگوں کے ریاست میں آپ کی سرکار آنے کے بعد گھوڑا خرید و فرخت کا کاروبار شروع ہو گیا ہے تو گھوڑا جو بیک رہا ہے اُس کا بیچار کرنے کے لئے کون سی عدالت میں ہم کو جانا ہوگا؟ یا کون سے بنچ میں جانا ہوگا؟ وہ بھی آپ ذرا ہم لوگوں کو بتائیے کہ جو گھوڑا بیک رہا ہے اُس کا انصاف مانگنے کے لئے ہم کس عدالت میں جائیں؟ کس بنچ میں جائیں گے؟ کون سے سرکٹ بنچ میں آپ ہم کو بھیجیں گی؟ اُس کے لئے کون سا fast track کورٹ بنایا جائے گا؟ یا بنائیں گی؟ اُس پر آپ ضرور غور کریں یہی کہہ کر اس بل کی حمایت کرتے ہوئے میں اپنی بات ختم کرتا ہوں۔

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

[1.50– 2.00 p.m.]

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : স্যার, আজকে যে বিলটা ইন্ট্রোডিউস্‌ড হয়েছে The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015 সেই বিলকে কেন্দ্র করে এখানে বক্তব্য রাখলেন এই বিধানসভার মাননীয় সদস্যবৃন্দ শ্রী এস.এম. সাদি, শ্রী আখরুজ্জামান শ্রী অশোক দেব এবং আমার ছোটো ভাই ইমরান। আমরা শুনলাম। স্যার, অ্যাডভোকেট্‌স ওয়েলফেয়ার ফান্ড নিয়ে যে বক্তব্য তাঁরা এখানে রাখলেন, প্রত্যেকটি ছোটো হলেও মন দিয়ে শুনলাম। স্যার প্রথমেই আশ্বস্ত করতে চাই, সাদি সাহেবকে এবং এই সদনকে যে আন্দামান এবং নিকোবর যেমন হাইকোর্টের সার্কিট বেঞ্চের আন্ডারে তেমনি এটা পশ্চিমবঙ্গ বার কাউন্সিলের এক্তিয়ারভুক্ত। এখানে অন্য বার কাউন্সিলের কোনো এক্তিয়ার নেই। ফলে আন্দামানে এবং নিকোবরে যাঁরা প্র্যাকটিস করেন তাদেরও দীর্ঘদিনের দাবী ছিল যেটা অশোক দেব মহাশয় বলেছেন, তাদেরও দাবী ছিল যে তারা যাতে এই ফান্ডের এক্তিয়ারের মধ্যে আসেন এবং তাদের ক্ষেত্রে, এই সুযোগ-সুবিধাগুলো তারাও যাতে পান সরকারের কাছে তাদের দীর্ঘদিনের একটা দাবী ছিল। স্যার, এটা ঠিক যে এই আইনটি তৈরি হয়েছিল বিগত বাম সরকারের আমলে ১৯৯১; কিন্তু আমরা যদি স্যার, এই সদনে একটু গতিটা বলি বাম সরকারের, আইনজীবীদের কতটা তারা সহযোগিতার মানসিকতা নিয়ে এগিয়ে গিয়েছেন, তাহলে আমরা দেখতে পাবো স্যার ১৯৯১-এর আইন, অফিসটা তৈরি হয়েছিল ১৯৯৯। অর্থাৎ ৮ বছর লেগেছে একটা অফিস তৈরি করতে। মেম্বারশিপ শুরু হয়েছে ২০০০। স্যার, ক্লেম সেটেলমেন্ট আরম্ভ হয়েছে ২০০২ থেকে। আর ফান্ড ক্রিয়েশান স্যার, ১৯৯১-এর আইন, প্রথম ইনস্টলমেন্ট ৩০ লক্ষ টাকা, বিগত রাজ্য সরকার দিয়েছিল ১৬.০৫.৯৭-তে। একটা ফান্ড দিতে ১৯৯১ থেকে ১৯৯৭ লেগেছিল। আর সেকেন্ড ইনস্টলমেন্টটা দিতে ৩০ লাখের ১৯৯৭ থেকে ১৯৯৯ সাল লেগেছিল, ২২ এপ্রিল ১৯৯৯। তাহলে স্বভাবতই বোঝা যায়, যে আইনজীবীদের Promote করবার জন্য তাদের ভাল-মন্দ চিন্তা করার জন্য বিগত সরকার তাদের মনোভাব কি ছিল, আর আজকে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তার মানসিকতা কি। এখানে যে amendmentগুলো বিগত সরকারের সময় এসেছিল, ২০০২ সালে প্রথম এই Welfare stamp-কে introduce করা, এটা ২০০২ সালে প্রথম amendment করে—১৯৯১ সালের আইন—২০০২-তে প্রথম হল। আর স্যার, এটা আইন হল কিন্তু Welfare Stamp কিনে এই ফান্ডটাকে আরও বেশি শক্তিশালী করার, strengthen করার যে মনোভাব বিগত সরকারের থাকা উচিত ছিল সেটা তারা করেননি। ২০০২ সালে Welfare stamp-এর Introduction আইনটা আনলেন বটে—আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তার নেতৃত্ব মা-মাটি-মানুষের সরকার ১৫.১১.১৩ থেকে এটা এফেক্টিভ করলেন। তবে থেকে এই Welfare stamp বিভিন্ন জায়গায় যাচ্ছে। Bar council কিনছে, বিভিন্ন Bar Association কিনছে। আইন হচ্ছে যে নিচের court-এর subordinate judiciary-তে কোনো ওকালতনামা এক্সসেপ্টেড হবে না। যতক্ষণ না এই welfare stamp affixed হয়, Subordinate judiciary-তে মূল্য

হচ্ছে পাঁচ টাকা, আর High Court-এর মূল্য হচ্ছে দশ টাকা। তবে দুঃখের সঙ্গে এই সদনে স্যার, আমাকে স্বীকার করতে হচ্ছে যে, মহামান্য High Court-এ এই ওকালতনামায় এই যে compulsion-টা সেটা এখনও কার্যকরী করা যায়নি, হয়নি। নিচের কোর্টে subordinate judiciary কিনছে, তারা সেখানে Affixation-টা ensure করছে, এটাও স্যার আমি নিশ্চিতভাবে এখানে স্বীকার করব। যার জন্য আমাদের fundটা স্ফীত হচ্ছে। এখন স্যার, আমাদের যা balance আছে ফান্ডে সেটা হল ২ কোটি ৮৯ লক্ষ ৯৫০২.৭৯ এটা হচ্ছে present balance. অর্থাৎ আমরা এটা Strengthen করতে পাচ্ছি, এটা আপনাদের কাছে এই সদনের কাছে আমার বলার প্রয়োজন বলে আমার মনে হয়েছে। স্যার, fund allotment, এই যে stamp কিনে যেটা strengthened হচ্ছে আপনি জানেন স্যার, এই Fund-এর allotment কিভাবে হচ্ছে—১০০ টাকার Stamp যদি Welfare Fund-এ কেনা হয়, Welfare Fund-এ যে Stamp — তাহলে তার ৮৫ শতাংশ আসছে ওয়েলফেয়ার ফান্ডে, Bar Association পাচ্ছে দশ পারসেন্ট আর Bar Council পাচ্ছে পাঁচ পারসেন্ট। অর্থাৎ একই সাথে, একই টাকার মাধ্যমে যেমন ওয়েলফেয়ার ফান্ডটা শক্তিশালী হচ্ছে, তেমনি বার অ্যাসোসিয়েশানগুলোর ফান্ডটা শক্তিশালী হচ্ছে, Bar Council-এর fund-টা শক্তিশালী হচ্ছে এবং Bar Council-এর মাধ্যমে যে টাকাটা আসছে এই ফান্ডে তার তিন গুণ টাকা রাজ্য সরকার এই ফান্ডে দিচ্ছে অর্থাৎ বার কাউন্সিলের মাধ্যমে এই stamp বিক্রি হয়ে যে টাকা Welfare Fund-এ আসছে তার তিনগুণ রাজ্য সরকার দিচ্ছে। এই মনোভাব নিয়ে আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই রাজ্যের যিনি প্রশাসনিক কর্ত্রী তিনি এই মানসিকতা নিয়ে, এই মনোভাব নিয়ে উকিলদের জন্য তাঁর যে সহযোগিতার সরকারের হাত, সেই হাত বাড়িয়ে দিচ্ছেন। সাদি সাহেবকে আমি একটা কথা বলি, এই যে আপনি বললেন যে ছোটো মানে কম Junior যারা তাদের বেশি হয়ে যাচ্ছে। আসলে আমরা বোধহয় এটা আপনাকে ঠিক বোঝাতে পারিনি এই বিলটা। এটা কি হয়েছে, application fee কিন্তু যারা জুনিয়ার Below পাঁচ বছর যাঁদের তাঁরা ৫০ টাকা দিচ্ছেন application fee, আর তাঁদের Annual subscription হচ্ছে ৫০ টাকা।

[2.00— 2.11 p.m.]

পাঁচ থেকে বিলো ফিফটিন যাদের প্র্যাক্টিসের বছর, তারা অ্যাপ্লিকেশান ফি দিচ্ছেন একশো টাকা। তাদের অ্যানুয়াল সাবস্ক্রিপশান হচ্ছে একশো টাকা। পনেরো অ্যান্ড অ্যাবাভ অ্যাপ্লিকেশান ফি দুশো টাকা, আর অ্যানুয়াল সাবস্ক্রিপশান দেড়শো টাকা। এটা হচ্ছে বেনিফিট। বেনিফিটটা আমরা বাড়িয়ে দিলাম। বেনিফিট হচ্ছে, যে মুহূর্তে তিনি এই ফান্ডের মেম্বারশীপ নিলেন, অর্থাৎ এই ফান্ডের এক্তিয়ারের মধ্যে এলেন অ্যাপ্লিকেশান ফি জমা দিয়ে অ্যাপ্লিকেশান করে, তার প্র্যাক্টিসের আগের বছরগুলোর জন্য — যদিও তারও একটা হিসাব আছে বলছি—আগের বছরগুলোর জন্য আড়াইশো টাকা করে এবং পরের বছরগুলো মেম্বারশীপ পাওয়ার পরে সেটা হাজার ছিল। সেটাকে আমরা বাড়িয়ে পাঁচশো এবং দু-হাজার করেছি। আরও একটা ব্যাপারকে পরিষ্কার করার দরকার। ম্যাক্সিমাম ত্রিশ বছরের মেম্বারশীপ নেওয়া

যায়। এই প্র্যাক্টিসের আগে যেটা বলছি আমরা— ফান্ড, যারা মেম্বারশীপ নিচ্ছেন, সেই আগের যে প্র্যাক্টিস পিরিয়ডটা, সেটা ক্যালকুলেশানের সময় চার বছরকে একবছর হিসাবে আইন মতো ধরা হচ্ছে। অর্থাৎ আজকে যদি আমি ত্রিশ বছরের প্র্যাক্টিসের পরে এই ফান্ডের এক্তিয়ারের মধ্যে অ্যাপ্লিকেশান ফি জমা দিয়ে আসি, তাহলে ত্রিশ বছরের জন্য আমি পাঁচশো টাকা করে পাবো না। আমি যেটা পাব সেটা হচ্ছে, এভরি ফোর ইয়ার্সকে এক বছর ধরা হবে। সেইভাবে ত্রিশ বছরে আমার যা আসবে সেই টাকাটা আমি পাব। পরেরগুলো হাজার করে ছিল, সেটা দু-হাজার করা হবে। এইভাবে এখানে এই আইনটা এনে স্ট্রেনদেন করা হয়েছে। এই সদনে সবাই জানেন যে, অ্যাডভোকেট ওয়েলফেয়ার কর্পোরেশানের মাধ্যমে জুনিয়র ছেলেদের পাশে দাঁড়ানোর যে কথা বলেছেন এই সভার সদস্য শ্রী অশোক দেব মহাশয়, তিনি বলেছেন যে, যেভাবে জুনিয়র ছেলেদের পাশে দাঁড়িয়েছে রাজ্যের সরকার, এটা সারা ভারতবর্ষের কাছে একটা নিদর্শন, দৃষ্টান্ত। আমরা দাবী করতে পারি এই ধরনের কোনো পরিকল্পনা কোনো রাজ্যের সরকারের নেই যে, যারা এনরোল্ড হবেন তাদের প্রথম বছর ওয়েলফেয়ার কর্পোরেশানের মাধ্যমে হাজার টাকা করে প্রতি মাসে দেওয়া হবে। এটা কোথাও কোনো রাজ্যে নেই স্যার। এখানে স্যার অনেকে দু-একটা প্রসঙ্গ তুলেছেন, আমার ছোট্ট ভাই তিনিও তুলেছেন, আবার আরও কয়েকজন তুলেছেন, যেমন সাদি সাহেবও তুলেছেন স্পেশ্যাল পি.পি., যে কথাটা বলেছেন যে আমাদের দেখতে হবে। স্যার, আমরাই তো দেখেছি। আমরাই তো এনসিওর করছি যাতে সরকারের পক্ষে যে স্ট্যান্ডটা নেওয়ার দরকার, সেই স্ট্যান্ডটাই যাতে নেওয়ার থাকে, সেটা তো আমরাই এনসিওর করলাম স্যার। এই সদনের কাছে আমি পরিষ্কার করে বলতে চাই স্যার, ১১ তারিখে যে স্টেটমেন্ট, স্পেশ্যাল পি.পি. করেছেন পার্ক স্ট্রিট যে কেসটায়, সেই কেসে তার ১২ তারিখে গভর্নমেন্ট অর্ডার ইস্যুড হয়ে গেছে, সেই কেস থেকে—তিনি স্পেশাল পি.পি. সেই কেসের — সেই কেস থেকে তাকে সরিয়ে দেওয়ার জন্য এবং ইনস্ট্রাকশান আছে প্রত্যেকটিতে যেখানে তিনি স্পেশ্যাল পি.পি. হয়ে অ্যাপিয়ার করছেন, তাকে যেন আর এই সরকারী স্পেশ্যাল পি.পি. হয়ে নিযুক্ত না করা হয়। কেন বলছেন? তার কারণ হচ্ছে যেটা উনি করেছেন সেটা ওনার বক্তব্য হতে পারে। যে কোনো উকিল, আমরা যারা উকিল, আমরা যারা উকিল, জানি, সে আর্গুমেন্ট করে, ইনস্ট্রাকশান আসে তার যে মক্কেল তার কাছ থেকে। এখানে সরকারপক্ষের আইনজীবী সরকারের সঙ্গে পরামর্শ না করে 'কী শাস্তি হবে' এটা বলা তার কোনো এক্তিয়ারের মধ্যে ছিল না স্যার।

...(গোলমাল)...

কী বলছেন?

শ্রী সুভাষ নস্কর : সত্যিটা বলতে পারবে না।

...(গোলমাল)...

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : কোনো সত্যর প্রশ্ন নয়। আমি আপনাকে বলছি। আমি আপনাকে উত্তর দিচ্ছি। যদি এটাই হওয়ার হত, এটাই যদি সত্য হত, তাহলে একজন সরকারী আইনজীবী এই কথাগুলো আগে বললেন না কেন? আগে তার বলা উচিত ছিল। ওনাকে আগে

বলা উচিত ছিল। সেটা তিনি বলেননি। সুতরাং এই কথা নিয়ে প্রমোট করবেন না। আজকে অভিযুক্তদের হয়ে লড়াইটা কে করল? আমার ছোট্ট ভাই ইমরান, শুনে রাখুন, একজন পি.পি. ছিলেন স্যার, এই সদনের সদস্য নন। একজন ডেমোক্রেটিক ল-ইয়াস অ্যাসোসিয়েশনের সদস্য এবং আগে পি.পি. ছিলেন। তিনি অভিযুক্তদের হয়ে লড়াই করেছেন। তাহলে ওইদিকে যাঁরা বসে আছেন, আজকে তারা বড় বড় কথা বলেন। এটা স্যার, মানা যায় না। আমরাই করতে পারি। আমরাই এই স্ট্যান্ড নিতে পারি। আর কেউ নিতে পারে না। মাননীয়া মুখ্যমন্ত্রী এই স্ট্যান্ড নিতে পারে, স্যার। আর শুনে রাখ ভাই...

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্যা : তুমকো মৈ বোলু মৈ কহী পর ভী কিসী তরহ কা আর্ডর কহী পর ভী কানুন ভাইলেট নহীঁ কিয়া হৈ ক্যোকি বহাঁ পর রহনা মেরা অধিকার থা ঔর বহাঁ পর মৈ বৈঠী থী তুম পহলে সুনী মৈনে কভী লাঁ ভাইলেট নহী কিয়া হৈ ঔর ইসীলিয়ে সুপ্রীম কোর্ট মে জো পিটিশন দাখিল কী গই থী বহ খারিজ হো গই হৈ যহ তুম্হে পতা হৈ তো সুনো, অভী তুম্হারা উম্র হী কিতনা হৈ জ্যাদা বোলনে সে কিসী কা মহত্ব প্রকাশ নহী পাতা হৈ। ...(শোরগুল)...

তাই আজকে আমি পরিষ্কার করে দিয়ে বলতে চাই — আগেও বলেছি, আমরা কোথাও কোনো আইন ভাঙি না, কখনও ভাঙিনি। আর ভাঙিনি বলেই সুপ্রিম কোর্টে যে পিটিশানটা সেটা খারিজ হয়ে গিয়েছে। সেটা বলা হয় না। তাই আজকে অপ্রাসঙ্গিক হলেও ওই কথাগুলি বলেছেন বলে আমার মনে হল, এর জবাবটা দেওয়ার দরকার আছে। তাই আবার এই বিলটিকে সমর্থন করতে বলছি। ...(নয়েজ)...

অধ্যক্ষ মহোদয় : এনাকে বলতে দিন।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্যা : তুম্হারে জৈসে ছোটে ছোটে লোগ ইতনা নহী জান সকতে, বিধান সভা কে ডেকোরম কা কোই দাম হোতা হৈ সীখো পহলে ফির বোলো জো ভী মন চাহে বোল দো যে সদন ইসকে লিয়ে নহীঁ হৈ।

অরে ভাই তুম প্রমাণ তো লে আও।

আজকে এই সদনে এই বিলটিকে আমি সবাইকে সমর্থন জানাতে বলছি এবং মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর প্রচেষ্টায় যেভাবে আইনজীবীদের আরও বেশী করে তাদের জীবন ধারাকে শক্তিশালী করার জন্য যে ধরনের উদ্যোগ নিয়েছেন তাকে সারা সদন একটি দৃষ্টান্ত হিসাবে নিক। এটাই আমার বিরোধীদের কাছে বলার এবং এই সদনে সকলের কাছে এই বিলের সমর্থন চাইছি।

Mr. Speaker : Now the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Amendment No. 1 to Clause 2

Mr. Speaker : There is one amendment, Amendment No.1 to Clause 2 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move this amendment.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, ছোট্ট একটা প্রিন্টিং মিস্টেক আছে। সেটাই আমি মুভ্ করছি। I beg to move that in Clause 2 in line 1 for the figures 2015 the figures 1991 be substituted.

Mr. Speaker : Hon'ble Minister, do you accept the amendment?

Smt. Chandrima Bhattacharya : Mr. Speaker, Sir, I accept the amendment.

Mr. Speaker : The question before the House is that Amendment No.1 moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Clause-2

Mr. Speaker : Now I put Clause 2 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Clauses 3 & 4

Mr. Speaker : There is no amendment to Clauses 3 & 4. So I put Clauses 3 & 4 do stand part of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Now, the Hon'ble Minister-of-State (Independent Charge) of the Law and Judicial Department may move her Motion for passing of the Bill.

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to move that the West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : Now, the question before the House is that the Bill as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

The Bill is passed. The Bill is passed.

Adjournment

The House was then adjourned at 2.11 p.m. till 11.00 a.m. on Wednesday, the 16th December, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 16th December, 2015 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair and 222 Members including Minister-in-Charge and Minister-of-State.

[11.00 – 11.10 a.m.]

মিঃ স্পীকার : অসিতবাবু আছেন? আমাকে মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় এক্ষুনি খবর পাঠিয়েছেন তিনি একটু পরে আসছেন। আমি ডাঃ শশী পাঁজার কোশ্চেন দিয়ে শুরু করছি। উনি এলে পরে আপনারটা নেব।

Starred Questions
(to which oral answers were given)

কন্যাশ্রী প্রকল্পে আওতাভুক্ত ছাত্রীর সংখ্যা

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১) **শ্রী সমীর কুমার জানা :** নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনা জেলায় মোট কতজন ছাত্রী "কন্যাশ্রী" প্রকল্পের আওতাভুক্ত হয়েছেন (ব্লকওয়ারী হিসেবসহ)?

ডাঃ শশী পাঁজা : ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনা জেলায় কে-১ বিভাগে মোট ২৪১০৪১ জন ছাত্রী এবং কে-২ বিভাগে মোট ৩৪২৪৫ জন ছাত্রী "কন্যাশ্রী" প্রকল্পের আওতাভুক্ত হয়েছেন।

ব্লকওয়ারী ও জেলাওয়ারী হিসাবের জন্য স্ট্যাটাস রিপোর্ট এই সঙ্গে যুক্ত করা হল।

District wise Application (K1) from October 2013 to October, 2015

Sl. No.	District	Annual Scholarship (K1)	
		Complete Application Total	Sanctioned Application Total
1	Alipurduar	16629	14139
2	Bankura	113564	111619

Sl. No.	District	Annual Scholarship (K1)	
		Complete Application Total	Sanctioned Application Total
3	Barddhaman	192957	189345
4	Birbhum	104846	101163
5	Cooch Bihar	95702	94061
6	Dakshin Dinajpur	58486	57714
7	Darjeeling	17018	16789
8	Howrah	113343	110270
9	Hooghly	151470	149771
10	Jalpaiguri	107291	105701
11	Kolkata	59566	57645
12	Maldah	142157	137333
13	Murshidabad	219602	212439
14	Nadia	184003	180819
15	North Twenty Four Parganas	258526	253984
16	Paschim Medinipur	186730	183120
17	Purba Medinipur	173972	168005
18	Purulia	81367	78257
19	Siliguri	29364	29092
20	South 24-Parganas	241041	231003
21	Uttar Dinajpur	108688	106494
	Total	**2656322**	**2588763**

Districtwise Application (K2) from October 2013 to October, 2015

Sl. No.	District	One Time Grant (K2)	
		Complete Application Total	Sanctioned Application Total
1	Alipurduar	7224	5902
2	Bankura	15590	15088
3	Barddhaman	29174	27846
4	Birbhum	15199	13910
5	Cooch Bihar	20207	19467
6	Dakshin Dinajpur	10144	9805

Sl. No.	District	One Time Grant (K2)	
		Complete Application Total	Sanctioned Application Total
7	Darjeeling	2562	2438
8	Howrah	19956	19261
9	Hooghly	24030	23233
10	Jalpaiguri	21280	20824
11	Kolkata	15978	15441
12	Maldah	23353	20944
13	Murshidabad	34836	33516
14	Nadia	34820	33414
15	North 24-Parganas	47048	44429
16	Paschim Medinipur	26368	25727
17	Purba Medinipur	23424	22662
18	Purulia	12196	11878
19	Siliguri	6802	6572
20	South 24-Parganas	34245	32997
21	Uttar Dinajpur	17594	16446
	Total	**442030**	**421800**

N.B. The K2 data includes both fresh K2 applicants and also applicants upgraded from K1 to K2.

Blockwise Application of K1 from October 2013 to October, 2015

Sl. No.	Block	Annual Scholarship (K1)	
		Complete Application Received Total	Sanctioned Application Total
1	Baruipur	11198	11083
2	Baruipur Municipality	2497	2196
3	Basanti	9403	9236
4	Bhangore-1	9163	8855
5	Bhangore-2	7342	7291
6	Bishnupur-1	5763	5684
7	Bishnupur-2	7121	6968

Sl. No.	Block	Annual Scholarship (K1)	
		Complete Application Received Total	Sanctioned Application Total
8	Budge Budge-1	3703	3636
9	Budge Budge-2	5997	5901
10	Budge Budge Municipality	2033	1857
11	Canning-1	8168	7725
12	Canning-2	4421	4358
13	Diamond Harbour-1	5350	5242
14	Diamond Harbour-2	6199	5822
15	Diamond Harbour Municipality	2479	2439
16	Falta	8825	8433
17	Gosaba	8051	7806
18	Joynagar-1	8602	8471
19	Joynagar-2	6749	6678
20	Joynagar-Mazilpur Municipality	1386	1369
21	Kakdwip	11412	10338
22	Kulpi	8537	8314
23	Kultali	5934	5745
24	Magrahat-1	10054	8765
25	Magrahat-2	10847	9831
26	Maheshtala Municipality	7631	6923
27	Mandirbazar	6201	6062
28	Mathurapur-1	5912	5843
29	Mathurapur-2	7015	6853
30	Namkhana	7561	7082
31	Patharpratima	13393	12804
32	Pujali Municipality	690	592
33	Rajpur-Sonarpur Municipality	7953	7655
34	Sagar	6908	6859
35	Sonarpur	3471	3461
36	Thakurpukur Maheshtala	3072	2826
	Total	**241041**	**231003**

Blockwise Application of K2 from October 2013 to October, 2015

Sl. No.	Block	One Time Grant (K2) total	
		Complete Application Received Total	Sanctioned Application Total
1	Baruipur	2254	2194
2	Baruipur Municipality	183	177
3	Basanti	806	790
4	Bhangore-1	2104	1879
5	Bhangore-2	846	835
6	Bishnupur-1	808	747
7	Bishnupur-2	1065	1039
8	Budge Budge-1	435	429
9	Budge Budge-2	831	803
10	Budge Budge Municipality	637	523
11	Canning-1	1114	1055
12	Canning-2	441	435
13	Diamond Harbour-1	617	612
14	Diamond Harbour-2	808	751
15	Diamond Harbour Municipality	925	916
16	Falta	1145	1108
17	Gosaba	1086	1055
18	Joynagar-1	1964	1910
19	Joynagar-2	552	552
20	Joynagar-Mazilpur Municipality	191	187
21	Kakdwip	1475	1442
22	Kulpi	951	933
23	Kultali	665	650
24	Magrahat-1	1140	1102
25	Magrahat-2	1768	1748
26	Maheshtala Municipality	921	815
27	Mandirbazar	1440	1423
28	Mathurapur-1	675	671
29	Mathurapur-2	1279	1260
30	Namkhana	827	787

Sl. No.	Block	One Time Grant (K2) total	
		Complete Application Received Total	Sanctioned Application Total
31	Patharpratima	1864	1847
32	Pujali Municipality	75	64
33	Rajpur-Sonarpur Municipality	606	544
34	Sagar	916	910
35	Sonarpur	578	568
36	Thakurpukur Maheshtala	253	236
	Total	**34245**	**32997**

N.B. The K2 data includes both fresh K2 applicants and also applicants upgraded from K1 to K2.

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া মন্ত্রিমহোদয়ার ব্লকওয়াইজ এবং জেলারও তথ্য সন্নিবেশিত হয়েছে এই তালিকার মধ্যে। আমি মাননীয়া মন্ত্রিমহোদয়ার কাছে জানতে চাই পাথরপ্রতিমা ব্লকে কন্যাশ্রীতে কে-ওয়ান, কে-টুতে টোটাল কতটা অন্তর্ভুক্তি হয়েছে অনুগ্রহ করে যদি বলেন?

ডাঃ শশী পাঁজা : স্যার, পাথরপ্রতিমায় কে-ওয়ানের জন্য আমরা অ্যাপ্লিকেশন রিসিভ করেছি এখন অবধি ১৩,৩৯৩ জনের। আর কে-টু রিসিভ করেছি ১,৮৬৪ জনের।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন আমরা ইতিমধ্যেই জেনেছি যে কন্যাশ্রী প্রকল্প কেবলমাত্র ভারতবর্ষের মধ্যে নয়, পশ্চিমবঙ্গে তো বটেই আন্তর্জাতিক দুনিয়ায় বিশেষভাবে স্বীকৃতি লাভ করতে পেরেছে। এটা আমাদের কাছে গর্বের এবং আনন্দের সংবাদ। আমি মাননীয়া মন্ত্রিমহোদয়ার কাছে জানতে চাই যে কন্যাশ্রী প্রকল্প একটা বিশেষ সফলতা অর্জন করতে পেরেছে বা আন্তর্জাতিক ক্ষেত্রে বিশেষ প্রসার বৃদ্ধি করতে পেরেছে। এ বিষয়ে আপনি নতুন কি কি চিন্তাভাবনা করছেন বা নতুন উদ্যোগ নিচ্ছেন একে আরো বেশি সফল করবার জন্য? নতুন কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন অনুগ্রহ করে যদি বলেন?

ডাঃ শশী পাঁজা : মাননীয় স্পীকার স্যার, আমরা কন্যাশ্রীর মাধ্যমে ফোকাসটা দুদিকে রেখেছি। এক হচ্ছে তার ইমপ্লিমেন্টেশানটা যেন আরো এফিসিয়েন্ট হতে পারে তার জন্য আমরা কিছু সমস্যার সম্মুখীন হই আমাদের বেনিফিসিয়ারির মাধ্যমে। রাইট টু পাবলিক প্র্যাকটিস অ্যাক্টের মাধ্যমে আমরা নিজেদের সময়টাও যখন সীমাবদ্ধ রেখেছি যাতে কন্যাশ্রীটা তাড়াতাড়ি পৌঁছয়। সেটাও আমরা চেষ্টা করছি। দ্বিতীয়ত, ফোকাসটা কন্যাশ্রী ছাত্রীরা যারা আছেন তাদের স্কিল ডেভেলপমেন্টের উপরে রাখছি। তার জন্য সেটাও একটা বলতে গেলে নতুনত্বের চেষ্টা করছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রিমহোদয়ার কাছে অতিরিক্ত প্রশ্ন, পশ্চিমবাংলায় বামফ্রন্টের আমলে বালিকা সমৃদ্ধি যোজনা বলে স্কিম ছিল। তার নাম পরিবর্তন করে কি কন্যাশ্রী প্রকল্প হয়েছে?

ডাঃ শশী পাঁজা : মাননীয় স্পীকার স্যার, আমি বুঝতে পারি না যে প্রত্যেকটি অধিবেশনে ওই একই পুরানো স্কিম কি একটা ছিল যেটার কোনো ইমপ্যাক্ট হয়নি, সেটা নিয়ে বলা হয়। আমি প্রত্যেকবারই বলি, কন্যাশ্রী একটি অভিনব স্কিম। বিগত দিনে শুধু পশ্চিমবাংলা কেন সারা ভারতবর্ষেই হয়নি। সুতরাং এটা প্রত্যেকবারই আপনাদের উত্তর দিচ্ছি, প্রতিবারই স্যার একই প্রশ্ন উঠছে। কন্যাশ্রী স্কিম একটা টোটালি ইউনিক স্কিম যেটা এর আগে হয়নি।

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রিমহাশয়ার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — কন্যাশ্রী প্রকল্পের ফলে ছাত্রীরা খুবই উপকৃত হচ্ছে। কন্যাশ্রী প্রকল্পের আর একটা অন্যতম উদ্দেশ্য হচ্ছে বাল্য বিবাহ প্রতিরোধ। তাই এই বাল্যবিবাহ প্রতিরোধের দিকে কতখানি এই প্রকল্প চালু হওয়ার ফলে চেঞ্জ হয়েছে যদি সেটার সম্পর্কে বলেন।

ডাঃ শশী পাঁজা : স্যার, মাননীয় বিধায়ক বলছিলেন যখন এই কন্যাশ্রী স্কিমটা স্টার্ট হয় এবং বিগত অধিবেশনগুলোতে বলেছিলাম একটা বেস লাইন আমরা স্টাডি করেছি beside other statistics available যেটা census-ই হোক কিংবা DLHS-3, DLHS-4, ROCS-1 হোক। কিছু selected educational statistics ছাড়া আমাদেরও একটা base line study হয়েছিল এবং সেই statistics-এর উপর আমরা কাজ করছি। তিনটে জায়গা—একটা ছিল school dropout rate, একটা ছিল enrolment বাড়ানো, তারপর ছিল child marriage রোখবার ক্ষেত্রে এই তিনটেতে কিন্তু আমাদের দুটো স্টাডি হয়েছে। প্রাথমিকভাবে একটা rapid assessment study অক্টোবর, ২০১৪ হয়েছিল। আর একটি এই বছরই এপ্রিল থেকে জুন ২০১৫ আমরা সেকেন্ড Rapid assessment study করলাম। কিছু নির্দিষ্ট জেলা, ৬টা জেলা ধরে sample servey করা হয়েছিল। প্রত্যেকটাতে আমরা দেখছি যে school attendance বেড়েছে, re-enrolment হচ্ছে, child marriage-টাও কমে আসছে। মানুষের attitude change হচ্ছে মানে parents-দের attitude — যখন বাবা-মায়েদের সঙ্গে কথা হচ্ছে তারা বুঝতে পারছেন যে শুধু বাল্যবিবাহ নয়, বিবাহ ছাড়া অন্যান্য options আছে এগুলো উঠে আসছে। teen age pregnancy — ওই একই কথা ১৮ বছর আগে বিয়ে হওয়াতে teen age pregnancy-র রেটটাও কমে আসছে। এটা আমাদের নিজস্ব base line study থেকে দেখেছি। base line এবং rapid assessment থেকে দেখেছি। সুতরাং দারুণভাবে একটা impact হয়েছে। প্রথমে দেখুন, statistics reflect করবে আস্তে আস্তে করে। প্রথমে যে attitude change হয় সেটা খুবই important। প্রথমে তো মানসিকতার পরিবর্তনটা দরকার। আপনারা এই কোথায় "বালিকা সমৃদ্ধি স্কিম" বলেই যাচ্ছেন প্রত্যেকটা অধিবেশনে। প্রত্যেকটা অধিবেশনে আমি বলেছি এই স্কিমটা আর নেই। ওই স্কিমে কিছুই হয়নি, কিন্তু আপনাদের সেই মানসিকতার

পরিবর্তনটা হচ্ছে না। আপনি চিন্তা করুন ২৮ লক্ষ ৫৪ হাজার মেয়ের ইউনিক আই.ডি. নম্বর রয়েছে। ২৮ লক্ষ ৫৪ হাজার ইউনিক আই.ডি. স্কিম যেখানে মেয়েদের আছে, তারা গ্রহণ করেছেন, অভিভাবকদের মানসিকতা পরিবর্তন হয়েছে, আপনাদেরটা কেন হচ্ছে না?

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন। এই কন্যাশ্রী প্রকল্পে আমাদের রাজ্যে এখনও পর্যন্ত কোন জেলায় এটা বেশি আওতাভুক্ত হয়েছে এটা জানাবেন কি?

ডাঃ শশী পাঁজা : স্যার, আমাদের উত্তর ২৪-পরগনা ভালো করেছে আর দক্ষিণ ২৪-পরগনাও ভালো করেছে। এই দুটো ফার্স্ট অ্যান্ড সেকেন্ড।

[11.10 — 11.20 a.m.]

আই.সি.ডি.এস. কর্মী নিয়োগ

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯) **শ্রী মনোজ কুমার ওরাওঁ :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত সময়ে কুমারগ্রাম বিধানসভা এলাকায় আই.সি.ডি.এস. প্রকল্পে কোনো কর্মী নিয়োগ হয়েছে কিনা?

ডাঃ শশী পাঁজা : মাননীয় স্পীকার স্যার, মাননীয় বিধায়কের প্রশ্ন ছিল যে ১লা জানুয়ারী ২০১২ থেকে ৩০শে সেপ্টেম্বর ২০১৫ পর্যন্ত কুমারগ্রাম বিধানসভা এলাকায় আই.সি.ডি.এস প্রকল্পে কোনো কর্মী নিয়োগ হয়েছে কিনা? এর উত্তরে বলি কোনো কর্মী নিয়োগ হয়নি। কুমারগ্রাম আই.সি.ডি.এস প্রকল্পে আসলে অঙ্গনওয়ারী কর্মী ৫৩৩ জন থাকার কথা। ৫৩৩টি পদ ১লা জানুয়ারী, ২০১২-র আগেই এর সবকটি পদই পূর্ণ ছিল। এই ৫৩৩ জন এখনও পদে রয়েছেন, কর্মরত। ফলে নতুন নিয়োগের কোনো প্রশ্নই উঠছে না।

এছাড়াও, কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ-এর ২৫.০৩.২০১৪ তারিখের একটি আদেশবলে অবিভক্ত জলপাইগুড়ি জেলার আই.সি.ডি.এস. প্রকল্পগুলিতে নিয়োগ প্রক্রিয়ার উপর স্থগিতাদেশ জারী আছে।

M.A.T. No. 1946 of 2013 &

C.A.N. No. 12508 of 2013

আমাদের জেলাগুলোতে হাইকোর্টের কিছু কেস রয়েছে। সেটাই আমি অ্যাড করেছিলাম। জলপাইগুড়িতে সেই কেসটা রয়েছে এবং যখন এই কেসটা ওঠে তখন জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার একই ছিল বলে সেই প্রকল্পের নিয়োগগুলোর সমস্তটাতেই স্থগিতাদেশ রয়েছে। সেটাই মেনশান করা আছে।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করছি হেল্পার পোস্টে ২০০৭ সালে পরীক্ষা দিয়েছিল কিন্তু পাশ করতে পারেনি। তাকে ওয়ার্কার পোস্টে

রিসেন্টলি কাজ দেওয়া হয়েছে। নাম বলছি জাগরণী ধনয়াত। আরও কিছু আছে, যারা পরীক্ষাই দেয়নি। আমি নাম বলছি। আলম বিবি, হাদিপোতা এলাকায়, এলিনা লামা, ময়নাবাড়ী, এছাড়া কুমারগ্রামেও আরও কিছু আছে। আমার প্রশ্ন হচ্ছে এদের কবে নিয়োগ দেওয়া হয়েছে?

ডাঃ শশী পাঁজা : স্যার, পরীক্ষার মাধ্যমে যে নিয়োগ হয়, সেটাতে কিছু হয়নি। আমি জানি না হোম কোটার কথা বলছেন কিনা। তবে আমার তো নাম মুখস্থ থাকবে না কোন মেয়েকে দেওয়া হচ্ছে। এখনও নিয়োগ হচ্ছে। সুতরাং নাম মনে থাকবে না। আমার বক্তব্য হচ্ছে ওই জায়গায় পদ ভর্তি হয়েছে। ফলে নিয়োগটা যদি হয়েও থাকে তাহলে ওটা হোম কোটা থেকে ভেরিফিকেশান করুন। আপনি আমাকে ডিটেলস দেবেন, আমি উত্তর দিয়ে দেব।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি আর একটি অতিরিক্ত প্রশ্ন করছি। এই ৫৩৩ জনের মধ্যে হোম কোটায় কতজন চাকরি পেয়েছে?

ডাঃ শশী পাঁজা : এক্ষুনি বলা মুশকিল। এর উত্তর আমি আপনাকে পরে দেব। হোম কোটায় কতজন, এর উত্তর ডিটেলে বলা মুশকিল।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার প্রশ্ন—এই মুহূর্তে আই.সি.ডি.এস. স্কিমে স্থানীয় বিধায়কের কি কোনো ভূমিকা আছে? যদি কোনো ভূমিকা থাকে তাহলে সেটা কি?

ডাঃ শশী পাঁজা : স্থানীয় বিধায়কের কোনো ভূমিকা নেই। কারণ এটা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমাদের সরকারের আগেও কিন্তু একটা ছিল যে তারা ডিসকারেজ করছিল যে বিধায়কদের কোনো একটা পোস্টে থাকা। কিন্তু বিগত সরকার সেটাকে অবমাননা করেছেন এবং আমাদের পুরোটাই প্রায় করতে হচ্ছে। গভর্নমেন্ট গাইড লাইনে ছিল না যে বিধায়ক থাকবেন। ...(তুমুল হইচই)... আমরা নতুন DLC করার পরে — সরকারে নতুন DLC আসার পরে, নতুন DLC মন্ত্রী যারা আছেন তাদেরকে চেয়ারম্যান করা হয়েছে। যেটা তারা চালেঞ্জ করেছে ইন কোর্ট।

Dr. Harka Bahadur Chhetri : Through you, Hon'ble Speaker, Sir, I would like to draw the attention of the Hon'ble Minister, that as I said that in the three blocks in my constituency there is only one CDPO. Posts are vacant for a long long time. We do not know what is the position of the home quota and not a single home quota has been utilized so far. So ICDS centers are running without the workers. So would you kindly enlighten me as to what is the status of the home quota as well as when do you plan to appoint CDPOs? As early as it is done it would be beneficial for the people of the region. Thank you, Madam.

ডাঃ শশী পাঁজা : ...(তুমুল হইচই)... স্যার CDPO নিয়োগ এবং হোম কোটা দুটি

আলাদা বিষয়। মাননীয় স্পীকার স্যারের মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই Home quota is actually for recruitment of Anganwari workers and helpers. There is a specific percentage which is allocated from home quota in which they do not go through examination. There is direct recruitment of women on distress or as we have done, we have taken orphans who have the qualification who have been recruited and also some acid burn victims etc. Those who are really in distress they have been recruited as workers or helpers. That is home quota. The proper recruitment of CDPOs of the state and CDPO onwards, supervisor onwards that recruitment, I am sorry is not within the purview of the department. We can pursue it. We can go to the SSC. So we are waiting for further recruitment. But within this time we have had 92 CDPOs and again we have had another lot of 100 CDPOs who are coming. We are sending them to various projects— those projects where dearth is much more. And we hope that even in your region we will be able to send some CDPOs. We have got new lot of CDPOs who are just coming. We are allocating them the projects. I will bear in mind the region which you are saying, your zilla, we will definitely send them. Secondly, we are also stressing on relocation, there may be some to maintain the ratio, to relocate some CDPOs so that some kind of ratio can be attained. We will do both in your case.

(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যরা উঠে দাঁড়িয়ে কিছু বলার চেষ্টা করেন।)

শ্রী নেপাল মাহাত : ...(তুমুল হইচই)... মাননীয় স্পীকার স্যার আমার অতিরিক্ত প্রশ্ন গোটা বিষয়টা খুবই সেনসিটিভ। আমি মাননীয়া মন্ত্রীকে প্রশ্ন করতে চাই যে মাননীয় বিধায়কদের চেয়ারম্যান পোস্ট থেকে বাদ দিয়ে district level-এর কমিটি করেছেন। কেন্দ্রীয় সরকারের যে গাইড লাইন সেই গাইড লাইনে সবসময় বলা হয়েছে যে ব্লক লেভেলে কমিটি থাকার। কিন্তু উনি district level করে গোটা ICDS প্রোজেক্ট মুক থুবড়ে পড়ে গেছে, অ্যাপয়েন্টমেন্ট কোথায়ও হচ্ছে না। আমি যে কথাটা বলতে চাইছি স্যার উনি যে বিধায়কদের কথাটা বলছেন এর আগে বিধায়করা ছিলেন এবং সেটা ছিল সোস্যাল ওয়ার্কার হিসাবে, গভর্নমেন্টের নমিনি হিসাবে not as an M.L.A। আমি এই বিধানসভায় বলছি যে অন্ধ্রপ্রদেশের সার্কুলারে এখনো এম.এল.এ-রা আছেন। এম.এল.এ থাকল কি থাকল না সেটা বড় কথা নয়। স্যার আমি শুধু বলতে চাই ব্লক লেভেল কমিটি করে গোটা প্রোজেক্টের যে কনসেপ্ট ছিল — যেটা সেন্ট্রাল গভর্নমেন্টের গাইড লাইন, সেই গাইড লাইন কোনমতে ফলো করা হচ্ছে না। আমি সাপলিমেন্টারি কোয়েশ্চেনে স্পেশিফিক এটাই করতে চাই আপনি পশ্চিমবঙ্গের এই ICDS প্রকল্প চলার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে স্পেসিফিক গাইড লাইন সেটা কি আপনি ফলো করছেন?

[11.20 – 11.30 a.m.]

ডাঃ শশী পাঁজা : কেন্দ্রীয় সরকারেরই guide lines follow করা হচ্ছে এবং বিগত সরকারের সময়েই এইরকম অবজেকশানটা গিয়েছিল। Sir, you have to allow me to complete.

...(গোলমাল)...

আপনারা প্রশ্ন করে শুনতে যদি না চান তাহলে কি হবে। আমি প্রশ্ন শুনছি তো।

মিঃ স্পীকার : আমি আপনাদের প্রশ্ন অ্যালাউ করব, আপনারা বসুন না। আপনারা কেন এতো অসহিষ্ণু হচ্ছেন?

ডাঃ শশী পাঁজা : Guide lines অনুসারে — গাইড লাইনে কোনো সময়ই বলা ছিল না যে বিধায়করা থাকবে। আপনারা প্রশ্ন করে উত্তরটা শোনেন না।

শ্রী আনিসুর রহমান : মন্ত্রী যা বলছেন তাতে আমরা অবাক হয়ে যাচ্ছি স্যার। আই.সি.ডি.এস.-এ আমরা প্রথম থেকে কাজ করেছি। যখন এখানে ফার্স্ট চালু হয়, তখন অঙ্গনওয়াড়ি হেল্পার, ওয়ার্কার—এমনকি সুপার ভাইজার তাও এই কমিটির মাধ্যমে হত। আপনি জানেন কিনা আমি জানি না, মুশকিলটা হচ্ছে আপনি যে কথা বললেন যে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার যে অর্ডার আছে সেই অর্ডারে আমাদের ডিসকারেজ করেছে। উই হ্যাভ বিন ডিসকারেজড বাই দি সেন্ট্রাল গভর্নমেন্ট যে ওটাতে এম.এল.এ-রা থাকবে না। তারপর আপনি কী বললেন — যে আমরা এই অন্যায় করেছি। কেন করেছেন? বামফ্রন্ট যদি অন্যায় করে থাকে কেন আপনি আনলেন না, এখন করতে গেলেন। এটা যদি হয় তাহলে আমরা বুঝব কী করে?

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করার আগে একটা কথা বলি যে, উনি যেটা বলেছেন যে সেন্ট্রাল গভর্নমেন্টের যে নিয়ম সেটাকে ফলো করতে গিয়ে এম.এল.এ-দের বাদ দিচ্ছেন। তাহলে মন্ত্রীরা কি এম.এল.এ নন? ভাইস চেয়ারম্যান যাদের করেছেন তারাও এম.এল.এ স্যার। তাহলে এই কনট্রাডিকটরি কাজ তো উনি নিজেই করছেন। অথচ লোকাল বডি যখন ব্লক স্তরে হবে সেখানে যেহেতু এম.এল.এ-কে চেয়ারম্যান করতে হবে, তাই কমিটিটাকে ভেঙে দিলেন। ব্লক লেভেলে এম.এল.এ.-দের বাদ দিয়ে কমিটি রাখুন। যেখানে জেলা লেভেলে কমিটি করছেন সেখানে মন্ত্রীকে করলেন, সেখানে ভাইস চেয়ারম্যান করছেন এম.এল.এ.-কে। স্যার আমার নির্দিষ্ট প্রশ্ন মন্ত্রীর কাছে যে অঙ্গনওয়াড়ী কর্মী যারা আছেন এবং সহায়িকা যারা আছেন তাদের ক্ষেত্রে যে সামাজিক সুরক্ষামূলক যে সুযোগ তাদের গ্র্যাচুয়িটি, তাদের পেনশান, তাদের বীমা—এইসব ব্যাপারে আপনার কোনো ভাবনা আছে কিনা এবং থাকলে পরে সেটা কবে থেকে কার্যকরী করবেন আপনি।

মিঃ স্পীকার : একটা স্পেসিফিক কোয়েশ্চেন আছে। *প্রশ্ন নম্বর ২৪টা এর উপরে আছে। আমি অ্যালাউ করে আপনার সাপ্লিমেন্টারিটা আমি নেব।

অঙ্গনওয়াড়ী কর্মীদের সামাজিক সুরক্ষার ব্যবস্থা

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০২) **শ্রী রামেশ্বর দলুই :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের অঙ্গনওয়াড়ী কর্মীদের জন্য বিভিন্ন সামাজিক সুরক্ষামূলক সুযোগ-সুবিধা যেমন পেনশন, গ্র্যাচুইটি, স্বাস্থ্যবীমা প্রভৃতি চালু করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, ৩০শে নভেম্বর, ২০১৫ সাপেক্ষে কতজন কর্মীকে এর আওতাভুক্ত করা হয়েছে (জেলাভিত্তিক তথ্যসহ)?

ডাঃ শশী পাঁজা : (ক) না। এ প্রসঙ্গে বলা প্রয়োজন যে এটি কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ অনুদানে চলা একটি শিশু কল্যাণ প্রকল্প। অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকরা এককালীন মাসিক সাম্মানিক-এর ভিত্তিতে কাজ করে থাকেন। তবে বহু দিন যাবৎ গোটা রাজ্যে বেশ কিছু অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা "অঙ্গনওয়াড়ী কার্যকর্তা বীমা যোজনা" বা AKBY নামে একটি সামাজিক নিরাপত্তামূলক যোজনার অন্তর্ভুক্ত আছেন।

(খ) সর্বশেষ পাওয়া তথ্যের ভিত্তিতে AKBY প্রকল্পের অন্তর্ভুক্ত আছেন—

মোট ৫১,৯৮৪ জন।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন রাজ্যে প্রায় ২ লক্ষ ৩৫ হাজার অঙ্গনওয়াড়ী কর্মী এবং হেল্পার আছে। ১ লক্ষ ১৭ হাজারের মতো কেন্দ্র আছে। আপনি যেটা উল্লেখ করেছেন কেবলমাত্র অঙ্গনওয়াড়ী কার্যকর্তা বীমা যোজনা এ.কে.বি.ওয়াই এই প্রকল্প। কিন্তু আমি আপনার একটু দৃষ্টি আকর্ষণ করতে চাইছি মেডিক্যাল সহায়তা প্রকল্প, লেফ্ট ফ্রন্টের সময় ছিল, বিশেষ রোগে যারা আক্রান্ত হতেন তাদের সহায়তা দেওয়া হত, হেল্পার এবং অঙ্গনওয়াড়ী কর্মীদের। ক্যানসারে আক্রান্ত, গাইনোকলজির কোনো সমস্যা থাকলে এই সহায়তা দেওয়া হত। এছাড়া ছিল নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পড়া অঙ্গনওয়াড়ী কর্মীদের ছেলেমেয়েদের এই সুযোগ-সুবিধা দেওয়া হত। দুর্ঘটনায় মারা গেলে তাদের আর্থিক সহায়তা দেওয়া হত। আমি আপনার কাছে নির্দিষ্টভাবে জানতে চাইছি ৬৫ বছর বয়েস হলে যারা অবসর নেবেন তারপর তারা কী করবেন? আমাদের দেশে ত্রিপুরা গভর্নমেন্ট ২ লক্ষ এবং ১ লক্ষ টাকা অবসরকালীন দেওয়ার কথা ঘোষণা করেছেন। এই সরকারের পক্ষ থেকে, কেন্দ্র-রাজ্যের প্রকল্প এটা, সরকারের দৃষ্টিভঙ্গি কী আপনি কি অনুগ্রহ করে জানাবেন?

ডাঃ শশী পাঁজা : স্যার, ওনার সাপ্লিমেন্টারিতে দুটো প্রশ্ন ছিল। স্যার, এক যেটা উনি পড়লেন ওই সমস্তটা এ.কে.বি.ওয়াই। সেটা হচ্ছে অঙ্গনওয়াড়ী কার্যকর্তা বীমা যোজনা। এটা ইন্ডিয়াতে ইন্ট্রোডিউস হয়েছে ২০০৪ সালে। যারা এই যোজনার মধ্যে আসবেন তাদের অ্যানুয়াল প্রিমিয়াম ছিল ২৮০ টাকা, তার মধ্যে ১০০ টাকা এল.আই.সি. দিত, ১০০ টাকা গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দিত, ৮০ টাকা অঙ্গনওয়াড়ী ওয়ারকার বা হেল্পার দিত। এর মধ্যে বেনিফিট কী ছিল? ন্যাচুরাল ডেথের ক্ষেত্রে ৩০ হাজার টাকা পাবে, অ্যাকসিডেন্টাল বেনিফিট

ডেথের ক্ষেত্রে ৭৫ হাজার টাকা পাবে, পার্সিয়াল বা পার্মানেন্ট ডিসেবিলিটি হলে ৩৭ হাজার ৫০০ টাকা পাবে। এই স্কিমের মধ্যে আর একটা ফেসিলিটি ছিল সেটা ছিল শিক্ষা সহযোগ যোজনা। যার মধ্যে দুটি বাচ্চার স্কলারশিপ দেওয়া হত ক্লাস নাইন টু ক্লাস টুয়েলভ ৩০০ টাকা কোয়ার্টারলি। এটা এখনও চলছে স্যার। বিগত দিনে এ.কে.বি.ওয়াই যেটা স্টার্ট হয়েছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার পক্ষ থেকে, সেটা এখনও চলছে। এটার বার বার রেনিউ করেছি, ৩১ মার্চ লাস্ট রেনিউ হয়েছে। আমি জেলাওয়াড়ীও সংখ্যাটা দিতে পারি। ওনার দ্বিতীয় প্রশ্ন ছিল ৬৫ বছরের ঊর্ধ্বে যেটা উনি বলছিলেন, এটা স্যার আমাদের নয়, এটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার গাইডলাইন। ৬৫ বছরের ঊর্ধ্বে যারা আছেন সেই ওয়ারকার্স এবং কর্মীদের সো কল্ড অব্যাহতি দিতে হবে। আমাদের অলরেডি পরিকল্পনা নেওয়া আছে তাদেরকে এককালীন দুই বছর যদি আমরা একটা বেনিফিট দিতে পারি সেটা বিবেচনাধীন। আবারও বলি যে যদি আর্থিক এত অনটন না থাকত বলার অপেক্ষায় আমরা থাকতাম না। এটা নিয়ে বিবেচনা করা হয়েছে। আমরা তাদেরকে সে টাকাটা দিতাম। তৃতীয় স্যার বারংবার তারা প্রশ্ন করছেন কিন্তু উত্তর শুনছেন না। আমি এখনও বলি দেয়ার ইজ ফাইভ টায়ার কমিটি, শুধু ব্লক নয়, স্টেট, ডিস্ট্রিক, ভিলেজ লেভেল চারটে স্তরে কমিটি রয়েছে আই.সি.ডি.এস মনিটরিং-এর ক্ষেত্রে। তারা বলছেন তো বিগত দিনগুলোতে ছিলেন তারা। নিয়োগ ছাড়া কারোরই কোনো ইন্টারেস্ট নেই, সার্ভিলেন্স বা পরিচালনায় কেউ ইন্টারেস্ট দেখায় না। আর যদি এতই থাকত স্যার তাহলে আমি বিগত সেন্সাসগুলোতে বলেছি ৬টা জেলায় কোচবিহার, মালদহ, উত্তর দিনাজপুর, দার্জিলিং, এখন সদ্য বর্ধমানেও করল, হুগলীতে স্টার্ট করেছে, পূর্ব মেদিনীপুরেও, কোর্ট কেস করতেন না, যদি তাদের এই ওয়ার্কার এবং হেল্পার ঘাটতির সম্বন্ধে এত চিন্তা থাকত।

[11.30 – 11.40 a.m.]

শ্রী রামেশ্বর দলুই : দেশ জুড়ে দীর্ঘকাল ধরে লক্ষ লক্ষ অঙ্গনওয়াড়ি কর্মী দাবী করছেন, ধর্মঘট হল আমাদের রাজ্যে এবং দেশে যে, তারা মিনিমাম ওয়েজ থেকে বঞ্চিত হচ্ছেন। ১৫ হাজার টাকা কমপক্ষে তাদের মাসিক বেতন বা ভাতা এবং তাদের স্থায়ীকরণ করা হোক। মিনিমাম ওয়েজ, যেটা স্কিল্ড, সেমি স্কিল্ড, আন স্কিল্ড, তাও লঙ্ঘিত হচ্ছে। এই ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গী কী, সেটা যদি আপনি দয়া করে বলেন।

ডাঃ শশী পাঁজা : এটা আগেও বলা হয়েছে, This is an honorarium. পেনশন, গ্রাচ্যুইটি, মিনিমাম ওয়েজ, লেবার ল'জ এই সমস্ত আসছে না। দ্বিতীয়ত We are also very sensitive. ইক্যুয়ালি আমরাও সহমর্মিতা রাখি। আমরাও বুঝতে পারি যদি সান্মানিকটা খানিকটা বাড়ানো যায়। তবুও বলে দিই, এই স্টেট কিন্তু অ্যাডিশনাল অনারারিয়াম ১৩৫০ বহন করে। এবং এক্সগ্রাসিয়া, যেটা আপনাদের সময় ছিল না, গেল পুজোতেও আমরা দিয়েছি ৩২০০ টাকা। প্রতি বছর আমরাই দিই। গত বছর এটা ছিল ২৬০০ টাকা, তার আগে আরও কম ছিল। সেটা বাড়িয়ে এই বছর ৩২০০ টাকা হয়েছে। এটা আমাদের রাজ্যের পক্ষ থেকে আমরা বহন করছি। সারা দেশের কথা বলে ভালো করেছেন। এই সান্মানিক অনারারিয়াম যেটা আছে, সেটা বাড়ানোর জন্য আমরা প্রস্তাব পাঠিয়েছি, সেটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার বিবেচনাধীন আছে।

এটুকু বলতে পারি, এই যে ২০১৫-১৬ আর্থিক বছর চলছে, তাতে এখনও পর্যন্ত আই.সি.ডি.এস. প্রকল্পে যে টাকাটা ঢোকার কথা, সেখানে মাত্র ৩৪৭ কোটি টাকা ঢুকেছে, সেকেন্ড কোয়ার্টার পর্যন্ত, এটা প্রায় হাজার কোটি প্লাস হওয়া উচিত। এই অবস্থাতে আপনারা সুপারভাইজার নিয়োগের কথা বললেন। আপনাদের মনে আছে তো, ২০০৭-এর পরে আপনারা সুপারভাইজার নিয়োগ করেননি। কেন নিয়োগ করেননি সেই জবাব তো আপনাদের দিতে হবে। সুপারভাইজার নিয়োগের ব্যাপারে আপনারা কোনো পদক্ষেপ নেননি। আমরা এসে কিন্তু, যারা আসেন সুপারভাইজার বাই প্রমোশন, যারা আসেন বাই ডাইরেক্ট রিক্রুটমেন্টে, আমি এসে এটা করেছি, আমি দাবী করতে পারি। যারা ওদের বঞ্চিত করেছেন প্রমোশন থেকে, যারা বঞ্চিত করেছেন সুপারভাইজার পোস্টে ডাইরেক্ট রিক্রুটমেন্টে আসার জন্য। এটা আমরা শুরু করেছি। সদ্য এস.এস.সি. বলেছে তারা এইগুলো করছে। আপনারা যেটা করেননি, আমরা এটা করছি, তার জন্য সময় একটু লাগবে।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : স্যার, She is very thorough, very elaboratative. আমার একটা প্রশ্ন আছে, সেই দৃষ্টিভঙ্গীতে যদি উত্তরটা দেন, যদি আপনি অনুগ্রহ করে এই হাউসে বলেন— What is the exact directive and circular of the Central Government in relation to the formation of the Committee? Is there any provision to appoint Minister as the Chairman in the District Committee? If, yes, say-yes;-if no, say-no.

Dr. Shashi Panja : There is no specific direction from the Government of India for any kind of Committee formation. But what was written to them was ...(noise)... No, no, that is noted, but they have not given any— but the Secretary had written that — to discourage the MLAs to be a part of the Committee, which was written during their time.

রাজ্যে কন্যাশ্রী প্রকল্পে নথিভুক্তের সংখ্যা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯) **শ্রী নির্মল ঘোষ :** নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরের ৩০শে নভেম্বর, ২০১৫ সাপেক্ষে রাজ্যের মোট কত সংখ্যক ছাত্রীর নাম কন্যাশ্রী প্রকল্পের আওতায় নথিভুক্ত হয়েছে; এবং

(খ) কত সংখ্যক ছাত্রী এই প্রকল্পে বৃত্তি পাচ্ছে?

ডাঃ শশী পাঁজা : (ক) ১লা এপ্রিল ২০১৫ থেকে ৩০শে নভেম্বর ২০১৫ সাপেক্ষে রাজ্যের মোট (K-1, K-2 মিলিয়ে) ৭০৪৯০৫ জন ছাত্রীর নাম 'কন্যাশ্রী প্রকল্পের' আওতায় নথিভুক্ত হয়েছে।

(খ) মোট ২৭৭৯২০৮ জন ছাত্রী এই প্রকল্পে বৃত্তি পাচ্ছে।

প্রকল্পের শুরু (১লা অক্টোবর, ২০১৩) থেকে ৩০শে নভেম্বর, ২০১৫ সাপেক্ষে মোট ২৮৫১২৩৮ জন ছাত্রী এই প্রকল্পের আওতায় নথিভুক্ত হয়েছে।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, এই কন্যাশ্রী কে-ওয়ান, কে টু-তে, মাননীয়া মন্ত্রী যে রিপ্লাই দিয়েছেন তাতে কে-ওয়ান এবং কে-টু-তে টোটাল ভ্যালিড যে অ্যাপ্লিকেশন ছিল সেটা সাত লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচ। কে-ওয়ান এবং কে-টু টুগেদার total valid application were 7,49,005. This is the reply which you have given to me of which you have 6 lakh 80 thousand, which is about 98% you have covered. মাই কোশ্চেন ইজ যে আপনি কি এই যে এক লক্ষেরও বেশি মেয়েদের যাদের অ্যাপ্লিকেশন ভ্যালিড ছিল কিন্তু তারা এখনও তাদের বেনিফিটটা পায়নি। আপনি কি কোনো স্ক্রুটিনী আপনার ডিপার্টমেন্টে বসিয়ে দেখবেন যে কেন এই ভ্যালিড অ্যাপ্লিকেশন থাকা সত্ত্বেও— Why in spite of valid application near about 1 lakh have been deprived. What are the reasons behind that? For which reasons they have been deprived. এক লক্ষের কাছাকাছি হবে, এক লক্ষ হবে না, কি কারণে এরা ডিপ্রাইভড হয়ে আছে। সেভেন ল্যাখস যদি ভ্যালিড অ্যাপ্লিকেশান থাকে তাহলে তো পুরোটাই পাওয়ার কথা।

ডাঃ শশী পাঁজা : স্যার, আমি একটা প্রশ্নের উত্তরে বলছিলাম আমরা এই এরিয়াসগুলোকে অ্যাড্রেস করছি এবং সেই জন্য কিছু ইনিশিয়েটিভস নিতে হচ্ছে। স্যার, যখনই এদের রিনিউয়াল হয়, ধরুন কে-ওয়ান টু কে-ওয়ান বা আপগ্রেডেশন হয় কে-ওয়ান টু কে-টু, আগে ছিল যে আবারও নতুন করে ফর্মটা ফিল আপ করে আপলোড হত এবং তার জন্য ইনকাম কনফরমেশন, নো ম্যারেজ কনফরমেশন এবং যে স্কুলে পড়ছে সেটা। আমরা সেটাকে এনকারেজ করছি যার জন্য ট্রেনিংটা চলেছে। যার জন্য কন্যাশ্রী অনলাইন থ্রী পয়েন্ট জিরো হয়েছে। সেটাকে আমরা বলছি যে রিনিউয়ালটা করা হবে ইন বাল্ক। অর্থাৎ স্কুলে টীচার যদি বসে যান এবং পরপর সব নামগুলো দেখে উনি তখনই ঠিক করে দিচ্ছেন যে বিয়ে হয়নি, এর ইনকাম সার্টিফিকেট ওটাই রয়েছে। তাহলে ইন বাল্ক অনেকগুলো রিনিউ হয়। তাতে কি হয় এক্সপিডাইট করা যায়। অর্থাৎ যেটা বলতে চাইছিলাম আমরা সিস্টেমটাকে এক্সপিডাইট করার জন্য আমরা কিছু পদক্ষেপ নিয়েছি এবং তারপরে কিছু আমরা অনলাইন ট্রান্সফার অব বেনিফিসিয়ারি হচ্ছে। যেটা বললাম যে একটা স্কুল থেকে অন্য স্কুলে যদি বেনিফিসিয়ারী চলে যায় তখন কিন্তু একটা গ্যাপিং এসেছিল, কিছু ডিফিকালটিস এসেছিল। তার জন্য আমরা ট্রান্সফার বেনিফিসিয়ারী মডিউল একটা ইনট্রোডিউস করছি। যাতে পেরেন্ট ইনস্টিটিউশনে টীচারই কিন্তু তাকে ট্রান্সফার মোডে রেখে দিলে ও যেখানেই স্কুলে কিংবা কলেজে যাচ্ছে তারা সেখান থেকে ধরে নেবে। অবশ্যই আমরা একটা নতুন মডিউল নিচ্ছি যেটা ট্র্যাক করতে পারি। এবার অ্যাপ্লিকেশনটা ট্র্যাক করব। কারণ অনেক সময়ে দেখা যাচ্ছে স্কুল কিংবা প্রতিষ্ঠান দেরী করছে। ইউনিক আই ডি নাম্বার তারা দিচ্ছে না। যাতে আমরা অ্যাপ্লিকেশন ট্র্যাক করতে পারি তাহলে আমরা প্রোগ্রেসটা করতে পারব। এটা এক্সপিডাইট করতে পারলে এই ফিগারটাও কমে আসবে।

নির্মল ঘোষ : স্যার, আমাদের যে কারণে এই কন্যাশ্রী শুধু অদ্বিতীয় নয়, অনন্য এর

বিশেষ কারণ ড্রপ আউট যেটা আমাদের রাজ্যে শুধু নয়, ভারতবর্ষের অনেক রাজ্যেই আছে। বিশেষ করে মেয়েদের যে ড্রপ আউট, আপনি কি বলতে পারবেন এই কন্যাশ্রী প্রকল্প আসার পরে ২০১৩ অন ওয়ার্ডস আপ টু ডেট, এর কি একটা পরিসংখ্যান কাছাকাছি দিতে পারবেন যে আমাদের ড্রপ আউটের সংখ্যা কিভাবে কমছে বিকজ অব কন্যাশ্রী?

মিঃ স্পীকার : আপনি তো এর একটা রিপ্লাই দিয়েছেন। উনি বলেছেন উনি জানাবেন, আপনি পরে নোটিশ দেবেন।

শ্রীমতী প্রতিমা রজক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে কন্যাদের সাইকেল দেওয়া হচ্ছে, এটা কি কন্যাশ্রী প্রকল্পের মধ্যে থেকে দেওয়া হচ্ছে না কি কেন্দ্র না রাজ্য কোন প্রকল্প থেকে এই সাইকেল দেওয়া হচ্ছে যদি আপনি দয়া করে বলেন।

ডাঃ শশী পাঁজা : এটা রাজ্যের প্রকল্প, কিন্তু এটা আমার দপ্তরের মধ্যে মানে আমাদের কন্যাশ্রী প্রকল্পের মধ্যে পড়ে না। এটা আমার দপ্তরের মধ্যে নয়।

[11.40 — 11.50 a.m.]

কলেজে অধ্যাপকের সংখ্যা

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩) **শ্রী অসিত মিত্র :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে রাজ্য সরকার অনুমোদিত কলেজগুলিতে অধ্যাপকের সংখ্যা কত;

(খ) উক্ত সময়ের হিসেবে কত সংখ্যক অধ্যাপকের পদ শূন্য অবস্থায় রয়েছে; এবং

(গ) ওইরূপ শূন্যপদ পূরণ করার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

ডঃ পার্থ চ্যাটার্জী : (ক) ১২,৮৯০ জন।

(খ) ৩,৩০০ জন।

(গ) অধ্যাপকের শূন্যপদ পূরণ করার জন্য এই বছরের ২০১৫ শুরুতে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি জারি (বিজ্ঞপ্তি নং ১।২০১৫) করা হয়েছে। অনলাইনে এই আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ছিল ০১.০৭.২০১৫। কিন্তু আমরা আবার ৪৫ বছর পর্যন্ত বয়স বাড়িয়ে দেওয়া হয়েছে সম্প্রতি এবং ২৬.১২ পর্যন্ত আবেদনপত্র নেওয়া যাবে।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন—অধিকাংশ কলেজগুলিতে শিক্ষা ব্যবস্থার অবনতি ঘটছে এবং ছাত্রদের অসুবিধা হচ্ছে। অধিকাংশ ক্ষেত্রেই পার্ট টাইম টিচার এবং কন্ট্রাকচুয়াল টিচারের উপর নির্ভর করতে হয়। একদিন আপনি বললেন কাটোয়া কলেজের ১৭ জন টিচারই পার্ট টাইমার। জামালপুরের ব্যাপারে সূর্যকান্তবাবু বলছিলেন যে, জামালপুরের সব টিচারই পার্টটাইমার। সুতরাং প্রবলেম তো ভীষণ। আমি আপনার কাছে জানতে চাইছি এই পার্টটাইম টিচারদের উপরে যখন নির্ভর করে আপনাদের চলতে হচ্ছে,

আপনি ১২,৮৯০ জন টোটাল শিক্ষক বলেছেন। এর মধ্যে নিশ্চয় পার্টটাইমার আছেন। সেই সংখ্যাটা কতজন আপনি বলবেন। কিন্তু তাদের জন্য অভিরূপ সরকার কমিটির রিপোর্ট আপনারা পেশ করেছেন। তার থেকে এই পার্টটাইমার টিচার এবং কন্ট্রাকচুয়াল টিচারদের কি ধরনের সুযোগ-সুবিধা দেবার ব্যবস্থা করছেন এটা যদি বলেন ভালো হয়।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওনাকে বলছি আপনার সরাসরি প্রশ্নটা যদি বলেন ভালো হয়।

শ্রী অসিত মিত্র : আমি বলছি এই ১২,৮৯০, এর মধ্যে পার্টটাইম টিচারের সংখ্যাটা কত এবং এদের জন্য কি ব্যবস্থা আপনারা গ্রহণ করছেন বা তাদের অর্থনৈতিক সুবিধা দেবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন সেটা বলবেন কি?

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি বলি অনেকে স্থায়ীকরণ খুঁজছে। আসল কথা পার্টির পকেট থেকে যারা বেরিয়ে পড়েছিল, তাদের ঢুকিয়ে দিয়ে চলে গেল। ইউ জি সি-র নর্মসে কেউ নেই। ৫২%ও ইউ জি সি-র নর্মসে নেই। তারা আমাদের কাছে আবেদন করেছেন 'আমরা ঢুকেছি কিন্তু আপনারা আমাদের বের করে দেবেন না।' আমরা বলেছি নিশ্চয় আপনারা পড়াচ্ছেন যখন তখন আমরা দেখছি আপনাদের কিভাবে অ্যাকমোডেট করানো যায়। এবং সম্প্রতি তাদের ২৫%-এর বেতন বৃদ্ধিও করা হয়েছে। ক্লাসও ৫০% বৃদ্ধি করা হয়েছে। আমরা চেষ্টা করছি তাদেরকে যে যে কলেজে দরকার, সেই সেই কলেজগুলিতে আমরা রাখব এবং আপনারা সবাই জানেন যে কন্ট্রাকচুয়াল যে টিচার আছেন তাদেরও মাইনে আমরা কিছুটা বাড়িয়ে দিয়েছি ১০%। এখন আপনার প্রশ্ন যদি হয় যে এদের মধ্যে কতজন আছেন, সেই টোটাল সংখ্যাই আপনাকে বলছি এই মুহূর্তে এছাড়াও টিচারের সংখ্যা ছিল ৬,০১৭-র মতো। তারমধ্যে ৬১৭-র মতো কন্ট্রাকচুয়াল টিচার, বাদ বাকিটা পার্টটাইম টিচার। আমরা আগেও দেখেছি, এই ব্যাপারে বিরোধী দলনেতাও আমাকে প্রশ্ন তুলেছিলেন যে, অনেকগুলি কলেজে দেখা যাচ্ছে যে পার্টটাইম টিচাররাই টি আই সি-তে আছেন। এবং অনেক কলেজের বেশীর ভাগ টিচারই পার্টটাইম টিচার। কিন্তু প্রশ্ন হচ্ছে কলেজগুলি খুলল কিভাবে। কলেজগুলি যখন খোলা হল সেটা তো আর এই সময়ে নয়। সাড়ে চার বছরের মধ্যে নয়। এর মধ্যে আমরা কোনো পার্টটাইম টিচার নিইনি। এবং কোনো কন্ট্রাকচুয়াল টিচার নিইনি। এইগুলি হচ্ছে সেই গভর্নিং বডি থাকে এবং তারা টুকটাক করে নিয়ে এগুলিকে করেছে। আমি মনে করি এবং আমাদের সরকার — মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে মা-মাটি-মানুষের সরকার মনে করে এটা চূড়ান্ত এক্সপ্লয়টেশন। শিক্ষকতার নাম করে, বেকারত্বের নাম করে এই ধরনের সুযোগগুলোকে নেওয়া এবং চলে যাওয়ার আগে যখন বুঝতে পেরেছিলেন যে আমরা চলে যাবো, মানুষ আমাদেরকে আর বোধহয় রাখবে না, তখন ২০১০-এ তড়িঘড়ি করে একটি সার্কুলার বের করে তাদেরকে ৬০ করে দিয়ে ৫% করে তিন বছর অন্তর অন্তর বাড়াবো — এই সিদ্ধান্ত, এটার মধ্যে দিয়েই বোঝা যায় যে, বিগত সরকারের অভিমুখ কি ছিল। অভিমুখ ছিল একমাত্র শোষণ করা। না হলে এই ধরনের প্রশ্ন — আজকে যারা চিৎকার করছেন তাদের জন্য, তাদের চিৎকার করার কোনো অধিকারই নেই, কারণ তারা এই শ্রেণীর শিক্ষকদের নিয়ে গেছেন। যাদের অধ্যাপক নাম

দিয়েছেন, কিন্তু তাদের পাওনা-গন্ডা ইত্যাদি বিষয়ে তারা দেখেননি, তাদের যোগ্যতাটাকেও তারা দেখেননি। আমরা আমাদের সরকারের তরফ থেকে বারবার বলেছি এই কথা। ইতিমধ্যেই পার্টটাইম শিক্ষকদের বিষয়টা আমরা দেখেছি এবং যতটুকু করবার আমরা করেছি এবং কলেজ সার্ভিস কমিশনকেও আমরা বলেছি যে, এদেরকে একটা প্রায়োরিটি দিয়ে দেখতে হবে—যারা পার্টটাইম টিচার আছেন। কিন্তু দেখা যাচ্ছে যে, পার্টটাইম টিচার যেখানে মনে করুন ১:৩ নেওয়ার কথা, সেখানে কলেজে শিক্ষক দেওয়ার পরেও পার্টটাইম টিচাররা রয়ে গেছেন। এখন এদের আমরা র‍্যাশনালাইজ করবার চেষ্টা করছি এবং আমরা দেখছি কোথায় কোন কলেজে আছে, ক'জন আছে, কোন সাবজেক্টে আছে। এগুলো আমাদের পর্যালোচনার মধ্যে আছে। আমরা শীঘ্রই কলেজ সার্ভিস কমিশনের যে পরীক্ষাটা ২৬ তারিখের পরে নেওয়া হবে, সেই পরীক্ষায় তারা যদি আবেদন করেন, তাহলে তাদের প্রাধান্য দিয়েই দেখা হবে।

শ্রী অসিত মিত্র : মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ যে তিনি অনেকটা ক্লিয়ার করেছেন পার্টটাইম টিচার বা কন্ট্রাকচুয়াল টিচারদের ব্যাপারে এবং আমাদের অনুরোধ থাকবে যে এদের যেন চাকরি না যায়। আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, মাননীয় শিক্ষামন্ত্রী জানেন যে অ্যাসিস্ট্যান্ট টিচার থেকে অ্যাসোসিয়েট টিচার হয়। এই অ্যাসিস্ট্যান্ট টিচার থেকে অ্যাসোসিয়েট টিচার হতে গেলে তার মাঝখানে দুটো ধাপ আছে। পরীক্ষা দিতে হয়। এই ব্যাপারে আপনারা ক্ষমতায় আসার পর থেকে কতজন অ্যাসিস্ট্যান্ট টিচারের পরীক্ষা নেওয়া হয়েছে এবং কতজনকে অ্যাসোসিয়েট টিচার করা হয়েছে — এই সম্পর্কে যদি বলেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটার সঙ্গে মূল প্রশ্নের কোনো সম্পর্ক নেই। আপনার যদি মনে হয় — আমরা শিক্ষা দপ্তর থেকে এই ধরনের পরীক্ষা কনডাক্ট করি না। সুতরাং আপনি যখন জানতে চেয়েছেন, আপনার উৎসাহকে আমি ধন্যবাদ জানাই। আপনি আসবেন, আমি নিশ্চয়ই এর উত্তর দিয়ে দেবো।

শ্রী আনিসুর রহমান : মাননীয় মন্ত্রী যা বললেন, আমি মাননীয় মন্ত্রীর কাছে একটা ছোট্ট আবেদন জানাচ্ছি। পার্ট টাইম কন্ট্রাকচুয়াল টিচার বাদে এখন যেটা হয়েছে যে, যত আমাদের ফিজ্ কালেকশন হয় কলেজে, তার ৫০% গভর্নমেন্ট নিয়ে নেয়। সামান্য টাকা থেকে যা দেওয়া হত, যেখানে কন্ট্রাকচুয়াল টিচার বন্ধ করে দিয়েছে, কিন্তু এখন একটা নতুন নামে ভর্তি হয়ে গেছে 'গেস্ট লেকচারার'। কারো কোয়ালিফিকেশন ভালো আছে, কারো নেই। কিন্তু হয়ে গেছে। এটা যদি মাননীয় মন্ত্রিমহোদয় বিবেচনার মধ্যে না রাখেন, তাহলে কলেজগুলো চলবে না।

কৃষ্ণনাথ কলেজকে বিশ্ববিদ্যালয় স্তরে উন্নীতকরণ

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫) **শ্রী আনিসুর রহমান :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার কৃষ্ণনাথ কলেজকে বিশ্ববিদ্যালয় স্তরে উন্নীত করার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শ্রী আনিসুর রহমানের উত্থাপিত প্রশ্নের উত্তরে জানাই যে, এইরকম কোনো পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন নেই। কিন্তু আমরা দেখেছি, মুর্শিদাবাদে ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের আলিগড় মুসলিম ইউনিভার্সিটি খোলা হয়েছে ২০১৪-তে। এবং আপনাদের জানাই যে এই কোর্সের মধ্যে এম.বি.এ.-তে ৫২ জন স্টুডেন্ট, বি.এ.এল.এল.বি.-তে ১৮৯ জন স্টুডেন্ট এবং বি.এডে ৩৬ জন স্টুডেন্ট আছে।

[1.50 a.m. – 12.00 noon]

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন এই যে, কলেজ সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে আপনি যেটা বলেছেন। কলেজ সার্ভিস কমিশনের মধ্যে দিয়ে যে assistant professor নিয়োগ হয়, আবার কলেজ সার্ভিস কমিশনের মধ্যে দিয়ে যাঁর existing teacher তারাও কলেজ চেঞ্জ করার জন্য তারা অ্যাপ্লাই করতে পারে, পরীক্ষা ব্যবস্থা যা আছে সেই পরীক্ষার মধ্যে দিয়েই তারা আসে। বিভিন্ন কলেজে যারা associate professor আছে, তারা বরাবরই এই কলেজ সার্ভিস কমিশনের মধ্যে দিয়ে অ্যাপ্লিকেশান করে কলেজ চেঞ্জ করার provision তাদের আছে। কিন্তু যেটা দেখা যাচ্ছে প্রোমোশান পেয়ে যারা associate professor হয়েছে, তারা যখন কলেজ সার্ভিস কমিশনের মধ্যে দিয়ে আসার চেষ্টা করছে, নতুন কলেজে জয়েন করার পরে তাদের কিন্তু pay protection দেওয়া হচ্ছে না। অথচ এদের যে পে-টা, এই অ্যাসোসিয়েট প্রফেসরের পেমেন্টটা কিন্তু বিকাশ ভবনই করেছে, ইউ.জি.সি. নিয়ম অনুযায়ী করেছে। কিন্তু তারা যখন নতুন কলেজে যাচ্ছে সরকারী নিয়ম বা কলেজ সার্ভিস কমিশনের নিয়ম অনুযায়ী, তারা সেখানে গিয়ে আবার পুরনো associate professor-এর বেতনে চলে যাচ্ছে। ফলে এই জায়গাটা সরকার কোনো ব্যবস্থা করছে কি না যে associate professor-এর পেমেন্টটা তাদের দিতে হবে?

ডঃ পার্থ চ্যাটার্জী : স্যার, যদিও এই প্রশ্নটির এর সঙ্গে কোনো সম্পর্ক নেই, কিন্তু আপনার জ্ঞাতার্থে জানাই যে সরকারের লক্ষ্যটা কি হওয়া উচিত? আগে ট্রান্সফারটা দেখা উচিত, না নতুন করে কর্মসংস্থান সৃষ্টি করা উচিত, অধ্যাপক দেওয়া উচিত। আমাদের অভিমুখটা হচ্ছে অধ্যাপক নতুন করে দেওয়া। এখন সেই অধ্যাপক যদি না দেওয়া যায়, তাহলে যে সমস্ত কলেজে অভাব আছে, সেই শিক্ষকের অভাবগুলো থেকেই যাচ্ছে। ধরুন, একজন টীচার সে একটা জায়গায় পড়াচ্ছিল, ...(হইচই)... এই কায়দায় চলছিল, এই কায়দাগুলো আমরা আস্তে আস্তে বন্ধ করে দিতে চাই। আমি যদি একজন টীচারকে সুযোগ করে দিই তাহলে সেখানে একটা vacancy create হচ্ছে, অযথা আবার দেরী হয়ে যাচ্ছে। এই দুটোরই একটা সমন্বয় বা বিন্যাস আমাদের ঘটাতে হবে। আমাদের দেখতে যে যেখান থেকে আসছে সেখানে কোনো অভাব আছে কিনা, আবার দেখতে হবে নতুন করে কত application এসেছে, তাদের মধ্যে থেকে নিতে পারছি কি না। আর দ্বিতীয় যে প্রশ্নটা আপনি করেছেন, এটা আমার কাছে এখনও পর্যন্ত কেউ বলেননি, আপনিই প্রথম বললেন। এইরকম কোনো স্পেসিফিক বিষয় থাকলে নিশ্চয়ই আপনি জানাবেন।

শ্রী মহঃ সোহরাব : স্যার, মাননীয় মন্ত্রী বললেন যে, বহরমপুর কৃষ্ণনাথ কলেজকে ইউনিভার্সিটি করার কোনো পরিকল্পনা ইতিমধ্যে নেই। স্যার, আমার স্পেসিফিক প্রশ্ন, মুর্শিদাবাদ জেলায় ৭২ লক্ষ মানুষের বাস এবং সেখানকার ৭৫% এখন প্রায় minotiry। উনি বললেন যে Aligarh campus সেখানে মাত্র তিনটে কোর্স পড়ানো হচ্ছে এখন। BBA, B.Ed. এবং Law, এতে কি একটা ইউনিভার্সিটির purpose serve হয়? আজকে কৃষ্ণনাথ কলেজেও আচার্য B.N.SIL-এর মতো মানুষ প্রিন্সিপ্যাল ছিলেন, হুইলার সাহেবের মতো মানুষ প্রিন্সিপাল ছিলেন। কলকাতা ইউনিভার্সিটির পূর্বে ১৮৫৩ সালে এই কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল। আমি স্পেসিফিকভাবে জিজ্ঞাসা করছি আজকে যখন বিভিন্ন কলেজ হচ্ছে, আপনি K. N. College-কে ইউনিভার্সিটি করার জন্য চিন্তাভাবনা করবেন কি? আমি আবার আপনাকে চিন্তা করতে বলছি। অতবড় জেলায় একটা ইউনিভার্সিটি করার দরকার বলে আপনি ভাবছেন কি না?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ধন্যবাদ জানাই যাঁরা মুর্শিদাবাদে ইউনিভার্সিটি করার কথা ভাবছেন, কিন্তু এর আগে ৩৪ বছরেও একটা বিশ্ববিদ্যালয় হল না, বা তারও আগে যাঁরা ছিলেন একটা বিশ্ববিদ্যালয় করেননি। সুতরাং এই ৬৬ বছরে কোনো বিশ্ববিদ্যালয় যখন হয়নি, তখন আলিগড়ের একটি ক্যাম্পাস ওখানে হয়েছে, আমি তো বলেছি বিষয়টি নিঃসন্দেহে বিবেচনা করবো। কিন্তু তার আগে দেখা যাক এখানে general degree college আছে ২৫টা, তার মধ্যে ২টি মহিলাদের আছে। এবং B.Ed. college আছে government aided B.Ed college একটা। government engineering college হচ্ছে ২৭টা। সুতরাং আপনাদের জেলার যে অবস্থান সেই অবস্থান অনুযায়ী যে একেবারেই নেই তা নয়, আছে। আপনাদের সকলেরই ইচ্ছে যে ওখানে একটা বিশ্ববিদ্যালয় হোক কিন্তু আমি একটা দেখালাম যে এইটা হওয়ার পরেও যত সংখ্যক ছাত্র থাকার কথা তত সংখ্যক ছাত্র কিন্তু সেখানে যোগ দিতে পারছেন না বা পারেননি। এই ব্যাপারেও আমি বলব যে, একটা চেতনা আনার দরকার আছে ওই অঞ্চলের মানুষদের বা ছাত্রছাত্রীদের মধ্যে একটা প্রভাব বিস্তার করার দরকার আছে যারা শিক্ষক আছেন। না হলে কিন্তু — আসলে ছাত্রছাত্রীদের অভাবেই অনেক সময় ইনস্টিটিউশানগুলো ধোঁকে।

*২০। Not Called.

ময়নাগুড়ি পৌরসভা গঠন

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯) **শ্রী অনন্তদেব অধিকারী :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জানুয়ারী, ২০১৬ সালের মধ্যে ময়নাগুড়িকে পৌরসভা হিসাবে ঘোষণা করা হবে কিনা?

শ্রী ফিরহাদ হাকিম : প্রস্তাবিত ময়নাগুড়ি পৌরসভার জন্য অর্থ দপ্তরের অনুমোদন পাওয়া গেছে। অন্যান্য বিধি অনুমোদনের জন্য প্রসেস চলছে। খুব শীঘ্রই আমরা ময়নাগুড়ি পৌরসভা ঘোষণা করব।

শ্রী আসিফ মেহেবুব : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে অতিরিক্ত প্রশ্ন যে, আজ প্রায় ১৩ বছর হতে চলল চাঁচল মহকুমা গঠন হয়েছে। সেখানে আজ প্রায় ৬ বছর হতে চলল পুরসভা ঘোষণা হয়েছে। ঘোষণাটা এই নিয়ে তিনবার হয়েছে। আমার প্রশ্ন এটাই, স্বাধীনতার পরে মালদা জেলায় প্রথম কোনো পৌরসভা কি গঠন হবে? যদি এই ব্যাপারে আমাদের মন্ত্রিমহোদয়ের কোনো চিন্তাভাবনা থাকে যে ঘোষণার বাইরে গঠন তাহলে তিনি যদি একটু দয়া করে জানান।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমাদের প্রসেসের মধ্যে রয়েছে চাঁচল পৌরসভা। উনি যেটা বললেন যে ৬ বছর আগে তা নয়। প্রসেসের মধ্যে রয়েছে। আপনারা জানেন যে আমাদের একটা ফিনান্সিয়াল প্রবলেম রয়েছে। কারণ একটা বিরাট টাকা প্রত্যেক বছর আমাদের ফিনান্স থেকে কেটে নিয়ে চলে যাচ্ছে, সেই জন্য আমাদের বাজেট বরাদ্দ বাড়ানো যাচ্ছে না। তাই এটা প্রসেসের মধ্যে রয়েছে এবং আমরা আন্তরিকভাবে চাইছি যে এই পৌরসভাগুলো গঠন হোক তাই আমরা ফিনান্সের অ্যাপ্রুভাল পেলেই করে দেবো।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, বাঁকুড়া জেলার খাতরা হচ্ছে একটা মহকুমা। আগের সরকার এটাকে পৌরসভা করবার জন্য একটা প্রস্তাব করেছিলেন। আমি বলছি, আপনার সরকার কিংবা আপনার বিভাগ এই বাঁকুড়া জেলার খাতরাকে কবে নাগাদ পৌরসভা হিসাবে ঘোষণা করবেন এবং তার কাজকর্ম শুরু হবে?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আপনার মাধ্যমে জানাই, মাননীয় বিধায়ক আগের সরকারের যে কথাটা বললেন এর কোনো প্রসেসের ডকুমেন্ট আমার কাছে নেই। আগের সরকার যে এই খাতরাকে প্রসেস করেছিল তার কোনো ডকুমেন্ট আমি অফিসে আসার পরে পাইনি, নেই। কিন্তু হ্যাঁ, ওনার বলার পরে আমরা প্রসেসটা স্টার্ট করেছি। আমরা ডি.এম-এর রিপোর্টের অপেক্ষায় রয়েছি। ডি.এম-এর রিপোর্ট আসার পরে আমরা প্রসেসটা স্টার্ট করবো।

শ্রী খগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। বামফ্রন্ট সরকার থাকার সময় ২০টি পৌরসভার প্রস্তাব তারা দিয়েছিলেন। তার মধ্যে মালদা জেলার চাঁচল এবং গাজোলে দুটি পৌরসভা গঠন করবার ক্ষেত্রে এখন কি অবস্থায় আছে? ধন্যবাদ স্যার।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমি আগেই বলেছি যে, আমাদের ফাইনান্সিয়াল কিছু সমস্যার জন্য নতুন পৌরসভাগুলো আমরা খুব দেখে দেখে করছি। এতদিন ধরে যদি কাজ এগিয়ে থাকতো তাহলে তো ৩৪ বছরের মধ্যে অনেক দিন আগে পৌরসভাগুলো হয়ে যেতে পারতো। কিন্তু এইসব প্রস্তাবগুলো আমার কাছেই এসেছে। ফাইনান্সিয়ালি যেহেতু একটা ক্রাইসিসের মধ্যে আমাদের সরকার রয়েছে। আমরা বলছি যে, পৌরসভাগুলো আমরা এখনি অ্যাপ্রুভাল দিতে পারছি না। কিন্তু আমাদের সদিচ্ছা আছে, টাইমের মধ্যে দেব।

Mr. Speaker : The Questions' Hour is over.

Starred Questions
(to which oral answers were laid on the Table)

সামুখা ফিডারটিকে বিভক্ত করার পরিকল্পনা

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯) **শ্রী তজমুল হোসেন :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত সামুখা ফিডারটিকে বিভক্ত করার কোনো পরিকল্পনা সরকার নিয়েছে কিনা?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : হ্যাঁ।

বন্দীদের উপর নজরদারির ব্যবস্থা

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে নভেম্বর, ২০১৫ সাপেক্ষে রাজ্যের সংশোধনাগারগুলিতে বন্দীদের উপর নজরদারি রাখার জন্য কী কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্যের সমস্ত সংশোধনাগারে বন্দীদের উপর নজরদারি রাখার জন্য রক্ষী, মহিলা রক্ষী এবং আধিকারিকরা সর্বদা নিযুক্ত আছেন। এছাড়া, কেন্দ্রীয় এবং জেলা সংশোধনাগারগুলিতে ওয়াচ টাওয়ারের ব্যবস্থা আছে। এই ওয়াচ টাওয়ারগুলিতে নজরদারির জন্য রাজ্য সরকারের পুলিশ কর্মীরা নিযুক্ত থাকেন। যান্ত্রিক নজরদারি হিসেবে ওয়াকি-টকি, মেটাল ডিটেক্টর, সি.সি.টি.ভি. সার্চ লাইট, এক্স-রে ব্যাগেজ স্ক্যানারের ব্যবস্থা আছে।

[12.00 noon – 12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of adjournment motion from Shri Anisur Rahaman, Shri S. M. Sadi, Shri Anandamay Mandal, Shri Id Mohammad, Shri Biswanath Karak, Shri Akshay Thakur, Shri Sahajahan Choudhury, Shri Prabodh Chandra Sinha, Smt. Debolina Hembram, Shri Gouranga Chatterjee, Smt. Jahanara Khan, Smt. Mamata Roy and Smt. Kumari Kujur on the subject of alleged molestation of a girl student at Kakdwip and reported molestation and death of another girl in Burdwan on 15.12.2015.

The subject matter of the motion is not such that may call for the adjournment of the business of the House. Members may invite

attention of the Minister concerned through Questions, Calling Attention, Mentions etc.

I, therefore, withhold my consent to it.

One Member of the Party may, however, read the text of the motion, as amended.

শ্রী আনিসুর রহমান : মাননীয় মহাশয়, জনসাধারণের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল, সম্প্রতি কাকদ্বীপ বিদ্যালয়ে পাঠরতা এক ছাত্রীর শ্লীলতাহানি হয়েছে বলে অভিযোগ। গতকালও বর্ধমানে আদিবাসী ৮ বছরের এক কিশোরীর শ্লীলতাহানি ও মৃত্যুর ঘটনা ঘটেছে বলে জানা গেছে। এই ঘটনা বেদনাদায়ক এবং দুঃখজনক।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received two notices of Calling Attention on the following subjects, namely—

Subject	Name
(i) Guidelines and directions of the State Government for sanctioning financial grant to the clubs and utilization of the said fund.	: Shri S. M. Sadi Shri Rameswar Doloi Shri Dhirendra Nath Mahato Shri Biram Mandi Shri Manoj Kumar Oraon & Shri Sahajahan Choudhury
(ii) Progress of work for construction of Kishan Mandi in the State.	: Smt. Ratna Ghosh (Kar)

Mr. Speaker : I have selected the notice of Smt. Ratna Ghosh (Kar) on the subject of Progress of work for construction of Kishan Mandi in the state.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

...(গোলমাল)...

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রীমতী রত্না ঘোষ বিধায়ক কর্তৃক উত্থাপিত প্রশ্নের উত্তর আমি সংশ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করবো এই সময়ের মধ্যে কিংবা সরাসরি তাঁর কাছে পাঠিয়ে দেওয়ার জন্য।

(এই সময় বামফ্রন্টের মাননীয় সদস্য-সদস্যাগণ প্ল্যাকার্ড হাতে তুমুল চিৎকার করতে থাকেন।)

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Ninth Report and the Tenth Report the Committee on Government Assurances (2014-2015 & 2015-2016)

Dr. Manas Ranjan Bhunia (The Chairman) : Sir, I beg to present—

(A) The Ninth Report of the Committee on Government Assurances (2014-2015 & 2015-2016) on the Assurances given by the Minister-in-Charge of the Department of Public Health Engineering on the floor of the House during the year 2013-2014; and

(B) The Tenth Report of the Committee on Government Assurances (2014-2015 & 2015-2016) on the Assurances given by the Minister-in-Charge of the Department of Fisheries, Aquaculture, Aquatic Resources and Fishing Harbours on the floor of the House during the year 2013-2014.

Presentation of the Twenty-sixth Report of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2014-2015 & 2015-2016)

Shri Prabodh Chandra Sinha (The Chairman) : Sir, I beg to present the Twenty-sixth Report of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2014-2015 & 2015-2016) on The Action Taken by the Government of the Observations and Recommendations as contained in the Eighth Report of the Committee on staff pattern and its present status in ULBs presented to the Assembly on the 27th July, 2013.

GOVERNMENT BUSINESS
LAYING OF RULES

The West Bengal Homeopathic Education Service (Recruitment) Rules, 2015

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to lay the West Bengal Homeopathic Education Service (Recruitment) Rules, 2015 published in the Kolkata Gazette Extraordinary dated the 6th October, 2015 under Notification No.HF/O/AYUSH/658/3H-80/2013 (Pt.A), dated the 6th October, 2015 of Health & Family Welfare Department (Ayush Branch).

LAYING OF REPORTS AND ACCOUNTS

The 12th Annual Report and Accounts together with Audit Report thereon in respect of the New Town Electric Supply Company Limited for the year 2014-2015

Shri Manish Gupta : Sir, with your kind permission I beg to lay the 12th Annual Report and Accounts together with Audit Report thereon in respect of the New Town Electric Supply Company Limited for the year 2014-2015.

The Annual Report of the West Bengal Commission for Protection of Child Rights for the year 2014-2015

Dr. Shashi Panja : Sir, with your kind permission I beg to lay the Annual Report of the West Bengal Commission for Protection of Child Rights for the year 2014-2015.

LAYING OF NOTIFICATION

Notification made by the Department of Power and Non-Conventional Energy Sources, Government of West Bengal under The West Bengal Right to Public Services Act, 2013

Shri Manish Gupta : Sir, with your kind permission I beg to lay the Notification No. 752/PO/O/C-IV/1E-132/13, dated the 20th July, 2015, issued by the Department of Power and Non-Conventional Energy Sources, Government of West Bengal and Published in the Kolkata Gazette Extraordinary dated the 24th July, 2015 under The West Bengal Right to Public Services Act, 2013.

MENTION CASES

শ্রী শাহাজাহান চৌধুরী : (নট রেসপন্ডেড)

...(গোলমাল)...

মিঃ স্পীকার : এই তো মেনশান আমি অ্যালাউ করছি, মেনশানে বলুন না। মেনশান অ্যালাউ করছি, আপনার যদি বলার ইচ্ছা না হয় বলবেন না।

শ্রী বাসুদেব মেটে : (নট রেসপন্ডেড)

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নোয়াপাড়া দক্ষিণেশ্বর মেট্রোরেল সম্প্রসারণের জন্য কামারহাটি পৌরসভার রাজীবনগর অঞ্চলে ৩৫০টি পরিবারকে উচ্ছেদ করা হবে বলে সংবাদে প্রকাশ। তাদের পুনর্বাসনের দাবীতে রাজীবনগর উচ্ছেদ প্রতিরোধ কমিটি আন্দোলন গড়ে তুলেছে। তাদের দাবী প্রতিটি পরিবারকে এক কাঠা তিন ছটাক জমি পাট্টাসহ দিতে হবে। মাধ্যমিক উচ্চমাধ্যমিক

পরীক্ষা চলাকালীন উচ্ছেদ করা যাবে না এবং সকল অধিবাসীদের পুনর্বাসন সংক্রান্ত প্রতিটি বিষয় অগ্রিম জানাতে হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের এবং বিশেষত খাদ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাইছি। জলপাইগুড়ি শহরে এফ সি আই যে খাদ্য দপ্তর রেল পরিবহণের মাধ্যমে নিয়ে আসতেন, এফ সি আই সেই কাজ দেড় বছর ধরে বন্ধ করে দেওয়ার ফলে সেখানে ৫ হাজার কর্মী কর্মচ্যুত হয়েছে, কাজ হারিয়েছে। এবং রাজ্য সরকারের কে পি ডি এস ও ডাবলিউ এস, এমডি এম প্রভৃতি প্রকল্পগুলি রূপায়ণের ক্ষেত্রে ব্যাপক অন্তরায় সৃষ্টি হয়েছে। ইতিমধ্যে জেলাশাসক খাদ্য সচিবের দৃষ্টি আকর্ষণ করে এফ সি আই-কে তার সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য আবেদন জানিয়েছেন এবং ডাইরেক্টার ডি ডি এফ এস, এফ সি আই-এর রিজিওনাল ম্যানেজারকে অনুরোধ জানিয়েছেন তাদের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে এবং ২টি চুক্তিভিত্তিক গোডাউন এফ সি আই দায়িত্ব থেকে ছেড়ে দিয়েছে রাণীনগর এবং সুভাষনগর।

...(তুমুল গোলমাল)...

সেই গুদাম দুটিকে পুনরায় চালু করে পাঁচ হাজার কর্মীর কর্মসংস্থানের ব্যবস্থা করে খাদ্য সরবরাহ খাদ্য সুরক্ষার দায়িত্ব পালনের ক্ষেত্রে এফ সি আই যে বৈষম্যমূলক আচরণ করেছে তার বিরুদ্ধে খাদ্যমন্ত্রীকে উদ্যোগী হতে, খাদ্য দপ্তরকে সোচ্চার হতে আমি অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

[12.10 – 12.20 p.m.]

...(তুমুল গোলমাল)...

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, I would like to highlight one very important issue that has become a huge problem back in the hills. Sir, that there are over six thousand employees who are working as ad hoc employees with the appointment that was issued by DGHC which was a statutory body with some legal powers. Sir, the last government had decided to regularize the service of three thousand four hundred and seventy two of them against the existing vacancy. For whatever reasons after several rounds of talks they have not reached any kind of solution. So this is one issue. Sir, along with that there are some voluntary teachers and ad hoc teachers, five thousand and sixteen in numbers. Many of them are competent with requisite qualification. They are serving in schools tealching important subjects but right now they are in agitation and they have drawn the attention of the education Minister also. So I would like to request the government to take some decision to reach into some kind of resolution so that their issue will be resolved.

...(তুমুল গোলমাল)...

শ্রী কে পি সিং দেও : স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় ট্রান্সপোর্টমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া শহরে যে বাস স্ট্যান্ড তার অবস্থা অত্যন্ত শোচনীয়। এটা উন্নতিকরণের জন্য অবিলম্বে যাতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় বা এই ব্যাপারে নিশ্চিত করা হয় তার জন্য স্যার আমি দৃষ্টি আকর্ষণ করছি। মিউনিসিপ্যালিটির ডেভেলপমেন্টের জন্য এটা একান্ত প্রয়োজন। তার জন্য মাননীয় মন্ত্রী যাতে অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেন তার দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

...(তুমুল গোলমাল)...

শ্রী কল্লোল খাঁ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং বর্তমান পরিবহন দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন করছি, আমার বিধানসভা কেন্দ্র নাকাশিপাড়ার বেতুয়াডহরিতে একটি আধুনিকতম বাস স্ট্যান্ডের বিশেষ প্রয়োজন। তার কারণ উত্তরবঙ্গের বিভিন্ন বাস এবং জেলা থেকে আসা বাস ব্যাপকভাবে এখানে চলাচল করে। মানুষের জন্য একটি বাস স্ট্যান্ড অত্যন্ত জরুরি। যেহেতু ন্যাশনাল হাইওয়ে ফোর লেন হচ্ছে। সেই কারণে আমরা জায়গা চিহ্নিত করেছি, অবিলম্বে যাতে বাস স্ট্যান্ডটি হয়। এটা মানুষের স্বার্থে একান্ত প্রয়োজন। ধন্যবাদ।

শ্রী নগেন্দ্রনাথ রায় : (নট রেসপন্ডেড)

...(তুমুল গোলমাল)...

শ্রী উপেন কিস্কু : (নট রেসপন্ডেড)

...(তুমুল গোলমাল)...

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় সেচ ও জল সম্পদ বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি অনেক জায়গায় অনেক কাজ করছেন। এইজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের সাঁকরাইলের মানিকপুরে একটি ঘাট আছে। প্রতিদিন আমাদের সাঁকরাইলের পাঁচকোটি অঞ্চলের প্রায় ১৫-২০ হাজারের মতো মানুষ সেই ঘাট দিয়ে যাতায়াত করে। এই জেটি ঘাটটি নির্মাণ করতে পারলে এই এলাকার মানুষ শুধু নয়, এলাকার চেহারাটাই পাল্টে যাবে যেটা এই ঘাটের জন্য অনেকখানি নির্ভর করছে। এই ঘাটটি জরুরি ভিত্তিতে করার জন্য আবেদন জানাচ্ছি স্যার।

...(তুমুল গোলমাল)...

শ্রী জটু লাহিড়ী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার শিবপুর বিধানসভা কেন্দ্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পরিবহণ দপ্তর এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে এই বিষয়েও দৃষ্টি আকর্ষণ করছি যে রামরাজাতলার রেলওয়ে ক্রসিং, ঘাটপুকুর রেলওয়ে ক্রসিং ও আরুপাড়া রেলওয়ে ক্রসিং, এই তিন জায়গায় আমরা আগেও বহুবার উড়ালপুলের দাবি করে এসেছি।

...(তুমুল গোলমাল)...

কিন্তু কোনোভাবেই এই সমস্যার সমাধান হয়নি। আগে এখান দিয়ে তিনটে লাইন ছিল। সাউথ ইস্টার্ন লাইনের এটা খুব গুরুত্বপূর্ণ জায়গা, এখান দিয়ে বোম্বে মেল পাশ করছে, চেন্নাই মেল পাশ করছে এবং সারা ভারতের বিভিন্ন জায়গার ট্রেন এইখান দিয়ে পাশ করছে। অথচ এখানে কোনোরকম ক্রসিংয়ের অ্যারেঞ্জমেন্ট বা উড়ালপুল নেই। ছয় মাস আগে রেলওয়ে অথরিটি আমাদের সঙ্গে আলোচনায় বসে এবং সেখানে ঠিক হয় তারা এই তিনটে রেলওয়ে ক্রসিংয়ে আন্ডারপাস তৈরি করে দেবে। সেই আলোচনায় রেলওয়ে অফিসাররা, এম.এল.এ এবং কাউন্সিলাররা আসেন। সেখানে সিদ্ধান্ত হয় আগামী তিন মাসের মধ্যে — রামরাজাতলা রেলওয়ে ক্রসিং, ঘাটপুকুর রেলওয়ে ক্রসিং, আরুপাড়া রেলওয়ে ক্রসিং—এই তিনটে জায়গায় তারা কাজ করে দেবে। সেখানে যে আলোচনা হয়েছিল তার কিছুটা আমি এখানে পড়ে শোনাচ্ছি— "(i) Arupara— Both way underpass and both side footpath (ii) Hat Pukur— Both way underpass and both side footpath (iii) Ramrajatala— Both way underpass and both side footpath with sufficient width for 2 (two) pedestrians. All agreed that after completion of construction work of underpasses the existing Railway crossing will be closed। কথা হয়েছিল আন্ডারপাস তৈরি হয়ে গেলে রেলওয়ে ক্রসিংয়ের উপর দিয়ে লোকজন বা গাড়িঘোড়া যাবে না এবং এটা আমরা সকলেই এগ্রি করি। কিন্তু জুন মাসে যে এগ্রিমেন্ট হয়েছিল, আজকে ডিসেম্বর মাস হয়ে গেল, প্রায় ছয় মাস অতিক্রান্ত তার কোনো কাজ এখনো অবধি শুরু হয়নি। তাই আপনার মাধ্যমে পরিবহণ দপ্তরের এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে রেলওয়ে অথরিটি, অবিলম্বে এই তিনটি আন্ডারপাসের কাজ শুরু করে। যে কথা তারা দিয়েছিল জুন মাসের ২০১৫ তারিখে সেই কথা কেন তারা রাখছে না সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি। এটা না হলে আগামী দিনে পাবলিক ব্যাপক বিক্ষোভ করবে। এইভাবে জনজীবন স্তব্ধ করার কোনো অধিকার রেলওয়ে অথরিটির নেই।

ডাঃ এম. নুরুজ্জামান : অ্যাবসেন্ট।

ZERO HOUR

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী এবং সম্মানীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে ১০ নম্বর ধেমুয়া গ্রাম পঞ্চায়েত অঞ্চলে, মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি প্রোগ্রামে ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ সালে প্রায় ২৫টি প্রোজেক্ট রিপোর্ট করে ওই ব্লকের বি.ডি.ও., পি.এম. এবং এন.আর, এ.জি.এস.-এর সঙ্গে যুক্ত আধিকারিকরা ওই অঞ্চলের প্রধান, অন্যান্য আধিকারিক এবং পঞ্চায়েতের অন্যান্যদের সঙ্গে হাত মিলিয়ে বিপুল পরিমাণ অর্থ বে-আইনিভাবে খরচের একটা অবস্থা তৈরি করে দিয়েছে। কয়েকদিন আগে এটা ধরা পড়ার পরে সমস্ত বিষয়টা বি.ডি.ও.-র কাছে আনা হয়েছিল, এস.ডি.ও খড়্গপুর এবং ডি.এম. মেদিনীপুরকে বিষয়টা জানানো হয়েছিল। কিন্তু অতীব দুঃখের

বিষয়, এখনো অবধি প্রশাসন, পঞ্চায়েত বিভাগ, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ, ডি.এম. পশ্চিম মেদিনীপুর, বি.ডি.ও. সবং, এস.ডি.ও. খড়্গপুর, তারা কোনো হস্তক্ষেপ করে ব্যবস্থা নেননি। লক্ষ লক্ষ টাকা একটা অঞ্চলে যদি অসাধুভাবে হাত মিলিয়ে প্রশাসন এবং পঞ্চায়েত লুঠ করার মানসিকতা দেখায় তাহলে পশ্চিমবঙ্গে আজকে কি হচ্ছে — গ্রামাঞ্চলে মহাত্মা গান্ধী ন্যারেগাতে ১০০ দিনের কাজে হরি-লুঠ হচ্ছে। আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় মহোদয় এবং পরিষদীয়মন্ত্রী পার্থবাবু আছেন হাউসে এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলবো, অবিলম্বে হস্তক্ষেপ করে এই বেআইনী কাজ এবং বেআইনী অর্থ তছরুপের যে ব্যবস্থা শুরু করেছিল ওখানে তাদের চিহ্নিত করে ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন করছি।

...(Noise)...

[12.20 – 12.30 p.m.]

শ্রী শমীক ভট্টাচার্য্য : নট রেসপন্ডিং

...(Noise)...

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সেচ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বললাম না, তার কারণ উনি অসুস্থ। আশা করি কিছুদিনের মধ্যেই উনি সুস্থ হয়ে উঠবেন।

স্যার, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয় পরিষদীয়মন্ত্রী পার্থবাবু এখানে আছেন। তার কারণটা হচ্ছে বিগত দিনের বন্যা এবং অতি বৃষ্টির ফলে হাওড়া জেলার এবং হুগলী জেলার বিস্তীর্ণ অঞ্চলের চাষ নষ্ট হয়ে গিয়েছিল। এর মধ্যে হুগলীর আরামবাগ মহকুমার খানাকুল বা অন্যান্য এলাকা খানাকুল-১ এবং ২ এবং হাওড়ার উদয়নারায়ণপুর, আমতা-১, ২, বাগনান-১, ২ সহ বহু এলাকা, উলুবেড়িয়ার বহু এলাকায় কৃষি একদম নষ্ট হয়ে গিয়েছিল, ধান চাষ নষ্ট হয়ে গিয়েছিল। স্যার, যখন আমাদের হাওড়া জেলার চাষীরা মানসিক দিক থেকে প্রস্তুতি নিচ্ছে যে বরোর চাষ করা হবে — কিছু কিছু ক্ষতিপূরণ তারা পেয়েছিল অনেকে। তার মধ্যে অনেক ত্রুটি আছে, দুর্নীতি আছে, তা সত্ত্বেও — যখন তারা ভাবছিল যে আমরা বরো চাষ করবো ঠিক সেই সময়েই বরো চাষের জল দেওয়ার যে প্রথাগত নিয়ম, সেই প্রথাগত নিয়মে বর্ধমান, হুগলী এবং হাওড়া এই তিনটি জেলাতে জল দেওয়া হচ্ছে না। স্যার, আমি এ ব্যাপারে সেচ সচিবের সঙ্গে নিজে দেখা করেছিলাম। সেচ সচিব বলছেন, আমরা বলে দিয়েছি, আমরা এবারে জল দিতে পারবো না।

(At this stage Hon'ble Members of Left Front Party walked out of the chamber)

স্যার, আপনার মাধ্যমে রাজ্য সেচ দপ্তরের কাছে, আমার আবেদন, রাজ্য সরকারের কাছে আমার আবেদন — যে তাঁরা যখন বলছেন দিতে পারবো না, এ সম্পর্কে হাওড়া জেলার

কোনো প্রশাসনের মাধ্যমে বি.ডি.ও. অফিসে অথবা অন্য কোনো দপ্তর থেকে কোনো অ্যানাউন্সমেন্ট করা হয়নি যে বরো চাষ করবেন না। আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে আমার আবেদন যে এখনো তেনুঘাটে জল আছে, মাননীয় পার্থবাবু আপনি পরিষদীয়মন্ত্রী। আমি আপনার মাধ্যমে সেচ দপ্তরের কাছে আবেদন জানাচ্ছি যে তেনুঘাটে জল এখনো আছে। এখনো কিছু জল মাইথন, কিছু জল পাঞ্চেত ব্যারেজে আছে, সুতরাং সেই জল দিয়ে যাতে হাওড়ার চাষীরা বা হুগলী বা অন্যত্রর কথা তো বলেছি আমি। আমাদের এখানে জল এলে হুগলীর ওপর দিয়ে আসবে, স্যার, যাতে করে এই চাষ (...এই সময় মাইক অফ হয়ে যায়।...)

শ্রী শ্যামল মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া অত্যন্ত উদ্বেগের সঙ্গে আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যারা এতক্ষণ চিৎকার করতে করতে তারপর ঘর থেকে বেরিয়ে গেল, গত ৩৪ বছর ধরে তারা সংবিধানের ৩০ নম্বর অনুচ্ছেদের ১ এবং ২ ধারাকে সম্পূর্ণভাবে উপেক্ষা করেছে। সেই দুটো ধারা আপনাকে উল্লেখ করে আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্যে অনুরোধ করছি।

All minorities, whether based on religion or language, shall have the right to establish and administer educational institutions of their choice. Secondly, the State shall not, in granting aid to the educational institutions, discriminate against any educational institution on the ground that it is under the management of a minority, whether based on religion or language.

যারা ধর্ম এবং ভাষার ভিত্তিতে সংখ্যালঘুরা যে শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করা তাদের অধিকার সেটা সংবিধানের দেওয়া আছে। বিগত ৩৪ বছর ধরে সংবিধানে ৩১ নম্বর অনুচ্ছেদে দুটি ধারাকে উপেক্ষা করেছে। তাই আপনার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব, যে আমাদের স্কুল এডুকেশান ডিপার্টমেন্টের মন্ত্রীমহোদয়কে আমি জানাব, যে স্কুলগুলো — যারা ধর্মীয় এবং ভাষার ভিত্তিতে যে স্কুলগুলো পরিচালনা করছে — এই স্কুলগুলো যদি আর্থিক সাহায্য করা যায়, দেখা যায় তাহলে সর্বদিক থেকে উন্নতি হতে পারে। কারণ সংখ্যালঘুদের ক্ষেত্রে আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বহু কাজ করছেন — গত ৩৪ বছরের তুলনায় সংখ্যালঘুরা এখন একটা জায়গায় গেছে। তাই সংবিধানে ৩০ অনুচ্ছেদে এক এবং দুই ধারাকে উল্লেখ করে আমি পবিত্র হাউসে আপনার মাধ্যমে আবার আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব, যে শিক্ষা প্রতিষ্ঠানগুলো যে তারা চালাচ্ছে, এদেরকে আর্থিক সাহায্য যদি করা যায় — সেটা সহানুভূতির সঙ্গে বিবেচনা করার জন্য আমি হাউসের সামনে প্রস্তাব করছি। নমস্কার, ধন্যবাদ।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, খাগড়াগড় বিস্ফোরণকে কেন্দ্র করে সম্প্রতি এন.আই.এ-এর দেওয়া চার্জশিটে এটা বোঝা যাচ্ছে যে এই রাজ্যে বাংলাদেশের মুজাহিদিন নয়, এ রাজ্যে আই.এস.এ-এর মডেল অত্যন্ত সক্রিয়, গত এক এবং দেড় বছর

যাবৎ। রাজ্য সরকারের নিজস্ব গোয়েন্দা দপ্তর আছে, তাই আমি স্বরাষ্ট্র মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করে শুধু এই বিষয়টি তাদের কাছে পৌঁছাতে চাই যে, তারা গত দেড় বছর যাবৎ কি করছিলেন? যখন সম্পূর্ণ নাশকতা তৈরি করবার জন্য সীমান্তবর্তী চারটি জেলাকে এই ধরনের জঙ্গি কার্যকলাপ তারা ব্যাপকভাবে module-কে তারা এস্টাবলিস্ট করেছে, তাদের কার্যকলাপ বাড়িয়েছে, তারা ফান্ডিং করেছে, বিভিন্ন মৌলবাদী সংগঠন থেকে তারা টাকা তুলেছে। এ ধরনের প্রত্যেকটা ঘটনা চোখের সামনে আসছে। তখন এই স্পর্শকাতর সীমান্তবর্তী জেলায় আমাদের রাজ্য সরকারের যে গোয়েন্দা দপ্তর আছে, স্বরাষ্ট্রমন্ত্রক আছে তারা তখন কি করছিলেন? কারণ এটা কোনো রাজনৈতিক বিষয় নয়, এটা সামগ্রিকভাবে দেশের নিরাপত্তা এবং জনসাধারণের নিরাপত্তার বিষয়। প্রথমেই শোনা যাচ্ছিল তারা বাংলাদেশের জঙ্গি কার্যকলাপকে আরও ত্বরান্বিত করবার জন্য এই কার্যকলাপ চালাচ্ছেন পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায়। ...(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)... কিন্তু এখন দেখা যাচ্ছে তাদের নাশকতার মূল কেন্দ্র পশ্চিমবঙ্গও ছিল। এটা অত্যন্ত উদ্বেগের বিষয় এবং স্বরাষ্ট্রমন্ত্রককে বলব এই বিষয়ে অন্ততপক্ষে কোনোরকম রাজনৈতিক না করে জাতীয় নিরাপত্তার স্বার্থে, রাজ্যের স্বার্থে, রাজ্যের নিরাপরাধ মানুষের যাতে প্রাণ নষ্ট না হয়, তাদের স্বার্থে এবং পার্শ্ববর্তী দেশ বাংলাদেশের রাজনীতি এবং বাংলাদেশের প্রধানমন্ত্রীর নিরাপত্তা যাতে বিঘ্নিত না হয়, ভেঙে টুকরো করবার বিভাজনে রাজনীতি তারা যাতে সমাজের মধ্যে তৈরি করতে না পারে তার জন্য আমাদের এই সরকারের স্বরাষ্ট্রমন্ত্রককে আরও বেশি উদ্যোগী হতে। ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আমরা এই বিধানসভা মাত্র চারদিনের জন্য এবং এই চারদিনে তিনটে বিল এবং একদিন আমাদের একটা বিশেষ বিলের উপরে, প্রস্তাবের উপরে আলোচনা হবে। আমরা নিশ্চয় জানি যে, আমরা যখন বিধানসভায় এসেছি, তখন আমরা আমাদের এলাকার সমস্ত সমস্যার কথা বলব, রাজ্যের সমস্যার কথা বলব। এবং এই অল্পদিনের বিধানসভাকে পরিপূর্ণভাবে ব্যবহার করব। এই জন্যই বিধানসভা। তাতে মেনশন আছে, কলিং অ্যাটেনশন আছে, adjournment motion আছে, জিরো আওয়ার আছে — বিভিন্ন সময় আমরা আমাদের বক্তব্যগুলো তুলে ধরার সুযোগ আছে। আমরা সেকেন্ড ধাপে একটা প্রস্তাব আনতে চলেছি সহিষ্ণুতার জন্যে। অর্থাৎ সারা দেশে যে অসহিষ্ণুতা তার বিরুদ্ধে বাংলার যে মত, দেশের যে মত, যে কৃষ্টি, যে সংস্কৃতি সেটা তুলে ধরবার জন্য আমরা — সেকেন্ড ধাপে একটা প্রস্তাব আসছে — সেটা নিয়ে নিশ্চয় আমরা আলোচনা করব। কিন্তু গত চারদিনের মধ্যে তিনদিন বিধানসভায় আমি দেখলাম বিরোধী দল, বিরোধী দলের মধ্যে বেশির ভাগ অংশ, ক্ষুদ্র অংশ ছাড়া—তারা এত অসহিষ্ণুতা দেখাচ্ছেন — এই বিধানসভার ফ্লোরকে ব্যবহার না করে তারা যে পর্যায়ে অসহিষ্ণুতা দেখাচ্ছেন — শুধুমাত্র টি.ভি. এবং সংবাদপত্রে আসার জন্যে তারা সেকেন্ড ধাপে কোন সহিষ্ণুতার কথা বললেন আমি জানি না। এটা অবশ্যই পলিটিক্যাল অসহিষ্ণুতা। আর সেকেন্ড ধাপের আলোচনা আমাদের ধর্মীয় অসহিষ্ণুতার বিরুদ্ধে। কিন্তু সামগ্রিকভাবে যে সহিষ্ণুতা দেখানো উচিত ছিল এই বিধানসভা — চারদিনের বিধানসভায় ফ্লোরকে ইউজ করে — আমার দলের কথা, আমার

দেশের কথা, আমার রাজ্যের কথা, আমার এলাকার কথা তুলে ধরা উচিত ছিল — সেটা দেখতে পেলাম না। তারা সহিষ্ণুতার বদলে অসহিষ্ণুতা প্রকাশ করলেন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন রিসেস, আমরা আবার ১.৩০ মিনিটে মিলিত হব।

[1.30 — 1.40 p.m.]

(After Recess)

MOTION UNDER RULE 185

Mr. Speaker : Discussion on the Motion Under Rule 185 regarding the issue of intolerance.

This Motion stands in the name of Dr. Partha Chatterjee, Shri Subrata Mukherjee, Dr. Surjya Kanta Mishra, Shri Paresh Chandra Adhikari, Shri Aroop Biswas, Shrimati Chandrima Bhattacharya, Shri Sobhandeb Chattopadhyay, Shri Tapas Roy, Shri Asit Mitra, Shri Prabodh Chandra Sinha, Shri Anandamay Mandal, Shri Id Mohammad, Dr. Harka Bahadur Chhetri and Dr. Tarun Kanti Naskar.

Now I call upon Dr. Partha Chatterjee to move the motion.

ডঃ পার্থ চ্যাটার্জী : স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের সংবিধানস্বীকৃত বহুত্ববাদী গণতান্ত্রিক ব্যবস্থায় নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার — জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে প্রত্যেক নাগরিকের সমান অধিকার, মত প্রকাশ এবং ধর্মানুশীলনের স্বাধীনতা — ধাপে ধাপে রাজনৈতিক দলের একাংশের ভিন্ন মতাবলম্বী ও ধর্মাবলম্বী মানুষজনদের প্রতি ক্রমবর্ধমান উগ্র অসিহষ্ণুতা এবং সন্ত্রাসমূলক কার্যকলাপ মানুষের মধ্যে বিভাজন তৈরি করছে, যা দেশের সামাজিক সুস্থিতি এবং অর্থনৈতিক অগ্রগতির ক্ষেত্রে শুধু অন্তরায় তৈরি করবে না, জাতীয় সংহতির পক্ষেও এক বিরাট বিপদ ডেকে আনবে।

ভারতীয় কৃষ্টি ও সংস্কৃতির অন্যতম চিরায়ত বৈশিষ্ট্য — সহিষ্ণুতা এবং বিবিধের মাঝে মিলন — আজ এক কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে।

এ কথা বলার অপেক্ষা রাখে না, কেবলমাত্র ধর্মনিরপেক্ষতা, সাম্প্রদায়িক সম্প্রীতি এবং ঐক্য দেশকে শক্তিশালী করতে পারে।

এই সভা রাজনৈতিক সঙ্কীর্ণতা, বর্ণবিদ্বেষ এবং ধর্মবিদ্বেষ পরিহার করে সমস্ত শ্রেণীর মানুষের মধ্যে ঐক্য ও সম্প্রীতি গড়ে তোলার জন্য সকল পক্ষকে উদ্যোগী হওয়ার জন্য আহ্বান জানাচ্ছে, এই সভা আরও দাবী জানাচ্ছে, সরকার যেন রাজনৈতিক, সামাজিক এবং ধর্মীয় সহ সমস্ত রকম অসহিষ্ণুতাজনিত কার্যকলাপ প্রতিহত করার জন্য কঠোর ব্যবস্থা গ্রহণ করেন।

আমি এই মোশন আজকের এই মহতী সভায় রাখলাম। আমি তবে বলার সময় নিশ্চয়ই বলব, আশা করব, সভার মাননীয় সদস্যরা সবাই প্রত্যেকেই আজকের বর্তমান পরিস্থিতিতে যে অসহিষ্ণুতা লক্ষ করা যাচ্ছে, তার উপর সময়োচিত, বাস্তবোচিত ও যুক্তিগ্রহ্য মতামত পেশ করবেন।

Mr. Speaker : There is no amendment to the Motion.

শ্রী সুভাষ নস্কর : স্যার, আজকের এই মহতী সভায় ডঃ পার্থ চ্যাটার্জী-সহ সকল রাজনৈতিক দলের সদস্যবৃন্দ মিলিতভাবে 185 রুলসে যে মোশান এখানে উত্থাপন করেছেন এটা খুবই সংবেদনশীল বিষয়। এই মোশানে কয়েকটি সুনির্দিষ্ট বিষয় উল্লেখ আছে। অসহিষ্ণুতা, সন্ত্রাসমূলক কার্যকলাপ, রাজনৈতিক সঙ্কীর্ণতা, বর্ণবিদ্বেষ, ধর্ম-বিদ্বেষ, এগুলো পরিহার করা, সকল শ্রেণীর মানুষের মধ্যে সম্প্রীতি গড়ে তোলার আহ্বান—এগুলোকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি।

আমার সংক্ষিপ্ত সময় তাই দু-চারটি কথা বলেই শেষ করব। আমাদের দেশে একটা সরকার চলছে আমরা সবাই জানি এবং ঐকমত্যে আমরা এটা মনে করি সরকার তার দায়িত্ব সবচেয়ে বেশী। যে কোনো সরকারের দায়িত্বই সবচেয়ে বেশী, সেটা দেশের হোক, রাজ্যের হোক। কিন্তু সেই সরকারের প্রতিনিধিরা মনে করেন, যেমন সংখ্যাগরিষ্ঠতা পেলে একটা সরকার চলে তেমনি বোধহয় কোনো জাতি দেশে সংখ্যাগরিষ্ঠ থাকলে সেই জাতির মতামতকে প্রাধান্য দেওয়ার চেষ্টা করেন তাঁরা। একে কখনও ধর্মনিরপেক্ষতা বলে না। আমাদের দেশ হিন্দুপ্রধান দেশ। সেই হিন্দুত্বটাকে সামনে রেখে, হিন্দুরাষ্ট্র হবে এমন প্রচার প্রায় ভেতরে ভেতরে ছড়িয়ে দেওয়া হচ্ছে। এটা আমাদের দেশের ঐক্যের প্রতি সাংঘাতিক খারাপ লক্ষণ। এই হিন্দুত্বে যাঁরা বিশ্বাস করেন, শাসক পার্টির মধ্যে কিছু দল তারা মাঠে নেমেছেন।

বিশ্ব-বিখ্যাত গজল শিল্পী ওস্তাদ গোলাম আলির ভারতবর্ষের প্রোগ্রাম বাতিল করতে হল। এবং আমরা সবাই জানি পাকিস্তানের বিদেশ সচিবের লেখা বই প্রকাশের অনুষ্ঠানে সুধীন্দ্র কুলকার্নির মুখে কালি লাগানো হল। দিল্লির কেরল ভবনে, আমাদের লজ্জার, সেখানে সরকারী লোকেরা গিয়ে, খোঁজা হচ্ছে গো-মাংস রান্না হচ্ছে কিনা। এ লজ্জা ঢাকার জায়গা নেই। সুতরাং, একটা চরম খারাপ অবস্থার মধ্যে বোধহয় আমাদের এই দেশটা আগামীদিনে এগিয়ে যাচ্ছে। সকলে, সবাই, দল-মত-ধর্মনির্বিশেষে এর প্রতিবাদে মুখর হওয়া উচিত।

আমি ধন্যবাদ জানাচ্ছি এই প্রস্তাবের যাঁরা উত্থাপক। এখানে একটা রাজনৈতিক সঙ্কীর্ণতার কথা উল্লেখ করা হয়েছে। এটা খুবই সঙ্গত। সহমত এই প্রস্তাবের সঙ্গে। যে, এত অসহিষ্ণুতা কেন? তার মধ্যে রাজনৈতিক সঙ্কীর্ণতা কেন আসবে? অন্যভাবে নেবেন না, এই মহতী সভায় যে বিষয়টা খুবই স্পর্শকাতর তার মধ্যে বলতে বাধ্য হচ্ছি, না হলে অসম্পূর্ণ থেকে যাবে, রাজনৈতিক সঙ্কীর্ণতা, সরকার পক্ষ, বিরোধী পক্ষ — শুধু এই দুটো পক্ষের মধ্যে হবে কি? আমরা যে সবাই এখানে সরকারে, আমরা সবাই রাজ্যের বা দেশের, রাষ্ট্রের,এইটা কেন মানা হবে না? এই সভাতেও আমরা সেই রাজনৈতিক সঙ্কীর্ণতা দেখছি। আমাদের সম্মানীয়া, শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী তিনি আমাদের প্রশ্নের, বিরোধীদের প্রশ্নের উত্তর দেওয়ার জন্য নির্দিষ্ট দিনের হাজির থাকবেন না। এটাকে কী বলবেন? এটা কি রাজনৈতিক সঙ্কীর্ণতা নয়? কেন তিনি ভয় পাচ্ছেন? কেন এই সৌজন্য নেই? কেন এই অসহিষ্ণুতা? ...(হইচই)... জেলায় জেলায় তিনি সরকারী প্রোগ্রামে যাবেন, আপনারা ডাক পাচ্ছেন, আমরা গুটি কতক সদস্য কী অপরাধে অপরাধী

একটাও চিঠি পাব না? অথচ, আপনারা জনপ্রতিনিধি, আমরাও জনপ্রতিনিধি। এই রাজনৈতিক সঙ্কীর্ণতা কেন থাকবে রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর মধ্যে? কেন তাঁর ছবি কার্টুনে আঁকা হলে কার্টুনিস্ট-কে জেলখানায় যেতে হবে? কেন মাননীয়া মুখ্যমন্ত্রীকে কেউ প্রশ্ন করলে তাকে মাওবাদী আখ্যা দিতে হবে? এই কথাগুলো কি আমরা বলতে পারি না? কেন যদি চিটফান্ডের বিষয় নিয়ে কেউ মুখ খুলে থাকেন তাহলে তাঁকে রাজনৈতিক দল থেকে অপসারণ করে দেওয়া হবে? এত অসৌজন্য কেন? কোথাও আবার অতিসহিষ্ণুতা। কোথাও কোথাও প্রকাশ্য রাজপথে দাঁড়িয়ে গো-মাংস খেয়ে দেখাচ্ছি আমরা কত অতিসহিষ্ণু। এটাকেও মানা যায় না। কী দরকার এগুলোর? আমরা মনে জানি, দেশকে ভালোবাসি, জাতিকে ভালোবাসি, মানুষকে ভালোবাসি, সমস্ত সম্প্রদায়ের মানুষকে আমরা ভালোবাসি। আবার কোথাও দেখি আমরা নামাজি নই তবু নামাজির ফেট্টি বেঁধে নামাজিদের সঙ্গে নামাজ পড়ে যেন আরো অতিসহিষ্ণুতা দেখিয়ে যাচ্ছি।

সুতরাং, এই মহতী সভায় যে প্রস্তাব এসেছে আমি তাকে সাধুবাদ জানাচ্ছি, সমর্থন করছি।

...(এই সময় বক্তার মাইক বন্ধ হয়ে যায়।)...

[1.40 – 1.50 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মোশন আন্ডাররুল 185 যে প্রস্তাব এই বিধানসভায় এসেছে এটা অত্যন্ত সময়োপযোগী, গুরুত্বপূর্ণ এবং ভারতবর্ষের মানুষের জীবনের যে মূল মর্মবাণী সেটাই এই প্রস্তাবের মধ্য দিয়ে ফুটে উঠেছে। এই প্রস্তাবটি সর্বদলীয় হতে পারত। আপনার ঘরে যখন সভা হয়েছে তখন বিভিন্ন রাজনৈতিক দলের যারা নেতা আছেন তারা এই সর্বদলীয় সভায় মত দিয়েছেন। আজকে যে বক্তব্য এখানে লেখা আছে এই বক্তব্যে বিজেপির সদস্য সই করেননি। কোথায় অসুবিধা? এই বক্তব্যের মধ্যে এমন কোনো কথা বলা নেই যে ধর্মীয় অসহিষ্ণুতা তার বিরুদ্ধে ভারতবর্ষের মানুষ যুগযুগান্ত ধরে — যখন মোঘল সাম্রাজ্যের রাজত্ব ছিল তখন, যখন হিন্দু রাজত্ব ছিল তখন, এটা হচ্ছে যুগযুগান্তের বাণী ভারতবর্ষের। তার কৃষ্টি, তার সংস্কৃতির সঙ্গে মিলে আছে। আমরা আশা করেছিলাম আজকের এই প্রস্তাবে বিজেপির মাননীয় সদস্য সই করবেন এবং পশ্চিমবাংলার দীর্ঘদিনের যে ঐতিহ্য সেই ঐতিহ্যকে তিনি রক্ষা করতে চেষ্টা করবেন বাংলার একজন মানুষ হিসাবে, বাঙালি হিসাবে এবং এই পবিত্র সদনের একজন সদস্য হিসাবে। স্যার, এটা ঠিকই যে সাম্প্রতিককালে দিল্লিতে নতুন সরকার আসার পর আমরা এই অসহিষ্ণুতার প্রভাবটা, প্রবণতাটা যেন বাড়ছে বলে লক্ষ করছি। অসহিষ্ণুতা এবং সহিষ্ণুতা একটা মানুষের চরিত্রের দুটো দিক। যেমন দেবত্ব এবং পশুত্ব মানুষের জীবনের দুটো দিক তেমনি অসহিষ্ণুতা এবং সহিষ্ণুতা মানুষের জীবনের দুটো দিক। এটা তার চরিত্রের মধ্যেই থাকে। আমাদের কাজ হল এই অসহিষ্ণুতা থেকে উত্তরণ হওয়া সহিষ্ণুতা, পশুত্ব থেকে উত্তরণ হওয়া দেবত্বে — এই উত্তরণটাই হচ্ছে মানুষের কাজ। আমরা ক্রমাগত এগিয়ে যাচ্ছি। শিক্ষা, প্রগতি হচ্ছে, বিজ্ঞানের প্রগতি হচ্ছে। কিন্তু আমাদের অন্তরের যদি প্রগতি না হয় — ভারতবর্ষ সূর্যের এক দেশ। আমরা চলেছি সেই সূর্যের দেশে। মানে হল এই যে, আমরা অন্ধকার থেকে আলোয় যেতে চাই। আমরা অন্ধকার ফিরে যেতে চাই না। কোথাও যেন মনে হচ্ছে ভারতবর্ষে এই মুহূর্তে আমরা কোথাও বুঝি অন্ধকারে ফিরে যাওয়ার

রাস্তা খুঁজে বার করার চেষ্টা করছি ধর্মীয় অন্ধত্বের মধ্য দিয়ে। কিছুক্ষণ আগেই আমাদের সুভাষবাবু বলেছেন — সুধীন্দ্র কুলকার্নির কথা বলেছেন এবং কেরালা ভবনের কথা বলেছেন। আমরা জানি কানাড়ি রাইটার কালবার্গিকে হত্যা করা হয়েছে। আমরা জানি দাদরিতে যেখানে একটি বাড়িতে গোমাংস আছে এই অজুহাত দিয়ে সেই বাড়িতে গিয়ে খুন করে দেওয়া হয়েছে। সিপিআইয়ের রাইটার গোবিন্দ পদ পানেসার তিনি একটা বই লিখেছিলেন বোধহয় 'শিবাজী কোন হোতা'। এটা তার মত তিনি প্রকাশ করেছিলেন। তাকেও গুলি করে হত্যা করে দেওয়া হয়েছে। এই যে প্রবণতা সারা ভারতবর্ষ জুড়ে মানুষের মধ্যে এবং এটা দ্রুত ছড়িয়ে যায়। অন্যায় কাজ কার প্রবণতা মানুষের মধ্যে স্বাভাবিকভাবে আছে এবং এটা দ্রুত ছড়িয়ে যায়। এই যে একটা ধর্মীয় উন্মাদনা সৃষ্টি করা এবং এর সঙ্গে সঙ্গে একটা স্লোগান বেরিয়ে গেল সারা দেশে—ঘর ওয়াপসি। মানে ঘরে ফিরে আসা। ধর্মান্তরিতকরণ অর্থাৎ আজকের ভারতবর্ষে ২০১৫ সালে দাঁড়িয়ে আজকে যদি আমরা ধর্মান্তকরণের কথা ভাবি তাহলে এটা ভারতবর্ষের মানুষের প্রতি বিশ্বাসঘাতকতা করা হবে বলে আমি মনে করি। স্যার, আমি আপনাকে বলতে চাই— না ইসলাম ধর্মে, না হিন্দুধর্মে কোনো জায়গায় ধর্মের প্রতি বিদ্বেষের কথা নেই। স্যার, কোরানে আছে। কোরানে আছে "লাকুম দি নাকুম"। এই কথার অর্থ হল তোমার ধর্ম তোমার কাছে এবং আমার ধর্ম আমার কাছে। অর্থাৎ ঠিক যে কথা শ্রীরামকৃষ্ণ বলেছিলেন। শ্রীরামকৃষ্ণ নিজে মাথায় ফেজ পরেছিলেন, লুঙ্গী পরেছিলেন এবং তিনি রোজা রেখেছিলেন। তারপরে তিনি খ্রিস্টান ধর্ম পালন করেছিলেন। তিনি বিভিন্ন ধর্ম পালন করার পর তিনি অবশেষে বলেছিলেন, "যত মত, তত পথ"। এর মধ্যেই আছে ভারতবর্ষের জীবনের মূল কথা, ভারতবর্ষের ধর্মের মূল কথা। ভারতবর্ষের সমাজের মূল কথা এর মধ্যে লুকিয়ে আছে। তার জন্য তিনি মুসলমান হয়ে যাননি, তার জন্য তিনি খ্রিস্টান হয়ে যাননি। তিনি কিন্তু হিন্দু সাধকই ছিলেন। যার কথা তিনি বলেই গিয়েছিলেন, "যত মত, তত পথ"। স্যার, স্বামী বিবেকানন্দ বলেছিলেন, যে কথা একটু আগে আমি বলছিলাম — প্রত্যেক মানুষের অন্তরে দেবত্ব আছে এবং পশুত্ব আছে। আমি স্যার, আর একটা কথা উল্লেখ করতে চাই এখানে যারা ধর্মান্ধতার কথা বলছেন, তাদের কাছে বলতে চাই আমি — হজরত মহম্মদের কথা বলছি আমি। হজরত মহম্মদ সেই সময় যারা সূর্যের উপাসক ছিলেন তাদের সম্পর্কে বলেছিলেন, "আমি যে অনুজ্ঞাপত্র রেখে যাচ্ছি কেউ যেন তাকে অমান্য না করে, তার খেলাপ কোনো কাজ যেন না করে। এই অনুজ্ঞাপত্রের দ্বারা সলমনের ধর্মাবলম্বীদের (যারা অগ্নির পূজা করতেন) তাদের বংশধরদের ধর্ম বিষয়ে সর্বপ্রকার স্বাধীনতা আমি দান করলাম। তারা ইসলাম ধর্ম গ্রহণ করুক কিংবা স্বধর্মে থাকুক সব অবস্থাতেই মুসলমানেরা তাদের রক্ষণাবেক্ষণ করবেন।" এটার মধ্যে দিয়ে দুটো কথা বেরিয়ে আসছে স্যার। একটা হল, তিনি যেমন দৃঢ়তার সঙ্গে কথা বলতে পেরেছিলেন ঠিক তেমনি আমাদের ধর্মে স্বামী বিবেকানন্দ বলেছিলেন, "প্রত্যেক মানুষের মধ্যে যে দেবত্ব আছে তার পূর্ণ বিকাশের নামই হল ধর্ম।" স্বামীজি দুর্গাপুজো করেছেন বেলুড় মঠে কিন্তু তার মনের মধ্যে যেটা ছিল ধর্ম বলতে আমার যে কথা প্রচার করছি ঠিক সেটা ধর্ম নয়। ধর্ম হল প্রত্যেকটি মানুষের অন্তরে যে দেবত্ব আছে, পশুত্বও আছে। আমি যখন কাউকে মারি, যখন কাউকে খুন

করি, যখন ধর্মান্ধতার সুযোগ নিয়ে তাদের উপর আক্রমণ করি সেটা আমার পশুত্ব। আর আমি যখন সব ধর্মের মানুষকে গ্রহণ করতে পারি, সব ধর্মের মানুষের প্রতি আমার উদারতা থাকে, সহিষ্ণুতা থাকে তখন কিন্তু আমি একজন সত্যিকারের ধার্মিক মানুষ। ধার্মিক মানে এই নয় যে আমি কী জামা কাপড় পরলাম। আমি কি মাথায় টুপি পরলাম — এটা ধর্ম নয়। ধর্ম হল প্রত্যেক মানুষের মধ্যে যে দেবত্ব আছে তার পূর্ণ বিকাশের নাম হল ধর্ম। স্যার, আমি আর একটা কথা বলবো, আমরা হিন্দুরা যে তর্পণ করি সেই তর্পণের মধ্যে একটা অদ্ভুত জিনিস বলা আছে। আমি একটু পড়ে শুনিয়ে দিই আপনাকে। "আঃ ব্রহ্মঃ ভুবনলোকাঃ, দেবর্ষী পিতৃ মানবাঃ, তৃপ্তন্তু পিতারঃ স্বর্বে মাতৃ মাতঃ মহোদয়া। অতীত পুল কোটিনাং সপ্তদ্বীপ নিবাসীনাং, ময়া গত্বেন ত্বয়েন, তৃপ্তন্তু ত্রি ভবনঃত্বয়ো।" অর্থাৎ কথাটা হচ্ছে এই আমি যেমন আমি আমার বাবা-মাকে জল দিলাম ঠিক তেমনি সারা পৃথিবীতে যত মানুষ আছে যাদের সন্তান নেই তাদেরকেও আমি জল দিলাম। তিনি হিন্দু হতে পারেন, তিনি মুসলমান হতে পারেন, তিনি খ্রিস্টান, শিখ, ইশাই হতে পারেন কিন্তু আমি সারা পৃথিবীর সব মানুষকে যাদের সন্তান নেই অথচ মারা গেছেন, জল দেবার কেউ নেই আমি তাদের জল দিলাম। যে ধর্মের মধ্যে এত ব্যাপক উদারতা আছে সেই ধর্মকে কলুষিত করার জন্য এক শ্রেণীর মানুষ চেষ্টা করে যাচ্ছে। স্যার, আমি মনে করি ভারতবর্ষকে এতদিন পরে পেছন দিকে টেনে নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছে। আজকে RSS-এর নাম করে, বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের নাম করে মানুষের উপরে যে আক্রমণ নেমে আসছে আমি আশা করবো যিনি সরকারের প্রধান হবেন, যিনি রাষ্ট্রের প্রধান হবেন তার দায়িত্ব শুধুমাত্র সংখ্যাগুরু মানুষকে রক্ষা করা নয়, তার দায়িত্ব হল দেশের সমস্ত মানুষকে রক্ষা করা। আমার যতদূর মনে পড়ছে পণ্ডিত জওহরলাল নেহরু বলেছিলেন, "যখন সংখ্যাগুরু মানুষ অনুভব করবে যে সংখ্যালঘু মানুষকে নিরাপত্তা দিতে হবে সেটাই হবে সত্যিকারের ধর্মনিরপেক্ষতা। সেই কথাই আজকে আমি বলতে চাইছি আপনার কাছে। স্যার, আমাদের দেশের কবি রবীন্দ্রনাথ ঠাকুর এক জায়গায় বলছেন, "জিগিষা নয়, জিঘাংসা নয়, প্রভুত্ব নয়, প্রবণতা নয়, বর্ণের সঙ্গে বর্ণের, ধর্মের সঙ্গে ধর্মের, সমাজের সঙ্গে সমাজের, স্বদেশের সাথে বিদেশের ভেদ, বিভেদ, বিচ্ছেদ নয়। ছোট, বড়, আত্মজ সকলের মধ্যে উদারভাবে প্রবেশের যে সাধনা সেই সাধনা দিয়ে আমরা আনন্দের সঙ্গে বরণ করবো।

[1.50 — 2.00 p.m.]

তাঁর ভারততীর্থ কবিতা, আমরা সবাই জানি সেই কবিতার কথা। আমি আর উল্লেখ করছি না। আমি স্বামীজির একটা চিঠির কথা উল্লেখ করব। তিনি ১৮৯৭ খ্রিস্টাব্দে ৯ই জুলাই আলমিয়া থেকে শিকাগোর মিস মেরি হিলকে লিখেছিলেন নিখিল আত্মার সমাধিরূপে যে ভগবান বিদ্যমান, একমাত্র যে ভগবানে আমি বিশ্বাসী, সেই ভগবানের পূজার জন্য যেন আমি বারবার জন্মগ্রহণ করি এবং সহস্র যন্ত্রণা ভোগ করি। আর সর্বোপরি আমার উপাস্য পাপী নারায়ণ, তাপী নারায়ণ, সর্বজাতির দরিদ্র নারায়ণ, এরাই আমার আরাধ্য, যা তার বিখ্যাত বাণী "বহুরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর, জীবে প্রেম করে যেইজন সেইজন সেবিছে ঈশ্বর"। স্যার কাজী নজরুলের সেই বিখ্যাত কবিতা "জাতের নামে বজ্জাতি সব জাত জালিয়াত খেলছ

জুয়া। ছুঁলেই কি তোর জাত যাবে, জাত ছেলের হাতের নয়কো মোয়া।" আমি শেষ করব কবি নজরুলেরই একটা কবিতা বলে যে আমাদের দেশের মূল কথা তিনি বলে গেছেন, সেটা হল এই "হিন্দু না ওরা মুসলিম ঐ জিজ্ঞাসে কোন জন, কাণ্ডারী বল ডুবিছে মানুষ সন্তান মোর মার"। এরা সবাই এই দেশের মায়ের সন্তান। তাই তার মধ্যে কোনো বিভেদ আনা যায় না। কাউকে আবার ধর্ম দিয়ে ফিরিয়ে দেওয়া যায় না। এই দেশেই মহামতি আকবর— আমাদের দেশের হিন্দু মেয়েরা বিধবা হলে তাদের সহমরণে যেতে হত, তার বিরুদ্ধে আইন প্রণয়ন করে গিয়েছিলেন। আমাদের দেশের শেরশাহ আইন প্রণয়ন করে বলেছিলেন হিন্দু এবং মুসলিমরা দেশের কাছ থেকে সমান সুযোগ-সুবিধা পাবে। সেই দেশে নতুন করে যেন এই যন্ত্রণা ফিরে না আসে। এই কামনা করে এই প্রস্তাবকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই পবিত্র সদনে যে প্রস্তাব আনা হয়েছে, একটু আগে পার্থবাবু বলছিলেন যে একটি পার্টির একজন সদস্য সেটাই করেন। সেটাই তো স্বাভাবিক। আজকে বর্তমানে ভারতবর্ষে যে রাজনৈতিক পরিস্থিতি চলেছে, সেই পরিস্থিতির মধ্যে আজকের এই প্রস্তাব নিশ্চয় সময়োপযোগী এবং প্রাসঙ্গিক। কিন্তু যারা তৈরি করেছে, এই অবস্থা সৃষ্টি করছে কারা? এর জন্য অনেক পিছনে যেতে হবে। আজকে আমাদের অধিকার দিয়েছে সংবিধান। সেই সংবিধানের মধ্যে আমি একটু পড়ে দিচ্ছি। সেই সংবিধানকে ভাঙার চক্রান্ত হচ্ছে। We, the people of India, having solemnly resolved to constitute India into a Sovereign Democratic Republic and to secure to all its citizens পরবর্তী স্টেজে এখানে secular ঢোকানো হয়েছে। Justice, social economic and political, liberty of thought, expression, belief, faith and worship equality of status and of opportunity and to promote among them all, fraternity assuring the dignity of the individual and the unity and integrity of the Nation. In our constituent assembly— very important. This 26th day of November, 1949, do hereby adopt, enact and give it to ourselves this Constitution. গিভ ইট টু আওয়ার সেলভ, আমাদেরকে দেওয়া হল স্যার, নেশানকে, লোককে। কিন্তু আমরা কী দেখছি। আজকে যে রাজনৈতিক দল ক্ষমতায় আছে, আমরা যদি তার অতীত ইতিহাসটা একটু দেখি, তাহলে আমরা দেখব যে যেদিন থেকে আর.এস.এস তৈরি হয়েছে, আর.এস.এস কেন তৈরি হয়েছিল? আমরা জানি যে ভারতবর্ষের বিভিন্ন সময় বিভিন্ন মানুষ এসে ভারত দখল করেছে, শাসন করেছে, অনেক কিছু নষ্ট করেছে। কিন্তু ব্রিটিশ সাম্রাজ্যবাদ তারা এখানে এসে শোষণ করেছে এবং সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ তারা রোপণ করে গেছে। ১৯২০ সালে প্রথম খিলাফৎ আন্দোলন শক্তিশালী হচ্ছে এবং মহাত্মা গান্ধী তাকে সমর্থন করছেন। সেই সময় ব্রিটিশ ভাবল যে হিন্দু, মুসলমান যদি ইউনিটি থাকে তাহলে আমাদের পক্ষে দেশ শাসন করা সম্ভব হবে না। তাই তারা RSS তৈরি করল ১৯২৫ সালে। সামনে নিয়ে এলেন কাকে? গোলওয়ারারকে। আর ডাঃ কেশব হেডওয়ার তাকে নিয়ে প্রতিষ্ঠা করলেন RSS সেই ১৯২৫ সালে। তার আগে উনি কংগ্রেসের লোক ছিলেন। ১৯২০ সালে নাগপুরে যে কংগ্রেসের অধিবেশন হয়েছিল তার

অভ্যর্থনা সমিতির তিনি সক্রিয় সদস্য ছিলেন। কিন্তু যখন হিন্দু-মুসলমান ইউনিটি দেখা গেল গান্ধীজির নেতৃত্বে, আর খিলাফত আন্দোলন তখন ব্রিটিশ আর একটা খেলা খেলল, RSS তৈরি করল। তাদের যে নীতি গোলওয়ারারের — আমি উদ্ধৃত করছি তাহলেই বোঝা যাবে আজকে আদিত্য রাজ যা বলছেন, শান্তি মহারাজ যেটা বলছেন যদি ভারতবর্ষের মধ্যে থাকতে হয় তাহলে মুসলিমদের বিশেষ করে তাদের সেকেন্ড ক্লাস নাগরিক হতে হবে। এমনকি তাদের ভোটাধিকার পর্যন্ত দেওয়া হবে না। এটা তো সেই গোলওয়ারারের কথা। From the standpoint sanctioned by the experience, the non-Hindu people in Hindustan must either adopt the Hindu culture and language, must learn to respect and revere Hindu religion, must entertain no idea but the glorification of the Hindu Nation and they must only give up their attitude of intolerance and ingratitude towards this land and its age-long traditions but must also cultivate the positive attitude of love and devotion instead, they may stay in the country wholly subordinated to the Hindu nation claiming nothing, deserving no privileges, far less any preferential treatment, not even citizen-s rights. সুতরাং এখন বিজেপি এই কথা তো বলবে। স্যার ভারতবর্ষের সংস্কৃতি কৃষ্টি চিরকাল সমস্ত ধর্মের মিলন নিয়ে যেটা একটু আগে শোভনদেববাবু বলছিলেন। যদি হিন্দুধর্মে বিবেকানন্দকে ধরি হিন্দু মংক — পশুত্ব, মনুষ্যত্ব আর দেবত্ব। বিবেকানন্দ বললেন আমি চাই পশুত্ব থেকে অন্তত যদি দেবত্ব না দিতে পারা যায়, মনুষত্ব যাতে বিকাশ হয় সেটা হবে মানুষের সবচেয়ে বড় চাহিদা। তিনি বললেন সেই শিকাগোতে We the Hindus, not only tolerate all the religions, but we accept all religion to be true — এটাই তো হিন্দু কালচার। ইসলামের কথা তিনি বললেন — কোরান শরিফে বলা হচ্ছে মহম্মদকে শ্রদ্ধার্ঘ্য করে বলা হচ্ছে — খবরদার তোমার কাজ হচ্ছে তোমার বাণী প্রচার করা। কারো প্রতি জোরজবরদস্তি করার তোমার কোনো ক্ষমতা নেই। তোমার ধর্ম তুমি করো, আমার ধর্ম আমি করি। লাকুম দিনাকুম ওয়ালি দিন — এই তো হচ্ছে সব ধর্মের সারমর্ম। আজকে আমরা কী দেখতে পাচ্ছি? এই যে হিন্দুত্ববাদ, হিন্দুত্ববাদ আজকে প্রচার হচ্ছে — আমরা কী দেখলাম? জাতির জনক যখন মহাত্মা গান্ধী তিনি বললেন — হিন্দু, মুসলমান সব সমান সমান। ভারতবর্ষ দ্বিখণ্ডিত হয়ে পাকিস্তান সৃষ্টি হল অনেকে বললেন এখানকার মুসলমানদের সব চলে যেতে হবে। গান্ধীজী বললেন না, এখানে যত মুসলমান আছে সকলকে সমান অধিকার দিতে হবে। সহ্য হল না। তাই নাথুরাম গডসে গান্ধীজীকে হত্যা করলেন। জাতির জনক হত্যা হল। আজকে তারাই বলছে, চিন্তা করতে পারেন? নাথুরাম গডসের নামে মন্দির হবে। নাথুরাম গডসের নামে মূর্তি প্রতিষ্ঠিত হবে, এই যে তাদের চিন্তাধারা। সেই দেশে আজকে কী অবস্থা সৃষ্টি হবে আর তারাই হচ্ছে রুলিং পার্টি। আজকে এটা ভাবা যাবে না আমরা কিভাবে চলছি। আজকে সব কোথায় তারা, যাদের কথা বলছিলেন, যখন ১৯৯২ সালে বাবরি মসজিদ ধ্বংস হয়েছিল।

[2.00 – 2.10 p.m.]

বাবরি ইতিহাস সে এক অন্য ইতিহাস—ভাবনাকে নিয়ে। একটা চিন্তাধারা থেকে সেখানে মন্দির ভেঙে মসজিদ হয়েছিল। আজকে তা নিয়ে যে একটা সমস্যা হল—বাবরি মসজিদ ধ্বংস হয়নি, ধ্বংস হয়েছিল গণতন্ত্র, ভারতবর্ষের ঐতিহ্য, ভারতবর্ষের সংস্কৃতি, গোটা বিশ্বের মানুষের কাছে ভারতের মাথা ধূলিসাৎ হয়েছিল। আজকে তাই বিভিন্ন ঘটনা ঘটছে। সুভাষবাবু বলছিলেন এর মোকাবিলা আমরা কিভাবে করব? এটা আমরা ভাবতে পারব না যে ভারতবর্ষে ১০০ বছর আগে যখন প্রথম স্বাধীনতা—বিদেশে স্বাধীন সরকার গঠিত হয়েছিল—আফগানিস্তানে, তখন কারা ছিলেন? একজন হিন্দু ছিলেন রাষ্ট্রপতি—রাজা মহেন্দ্রপ্রতাপ, আর প্রধানমন্ত্রী ছিলেন বরকতউল্লা—মুসলমান। আজকে এটা ভাবতে হবে না? আজকে সেই জায়গায় যখন ১৮৫৭ সালে মহাবিদ্রোহ, সেই বাহাদুর শাহ জাফর সাহায্য করলেন—কারা সাহায্য করেছিলেন? ঝাঁসীর রানী লক্ষ্মীবাঈ থেকে আরম্ভ করে টিপু সুলতান—সবাই তাকে সাহায্য করেছিলেন। তারপর পরাজিত হয়ে রেঙ্গুনে নির্বাসিত হয়েছিলেন। সেখানে বাহাদুর শাহের সামনে তার দুটো ছেলের মাথা কেটে সেখানে দেওয়া হয়েছিল। আর সেই বাহাদুর শাহ—তিনি দুঃখ করে বলেছিলেন 'কিতনা বদনসিব হ্যায় জাফর দফন কে লিয়ে, দো গজ জমি ভি না মিলি কোহে এয়ার মে'। তাদের কথা আজকে স্মরণ করব না? আজকে যখন নেতাজী সুভাষ চন্দ্র বোস যখন ওখানে স্বাধীন সরকার করেছিলেন, সাবমেরিনে কে ছিলেন? আবিদ আলি—মুসলমান। যখন এরোপ্লেনে হারিয়ে যান—কে ছিলেন? শাহনাওয়াজ। আজকে আমাদের ছেলেদের—আমাদের প্রজন্মকে আমরা শেখাচ্ছি না— যে, আজকে সিপাহী বিদ্রোহ, ফারাজি আন্দোলন, ওয়াহাবি আন্দোলন কে করেছিল? আজকে বিভিন্ন সময়ে মুসলমানরা মিলে কিভাবে একটা সংস্কৃতি তৈরি হয়েছিল? আজকে স্যার যেমন পণ্ডিত রবিশঙ্কর, ওস্তাদ গোলাম আলি খানকে ছাড়া আমরা চিন্তা করতে পারি? ভারত যখন স্বাধীন হয় তখন আমরা দেখি আসমাতুল্লা তিনি শহীদ হয়েছিলেন, শহীদ ভগৎ সিংও হয়েছিলেন। সুতরাং এই জিনিসগুলোকে আজকে আমাদের প্রজন্মের কাছে নিয়ে যেতে হবে। ভারতবর্ষের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু কী বলেছিলেন? তখন এই সেকুলার কথাটা স্পেসিফিকভাবে আসেনি, As Prime Minister of India I shall not tolerate communal state. আর একটা চিঠিতে তিনি বললেন যে communalism majority is dangerous আজকে ভারতবর্ষের ৮২ কোটি মানুষ হিন্দু—৮২%, তাদেরকে একটা polarise করবার চেষ্টা চলছে। আমরা ৫০% মুসলিম, ৩% আদার মাইনরিটিস। সেই ৮২% মানুষ polarised হয় সেখানে তাহলে আর কারও কিছু বক্তব্য থাকবে না, গণতন্ত্রও থাকবে না। শুধু একটা কথা বলতে চাই, কেন্দ্রেই হোক আর রাজ্যেই হোক রাজনৈতিক সহিষ্ণুতা যদি থাকে তাহলে পরে আমাদের রাজ্যজুড়ে, আমাদের দেশজুড়ে আমাদের সভ্যতা, সংস্কৃতি বাঁচিয়ে আমরা ঠিকপথে আমাদের ভারতবর্ষের যে ঐতিহ্য সেটা বাঁচাতে পারব। আমাদের সংবিধান অনুসারে আমরা কাজ করব। এই কটি কথা বলে আমি এই মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ একটি রাজনৈতিক দল বাদ দিয়ে যে

সর্বদলীয় প্রস্তাব আজকে পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী রেখেছেন ১৮৫-এ, আমি তাকে পূর্ণ সমর্থন করে দু-চারটি কথা এখানে রাখছি। আমি এর আগে কয়েকজন বক্তার বক্তব্য শুনলাম—বিশেষ করে শোভনদেব চট্টোপাধ্যায় এবং সোহরাবদা-র কথা শুনলাম। যেটা ভারতবর্ষে ঘটছে—কেন আমাদের আজকে এই প্রস্তাব আনতে হল? এই প্রস্তাব আনতে হল শুধু আমির খানের উদ্বেগের প্রশ্নে, শুধুমাত্র ৫০তম জন্মদিনে কী বললেন শাহরুখ খান—তার জন্য? কালবুর্গিকে হত্যা করা থেকে শুরু করে, কেরলের ভবনে ঢোকা থেকে শুরু করে, মুম্বাইতে নবরাত্রিতে দশদিন কোনো মাংস বিক্রি হবে না থেকে শুরু করে এবং ভারতবর্ষের বুকে পরপর যে কতগুলো ঘটনা, গিরীশ কারনাড-এর ঘটনা থেকে শুরু করে, দাদরির ঘটনা থেকে শুরু করে, ছত্তিশগড়ে ৫০টা গ্রামে একটা বিশেষ সম্প্রদায়ের মানুষকে ঢুকতে দেওয়া হবে না। গোরক্ষপুরের মেম্বার অফ পার্লামেন্ট যোগী আদিত্যনাথ যে কথা বলছেন, কী ভয়ঙ্কর ঘটনা। যদি ভারতবর্ষের বোন অফ ফেব্রিকের প্রশ্ন ওঠে — সংবিধানের প্রিয়েম্বেল তুলে ধরলেন সোহরাব সাহেব। তার কথা যদি বলি তাহলে আমাদের অহঙ্কার কোনটা? আমাদের দম্ভ কি ২৩৫ আর ২৮২-এর? তা নয়। আমাদের অহঙ্কার আমাদের সংবিধান। আমাদের অহঙ্কার আমরা ৮২-৮৩ শতাংশ হিন্দু সম্প্রদায়ের মানুষ হলেও আমাদের অহঙ্কার সেটা নয়, আমাদের অহঙ্কার হল ভারতবর্ষে ২.২ শতাংশ তাদের সম্প্রদায়ের মানুষ থাকা সত্ত্বেও জৈল সিংহ রাষ্ট্রপতি হয় এবং মনমোহন সিংহ ১০ বছর প্রধানমন্ত্রী থাকে। ভারতবর্ষে ১৩ শতাংশ হওয়া সত্ত্বেও কেন ভাবছে আপনারা সোহরাব সাহেব, ভারতবর্ষে ১৩ শতাংশ, এটা কোনো নতুন ঘটনা নয় বহুত্ববাদের ভারতবর্ষ, ধর্মের, বর্ণের, ভাষা-ভাষী প্রদেশের মানুষের বস্ত্র, খাওয়া-দাওয়া থাকা সত্ত্বেও এই ভারতবর্ষের ফেব্রিককে ধ্বংস করার জন্যে, নষ্ট করার জন্য, আঘাত করার জন্য—এটা কোনো নতুন প্রয়াস বা প্রচেষ্টা নয়, ভারতবর্ষে এই আঘাতের চেষ্টা বার বার করা হয়েছে। আর বার বার ভারতবর্ষের মানুষ 'নানা ভাষা নানা মত নানা পরিধান, বিভেদের মাঝে দেখ মিলন মহান'। মহামিলনের গান তারা গেয়েছে ফ্রাস্টেড করে দিয়ে। এবারও ফ্রাস্টেড করবে। বার বার ফ্রাস্টেড করেছে, ফ্রাস্টেড করবে। আমার মনে পড়ে যাচ্ছে একটা সাইরি "মন্দির, মসজিদ, গিরজা, গুরুদায়ারনে বাঁট দিয়ে ভগবান কো, ধরতি বাঁটি, সাগর বাঁটা, মত বাঁটো ইনসানকো।" ইনসানকো বাঁটনেকা কোসিস মত করো। আজকে কোন জায়গায় আমরা এসে দাঁড়িয়েছি? তবে আমি একটা কথা বলব যে, আমিরের একটা বক্তব্যের সঙ্গে আমার উদ্বেগ তাঁর স্ত্রী কিরণ রায়ের কথায়। কিন্তু আমি বলব আমির তুমি ফিল্মি হিরো থেকে বেরিয়ে এসো রিয়েল হিরোতে। তার কারণ হল তোমাকে মনে রাখতে হবে তুমি কার উত্তরসুরী। তুমি আবুল কালাম আজাদের উত্তরসুরী। দেশ ছাড়বে মানে! এ দেশ তোমারও, এ দেশ আমারও, এ দেশ আমাদের সকলের। তার কারণ আমরা জাকির হোসেনকে রাষ্ট্রপতি করি। আমরা ফকরুদ্দিন আলি আহমদেকে রাষ্ট্রপতি করি, আমরা এ.পি.জি. আব্দুল কালামকে রাষ্ট্রপতি শুধু করি না, তারপরে তার শিক্ষা, তার উক্তি, তার বক্তব্য সেগুলো নিয়ে আজও আমরা নাড়াচাড়া করি। তাই বলতে হবে আমিরকে, কী বলতে হবে? জুলুম যিতনাভি চাহে মজিদ হো যায়ে, বাচ্চা বাচ্চা শহীদ হোযায়ে, হাম ভারতকে রেহেনে বালে থে, হাম হ্যায়, অর হাম রহেঙ্গে। ভারতবর্ষের ১২৫ কোটি মানুষ তোমার পরিবারের সঙ্গে থাকবে, তোমার সঙ্গে

থাকবে। কে থাকল, কে থাকল না বড় কথা নয়, আজকে এটা দুর্ভাগ্য যে ভারতবর্ষে এই সমস্ত ঘটনা ঘটছে। তাতে ভারতবর্ষের উন্নয়ন ব্যাহত হবে, অর্থনীতি ব্যাহত হবে। এ কথা এরা ভাবছে না যে ভারতের বংশোদ্ভূত ১.৬৫ কোটি মানুষ যারা ভারতবর্ষের বাইরে থাকে তাদেরকে আমরা কোথায় গিয়ে ফেলছি। তারা তো যে সে নয়। তার মধ্যে রয়েছে অনিরুদ্ধ জগন্নাথ, সে শাসন করে, শাসনকর্তা। তার মধ্যে রয়েছে ছেদি জগন, তার মধ্যে রয়েছে বিশেশ্বর কমলাপ্রসাদ, তার মধ্যে রয়েছে হরিশ চৌধুরী। এরা সমস্ত দেশের শাসনকর্তা, শাসন কর্ত্রী, আমাদের ভারতীয় বংশোদ্ভূত এবং আমার মনে হয় এই তথাকথিত হিন্দুদের থেকে তারা বড় হিন্দু। তারা সেখানে মন্দিরে যায়, তারা পুজো দেয়। তারা বিভিন্ন পুজোর আয়োজন করে। আজকে তাদেরও কিন্তু আমরা বিপন্ন করছি। আর এই সময় আমাদের ভারতবর্ষের প্রধানমন্ত্রী মৌনতা অবলম্বন করছে। তাঁর মন কি বাতেতে তার রিফ্লেকশান নেই। তার মন কি বাতেতে রিফ্লেকশান নেই মানে কি এগুলো তাঁর মনের কথা নয়। মৌনতা অবলম্বন করছেন আর যেটা ঘটে যাচ্ছে সেটাই কি তাঁর মনের কথা? এটা আমাদের ভাবতে হবে, এটা আমাদের স্মরণ করতে হবে। তাই রবীন্দ্রনাথ আমাদের যে চিরন্তন ভারতবর্ষ, সেই চিরন্তন ভারতবর্ষের ধারাকে ব্যাখ্যা করে তিনি বলেছিলেন, "একের অনলে বহুরে আহুতি দিয়া, বিভেদ ভুলিয়া জাগিয়া উঠিল একটি বিরাট হিয়া।"

[2.10 – 2.20 p.m.]

আজকে বর্তমান যারা হিন্দুত্ববাদী, তারা এর ধার-পাশ দিয়ে হাঁটে না, তারা এর থেকে অনেক ক্রোশ দূরে। আমিও হিন্দুর ছেলে, আমিও পূজা-অর্চনা করি, আমিও গায়ত্রী জপ করি, তার মানে কি আমি সেটা রাজনীতিতে আনব? আমার দেশের মানুষকে অন্য ধর্মাবলম্বী বলে আমি কি তাদের পোশাক-আশাক, খাওয়া-দাওয়া, বেশভূষা ঠিক করে দেব? এটা কি কখনও হতে পারে? এটা কি কখনও হয়েছে ভারতবর্ষের বুকে? যদি তাই হত তাহলে গান্ধিজীর খিলাফৎ আন্দোলনে গান্ধিজী মহম্মদ আলি, সৌকত আলিকে রাখতেন না। আজকে তাই রবীন্দ্রনাথের বঙ্গভঙ্গ আন্দোলনে তাঁর সঙ্গে কুরবাহ হোসেন, হাসিমুদ্দিন আহমেদ থাকতেন না। আজকে এটা ভারতবর্ষের চিরন্তন, শাশ্বত সত্য। আজকে যে ঘটনাগুলো ঘটছে, সেটা ভারতবর্ষের কৃষ্টি, সংস্কৃতি, শিক্ষা এবং ভারতবর্ষের যে ৫ হাজার বছরের সভ্যতা, সেই সভ্যতা বিরোধী। এই ভারতবর্ষের ৫ হাজার বছরের সভ্যতা সহিষ্ণুতা, সহনশীলতার কথা বলে। সেই সভ্যতা মানুষকে ভালোবাসার কথা, প্রেমের কথা বলে। আমাদের ধর্ম সেই কথাই বলে। আমাদের Colonial history and communal history are very much close to each other. আজকে দেখুন সেই সময়কার এক কলোনি, যে কথাগুলো বলে গেছেন, যে কাজগুলো করে গেছেন, যে ইতিহাস তারা লিখে গেছেন চিরকুটেতে, আজকে সেইগুলোই প্রতিফলিত হচ্ছে। তাই আজকে কলোনিয়াল ঘটনা ছিল, রাজত্ব ছিল ২০০ বছরের। আজকে কি ভয়ঙ্কর কথা, আজকে শাসক দলের প্রধান বলছে, সমগ্র বিহারবাসীকে পাকিস্তানি বানিয়ে দিচ্ছে। এ ভাবা যায়? আজকে গেরুয়াবসনধারীরা — আমি জানতাম সাধু-সন্তরা বা সাধ্বীরা অশান্তির কথা বলে না বা কম কথা বলে বা বললে শান্তির কথাই বলে। আজকে সাধু-সন্তরা বা সাধ্বীরা

কী বলছে? তারা মানুষকে প্ররোচনা যোগাচ্ছে, উস্কানিমূলক কথাবার্তা বলছে। শাহরুখকে বলছে পাকিস্তানি চর—সাধ্বী প্রাচী। আজকে স্যার এটা খুব দুর্ভাগ্যের বিষয় এবং দুঃখের বিষয় যে, সমগ্র বিহারবাসীকে শাসক দলের প্রধান, তিনি বলে দিলেন, এখান থেকে যদি এই জোট নির্বাচিত হয় বা জেতে তাহলে পাকিস্তানে বাজি পুড়বে। কী ভয়ঙ্কর কথাবার্তা! সাংঘাতিক কথাবার্তা! এ ভাবা যায় না। আজকে তাই নেতাজীর সঙ্গে শাহনওয়াজ খান, হবিবুর রহমানকে দেখতাম আমরা। আজকে এই নিয়ে আমাদের মধ্যে কখনও আলোচনা হতে পারে এই পবিত্র সদনে এবং প্রাচীন সদনে, এটা ভাবা যায় না। আজকে আমাদের প্রস্তাব আনতে হচ্ছে এবং আলোচনা করতে হচ্ছে। আজকে পাঞ্জাব, সিন্ধু, গুজরাট, মারাঠা, দ্রাবিড়, উৎকল বঙ্গের ভারতবর্ষে আমাদের প্রধানমন্ত্রী বিবেকানন্দের মূর্তি উদ্বোধন করেন, ভালো কথা। কিন্তু বিবকানন্দ যা বলে গেছেন তার সম্বন্ধে তিনি পড়াশোনা করেননি বা করলেও সেটাকে গ্রহণ করছেন না। চিকাগো ধর্মসভায় তিনি বলেছিলেন I represent an ancient land where many caravan came from different parts of the globe. India is not only a nation but an assimilation of nation. ভারতবর্ষ চতুর্দিকের বহু জাতির সমন্বয়ে একটা মহাজাতি। সেই মহাজাতিকে ধ্বংস করে আমরা কোথায় যাচ্ছি? এটা আমাদের ভাবতে হবে। স্বাধীনোত্তর কালে মহাত্মা গান্ধীকে হত্যা করা হল, তার আগে তার পরে পার্টিশান। আমরা জানি সেই বীভৎস নারকীয় ঘটনা। স্যার, আমরা জানি, আমরা যদি ডমিনিক লা-পিয়েরের 'ফ্রিডম অ্যাট মিডনাইট' যদি পড়ে থাকি, আমরা যদি পড়ে থাকি খুশবন্ত সিং এর 'ট্রেইন টু পাকিস্তান', আমরা যদি পড়ে থেকে থাকি স্যার কুলদীপ নায়ারের 'বিয়ন্ড দা লাইন'। আমরা জানি স্যার, সেই সময় ইউসুফ খান দিলীপ কুমার পদবী নিল। তার ব্যাখ্যা অনেকে অনেক কিছুই করতে পারেন। মীনা কুমারীকে তার নাম ও পদবী চেঞ্জ করতে হয়েছিল। রাজকুমারকে তার নাম, পদবী চেঞ্জ করতে হয়েছিল। তালাত মামুদকে তপন কুমারের গান গাইতে হয়েছিল। আজকে ভারতবর্ষে সেই ঘরানা নেই। আজকে শাহরুখ খানকে সেটা করতে হয় না। আজকে আমির খানকে সেই কথা ভাবনা-চিন্তা করতে হয় না। আজকে এই জায়গায় উত্তরণের পথ করে দিয়েছে ভারতবর্ষে স্বাধীনতার পরে সমস্ত জাত-পাত, ধর্ম এবং রাজনীতির মানুষেরা, আদর্শ নীতির মানুষেরা। আজকে সেখান থেকে স্যার এই উলট পুরাণ, আবার ভারতবর্ষকে কোথায় নিয়ে গিয়ে এরা দাঁড় করাবার চেষ্টা করছে, একটা ভয়ঙ্কর পরিস্থিতির দিকে ঠেলে নিয়ে যাবার চেষ্টা করছে। আজকে সেখানেই, আমাদের এই ফ্যাব্রিকে আমাদের কথা হল, যে কোনো মূল্যেই স্যার, এই প্রশ্নে, ভারতীয় হবার সুবাদে, আমরা যে ধর্মেরই মানুষ হই না কেন, আজকে ভারতবর্ষের মানুষ, আজকে তারা যে বিভাজনের রাজনীতি করছে, আজকে যে মানুষকে ধর্মের নামে, জাতির নামে মানুষকে ভাগ করার চেষ্টা করছে, সেখানে আমাদের চেষ্টা করতে হবে, আমরা সকলে মিলে রাজনীতির ঊর্ধ্বে উঠে জাত-পাত-ধর্ম-বর্ণনির্বিশেষে আমরা ভারতবর্ষের নাগরিক হিসাবে, ভারতবর্ষের মানুষ হিসাবে, আমরা একে রোধ করার চেষ্টা করব।
...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।...

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সহ আরও কতিপয় সদস্যের দ্বারা আজকে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে আমি সেই প্রস্তাবকে

আন্তরিকভাবে সমর্থন করছি। এখানে কিছু বক্তব্য উত্থাপিত হয়েছে। মূলত যে বক্তব্য সেটা হচ্ছে ভারতীয় কৃষ্টি এবং সংস্কৃতির ঐতিহ্য সম্পর্কে। মাননীয় সদস্য শোভনদেববাবু, তাপসবাবু কিংবা আমাদের সোহরাব সাহেব সাহেব এঁরা যে কথাগুলো বলেছেন যে আমাদের কৃষ্টি, সংস্কৃতি কী চাইছে। দার্শনিক বিষয়টা কী এবং তার থেকে বেরিয়ে এসেছে যে ভারতীয় সভ্যতার মূল বৈশিষ্ট্য হচ্ছে আমরা একটা সমন্বয়বাদী সংস্কৃতি বা সভ্যতার অধিকারী বা সেইটা স্থাপন করেছে। এটা ঘটনা। যুগের পরিবর্তনের সাথে সাথে আপনারা দেখবেন বিভিন্ন সম্প্রদায়ের সাধারণ মানুষ পরস্পরের সাথে মিশে যাচ্ছে। আজকে যখন আমাদের দুর্গাপুজো হচ্ছে অনেক জায়গায় দেখবেন যে দুর্গাপুজো কেবলমাত্র হিন্দুদের পুজো নয়, হিন্দু-মুসলমান মিলিতভাবে কমিটি তৈরি করে তারা পুজো করছে। রাস উৎসব—হিন্দু-মুসলমান মিলিতভাবে কমিটি তৈরি করে তারা পুজো করছে। আবার ইসলামের—মুসলমান ধর্মের যে মহরম বড় উৎসব সেই মহরম ইত্যাদির ক্ষেত্রেও হিন্দুরা মুসলমানদের সাথে একত্রে, সংযুক্ত হয়ে উৎসব অনুষ্ঠান আয়োজন করছে। এর থেকে কি বুঝা যায় যে সাধারণ মানুষ কিন্তু এই ভেদাভেদটা পছন্দ করছে না। তা সত্ত্বেও ভেদাভেদ আসছে কোথায়? কোথা থেকে আসছে ভেদাভেদ। আত্মসমীক্ষা করে যদি আমরা পর্যালোচনা করে দেখি, আমাদের দেশের রাজনীতিটাই এই ভেদাভেদটাকে তৈরি করার ক্ষেত্রে অনুঘটকের ভূমিকা পালন করছে। আমরা ক্ষমতায় টিকে থাকার জন্য ভোট ব্যাঙ্ক পলিটিকস করছি। আমরা ক্ষমতায় টিকে থাকার জন্য ভোট ব্যাঙ্ক পলিটিকস করছি। আমরা ক্ষমতায় টিকে থাকার জন্য জাতপাতের রাজনীতি করে আমাদের সমর্থন তৈরি করছি। আমরা ক্ষমতায় টিকে থাকার জন্য মানুষকে নানাভাবে বিভ্রান্তি করছি। সোহরাব সাহেব বাবরি মসজিদ ধ্বংসের কথা বলেছেন। সঠিক কথা। আচ্ছা চিন্তা করে দেখুন তো বাবরি মসজিদ ধ্বংস করার জন্য যারা নেতৃত্ব দিয়েছিলেন তারা কি দেশের সাধারণ নাগরিক না অশিক্ষিত মানুষ, না প্রতিষ্ঠিত উচ্চ শিক্ষিত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ইত্যাদি রাজনৈতিক নেতৃবৃন্দ? তাহলে দোষটা কোথায়। এই অবস্থা থেকে বেরিয়ে আসতে হবে। সংশোধনটা কোথায় করতে হবে। আমি মনে করি সংশোধনটা করার প্রথম এবং প্রধান ক্ষেত্র হচ্ছে রাজনীতি। আমাদের সংবিধানের কথা উল্লিখিত হয়েছে। সংবিধানের কথা সংবিধানেই আছে, যখন সংবিধান রচিত হয়েছিল তখন ডঃ আম্বেদকর বলেছিলেন যে এই সংবিধান ভবিষ্যতে যদি কাঙ্ক্ষিত ফল না দেয় তার জন্য সংবিধান দায়ী হবে না। দায়ী হচ্ছে কারা, না যারা সংবিধানকে পরিচালনা করছে। তারাই দায়ী হবে। সুতরাং, আজকে সংবিধানের ইকোয়ালিটি, জাস্টিস, লিবারটি ইত্যাদি সম্পর্কে যত ভালো কথা লেখা রয়েছে, দোষটা কিন্তু আসছে রাজনীতি বলতে গেলে, আমরা যারা রাজনীতি করি, দোষটা কিন্তু আমাদের দিকে এসে পড়ছে। আমাদেরই আগে আত্মসমীক্ষা করতে হবে। আত্মবিশ্লেষণ করতে হবে। নিজেদের সংশোধন করতে হবে। মনটাকে উদার করতে হবে যে জনগণের যে অবাধ অধিকার রয়েছে, ন্যায্য অধিকার রয়েছে, সেই ন্যায্য অধিকারকে প্রয়োগ করার সুযোগ করে দিতে হবে। ক্ষমতায় টিকে থাকার জন্য যদি ভোট ব্যাঙ্ক পলিটিকস করা হয়। পেশিশক্তি, অর্থশক্তিকে যদি ব্যবহার করা হয়, তাহলে যে জিনিসগুলো চলছে এই জিনিসগুলোকে একদম স্তিমিত করা যাবে না। প্রতিহত করা যাবে না। সুতরাং, আমি যে কথাটা বলতে চাইছি, কৃষ্টিসংস্কৃতি সবই আমরা বুঝি। কিন্তু দায়িত্ব তো নিতে হবে আমাদের।

[2.20 – 2.30 p.m.]

উই আর দ্য লিডারস অফ দ্য সোসাইটি। রাজনীতি করছি, ক্ষমতায় এসেছি, মন্ত্রী হয়েছি, এম এল এ হয়েছি, এম পি হয়েছি। তাহলে দায়িত্ব কার ঘাড়ে বর্তাচ্ছে! দায়িত্বটা কিন্তু আমাদের ঘাড়ে বর্তাচ্ছে। আমরা কি মানসিক দিক থেকে সেইভাবে নিজেদের তৈরি করছি? কেবল বক্তৃতা দিয়ে কাজ সেইভাবে সম্ভব হবে না। সুতরাং আত্মশুদ্ধির প্রয়োজন রয়েছে। আত্মসমীক্ষার প্রয়োজন রয়েছে। এবং সেই কাজটা করে আমাদের দেশের সমস্ত শ্রেণীর ধর্মাবলম্বীর জাতপাতের মানুষের মধ্যে সমন্বয়সাধন করে যাতে ভারতবর্ষ একটা ঐক্যবদ্ধ রাষ্ট্রে রূপান্তরিত হতে পারে, পরিণত হতে পারে, সাম্প্রদায়িকঐক্য বজায় থাকতে পারে তার জন্য আমরা সকলে উদ্যোগ গ্রহণ করব এই প্রতিশ্রুতি আমাদের নিজেদের গ্রহণ করতে হবে। এই প্রতিশ্রুতি আমাদের নিজেদের দিতে হবে। শুধু বক্তৃতা করলে চলবে না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সংবিধানের ১৮৫ নাম্বার ধারা অনুযায়ী আজ এই মহতী সভায় যে মোশান আনা হয়েছে আমি সেই মোশানের উপর বলতে উঠেছি। ইতিমধ্যেই আমাদের প্রবোধবাবু বক্তব্য রাখলেন এবং অন্যান্য বন্ধুরা যারা এখানে বক্তব্য রাখলেন, সেখানে যে বিষয়গুলির উপর তারা আলোকপাত করেছেন আমি একই বিষয়ের উপরে আলোকপাত না করে আমি অন্য কয়েকটি বিষয়ের উপরে আলোচনা করব। স্যার, আজ এই কথা অকপটেই বলতে হয় যে বহু আলোচিত এবং চর্চিত বিষয়ই হল সারা দেশে সহিষ্ণুতা এবং অসহিষ্ণুতার বিষয়। সারা বিশ্ব জুড়ে মানবসম্পদ উন্নয়ন এবং আর্থিক উন্নয়নের রূপরেখা নিয়ে অর্থনীতিবিদ, শিল্প পরিচালক রাষ্ট্রপ্রধান এবং সামাজিক আন্দোলনের কর্মীরা একের পর এক আলোচনা এবং গবেষণা চালাচ্ছেন। ঠিক সেই মুহূর্তে আমরা দাঁড়িয়ে রাজনৈতিক এবং ধর্মীয় সামাজিক অসহিষ্ণুতা যেভাবে মাথাচাড়া দিচ্ছে তাতে আমাদের দেশের ও রাজ্যের প্রগতির পক্ষে অন্যতম বাধা বলে মনে করি। ইতিমধ্যেই যে কথা অনেকেই বলেছেন। স্যার, বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের দেশ এই ভারতবর্ষ। বহু তত্ত্ববাদ, বহুশ্বর সহিষ্ণুতাই হচ্ছে আমাদের প্রধান ধর্ম। ধর্মনিরপেক্ষতা আমাদের গর্ব। কিছুক্ষণ আগে কবির ভাষায় যা বলেছেন আমিও সেই একই কথা বলব যে নানা ভাষা নানা মত নানা পরিধান, বিবিধের মাঝে দেখ মিলন মহান। বিগত কিছুদিন আগে অসহিষ্ণুতার বিরুদ্ধে লড়াই করতে গিয়ে খুন হলেন দাভালকার, পানসারি ও কালবুর্গির মতো ব্যক্তিত্বরা। উন্নয়নের ঢাক পিটিয়ে ভোটে জয় নাও আসতে পারে। সেইজন্য উত্তরপ্রদেশের দাদরিতে গো-মাংস মজুতের অভিযোগে খুন হলেন মহঃ ইকরার। বহু তত্ত্ববাদী গণতন্ত্রকে জলাঞ্জলি দিয়ে ভিন্ন মত ভিন্ন রুচি ভিন্ন ধর্মে আক্রান্ত হতে থাকল। সরকার সেখানে নীরব দর্শক। এর প্রতিবাদে একের পর এক পুরস্কার ফিরিয়ে দিলেন বিশিষ্টজনেরা। গর্জে উঠল নাগরিক সমাজ ও রাজনৈতিক সংগঠনগুলি। এতে মুখ পুড়ল বিদেশের কাছে ভারতবর্ষের। এই ধর্মীয় অসহিষ্ণুতা সার্বিকভাবে বর্জন করে দেশের সংহতি ও ঐক্যবদ্ধতা ও উন্নয়নই রাস্তা। এটাই হওয়া উচিত ও এটাই আমাদের পাথেয়। স্যার, যে প্রস্তাব নিয়ে আসা হয়েছে এই বিষয়ে বলতে গেলে যে আমাদের সহিষ্ণুতা এবং বিভেদের মাঝে মিলন

আজ এক কঠিন চ্যালেঞ্জের মুখে সম্মুখীন হয়েছে। আমাদের গোটা দেশের সঙ্গে রাজ্যে পালা বদলের পর যেভাবে রাজনৈতিক অসহিষ্ণুতা মাথা চাড়া দিয়ে উঠেছে, গুণ্ডাদের এবং প্রশাসনের মদতে ক্ষমতায় থাকা যায়, কিন্তু প্রকৃতপক্ষে মানুষের উন্নয়ন করা যায় না। শাসকের বিরুদ্ধ মতের মধ্যে অসহিষ্ণুতা দেখে। তা দমনের জন্য অসহিষ্ণু আচরণ করে। প্রকৃতপক্ষে অসহিষ্ণুতাই ক্ষমতার সমর্থক হয়। কার্টুন কাণ্ডে অম্বিকেশ মহাপাত্র, জঙ্গলমহলে সারের দর বৃদ্ধি নিয়ে প্রশ্নকারী শিলাদিত্য। কামদুনির টুম্পা ও মৌসুমি, মধ্যমগ্রামের নির্যাতিতার পরিবার, পার্কস্ট্রিটের সুজেট জর্ডন, ধূপগুড়ির হিমানি বর্মণ, কাকদ্বীপের নির্যাতিতার পরিবার এক জ্বলন্ত উদাহরণ। রাজনৈতিক বিরোধীসহ সাংবাদিক—এই তো সহিষ্ণুতা। পুলিশের ওপর নিগ্রহের পরপর ঘটনাগুলি যদি সাজানো যায়, তাহলে সরকারের সৌজন্য, সহিষ্ণুতা শব্দটি বিপরীত অর্থে, বিপরীত শব্দে পরিণত হয়। তাই অসহিষ্ণুতা নয়, স্বেচ্ছাচারী, স্বৈরাচারী মনোভাব নয়, গণতন্ত্রের পথেই রাজ্য ও দেশের শান্তি, সংহতি সম্ভব এবং এই কথা আমি এই মহতী সভায় বলছি, স্বাধীনতার আগে নেতাজী সুভাষচন্দ্রের আজাদ হিন্দ বাহিনীতে আমরা দেখেছিলাম সমস্ত ধর্মের মানুষের — সেখানে কি হিন্দু ...(নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয় ভারতবর্ষ বহুত্ববাদের দেশ। সর্বেন সুখেন সন্তু সর্বসন্তু নিরাময়া, একম্ সদবিপ্রা বহুদাবন্তি সত্যয়াকিব অবিনশ্বরম — আমরা তাকে বিভিন্ন রূপে দেখি মাত্র। আজকে সারা দেশের রাজনীতিকরা আমার মনে হচ্ছে অসহিষ্ণুতার জ্বরে আক্রান্ত হয়েছে — intolerance-ism। আমরা যে এখানে বসে আছি, স্যার আমরা কেউই শিক্ষাবিদ হিসেবে এখানে নেই। কেউই আমাদের থেকে ধর্মের প্রবচন শুনতে চান না। সল্লালহে এল্লাহি আসল্লম হজরত মহম্মদ কী বলেছেন? কিংবা স্বামী বিবেকানন্দের কী বিবৃতি? ঋষি অরবিন্দ, শ্রীরামকৃষ্ণের বহুত্ববাদ। এর চর্চা মানুষ আমাদের থেকে শুনতে চান না। আমরা রাজনীতি করি ছোট ছোট কথা, ছোট ছোট ব্যথা, মানুষের খিদে নিয়ে। আর সেখানেই স্বামী বিবেকানন্দ প্রাসঙ্গিক, যিনি বলেছিলেন, অন্ন, অন্ন—যে ভাগবান ইহলোকে অন্ন দিতে পারেন না, তিনি যে পরলোকে সর্বসুখ দেবেন, একথা আমি বিশ্বাস করি না। Constituent Assembly-তে পণ্ডিত নেহরু বক্তৃতা করেছেন, "The state is not religious, not irreligious, but it will be free from all religious dogmas and doctrines" আমার দৈনন্দিন জীবন-ধারণ, আমার সরকার পরিচালনা কোনো ধর্মীয় বিশ্বাসের দ্বারা কোনো অবস্থায় প্রভাবিত হবে না। কিন্তু ভারতবর্ষ ইনটলারেন্ট একথা আমরা বলতে পারি। আমার মনে হচ্ছে স্যার, ইউফোবিয়াটা এইরকম, মনে করুন স্যার, সেই শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার মতন, মনে করুন পা রয়েছে স্থির, জুতো হাঁটছে। মনে করুন ট্রেন ফেলে স্টেশন ছুটে চলেছে। মনে করুন নিভন্ত ডুমের পাশে তারার আলো। আর সেই শিশুর শবদেহ পাল্কিতে, কাঁধে চেপে লাশ চলে নিমতলার পরপার। আর সেই বৃদ্ধদের আড়াআড়ি বাসরহরি নাচ — সে বড় সুখের সময় নয়, সে বড় আনন্দের দিন নয়। বিচ্ছিন্ন ঘটনায় যারা খুন করে, সেই ঘটনা। সেই ঘটনাতে প্রশাসনকে দায়ী করতে হবে। ভারতবর্ষের দু-একটি

বিচ্ছিন্ন ঘটনা দেখে গোটা ভারতবর্ষ ইনটলারেন্ট যারা প্রচার করছেন, যারা কষ্টার্জিত পুরস্কার ফেরাচ্ছেন, আমি তাঁদের অতীত রাজনৈতিক ইতিহাস সম্পর্কে বলতে চাই না। কিন্তু আজকে যাঁরা এই সদনে দাঁড়িয়ে আর.এস.এস.-এর বিরুদ্ধাচরণ করছেন, আমি তাঁদের শুধু স্মরণ করিয়ে দিচ্ছি যে, আমরা যেন ভুলে না যাই '৪৬-এর সেই কথা। Minority has right of self-determination. We want the right of self-determination আত্মনিয়ন্ত্রণের অধিকার চাই, আর তাই ভারত ভাগ মানতে হবে, তবেই ভারত স্বাধীন হবে। স্যার, আমরা যেন ভুলে না যাই মহাত্মা গান্ধীর সেই ঐতিহাসিক উক্তি। আমরা যে হিন্দুকে রিলিজিয়ন বলছি, সুপ্রিম কোর্ট বলছে, হিন্দু ইজ্ নট এ রিলিজিয়ান। ইট্স্ দ্য ওয়ে অফ লাইফ। এই বহুত্ববাদ আমাদের দেশের। যেখানে গান্ধীজী বলেছেন, "India is secular because Hindus are the tolerant" তাহলে গান্ধীর বিরুদ্ধাচরণ করুন।

[2.30 – 2.40 p.m.]

স্যার, তাপস রায় বলছিলেন freedom at midnight. India wins freedom। প্রতি ছত্রে ছত্রে সমালোচনা কাদের করেছে? আমি আমার দাদাকে অনুরোধ করবো আর একবার 'between the lines'. পড়বার জন্য। শোভনদা বক্তৃতা করছিলেন, অসামান্য আবেগপূর্বক বক্তৃতা, তিনি মহামতি আকবরের প্রসঙ্গ নিলেন, আকবর জিজিয়া কর প্রত্যাহার করে নিয়েছিলেন, ইতিহাসের তিন লাইন আমরা পড়েছি, আকবর ১২ বছর পরে আবার জিজিয়া কর ইমপোজ করেছিলেন ভারতবর্ষের মাটিতে। স্যার, গুরু তেগবাহাদুর, কোন্ কারণে দিল্লিতে তার শিরোচ্ছেদ করবার আগে বলেছিলেন, "হামনে শির দিয়া মগর সার নেহি দিয়া"। এই দেশ ভারতবর্ষ। স্যার, minority communalism কিংবা majority communalisam নয়, প্রত্যেকের কথা বলার অধিকার দিতে হবে, প্রত্যেককে মত প্রকাশের অধিকার দিতে হবে। যারা কোনো জায়গায় বিচ্ছিন্ন ঘটনা ঘটিয়েছেন — আজকে যখন খাগড়াগড়ে বিস্ফোরণকে কেন্দ্র করে NIA-এ রাজ্যে তদন্তে এসেছিল তখন যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় হস্তক্ষেপের কথা বলা হয়েছিল। আর আজ যদি মুলায়ম সিং-এর রাজত্বে কেউ খুন হন, আজকে যদি কর্নাটকে কেউ খুন হন, সেক্ষেত্রে প্রধানমন্ত্রী কী করবেন? প্রধানমন্ত্রীর সমালোচনা করবার হাউস এটা নয়, তার জন্য পার্লামেন্ট আছে, প্রত্যেকের সেখানে নির্দিষ্ট জনপ্রতিনিধিত্ব আছে। Tolerance-intolerance, আমরা তো রাজনীতি করি, আমাদের তো ধর্মীয় টলারেন্স নেই। আমরা কোথায় ইনটলারেন্ট? আজকে ইফতার পার্টিত যোগ দেবার জন্য এত বড় ইনটলারেন্স, যে একজন ওদিক থেকে এদিকে চলে এলেন, আবার এদিকে একজন এসেও আবার ওদিকে চলে গেলেন। তুমি কেন চলে গেলে কেউ জানে না। স্যার, এটা কি সহিষ্ণুতা? স্যার, রাজনীতিতে মত পরিবর্তন করবার অধিকার আছে, দল পরিবর্তন করবার অধিকার আছে। স্যার, যদি কেউ দল পরিবর্তন করেন, তাহলে তাঁরা সবখানে সম্মানিত হয়ে বসে থাকতে পারেন। স্যার, কী অপরাধ ছিল শেখ রহিমের ওই নান্নুরগ্রামে যে লাল ঝান্ডা তুলে অন্য দলের পতাকা তুলে নেওয়ার সঙ্গে সঙ্গেই তাকে যীশু খ্রীষ্টের কায়দায় লাইট পোস্টে বেঁধে খুন করা হল। কী কারণে

তসলিমা নাসরিনের বইকে কেন্দ্র করে আজকে কলকাতা শহরে সেনা নামাতে হল, দাঙ্গা করা হল, আর যে দাঙ্গার নেতৃত্ব দিলেন That person has been elevated to the highest House of the biggest democracy., রাজ্যসভার সদস্য, এটা intolerance নয়? একটা বইকে কেন্দ্র করে এর আগের মুখ্যমন্ত্রী তিনি কমিটি তৈরি করে তার ১৫ পাতা উড়িয়ে দিলেন। এটা intolerance নয়? স্যার, ধর্মনিরপেক্ষতার অর্থ কী? সেকুলারিজমের অর্থ শুধু হিন্দু banishing? সেকুলারিজমের অর্থ হচ্ছে শুধু সংখ্যাগুরুর উপরে বিদ্রূপ করা? তাদের দেবদেবীকে নিয়ে হাস্যাস্পদ বক্তৃতা করা? এটা ধর্মনিরপেক্ষতা নয়। আর একটি কথা বলে শেষ করবো স্যার, আমার পরেই আমার আর এক দাদা ফিরহাদ হাকিম এর পরেই জ্বালাময়ী বক্তৃতা করবেন, ১২ মিনিটের বক্তৃতা। স্যার, আমরা এখানে দাঁড়িয়ে এই আলোচনা করতে পারছি কারণ এটা ভারতবর্ষ, এটা ভারতবর্ষের বাইরে অন্য কোনো দেশ হলে এর আলোচনা সম্ভব ছিল না, Bolshevik revolution-এর ৭০ বছর পরেও Glasnost, Perestroika-র যুগে সোভিয়েত রাশিয়া ভেঙে টুকরো হল, অধিকাংশ রাষ্ট্র যেখানে জন্মেছে সেখানে কোথাও secularism নেই। সেগুলো প্রত্যেকটা Islamic state হয়েছে। এই অর্থ যেন আমরা ভুলে না যাই। তিনি হাউসে নেই, যাদের পণ্ডিত জওহরলাল নেহরু ডেকে নিয়ে গিয়েছিলেন, পণ্ডিত জওহরলাল নেহরু যাদের ২৬শে জানুয়ারীর জাতীয় প্যারেডে অংশ নিতে বলেছিলেন Chinese aggression পরে। আজকে তাদের ধর্মান্ধ বলে যেখানে দাঁড় করানো হচ্ছে, যদি উপযুক্ত সময় পেতাম এর উত্তর দিতে পারতাম, কিন্তু দুর্ভাগ্য। তবে আবার বলছি এই দেশ বহুত্ববাদের দেশ, land of pluralism, এখানকার মানুষ মনে করে না, পৃথিবীর মানুষ মনে করে না এখানে অসহিষ্ণুতা আছে। শেষ কথা বলে শেষ করছি, দেশ স্বাধীনতার পরে একজনের একটা কবিতা স্মরণ করিয়ে দিচ্ছি "না শাহিল পে আটকা না কসমল্ পে ঠ্যায়ড়া, দিয়া ত্যাহেড় যিসনে সাতো সমুন্দর ও ডুবে দহন্ মে উস্ গঙ্গামে আকর্"। স্যার, সবাইকে ওই মা গঙ্গা গ্রাস করে নেবে, এই দেশ বহুত্ববাদের দেশ।

মিঃ স্পীকার : এই হাউস অত্যন্ত টলারেন্ট, আপনাকে অনেকক্ষণ সময় দেওয়া হয়েছে।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমরা অত্যন্ত ভাগ্যবান যে আমরা বাংলায় জন্মেছি, তার মানে ছোটবেলা থেকে আমাদের কানের কাছে এটা শিখে শিখে বড় হয়েছি নজরুলের কবিতায়— "হিন্দু না, ওরা মুসলিম, ওই জিজ্ঞাসে কোন জন, কাণ্ডারী বলো ডুবিছে মানুষ সন্তান মোর মার"। এই মন্ত্র নিয়েই আমরা বড় হয়েছি। আমরা অরূপ বিশ্বাস বা ফিরহাদ হাকিম যখন একসঙ্গে বসে আড্ডা মারি তখন মনের মধ্যেও থাকে না কে হিন্দু আর কে মুসলমান। আমরা ভাবি বড় ভাই ছোট ভাই একসাথে বসে আছি। স্যার, যখন আমার পাড়ায় আমি দুর্গাপূজা করি তখন ওটা হিন্দুর উৎসব না মুসলমানের উৎসব এটা আমার মনের মধ্যে থাকে না। তখন মনে হয় কিছু মানুষ আনন্দ করছে কিছু মানুষ তার ধর্মাচরণ করছে, ভগবান সবার ভালো করুক, সেই জন্য পাড়ায় দুর্গাপূজা করি। যখন আমার বাড়িতে ঈদ উৎসব হয়, যখন এরা সব যায়, তখন এটা না যে ফিরহাদ হাকিমের বাড়িতে ঈদে মুসলমানের উৎসবে মিশতে এসেছি। তখন মনে

হয় এগুলো জাতীয় উৎসব — দুর্গাপূজা, ঈদ। তাই সবাই মিলে এসে সেখানে হইহই করে আনন্দ করি। এটাই হল আমাদের সংস্কৃতি স্যার। এই সংস্কৃতির মধ্যেই আমরা বড় হয়েছি। কিন্তু যখন স্যার, দেখি যে, এই সংস্কৃতিকে ভাঙার চক্রান্ত হচ্ছে, তখন ব্যথা পাই। নিশ্চিতভাবে আমরা ভারতবাসী হিসাবে প্রত্যেকে অত্যন্ত গর্বিত। গরব সে কহো হাম হিন্দু গরবসে কহো হাম মুসলমান হ্যায় — নেহি, গরব সে কহো যে হাম হিন্দুস্তানি হ্যায়। আমি ভারতবাসী হ্যায়। এটা আমাদের গর্ব স্যার। আমরা গর্বিত যে আমরা ভারতবর্ষের মানুষ। সেই ভারতবর্ষের সংবিধান বা ভারতবাসী হিসাবে আমার মনে হয় যে ওটাই আমার কোরান, ওটাই আমার গীতা, ওটাই আমার বাইবেল। সেই ভারতবর্ষের যে সংবিধান যে অধিকার দিয়েছে, সেই অধিকারে যখন হাত পড়ে, যখন মনে হয় যে দাদরী দেখার পরে সত্যি সত্যি খেতে পাবো তো আমার যেটা খাবার ইচ্ছা? এখানে তো কেউ প্রশ্ন করি না আমরা যে, কেন তুমি ভেজিটেরিয়ান খাবে? কেন তুমি ভেজিটেরিয়ান খাবে যেখানে আমরা বেশির ভাগই বাঙালি মাছ খাই। কেন তুমি ভেজিটেরিয়ান খাবে সেই প্রশ্ন করি না কারণ সেটা করা অন্যায়, সেটা করা পাপ। সেইরকমভাবে কে কী খাবে আর কে কী খাবে না এই প্রশ্নটা যারা করেন, যারা তোলেন, তারা ভারতবর্ষের সংবিধানের বিরুদ্ধে। তাদের অ্যান্টি ন্যাশানাল বলা উচিত। কান ধরে ভারতবর্ষে থেকে বার করে দেওয়া উচিত যারা এই কথাটা বলে স্যার। এইটা আমরা ছোটবেলা থেকে শিখেছি। যেটা বলছিলাম স্যার যে, এই প্রস্তাবকে আমরা সমর্থন করি। তার কারণ ঠিক স্যার। একটা সিনেমায় একটা ডায়ালগ দেখছিলাম। সেখানে একটা কথা ছিল যে, ইয়ে দেশ মে গরীব হোকে প্যায়দা হোনা সবসে বড়া গুনহা হ্যে, উসসে বড়া গুনহা হ্যে মুসলমান হোকে প্যায়দা হোনা—একটা সিনেমার ডায়ালগ। আমার মনের মধ্যে লেগেছে। আমরা যে সমাজে বাস করি সেই সমাজে নয়, কিন্তু ভারতবর্ষের অন্যান্য জায়গায় এটা সত্যি সত্যিই তো আছে। এটা আছে বলেই তো আজকে মহারাষ্ট্রে বলুন বা ঐ দাদরীতে বলুন বা কর্নাটকে বলুন বিভিন্ন জায়গায় কিছু মানুষ তো আছেন যারা আমাদের এই ভারতবর্ষের এই কৃষ্টি, এই সংস্কৃতিকে ভেঙে চুরমার করে দিতে চায়। কিছু তো মানুষ আছেন যারা আমাদের এম.পি-র কথা তোলেন কিন্তু কখনই বলেন না, যে আর.এস.এস. গান্ধীকে যার এক সদস্য খুন করেছিল, সেই আর.এস.এস থেকে কেন বিভিন্ন মন্ত্রী হবে? বিভিন্ন প্রধানমন্ত্রী হবে সেই আর.এস.এস থেকে? সেই কথা তো বলেন না। কখনও বলেন না। সেই প্রশ্ন তো তোলেন না। যেহেতু সেই সদস্য মুসলমান তাই তাকে প্রমাণ দিতে হবে যে সে ভারতীয়। তাই তাকে প্রমাণ দিতে হবে যে সে জাতীয়তাবাদী। তাকে প্রমাণ দিতে হবে সে ধর্মনিরপেক্ষ। এই প্রসঙ্গে বলি স্যার, এখানে যদি দেখেন গান্ধীজীর হত্যাকারী কোনো মুসলমান ছিল না। ইন্দিরা গান্ধীর হত্যাকারী মুসলমান ছিল না। রাজীব গান্ধীর হত্যাকারী মুসলমান ছিল না। বিয়ন্ত সিংহের হত্যাকারী মুসলমান ছিল না। কিন্তু একটা স্ট্যাম্প কোথাও যদি মেরে দেওয়া হয় যে ঐ ধর্মাবলম্বী মানেই সে টেরারিস্ট। ঐ ধর্মাবলম্বী মানেই আজকে তাকে প্রমাণ দিতে হবে।

[2.40 — 2.50 p.m.]

না, যতটা অধিকার শমীক ভট্টাচার্য্যের আছে ততটা অধিকার ফিরহাদ হাকিমের আছে। কারণ

শমীক ভট্টাচার্য্যকে চিতায় পুড়ে এই মাটিতেই মিশতে হবে। ফিরহাদ হাকিমের ইচ্ছা এই মাটিতেই ৬ ফুট জায়গায় তার কবর এই মাটির মধ্যেই হবে। কারণ এই মাটির থেকেই আমার জন্ম, এই মাটির থেকে খেয়ে বড় এবং এই মাটিতেই বাঁচতে হবে। অনেক বিদ্রূপ দেখি স্যার, অনেক কাগজে একটা সেকশানের সংবাদপত্রেও দেখি। হ্যাঁ এটাও লজ্জা। আমাদের কাছে লজ্জা কেউ হিন্দু বা মুসলিম হোক, যদি সে ভারতবর্ষে থেকে যদি পাকিস্তানের সমর্থক হয়, এটা লজ্জা। এটা অন্যায়। কিন্তু তার জন্য একটা জাতিকে, একটা ধর্মকে, স্ট্যাম্প মেরে দেওয়া এটা অন্যায়। স্যার তার থেকে বড় বার বার যদি প্রমাণ দিতে হয় যে, আমরা জাতীয়তাবাদী। এটা আমি বলি স্যার, এই সদনে দাঁড়িয়ে, যদি মনে করি যে, আমাদের দেশের বিরুদ্ধে আমার ভাই আছে তাহলে ভাইকে গুলি করে দিতেও আমার হাত কাঁপবে না। কারণ, তার থেকে বেশি আমার দেশকে আমি ভালোবাসি। এই নিয়ে স্যার, বড় হয়েছি। কখনও বলে পাকিস্তানে বাজি ফাটবে কেন? তা অনেক বড় অপমান স্যার। এটা আমাদের প্রত্যেক ভারতবাসীর কাছে অপমান। একটা মুসলমান হিসাবে যদি আমার বাপ-মা তুলে গালাগালি দেয় সেটা আমার অপমান লাগবে না অত কিন্তু দেশদ্রোহী বলা তার থেকে বড় অপমান। যে সেই অপমান অনেক সময় আমাদের শুনতে হয়। এ কি intolerance নয়? আমরা দেখেছি, আমরা তো পুজো করি রামকৃষ্ণদেবকে, কারণ তিনি বলেছিলেন— "যত মত তত পথ"। সব পথ তো তাঁর কাছেই গেছে — একই জায়গায় যাচ্ছে। আমার নাম ববি হোক বা ফিরহাদ হাকিম হোক এটার মধ্যে কোনো তফাৎ নেই। এই তফাৎটা যারা সৃষ্টি করছে যারা ভাগ করছে, আমাদের যারা এই মুসলিমদের মধ্যেও যারা ওই অন্যান্য সংগঠন করে উগ্রবাদের কথা বলছে তারা অন্যায় করছে, তারা পাপ করছে, তারা দেশকে ভাঙার চক্রান্ত করছে। শুধু RSS নয়, তারাও করছে। তাকেও condemn করা উচিত। তারা অন্যায় করেছেন। কারণ, আমাদের একতাই শক্তি। এই শক্তি নিয়ে আমরা বড় হয়েছি স্যার। কেউ বলেনি যে, ৪০০০ শিখকে মেরেছে সে এ অন্যায় করেনি? সে অন্যায় করেছে। প্রত্যেকের অন্যায় হয়েছে। কিন্তু আমাদের একসাথে মিলে থাকতে হবে। আমাদের—"মঝহব নেহি শিখাতা, আপস মে ব্যয়র রাখনা, হিন্দি হ্যায় হম—ইয়ে হিন্দুস্তাঁ হমারা"। ইয়ে হিন্দুস্তাঁ হমারা স্যার। তাই স্যার, পার্থ চ্যাটার্জীর এই মতকে আমরা সমর্থন করছি। শুধু সমর্থন করছি না — এটার ভেতরে আমাদের দৃঢ়তা দিয়ে বলছি যে, এই অন্যায়ের প্রতিবাদ হোক, এই অন্যায় ভারতবর্ষ থেকে চলে যাক, যারা ভারতবর্ষের সংবিধানকে নীচু করে, ছোট চোখে দেখে তারা ভারতবাসী হতে পারে না। আমরা ভারতবাসী হিসাবে গর্বিত — ভারতবর্ষে জন্মে আমরা ধন্য। আমরা সবাই মিলে একসাথে থাকব। ধন্যবাদ স্যার।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় স্পীকার স্যার, পার্থবাবু এবং আরো কয়েকজন আমরা মিলে যে প্রস্তাবটি এনেছি প্রথমে সেই প্রস্তাবকে সমর্থন করছি। একটা সরকার আসার পরে কেন্দ্রে তারা যেভাবে সংখ্যালঘু সম্প্রদায় — বিশেষ করে তার বিরুদ্ধে যেভাবে জেহাদ ঘোষণা করেছে। প্রথমে লাভ জেহাদ, তারপর ঘর ওয়াপসি, তারপরে গোমাংস না খাওয়া। এই সমস্ত কথা বলে যে জেহাদ তারা ঘোষণা করেছে এবং গোটা দেশজুড়ে যেভাবে একটা অসহিষ্ণুতার পরিবেশ তৈরি হয়েছে, আমি বুঝতে পারছিলাম না শমীকবাবু আমার পাশে, তিনি যে

কথাগুলো বলছিলেন সে কথাগুলোর সঙ্গে এটার কোথায় মিল আছে কি না আমি জানি না। তিনি বহুত্ববাদের কথা বলছিলেন। RSS-এর যিনি chief ছিলেন, সেই RSS-এর গোলওয়ালকার-এর দুটো ভাষণ আমি পড়ে শোনাচ্ছি। গোলওয়ালকার বলেছেন, হিন্দুস্তানের সমস্ত অহিন্দু মানুষ হিন্দিভাষা এবং সংস্কৃতি গ্রহণ করবে। হিন্দুধর্মকে শ্রদ্ধা করবে ও পবিত্র বলে জ্ঞান করবে। হিন্দু জাতির গৌরবগাথা ভিন্ন অন্য কোনো ধারণাকে প্রশ্রয় দেবে না। না হলে সম্পূর্ণভাবে এই দেশে হিন্দু জাতির অধীনস্থ হয়ে কোনো দাবি ছাড়া, কোনো সুবিধা ছাড়া, কোনোরকম পক্ষপাতমূলক ব্যবহার ছাড়া, এমনকি নাগরিকত্বের অধিকার ছাড়া তাদের এদেশে থাকতে হবে। মুসলিমদের সম্পর্কে সংখ্যালঘুদের সম্পর্কে গোলওয়ালকার বলে গেছেন উনি গোলওয়ালকারকে তাঁর গুরু বলে মনে করেন কিনা আমি জানি না, উনি বলবেন। আমরা জার্মানীর যে জাতিবিদ্বেষ, ইহুদীদের যে জাতিবিদ্বেষের মধ্য দিয়ে তাদের নিপীড়ন, লক্ষ লক্ষ ইহুদীকে নিধন এবং তাদেরকে দেশত্যাগ করা। এমনকি আইনস্টাইনের মতো মানুষকে দেশত্যাগ করতে যে বাধ্য করেছিল। তাঁকেও পর্যন্ত সেই Golwalkar সেই জাতিবিদ্বেষের নীতিকে সমর্থন করেছিলেন। সমর্থন করে কী বলেছেন শুনুন, সমর্থন করে গোলওয়ালকার লিখছেন, যে নিজস্ব জাতির ও সংস্কৃতির পবিত্রতা রক্ষার জন্য, Semitic raise ইহুদিদের বিতরণ করে বিশ্বে আলোড়ন সৃষ্টি করেছে। জাতীয় গর্ববোধ এখানে সবচেয়ে প্রতিভাত হয়েছে। জার্মানী দেখিয়ে দিয়েছে যে কেন বিভিন্ন ধরনের জাতীয় সংস্কৃতিকে ঐক্যবদ্ধ করা সম্পূর্ণ অসম্ভব। যার থেকে আমরা হিন্দুস্তানিরা শিখেও লাভবান হতে পারি। ওরা শিখেছেন, লাভবান হচ্ছেন। লাভবান হয়ে একটা জাতিবিদ্বেষ একটা বিদ্বেষ মানে একটা সংখ্যালঘু সম্প্রদায়ের বিরুদ্ধে একটা বিদ্বেষ তারা তৈরি করেছেন। এবং একেই তারা বহুত্ববাদ বলছেন কিনা আমি জানি না। দেখুন, secularism সম্পর্কে অনেক কথা হয়েছে। ভারতবর্ষের সংবিধানে প্রথম কথাতেই লেখা আছে, সেকুলার democratic republic government। কিন্তু এখানে secularism শব্দটা আমাদের দেশের শব্দ নয়। এটা এসেছে Europe-এর রেনেসাঁ আন্দোলনের মধ্যে দিয়ে। এবং secularism-এর মানে হচ্ছে, যেমন কোনো ধর্মকে উৎসাহ দেবে না, তেমনি কোনো ধর্মকে বাধাও দেবে না। রাজনীতি, অর্থনীতি, শিক্ষা সংস্কৃতির সঙ্গে ধর্মের সম্পর্ক থাকবে না, ধর্ম মানুষের ব্যক্তিগত বিষয় হয়ে থাকবে। ইচ্ছা হলে কেউ মানবে, কেউ মানবে না। কেউ ঈশ্বরে বিশ্বাস করতে পারে, কেউ না পারে। কিন্তু যিনি অবিশ্বাসী এবং বিশ্বাসী দুইজনেরই এই রাষ্ট্রে সমান অধিকার থাকবে। এই হচ্ছে secularism-এর concept। সেই secularism-এর conceptটি এখানে জলাঞ্জলি দিয়ে যেমন পাকিস্তান হয়েছে, Islamic theocratic state। আমাদের এটাকে বহুত্ববাদের নাম করে এটাকে multi theocratic state করে দেওয়া হয়েছে। এবং যে যেখানে যেমন করে পারে, যারা রাষ্ট্রের সঙ্গে যুক্ত, যারা সরকারের সঙ্গে যুক্ত, তারা বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে যায়, এবং সেখানে কোথাও টুপি পরে, কোথাও মাথায় কাপড় জড়িয়ে, সেইভাবে যাচ্ছে। এবং তার মধ্যে দিয়ে vote রাজনীতির জন্যই কিন্তু এইরকম একটা জায়গায় তারা নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। অথচ,

সুভাষচন্দ্র কী বলেছেন, সুভাষচন্দ্র বলছেন যে ধর্মকে সম্পূর্ণরূপে রাজনীতি হইতে বাদ দেওয়া উচিত। তিনি Marxist ছিলেন না। ধর্ম ব্যক্তিবিশেষের বিষয় হওয়া উচিত। ব্যক্তি হিসাবে মানুষ যে ধর্ম পছন্দ করে তা অনুসরণ করার পূর্ণ স্বাধীনতা থাকবে। কিন্তু ধর্মীয়, কিংবা অতীন্দ্রিয় বিষয় দ্বারা রাজনীতি পরিচালিত হওয়া উচিত নয়। ইহা পরিচালিত হওয়া উচিত শুধু অর্থনৈতিক, রাজনৈতিক ও বৈজ্ঞানিক বিচার বুদ্ধি দ্বারা।

আমাদের দেশে যারা রাষ্ট্রব্যবস্থা পরিচালনা করতেন, যারা কেন্দ্রীয় সরকারে বসেন, যারা বিভিন্ন রাজ্য সরকারে বসে আছেন, তারা সুভাষচন্দ্রের এই নীতিকে অন্তত মেনে চলতেন — সুভাষচন্দ্র তো Marxist ছিলেন না। আজকে যারা এই হিন্দুত্ববাদের কথা বলছেন, তারা তো বিবেকানন্দের কথা অনেক সময় বলেন, বিবেকানন্দ কী বলেছেন, মুসলিম বিদ্বেষ কখনো তিনি তৈরি করেননি। তিনি বলেছেন যে ভারতের মুসলিম বিজয়ের নির্যাতিত গরীব নির্যাতিত গরীব মানুষকে মুক্তির স্বাদ দিয়েছিল। সেইজন্য এই দেশের পাঁচ ভাগের এক ভাগ মানুষ মুসলিম হয়ে গিয়েছিল। শমীকবাবুরা বিবেকানন্দের এই কথাগুলোকে স্মরণ করেন কিনা আমি জানি না। ফলে আমাদের দেশে আজকে এই রাজনীতি চলছে। আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী — কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন, এই secularism-এর অপব্যাখ্যা করছেন, করে বলছেন, ওয়ামস নিরপেক্ষতা, কোথায় তিনি এই ব্যাখ্যা পেলেন আমি জানি না। secularism-এর ব্যাখ্যা করছেন ওয়ামস নিরপেক্ষতা এবং এর মধ্যে দিয়ে আজকে যেমন বিহারে ভোট হয়ে গেল, কিছুদিন আগে বিহারে ভোট হল, সেখানে দুর্গাবাহিনী নেমে পড়ল, এবং তার আগে ওই সেনসাস-এর রিপোর্ট পাবলিশড হল, পাবলিশড হয়ে দুর্গাবাহিনী নেমে পড়ে বাইকে, বাইকে প্রচার করল, কী প্রচার করল, প্রচার করল যে হিন্দু বিপন্ন। কেন? না, এখানে মুসলিম জনসংখ্যা বেড়েছে ০.৮ পারসেন্ট, আর হিন্দু জনসংখ্যা কমেছে ০.৭ পারসেন্ট। আসল কথাটা যেটা তারা চেপে গেল, সেটা হচ্ছে, মুসলিম জনসংখ্যা বৃদ্ধির হার কমেছে ৪.৯ পারসেন্ট। এবং হিন্দু জনসংখ্যার হার কমেছে ৩.৫ পারসেন্ট। ফলে এই সমস্ত অপব্যাখ্যা করে আজকের এই জাতিবিদ্বেষ তৈরি করা হচ্ছে। ফলে আজকে এটাও যেমন আলোচ্য বিষয়...

(সময় শেষ হয়ে যাওয়ায় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble speaker, Sir, Thank you very much for giving me this opportunity. I think the situation is little more complicated than what we are discussing here. If we want to understand the situation, I think we have to go little back to see the entire global picture Sir. The First Treaty on Intolerance or rather Tolerance was written by Voltaire back in the year 1740 after reading whose treaty probably the French Revolution took place. But Voltaire also wrote a comic play on Prophet Mohammad. Now Imagine Sir, the situation was such that his play was branded by church for being Anti-Muslim.

[2.50 – 3.00 p.m.]

Now it was a play mimicking Prophet. But the play was branded by church. Now the context was different because any kind of anti-religious thing or irreligious thing was detrimental to the health of the church those days because of which the church used to have their crusade. If we talk about terrorism or tolerance church used to keep its own army. There is also a poem we used to study in the school – 'They were not to make reply, they were not to question why, they were but to do or die all in the valley of death, rode the six hundred.' Such was the situation. Now coming back in the Indian context Sir,we have very very secular kind of background. If we think of the nineteen thirty three round table conference which Gandhi had attended in London he visited Canterbury Church where he could see the statue of Chirst and he immediately got hold of the statue. He grabbed the leg of the statue and he started weeping. He was not a Christian but he wept there instantly. He could immediately feel the pain that within has undergone. As a result of which the following day Times News Magazine has a broad headline saying that 'the greatest Christian on Earth'. Not only Gandhiji Sir, if we look at the literature, the time of Kabir, probably I fail to understand how Kabir was not assassinated. He could have been killed in today's situation. We are so intolerant that we say we are not tolerating any intolerance. That is our type. Kabir says criticizing both the Hindu and the Muslim. He talks about the Hindu and say to *brahmon brahmoni se kaya, kit teh aya* He was Brahmim but he came from the same root from where all others are born. *Turak Turqani se aya, andar khatna keu na karaya.* Before birth also you could have come that *khatan* ceremony. So he was left alive because it was such a wonderful tradition. When Ghalib says, against the Muslim Ghalib was saying '*Subha subha nind se jaga diya, kambakhat kis waqt Khuda yaad aya.*' That was the feeling of the general Muslim, may be. But he has the guts to write and at the same time he was a strong critic of the Brahmin tradition also where he writes in one of his Ghazals– '*Chand sitare se keya puche, ki kabdin mere firte hai, o to bichare khud hi bhikari, dere dere firte hai. Jin galio me hamne sukhki cain kati thi, oon galio me bakul ho kar sas sabere firte hai. Ob lok to daman sil lete hai.*' This is important. People do not speak – '*lok to daman sil lete hai, kaise o lete hai, ghalib hum diwane hai, jo bal bhikere firte hai.*' We need someone

like Ghalib *jo bal bhikare firte hai.* Giving no respect to any tradition—because basically as a human being if you fail to live then life is not worth living. This is what the message of a great Indian tradition. And those who are talking about intolerance may be great tower of basket and entire Europe started shouting the slogan that is we are all American. Now displaying th esolidarity when 'chorlie' cartoon incident happened, the entire American started saying we are also British because he caricatured Prophet Mohammad.

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, ১৮৫ নং ধারা অনুযায়ী অসহিষ্ণুতার বিরুদ্ধে যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাইছি। প্রথমত আমাদের দেশটা ধর্মনিরপেক্ষ, নানা জাতি, নানা ধর্মের মানুষ এখানে বসবাস করে। নানা জাতির মানুষ তারা যে যার ধর্মাচরণ করবে এই স্বাধীনতা তাদের আছে। কিন্তু বর্তমান সময়কালে একটা অসহিষ্ণুতার মারাত্মক পরিবেশ আমাদের দেশে তৈরি হয়েছে। আমার পূর্ববর্তী বক্তারা আগেই বলেছেন, আমি তার পুনরাবৃত্তি করছি না। আমি শুধু বলতে চাইছি, আগে থেকে এখনো পর্যন্ত বলা হচ্ছে অযোধ্যার বিতর্কিত স্থানেই রামের মন্দির হবে। দেশে বহু জায়গা আছে, সেখানে মন্দির না করে ওই বিতর্কিত স্থানেই কিন্তু মন্দির করতে হবে। হিন্দুপ্রধান দেশ ভারতবর্ষকে হিন্দুরাষ্ট্র করতে হবে, তবেই দেশবাসীর জীবনের সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে। আমি বলতে চাই স্যার, পাকিস্তান মুসলিম রাষ্ট্র, আর এর আগে নেপাল হিন্দুরাষ্ট্র—যদিও এখন নয়—সেখানকার জনগণের সব সমস্যার কি সমাধান হয়ে গেছে। এই যে ধর্মান্তকরণ, কোথায় কোন মাংস আছে তার গন্ধ পেয়ে অনুমান করে তাকে ধরে হত্যা করা, গণতান্ত্রিক লেখকদের হত্যা করা, এই পরিবেশ আগে কিন্তু আমাদের দেশে ছিল না। আমার প্রশ্ন, এটা কি চলতেই থাকবে? এখানে সরকারের কি কোনো ভূমিকা থাকবে না? আমাদের দেশের সরকারের যিনি প্রধানমন্ত্রী তিনি আশ্চর্য ধরনের নীরবতা পালন করছেন। যা চলছে তা চলবে কিনা, সরকার তা নিয়ন্ত্রণ করবে কিনা ঠিক করতে হবে। বহুত্ববাদ আমাদের গর্ব, বৈচিত্র্যের মধ্যে ঐক্য হচ্ছে আমাদের দেশের বড় একটা ব্যাপার, কিন্তু তা আজকে খর্ব হতে যাচ্ছে। যা চলছে তা যদি চলে তাহলে ধর্মনিরপেক্ষতা, সাম্প্রদায়িক সম্প্রীতি এবং জাতীয় সংহতি বিপন্ন হবে। সুতরাং এই জিনিস বন্ধ করার যে প্রস্তাব তার সঙ্গে সহমত পোষণ করে বলতে চাই, এর বিরুদ্ধে আমাদের লড়াই ঘোষণা করতে হবে। ধর্ম ব্যক্তিগত ব্যাপার, তার সঙ্গে রাজনীতির বা রাষ্ট্রের যদি যোগসূত্র ঘটে সেখানে কিন্তু এই বিপদ দেখা দেবে। এই বিপদটা আমাদের সামনে বড় হয়ে দেখা দিয়েছে। অযোধ্যায় মন্দির স্থাপন করতে হবে, ভারতবর্ষকে হিন্দুরাষ্ট্র করতে হবে, তাজমহল হিন্দুদের ফিরিয়ে দিতে হবে — এইসব সাংঘাতিক ধরনের দাবি করা হচ্ছে। আমরা এখানে যে প্রস্তাব গ্রহণ করেছি সেটা নিয়ে আমাদের এখানকার বিষয়টা নিয়ে ভাবতে হবে। মোয়াজ্জেম ভাতা, ইমাম ভাতা, অন্য ধর্মের যারা তারা কিন্তু বঞ্চিত। সেখানে একটা ক্ষোভ কিন্তু তৈরি হচ্ছে। গণতান্ত্রিক পরিবেশ রক্ষা করা, আইন-শৃঙ্খলাজনিত পরিস্থিতি সামাল দেওয়া, তা নাহলে সাংঘাতিক একটা পরিস্থিতি সৃষ্টি হতে যাচ্ছে। যে অন্য মত

পোষণ করে সে পাড়ায় থাকতে পারবে না, তার মেয়ের বিয়ে দিতে পারবে না। মঙ্গলকোটে এইরকম একটা ঘটনা ঘটেছে, বাস স্ট্যান্ডে নিয়ে গিয়ে মেয়ের বিয়ে দিতে হয়েছে। যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি বলতে চাই ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)...

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, Today is a historical moment., একটা ঐতিহাসিক মুহূর্ত। আপনার নেতৃত্বে সমস্ত রাজনৈতিক দলের নির্বাচিত প্রতিনিধিরা the first time in Assembly's jurisdiction এই ধরনের একটি প্রস্তাব ভারতবর্ষের বর্তমান বিপজ্জনক প্রেক্ষাপটে গ্রহণ করতে চলেছে। আমি প্রথমে আপনাকে ধন্যবাদ জানাই, শাসক এবং সমস্ত বিরোধী দলের নেতৃত্বকে ধন্যবাদ জানাই। বিজেপি-র একমাত্র প্রতিনিধি শমীক ভট্টাচার্য, Mr. Bhattacharya was a bit emotional academic, ornamental language দিয়ে আমাদের বোঝানোর চেষ্টা করেছিলেন how BJP, RSS are correct। ইতিহাস কাউকে ক্ষমা করে না, History is very cruel। ডঃ মিত্র এখানে বসে আছেন, তিনি অর্থনীতির ইতিহাসবিদ। আবার অর্থনীতি পড়তে গেলে হিস্টরি পড়তে হয়, সোসাল সায়েন্স পড়তে হয়। শমীকবাবুকে আমি নিজের ভাইয়ের মতো স্নেহ করি, বাংলার একজন প্রগতিশীল যুবক হয়ে how he is dipped into the enigma of the communal stigma আমার প্রশ্ন আসছে মনে, আমি খুব কষ্ট পাচ্ছি। The heroism of RSS cannot be a subject of this august House. The aggressive and repressive attitude of the BJP led by RSS cannot be a dogma of this House and West Bengal। তাহলে ভারতবর্ষে ১৯৪৭-এর ১৫ই আগস্ট, কিংবা ১৯৪৯-এর ২৬শে নভেম্বর, কিংবা ১৯৫০-এর ২৬শে জানুয়ারী, রহিম চাচা যেদিন বলেছিলেন আমি পাকিস্তান যাব না, আমি ভারতে থাকব।

[3.00 — 3.10 p.m.]

আমি ভারতে থাকবো। তার বংশধররা যখন ভারতবর্ষের কোনো রাজ্যে বসবাস করছে, ২০১৫-র ১৬ ডিসেম্বরে আমরা বলতে পারি রহমান চাচা তোমাকে আমরা ঘাড় ধাক্কা দিয়ে পাকিস্তানে বের করে দেবো? বলা যাবে? our constitution, our heritage, our political bondage এটাকে বাধা দিয়েছে। বাধা দিয়েছে বলেই সাহিত্য একাডেমি অ্যাওয়ার্ড যারা ফিরিয়ে দিচ্ছেন সেটা তাদের ইমোশান নয়। অন্তরের যন্ত্রণার বহিঃপ্রকাশ। প্রতিবাদ। আমি ছোট থেকে গুলজারকে জানি। গুলজারও কি ভারতীয়ত্ব বোধ থেকে দূরে চলে গেছেন? নাথুরাম গডসে সম্বন্ধে একটা কমেন্ট করতে গিয়ে পানসারে গুলিবিদ্ধ হলেন। কাদের গভর্নমেন্ট মহারাষ্ট্রে? কেন? দাদরীতে কে কোথায় কোন্ মাংসখণ্ড রেখেছে, গলা কেটে হত্যা করে দেওয়া হল। Is it tolerance? তাই ভারতবর্ষের প্রধানমন্ত্রী যখন লন্ডনে পা দেন, তখন লন্ডনের অধিবাসীরা যখন চিঠি লেখেন — খোলা চিঠি letters to David Cameron, "Hon'ble Prime Minister of England, ask Mr. Modi, the Prime Minister of India, why he is so intolerant"? এটা ভারতবাসী হিসাবে নরেন্দ্র মোদী মহোদয় বিজেপির প্রতিনিধি কি কংগ্রেসের প্রতিনিধি কি তৃণমূলের প্রতিনিধি This is

a separate question. The question is, he is the Prime Minister of India, The question is, he is the Prime Minister of India, the great country of the world. Is it not defamation? মাথা নীচু হয়ে যায় না আমাদের? যখন ইংল্যান্ডের মাটিতে দাঁড়িয়ে নাগরিকরা বলছে মোদীকে জিজ্ঞেস করুন ভারতবর্ষ কেন ইনটলারেন্ট হয়ে গেছে। আমাদের গায়ে কাঁটা দিয়ে ওঠে, চোখে জল আসে, বুকে যন্ত্রণা হয়। এ কোন ভারতবর্ষ? ঠিকই বলেছেন ফিরহাদ হাকিম, মহাত্মা গান্ধীকে তো কোনো মুসলমান উগ্রবাদী যুবক খুন করেননি। ঠিকই বলেছেন ফিরহাদ হাকিম ইন্দিরা গান্ধীকে তো কোনো মুসলমান যুবক খুন করেননি। রাজীব গান্ধীকে তো কোনো মুসলমান যুবক খুন করেননি। ভারতবর্ষের Constitution, তার Preamble-এ সবই মিথ্যা? "We the people of India have solemnly resolved to constitute India of sovereign, socialist, secular, democratic republic". Where do we stand? কোন জায়গায়? আজকে দক্ষিণেশ্বরের মন্দির, পূজারী রামকৃষ্ণদেব, শোভনদা বলছিলেন, শুনছিলাম। কী এক্সপেরিমেন্ট করেছেন, 'কথামৃত'—আমি শমীকবাবুকে শুধু বলবো, অন্য বই ছেড়ে দিন। আর.এস.এস-এর পড়া বন্ধ করে রামকৃষ্ণ দেবের 'কথামৃত' পড়ুন। তাহলেই হবে। জাস্ট স্টাডি কথামৃত। তাহলেই ভারতবর্ষটাকে জানতে পারবেন। ফরগেট অ্যাবাউট অল বুকস। রবীন্দ্রনাথ, নজরুল, বিবেকানন্দ কিচ্ছু পড়তে হবে না। রামকৃষ্ণের 'কথামৃত' পড়ুন। তাহলেই ভারতবর্ষকে জানা যাবে। সহজ কথায়, সহজভাবে কী বলে দিয়ে গেছেন। What is the duty of the majority? The duty of the majority is to protect minority, to embrace minority, to love minority, to give dignity to the minority, to establish The minority right. গরিষ্ঠর অধিকার কি সংখ্যালঘিষ্ঠকে গলা টিপে হত্যা করা? গলা কেটে দেওয়া? ২০০২ সালে ওই বীভৎস ছবি গর্ভবতী মায়ের পেটের মধ্যে তরবারি ঢুকিয়ে বাচ্চাটাকে বের করে উল্লাস চিৎকারে ঘুরছে ভাদোদরাতে। Is it tolerance? Is it tolerance of the majority? কোথায় যাবো আমরা? পৃথিবীর সব দেশে ভারতবর্ষের মাথা নীচু হয়ে গেছে। Everyone is feeling shaky. যে Next American Government কি করবে? সমস্ত এশিয়া এবং ভারতবর্ষের মানুষকে তাড়িয়ে দেবে কিনা, নেক্সট ইলেকশানের পরে বারাক ওবামা চলে যাবার পরে। পৃথিবীর সমস্ত দেশ থর থর করে কাঁপছে। সুধীন্দ্র কুলকার্নি তো আপনাদের লোক। অটলবিহারী বাজপেয়ীর সহযোগী ছিলেন, তার মুখ কালো করে দিলেন। ভারতবর্ষের মুখ কালো করেননি। উগ্র, উগ্র-মৌলবাদী whom your government could not control, your party could not control. That is the state of affairs in India. আজকে শুধু আমি অনুরোধ করব, It is not a matter of debate. It should be a matter of consensus to assimilate the thoughts, ideology, philosophy of Indian civilization. যেটা ভারতবর্ষের জাতীয় কংগ্রেস তার নেতৃত্ব সংবিধানের মধ্যে সেই অধিকারকে প্রতিষ্ঠা দিয়েছে। তাকে Distort করবেন না, তাকে অগ্রাহ্য করবেন না, তাকে অসম্মান করবেন না। তাহলে দেশটা আবার ৫৭০টা রাজা — আর টুকরো টুকরো হয়ে যাবে জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে,

থাকবে না ভারতবর্ষ। যে পদ্ধতিতে কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় শাসক দল চলছেন—ভারতবর্ষটিকে ভেঙে টুকরো, টুকরো করে একেবারে নিঃশেষ করে দেবেন। এই জায়গায় এই পবিত্র হাউস has created precedence, most exceptional precedence. আমি ধন্যবাদ জানাই শাসক দলকে এবং সমস্ত বিরোধী দলকে, তারা রেজুলেশানটা আজকে গ্রহণ করেছেন। গতকাল সম্মানীয়া মুখ্যমন্ত্রী মালদাতেও উদ্বেগ প্রকাশ করেছেন। সেই উদ্বেগ শুধুমাত্র ধর্মীয় উদ্বেগ নয়, political and administrative intolerance. আমি খুশি, That the Hon'ble Chief Minister has ultimately realized that point, along with the religious intolerance in democracy intolerance. এই শব্দটা থাকা উচিত নয়। কিন্তু আমরা সবাই We are at the base level of zero tolerance. We are at the base level of zero tolerance. That is an unfortunate chapter in polities. আমাদের মাননীয় পার্থবাবু উত্তর দেবেন তাকে স্মরণ করিয়ে দিই— Recent study and report of the central Home Ministry — the tendency of religious and communalism and riots. স্যার, একটু টাইম দেবেন।

মিঃ স্পীকার : আমি যে দেখছি সবাই প্রায় এক মিনিট, দুই মিনিট করে বেশি বলছেন—হাউসের অনুমতি নিয়ে আমাকে এমনিতেই ১৫ মিনিট সময় বাড়াতেই হবে। আপনাকে অনুমতি দিলাম।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : থ্যাঙ্ক ইউ স্যার, ইউ.পি. ইজ দ্য টপ, হরিয়ানা ইজ সেকেন্ড, মহারাষ্ট্র অ্যান্ড পার্থবাবু our beloved West Bengal is reaching to the high graph of religious intolerance. ২০১৫-র ৩১শে মে-জুন অবধি পশ্চিমবঙ্গে communal riot হয়েছে ২৮৭। এই সময়ে ২০১৪ ছিল ২৩২টা। Death - জানুয়ারী থেকে মে ২০১৫ ভারতবর্ষে মৃত্যু হয়েছে ৪৩টা, ২০১৪-র মৃত্যু হয়েছিল ২৬টা। ভারতবর্ষের অবস্থাটা খুবই খারাপ, খুব খারাপ, খুব খারাপ। এই জায়গায় দাঁড়িয়ে আমি অনুরোধ করব আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভাকে — যেমনি করে সারা ভারতবর্ষে শাসকদলের patronisation-এ Religious intolerance is reaching to the peak. তেমনি এই রাজ্যে political intolerance, social intolerance যেন এই peak-এ reach না করে। গণতন্ত্রের মর্যাদা, equality, fraternity, democratic right freedom of speech, right to protest these are the ingredients of the Constitution — সেগুলোও যেন রক্ষিত হয়। শুধু একপেশে ধর্মীয় Intolerance বলতে গিয়ে গণতান্ত্রিক কাঠামোকে আমরা political, social intolerance দিয়ে ধ্বংস করে দেব। সেটা যেন বাংলার মাটিতে না হয়, এই কথাটাও শাসকদলকেও মাথায় রাখতে হবে and I expect reply from the mover of the resolution Dr. Partha Chatterjee. থ্যাঙ্ক ইউ স্যার।

[3.10 — 3.20 p.m.]

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : স্যার, ১৮৫ রুলে যে প্রস্তাব আজকে শুধু ভারতীয় জনতা পার্টি ছাড়া সমস্ত দলের যৌথ উদ্যোগে আনা হয়েছে, আমি তাকে সমর্থন করি এবং তাকে সমর্থন জানিয়ে কয়েকটি শব্দ কিংবা কয়েকটি কথা আমি এই পবিত্র সদনে রাখব। স্যার, আমি লাস্ট বক্তা ডাঃ মানস ভূঞ্যার সঙ্গে একমত, তিনি আপনাকে ধন্যবাদ দিয়েছেন। আমিও নিশ্চিতভাবে ধন্যবাদ দেব যে এই ইস্যুতে একটা precedence create করে এই সদনে স্যার আপনি এই প্রস্তাব আনবার সুযোগ করে দিয়েছেন। এখানে যারা এই প্রস্তাবের উপর বক্তব্য রাখলেন, তাতে সদন সমৃদ্ধ হল, আমরা সদনের সদস্য হিসাবে সমৃদ্ধ হলাম। আমরা যেহেতু জনপ্রতিনিধি, তাই আমার বিশ্বাস যে বাংলার মানুষও সমৃদ্ধ হবেন। ভারতবর্ষের 'ভারত' নামটার সংস্কৃতের মানে হল to bear, to carry অর্থাৎ to bear, We have to bear. We have to bear things. অর্থাৎ আমাদের সহিষ্ণু হতে হবে, সহ্য করতে হবে। 'ভারত'-এর মানে তাই। সেই সহিষ্ণুতাকে বহন করতে হবে। 'ভারত' শব্দটার মানে তাই। স্যার, ইংরাজী শব্দটা যদি দেখি 'ইন্ডিয়া', 'ইন্ডিয়া' এসেছে স্যার, আমরা সবাই জানি Indus valley civilization থেকে। সেই Indus valley civilization-কে সামনে রেখে 'India'. সেই 'ইন্ডিয়া' নাম, মানে সভ্যতার নাম স্যার, সভ্যতা কখনও সহিষ্ণুতা ব্যতিরেকে হয় না। 'অসহিষ্ণুতা' মানেই অসভ্যতার পরিচয়। 'সভ্যতা' মানেই সহিষ্ণুতার পরিচয়। তাই 'ভারত' নাম, 'ইন্ডিয়া' নাম এটাই কিন্তু আমাদের পরিচয়। আমরা সহিষ্ণু, ভারতের সহিষ্ণু নাগরিক। যেখানে অসহিষ্ণুতার প্রশ্ন আসে, তখন ভারতবর্ষ গর্জে ওঠে। যে কথা শমীকবাবু বলছিলেন, আমি জানি না স্যার, বললেন অনেক কথা, অনেক শায়রী, অনেক কবিতা, অনেক তত্ত্ব। কিন্তু বুঝলাম না যে, কেন তিনি এই প্রস্তাবে স্বাক্ষর করলেন না। প্রস্তাবের সমর্থন করেছেন, সেটাও তিনি বললেন না। এখানে বহু কথা বললেন শমীকবাবু। কিন্তু অসহিষ্ণুতার যে পরিচয় আমরা পেলাম, সেটা সারা ভারতবর্ষের অসহিষ্ণুতা নয়, একটি রাজনৈতিক দল এবং তার প্রচ্ছন্ন মদতে একটা ভারতবর্ষের অংশ, তার অসহিষ্ণুতার পরিচয় আমরা পেলাম। তাই ভারতবর্ষের সংবিধান, সেই সংবিধানের বলেই আজকে আমরা এই সদনের সদস্য। ভারতবর্ষের সংবিধান, সেই সংবিধানের বলেই সংসদের সদস্য। এখানে যেমন মুখ্যমন্ত্রী আছেন, সেখানে তেমনই প্রধানমন্ত্রী আছেন। স্যার, ভারতবর্ষের সংবিধানের শপথ নিয়েই আমরা সদনে আসি, মন্ত্রিত্বে অভিষিক্ত হই। তাই সেই শপথ নেওয়ার পরে যারা সংবিধানের মূল পরিকাঠামো, মূল গঠন, সেই গঠনতন্ত্রে আঘাত হানাকে তাদের মৌনতা দিয়ে সমর্থন জানায়, তাকেই সারা ভারতবর্ষ ধিক্কার জানায়। পুরস্কার যারা ফিরিয়ে দিয়েছেন, তারা সেই অংশকে ধিক্কার জানিয়েছেন, মৌনতাকে ধিক্কার জানিয়েছেন। আর আমরা কি দেখলাম, একটু আগেই শুনেছি, অনেক বক্তা Preamble-এর কথা বলেছেন— We, the people of India, having solemnly resolved to constitute India into a Sovereign Socialist Secular Democratic Republic. স্যার, খুব গুরুত্বপূর্ণ যে কথাটি সেটা হ'ল, Socialist Secular — এই দুটি শব্দ এবং তারপরে Fraternity নিয়ে যে লাইনটি আছে তার সাথে

integrity of the Nation, সেই integrity শব্দটি ৪২তম সংশোধনীর মাধ্যমে '৭৬ সালে আনা হয়েছিল। যার প্রয়োগ হয়েছে ৩রা জানুয়ারি ১৯৭৭ সাল থেকে। আমরা দেখলাম তার Objects এবং reason আমরা এখানে আইনসভায় আইন প্রণয়ন করি। আইনের একটা Object এবং reasons থাকে, সেই Object এবং reason কেন এই দু'টি শব্দ এবং তার পরিবর্তীতে এই 'ইনটিগ্রিটি' শব্দ অর্থাৎ বিশ্বাসযোগ্যতা—এই শব্দগুলো ঢোকাতে হয়েছে তার Objects এবং reasons রয়েছে, স্যার। বলছে সেখানে— To spell out expressly the high ideas of socialism, secularism and the integrity of the Nation, because this institutions have been subjected to considerable stresses and strains and vested interest have been trying to promote their selfish aims to the great detriment of public good. এই কারণের জন্য, এই Objects এবং reasons-এর জন্য, এই তিনটি শব্দকে ৪২তম সংশোধনীর মধ্য দিয়ে ঢোকাতে হয়েছিল। তার পরবর্তীতে প্রশ্ন উঠেছে, বিভিন্ন মামলা হয়েছে, যেখানে সুপ্রিম কোর্ট পরিষ্কার করে বলে দিয়েছে যে, এখানে basic structure of the Constitution-এর সাথে কখনও আপস করা যায় না। 'Preamble' হল, basic structure of the Constitution এবং সেখানে যে বহুত্ববাদের কথা বলা হয়েছে, সেখানে যে secularism-এর কথা বলা হয়েছে তার সাথে কোনো আপস কখনও করা যেতে পারে না। স্যার, ঠিক এই জায়গায় দাঁড়িয়ে ১৯৭৩ সালে Kesbanandra vs State of Kerala secularism-এর মানে করেছিল, The state shall not discriminate against any citizen on the ground of religion only. পরবর্তীতে '৭৫ সালে Indira vs. Raj Narayan, সেখানে বলা হল, Justice Chandrachur বললেন, The state shall have no religion of its own and all persons shall be equally entitled to the freedom of conscience as the right to freely protest and propagate religion. অর্থাৎ সেই জায়গায় দাঁড়িয়ে আজকে অসহিষ্ণুতার যে বাতাবরণ এখানে তৈরি হয়েছে সারা ভারতবর্ষের মাটিতে ভারতীয় জনতা পার্টির প্রচ্ছন্ন মদতে সেটাই আজকে ভারতের যে বুনোট, যে ম্যাট্রিক্সের ওপর আমরা দাঁড়িয়ে আছি তাকে আঘাত করছে। তারই বিরুদ্ধে আজকে সদনের এই প্রস্তাব। আমাদের বলতে লজ্জা লাগে যে, এখানে দাঁড়িয়ে আমরা দেখলাম যে, গোলাম আলির মতো একজন বিখ্যাত সঙ্গীতজ্ঞ, যে সঙ্গীতের সুর কোনো রাষ্ট্রের চৌহদ্দির মধ্যে বেঁধে রাখা যায় না। যাঁর ভৈরবী সুর শুনে ভোরের অণুতে, পরমাণুতে সকলে আগামীদিনটা আরও বেশি কি করে ভালোভাবে তার জীবনের রাস্তা অতিবাহিত করবে, সে কথা ভাবে। সেখানে দাঁড়িয়ে আমরা দেখলাম যে, গোলাম আলিকে তাঁর সঙ্গীতানুষ্ঠান ক্যানসেল করতে হল। রাষ্ট্রের চৌহদ্দির মধ্যে কোনো কবি অথবা সঙ্গীতশিল্পীকে বেঁধে রাখা যায় না। স্যার, এখানে দাঁড়িয়ে আমি এ কথা বলতে চাই যে, তাহলে বিশ্বকবি আমাদের রবীন্দ্রনাথ ঠাকুর সেই বিশ্বকবি দু'টি গান আমাদের জাতীয় এবং আর একটি রাষ্ট্রের জাতীয় সঙ্গীত তার বাংলাদেশের হত না।

[3.20 – 3.30 p.m.]

একথা প্রমাণ করে দেয় যে সঙ্গীতের সুর কোনো চৌহদ্দি বা রাষ্ট্রের মধ্যে সীমাবদ্ধ থাকতে পারে না। বহুত্ববাদের যে সাংবিধানিক অধিকার রয়েছে এই ভারতবর্ষের মানুষের সেটা ভারতবর্ষের মানুষই রক্ষা করবে। আর, যাঁরা এর বিরুদ্ধাচরণ করছে তাঁরা বিতাড়িত হবে।

এখানে সুভাষবাবু এবং পরবর্তীতে পরেশ অধিকারী মহাশয় অনেক কথা বললেন। যদি সেদিন সহিষ্ণুতা আমরা দেখতাম যেদিন ফেলানি বসাকের জন্য ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়।)...

...(হইচই)...

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, Motion under Rule 185 যেটা সবাই মিলে এখানে, দলমত নির্বিশেষে নিয়ে এসেছেন, একজন বাদে, সেটা আমি সমর্থন করছি।

আমি স্যার দাবি করতে পারি না, করতে চাইও না যে, এই প্রস্তাবটি মূলত আমরা তৈরি করেছিলাম, আশা করি পার্থবাবু তা স্বীকার করবেন, দু-একটা শব্দ হয়তো এদিক-ওদিক হয়েছে কিন্তু আমরা সহমত হয়েই স্বাক্ষর করেছি। So we must go by the spirit. এর মধ্যে যে অন্তর্নিহিত বিষয় তার মধ্যে গিয়েই আমরা বুঝে সই-স্বাক্ষর করেছি। আমি এখানে সেই কথার পুনরাবৃত্তি করতে চাই না যে কথা বলা হয়েছে ইতিমধ্যেই। Constitution-এর যে preamle, মাননীয় সোহরাব সাহেব বলেছেন, মানসবাবু বলেছেন, মাননীয়া মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যও বলেছেন। দুটো কথা যা '৭৬ সালের সংবিধানে যুক্ত হয়েছে সেটা মিলিয়ে দাঁড়ায় Sovereign, Socialist, Secular, Democratic, Republic. একটা কথা আরেকটা কথার থেকে বাদ দেওয়া যায় না। সেই জন্য প্রশ্নটা আসে যখন প্রস্তাব লেখা হয়েছে, যে 'এই সভা আরো দাবী জানাচ্ছে, সরকার যেন রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় সহ সমস্ত রকম অসহিষ্ণুতাজনিত কার্যকলাপ প্রতিহত করার জন্য কঠোর ব্যবস্থা গ্রহণ করেন।' এটা শেষ বাক্য প্রস্তাবের। এটাতে আমরা সহমত হয়ে সই করেছি। কারণ আমাদের কাছে ঠিকই, রাজনৈতিক অসহিষ্ণুতা আছে। এ রাজ্যে আছে। ধর্মীয় অসহিষ্ণুতা সারা দেশের সামনে সবচেয়ে বড় সমস্যা। আর, তার সঙ্গে আমরা দেখেছি সামাজিক অসহিষ্ণুতা। আমাদের দিল্লিতে ক্ষমতাসীন যে সরকার তার মন্ত্রীকে আমরা দেখেছি কীরকম করে একজন দলিত হত্যার প্রশ্নে তিনি কুকুরের মৃত্যুর তুলনা করেছেন। আম্বেদকর, যিনি এই সংবিধান রচয়িতাদের নেতৃত্ব দিয়েছিলেন, অন্যতম রূপকার, আমরা জানি তিনি নিজে কীভাবে সামাজিক অসহিষ্ণুতার শিকার হয়েছিলেন এবং শেষে বৌদ্ধধর্ম অবলম্বন করতে বাধ্য হয়েছিলেন। আজকে আরও দেখছি, যেটা কখনও দেখিনি পৃথিবীর ইতিহাসে, আজকে দেখছি নানারকম ধর্মের ওপর ভিত্তি করে মৌলবাদ, এসব মাথা তুলে দাঁড়ায়। ধর্মের সঙ্গে যার কোনো সম্পর্ক নেই। সেই বৌদ্ধ মৌলবাদ তো আমরা এখন প্রত্যক্ষ করছি শ্রীলঙ্কায় কিংবা মায়ানমারে অর্থাৎ ব্রহ্মদেশে। আমরা দেখছি, কাজেই এরকম একটা প্রেক্ষাপটে দাঁড়িয়ে আমাদের একটা সুসংহত দৃষ্টিভঙ্গি দরকার সেটা কেবল একটা ভাষণের বিষয় নয়, একটা প্রস্তাবের বিষয় নয়। The best way of saying is doing,

করা। বলাটা কিছু ব্যাপার নয়। বলি আমরা ঠিকই, লিখি আমরা ঠিকই কিন্তু বিশ্বাস করা এবং করা। দরকার যেটা এখানে বলা হচ্ছে JUSTICE social, economic, political তিনটে। LIBERTY of thought, expression, belief, faith and worship EQUALITY of status and of opportunity। এগুলো হচ্ছে মূল কথা। যা আমাদের প্রিয়ামবুলে লিপিবদ্ধ আছে। দুর্ভাগ্যবশত এরকম একটা বিপদ আমাদের দেশের স্বাধীনতার পরে আর কখনও দেখিনি। এর আগেও আমরা বিজেপি নেতৃত্বাধীন সরকার দিল্লিতে দেখেছি। কিন্তু সেই সরকারের সঙ্গে এই সরকারের পার্থক্য হচ্ছে এই, প্রথমত — এখানে একটা দল এককভাবে সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে এবং তারা অতীতে যা পাননি। দ্বিতীয়ত — এই সরকারের নেতৃত্বে যিনি রয়েছেন তিনি দল হিসাবে তার নেতা — সেটা বড় কথা নয়। আসলে দলকে যারা চালায় রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ তার একজন সম্প্রচারক এখন আমাদের দেশের প্রধান আসনে বসেছেন। সেটা হচ্ছে আমাদের সামনে বড় বিপদ। আমরা এর আগে যা প্রত্যক্ষ করেছি তারচেয়ে অনেক বড় বিপদ আমাদের দেশের সামনে এখন আমরা প্রত্যক্ষ করছি। এই যে শমীকবাবু এসব বক্তৃতা করেছেন, ভালই করেন। আমি ওরকম বক্তৃতা করতে পারবো না, মেনে নিই। কিন্তু আসলে উনি যা বলতে চান উনি তা বলতে পারবেন না। আমিও মনে করি না যে উনি সাম্প্রদায়িক চিন্তাভাবনায় বিশ্বাস করেন। হয়তো আমি ভুল বলতে পারি, ঠিক বলতে পারি কিন্তু আসলে ওর না বলে কোনো উপায় নেই। কেউ আজকে ওই শাসক দলের মধ্যে, ওই দলের বিরুদ্ধে একটা কথা বলারও সাহস রাখে না। কারণ আর এস এসের মতন এরকম একটা সন্ত্রাসবাদী সংগঠন সেই দলকে পরিচালনা করে। একটা দল তার নিজের কোনো স্বাধীনতা নেই। কাজেই ওর কথা বলারও কোনো স্বাধীনতা নেই। ওকে বিরোধিতা করতে হবে প্রস্তাবের। উনি প্রস্তাবের স্বাক্ষরকারী হতে পারেন না। অনেক কথা এখানে বলা হয়েছে। পশ্চিমবাংলার মাটিতে এসে আর এস এসের প্রধান বলে গেছেন আবার এখানে রামমন্দির বানাতে হবে। উনি কি বলতে পারবেন ওঁর পার্টিটা রামের পার্টি না নাথুরামের পার্টি? কার পার্টি? উনি বলতে পারবেন? বলতে পারবেন না। কিন্তু উনি এককথায় বলতে পারবেন। বলার সেই স্বাধীনতা ওর নেই। অবশ্যই সৎসাহস নেই। কাজেই এটা এমন একটা জিনিস যা কখনও মেনে নিতে পারি না। এবং এটাই হচ্ছে মুশকিল যে যখন এরকম একটা সাম্প্রদায়িক মৌলবাদী শক্তি মাথা তুলে দাঁড়ায় দুর্ভাগ্যবশত আর একটা সাম্প্রদায়িক শক্তি সেখানে ইন্ধন যোগায়। কিন্তু আমাদের কাছে সবসময় বড় বিপদ আমরা মনে করি সংখ্যাগুরু সাম্প্রদায়িকতা। ধর্মনিরপেক্ষ শক্তির সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে যে দেশে তারা লড়াই করছেন সেদেশের যে সংখ্যাগুরু সাম্প্রদায়িকতা তাকেই প্রধান বিপদ হিসাবে বেছে নিয়ে লড়াই করতে হবে। হ্যাঁ, তার পাশাপাশি সবরকম সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। তার একটাকেও আমরা বাদ দিয়ে দিতে পারি না। পাকিস্তান কি বাংলাদেশে তাদের প্রধান দায়িত্ব হচ্ছে সেখানে ইসলামিক মৌলবাদ তার বিরুদ্ধে লড়াই করা। যাই হোক আমি সেই জন্য মনে করি যে আমাদের প্রধান দায়িত্ব এখানে এই তথাকথিত হিন্দুত্বের নামে যেসব কথা বলা হচ্ছে মৌলবাদী যেসব চিন্তা তার বিরুদ্ধে এবং বহুমাত্রিক একটা সংগ্রাম। এটা একটা নিছক হিন্দুত্বের স্লোগান নয়। বহুমাত্রিক আক্রমণ হচ্ছে। আক্রমণ হচ্ছে আমাদের দেশের সংবিধানের যে মৌলিক ধারণা সেটার উপর। যে সংবিধান হাতে করে শপথ নিয়ে আমরা এই হাউসের মধ্যে ঢুকি।

[3.30 – 3.45 p.m.]

আক্রান্ত হচ্ছে আমাদের দেশের ইতিহাস। তাকে বিকৃত করার চেষ্টা করা হচ্ছে। ছেলেমেয়েরা যে পাঠ্যপুস্তক পড়বে, তাকে বিকৃত করার চেষ্টা করা হচ্ছে। এর জন্য বহুরকম উদ্যোগ চাই এবং সেখানে আমাদের সহমত হয়ে এই প্রস্তাব যা আমরা কার্যকরী করার জন্য এনেছি। আমাদের তার পাশাপাশি খেয়াল রাখতে হবে যদিও আমি বললাম তিনটে কথা যেটা অর্থনৈতিক, সামাজিক, ধর্মীয়, রাজনৈতিক সমস্ত বিষয়ে সবার সমতা চাই, অধিকার ইত্যাদি চাই যা এখানে বলা হয়েছে। social, economic, political justice এই তিনটি আলাদা করা যায় না সেটাও গুরুত্বপূর্ণ এই জন্য স্যার যে যদিও socialist কথাটি লেখা হয়েছিল, আগেই লেখা ছিল justice, economic, social, political। এইসব লেখা হয়েছিল। তার কারণ অর্থনৈতিক বৈষম্য যদি বাড়ে তাহলে এইসব শক্তি তারা মাথা তুলে দাঁড়াবার সুযোগ পায়। এগুলোকে তারা ব্যবহার করে, এর উপর নির্ভর করে। আমরা জানি, কীরকম বেকার সমস্যা বাড়াটার উপর দাঁড়িয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা করেছিলেন হিটলার। কীরকম করে facist-দের উদ্ভব হয়েছিল ইতালিতে, জার্মানিতে ইতিহাসে সেই সব প্রত্যক্ষ করেছি। আমরা এখানে প্রত্যক্ষ করছি। এই লড়াইটা সেই জন্য একমাত্রিক লড়াই নয়, বহুমাত্রিক। এই জন্য আমরা দেখেছি, যার জন্য আমরা গর্বিত যখনই আমাদের দেশের এই মৌলিক কাঠামো আক্রান্ত হয়েছে তখন মানুষ যারা ইতিহাস রচনা করেন তারা এগিয়ে এসেছে। আমরা ২০১৫ সালেও দেখেছি বিহারের মাটিতে কিরকম "হর হর মোদি, ঘর ঘর মোদি"—অড়হর মোদি স্লোগানে পরিণত হয়েছিল কারণ অড়হর ডালের দাম ৯০ টাকা যেটা কিলো ছিল, সেটা ২০০ টাকা পেরিয়ে গিয়েছিল। সুতরাং ডালের দাম যখন বাড়ে, পেটে যখন আগুন জ্বলে, বাজারে যখন আগুন জ্বলে তখন এই যারা বাড়িতে আগুন জ্বালাতে চায়, ঘরে, বস্তিতে যারা আগুন জ্বালাতে চায়, যারা দাঙ্গার আগুন জ্বালাতে চায় তখন তার মোকাবিলা করার জন্য এর সঙ্গে সুসংহত লড়াই চাই। সেই জন্যই স্যার, অর্থনৈতিক বৈষম্যের বিরুদ্ধে লড়াই, সামাজিক বৈষম্যের বিরুদ্ধে যে লড়াই তার থেকে আলাদা করা যায় না এবং ধর্মনিরপেক্ষতার উপর যে আক্রমণ হচ্ছে তার মোকাবিলার লড়াইকে আলাদা করা যায় না। স্যার, আমি এটা বলতে চাই যে এটা ঘটনা যে আপনি বলতে পারেন এই অসহিষ্ণুতার বিরুদ্ধে প্রস্তাবে স্বীকার করে নেওয়া ভালো আমি মনে করি না যে আমি অসহিষ্ণু নই — আমি অসহিষ্ণু। আমি মনে করি আমাদের সবারই অসহিষ্ণু হওয়া উচিত। আমাদের সবারই zero tolerance হওয়া উচিত। অসহিষ্ণুতা—যেখানে অসহিষ্ণুতা যেখানে অন্যদের কণ্ঠস্বর দাবিয়ে দিতে চায় তার বিরুদ্ধে আমাদের সহিষ্ণুতা দেখানো অপরাধ হবে It is a crime যদি আমরা এইসব মেনে নিই যা হচ্ছে। সেইজন্য স্যার, I have zero tolerance। স্যার, মুখ্যমন্ত্রীরও zero tolerance আছে প্রায় আমার মতো but for quite different reasons, quite opposite reasons could be political intolerant যেটা খালি এরা করেননি স্যার মাননীয় মন্ত্রী একটু বলতে যাচ্ছিলেন, স্যার, আপনি অসহিষ্ণু না হলেই পারতেন। গালিগালাজটা শুনে আমার বললে ভালো হত। তারপরে আমি যাই বলি, পার্থবাবু বলবেন আমার তাতে কোনো অসুবিধা নেই, কিন্তু ডাঃ মানস ভুঞ্যাও বলেছেন যে

I am intolerant to this intolerance রাজ্যে যা আমরা প্রত্যক্ষ করছি। গণতন্ত্র যদি আক্রান্ত হয়, স্যার ধর্মনিরপেক্ষতার জন্য লড়াইয়ে আপনি এগোতে পারবেন না। আর ধর্মনিরপেক্ষতা যদি আক্রান্ত হয় কালকে গণতন্ত্র আক্রান্ত হবে। আমরা যেরকম কালকে দেখেছি দিল্লিতে মুখ্যমন্ত্রীর ওখানে যেরকম রেড হচ্ছিল, ওখান থেকে কেজরিওয়াল যখন ট্যুইট করছিলেন যে, আর একটা এমার্জেন্সী আমরা দেখেছি, কীরকম করে আক্রান্ত হতে পারে। সেই জন্য এর সঙ্গে পারস্পরিক সম্পর্ক। আমি তাই বলতে চাই, আমরা যা সই করেছি সেটাই আসুন সেটাই আমরা বিশ্বাস করি, আমরা কাজে লাগাই। যেসব রকম অসহিষ্ণুতার বিরুদ্ধে যে সংগ্রাম, তা জারি রাখবার জন্য। আমি কথা শেষ করতে পারি সেই ফ্যাসিবাদের বিরুদ্ধে সেই সংগ্রামের মহান বাণীকে, যে সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল। এই সংগ্রাম জারি থাকবে, জারি থাকবে এবং জারি থাকবে। যতদিন জারি থাকবে ততদিন, যতদিন পর্যন্ত না বিজয় অর্জিত হচ্ছে, ততদিন পর্যন্ত। আই স্যাল নট রেস্ট, আমার কোনো বিশ্রাম নেই। ইউ স্যাল নট রেস্ট, আপনাদের কারোর কোনো বিশ্রাম নেই এবং উই স্যাল নট রেস্ট, আমাদের কারোর, কারোর কোনো বিশ্রাম নেই। ধন্যবাদ স্যার।

ডঃ পার্থ চ্যাটার্জী : মোশান আন্ডার রুল ১৮৫ এ এই যে প্রস্তাব সকলের পক্ষ থেকে আমরা এই হাউসে রেখেছিলাম, শমীক ভট্টাচার্যও এখানে এসেছিলেন এবং বললেন যে আমি পার্টিসিপেট করতে চাই। তার মানে তিনিও এই প্রস্তাবের সপক্ষে, বিপক্ষে, যাই হোক তিনি পার্টিসিপেট করেছেন। আমার আগে পনেরো জন বক্তা তাদের বক্তব্য রেখেছেন। আমার বিশেষ কিছু বলার নেই। তবে বলার মধ্য দিয়ে তারা অনেকেই বোধহয় নিজেরাও দু-একজন অসহিষ্ণু হয়ে পড়লেন। কাজেই যেভাবে আমরা এই বাক্য রচনা করে প্রস্তাব এনেছিলাম সবাইকে মিলে, তাতে বোধহয় কোথাও কোথাও একটু চোনা ফেলে দিলেন। এখন আপনারা যদি এই পুরনো প্রসঙ্গ বলেন তাহলে হয়তো আমাকে মনে করিয়ে দেয় যে আগের সরকার কি সত্যিই নন্দীগ্রাম নিয়ে অসহিষ্ণু ছিল? আগের সরকার কি সত্যিই সিঙ্গুর নিয়ে অসহিষ্ণু ছিল? আগের সরকার কি গণতান্ত্রিক বোধকে জাগানোর জন্য যারা চেষ্টা করেছিলেন, তাদের প্রতি অসহিষ্ণু ছিল? এই প্রশ্নগুলোকে আমরা সামনে না রেখে আমরা রেখেছিলাম আজকে যে প্রেক্ষাপটে সকলে মিলে — এটা ঠিকই যে তরুণ নস্কর, তিনি প্রথম বিজনেস অ্যাডভাইসারী কমিটিতে এই প্রসঙ্গটি আনেন। আমি বলেছিলাম আজকে তো পলিটিক্যাল পার্টির মিটিং হচ্ছে অধ্যক্ষের ঘরে। যেদিন বিজনেস অ্যাডভাইসারী কমিটির মিটিং হবে, নিশ্চয় বলবেন। তারপরে সূর্য্যবাবুও তার পরের দিন এসেছিলেন এবং তিনিও এই কথাটা বলেন। এখন কে আগে আনলাম, কে পরে আনলাম সেটা বড় কথা নয়। আমরা সকলে মিলে আনলাম, বোধহয় এর মধ্যে একটা জয় থাকে, একটা আনন্দ থাকে যে আমরা অন্তত একটি বিষয়ে এই হাউসে সবাই মিলে একত্রিত হতে পেরেছি। শমীকবাবু মনের দিক থেকে হয়তো একত্রিত হতে পেরেছেন কিন্তু রাজনীতি যে দলের হয়ে করেন, তার পক্ষে হয়তো অসুবিধা আছে। কিন্তু তাকে বলতেই হবে যে পশ্চিমবঙ্গের একটা ঐতিহ্য আছে, একটা সংস্কৃতি আছে এবং সেই সংস্কৃতিটা হচ্ছে এই প্রস্তাবের যে মূল বিষয়, সেটা। আমি এখানে এই প্রস্তাবে দেখতে দেখতে অনেকটা দূর

পিছিয়ে গিয়েছিলাম। ঠিক আমাদের এই পাশের চেয়ারে যিনি বসতেন, তিনি একটা—১৯৯১সালের ৩১শে মার্চ অন্য একটি বিষয়ে বক্তব্য রাখছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী হিসাবে। তিনি বলছিলেন যে সেদিন তারাও তেমনি করে মনে রেখেছিলেন যে আমাদের ইতিহাস আর ঐতিহ্য হল বৈচিত্র্যের মধ্যে ঐক্য। আমাদের দেশ নানা ধর্ম, নানা ভাষা, নানা সংস্কৃতির দেশ। আর এইসব সমন্বয়ে গড়ে উঠেছে আমাদের ভারতবর্ষ। এখন এই কথাটা মনে রেখে যারা বলেছিলেন, তারা অনেকেই পরবর্তীকালে হয়তো প্র্যাকটিসে কোথাও কোথাও ছন্দপতন ঘটেছিল। আমি শমীকবাবুকে শুধু এই কথাটা বলব যেহেতু তিনি এটায় সই করেননি কিন্তু বক্তব্য রেখেছেন,আজকে তা মনে রাখতে হবে যে কেন্দ্রে আর আজকে একদলীয় শাসনের দিন নেই। এর ফিরে আসারও কোনো সম্ভাবনা আমি অন্তত দেখছি না। তাই আমাদের সবাইকেই এই অবস্থার সঙ্গে খাপ খাইয়ে নিতে হবে। কিন্তু আমরা ভয় পাচ্ছি কেন? এটা হতে পারে কেন্দ্রে একটা দল ক্ষমতাসীন হলেন, তাদের হাতে কয়েকটি রাজ্য সরকার নাও থাকতে পারে। বাকি রাজ্যগুলি হয়তো অন্য দলের শাসনাধীন থাকল। এই যেমন ভারতে রয়েছে। কিন্তু এদের মধ্যে সমন্বয় ও সহযোগিতাই থাকা প্রয়োজন। সংঘাত সৃষ্টি হবে কেন? আর সেই সংঘাতটা যদি ধর্মের উপরে হয়, সেই সংঘাতটা যদি সাম্প্রদায়িকতার বিষকে ছড়িয়ে দিয়ে হয় তাহলে সেটা তো সাংঘাতিক, মারাত্মক। আমি আপনাদের সকলকে ধন্যবাদ জানাব যে আপনারা অন্তর থেকে আপনাদের বক্তব্য রেখেছেন এবং বিশেষ করে—সূর্য্যবাবু বললেন আমাদের বিশ্রাম নেই। আমি দেওয়ালেও দেখেছিলাম আপনারা লিখেছিলেন যে জ্যোতিবাবুকে বিশ্রামে পাঠাবেন না, কিন্তু বিশ্রামে চলে যেতে হচ্ছে। বিশ্বাস—শুধুমাত্র স্লোগান নয়। বিশ্বাসটাকে যদি আপনি নিজে প্রভাবিত করতে পারেন আপনাদের কমরেডদের মধ্যে, আমাদের সকলের মধ্যে তাহলে নিশ্চয়ই অসহিষ্ণুতার জায়গা নেই। আপনি নিজেও বলেছেন আপনি মাঝেমধ্যে অসহিষ্ণু হন। আমরাও হই। আমরা যে হই না তা নয়। যখন দেখি যার সহিষ্ণু হওয়ার কথা ছিল সে অসহিষ্ণু হচ্ছে। কিংবা আপনি এখন যে আসনে বসে আছেন সেই আসনে আমি যখন বসতাম, আপনি যখন এখান থেকে কথা বলতেন তখন আমারও মনের মধ্যে হত আপনি কি অসহিষ্ণুভাবে আমাদের কথা শুনছেন। হয়তো একই জেলার লোক বোধহয় প্রায়ই আপনারা বিতর্কে জড়াতেন। আমি দূর থেকে ভাবতাম কি অসহিষ্ণুতার লক্ষণ। কিন্তু আজকে সেটা নয়। আজকে আরও মারাত্মক। এটা শুধুমাত্র হাউজে একজন বা দুজনের অসহিষ্ণুতা নয়, আমরা একটা মারাত্মক জিনিস নিয়ে খেলবার চেষ্টা করছি। যা মানুষে মানুষে হাতাহাতি করবে, রক্তারক্তি করবে। যা দেশের অগ্রগতিকে আটকে দেবে, যা দেশের প্রগতিকে আটকে দেবে, যা ডেকে আনবে রাজনৈতিক প্রতিহিংসা। আমাদের তা বর্জন করতে হবে। সরকার—আমাদের বর্তমানে এই রাজ্যে যারা আছি সরকার নিশ্চয়ই একে কঠোরভাবে দমন করবার চেষ্টা করবে সকলকে নিয়ে। কিন্তু সকলের সহযোগিতা দরকার। আমাদের রাজনৈতিক প্রতিহিংসার জন্য যে ধরনের কেন্দ্রীয় মনোভাব, যে ধরনের রাজনৈতিক মনোভাব, যে ধরনের রাজ্য জয়ের প্রচেষ্টা, যে ধরনের ক্ষমতায় ফিরে আসার চেষ্টা—বিভিন্নরকম গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্যে দিয়েও নানা ধরনের সাম্প্রদায়িকতা, নানা ধরনের জাতপাতের বীজ ছড়াবার চেষ্টা হচ্ছে আমরা যেন তার থেকে বিরত থাকি। অসহিষ্ণু হচ্ছি আমরা ক্ষমতা চাই বলে, অসহিষ্ণু হচ্ছি

আমরা পাচ্ছি না বলে, অসহিষ্ণু হচ্ছি আমরা শর্টকাটে ক্ষমতায় ফিরব বলে। তাই এই অসহিষ্ণুতা থেকে মুক্ত হয়ে আসুন সবাই মিলে আমরা যে প্রস্তাব দিয়েছি — যে আবার বলি সূর্য্যবাবু ঠিকই বলেছেন। এই দাবি আমরা করতে পারি না। এই দাবি একমাত্র হাউজই করতে পারে যে একজন বাদে আমরা সকলেই সই করেছি। তবে আমরা অসহিষ্ণু হইনি। আপনাদের লেখা পড়ে আমাদের সহিষ্ণুতাই ফুটে উঠেছে। তাই সহিষ্ণুতার দাবি নিয়ে আমি এইটুকু বলতে পারি আজকে এই প্রস্তাব সকলে মিলে এবং যারা এনেছেন তাদের কথা মেনে নিয়ে কিছু পরিবর্তন করে অধ্যক্ষ এখানে যা দিয়েছেন আসুন সবাই মিলে — আমি শমীকবাবুকেও বলব আসুন সবাই মিলে আমরা এটা গ্রহণ করি। এবং আমরা মনে মনে বিশ্বাস করি আমরা যে সেখানেই থাকি, যে যে অঞ্চলেই থাকি সর্বত্রই এই বাতাবরণ তৈরি করব যে বাতাবরণের কথা এই প্রস্তাবে বলা আছে।

Now I put the motion moved by Dr. Partha Chatterjee to vote. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

The motion is carried.

Adjournment

The House was then adjourned at 3.45 p.m. till 11.00 a.m. on Thursday, the 17th December, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 17th December, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 234 Members including Minister-in-Charge and Ministers-of-State.

[11.00 – 11.10 a.m.]

Mr. Speaker : Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Amalendralal Roy**, former Minister of the Government of West Bengal who passed away on the 15th December, 2015 at Durgapur Mission Hospital, Durgapur. He was 93.

Born on the 2nd October, 1922 at Jangipur in the district of Murshidabad Shri Roy was educated at Raghunathganj M.E. School, Serajganj B. L. School, Krishnanath College, Berhampore and Ashutosh College, Kolkata. He entered into the arena of politics under the banner of Revolutionary Socialist Party and organised the party's activities successfully as a dedicated political worker. He also actively participated in various movements for the freedom of the country. He used to contribute articles on political and economic issues in different journals.

Shri Roy was elected to the West Bengal Legislative Assembly in 1969, 1977, 1982, 1987 and in 2001 from Barwan, Murshidabad Assembly Constituency as a candidate of Revolutionary Socialist Party. He was inducted in the State Cabinet as the Minister-in-Charge of the Department of Irrigation & Waterways, Government of West Bengal in 2001.

With the demise of Shri Roy the State has lost a veteran politician as well as an able administrator.

Mr. Speaker : Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members rose in their seats for 2 minutes as a mark of respect to the deceased)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of Condolence to the members of the bereaved family.

Starred Questions
(to which oral answers were given)

অনগ্রসর শ্রেণী কল্যাণে গৃহীত পরিকল্পনা

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫) **শ্রী অসিত মিত্র :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে অনগ্রসর শ্রেণীর কল্যাণে কী কী পরিকল্পনা গৃহীত হয়েছে/হচ্ছে?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস :

অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর তপশিলী জাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষের সামাজিক, অর্থনৈতিক, শিক্ষা এবং সাংস্কৃতিক উন্নয়নের জন্য সরকার নির্দিষ্ট কর্মসূচী অনুযায়ী কাজ করে থাকে। বর্তমানে কিছু নতুন পরিকল্পনা ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে গ্রহণ করা হয়েছে। যেমন—

(১) সবুজ সাথী—এই প্রকল্পের মাধ্যমে এবছর রাজ্যের সমস্ত জেলায় দশম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীর সমস্ত ছাত্রছাত্রীদের (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ভুক্ত ও সাধারণ) সাইকেল প্রদান করা হচ্ছে।

(২) শিক্ষাশ্রী—২০১৪-১৫ অর্থবর্ষ থেকে শিক্ষাশ্রী নামক একটি নতুন প্রকল্প পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণীর তপশিলী জাতির ছাত্র-ছাত্রীদের জন্য চালু করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের দেয় বৃত্তি সরাসরি তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা করা হচ্ছে।

(৩) স্পেশাল রিক্রুটমেন্ট ড্রাইভ—১৬টি বৃহৎ দপ্তর/অধিকারে ৯৯২৩টি তপশিলী জাতির শূন্যপদ চিহ্নিত করা হয়েছে, ইতিমধ্যেই প্রথম পর্যায়ে ৩৩৫৫টি শূন্যপদে নিয়োগের জন্য ক্যাবিনেটের অনুমোদন ৩১/০১/২০১৪ তারিখে পাওয়া গেছে। তার মধ্যে এখন পর্যন্ত ১২৪৩ জন পদপ্রার্থীর নিয়োগের প্রক্রিয়া PSC, SSC ও West Bengal Health Recruitment Board-এর দ্বারা শুরু হয়েছে।

(৪) হস্টেল চার্জ—ছাত্রছাত্রী পিছু প্রতিবছর অতিরিক্ত ৪০০ টাকা করে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে রক্ষণাবেক্ষণের মূল্য হিসাবে।

(৫) স্কিল ডেভেলপমেন্ট—২০১৫-১৬ অর্থবর্ষে আরও বেশী সংখ্যক তপশিলী জাতিভুক্ত মহিলাকে এই প্রকল্পের আওতায় আনার ব্যবস্থা করা হয়েছে। শুধুমাত্র ১৫০০০ মহিলাকে এথনিক বিউটি কেয়ার প্রোগ্রামে এবং ১০০০ মহিলাকে স্বাস্থ্যক্ষেত্রে আনার ব্যবস্থা হয়েছে নার্সিং ট্রেনিং ও জি.ডি.এ. কোর্সের মাধ্যমে।

(৬) ৬৬টি মহকুমার মধ্যে ৬২টি মহকুমাতে অনলাইন-এ জাতিগত শংসাপত্রের জন্য আবেদনের ব্যবস্থা করা হয়েছে। বাকি মহকুমাগুলিতেও এই ব্যবস্থা শীঘ্রই চালু হবে।

(৭) ঝুমুর, গম্ভীরা, বাউল, ভাটিয়ালী, কবিগান, পুতুল নাচ, ছৌ, সারিগান, বাছারি বাইচ

প্রতিযোগিতা, কাঁথাশিল্প ইত্যাদি সাংস্কৃতিক কার্যাবলীর সংরক্ষণের জন্য দি ওয়েস্ট বেঙ্গল রুলস অফ বিজনেসকে সংশোধন করা হয়েছে নোটিফিকেশন নং 439-Home (Cons) তারিখ ১৬/১২/২০১১-এর মাধ্যমে। এ ছাড়াও উত্তর ২৪ পরগনার বনগাঁতে একটি কবিগান অ্যাকাডেমি স্থাপন করা হয়েছে।

(৮) এই দপ্তরের অন্তর্গত কালচারাল রিসার্চ ইনস্টিটিউট-এ একটি বোট মিউজিয়াম স্থাপন করা হয়েছে।

(৯) উক্ত ইনস্টিটিউটে আম্বেদকর সেন্টার ফর এক্সেলেন্স শুরু করা হয়েছে। উক্ত সেন্টারের কার্যক্রম নিম্নে উল্লেখ করা হল:-

(ক) কৃষি শ্রমিক কল্যাণ কেন্দ্র, (খ) মোবাইল হেল্‌থ কেয়ার, (গ) কেরিয়ার অ্যাপ্টিটিউট টেস্ট, (ঘ) তপশিলী জাতি ও তপশিলী উপজাতি ছাত্রছাত্রীদের জব ফোকাসড ট্রেনিং প্রোগ্রাম, (ঙ) পার্সোনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম, (চ) এথনিক বিউটি কেয়ার, (ছ) স্পোকেন ইংলিশ কোর্স, (জ) আই-লাইব্রেরী, (ঝ) কারিগরদের জীবিকা কর্মসূচী, (ঞ) কম্পিউটার ও-লেবেল কোর্স। এছাড়া বনগাঁতে একটি আম্বেদকর সেন্টার ফর এক্সেলেন্স-এর ভবন তৈরি হচ্ছে।

শ্রী অসিত মিত্র : স্যার, basic question which is linked with the development of backward class people. অনগ্রসর শ্রেণী বলতে আমি একেবারে ট্রাইব্যালদের ধরছি। ট্রাইব্যালদের ব্যাপারে ফিফথ সিডিউল, যেটা অন্যান্য জায়গায়, অন্যান্য স্টেটে কার্যকরী হচ্ছে, আমাদের এখানে ফিফথ সিডিউলের ব্যাপারটা কার্যকরী করা হচ্ছে না কেন? এই বিষয়ে আপনাকে জানাই, এমন জায়গা আছে যেখানে ৮০% ট্রাইব্যাল, ৯০% ট্রাইব্যাল।

Dr. Upendra Nath Biswas : Hon'ble Speaker Sir, this tribal development is looked after now by the department of Tribal Welfare. So, this is outside my purview.

[11.10– 11.20 a.m.]

শ্রী অসিত মিত্র : সরি, স্যার আপনাকে এটা ভোগ করতে হচ্ছে। আমার নেক্সট সাপ্লিমেন্টারি যেটা সেটা হল আপনি বলেছেন যে ৯ হাজার ৯২৩টা চাকরির জন্য শূন্যপদ চিহ্নিত করা হয়েছিল। কিন্তু সেই জায়গাতে মাত্র ১ হাজার ২৪৩ জন এখনও পর্যন্ত অ্যাপয়েন্টমেন্ট পাওয়ার জন্য তাদের নিয়োগ প্রক্রিয়া কমপ্লিট হয়েছে। এইরকম ধরনের ওবিসি, সিডিউল কাস্ট এবং ট্রাইবাল তাদের রিজারভেশনের যে তালিকা সেই তালিকাটি ঠিক সময়ে কি আপনার দপ্তরে পৌঁছয়? অথবা কিভাবে তাদের ম্যানেজ করা হয়? অনেক সময়ে মুখ্যমন্ত্রী পর্যন্ত তাতে বিরক্তি প্রকাশ করেছেন।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে প্রার্থনা করতে চাই যে এর আগে আমি এই মহতী সদনকে বলেছি এই ব্যাপারটা আগে কোনো মনিটরিং করা হত না। আমি নিজে হিয়ারিং করেছি। ওই ডিপার্টমেন্টের যে প্রিন্সিপ্যাল সেক্রেটারি বা তাদের

অন্যান্য যারা অফিসার্স তাদের ডেকে এনে আমি নিজে হিয়ারিং করে বলেছি যে আপনারা রিপোর্ট পাঠাচ্ছেন না। আজকে সাড়ে চার বছর আগের কথা। এই প্রক্রিয়াটা করতে দেরী হত কারণ আগে তো পাঠাতই না। কোনো ডিপার্টমেন্টই রিপোর্ট পাঠাত না। তার পরে অনেক কিছু করার পরে মেজর ডিপার্টমেন্টসগুলো পাঠানো আরম্ভ করল এবং এই যে প্রক্রিয়াটার পিছনে এই ব্যাকগ্রাউন্ডটা আমাদের জানা দরকার। আদারওয়াইজ ইট উইল বি মিসকনসিভড্। বাট হাউএভার আমরা আজকে অন্তত এই কথা বলতে পারি যে স্কুলের কথা ধরুন, কলেজের কথা ধরুন তারা আসে আমাদের কাছে তাদের রেগুলারাইজেশন করতে হচ্ছে। কোথায় ভ্যাকেন্সী আছে, কেন ফিল আপ করতে পারছে না এবং কোনো জায়গায় ক্যান্ডিডেট যদি না পাওয়া যায় তার হিয়ারিং হয়, আজকে লাইন দিয়ে কলেজে ছাত্র দাঁড়িয়ে থাকে এবং বিভিন্ন ডিপার্টমেন্ট।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে খবর দিতে চাই যে প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয়ে ইংরাজীর একজন অধ্যাপক মিঃ মণ্ডল, তিনি সিডিউল কাস্ট এবং তাঁর নামে কুকুর, কুকুরের বাচ্চা এই নামে ওখানকার ছাত্ররা তাঁকে ডাকে। তিনি ওই ছাত্রদের কাছ থেকে বক্তব্য শুনেছেন, তারা বলেছে যে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইব এরা নিকৃষ্ট এবং কুকুরের চেয়ে নিকৃষ্ট। এই ব্যাপারে আপনি কি কোনো খবর রাখেন এবং আপনি কোনো ব্যবস্থা নেওয়ার চেষ্টা করছেন কিনা এটা কি জানাবেন?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : দেখুন এইরকম কোনো কমপ্লেনট এই প্রফেসর আমার কাছে করেননি। এইরকম কমপ্লেনট সেই প্রফেসর আমাকে করেননি। কিন্তু যদি কেউ এইরকম কমপ্লেনট করে নিশ্চয়ই যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। আপনি যে কথা বলেছেন অনারেবল মেম্বার, আপনার কথাটা আই ক্যান নট ডিসএগ্রি উইথ ইওর ওয়ার্ড বাট ইফ ইউ নো হিম, লেট হিম মেক এ কমপ্লেন টু মি। দিস ইজ অ্যাবসলিউটলি কনডেমেবল, আই উইল টেক সিরিয়াস অ্যাকশন অন দিস।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা গুরুতর সমস্যার বিষয় উল্লেখ করতে চাই। বিষয় হচ্ছে যে পশ্চিমবাংলার বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এইরকম কিছু জেলাতে লায়েক সম্প্রদায়ের বসবাস আছে। এরা আগে ১৯৬০ সালে ক্যালকাটা গেজেটে লায়েক অথবা খয়রা এইভাবে ওরা সার্টিফিকেটটা পেত। ইদানীংকালে এইসব বিষয় নিয়ে অনেক আলোচনা করার পরে এস চ্যাটার্জী, জয়েন্ট কমিশনার ফর রিজারভেশন অ্যান্ড এক্স অফিসিও, জয়েন্ট সেক্রেটারী টু দি গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল তারা বলে যে খয়রা সাব কাস্ট থেকে এই লায়েকরা কাস্ট সার্টিফিকেট পাবে। কিন্তু কোনো জেলাতে কোনো ডিএম কিংবা বিডিও যারা সার্টিফিকেট দেবেন তারা এটা ইগনোর করছেন এবং অহেতুক এই লায়েক সম্প্রদায়ের ছাত্রছাত্রী তাদের সমস্ত সুযোগ সুবিধা বন্ধ হয়ে যাচ্ছে। সেই জন্য মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই যাতে এইটা কার্যকরী হয় তার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আপনি বলছেন আমাদের দপ্তর যে ইনস্ট্রাকশন রয়েছে সেটা ইস্যু করেছে, সেটা আপনি নিজেই বললেন। সেটা আপনি নিজেই উল্লেখ করলেন, 'And that is the correct instruction and if you have got specific complain of some castes then we will take action certainly, তাহলে আমরা নিশ্চয় অ্যাকশন নেব।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই অতিরিক্ত প্রশ্ন করছি। এখানে মাননীয় মন্ত্রী বললেন যে সবুজসাথী প্রকল্পে এসটি, ওবিসি ছাত্রছাত্রীদেরকে সাইকেল দেওয়া হচ্ছে। এই সাইকেল যে আপনি দিচ্ছেন তার টাকা কেন্দ্র দিচ্ছে, না রাজ্য সরকার দিচ্ছে।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : এই টাকাটা সম্পূর্ণ আমাদের গভর্নমেন্ট অব ওয়েস্টবেঙ্গল বা পশ্চিমবঙ্গ সরকারের টাকা। এক টাকাও কেন্দ্রীয় সরকারের টাকা নয়।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন—আমি এর আগেও মেনশন দিয়েছি, ওঁনাকে প্রশ্নও করেছিলাম। খুব ভুগতে হচ্ছে। চাকরী পেয়েও চাকরী পাচ্ছে না। আমি একেবারে ক্যাটাগরীকালি আপনার কাছে জানতে চাই এসসি, এসটি এবং ও বি সি(এ) ও বি সি(বি)-এর কোন কোন সম্প্রদায়ের নাম আপনি কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছিলেন এদেরকে তালিকাভুক্ত করার জন্য। এবং সেখান থেকে কোনগুলি নথিভুক্ত হয়ে এসেছে, এটা যদি আপনি এই হাউসকে জানান।

শ্রী শেখ আমজাদ হোসেন : উনি স্যার, এটা আগে উত্তর দেননি। পার্লামেন্টে স্যার, এটা পেশ হয়েছে।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : অনারেবল স্পীকার স্যার, এর প্রসেসটা এইরকম, আমাদের এখানে ও বি সি কেউ হল, তারপর আমরা সেটাকে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠাই। ইট ইজ এ ডায়ানামিক ফিগার। আজকে যদি আমি বলি যে পাঁচজন লোক হয়েছে, কালকে দেখা যাবে যে ছয়জন হয়েছে। মানে It is dynamic figure. This is continuous process. আপনি যদি বলেন যে কোন কোন জাতি হয়েছে সেই ব্যাপারে আপনি লিখিতভাবে জানতে চান তাহলে আমি সেই হিসাবে উত্তর দেব। তবে সেই হিসাবে উত্তরটাও কিন্তু ইনকারেক্ট হবে। Particular day it will be correct.

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন—আমার বিধানসভা কুমারগ্রাম এলাকার কুমারগ্রাম ব্লকে এস সি, এস টি সার্টিফিকেট-এর জন্য যে অ্যাপ্লিকেশন দেওয়া হয়েছে ছয়, সাত, আট, নয় মাস পড়ে রয়েছে। আমি জানতে চাইছি এস সি, এস টি সার্টিফিকেট দিতে কতদিন সময় লাগে? এটা দিতে দেরী হচ্ছে কেন?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : প্রথম ব্যাপার হল আমরা প্রায় এক লক্ষ সার্টিফিকেট দিচ্ছি পার মান্থ। বারো লক্ষ সার্টিফিকেট পার অ্যানাম যাচ্ছে। এটা একটা অলমোস্ট কোয়ানটাম জাম্প।

এখন যদি আপনি স্পেসিফিক কমপ্লেন করেন, তাহলে বলতে পারব। কারণ আপনি জেনারালি যদি বলেন তখন আমার নাম্বারটা কিন্তু অনেক বেড়ে যাবে।

শ্রী শেখ শাহনাওয়াজ : স্যার, মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি। আমরা দেখেছি গত ২০০৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত চার বছরে মাত্র নয় লক্ষ ছেলেমেয়েকে সার্টিফিকেট দেওয়া হয়েছিল। এবং এর মধ্যে প্রায় বত্রিশ লক্ষ ছেলেমেয়েকে তিন বছরে সার্টিফিকেট দেওয়া হয়েছে এবং প্রায় একুশ লক্ষ ছেলেমেয়েদের কল্যাণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। এখন আজ পর্যন্ত এই সার্টিফিকেট কতজনকে দেওয়া হয়েছে এবং কতজনকে ঋণের সুযোগ দেওয়া হয়েছে এবং অন্যান্য সুযোগ দেওয়া হয়েছে বলবেন কি?

মিঃ স্পীকার : আপনি এই ব্যাপারে লিখিতভাবে উত্তর দিয়ে দেবেন।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—২০০৬ সালে ফরেস্ট রাইট অ্যাক্ট পাশ হয়েছে। ২০০৮ সালে রুল পাশ হয়েছে। ২০১২ সালে সংশোধিত রুল তৈরি হয়েছে। ২০১২ সালের ডিসেম্বর মাসে ন্যাশানাল কনসালটেশন করে বনদপ্তর এবং অনগ্রসর কল্যাণ দপ্তর এই আইনটিকে রূপায়িত করবার জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া সত্ত্বেও বনবস্তি এলাকায় বনবাসীদের সাথে বনাধিকারীকদের সংঘাতের বাতাবরণ সৃষ্টি হচ্ছে এই কারণে যে আপনার দপ্তর নোডাল এজেন্সী হওয়া সত্ত্বেও এখানে আপনার কোনো উপস্থিতি না থাকার কারণে ফরেস্ট রাইট অ্যাক্টের বিভিন্ন প্রভিশনগুলির ব্যাখ্যা এবং অপব্যাখ্যার কারণে বিভিন্ন ধরনের সংঘাতের বাতাবরণে আপনি কোনো পদক্ষেপ নিয়ে এর সমাধানের উদ্যোগ নেবেন কিনা।

[11.20– 11.30 a.m.]

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : নিশ্চয়ই। দেখুন, প্রথম হচ্ছে ফরেস্ট ডিপার্টমেন্টের সঙ্গে আমাদের ডিপার্টমেন্ট কিংবা এখন যেটা ডিফারেন্ট ডিপার্টমেন্ট হয়েছে সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব ওয়েলফেয়ার, তারা এই কনস্ট্যান্ট কাজ করছে এবং কোথাও যদি কোনো সমস্যা হয় আমরা নিশ্চয়ই সেটার মোকাবিলা করবো, এটা আমি অ্যাসিওর করতে পারি।

শ্রী আশিস মার্জিত : থ্যাঙ্ক ইউ স্যার। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব এবং ও.বি.সি. সার্টিফিকেট পেতে গেলে যে সমস্ত ক্রাইটেরিয়া আছে তার মধ্যে দলিলে সাব্ কাস্ট একান্তই প্রয়োজন। আমার প্রশ্ন এখানেই স্যার। যারা ল্যান্ড লেস্—দলিল নেই বা যাদের দলিল আছে কিন্তু সাব কাস্ট উল্লেখ নেই, এর বিকল্প কোনো ভাবনা আপনার কাছে আছে কি? এটা আমি জানতে চাইছি।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : দেখুন, আপনি যদি একটু খবর নেন, এই সম্বন্ধে বেশ কিছু বিভ্রান্তি হয়েছিল যে, দলিলেই থাকতে হবে। তা নয়, আমাদের ওয়েব সাইটটা যদি আপনি দেখেন, আমাদের রুল্স্ যেটা আছে, সেটা যদি দেখেন—দলিল বা কারো ভাইয়ের, বাবার, ঠাকুরদাদার বা আত্মীয়ের যদি সার্টিফিকেট থাকে তাহলে সে পাবে। এই ব্যাপারে আমরা কি

করেছি—অন্ মাই ইনস্ট্রাকশন দি ডিপার্টমেন্ট হ্যাজ্ ইস্যুড্ এ ক্ল্যারিফিকেশন যে, তার যদি কোনো রিলেশনে থাকে, বিকজ্ এটা প্যাট্রিয়ারক্যাল ব্যাপার। এই সার্টিফিকেটের ব্যাপারটা কিন্তু বাবার তরফ থেকে হবে, মায়ের তরফ থেকে হবে না। অর্থাৎ তার যদি না থাকে, তার দাদার থাকে, ঠাকুরদাদার থাকে বা ভাইয়ের থাকে, কাকার থাকে, জ্যাঠার থাকে—নানা জায়গা আছে, আপনার চিন্তা করতে হবে না, দলিলই থাকতে হবে, এমন কথা না। অনেক লোকই তো ল্যান্ড লেস এগ্রিকালচারাল লেবার। তার দলিল থাকবে কোথায়?

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর আরেকটা প্রশ্ন আছে *প্রশ্ন ৩২—শ্রী বাসুদেব খাঁয়ের। এটাও নিয়ে নিচ্ছি।

আই.সি.ডি.এস.-এ সংরক্ষণ

***৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮) শ্রী বাসুদেব খাঁ :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আই.সি.ডি.এস. কর্মী নিয়োগের ক্ষেত্রে সংরক্ষণ নীতি যথাযথভাবে অনুসৃত হচ্ছে কি না; এবং

(খ) না হলে, এর কারণ কী?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি—

(ক) সংরক্ষণ নীতি অনুপালন সংক্রান্ত বিষয়টি সংশ্লিষ্ট দপ্তর যথা—নারী ও শিশু উন্নয়ন এবং সমাজকল্যাণ দপ্তরের গোচরে আনা হয়েছে।

(খ) সংশ্লিষ্ট দপ্তরের উত্তর পেলে যথাযোগ্য ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, তপশিলী জাতির মানুষদের নির্যাতিত ও অস্পৃশ্যতার জন্য এদের দুটি আইন আছে। পি.ও.এ. এবং টি.সি.আর.। দুটি আইনই প্রণয়ন আছে। আমার প্রশ্ন হচ্ছে যে, এখন পর্যন্ত পি.ও.এ. আইনের আওতাধীন যতগুলি অপরাধ জমা পড়েছে, সেগুলির কতগুলো নিষ্পত্তি হয়েছে একটু বলবেন?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : প্রথম হচ্ছে যে পি.ও.এ. অ্যাক্ট ইজ্ নট পার্ট অফ দিস্ কোয়েশ্চেন। আপনি যদি কাইন্ডলি এটা লিখিত দেন বা মুখেও বলেন, আমি আপনাকে জানিয়ে দেবো, কারণ এটা একটা লম্বা ফিগার হবে।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : স্যার, ধন্যবাদ আপনাকে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি, সম্প্রতি সংবাদ মাধ্যমগুলিতে প্রকাশিত সংবাদে আমরা খুব ব্যথিত। প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক...

মিঃ স্পীকার : এই প্রশ্নটা হয়ে গেছে অল রেডি।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : ঠিক আছে স্যার, অন্য একটা প্রশ্ন করছি। আপনার সঙ্গে আমার কথা হয়েছিল যে, আমার বিধানসভা এলাকার ৪ নম্বর দশগ্রাম অঞ্চলের ৬০০ পরিবার আজকে

চার বছর ধরে তিনবার আবেদন করার পরেও সার্টিফিকেট পাচ্ছে না ডিপার্টমেন্টের অফিসারদের বিভিন্ন রকম বিশ্লেষণাত্মক রিপোর্টের ভিত্তিতে। একটা জায়গায় আপনার লিস্টের ৩৩ নম্বরে খড়িয়াল আর খেড়িয়া আছে এস.সি. লিস্টে। আবার কিছু জায়গায় এস.টি.হিসেবে পূর্ব মেদিনীপুরে সার্টিফিকেট দিয়ে দিয়েছে। ST ওরা নয়, ওরা SC, কাগজপত্র দিয়ে দীর্ঘদিন ব্লক, মহকুমা, জেলা বসে আছে, ৬০০টি পরিবার। খেড়িয়া আর খড়িয়াল এই দুটির মধ্যে তফাৎ কেউ বলছে না। কমিশনে রেফার করা হয়েছে মতামতের জন্য। আপনি কি একটু হস্তক্ষেপ করে ওদের বেদনা মেটাবেন?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : নিশ্চয়ই, আপনি যদি আরও স্পেসিফিক করেন আমি নিশ্চয়ই করবো, any problem whether Sc/St, you are almost welcome, Hon'ble members.

তফসিলি জাতি/উপজাতি হস্টেল

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫) **শ্রী মনোরঞ্জন পাত্র :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে রাজ্যে তপশিলী জাতি/উপজাতি ভুক্ত কত জন ছাত্র/ছাত্রী হস্টেলে থেকে পড়াশুনা করেন; এবং

(খ) উক্ত সময়ে বন্ধ হস্টেলের সংখ্যা কত?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগেও উত্তর দিয়েছি, আমি আবার উত্তর দিচ্ছি (ক) ৩১শে অক্টোবর, ২০১৫, সাপেক্ষে তপশিলী জাতিভুক্ত ৪৫২৪২ জন ছাত্রছাত্রী এবং ৪০৬২২ জন উপজাতিভুক্ত ছাত্রছাত্রী বিদ্যালয় সংলগ্ন হস্টেলে থেকে পড়াশোনা করেন।

তপশিলী জাতিভুক্ত ২৯৯৭ জন ছাত্রছাত্রী এবং ৫৯১৮ জন উপজাতিভুক্ত ছাত্রছাত্রী আশ্রম হস্টেলে থেকে পড়াশোনা করেন।

তপশিলী জাতিভুক্ত ১৭২৬ জন ছাত্রছাত্রী এবং ১৯৫০ জন উপজাতিভুক্ত ছাত্রছাত্রী কেন্দ্রীয় হস্টেলে থেকে পড়াশোনা করেন।

অর্থাৎ মোট ৯৮৪৫৫ জন তপশিলী জাতি/উপজাতি ভুক্ত ছাত্রছাত্রী হস্টেলে থেকে পড়াশুনা করেন।

(খ) বন্ধ হস্টেলের মোট সংখ্যা ১৪০ (আশ্রম হস্টেল—১০ + বিদ্যালয় সংলগ্ন হস্টেল—১২৮ + কেন্দ্রীয় হস্টেল—২)।

মিঃ স্পীকার : Answer has been laid. আপনি supplementary করুন।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন হল আমি জানতে চাইছি যে উনি এখানে বলেছেন এই সময়ে বন্ধ হস্টেলের সংখ্যা ১৪০। এই ১৪০টির মধ্যে আশ্রম হস্টেল আছে, বিদ্যালয় সংলগ্ন হস্টেল আছে, কেন্দ্রীয় হস্টেল আছে। এই হস্টেলগুলো বন্ধ হওয়ার কারণটা কি?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : স্যার, আমি বলি যে এটা একটা cumulative figure। নতুন স্কুল হয়েছে, ফলে অ্যাপ্লিকেশান কমে যাচ্ছে। আর দুটো-একটা হস্টেলের কথা যদি আপনি বলেন with due regards Hon'ble Speaker Sir, দুটো হস্টেল প্রিভিয়াস গভর্নমেন্টের সময়ে বিরাট একটা টাকার অঙ্ক তৈরি করে রেখেছে, একটা লোকও সেখানে নেই। তাহলে কি হয়? হস্টেলগুলো যদি ভালো করে পরিকল্পনা না করে তৈরি করা হয় তাহলে এইরকম কিছু কিছু হস্টেলে ছাত্র পাওয়া যাবে না। তবুও আমরা কি করেছি? প্রত্যেকটি হস্টেলকে ইন্সপেকশান করা হয়েছে এবং সেই ইন্সপেকশানের একটা কমিটি করে দেওয়া হয়েছে committee in-charge of the Add. Secretary, তাঁরা রিপোর্ট দিয়েছে এবং কোন জায়গায় আমরা চেষ্টা করেছি, যতখানি স্কুল কর্তৃপক্ষকে সাহায্য করার, যেমন ধরুন এখন ছাত্ররা ডাইরেক্টলি টাকা পেয়ে যায়। তা সত্ত্বেও কোনো কোনো স্কুলে আমরা সেই স্কুলকে ৪০০ টাকা করে maintenance-র ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু এটা ঠিক more and more schools are coming, এই যে ধরুন আমরা সাইকেল দিচ্ছি। এই সাইকেলের আমি একটা ভবিষ্যৎ বাণী দিয়ে রাখছি যে, এই সাইকেলেও অনেকটা এই হস্টেলের ছাত্র কমে যাবে।

শ্রী মনোরঞ্জন পাত্র : স্যার, উনি জানতে চাইলেন বলে বলছি, তালডাংড়া গার্লস্ হাই স্কুলের সংশ্লিষ্ট যে হস্টেল ছিল সেটা বন্ধ হয়ে আছে, শিমলা পাল গার্লস্ হাইস্কুলের সংশ্লিষ্ট যে হস্টেল ছিল সেটা বন্ধ হয়ে আছে। এইসব মিলিয়ে বাঁকুড়া জেলায় ২৮টা SC/ST ছাত্রছাত্রীদের হস্টেল বন্ধ আছে।

মিঃ স্পীকার : আপনাকে উত্তর দিতে হবে না। আপনি একটা note নেবেন, এটা just information-এর জন্য বলেছেন।

শ্রী যোগরঞ্জন হালদার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে, গত সাড়ে ৪ বছরে এই দপ্তরের প্রভূত উন্নতিসাধন করেছেন। কিন্তু আমার ওখানে SC/ST নিয়ে একটা সমস্যা সেটা আপনার সামনে তুলে ধরছি। ICDS-এর প্রায় ৭টা সিট ST রিজার্ভেশান, কিন্তু সেই সিটটা যখনই নোটিফিকেশান করা হচ্ছে কেউ অ্যাপ্লিকেশান করছে না। এইভাবে তিনবার নোটিফিকেশান করা হয়েছে, তাতেও পাওয়া যাচ্ছে না। এরপরে এই ব্যাপারে কি করণীয় অনুগ্রহ করে জানাবেন কি?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখনই কোনো স্কুল বা কলেজ বা কোনো ডিপার্টমেন্ট তারা বার বার advertisement করে SC বা ST বা OBC যদি না পান তাহলে তারা কি করতে পারবে? তাদের আমাদের ডিপার্টমেন্টে আসতে হবে। আমাদের ডিপার্টমেন্টে যে রোস্টার আছে, সেই রোস্টার আমরা মেলাবো। মেলানোর পরে তাকে যদি জাস্টিফাই করতে পারে যে, এই ST পাওয়া যাচ্ছে না, তাহলে তাকে একটা undertaking দিতে হবে যে এখন পাওয়া যাচ্ছে না, কিন্তু এটা carryforward করে সেটা থাকবে। এখন ওই vacancy-তে that particular applicant করতে পারে। আপনাকে তাদেরকে অ্যাডভাইস্ করতে হবে আমাদের ডিপার্টমেন্টে আসতে এবং সেখানে একটা নির্দিষ্ট বিভাগ

আছে, তারা এটা ডীল করে। এবং আপনি এটা শুনে খুশি হবেন আমাদের এই সরকার আসার পরে — আগে তো স্কুল, কলেজগুলো আসতই না, আমি যখন প্রথম মন্ত্রী হয়েছিলাম তখন কোনো স্কুল কলেজ আসতো না, কারোর মুখ দেখা যায়নি। এখন কিন্তু তারা আসছে।

[11.30— 11.40 a.m.]

মৎস্য উৎপাদন

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫) **শ্রী অসিত মজুমদার :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ অর্থবর্ষে মৎস্য উৎপাদনের পরিমাণ কত; এবং

(খ) ছোট মাছ যেমন—পুঁটি, মৌরলা, ছোট ট্যাংরা এদের উৎপাদন বাড়াবার লক্ষ্যে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

শ্রী চন্দ্রনাথ সিনহা :

মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই,

(ক) ২০১১-১২ অর্থবর্ষে মৎস্য উৎপাদনের পরিমাণ—১৪.৭২ লক্ষ মেট্রিক টন। ২০১২-১৩ অর্থবর্ষে মৎস্য উৎপাদনের পরিমাণ—১৪.৯০ লক্ষ মেট্রিক টন। ২০১৩-১৪ অর্থবর্ষে মৎস্য উৎপাদনের পরিমাণ—১৫.৮০ লক্ষ মেট্রিক টন। ২০১৪-১৫ অর্থবর্ষে মৎস্য উৎপাদনের পরিমাণ—১৬.১৭ লক্ষ মেট্রিক টন।

(খ) (১) স্বাভাবিক প্রজননকে উৎসাহ দেবার জন্য ২০১১-১২ সাল থেকে প্রাকৃতিক জলাশয়গুলিতে অন্তত পাঁচটি স্থানীয় প্রজাতির দেশী মাছের ২০০টি করে মোট ১০০০টি চারা ছাড়া হচ্ছে এবং স্থানীয় মৎস্যজীবীদের উৎসাহিত করা হচ্ছে।

(২) বিশেষ কয়েকটি প্রজাতি যেমন, সরপুঁটি, চিতল, পাবদা, ট্যাংরা, মাগুর, কই, মৌরলা মাছের কৃত্রিম প্রজনন পদ্ধতির উন্নতিসাধন করে উৎপাদন বাড়াবার জন্য হ্যাচারী প্রকল্প নেওয়া হয়েছে যার প্রসারের লক্ষ্যে প্রকল্প ব্যয়ের ২৫% অনুদান দেওয়া হয়।

শ্রী অসিত মজুমদার : মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন—রুই, কাতলা এবং মৃগেল মাছের উৎপাদন বাড়ানোর জন্যে আমাদের সরকার কি ব্যবস্থা নিচ্ছে?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে উত্তরে জানাই, আমরা রাজ্যের সমস্ত জলাশয়ে মাছ চাষ করার চেষ্টা করছি। অন্যান্য দপ্তরের জলাশয়েও মাছ চাষ করা হচ্ছে এবং আমরা অন্যান্য দপ্তরকে সাহায্যের জন্য অফিসারও দিচ্ছি। মাছের বৃদ্ধির জন্য সব ধরনের জলাশয়কে মাছ চাষের উপযুক্ত করা হচ্ছে এবং বৈজ্ঞানিক পদ্ধতিতেও মাছ চাষ করা হচ্ছে। পঞ্চায়েত স্তরে প্রশিক্ষণ ও তাদের সঙ্গে আলোচনাচক্র এবং সচেতনতা শিবির করা হচ্ছে। তাছাড়া মৎস্য চাষীদের শেখার জন্য অন্যান্য জায়গায়ও আমরা

নিয়ে যাচ্ছি এবং আধিকারিকদের সঙ্গে মৎস্যচাষীরাও শেখার জন্য যাচ্ছে। আমরা উন্নত মানের চুনো মাছের খাবার এবং মাছের চারা দিচ্ছি। মাছ চাষের জন্য জল ও মাটি আমরা পরীক্ষা করে দিচ্ছি।

শ্রী অসিত মজুমদার : স্যার, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, গত ২ বছরে ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ সালে আমরা কত মাছ বাংলায় আমদানি করেছি?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আমরা ১,১৪,৬২৫ টন এবং ১,৪২,৪৭৭ টন মাছ আমদানি করেছি।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই ছোট মাছ যেমন— পুঁটি, মৌরলা, ছোট ট্যাংরা এই মাছগুলোর উৎপাদন বাড়ানোর নির্দিষ্ট লক্ষ্যমাত্রার বিষয় নিয়ে আপনি আলোচনা করলেন। কিন্তু আমরা গ্রাম বাংলায় দেখছি প্রকৃতির নিয়মেই স্বাভাবিকভাবে যে সব জলাশয়গুলো ছিল সেই জলাশয়গুলিতে এখন মশারির যে জাল, ছোট নেট যে ব্যবহার করা হয় তাতে এদের ডিমশুদ্ধ উঠে আসে। যার ফলে এভাবেই মাছের বংশবৃদ্ধি নষ্ট হচ্ছে। তাছাড়া নানান কারণে অন্যান্য ক্ষেত্রেও যে সব রাসায়নিক সার দেওয়া হয় সেই সব কারণেও এইসব মাছগুলো ধ্বংস হয়ে যাচ্ছে। এইসব বিষয়গুলো নিয়ে আপনি কোনো ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা একটু জানাবেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আমরা পশ্চিমবঙ্গের প্রতিটি ব্লকে অ্যাওয়ার্নেস ক্যাম্প করছি এবং যখন আমরা মৎস্য চাষীদের ট্রেনিং দিচ্ছি তখন আমরা এই নেট সম্বন্ধে বলছি। তবুও কিছু কিছু ক্ষেত্রে এই ঘটনা ঘটছে। সেগুলো আমরা জানতে পারলে সেখানে আমাদের আধিকারিকরা গিয়ে যাতে এটা না হয় তার ব্যবস্থা নিচ্ছেন এবং অনেক সময় জাল আমরা বাজেয়াপ্তও করছি। এবং আর একটি যে প্রশ্ন আপনি করেছেন, সেই প্রশ্নের উত্তরে জানাই যে, আমরা এই রাসায়নিক সারের ব্যাপারে আমাদের awareness যেমন চলছে, এবং আমাদের কৃষি দপ্তরের সঙ্গে alliance করে ওনারাও চেষ্টা করছেন যাতে জৈব সারের প্রচলনটা বেশি হয়। এটা বেশি হলেই আমাদের এই যে মাঠে বা আপনি যেটা বলছেন জলাতে যে ছোটো মাছগুলো প্রাকৃতিক নিয়মেই হত সেগুলো হবে। এবং আমরা প্রত্যেকটি জলাশয়ে এরকম করে ছোটো মাছের চারাও ছাড়ছি। যাতে আপনার North Bengal-এও আমরা অনেক নদীতেও মাছের চারা ছেড়েছি। যাতে এই মাছের চারাগুলো আপনার ওখানকার নদীতে বড় হয়ে মৎস্যজীবীদের মাধ্যমে মানুষের কাছে যায়।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে, আমাদের হাওড়া Corporation area-য় বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্রে অনেকগুলো বড় বড় জলাশয় রয়েছে। এবং যেহেতু জমির দাম প্রচণ্ড ঊর্ধ্বমুখী — ফলে দেখা যাচ্ছে যে, সেই সমস্ত জলাশয়গুলো সংস্কারের অভাবে এবং মালিকেরও প্রচ্ছন্ন মদত আছে যাতে ওগুলোকে বুজিয়ে ফেলা যায়। কিন্তু সংস্কার করলে এই জায়গাগুলোকে এই

জলাশয়গুলো — এক একটা জলাশয়, কোনোটা চার বিঘে, কোনোটা তিন বিঘে এরকম জায়গার জলাশয়। সেই জলাশয়গুলো ব্যবহার না করার ফলে সেগুলো পরিত্যক্ত হয়ে যাচ্ছে। ক্রমশ সেখানে গাছপালা জন্মিয়ে সেগুলো কিন্তু অব্যবহার্য্য হয়ে যাচ্ছে। আপনার কাছে প্রশ্ন আমার যে, এই জলাশয়গুলোকে পুনরুদ্ধার করে সংস্কার করে এতে কোনো মৎস্য চাষের ব্যবস্থা করা যায় কিনা?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, জলাশয়গুলো totally আমাদের দপ্তরে নয়। এটা Land-এর দপ্তরের মধ্যেও আছে। তা সত্ত্বেও আমাদের সমবায়েরা আমাদের কাছে আবেদন করলে আমরা বড় বড় জলাশয়গুলোকে আমরা RIDF-এর মাধ্যমে সংস্কার করে দিচ্ছি। এবং প্রতি বছরই এরকম তিন চারটি করে জলাশয় মানে যেগুলো ৪০-৫০ হেক্টরের বেশি সেই জলাশয়গুলোর সংস্কার করছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন যে, বর্তমানে promoter-রা সমস্ত নয়নজুলি বন্ধ করে দিচ্ছে, তারপর লিজ দিয়ে তারা বাড়িঘর করছে। তাহলে এই যে ছোটো ছোটো মৌরলা, পুঁটি, ট্যাংরা মাছের চাষ কোথায় হচ্ছে — এগুলোতো হওয়ার জায়গা নেই। এগুলোতো নয়নজুলিতে আগে হত। এই সরকারের আমলে তো নয়নজুলিগুলো বন্ধ হয়ে যাচ্ছে। ফলে কোথা থেকে আপনারা এগুলোর উৎপাদন বাড়াবেন?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, এখনও যা জলা আছে পশ্চিমবাংলায় সেই জলাগুলিতে চাষ করলে অনেক মাছই হবে। এবং আপনি যে প্রশ্নটা করছেন, তার সঙ্গে সম্পর্ক না থাকলেও — আপনারাই শুরু করে গিয়েছিলেন নয়নজুলিগুলো বন্ধ করতে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন এবং এই যে awareness-এর দরকার—মানুষের মধ্যে যেটা গেঁথে যায়, সেখান থেকে বার করতে সময় লাগে। আমরা আশা রাখছি, মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রয়াসে এগুলো সব বন্ধ হয়ে যাবে।

শ্রী দীপক কুমার হালদার : সম্মানীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়ের কাছে আমার প্রশ্ন যে, সারা পশ্চিমবঙ্গে বা সারা ভারতবর্ষে আমাদের ডায়মন্ডহারবারের হিলসা বা ইলিশ মাছ খুব জনপ্রিয় একটি মাছ। এই মাছটা প্রায় নষ্ট হওয়ার পথে। এখন যা মাছ পাওয়া যাচ্ছে তা খুব ছোটো ছোটো মাছ। এই ছোটো ছোটো মাছগুলোকে চাষীরা ধরে বিক্রি করছে। এবং যারা এর কারবার বা ব্যবসা করছেন তাদেরকে যথাযথ পদক্ষেপ না নেওয়ার ফলে এই ছোটো ছোটো মাছগুলো সব সময় ধরা হচ্ছে। এই ইলিশ মাছের সংরক্ষণের জন্যে বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় ডায়মন্ডহারবারের উপরে একটা গবেষণাগার তৈরি করেছেন। আমি জানতে চাইছি যে, এই হিলসা মাছের সংরক্ষণের জন্যে কিভাবে আরো বেশি করে বা কোনো কঠিন পদক্ষেপ নেওয়া হচ্ছে কি না?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, যদিও প্রশ্নটা আমার প্রশ্নের সঙ্গে সম্পর্ক নেই। তবুও বলি যে, আমরা হিলসা সংরক্ষণের জন্য চেষ্টা করছি।

[11.40— 11.50 a.m.]

এবং ছোটো মাছ যেটা বলছেন, এখন আমাদের অ্যাওয়ারনেস এর ফলে এবং মৎস্যজীবী যে সমিতিগুলি আছে, তারাও চেষ্টা করছে নিজেরাই মাছ ধরা তিন মাস, আড়াই মাস বন্ধ করে দিয়েছে। ৬১ দিন আমরা যেটা ব্যান করেছি, আমাদের সৌভাগ্য, আপনাদের সবারই সৌভাগ্য, মৎস্যজীবী ইউনিয়নগুলো যারা সমুদ্রে মাছ ধরতে যায়, তারাও নিজেরাই এই ৬১দিন মাছ ধরা বন্ধ করেছে এবং তাও দু-একজন যাচ্ছে ওখানে, সেটাও আমরা খবর পাচ্ছি। তারা গেলে পরে মৎস্যজীবী সমিতিগুলোই তাদের আটকাচ্ছে যাতে সমুদ্রে মাছ ধরতে না যায় এবং এই বছর আপনারাও দেখেছেন যে প্রথম অক্টোবরেও সমুদ্রের থেকে ইলিশ মাছ এসেছে। এবং তার প্রমাণ এখনও পাওয়া যাচ্ছে উত্তর ২৪ পরগনায়।

মাছের পুষ্টিগত চাহিদার পরিমাণ

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে মাছের পুষ্টিগত চাহিদার পরিমাণ প্রত্যেক দিন কত?

শ্রী চন্দ্রনাথ সিনহা :

রাজ্যে মাছের পুষ্টিগত চাহিদার পরিমাণ প্রত্যেক দিন ৪৬৭৩ টন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আমার সাপ্লিমেন্টারী প্রশ্ন। মাছের পুষ্টিগত চাহিদার প্রশ্ন করেছি এবং মাছের পুষ্টিগত চাহিদার প্রশ্নে স্যার, আপনি জানেন যে অ্যামাইনো অ্যাসিডের পরিমাণ মানুষের শরীরে — সব থেকে — মাছ থেকে বেশী আসে—১৮টা। অ্যামাইনো অ্যাসিড মানুষের শরীরে সাপ্লাই করে এই রকম ধরনের মাছ আপনি কত উৎপাদন করেছেন গত এক বছরে, আমার নির্দিষ্টভাবে প্রশ্ন আপনার কাছে।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই আমার কাছে যে ফিগার আছে, আমি একটু আগেই বলেছি, প্রশ্নের উত্তর দিয়েছি যে '১১ থেকে '১৪-১৫ পর্যন্ত আমরা ৭০ মেট্রিক টন মাছ উৎপাদন করেছি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, এটা তো উত্তর হচ্ছে না।

মিঃ স্পীকার : আপনি, এখন যে প্রশ্নটা উনি করেছেন, সেটার উত্তর যদি আপনি পরে দেন ওনাকে জানিয়ে দেবেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : স্পেসিফিক যে প্রশ্নটা করেছেন, আমরা সেটা পরে আপনাকে লিখিত জানিয়ে দেব।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আমার দ্বিতীয় প্রশ্ন স্যার, আমি যেটা বলছি, মাছের যে উৎপাদনের বিষয়টা উনি বলেছেন গত চার বছরে, এর আগের, একটু আগে *৩৫তে উনি যেটা বলেছেন যে চার বছরে মাছের উৎপাদন ২০১১-১২ থেকে ২০১৪-১৫ পর্যন্ত। আমি স্যার, এখানে বসে বসে অঙ্ক কষে দেখছিলাম যে এই চার বছরে মাছের উৎপাদন বেড়েছে মাত্র ১.৪৫ মেট্রিক টন। তার মানে, গড় বছরের হিসাবে ২৫ মেট্রিক টন মাত্র হয়েছে স্যার। আমার প্রশ্নটা সেখানেই যে তার মানে স্যার, মাছের উৎপাদন কিছুই বাড়েনি। আমি স্যার বলছি, মাছের উৎপাদন নির্দিষ্টভাবে বাড়াবার জন্য আপনি কি পরিকল্পনা নিয়েছেন?

মিঃ স্পীকার : উনি বলেছেন, অলরেডি রিপ্লাই দিয়েছেন, উৎপাদন বাড়ানোর জন্য কী করতে হবে।

শ্রী আনিসুর রহমান : স্যার, একটা বিরাট কাণ্ড ঘটেছে। আমাদের মৎস্য দপ্তরের মন্ত্রী মাছের মেলা করবেন। মেলা করার জন্য, বিজ্ঞাপন দিয়েছেন। সেই বিজ্ঞাপনে বলা আছে, তাতে অর্ডার গিয়েছে প্রত্যেকটা জেলা অফিসারকে কমপক্ষে এক লক্ষ টাকার বিজ্ঞাপন তুলে দিতে হবে। এই অর্ডার উনি করেছেন। এটা কোথাও করতে পারেন? অনিয়ম এর কাজ করেছেন। কাগজে বেরিয়েছে, সব কাগজে। আপনার এই জিনিস কেন হচ্ছে? এটাও আমার জানার দরকার পড়েছে। দ্বিতীয়ত আপনি বলেছিলেন, ইলিশ মাছের আর অভাব হবে না, আমরা রিসার্চ করে ঠিক করেছি যে আমাদের সাধারণ জলে ইলিশ মাছ হবে। তার জন্য বেশি ইলিশ মাছ পাবেন। এটা কোথায় গেলে পাওয়া যাবে সেটা আমি জানতে চাইছি।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আপনি যে প্রশ্নটি করছেন সেই প্রশ্নটা এখানে দাঁড়ায় না, আমি একটু আগেই বলে দিয়েছি। ইলিশ মাছের ব্যাপারে বলি, আপনারা ইলিশ মাছ যেভাবে ধ্বংস করেছেন সেই ধ্বংস থেকে বেরিয়ে আসতে সময় লাগবে। এই জায়গাতে আমরা আলাদা কাজ করে যাচ্ছি।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আমি আপনাকে বলি, প্লিজ মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নের পরিপ্রেক্ষিতে আপনি ওনাকে লিখিত একটা উত্তর পাঠিয়ে দেবেন।

...(গোলমাল)...

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার দুর্ভাগ্য হচ্ছে যে আমাদের সকালে দেখতে হচ্ছে যে মৎস্য দপ্তরে মাৎস্যন্যায় হচ্ছে। এইরকম কখনো হয়নি যে সরকার মেলা করবে, মৎস্য দপ্তর মৎস্য মেলা বা মাছ মেলা করবে আর তার জন্য এক লক্ষ টাকা করে বিজ্ঞাপন সংগ্রহ করতে হবে। অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টরেট ফিশারিজকে, ডাইরেক্টর অফ ফিশারিজ অর্ডার দিচ্ছেন। এটা পুরো নীতি বহির্ভূত, বেআইনি এবং যা হচ্ছে তার কিছু তিনি জানেন কিনা আমি তাঁকে জিজ্ঞেস করছি। আপনি এই ব্যাপারে কিছু ব্যবস্থা নেবেন কিনা আমি জানতে চাইছি।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী সূর্য্যবাবুর প্রশ্নকে সাপ্লিমেন্টারি হিসাবে ট্রিট করে উত্তরটা দিয়ে দিন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই যে হ্যাঁ আমাদের একটা মেলা হচ্ছে। মেলার ব্যাপারে আমাদের সেক্রেটারি মহাশয় ডিরেক্টারদের নিয়ে একটা মিটিং করেছিলেন। সেখানে একটা রেজোলিউশান হয়েছিল। কিন্তু যে অর্ডারের ব্যাপারে বলছেন সেই রকম অর্ডার করা হয়েছিল, কিন্তু সেটা অলরেডি উইথড্র করা হয়ে গেছে। এইরকম কোনো অর্ডার নেই।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : মাননীয় সদস্য মাননীয় মন্ত্রী উত্তর দিয়েছেন। তিনি যা উত্তর দিয়েছেন আপনারা তা শুনেছেন। এরপরে আর কোনো কথা হতে পারে না। উনি উত্তর দিয়েছেন, আপনারা উত্তর শুনেছেন। এর পরে আর কিছু ব্যাপার নেই।

চিংড়ি উৎপাদন ও চিংড়ি চাষীদের সাহায্য

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) **শ্রী নিরাপদ সরদার :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চিংড়ি উৎপাদনে সন্দেশখালি, ন্যাজাট, ধামাখালি ও মালঞ্চর অগ্রগতি কীরূপ;

(খ) গত বছরে এই সমস্ত জায়গা থেকে কত টাকার চিংড়ি বাজারজাত হয়েছে;

(গ) চিংড়ি চাষীদের সাহায্যের ব্যাপারে সরকারের কোনো পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) থাকলে, তা কীরূপ?

শ্রী চন্দ্রনাথ সিনহা :

(ক) চিংড়ি উৎপাদনে সন্দেশখালি, ন্যাজাট, ধামাখালি ও মালঞ্চ-এর অগ্রগতি যথেষ্ট ভালো। উত্তর ২৪-পরগনা জেলার মোট চিংড়ি উৎপাদনের ৪২% এইসব এলাকাতেই হয়। ২০১৪-১৫ অর্থবর্ষে চিংড়ি উৎপাদনের পরিমাণ - ২০৫১৬.২৫ মেট্রিক টন। ২০১৫-১৬ অর্থবর্ষে চিংড়ি উৎপাদনের লক্ষ্যমাত্রা - ২২৮৬৭.০৭ মেট্রিক টন।

(খ) গত বছরে এইসব জায়গা থেকে ১০২৯.০১ কোটি টাকার চিংড়ি বাজারজাত হয়েছে।

(গ) হ্যাঁ, চিংড়ি চাষীদের সাহায্যের ব্যাপারে সরকারের নানাবিধ পরিকল্পনা আছে।

(ঘ) চিংড়ি চাষ ও চাষীদের সাহায্যের জন্য সরকারের তরফে-

(১) এই অর্থবর্ষে ২০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(২) চিংড়ির সাথে মিশ্র চাষ হিসেবে কাঁকড়া, ভেটকি চাষের উপর গুরুত্ব দেওয়া হয়েছে।

(৩) বি.এফ.ডি.এ. প্রকল্পে অনুদানের ব্যবস্থা আছে।

(৪) ব্লক ও জেলাস্তরে প্রশিক্ষণের ব্যবস্থা আছে।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। প্রশ্ন করার আগে আবার এই কথাটাই বলতে হয় এই প্রশ্ন যখন তৈরি করছিলাম, তখন খবরের কাগজে দেখলাম ১৭ই নভেম্বর একটা অর্ডার দেওয়া হয়েছে।

মিঃ স্পীকার : আপনি শুধু প্রশ্ন করবেন মাছ চাষের কথা। আপনি রিলেটেড প্রশ্ন করুন।

[11.50 a.m. —12.00 noon]

শ্রী নিরাপদ সর্দার : স্যার মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, তিনি যে রিপ্লাই দিয়েছেন তাতে একটা জায়গায় বলা হয়েছে মিশ্র চাষের জন্য কাঁকড়া এবং ভেটকি মাছ একসঙ্গে চাষ করা হবে এইরকম একটা ভাবনা তার মাথায় এসেছে। আমি ওনার কাছে জিজ্ঞাসা করছি, কাঁকড়া এবং ভেটকি মাছ কিভাবে একসঙ্গে চাষ করা যায়, এই প্রশ্নের আমি উত্তর চাইছি।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আমরা চিংড়ি মাছের পুকুরগুলোতে চিংড়ি মাছ চাষ হয়ে যাওয়ার পর আমরা সেখানে মিশ্র চাষ হিসাবে ভেটকি এবং কাঁকড়া চাষের কথা ভেবেছি এবং সেই চাষের উপরে আমরা গুরুত্ব দিচ্ছি।

*29. **Shri Tajmul Hossain :** Not called.

*30. **Shri Bankim Chandra Hazra :** Not called.

মহকুমা আদালত নির্মাণ

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) **শ্রী আনিসুর রহমান :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কটি মহকুমায় এখন অবধি মহকুমা আদালত চালু হয়নি; এবং

(খ) ডোমকল মহকুমা আদালত নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য :

(ক) চারটি মহকুমাতে এখন অবধি মহকুমাতে আদালত চালু হয়নি।

(খ) ডোমকল মহকুমা আদালত তৈরির প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। প্রসঙ্গক্রমে বলা যায়, ডোমকল থানার অন্তর্গত জয়রামপুর মৌজাস্থিত ৫.০৬ একর জমি বিচার বিভাগের পক্ষে মাননীয় জেলা বিচারক, মুর্শিদাবাদ দ্বারা বিগত ০৪.০৮.২০১৫ তারিখে ডোমকল মহকুমা আদালত এবং বিচারকদের বাসস্থান নির্মাণের উদ্দেশ্যে অধিগৃহীত হয়েছে। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গত ২৩.০৯.২০১৫ তারিখে মহামান্য উচ্চ ন্যায়ালয়, কলকাতাকে অনুরোধ করা হয়েছে।

শ্রী আনিসুর রহমান : আপনি বললেন ২০০০ সালে এটার অনুমোদন হয়েছিল প্রাথমিকভাবে। এরপরে আমাদের সরকার চলে যাওয়ার পরে যতবার শুনছি, কাজ যতটা এগিয়েছিল তারপরে আর কোনো কাজ হয়নি। এর আগে এই দপ্তরের দায়িত্বে যখন অন্য মন্ত্রী

ছিলেন এবং তাকে যখন জিজ্ঞাসা করলাম, তখন তিনি বললেন কদিনের মধ্যেই শিলান্যাস হবে। তারপরে আপনি এই দপ্তরের দায়িত্বে আসার পরে শুনলাম এখনো সময় হয়নি। আমি বুঝতে পারছি না, ষোলো বছর অতিক্রান্ত হয়ে গেল, জমি রেডি, সব কিছু রেডি, এখান থেকে মন্ত্রী গেলেন, হাইকোর্টের লোক গেলেন, কিন্তু আসল কাজটা হচ্ছে না। সবাই বলছে হবে, হবে। এই হবে, হবে ব্যাপারটা আর কতদিন আমাদের শুনতে হবে।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : স্যার এই কাজটা শুরু হয়েছিল বিগত সরকারের আমলে। এটাকে এগিয়ে নিয়ে যাবার জন্য আমাদের সরকার সচেষ্ট হয়েছে। এখানে প্রত্যেকটি সাব-অর্ডিনেট কোর্ট হাইকোর্টের সুপারভিশানের আন্ডারে এটা সবাই জানে। সংবিধানের ২২৭ নম্বর ধারা অনুযায়ী আমাদের কিছু করণীয় থাকে না। এখানে সুপারভাইজারি পাওয়াটা হাইকোর্টের এবং উচ্চ ন্যায়ালয়ই যা যা করণীয় করার নির্দেশ দেবে তাই-ই আমাদের করতে হবে। আমি তো বললাম স্যার ২৩শে সেপ্টেম্বর, ২০১৫ তারিখে আমরা আবার চিঠি লিখেছি, রেসিডেনসিয়াল কোয়ার্টার, জুডিসিয়াল রেসিডেন্সিয়াল কোয়ার্টার এবং তার সঙ্গে কোর্টের কাজটা দ্রুত শুরু করার জন্য লিখেছি। আপনার ডোমকলে আমরা সহিষ্ণুতার পরিচয় দিয়েছি। আপনারা আগে তা করতেন না।

শ্রী আনিসুর রহমান : এর জন্য আপনাকে ধন্যবাদ। আমার পরবর্তী সাপ্লিমেন্টারি, আমরা চলে যাওয়ার পরে মধ্যেখানে সাড়ে চারবছর চলে গেছে। আর কত বছর লাগবে একটা শিলান্যাস করতে আমি জানি না। আপনি ভালো করে জানেন, আমাদের জমি সব রেডি হয়ে আছে, টেম্পোরারি কোর্ট চালাবার ব্যবস্থাও করা আছে এবং জজেরা কোথায় থাকবেন তার ব্যবস্থাও করা হয়েছে। এইসব পরিদর্শনে গিয়ে তারা কয়েকবার দেখেছেন।

মিঃ স্পীকার : আনিসুর সাহেব, এটা হাইকোর্টের ব্যাপার, এখানে মন্ত্রীর কিছু করণীয় নেই।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : ওনারা তো এতদিন ক্ষমতায় ছিলেন, ওনারা চারটি মহকুমায় কিছু করেননি। ওনাদের আমলে ডোমকল মহকুমাতে কেন হয়নি স্যার তার জবাবটা কি আনিসুর সাহেব দেবেন। কেন একটা মহকুমাতে এতদিন ধরে করেননি তার জবাবটা যদি আনিসুর সাহেব দেন। আমরা তো উদ্যোগ নিয়েছি। আমরাই তো উদ্যোগ নিয়ে করছি স্যার। একথা বলবার আগে একটু লজ্জা প্রকাশ করা উচিত ছিল যে এতগুলো কোর্ট হয়নি।

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রিমহোদয়ার কাছে জানতে চাইছি, এগরা মহকুমা আদালত চালু করার ব্যাপারে কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : এটি চালুর ব্যাপার, সবটাই হাইকোর্টের ওপরে নির্ভর করে এবং আমরা সব সময় এটা নিয়ে পারস্যু করছি। যেই মাত্র নির্দেশ আসবে উচ্চ ন্যায়ালয় থেকে আমরা চালু করে দেবো।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, ধন্যবাদ আপনাকে। স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের জেলা মেদিনীপুর জেলা— জেলা ভাগ হয়েছে। পূর্ব মেদিনীপুর এবং এই সঙ্গে আরও কতগুলো জেলা বিভাজিত হয়েছে। জেলা স্তরে আদালত গড়ে তোলার বিশেষ করে পূর্ব মেদিনীপুর সহ অন্যান্য জায়গায় এই পরিকাঠামো গড়ে তোলার ব্যাপারে কি উদ্যোগ আছে? এবং কবে নাগাদ হবে।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : এই জেলায় তো, দুটি জেলাতেই সাবডিভিশনাল কোর্ট অবধি রয়েছে। যে কটি নেই সেখানে হচ্ছে। খড়্গপুরে আপনি জানেন, যেটা কমপ্লিট হয়ে গেছে এবং শুরু হবে। স্যার সর্বদিক দিয়ে যেখানে, যেগুলো করার কথা সব ব্যাপারে আমরা সচেষ্ট আছি। হাইকোর্টের সাথে আমরা সম্পর্ক রেখে চলছি এবং যেখানে যখন নির্দেশ দিচ্ছে — এটা বুঝতে হবে, যারা এই সদনের সদস্য রয়েছেন তাঁরা জানেন যে এখানে প্রত্যেকটি জিনিস সাবর্ডিনেট জুডিশিয়ারির ইচ অ্যান্ড এভরিথিং এটা সবটাই ডিপেন্ড করে উচ্চ ন্যায়ালয়ের ওপরে এবং আমরা সব সময়েই সম্পর্কটা রেখে চলি। নির্দেশ যখনই আসে যেটা করার আমরা সেটা করি। আপনি জানবেন যে আমরা যদি সেই নির্দেশ পালন না করি তাহলে তো আমাদেরও সেখানে কথা শুনতে হবে হাইকোর্টের কাছে। সুতরাং আমাদের সচেষ্ট থাকার রাস্তা কখনো বন্ধ হয়নি, আমরা চালিয়ে যাচ্ছি। যখনই যেটা নির্দেশ আসবে সেই নির্দেশ মতো চালু থাকবে।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া মন্ত্রী মহোদয়া বললেন, যে সাবর্ডিনেট জুডিশিয়ারির সমস্ত কিছু সুপারভাইজ করেন হাইকোর্ট। কনস্ট্রাকশান কি হবে না হবে, সেগুলোও কি হাইকোর্ট সুপারভিশান করেন? আমার তো জানা ছিল না দয়া করে বলবেন।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : কনস্ট্রাকশান কোথায় কোনটা কিভাবে হবে — প্ল্যান স্যাংশান থেকে শুরু করে সবকিছু সুপারভাইজ করে হাইকোর্ট এবং তার যে গতি, তার কনস্ট্রাকশান কতটা গতি পাচ্ছে কি না পাচ্ছে সেটাও সুপারভাইজ করেন ডিস্ট্রিক্ট জাজের থ্রু দিয়ে হাইকোর্ট। সুখবিলাসবাবু আপনি অনেক কিছু জানেন। আপনি অ্যাডমিনিস্ট্রেশানের অনেক কিছু জানেন। আমরা অ্যাডমিনিস্ট্রেশানের অত জানি বলে দাবী করতে পারি না কিন্তু এটা দাবী করতে পারি যে যিনি ডিস্ট্রিক্ট জাজ আছেন, জেলার যে বিচারক — মুখ্যবিচারক তার থ্রুতে হাইকোর্ট সুপারভিশান করেন, প্রত্যেকটি কনস্ট্রাকশানেরও কী গতি প্রকৃতি সেটারও সুপারভাইজ করে হাইকোর্ট।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, সবটাই তো উনি হাইকোর্টের দিকে ঠেলে দিচ্ছেন। আমার পাশে এই হাউসের সবচাইতে বর্ষীয়ান বিধায়ক জ্ঞান সিং সোহন পালজি বসে আছেন। দ্য ওল্ডেস্ট পেন্ডিং মহকুমা আদালত খড়্গপুর এবং একেবারে স্বাভাবিক কারণে মুখ্যমন্ত্রীর ঘোষণার পর নতুন যে ইস্যুটা এসেছে ঝালদা। এই দুটোর যদি ভবিষ্যত এবং বর্তমানটা একটু বলেন — বর্তমান এবং ভবিষ্যৎ।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : কোনটা বললেন? খড়্গপুর আর ঝালদা? খড়্গপুর তো নিয়ার কমপ্লিশান। আপনারা দেখছেন। এটা শুরু হবে। একদম নিয়ার কমপ্লিশান। এখানে আমার কাছে

কাগজ রয়েছে এবং আমরা যত সত্ত্বর, যত তাড়াতাড়ি পারি— ঝালদা—যেটা যেটা আমাদের করণীয়, আমরা কিন্তু এতটুকুও বসে নেই এবং আমরা কনস্ট্রাকশানের গতি প্রকৃতি—আমি নিজে এবং অল দ্য অফিসার্স অফ্ ভেরিয়াস ডিপার্টমেন্টস ইনক্লুডিং পি.ডব্লু.ডি. আমরা ঘন ঘন তাদের সাথে বসি এবং কতটা প্রোগ্রেস হয়েছে সেটা যেমন আমি জানি,

[12.00 noon – 12.15 p.m.]

তেমনি High Court কী কী নির্দেশ দিচ্ছে, সেগুলো পালন করা হচ্ছে কিনা সেই সম্পর্কেও নিজেকে অবহিত করি এবং সেই মতো নির্দেশ দেওয়া হয়। আপনি নিশ্চিন্তে থাকতে পারেন মা-মাটি-মানুষের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এবং তার নির্দেশে আমরা বিচার ব্যবস্থা যে পর্যায়ে ছিল, আর এখন যে পর্যায়ে হচ্ছে —সেটা আপনারা দেখতে পাচ্ছেন, including construction of building.

Mr.Speaker : Question Hour is over.

Starred Questions
(to which oral answers were laid on the Table)

বাংরুয়া গ্রামে রাস্তা নির্মাণের রূপরেখা

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১) **শ্রী তজমুল হোসেন :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত বাংরুয়া গ্রামের বিশুর দোকান থেকে শিবমন্দির পর্যন্ত রাস্তাটির বর্তমান রূপরেখা কী?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : উক্ত রাস্তাটির নির্মাণের জন্য দরপত্রের কাজ সম্পূর্ণ হয়েছে। কয়েকদিনের মধ্যেই কাজের আদেশনামা বের হবে বলে আশা করা যায়।

ফুলচাষীদের আর্থিক সহায়তা

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২১২) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে রাজ্যে ফুলচাষীদের আর্থিক সহায়তা করার জন্য সরকার কী কী পদক্ষেপ নিয়েছে/নিচ্ছে?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্ধমান, হাওড়া, উত্তর দিনাজপুর জেলায় রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় ২০১৫-২০১৬ সালে ফুলচাষের এলাকা বৃদ্ধির জন্য মোট ২৭ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে। এতে ৯৭.৫ হেক্টর জমিতে ফুলচাষের এলাকা বৃদ্ধি সম্ভব।

(খ) ২০১৫-২০১৬ আর্থিক বছরে MIDH প্রকল্পে ২১০.৪ লাখ টাকার আর্থিক সহায়তা ফুলচাষের জন্য বরাদ্দ করা হয়েছে। এতে ৫৬০ হেক্টর এলাকা ফুলচাষের জন্য সম্প্রসারিত হবে। বিভিন্ন জেলায় ইতিমধ্যে ৪৬ লাখ টাকা দেওয়া হয়েছে। বাকী টাকা অর্থাৎ ১৬৪.৪ লাখ টাকা ডিসেম্বর মাসের মধ্যে বিভিন্ন জেলায় দেওয়া হবে।

কোচবিহার জেলায় পর্যটন কেন্দ্র

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪) **শ্রী নগেন্দ্রনাথ রায় :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলায় কোথায় কোথায় পর্যটন কেন্দ্র গড়ে উঠেছে; এবং

(খ) কোচবিহার রাজবাড়ী নিয়ে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) কোচবিহার জেলায় নিম্নলিখিত স্থানগুলিতে পর্যটন কেন্দ্র গড়ে উঠেছে—

(১) কোচবিহার রাজবাড়ি, (২) মদনমোহন মন্দির, কোচবিহার, (৩) দিনহাটার গোসানিমারি মন্দির, (৪) গড় কাটেশ্বর, গোসানিমারি, দিনহাটা, (৫) বাণেশ্বর মন্দির, কোচবিহার, (৬) সিদ্ধেশ্বর মন্দির, কোচবিহার, (৭) মধুপুর ধাম, কোচবিহার, (৮) বড়োদেবী মন্দির, দেবগিরি, কোচবিহার, (৯) রসিক বিল, তুফানগঞ্জ, (১০) তিন বিঘা, মেখলীগঞ্জ।

(খ) কোচবিহার রাজবাড়ি প্রাঙ্গণে একটি লাইট অ্যান্ড সাউন্ড প্রকল্প এবং রাজবাড়ি আলোকিতকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

হলদিবাড়িতে টম্যাটো প্রক্রিয়াকরণ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২১) **শ্রী পরেশ চন্দ্র অধিকারী :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলায় হলদিবাড়িতে টম্যাটো প্রক্রিয়াকরণ করার কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) উপরোক্ত প্রশ্নের উত্তরে জানানো যায় যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প অধিকারের কোনরূপ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পকেন্দ্র স্থাপন ও নির্বাহ করার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো নেই। এ রাজ্যে বিশেষ করে কোচবিহার জেলায় হলদিবাড়িতে, পুরুলিয়া জেলায় মানবাজার এবং দক্ষিণ ২৪-পরগনা জেলায় কুলতলি, জয়নগর ও মগরাহাট এলাকায় প্রচুর টম্যাটো উৎপাদন হয়। যখন কোনো শিল্পোদ্যোগী দপ্তরে আসেন তখন এই বিষয়টি অবগতিপূর্বক শিল্পোদ্যোগীদের টম্যাটো প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন ও পরিচালনার বিষয়ে উৎসাহিত ও আলোকিত করা হয়। একজন বেসরকারি উদ্যোগী হলদিবাড়িতে এইরূপ শিল্পকেন্দ্র স্থাপনের জন্য দপ্তরে এসেছিলেন

কিন্তু ওয়েস্ট বেঙ্গল স্টেট ইনসেন্টিভ স্কিমটি অর্থ দপ্তরের অনুমোদন এখনো পর্যন্ত না পাওয়ায় আবেদনপত্রটি নেওয়া সম্ভবপর হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

কান্দী-কর্ণসুবর্ণ পর্যটন আবাস প্রকল্প

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১) **শ্রী অপূর্ব সরকার** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কান্দী-কর্ণসুবর্ণ পর্যটন আবাস প্রকল্পের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(খ) উক্ত প্রকল্পের কাজ সম্পূর্ণ করার জন্য কত পরিমাণ অর্থ অনুমোদিত হয়েছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) কান্দী-কর্ণসুবর্ণ পর্যটন আবাস প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৬৮৫.৪১ লক্ষ টাকা।

(খ) উক্ত প্রকল্পের কাজ সম্পূর্ণ করার জন্য ৫৪৮.৩৩ লক্ষ টাকা অনুমোদিত হয়েছে।

Unstarred Questions
(to which written replies were laid on the Table)

'প্রাণী মিত্রা' পদে নিয়োগ

৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০) **শ্রী তজমুল হোসেন** : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা জেলায় 'প্রাণী মিত্রা' পদে নিয়োগের জন্য ইন্টারভিউ নেওয়া হয়েছিল;

(খ) সত্যি হলে, তার ফল কবে নাগাদ হবে; এবং

(গ) সফল প্রার্থীদের প্রশিক্ষণ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মালদা জেলায় ১১.০৭.২০১৫ ও ২৫.০৭.২০১৫ তারিখে 'প্রাণী মিত্রা' পদে নিয়োগের জন্য ইন্টারভিউ নেওয়া হয়েছিল।

(খ) আদেশনামা ১৮০৬/১/১৫-১৬, ডি ডি/মালদা, তারিখ ২০.১১.২০১৫ অনুযায়ী ফল প্রকাশিত হয়েছে।

(গ) সফল প্রার্থীদের প্রশিক্ষণ গত ১লা ডিসেম্বর, ২০১৫ থেকে পর্যায়ক্রমে শুরু হয়েছে।

কৃষি বাজার নির্মাণ

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২) **শ্রী তজমুল হোসেন** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হরিশ্চন্দ্রপুর থানার অন্তর্গত তুলসীহাট উপবাজার চত্বরে কৃষি বাজার নির্মাণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : মালদা জিলা নিয়ন্ত্রিত বাজার সমিতির তুলসীহাটা উপবাজার চত্বরে কৃষি বাজার নির্মাণের কাজ ইতিমধ্যে ৮৪% সম্পন্ন হয়েছে।

সুন্দরবন অঞ্চলে নদীবাঁধ মেরামতে বরাদ্দকৃত অর্থ

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩০) **শ্রী সমীর কুমার জানা** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে সুন্দরবন এলাকায় নদী বাঁধ মেরামত করার জন্য বর্তমান আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছে; এবং

(খ) তন্মধ্যে কত টাকা খরচ হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে সুন্দরবন এলাকায় আয়লা প্রকল্প এবং অন্যান্য খাতে, নদী বাঁধ মেরামতের জন্য ২০১৫-১৬ আর্থিক বর্ষে মোট ১০৩.৫৭৩ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

(খ) এর মধ্যে ৩০শে নভেম্বর, ২০১৫ সাপেক্ষে মোট ১০২.০০ কোটি টাকা খরচ হয়েছে।

সেতু নির্মাণ

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭) **শ্রী অসিত মজুমদার** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চুঁচুড়া বিধানসভার অন্তর্গত সিমলাপোলে সরস্বতী নদীর উপর এবং ব্যান্ডেল চার্চের পাশে রসভরা খালে দ্বিতীয় সেতু নির্মাণে সরকারের কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, ওই ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) চুঁচুড়া বিধানসভার অন্তর্গত সিমলাপোলে সরস্বতী নদীর উপর এবং ব্যান্ডেল চার্চের পাশে রসভরা খালের উপর অবস্থিত দুটি পুরানো সেতুর পুনর্নির্মাণের প্রস্তাব রাজ্যের অন্যান্য জেলার অনুরূপ আরও কিছু প্রস্তাবের সাথে পূর্ত ও সড়ক বিভাগের কাছে পাঠানোর প্রক্রিয়া চলছে।

(খ) উপরোক্ত প্রক্রিয়ায় চিহ্নিত পুরানো সেতুর পুনর্নির্মাণের কাজ তাদের বাজেট বরাদ্দ থেকে করার জন্য পূর্ত ও সড়ক বিভাগকে অনুরোধ জানানো হচ্ছে।

নতুন পলিটেকনিক কলেজ স্থাপন

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫) **শ্রী অসিত মজুমদার** : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৫ সালের এপ্রিল থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত সরকার কতগুলি নতুন পলিটেকনিক কলেজ স্থাপন করেছে; এবং

(খ) কলেজগুলি স্থাপনের জন্য সরকারের উক্ত সময়সাপেক্ষে কত টাকা খরচ হয়েছে?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এ পর্যন্ত নতুন ৪৩টি পলিটেকনিক কলেজের মধ্যে উক্ত সময়ে ৭টি নতুন সরকারি পলিটেকনিকের পঠন-পাঠনের কাজ শুরু হয়েছে। এগুলি ছাড়াও আরও ২৭(সাতাশ)টি নতুন সরকারি পলিটেকনিক কলেজ স্থাপনের কাজ বিভিন্ন পর্যায়ে আছে।

(খ) নতুন সরকারি পলিটেকনিক কলেজ স্থাপনের জন্য উক্ত সময় সাপেক্ষে সরকারের মোট ৪১.১২ কোটি টাকা খরচ হয়েছে।

কুমারগ্রামের আই.টি.আই.-তে পঠন-পাঠন

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কুমারগ্রাম ব্লকের আই.টি.আই-তে পঠন-পাঠন কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : কুমারগ্রাম ব্লকের সরকারি আই.টি.আই. নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে।

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ কর্তৃক গৃহীত পরিকল্পিত কার্যক্রম অনুযায়ী এই আই.টি.আই.-তে পঠন-পাঠন ২০১৬ সালের ফেব্রুয়ারী মাসের মধ্যে শুরু হবে বলে আশা করা যায়।

সংকোশ নদীতে বাঁধের জন্য অর্থ বরাদ্দ

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কুমারগ্রাম বিধানসভা এলাকার এন.কে.এস. গ্রাম পঞ্চায়েত এলাকায় সংকোশ নদীতে বাঁধের জন্যে কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে; এবং উক্ত কাজের অগ্রগতি কিরূপ?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এন.কে.এস. গ্রাম পঞ্চায়েত এলাকায় সংকোশ নদীর বাঁধের জন্য কোনো প্রকল্প গৃহীত হয়নি। বরং 'কুমারগ্রাম থানা এবং ব্লক এলাকার উত্তর হলদিবাড়ি মৌজায় সংকোশ নদীর ঊর্ধ্বপ্রবাহে নদীর দক্ষিণ তীরে (ফাগুডোবা, রিটার্ন পল্লী ও সংকোশ বনবসতির সন্নিকটে) নদী বাঁধ সংরক্ষণ নামক একটি প্রকল্প গৃহীত হয়েছে, যা কুমারগ্রাম গ্রাম পঞ্চায়েত এলাকাবর্তী। এই প্রকল্পে বরাদ্দকৃত অর্থ ৫,৪০,৯২,০৮৯.০০ (পাঁচ কোটি চল্লিশ লক্ষ বিরানব্বই হাজার উননব্বই) টাকা (টেন্ডার পরবর্তী হিসাব)। বর্তমানে প্রকল্পটিতে প্রায় ৬৭% অগ্রগতি ঘটেছে।

বন্য হাতির আক্রমণ-জনিত ক্ষতি

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭১) **ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতে গত এক বৎসরে অনেকবার বন্য হাতির পাল ঢুকে অনেক ক্ষয়ক্ষতি ও মানুষের মৃত্যু ঘটিয়েছে;

(খ) সত্যি হলে, কতবার ঢুকেছে;

(গ) কত ক্ষতি হয়েছে; এবং

(ঘ) কত সংখ্যক মানুষের মৃত্যু হয়েছে (বছরওয়ারি হিসাব)?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ এটা সত্যি।

(খ) দক্ষিণবঙ্গের বনভূমি বিচ্ছিন্ন প্রকৃতির। এই বিচ্ছিন্ন বনভূমির মধ্যে বন্য হাতি স্বাভাবিক প্রবৃত্তি অনুযায়ী এক জঙ্গল থেকে অন্য জঙ্গলে যাতায়াত করে থাকে। এই যাতায়াতের পথে বন সংলগ্ন জনবসতি, চাষ জমি, ইত্যাদি পারাপার করতে গিয়ে মানুষ-হাতির সংঘাত এখানে নিত্য-নৈমিত্তিক ঘটনা।

পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার অন্তর্গত লোকালয়ে বন্য হাতির প্রবেশের ঘটনা নিম্নোক্ত বনবিভাগ অনুযায়ী দেওয়া হল।

লোকালয়ে বন্য হাতির প্রবেশের ঘটনা (সংখ্যা) ২০১৪-১৫		
পশ্চিম মেদিনীপুর জেলা		
১	ঝাড়গ্রাম বনবিভাগ	১১২
২	রূপনারায়ণ বনবিভাগ	০৪
৩	খড়্গপুর বনবিভাগ	১২৩
৪	মেদিনীপুর বনবিভাগ	১৯৭
বাঁকুড়া জেলা		
১	বাঁকুড়া (উত্তর) বনবিভাগ	৩৬৫
২	বাঁকুড়া (দক্ষিণ) বনবিভাগ	১৬
পুরুলিয়া জেলা		
১	কংসাবতী (উত্তর) বনবিভাগ	০২
২	কংসাবতী (দক্ষিণ) বনবিভাগ	নেই
৩	পুরুলিয়া বনবিভাগ	৫৯

(গ) উপরিউক্ত তিন জেলায়, বন্য হাতির দ্বারা ২০১৪-১৫ ক্ষয়ক্ষতির বিবরণ:

(১) মানুষ মৃত্যুর ঘটনা	:	৩৬ জন
(২) মানুষ আহত হওয়ার ঘটনা	:	৫৩ জন
(৩) শস্যহানির পরিমাণ	:	৩৩৯৮.৪৬৮ হেক্টর
(৪) কুঁড়েঘর ভেঙে পড়ার ঘটনা	:	১৯২৯ টি

(ঘ) উপরিউক্ত তিন জেলায়, বন্য হাতির দ্বারা গত ৫ (পাঁচ) বছরে মানুষের মৃত্যুর ঘটনা :

২০১১-১২	—	১৮ জন।
২০১২-১৩	—	১৭ জন।
২০১৩-১৪	—	৩৭ জন।
২০১৪-১৫	—	৩৬ জন।
২০১৫-১৬ (আজ পর্যন্ত)	—	৩৫ জন।

পলিটেকনিক কলেজ স্থাপন

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩) **শ্রী বাসুদেব খাঁ :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৫ সালের এপ্রিল মাস থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত রাজ্যে কতগুলি নতুন পলিটেকনিক কলেজ তৈরি হয়েছে/হচ্ছে; এবং

(খ) তন্মধ্যে কতগুলিতে পঠন-পাঠন শুরু হয়েছে?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) (১) নতুন ৪৩টি পলিটেকনিক কলেজের মধ্যে উক্ত ৬ (ছয়) মাসে রাজ্যে ৭টি নতুন কলেজের পঠন-পাঠন শুরু হয়েছে।

(২) এছাড়া উল্লেখ্য যে, ২০১১ সাল থেকে ৩১.০৩.২০১৫ পর্যন্ত নতুন ৪৩টির মধ্যে মোট ৯ (নয়)টি পলিটেকনিকের পঠন-পাঠন চলছে।

(৩) আসন্ন শিক্ষাবর্ষে (২০১৬-১৭) ৬ (ছয়)টি নতুন পলিটেকনিকের পঠন-পাঠনের কাজ শুরু করার প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে।

(৪) এগুলি ছাড়াও আরো ২১ (একুশ)টি নতুন সরকারি পলিটেকনিক স্থাপনের কাজ বিভিন্ন পর্যায়ে আছে।

(খ) এই ৭টি নতুন পলিটেকনিক কলেজের সবগুলিতে ইতিমধ্যেই পঠন-পাঠন শুরু হয়েছে।

বর্ধমান জেলায় মৎস্য চাষের পরিকল্পনা

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে রাজ্য সরকার বর্ধমান জেলায় বিভিন্ন খোলামুখ কয়লাখনিতে মৎস্য চাষের পরিকল্পনা নিয়েছেন; এবং

(খ) সত্যি হলে পরিকল্পনাটি কিরূপ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, এটা সত্যি যে রাজ্য সরকার বর্ধমান জেলায় বিভিন্ন পরিত্যক্ত খোলামুখ কয়লাখনিতে মোট মৎস্য চাষের পরিকল্পনা নিয়েছেন।

(খ) পরিত্যক্ত খোলামুখ কয়লাখনিতে মোট ১০ হেক্টর আয়তনে মনোসেক্স তিলাপিয়া মাছ চাষের পরিকল্পনা নেওয়া হয়েছে। এর জন্য প্রকল্প বাবদ ২১,২৪,০০০.০০ (একুশ লক্ষ চব্বিশ হাজার) টাকা অনুমোদিত হয়েছে।

বর্তমানে প্রকল্প রূপায়ণের কাজ চলছে।

ঘাটাল মাস্টার প্ল্যান

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬) **শ্রী রামেশ্বর দলুই :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৫-২০১৬ আর্থিক বছরে ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য রাজ্য সরকার কত টাকা মঞ্জুর করেছে; এবং

(খ) ৩১শে অক্টোবর, ২০১৫ পর্যন্ত কত টাকা ব্যয় হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) প্রকল্পটিতে কেন্দ্রীয় অনুদান বরাদ্দের প্রস্তাবটি কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকের ছাড়পত্র না পেলেও রাজ্য সরকার ২০১৫-১৬ আর্থিক বছরে সেচ ও জলপথ বিভাগের বাজেটে ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য ৩০ কোটি টাকা বরাদ্দ করা আছে, শেষ তিন মাসে প্রকল্পের কাজ শুরু করার জন্য।

(খ) প্রকল্পটি এফ.এম.পি.-র আওতায় কেন্দ্রীয় অনুদান পাওয়ার জন্য, কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকের বিবেচনাধীন আছে। কেন্দ্রীয় অনুদান পাওয়া গেলেই মাঠে কাজ শুরুর প্রক্রিয়া নেওয়া হবে। এই কারণে ৩১শে অক্টোবর, ২০১৫ অবধি কোনো খরচ হয়নি।

প্রাকৃতিক দুর্যোগে কৃষকদের ক্ষতিপূরণ

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪) **শ্রী রামেশ্বর দলুই :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে কতজন ক্ষতিগ্রস্ত কৃষককে কত টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে (জেলা/ব্লকভিত্তিক তথ্যসহ)?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ক্রঃ সঃ	জেলার নাম	শিলাবৃষ্টি		বন্যা		মোট অর্থের পরিমাণ (লক্ষ টাকায়)	মোট উপকৃত কৃষকের সংখ্যা
		অর্থের পরিমাণ লক্ষ টাকায়	উপকৃত কৃষকের সংখ্যা	অর্থের পরিমাণ	উপকৃত কৃষকের সংখ্যা		
১	উত্তর ২৪-পরগনা	৭৭১.০০০০০	১৯৫৯৯	১০৮৯২.২৪৭৮৫	২৬৬৬৬৪	১১৬৬৩.২৪৭৮৫	২৮৬২৬৩
২	বর্ধমান	৩৫৯৭.৫৮০০০	৭৩২৯৮	১০৭৮১.৩৫০০০	১৬৬১৫৩	১৪৩৭৮.৯৩০০০	২৩৯৪৫১
৩	মুর্শিদাবাদ	৮০.৯১১৭২	৩৭৫৫	৪৩০০.৫২৭৩৫	১০০২৯১	৪৩৮১.৪৩৯০৭	১০৪০৪৬
৪	পশ্চিম মেদিনীপুর	৫৮৮৯.১৯০০০	২৩৩৪৪৭	১২৬৯২.৭৭৬৫১	৪৩৬৪৮১	১৮৫৮১.৯৬৬৫১	৬৬৯৯২৮
৫	নদীয়া	১৩৯৭.৭৪৯৬৯	৪৮১৫৫	৬০৮৭.০৭১০০	১৮৫০৫৫	৭৪৮৪.৮২০৬৯	২৩৩২১০
৬	উত্তর দিনাজপুর	৫৭০.৮৫১২৫	১৬৬৩৬	০.০০০০০	০	৫৭০.৮৫১২৫	১৬৬৩৬
৭	দক্ষিণ দিনাজপুর	৫৪২.২৬০০০	২৮৬২৭	০.০০০০০	০	৫৪২.২৬০০০	২৮৬২৭
৮	জলপাইগুড়ি	৭৬.০১০০০	৭৪৫০	০.০০০০০	০	৭৬.০১০০০	৭৪৫০
৯	হুগলী	৩৬৯.৯৪৬৮১	৭৩৯১	৭২৬৪.৩৩৮৫৬	১৫৬১৬০	৭৬৩৪.২৮৫৩৭	১৬৩৫৫১
১০	পুরুলিয়া	২৬.০৪০০০	২০৩৭	৩৩.২০১৩০	১৩০২	৫৯.২৪১৩০	৩৩৩৯
১১	শিলিগুড়ি মহকুমা দার্জিলিং	৮.২৬০০০	৪৪৪	০.০০০০০	০	৮.২৬০০০	৪৪৪
১২	বীরভূম	৬৭৯.৪৬৬৪৫	১৩১৩৩	৫৬৪৯.০৭৩৭৩	১২৩৬৬৩	৬৩২৮.৫৪০১৮	১৩৬৭৯৬
১৩	দক্ষিণ ২৪-পরগনা	৯৪৪.৫১৩৪৬	৪১৩৬৬	১৮৪৪২.৫৭০০০	৪২৯৬৯৯	১৯৩৮৭.০৮৩৪৬	৪৭১০৬৫
১৪	পূর্ব মেদিনীপুর	৪৬২৬.৮১৮৮৮	১৪৪৯৭৯	১৭১৯৯.৮৬৮৪৪	৫৫৯৮৬৬	২১৮২৬.৬৮৭৩২	৭০৪৮৪৫
১৫	হাওড়া	৭০.৪৫২৮৩	১৬৮৩	৪৫১৬.৯১০৭৪	১৬২৯২০	৪৫৮৭.৩৬৩৫৭	১৬৪৬০৩
১৬	বাঁকুড়া	৯৫৯.২৮৭৪৬	২৯৪৫১	৪৭৮.৮৭২০০	১২২১৭	১৪৩৮.১৫৯৪৬	৪১৬৬৮
	মোট	২০৬৩৫.৫৯২০৫	৬৭১৪৫১	৯৮৩৩৮.৮০৭৪৮	২৬০০৪৭১	১১৮৯৭৪.৩৯৯৫৩	৩২৭১৯২২

কংসাবতী জলাধার

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২০) **শ্রী মনোরঞ্জন পাত্র :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চলতি আর্থিক বৎসরে ব্যাপক বৃষ্টি হওয়া সত্ত্বেও কংসাবতী জলাধার থেকে সেচের জল দেওয়া সম্ভব হয়নি;

(খ) সত্যি হলে, কি পরিমাণ জমির খারিফ শস্য নষ্ট হয়েছে; এবং

(গ) রবি চাষে জল দেওয়ার বিষয়ে সরকারের চিন্তা-ভাবনা কি?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এটা সত্যি নয় যে চলতি আর্থিক বছরে ব্যাপক বৃষ্টি হওয়া সত্ত্বেও কংসাবতী জলাধার থেকে সেচের জল দেওয়া সম্ভব হয়নি। চলতি আর্থিক বৎসরে শুধুমাত্র জুলাই মাসের শেষ সপ্তাহ এবং আগস্ট মাসের প্রথম সপ্তাহে প্রচুর বৃষ্টিপাত হলেও পরবর্তী বর্ষার সময়ে, অর্থাৎ আগস্টের বাকি অংশ এবং সেপ্টেম্বর ও অক্টোবর মাসে স্বাভাবিকের থেকে বাঁকুড়া ও পুরুলিয়ায় প্রায় ৭১ শতাংশ কম বৃষ্টিপাতের কারণে কংসাবতী জলাধার থেকে খারিফ চাষের জন্য সর্বত্র সেচের জল দেওয়া সম্ভব হয়নি।

তৎসত্ত্বেও বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরে প্রায় ৪,০৭,০০০ একর জমিতে খারিফ চাষে প্রয়োজনীয় সেচের জল দেওয়া হয়েছে।

(খ) জমিতে খারিফ শস্য নষ্ট হয়ে যাওয়া সংক্রান্ত তথ্য পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ সংরক্ষণ করে।

(গ) বর্তমানে কংসাবতী জলাধারে জল না থাকায়, রবি চাষের জন্য প্রয়োজনীয় সেচের জল কংসাবতী ক্যানেল থেকে দেওয়া সম্ভব নয়। এমতাবস্থায়, মাটির নীচের সঞ্চিত জল বৈজ্ঞানিক পদ্ধতিতে আরো বেশি চাষের জন্য দেওয়ার উদ্দেশ্যে, জরুরি ভিত্তিতে জলসম্পদ ও অনুসন্ধান বিভাগ দ্বারা কিছু নতুন টিউবওয়েল তৈরি বা অনুরূপ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে।

সুন্দরবনে নিহতদের আর্থিক সাহায্য

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮) **শ্রী নিরাপদ সর্দার :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১ থেকে ৩১শে অক্টোবর, ২০১৫ পর্যন্ত সুন্দরবনে মাছ, কাঁকড়া, মধু সংগ্রহ করতে গিয়ে কতজনকে বাঘের মুখে পড়তে হয়েছে;

(খ) তন্মধ্যে কতজন নিহত হয়েছেন; এবং

(গ) কতজনের পরিবার আর্থিক সাহায্য পেয়েছে।

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১ থেকে ৩১শে অক্টোবর, ২০১৫ পর্যন্ত সুন্দরবনে মাছ, কাঁকড়া ধরতে গিয়ে দক্ষিণ ২৪-পরগনা জেলায় ৬ জন মৎস্যজীবীকে বাঘের মুখে পড়তে হয়েছে। দুর্ঘটনাগ্রস্ত মধু সংগ্রাহকদের কোনো তথ্য মৎস্য দপ্তরের কাছে নেই।

(খ) দুর্ঘটনাগ্রস্ত ৬ জন মৎস্যজীবীদের মধ্যে ৩ জন নিহত ও ৩ জন আহত হয়েছেন।

(গ) এ পর্যন্ত ১ জন আর্থিক সাহায্য পেয়েছে। ৪ জনের আবেদনপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র বীমা সংস্থায় পাঠানো হয়েছে। বাকি ১ জনের কাগজপত্র বীমা সংস্থায় পাঠানোর ব্যবস্থা হচ্ছে।

ময়নাগুড়ির পলিটেকনিক ও আই.টি.আই. কলেজ

২০। (অনুমোদিত প্রশ্ন নং ২০০) **শ্রী অনন্তদেব অধিকারী :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ময়নাগুড়ির পলিটেকনিক কলেজ ও আই.টি.আই.-তে পঠন-পাঠন আগামী শিক্ষাবর্ষ থেকে শুরু হবে কি; এবং

(খ) হলে, উক্ত কলেজ দুটির পরিচালন কমিটি গঠিত হবার পদ্ধতিটি কিরূপ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ময়নাগুড়ির পলিটেকনিক কলেজে পঠন-পাঠন ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ থেকে শুরু হয়েছে। All India

Council for Technical Education (AICTE)-এর অনুমতি অনুসারে বর্তমানে সাময়িকভাবে ময়নাগুড়ির পলিটেকনিক কলেজের পঠন-পাঠন জলপাইগুড়ি পলিটেকনিক কলেজে হচ্ছে।

ময়নাগুড়ির সরকারি আই.টি.আই. নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। আশা করা যায় যে, ২০১৬-র ফেব্রুয়ারী মাস থেকে ক্লাস শুরু করা যাবে।

(খ) জলপাইগুড়ি পলিটেকনিক কলেজ থেকে নিজস্ব ক্যাম্পাসে স্থানান্তরিত হবার পর ময়নাগুড়ির পলিটেকনিক কলেজটির পরিচালন কমিটি All India Council for Technical Education (AICTE)-এর নির্দেশিকা অনুযায়ী নিজস্ব ক্যাম্পাসে গঠিত হবে।

ময়নাগুড়ির আই.টি.আই.-তে পরিচালন কমিটি গঠনের ব্যাপারে সিদ্ধান্ত পরে নেওয়া হবে।

রাজ্যের ক্ষতিগ্রস্ত বাঁধ

২১। (অনুমোদিত প্রশ্ন নং ২১০) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্যে ২০১৫ সালের জুলাই মাসের শেষ সপ্তাহ এবং আগস্ট মাসের প্রথম সপ্তাহে বন্যায় দক্ষিণবঙ্গের ১১টি জেলার বিভিন্ন অংশে প্রায় ৮০০ কিমি নদীবাঁধ/নদীর পাড় ক্ষতিগ্রস্ত হয়েছে।

তিন বিঘাতে পর্যটনের পরিকল্পনা

২২। (অনুমোদিত প্রশ্ন নং ২২২) **শ্রী পরেশ চন্দ্র অধিকারী :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেখলিগঞ্জ ব্লকে আন্তর্জাতিক ক্ষেত্র "তিনবিঘা"-তে পর্যটনের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা শুরু হবে; এবং

(গ) উক্ত পরিকল্পনার রূপরেখা কিরূপ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) ডি.পি.আর. (ডিটেল প্রোজেক্ট রিপোর্ট) নির্মাণের কাজ চলছে। সেহেতু এই মুহূর্তে বলা সম্ভব নয়।

(গ) প্রাথমিকভাবে তিনবিঘা ভূমিখণ্ডে সৌন্দর্যায়ণ ও একটি পার্ক নির্মাণের পরিকল্পনা আছে।

বাঘের আক্রমণে আক্রান্তদের ক্ষতিপূরণ

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫) **শ্রী জয়ন্ত নস্কর :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনের বসতিপূর্ণ এলাকায় বাঘের আক্রমণ প্রতিরোধে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে;

(খ) বাঘ ও কুমিরের আক্রমণে ক্ষতিগ্রস্তদের কি পরিমাণ অর্থ ক্ষতিপূরণ দেওয়া হয় এবং তা বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) ৩১শে অক্টোবর, ২০১৫ পর্যন্ত উক্ত আক্রমণে আক্রান্তদের সংখ্যা ও ক্ষতিপূরণ প্রাপকদের সংখ্যা কত?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সুন্দরবনের বসতিপূর্ণ এলাকায় বাঘের আক্রমণ প্রতিরোধে সরকারের গৃহীত পদক্ষেপগুলি হল।

১। সুন্দরবনের জঙ্গল সংলগ্ন গ্রামগুলিতে বাঘের প্রবেশ বন্ধ করার জন্য সুন্দরবনের ধারে নাইলন জালের বেড়া দেওয়া।

২। যৌথ বন পরিচালন সমিতির মাধ্যমে জঙ্গল সংলগ্ন এলাকার মানুষকে নিয়ে যৌথভাবে কাজ করা।

৩। যৌথ বন পরিচালন সমিতির সাহায্যে বিভিন্ন উন্নয়নমূলক কাজের মাধ্যমে বন সংলগ্ন এলাকার মানুষের জীবনধারণের মানোন্নয়ন করা।

৪। বিভিন্ন হরিণ-উদ্যান থেকে বাঘের খাদ্য বৃদ্ধির জন্য কিছু পরিমাণে চিতল হরিণ নির্দিষ্ট সময়ের ব্যবধানে সুন্দরবনের জঙ্গলে ছেড়ে দেওয়া।

৫। জঙ্গল সংলগ্ন এলাকায় সচেতনতা বাড়ানোর লক্ষ্যে এলাকাবাসীদের, পর্যটকদের শিক্ষামূলক ভ্রমণ ও বিভিন্ন শিক্ষামূলক প্রশিক্ষণ ইত্যাদির ব্যবস্থা করা হয়।

(খ) বাঘ ও কুমীরের আক্রমণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য সরকারের পরিকল্পনা হল—

পশ্চিমবঙ্গ সরকার সর্বশেষ আদেশনামা নং ১৯৫-ফর/১১এম-৯৫/২০১১ (পার্ট-১), তাং ৩০.০১.২০১৫ অনুযায়ী বন্যপ্রাণী দ্বারা (১) নিহত ব্যক্তির ক্ষেত্রে ২,৫০,০০০/- টাকা, (২) অঙ্গহানি হলে ১,০০,০০০/- টাকা, (৩) গুরুতরভাবে আহত হলে ৩৩,০০০/- টাকা এবং সরকারি হাসপাতালে বিনাব্যয়ে চিকিৎসার ব্যবস্থা করা।

(গ)

বছর	বাঘ		কুমীর		ক্ষতিপূরণ প্রাপক ব্যক্তির সংখ্যা
	মৃত ব্যক্তি	আহত ব্যক্তি	মৃত ব্যক্তি	আহত ব্যক্তি	
২০১০-১১	৬	১	০	০	০
২০১১-১২	৩	০	০	০	১
২০১২-১৩	১০	১	১	২	৬
২০১৩-১৪	৯	৪	১	২	২
২০১৪-১৫	১৪	৩	১	৩	৫
২০১৫-১৬ (অক্টোঃ, ১৫)	৮	০	০	০	১ (প্রক্রিয়া চলছে)

সুন্দরবনে পর্যটনের পরিকল্পনা

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬) **শ্রী জয়ন্ত নস্কর :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পর্যটন দপ্তর থেকে সুন্দরবন এলাকায় পর্যটনের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সুন্দরবনের প্রবেশদ্বার ঝড়খালি, গদখালি ও গোসাবায় পর্যটকদের সুবিধার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পর্যটন দপ্তর থেকে সুন্দরবন এলাকায় পর্যটনের জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(১) **ঝড়খালি :** সুন্দরবনের ঝড়খালি এলাকায় পি.পি.পি. মডেলে একটি বৃহৎ ইকো ট্যুরিজম প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পে একটি বাজেট ক্যাটাগরি রিসর্ট ও অন্যান্য পর্যটন পরিকাঠামো প্রস্তুতির কাজ শুরু হয়েছে।

এছাড়াও এই অঞ্চলের সড়ক, বিদ্যুৎ ও জলসরবরাহকরণ ইত্যাদি পরিকাঠামো উন্নয়ন ক্ষেত্রে পর্যটন বিভাগ একাধিক প্রকল্প গ্রহণ করেছে—

(i) **সড়ক উন্নয়ন :**

এস.ডি.বি. বাংলো থেকে ঝড়খালি পার্ক পর্যন্ত লিঙ্ক রোড নির্মাণ। মোট প্রকল্প ব্যয় ২৪.৬০ লক্ষ টাকা। ঝড়খালি রাজা মোড় থেকে এস.ডি.বি. জেটি ঘাট। মোট প্রকল্প ব্যয় ১৩১৪.৪৪ লক্ষ টাকা।

ঝড়খালি ট্যুরিজম হাবে ৩৬০ মিটার অ্যাপ্রোচ রোড নির্মাণ। মোট প্রকল্প ব্যয় ৭১.৪১ লক্ষ টাকা।

ঝড়খালি ট্যুরিজম হাবে অতিরিক্ত ১২০০ মিটার রাস্তার সম্প্রসারণ। মোট প্রকল্প ব্যয় ৮২৬.২৮ লক্ষ টাকা।

(ii) **বৈদ্যুতিক পরিকাঠামো উন্নয়ন :**

ঝড়খালি এলাকায় বৈদ্যুতিক পরিকাঠামো নির্মাণের জন্য মোট ২৫০.১৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(iii) **জল সরবরাহকরণ :**

ঝড়খালি এলাকায় জল সরবরাহকরণ উপলক্ষে মোট ২৭৪.৫৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(২) **সজনেখালি ট্যুরিস্ট লজের উন্নয়ন :**

সজনেখালি ট্যুরিস্ট লজের পরিকাঠামো উন্নয়ন, সৌন্দর্যায়ণ ইত্যাদি নানা ক্ষেত্রে একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মোট প্রকল্প ব্যয় ৮৫.২৮ লক্ষ টাকা।

(৩) **সুন্দরবনে হোম স্টে ব্যবস্থার উন্নয়ন :**

সুন্দরবন এলাকায় পর্যটন দপ্তর অতি সম্প্রতি হোম স্টে ব্যবস্থার উন্নয়নের সক্রিয়

প্রয়াস গ্রহণ করেছে। একটি পেশাদার সংস্থার মাধ্যমে একটি নির্দিষ্ট পরিকল্পনার রূপরেখা গ্রহণ করা হয়েছে। সুন্দরবন এলাকায় সামসেরগঞ্জ, নফরগঞ্জ এবং কৈখালি অঞ্চলকে প্রাথমিকভাবে হোম স্টে-ভিত্তিক উন্নয়নের জন্য চিহ্নিত করা হয়েছে।

(৪) **সুন্দরবন এলাকার বিভিন্ন মেলা/উৎসবে অংশগ্রহণ :**

পর্যটন বিভাগ সুন্দরবন এলাকায় অনুষ্ঠিত বিভিন্ন উল্লেখযোগ্য মেলা ও উৎসব, যেমন—সুন্দরবন যুব মেলা, সুন্দরবন কৃষ্টি মেলা ও লোকসংস্কৃতি উৎসব (কুলতলি), সুন্দরবন লোকপ্রিয় উৎসব (বাসন্তী), সুন্দরবন মেলা (ক্যানিং) ইত্যাদি প্রায় প্রতি বছরই সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

(৫) **সুন্দরবনভিত্তিক প্রচার-পুস্তিকার বিতরণ :**

পর্যটন বিভাগ প্রতি বছরই বিভিন্ন মেলা/উৎসবের মাধ্যমে সুন্দরবনভিত্তিক প্রচার-পুস্তিকা বিনামূল্যে বিতরণ করে।

(৬) **সুন্দরবন প্যাকেজ ট্যুর :**

পর্যটন দপ্তরের অধীনস্থ সংস্থা পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম সুন্দরবন এলাকায় প্রায় পুরো শীতকাল ধরে একাধিক প্যাকেজ ট্যুরের আয়োজন করে। পর্যটন দপ্তরের অধীনস্থ সুসজ্জিত ভেসেল এম.ভি. চিত্ররেখা এবং এম.ভি. সর্বজয়া সম্পূর্ণভাবে এই প্যাকেজ ট্যুরের জন্য নিয়োজিত।

(খ) এই অংশের উত্তর 'ক' অংশে বর্ণিত।

ডি.ভি.সি. জলাধার সংস্কার

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫২) **শ্রী শাহাজাহান চৌধুরী :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ডি.ভি.সি. জলাধার সংস্কারের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব দিয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এটা সত্যি যে, রাজ্য সরকার ডি.ভি.সি. জলাধার সংস্কারের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছে জুন-২০১২ সালে।

(খ) পরবর্তীকালে উক্ত বিষয়ে কেন্দ্রীয় জল আয়োগ তথা কেন্দ্রীয় জল মন্ত্রকের কাছে অনেকবার দরবার করা হলেও, এ বিষয়ে সুনির্দিষ্ট কোনো সিদ্ধান্ত হয়নি। গত ৩১শে অক্টোবর, ২০১৫-তে কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়ার সাথে কলকাতায় আলোচনার সময় বিষয়টি উত্থাপিত হয় এবং বিস্তারিত আলোচনা হয়।

মালদা জেলার উন্নয়নে বরাদ্দকৃত অর্থ

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫) **শ্রী ভূপেন্দ্রনাথ হালদার :** উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ (৩০শে অক্টোবর ২০১৫ পর্যন্ত) আর্থিক বর্ষে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর থেকে মালদা জেলার উন্নয়নের জন্য কত টাকা বরাদ্দ হয়েছে;

(খ) বরাদ্দকৃত অর্থে কি কি উন্নয়নমূলক কাজ করা হয়েছে? (ব্লকওয়ারি ও পৌরসভাওয়ারি তালিকাসহ); এবং

(গ) ৩০শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে কত টাকা খরচ হয়েছে?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) জেলাভিত্তিক আর্থিক বরাদ্দের কোনো ব্যবস্থা নেই। দপ্তরে বিভিন্ন গৃহীত প্রকল্প অনুযায়ী বাজেট বরাদ্দকৃত অর্থ বণ্টন করা হয়।

(খ) দপ্তর কর্তৃক গৃহীত মালদা জেলায় সমগ্র প্রকল্পগুলির বর্ণনা ও বর্তমান অবস্থা অনুগ্রহপূর্বক অবগতির জন্য সঙ্গে পেশ করা হল।

(গ) উপরোক্ত 'ক'-এর উত্তর দ্রষ্টব্য।

২০১২-১৩ ও ২০১৩-১৪ আর্থিক বছরে মালদা জেলায় গৃহীত প্রকল্পগুলির বিবরণ :

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
১।	রতুয়া ১ নং ব্লকের সামসি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ভগবানপুর বাস স্ট্যান্ড থেকে ভগবানপুর উচ্চ মাদ্রাসা পর্যন্ত সিমেন্ট-কংক্রিট দ্বারা রাস্তার উন্নতি সাধন (বি.আর.জি.এফ.)	১০৭.০০	সম্পূর্ণ
২।	চাঁচল ২নং ব্লকের অন্তর্গত গৌরহাঁদ গ্রাম পঞ্চায়েতের অনুপনগর থেকে সোনারি পর্যন্ত পিচের রাস্তা নির্মাণ (বি.আর.জি.এফ.)	৯৮.০০	সম্পূর্ণ
৩।	পুরনো মালদা এবং গাজোল ব্লকের নারায়ণপুর থেকে রাণীগঞ্জ পর্যন্ত পিচ রাস্তার উন্নতিসাধন (বি.আর.জি.এফ.)	২৮৭.০০	সম্পূর্ণ
৪।	মানিকচক ব্লকের অন্তর্গত মথুরাপুর ইউনাইটেড ব্যাঙ্ক মোড় থেকে নুরপুর বাসস্টপ (ভায়া লালবাথানি উচ্চ বিদ্যালয়) পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ। (বি.আর.জি.এফ.)	১৬৭.০০	সম্পূর্ণ

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
৫।	কুমেদপুর লেভেল ক্রশিং পি.এম.জি. এস.ওয়াই. লিঙ্ক রোড থেকে খোকামোড় সেতু (ভায়া সাদালিচক গ্রাম) পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ। (বি.আর.জি.এফ.)	১৬৩.০০	সম্পূর্ণ
৬।	মানিকচকের মথুরাপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নিমতোলি পি.ডব্লু.ডি. রাস্তা থেকে অজয় মণ্ডলের বাড়ি পর্যন্ত পি.সি.সি. রাস্তা নির্মাণ।	৪৯.২৮	সম্পূর্ণ
৭।	রাণিগঞ্জ থেকে নারায়ণপুর পর্যন্ত (বাকি কাজ) পিচ রাস্তা নির্মাণ।	২৩৬.৪৪	সম্পূর্ণ
৮।	ফুলহার নদীর গতিপথের (চেনেজ ২০.৬৫-২২.৬৫ মি.) বাম পাড়ের সংরক্ষণ।	৮৮৩.২২	সম্পূর্ণ
৯।	মালদার হরিশ্চন্দ্রপুরের বারদোয়ারির সংযোগকারী রাস্তার প্রশস্তকরণ ও মজবুতিকরণ।	১৮১.৩৫	সম্পূর্ণ
১০।	হরিশ্চন্দ্রপুর ২নং ব্লকের বেজপুরা থেকে চিটলিয়া পর্যন্ত পিচরাস্তা নির্মাণ। (২৬৫২ মি.)	১১৩.৬৩	সম্পূর্ণ
১১।	**মালদায় ৩টি সড়ক প্রকল্প :** (ক) মাথাবাড়ি থেকে গ্রামের শেষ পর্যন্ত সিমেন্ট কংক্রিট রাস্তার উন্নতি সাধন। (খ) দুয়ারবাসিনি মোড় থেকে মানিকপুর পর্যন্ত পিচ রাস্তার উন্নতিসাধন। (গ) মোহনপুর থেকে গ্রামের শেষ পর্যন্ত রাস্তার উন্নতিসাধন।	৪৫.৬৬	সম্পূর্ণ
১২।	কালিয়াচক ৩ নং ব্লকের বীরনগর ১নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পুরানো ১৮ মাইল থেকে নতুনহাট পর্যন্ত ঢালাই রাস্তা নির্মাণ (বি.আর.জি.এফ.)	১৩৮.০০	সম্পূর্ণ

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
১৩।	রতুয়া ১নং এবং রতুয়া ২নং ব্লকের পরাণপুর পি.এইচ.ই. পাম্পিং স্টেশন থেকে গোর্খা (ভায়া আবদুল হালিম মোড় দালালতলা) পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ। (বি.আর.জি.এফ.)	২১২.০০	৮০ শতাংশ সম্পূর্ণ
১৪।	নারায়ণপুর ৩৪ নং জাতীয় সড়ক থেকে জি.কে.সি.আই.ই.টি. ডাকঘর নারায়ণপুর পর্যন্ত পিচ রাস্তার উন্নতি সাধন। (বি.আর.জি.এফ.)	১০৪.০০	পরিত্যক্ত
১৫।	সোনারাই থেকে চাঁচল ২ নং ব্লকের বৈদ্যনন্দপুত পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ।	৩২১.৯৫	সম্পূর্ণ
১৬।	রতুয়া ১ নং ও রতুয়া ২ নং ব্লকের অন্তর্গত পরাণপুর এবং চাঁদমণি গ্রাম পঞ্চায়েতের কায়াতলা কালীমন্দির থেকে চাঁদমণি-গৌরীপুর (ভায়া লকরি গোলাঘাট) পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ।	৫০৮.০০	৭৫ শতাংশ সম্পূর্ণ
১৭।	মালদা জেলার মানিকচক কলেজের শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ।	৪৮৭.৫৪	৮৫ শতাংশ সম্পূর্ণ
১৮।	মালদা জেলার মানিকচক ব্লকের ফুলহার নদীর ওপর শাঁখারিটোলা ঘাটে সেতু নির্মাণ।	৯৮৯৭.০০	৫০ শতাংশ সম্পূর্ণ
১৯।	মানিকচক ব্লকে ধরমপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত আব্দুল হাকিমের বাড়ি থেকে ধরমপুর জুনিয়র হাই মাদ্রাসা পর্যন্ত পি.সি.সি. সড়ক নির্মাণ।	৫.৯৯	সম্পূর্ণ
২০।	মালদা জেলার মানিকচক ব্লকের গোপালপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মুসলিম শেখের বাড়ি থেকে মনজুর শেখের বাড়ি পর্যন্ত পি.সি.সি. সড়ক নির্মাণ।	৫.৯৯	সম্পূর্ণ

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
২১।	মালদা জেলার মানিকচক ব্লকের নাজিরপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সরকারপাড়া কালীমন্দির থেকে তিনঘড়িয়া পাকুরতলা পর্যন্ত পি.সি.সি. সড়ক নির্মাণ।	৭.৯৯	সম্পূর্ণ
২২।	মালদা জেলার মানিকচক ব্লকের চৌকিমীরদতপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সঈদপুর মোড় থেকে ধরমপুর বাসস্ট্যান্ড পর্যন্ত পিচ রাস্তার উন্নতিসাধন। (০.০০ থেকে ৪৭৫.০০ মিটার চেনএজ)	৯.৯৮	সম্পূর্ণ
২৩।	মালদা জেলার মানিচক ব্লকের চৌকিমীরদতপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সঈদপুর মোড় থেকে ধরমপুর বাসস্ট্যান্ড পর্যন্ত পিচ রাস্তার উন্নতিসাধন। (৪৭৫.০০ মিটার থেকে ৯৫০.০০ মিটার চেনএজ)	৯.৯৮	সম্পূর্ণ
২৪।	মালদা জেলার মানিকচক ব্লকের চৌকিমীরদতপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সঈদপুর মোড় থেকে ধরমপুর বাসস্ট্যান্ড পর্যন্ত পিচ রাস্তার উন্নতিসাধন। (৯৫০.০০ মিটারথেকে ১৪২৫.০০ মিটার চেনএজ)	৯.৯৮	সম্পূর্ণ

২০১৪-১৫ আর্থিক বছরে গৃহীত প্রকল্পগুলি

২৫।	মালদা জেলার কেন্দ্রীয় বাস টার্মিনাসের বৈদ্যুতিকরণ।	১১৬.১৭	সম্পূর্ণ
২৬।	মালদা কলেজ থেকে রবীন্দ্রভবন পর্যন্ত ভায়া মালদা কলেজ (অংশ ক, খ ও গ) পাকা কংক্রীট নিকাশী নালা নির্মাণ।	১৬১.৩৩	৮০ শতাংশ সম্পূর্ণ
২৭।	মালদার মানিকচক ব্লকের প্রস্তাবিত ফুলহার সেতু (অ্যালাইনমেন্টের জন্য) নির্মাণের জন্য জমি ক্রয়।	২৯৪.৯৩	সম্পূর্ণ

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
২৮।	মালদা মেডিকেল কলেজ এবং হাসপাতালের মধ্যে ন্যায্যমূলের ওষুধের বিপণির প্রথম ফটক থেকে মর্গ পর্যন্ত এবং জরুরি ফটক থেকে নার্সিং ট্রেনিং স্কুল, পি.পি. ইউনিট থেকে পীরবাবা মোড় পর্যন্ত অন্তপাকা সড়ক এবং পার্শ্ববর্তী নিকাশী নালা নির্মাণ।	৪৫.০০	৭৫ শতাংশ সম্পূর্ণ
২৯।	মালদা মেডিকেল কলেজ এবং হাসপাতালের বিশ্রামাগারের তিনতলার ছাদের উল্লম্ব সম্প্রসারণ।	২১.৭৫	আনুমানিক ব্যয় বিবেচনাধীন
৩০।	মালদা মেডিকেল কলেজ এবং হাসপাতালের প্রধান ভবনের সঙ্গে সংযুক্ত এস.এন.সি.ইউ. (জি.এফ.) মাতৃ প্রতীক্ষালয় নির্মাণ।	৭.৭৯	পরিত্যক্ত
৩১।	মালদা মেডিকেল কলেজ এবং হাসপাতালের পি.পি. ইউনিটের পশ্চাতে বেসরকারি অ্যাম্বুলেন্স পার্কিং স্থান নির্মাণ।	৮.৬১	৮৫ শতাংশ সম্পূর্ণ
৩২।	মালদা মেডিকেল কলেজ এবং হাসপাতালের প্রধান ভবনের বিভিন্ন অংশে, সাধারণ শৌচালয়ের বারান্দা এবং কেবিনের চুণ রঙকরণ।	৩.০৬	সম্পূর্ণ
৩৩।	মালদার সুজাপুরে পলিটেকনিক নির্মাণের জন্য ভূ-কারিগরি অনুসন্ধান কার্য।	০.৯৬৯৩৯	সম্পূর্ণ

২০১৫-১৬ আর্থিক বছরে গৃহীত প্রকল্পগুলি

৩৪।	কোতোয়ালী গ্রাম পঞ্চায়েতের অধীন কোতোয়ালী গ্রাম পঞ্চায়েত থেকে গণিপুর পর্যন্ত রাস্তার উন্নতি সাধন (১২০০ মিটার)।	৪৯.৮২	কাজ শুরু হয়েছে
৩৫।	ইংলিশবাজার ব্লকের আম্রিতি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কালিয়াচক পি.ডব্লু.ডি. সড়ক থেকে বড়ঘড়ি গ্রামের শেষ সীমা পর্যন্ত সিমেন্ট ক্রংকীট রাস্তার সম্প্রসারণ (৫৭৫ মিটার)।	২৫.৭৬	কাজ শুরু হয়েছে

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
৩৬।	কাজীগ্রাম গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত শ্রীরামপুর প্রাথমিক বিদ্যালয় থেকে গ্রামের শেষ সীমা পর্যন্ত সিমেন্ট কংক্রীট রাস্তা নির্মাণ (৫০০ মিটার)।	২০.৭৬	কাজ শুরু হয়েছে
৩৭।	ইংরেজবাজার ব্লকের ফুলবাড়ি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ফুলবাড়ি ব্রাহ্মণপাড়া প্রাথমিক বিদ্যালয় থেকে সঞ্জয় গুপের আমের বাগান পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ (৪২৫ মিটার)।	১৪.৯৫	দরপত্র চাওয়া হয়েছে
৩৮।	মানিকচক ব্লকের দক্ষিণচণ্ডীপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত তেঁতুলতলার রোহিণী সাহার বাড়ি থেকে বালিতোলার ফাগু ঘোষের বাড়ি পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ (৪২৫ মিটার)।	১৪.৯৫	দরপত্র চাওয়া হয়েছে
৩৯।	মানিকচক ব্লকের অন্তর্গত নুরপুর গ্রাম পঞ্চায়েতের নওদা মহেশপুর কাসলি মন্দির থেকে পাঠাগার পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ (২৭৫ মিটার)।	৯.৭৬	দরপত্র চাওয়া হয়েছে
৪০।	মানিকচক ব্লকের মথুরাপুর গ্রাম পঞ্চায়েতের গুরুপদ মণ্ডলের বাড়ি থেকে মথুরাপুর বড়ো রাস্তা পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ (২৭৫ মিটার)।	৯.৪৭	দরপত্র চাওয়া হয়েছে
৪১।	গাজল ব্লকের মাধাইল থেকে পাঁকুড়ডাঙ্গা ভায়া রাজনগর উচ্চ প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা নির্মাণ (১৪০০ মিটার)।	৪৯.৬৭	দরপত্র চাওয়া হয়েছে
৪২।	মালদার কালিয়াচক ব্লকের শ্রীরামপুরে প্রস্তাবিত পলিটেকনিক মহাবিদ্যালয়ের জমির উন্নয়নের জন্য পরিবহন খরচ।	৩১.৪০	দরপত্র চাওয়া হয়েছে
৪৩।	মালদার কালিয়াচকে শিলামপুরে পলিটেকনিক কলেজ নির্মাণ (মাইনরিটি অ্যাফেয়ার্স এবং মাদ্রাসা এডুকেশন বিভাগের সঞ্চিত কাজ)।	১৮৬৯.১১	দরপত্র চাওয়া হয়েছে

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
৪৪।	মালদা জেলার গাজল ব্লকে বড়োকোণা থেকে বাবুপুর মিশিরপুর পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ।	২৩৫.৬১	দরপত্র চাওয়া হয়েছে
৪৫।	মালদার গাজল ব্লকের কাশিমপুর পি.এম.জি.এস.ওয়াই. সড়ক থেকে দেওতলা হাতুলা ভায়া শাকরোড কানাকুড়ি পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ।	৪২৭.৩৯	দরপত্র চাওয়া হয়েছে
৪৬।	মালদা রতুয়া ১নং ব্লকের মহানন্দাতলা এবং বিলাইমাড়ি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সরকারতলা থেকে নয়াবিলাইমাড়ি ভায়া খাসমহল টিকলিড়ে পর্যন্ত পিচ রাস্তার উন্নতিকরণ।	১৯২.৬৫	দরপত্র চাওয়া হয়েছে
৪৭।	মালদার রতুয়া ২নং ব্লকের শিরপুর ১নং গ্রাম পঞ্চায়েতের মগুরা ব্যাঙ্ক থেকে জমি মসজিদ ভায়া ব্যাঙ্ক রোড পাকা সড়ক পর্যন্ত রাস্তার উন্নতিসাধন।	২৯২.৬৫	কাজ শুরু হয়েছে
৪৮।	মালদার হাবিবপুর ব্লকের এগারো মাইল থেকে ডালনা পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ।	৪৮৬.৮৫	কাজ শুরু হয়েছে
৪৯।	মালদার ইংরেজবাজার ব্লকের বিনোদপুর গ্রাম পঞ্চায়েতের মথুরাপুর এবং জোতেকাবা মৌজার মথুরাপুর থেকে গয়াশপুর পর্যন্ত পিচ রাস্তার উন্নতিসাধন।	২৮৭.৭৯	কাজ শুরু হয়েছে
৫০।	মালদা জেলার ইংরেজবাজার ব্লকের যদুপুর ১নং গ্রাম পঞ্চায়েতের তাইকাটি মৌজার গাইনাথপুর থেকে জাতীয় সড়ক ৩১ (ভায়া রামনাথপুর পর্যন্ত পিচ রাস্তার উন্নতিসাধন)।	৯৬.৩৫	কাজ শুরু হয়েছে
৫১।	মালদার মানিকচক ব্লকের এনায়েতপুর গ্রাম পঞ্চায়েতের এনায়েতপুর উচ্চ বিদ্যালয় থেকে লক্ষ্মীপুর পর্যন্ত রাস্তা নির্মাণ।	২৫১.১২	কাজ শুরু হয়েছে

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
৫২।	মালদা জেলার ওল্ড মালদা পৌরসভার অন্তর্গত জাতীয় সড়ক ৩৪ নং (মহানন্দা সেতুর নিকট) পাথরপাড়া ৯নং ওয়ার্ড থেকে চড়কোলা ওয়ার্ড নং ৯ পর্যন্ত সি.সি. সড়ক নির্মাণ।	৯৩.১৯	কাজ শুরু হয়েছে
৫৩।	মালদা মানিকপুর ব্লকের মথুরাপুর গ্রাম পঞ্চায়েতের কার মৌ-তলা ভায়া ধামুতলা প্রাথমিক বিদ্যালয় ভায়া কামালপুর কালী মন্দির পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ।	২২১.৮১	কাজ শুরু হয়েছে
৫৪।	মালদার ইংরেজবাজার ব্লকের শোভানগর ও মিল্কি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পাগলি মোড় থেকে খোসকোল পাগলি কালীমন্দির পর্যন্ত পিচ রাস্তার উন্নতিসাধন।	৩৭২.৬৭	দরপত্র আহ্বান করা হয়েছে
৫৫।	মালদার ইংরেজবাজার ব্লকের নিয়ামতপুর থেকে ফুলবাড়ি ঘাট পর্যন্ত রাস্তার মানোন্নয়ন।	১০৪.২৮	দরপত্র আহ্বান করা হয়েছে
৫৬।	মালদার মানিকচকে ফুলহার নদীর ওপর ভূতনিরচর সংযোগকারী শাঁখারিটোলা ঘাটে সেতু নির্মাণের কাজে বৈদ্যুতিন ব্যবস্থা অপসারণের জন্য ব্যয়।	১৩.৯৬	দরপত্র আহ্বান করা হয়েছে
৫৭।	মালদার হরিশ্চন্দ্রপুর ১নং ও ২নং ব্লকের অন্তর্গত ফতেপুর থেকে হরিশ্চন্দ্রপুর উচ্চ বিদ্যালয় ভায়া তালবাংগুরু হরধামনগর পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ (১৬.০৮ কিমি) ডব্লু.বি.সি.ই.টি.এফ.।	১৭৬৯.৩০	দরপত্র আহ্বান করা হয়েছে
৫৮।	মালদার মানিকচকের চৌকিনমির্দাপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বাবলাবান্না থেকে বিষ্ণুপুর শংকর মোড় ভায়া গৌরীপুর প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ (৫.৯৪৫ কিমি)।	৬৮৪.৫২	দরপত্র আহ্বান করা হয়েছে

ক্রমিক নং	প্রকল্পের নাম	আনুমানিক ব্যয় (লক্ষ টাকায়)	কাজের অগ্রগতির হিসাব
৫৯।	মালদার ইংরেজবাজার কাজিগ্রাম ও বিনোদপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ঘোড়াপির থেকে শাকতারি পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ (১০.৯১২ কিমি)	১০৮৬.৯৯	দরপত্র আহ্বান করা হয়েছে
৬০।	মালদার গাজোলে একলাখি থেকে দীঘিরহাট ভায়া পানুসা মোড় রামনগর উচ্চ মাদ্রাসা কুতুমপুর খিলাবাদ পর্যন্ত পিচ রাস্তা নির্মাণ (৮.৩০২ কিমি)।	৯০৩.৬৯	দরপত্র আহ্বান করা হয়েছে
৬১।	মালদার মানিকচক কলেজের অবশিষ্ট অংশের নির্মাণ কাজ।	১৮৩.৯১	দরপত্র আহ্বান দরপত্র আহ্বান

কৃষি বীজ খামার

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৯) **ডঃ সুখবিলাস বর্মা :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার কৃষি বীজ খামারগুলির সংখ্যা কত ও তাদের নাম কি;

(খ) ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ আর্থিক বছরগুলিতে উক্ত জেলার প্রতিটি বীজ খামারে কোন কোন শস্যের কত পরিমাণ বীজ উৎপাদিত হয়েছে; এবং

(গ) উক্ত জেলার মোহিতনগর বীজ খামারের পরিকাঠামো উন্নয়নের জন্য গত তিন বছরে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) জলপাইগুড়ি জেলা ও সম্প্রতি বিভক্ত আলিপুরদুয়ার জেলার মোট ১৪টি খামার আছে। জেলা বীজ খামার-১টি, মহকুমা উপযোজ্য গবেষণা খামার-২টি।

(SARF)

আঞ্চলিক উপযোগী গবেষণা কেন্দ্র — ১টি,

রাজ্য বীজ/কৃষি খামার — ১টি,

রেমি গবেষণা কেন্দ্র — ১টি,

ব্লক বীজ খামার — ৮টি

বিস্তারিত তথ্য (**সংযোজনী ১**)

সংযোজনী-১(ক)

There are total 9 nos. of Govt. farms in Jalpaiguri district as given below :

(Area in acres)

Sl. No.	Name of Govt. Farms	Total area	Cultivable area	Net cultivable area after transfer	Remarks
1.	D.S.F. Mohitnagar	79.00	25.00	36.00	
2.	Ramie res. Stn. Mo'gar	13.00	13.00	–	
3.	Z.A.R.S. Mohitnagar	35.00	15.00	–	
4.	S.A.F. Moynaguri	25.00	17.50	13.00	
5.	S.A.R.F. Dhupguri	25.05	19.00	14.00	
6.	B.S.F.Mal	25.85	18.00	13.00	
7.	Do-Meteli	25.00	18.00	13.50	
8.	Do-Nagrakata	26.85	16.00	15.00	
9.	Do-Salbari	18.18	14.00	7.00	
		272.93	**155.50**	**75.50**	

সংযোজনী-১(খ)

There are total 5 nos. of Govt. farms in newly created Alipurduar district as given below :

(Area in acres)

Sl. No.	Name of Govt. Farms	Total area	Cultivable area	Net cultivable area after transfer	Remarks
1.	S.A.R.F. Alipurduar	27.88	20.50	16.00	
2.	B.S.F. Falakata	27.42	17.00	12.00	
3.	B.S.F. Kalchini	25.00	15.00	1.00	
4.	B.S.F. Kumargram	26.00	18.50	16.47	
5.	B.S.F. Madarihat 2	25.00	18.00	17.50	
		131.30	**89.00**	**62.97**	

(খ) বিস্তারিত তথ্য **সংযোজনী ২(ক) ও ২(খ)**

সংযোজনী-২(ক)

Production Report in Government Agricultural Farms in Jalpaiguri District for the year 2012-13 & 2013-14

Production in Qtl.

	Crops	Paddy		Wheat		Jute		Pulses		Oilseeds		Maize		Dhaincha		Other Crops	
	Name of the Farm	2012-13	2013-14	2012-13	2013-14	2012-13	2013-14	2012-13	2013-14	2012-13	2013-14	2012-13	2013-14	2012-13	2013-14	2012-13	2013-14
1	D.S.F. Mohitnagar	129.59	134.86	0.00	0.00	0.00	0.00	0.00	1.11	14.40	4.60	1.75	0.00	0.00	0.00	0.00	0.00
2	Ramie R. S. Mo'gar																
3	ZARS Mohitnagar	20.06	21.40	3.45	1.66	0.00	0.00	0.69	0.36	1.15	0.31	0.38	0.80	0.07	0.04	0.89	0.59
4	S.A.F. Moynaguri	41.00	9.40	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.80	3.43	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
5	SARF Dhupguri	60.10	34.65	0.00	9.84	0.00	0.00	0.00	0.00	8.41	0.80	0.00	13.52	0.00	4.50	0.00	0.00
6	SARF Alipurduar	44.00	57.00	0.00	0.00	0.52	0.00	0.00	0.00	0.40	20.40	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
7	B.S.F. Malbazar	9.40	7.00	0.00	0.00	0.00	0.00	0.47	0.00	1.76	3.25	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
8	B.S.F. Meteli	3.50	3.13	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
9	B.S.F. Nagrakata	14.00	14.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.35	0.66	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
10	B.S.F. Salbari	109.29	107.05	5.95	0.00	0.00	0.00	0.00	0.00	2.70	3.25	9.05	0.00	0.05	0.00	0.00	0.00
11	B.S.F. Falakata	32.00	16.30	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	1.05	2.56	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
12	B.S.F. Kalchini	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
13	B.S.F. Kumargram	50.00	20.00	0.00	0.00	2.00	6.00	0.00	0.60	5.00	2.90	0.00	0.00	0.75	0.00	0.00	0.00
14	B.S.F. Madarihat	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	TOTAL	**383.35**	**289.93**	**9.40**	**11.50**	**2.52**	**6.00**	**1.16**	**0.96**	**21.62**	**37.56**	**9.43**	**14.32**	**0.87**	**4.54**	**0.89**	**0.59**

সংযোজনী-২(খ)

Production Report in Government Agricultural Farms in Jalpaiguri and Alipurduar District for the year 2014-2015

JALPAIGURI							Production in Qtt.		
Sl.	Name of the Farm	Paddy 2014-15	Wheat 2014-15	Jute 2014-15	Pulses 2014-15	Oilseeds 2014-15	Maize 2014-15	Dhaincha 2014-15	Other Crops 2014-15
1	D.S.F. Mohitnagar	116.00	1.61	0.00	0.05	1.86	0.00	0.72	0.06
2	Ramie R.S., Mo'gar								
3	ZARS Mohitnagar	17.69	1.89	0.00	0.00	0.00	0.00	0.60	0.00
4	S.A.F. Moynaguri	50.00	0.00	0.00	0.00	1.50	0.00	0.00	0.00
5	SARF Dhupguri	42.15	9.80	0.00	0.50	7.34	0.00	1.40	
6	B.S.F., Malbazar	10.50	0.00	0.00	0.00	0.00	0.00	0.15	3.85
7	B.S.F., Meteli	3.12	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
8	B.S.F., Nagrakata	4.82	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
9	B.S.F., Salbari	24.35	0.00	0.00	0.68	2.89	0.00	0.00	0.00
	TOTAL	**268.63**	**13.30**	**0.00**	**1.23**	**13.59**	**0.00**	**2.87**	**3.91**

ALIPURDUAR							Production in Qtt.		
Sl.	Name of the Farm	Paddy 2014-15	Wheat 2014-15	Jute 2014-15	Pulses 2014-15	Oilseeds 2014-15	Maize 2014-15	Dhaincha 2014-15	Other Crops 2014-15
1	SARF Alipurduar	43.64	0.00	0.00	0.00	6.00	0.00	0.00	0.00
2	B.S.F., Falakata	1.24	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
3	B.S.F., Kalchini	0.55	0.00	0.00	0.00	0.12	0.00	0.47	0.00
4	B.S.F., Kumargram	44.00	0.00	0.00	0.42	1.00	0.00	0.00	0.00
5	B.S.F., Madarihat	17.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	TOTAL	**106.43**	**0.00**	**0.00**	**0.42**	**7.12**	**0.00**	**0.47**	**0.00**

(গ) পরিকাঠামো গত উন্নয়নের ক্ষেত্রে গত তিনটি আর্থিক বছরে বিভিন্ন প্রয়োজনে কৃষি-যন্ত্রপাতি কেনা হয়েছে এবং থ্রি ফেজ বৈদ্যুতিক সংযোগ-এর ব্যবস্থা করা হয়েছে।

বিস্তারিত তথ্য **সংযোজনী - ৩**

Infrastructure Development in Mohitnagar Farm in last three year of Jalpaiguri district
Mechinery received for Development of farm work for last three financial year

Sl. No.	Particulars	Year 2012-13	Year 2013-14	Year 2014-15
1.	Power tiller	—	—	1
2.	Power reaper	—	—	1
3.	Zero tillage machine cum seed drill	2	—	1
4.	Installation of shallow tubewell	—	—	2
5.	Replacement of single phase submersible pump by three phase submersible pump with three phase electric connection	—	—	1

কৃষক বাজার/কিষাণমাণ্ডি তৈরির জন্য ব্যবহৃত জমি

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৭১) **ডঃ সুখবিলাস বর্মা :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে কৃষক বাজার/কিষাণ মাণ্ডি তৈরির জন্য প্রধানত কৃষি খামারের জমিই ব্যবহৃত হয়েছে;

(খ) সত্যি হলে, প্রতিটি কৃষক বাজার/কিষাণ মাণ্ডির জন্য কত জমি নেওয়া হয়েছে; এবং

(গ) ৩১শে অক্টোবর, ২০১৫ সাপেক্ষে খামারগুলি থেকে উক্ত বাজার/মাণ্ডি তৈরির জন্য কত পরিমাণ জমি নেওয়া হয়েছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে কৃষক বাজার নির্মাণের জন্য প্রধানত কৃষি খামারের জমিই ব্যবহৃত হয়েছে।

(খ) কৃষি খামারে নির্মিত প্রতিটি কৃষক বাজারের জমির পরিমাণ নীচের সূচী অনুসারে দেওয়া হল :

প্রথম পর্যায়ের কৃষি খামারের জমির জন্য পরিশিষ্ট 'ক'

দ্বিতীয় পর্যায়ের কৃষি খামারের জমির জন্য পরিশিষ্ট 'খ'

(গ) কৃষি খামারে নির্মিত প্রতিটি কৃষক বাজারের জন্য জমির পরিমাণ নীচের সূচী অনুসারে দেওয়া হল :

প্রথম পর্যায়ের কৃষি খামারের জমির জন্য পরিশিষ্ট 'ক'

দ্বিতীয় পর্যায়ের কৃষি খামারের জমির জন্য পরিশিষ্ট 'খ'

পরিশিষ্ট - ক

প্রথম পর্যায়ে কৃষি খামারে নির্মিত কৃষক বাজারের জমির পরিমাণ

ক্রমিক নং	জেলার নাম	ব্লক	জমির পরিমাণ (একর)
১	কোচবিহার	শীতলকুচি বি.এস.এফ.	৫.০৮০
২		মাথাভাঙা এস.এ.আর.এফ.	৬.৫০০
৩	দার্জিলিং	শালবাড়ি বি.এস.এফ.	৩.৬৪০
৪	আলিপুরদুয়ার	ফালাকাটা বি.এস.এফ.	৫.৯১০
৫	উত্তর দিনাজপুর	ইটাহার বি.এস.এফ.	২.৮৬০
৬		ইসলামপুর এস.এ.আর.এফ.	৩.০০০
৭	দক্ষিণ দিনাজপুর	গঙ্গারামপুর বি.এস.এফ.	২.০৮০
৮		হিলি বি.এস.এফ.	২.৮৬০
৯		কুমারগঞ্জ এস.এ.আর.এফ.	২.৩২০
১০		তপন বি.এস.এফ.	২.১৫০
১১	মুর্শিদাবাদ	বহরমপুর মডেল সীড ফার্ম	২.৮৬৭
১২		কান্দি এস.এ.আর.এফ.	৫.৪৪২
১৩		হরিহরপাড়া বি.এস.এফ.	৪.৪৪৯
১৪		সাগরদীঘি বি.এস.এফ.	২.৯০৪
১৫	মালদা	চাঁচল এস.এ.আর.এফ.	৩.৩৪০
১৬	নদীয়া	হাঁসখালি এস.এ.আর.এফ.	৫.২৬০
১৭		তেহট্ট-১ বি.এস.এফ.	৩.৭২০
১৮		কৃষ্ণগঞ্জ এস.এ.আর.এফ.	৬.৫৩৮
১৯		কালিগঞ্জ বি.এস.এফ.	৩.০৫৮
২০		নাকাশিপাড়া এস.এ.আর.এফ.	৩.৬৬০

ক্রমিক নং	জেলার নাম	ব্লক	জমির পরিমাণ (একর)
২১	উত্তর ২৪-পরগনা	গাইঘাটা বি.এস.এফ.	৫.২০০
২২		হাবড়া মডেল সীড ফার্ম	৫.৭৩২
২৩		বসিরহাট-২ এস.এ.আর.এফ.	১.৯৮৩
২৪		মিনাখাঁ বি.এস.এফ.	৪.৯০০
২৫		ব্যারাকপুর বি.এস.এফ.	৪.১৭০
২৬		বনগাঁ এস.এ.আর.এফ.	২.৯৮০
২৭		বাগদা আদর্শ কৃষি ফার্ম	৫.১০০
২৮	দক্ষিণ ২৪-পরগনা	বিষ্ণুপুর-২ বি.এস.এফ.	৪.৪৮৭
২৯		ডায়মন্ড হারবার বি.এস.এফ.	৪.০৮৯
৩০		মথুরাপুর-১ বি.এস.এফ.	৩.১৩১
৩১	হাওড়া	উদয়নারায়ণপুর বি.এস.এফ.	৬.০০০
৩২		বাগনান বি.এস.এফ.	২.৩০০
৩৩		শ্যামপুর-২ বি.এস.এফ.	৩.৯৫০
৩৪		উলুবেড়িয়া এস.এ.আর.এফ.	৫.০০০
৩৫	হুগলী	সিঙ্গুর এস.এ.আর.এফ.	৫.০৪১
৩৬		ধনিয়াখালি মডেল সীড ফার্ম	৫.০৮৯
৩৭		বলাগড় বি.এস.এফ.	৫.৭৩২
৩৮		জাঙ্গিপাড়া বি.এস.এফ.	৪.৭১০
৩৯		পুরসুরা বি.এস.এফ.	৩.৫৫৩
৪০		আদিসপ্তগ্রাম বি.এস.এফ.	৫.৭৬৭
৪১	বর্ধমান	কেতুগ্রাম-১ বি.এস.এফ.	৬.৩৭৬
৪২		বর্ধমান ডি.এস.এফ.	৩.৩৭৮
৪৩		জামালপুর বি.এস.এফ.	৩.৪৪১
৪৪		পূর্বস্থলি-১ বি.এস.এফ.	৪.৫৫৯
৪৫		গলসী-১ বি.এস.এফ.	৮.৫৫০
৪৬		ভাতার বি.এস.এফ.	৪.৫১৯
৪৭		কেতুগ্রাম-২ বি.এস.এফ.	৬.৭২৭
৪৮		মেমারী-১ বি.এস.এফ.	৩.৭৬১
৪৯		কালনা বি.এস.এফ.	৩.৩৭৯

ক্রমিক নং	জেলার নাম	ব্লক	জমির পরিমাণ (একর)
৫০	বীরভূম	সিউড়ি এস.এ.এফ.	৫.৬৯ - ৩.৬৪
৫১		দুবরাজপুর বি.এস.এফ.	৫.৬৪ - ২.০১
৫২		ময়ূরেশ্বর-১ বি.এস.এফ.	১.৯৬০
৫৩		রামপুরহাট-২ বি.এস.এফ.	৫.৮৫ - ১.৮৭
৫৪		রামপুরহাট-১ এস.এ.আর.এফ.	৪.২২৫ - ২.০২৫
৫৫		নানুর বি.এস.এফ.	৩.১০০
৫৬		বোলপুর এস.এ.আর.এফ.	৪.৮৭ - ২.৮৩
৫৭		মহঃ বাজার এস.এ.আর.এফ.	৫.৪৫৪ - ১.৭৬
৫৮		মুরারোই-২ বি.এস.এফ.	২.৭৫০
৫৯		লাভপুর বি.এস.এফ.	৪.৬৫ - ২.৪৬
৬০	বাঁকুড়া	পাত্রসায়র বি.এস.এফ.	৪.৭৬৩
৬১		সালতোরা এস.এ.আর.এফ.	৪.৪৩৮
৬২		ইন্দাস বি.এস.এফ.	৫.২১৮
৬৩		ছাতনা বি.এস.এফ.	৫.০৬০
৬৪		বিষ্ণুপুর বি.এস.এফ.	৩.৭৬৭
৬৫		কোতুলপুর বি.এস.এফ.	২.৬০০
৬৬	পুরুলিয়া	বড়বাজার বি.এস.এফ.	২.২১৫
৬৭		মানবাজার-১ বি.এস.এফ.	৩.৮৭৬
৬৮		নিতুরিয়া বি.এস.এফ.	৪.৯৩৪
৬৯		বলরামপুর বি.এস.এফ.	৪.৭৭২
৭০		কাশীপুর এস.এ.আর.এফ.	৩.৭১১
৭১		পুরুলিয়া-২ বি.এস.এফ.	২.৯৫৮
৭২	পশ্চিম মেদিনীপুর	ঝাড়গ্রাম এস.এ.আর.এফ.	৬.০৯১
৭৩		মেদিনীপুর এস.সি.আর.এস.	২.৪৮২

ক্রমিক নং	জেলার নাম	ব্লক	জমির পরিমাণ (একর)
৭৪		গড়বেতা-১ বি.এস.এফ.	৪.৯৫৩
৭৫		নারায়ণগড় বি.এস.এফ.	৪.৭৪১
৭৬		কেশপুর বি.এস.এফ.	৫.৪২৮
৭৭		পিংলা বি.এস.এফ.	৪.৬২৩
৭৮		সবং বি.এস.এফ.	৩.২২৩
৭৯		বিনপুর-২ বি.এস.এফ.	২.৩৬২
৮০	পূর্ব মেদিনীপুর	কন্টাই-২ বি.এস.এফ.	৩.৩০৮
৮১		পাঁশকুড়া বি.এস.এফ.	৪.৮০২
৮২		নন্দীগ্রাম এ.আর.এফ.	৭.০১২
৮৩		ভগবানপুর-২ বি.এস.এফ.	২.৫৩৩

পরিশিষ্ট - খ

দ্বিতীয় পর্যায়ে কৃষি খামারে নির্মিত কৃষক বাজারের জমির পরিমাণ

ক্রমিক নং	জেলার নাম	ব্লক	জমির পরিমাণ (একর)
১	কোচবিহার	সিতাই বি.এস.এফ.	২.৫৫০
২		মেখলিগঞ্জ বি.এস.এফ.	২.৯৯০
৩		হলদিবাড়ি এস.এ.আর.এফ.	২.৮৯০
৪	জলপাইগুড়ি	ময়নাগুড়ি বি.এস.এফ.	৩.১৬০
৫		নাগরাকাটা বি.এস.এফ.	২.০৪০
৬		ধূপগুড়ি বি.এস.এফ.	২.৯১০
৭		মেটালি বি.এস.এফ.	৩.৫৪০
৮		মাদারিহাট বীরপাড়া বি.এস.এফ.	৩.২৪০
৯		আলিপুরদুয়ার-১ বি.এস.এফ.	২.০১০
১০		কুমারগ্রাম বি.এস.এফ.	২.৩৩০
১১		কালচিনি বি.এস.এফ.	১.৮০০

ক্রমিক নং	জেলার নাম	ব্লক	জমির পরিমাণ (একর)
১২	উত্তর দিনাজপুর	করণদীঘি এস.এ.আর.এফ.	২.৩৮০
১৩		রায়গঞ্জ এস.এ.আর.এফ.	২.৫০০
১৪		হেমতাবাদ বি.এস.এফ.	২.৩৭০
১৫		কালিয়াগঞ্জ এস.এ.আর.এফ.	২.৭০০
১৬	দক্ষিণ দিনাজপুর	কুশমাণ্ডি বি.এস.এফ.	২.২০০
১৭		বংশীহারি বি.এস.এফ.	২.৫১০
১৮	মালদা	গাজোল বি.এস.এফ.	৩.৪৮০
১৯		বামনগোলা বি.এস.এফ.	২.৬৮০
২০		হাবিবপুর বি.এস.এফ.	৩.০১০
২১		ওল্ড মালদা মডেল ফার্ম	২.৮১০
২২		কালিয়াচক-১ বি.এস.এফ.	২.৪৭০
২৩		কালিয়াচক-৩ এস.এ.আর.এফ.	২.৭৭০
২৪	মুর্শিদাবাদ	নওদা বি.এস.এফ.	২.৬৯২
২৫		খড়গ্রাম বি.এস.এফ.	৩.১১০
২৬		ভরতপুর-১ বি.এস.এফ.	৪.৪৩৯
২৭		ভরতপুর-২ বি.এস.এফ.	৬.৯১১
২৮		বড়োয়াঁ বি.এস.এফ.	২.৪৬৯
২৯		সামসেরগঞ্জ বি.এস.এফ.	২.৭৮৪
৩০		ফারাক্কা বি.এস.এফ.	২.১৮১
৩১		সুতি-১ বি.এস.এফ.	৩.০১৬
৩২		সুতি-২ বি.এস.এফ.	২.৯৮৪
৩৩		রঘুনাথগঞ্জ-১ বি.এস.এফ.	৫.১১৬
৩৪		রঘুনাথগঞ্জ-২ বি.এস.এফ.	২.৯৮০
৩৫		লালগোলা বি.এস.এফ.	৩.৯৯৬
৩৬		ভগবানবোলা-১ বি.এস.এফ.	৩.৭৬২
৩৭		নবগ্রাম বি.এস.এফ.	২.৩৮৬
৩৮		এম.এস.ডি. জিয়াগঞ্জ বি.এস.এফ.	৫.৬৩৪
৩৯		জলঙ্গী বি.এস.এফ.	২.৪৭৫
৪০		রাণীনগর বি.এস.এফ.	৪.৪৭৪

ক্রমিক নং	জেলার নাম	ব্লক	জমির পরিমাণ (একর)
৪১	বীরভূম	সাঁইথিয়া বি.এস.এফ.	৪.৩২৫ - ২.৮৯
৪২		ইলামবাজার বি.এস.এফ.	২.৮০০
৪৩		নলহাটি জেড এ আর এস	৫.০০ - ৩.২৫
৪৪	বর্ধমান	আউশগ্রাম-১ বি.এস.এফ.	২.২৭২
৪৫		মেমারী-২ বি.এস.এফ.	২.৭৮৫
৪৬		রায়না-১ বি.এস.এফ.	৪.২৩১
৪৭		রায়না-২ বি.এস.এফ.	২.৮২৬
৪৮		কাটোয়া-১ বি.এস.এফ.	৪.৩১৩
৪৯		মঙ্গলকোট বি.এস.এফ.	২.৬৬৭
৫০		পূর্বস্থলী-২ বি.এস.এফ.	৫.৪৬৭
৫১		মন্তেশ্বর বি.এস.এফ.	২.৭২১
৫২		কাঁকসা বি.এস.এফ.	৭.২৪০
৫৩	নদীয়া	কৃষ্ণনগর-১ বি.এস.এফ.	২.৪০০
৫৪		করিমপুর-১ বি.এস.এফ.	৫.৯০০
৫৫	উত্তর ২৪-পরগনা	দেগঙ্গা বি.এস.এফ.	২.৫০১
৫৬		হিঙ্গলগঞ্জ বি.এস.এফ.	৬.২০০
৫৭	বাঁকুড়া	জয়পুর বি.এস.এফ.	৪.৩৮০
৫৮	পুরুলিয়া	হুড়া বি.এস.এফ.	২.৩১৫
৫৯		পুঞ্চা বি.এস.এফ.	১.৯৬৪
৬০		ঝালদা-১ বি.এস.এফ.	৩.১৭৩
৬১		জয়পুর বি.এস.এফ.	২.০৬৩
৬২		বাগমুন্ডি বি.এস.এফ.	২.৫২০
৬৩		সাঁতুরী বি.এস.এফ.	২.৩১৩
৬৪		পারা বি.এস.এফ.	২.৪৯৯
৬৫	পশ্চিম মেদিনীপুর	গড়বেতা-২ এস.এ.আর.এফ.	২.৫৪১
৬৬		চন্দ্রকোণা-১ এস.এ.আর.এফ.	৩.৫০০
৬৭	হাওড়া	আমতা-১ বি.এস.এফ.	১.৮০০
৬৮	দক্ষিণ ২৪-পরগনা	বারুইপুর বি.এস.এফ.	৩.৭৮১
৬৯		সাগর বি.এস.এফ.	৫.১৮০
৭০		পাথর প্রতিমা বি.এস.এফ.	১.৭৮৩
৭১	পূর্ব মেদিনীপুর	এগরা-১ বি.এস.এফ.	২.৭৪২
৭২		পটাশপুর-১ বি.এস.এফ.	৪.৮৯৮

বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের সহায়তা প্রদান

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৯) **শ্রী সেখ পারভেজ রহমান :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ভয়াবহ বন্যায় হুগলী জেলার ক্ষতিগ্রস্ত কতজন চাষীকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে; এবং

(খ) উক্ত ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত চাষীদের বন্যা পরবর্তী আলুচাষের জন্য সরকার কি সুবিধা দেওয়ার কথা ভেবেছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বিগত ভয়াবহ বন্যায় হুগলী জেলার ১,৫৬,১৬০ জন ক্ষতিগ্রস্ত চাষীকে চেকের মাধ্যমে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

(খ) হুগলী জেলার ক্ষতিগ্রস্ত কৃষক যাঁরা পরবর্তী ফসল হিসাবে আলু চাষ করেছেন তাঁরাও ক্ষতিপূরণ বাবদ চেকের মাধ্যমে আর্থিক সাহায্য পেয়েছেন।

অসংগঠিত শ্রমিকদের ভবিষ্যনিধি প্রকল্প

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৭) **শ্রী অসীম কুমার মাঝি :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে সেপ্টেম্বর, ২০১৫ সাপেক্ষে রাজ্যে কতজন শ্রমিক 'অসংগঠিত শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প'-এর সুবিধা পাচ্ছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে সেপ্টেম্বর, ২০১৫ সাপেক্ষে রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত 'অসংগঠিত শ্রমিকদের ভবিষ্যনিধি প্রকল্প'-এর সুবিধা পাচ্ছেন এরূপ নথিভুক্ত শ্রমিকের সংখ্যা ৫৩,৫৩,২৬৪ জন।

...(Questions' Hour is Over)...

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Akhruzzaman, Smt. Pratima Rajak, Shri Mainul Haque, Shri Sunil Chandra Tirkey, Shri Rabibul Alam Choudhury, Shri Nepal Mahata, Shri Asif Mehbub, Shri Asis Marjit, Shri Abu Hena, Shri Samar Mukherjee and Shri Asit Mitra on the subject of alleged curb on democratic rights of the Indian National Congres and others to organize meetings etc. in the State.

The second one is from Shri Anisur Rahaman, Shri Prabodh Chandra Sinha, Shri Subhas Naskar, Shri Anandamay Mandal, Shri Paresh Chandra Adhikary, Shri Sahajahan Choudhury, Shri Gouranga Chatterjee, Shri Dhiren Bagdi, Shri Chowdhury Md.

Hedayatullah and Shri S. M. Sadi on the subject of alleged attack on some leaders and workers of the Leftist mass organizations participating in 'Jatha Karmasuchi.'

The subject matter of both the motions are not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the Ministers concerned through Mention etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of each party may, however, read the text of the Motion, as amended.

শ্রী আখরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল রাজ্যের রাজনৈতিক দলগুলিকে, বিশেষ করে ভারতীয় জাতীয় কংগ্রেসকে মিটিং-মিছিল করতে না দেওয়ার ফলে গণতান্ত্রিক পরিবেশ বজায় থাকছে না। নন্দীগ্রাম, বহরমপুর সহ বিভিন্ন জায়গায় এই ধরনের ঘটনা ঘটছে বলে জানা গেছে। বহু জায়গায় মিথ্যা-মামলার ভয়ে অনেক মানুষ রাজনীতিতে অংশ নিতে পাচ্ছেন না বলে অভিযোগ। ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী আনিসুর রহমান : স্যার, আমরা তো এই সিজেনে অনেকগুলি গুরুত্বপূর্ণ মেনশান নিয়ে এসেছিলাম। কিন্তু আমাদের এটা কোনোদিন দেওয়া হয়নি। তাই আমি অনুরোধ করব, মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি বিশেষ আলোচনায় এই সভা তার কাজ আপাতত মুলতুবি রাখছে। বিষয়টি হল সারা দেশে ১১৩টি বেঙ্গল প্ল্যাটফর্ম মাস অর্গানাইজেশান সংগঠন যৌথ মঞ্চ-এর উদ্যোগে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার নাগরিকদের কয়েকটি মৌলিক অধিকার এবং দাবি সম্পর্কে জনসাধারণের সচেতনতার উদ্দেশ্যে রাজ্যের প্রতিটি গ্রামে জাঠা কর্মসূচি ১৪ই নভেম্বর, ২০১৫ থেকে পালিত হয় এবং এই কর্মসূচি গণ-আন্দোলনের চেহারা নেয়। বিভিন্ন স্থানে এই গণ-আন্দোলনের কর্মসূচি চলাকালীন বাম নেতা কর্মী এবং তার সঙ্গে বিধায়ক সহ বিভিন্ন জায়গায় আহত হয়েছে — এই জন্য আমি এখানে অংশ নিয়েছি, থ্যাঙ্কু।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received two notices of Calling Attention on the following subjects, namely,

	Subject	Name
1.	Alleged lathi charge by the police on the workers of BJP participating	: Shri Samik Bhattacharya

in the democratic movement on 16.12.2015.

2. Steps taken by the State Government to supply food to the workers of closed tea gardens. : Shri Asit Majumder

I have selected the notice of Shri Asit Majumder on the subject of steps taken by the State Government to supply food to the workers of closed tea gardens.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or send the reply direct to the Member concerned.

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবের উত্তর সংসদ দপ্তরের মন্ত্রী সরাসরি লিখিতভাবে জানিয়ে দেবেন।

...(এই সময় কংগ্রেস দলের সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন)...

...(এই সময় বিরোধী বামপক্ষের মাননীয় সদস্যরা ফেস্টুন দেখিয়ে নিজ আসন থেকে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।)...

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes & Scheduled Tribes Development & Finance Corporation for the year 2013-2014

Shri Upendra Nath Biswas : Sir, I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes & Scheduled Tribes Development & Finance Corporation for the year 2013-2014.

...(এই সময় বিরোধী বামপক্ষের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে থাকেন।)...

LAYING OF NOTIFICATION

Notification made by the Backward Classes Welfare Department, Government of West Bengal under The West Bengal Right to Public Services Act, 2013

Shri Upendra Nath Biswas : Sir I beg to lay the Notification No. 4683-BCW, dated the 26th November, 2015, issued by the Backward Classes Welfare Department, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary dated the 1st December, 2015 under The West Bengal Right to Public Services Act, 2013.

...(গোলমাল)...

MENTION CASES

Shri Sahajahan Chowdhury : (Not responded)

Shri Anisur Rahaman : (Not responded)

Shri Chowdhury Md. Hedayatullah : (Not responded)

শ্রী শমীক ভট্টাচার্য্য : স্যার, ২০১৩ সালের ৭ই জুন কামদুনিতে যে গণধর্ষণ ও খুনের ঘটনা ঘটেছিল, তাতে রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী ঘটনাস্থলে গিয়ে বলেন, আগামী তিন মাসের মধ্যে দোষীদের উপযুক্ত ব্যবস্থা নেবেন। কিন্তু দীর্ঘদিন অতিক্রান্ত হওয়ার পরেও সেখানে কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। যারা এই ঘটনার প্রতিবাদ করেছিলেন, তারা বিভিন্নভাবে আক্রান্ত হয়েছেন, বঞ্চিত হয়েছেন। তাদের ভেড়িতে কোনো চাষ করতে দেওয়া হচ্ছে না। ভীতি প্রদর্শন, নির্বাচনের সময় বাড়িতে লাগাতার আক্রমণ — এই ঘটনা চলছে। এখানে রাজ্যের মুখ্যমন্ত্রী, রাজ্যের মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী সরেজমিনে উপস্থিত হয়ে গ্রামবাসীর কাছে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেখানে আজ এই অবস্থা কেন? স্যার, পুলিশ পার্টিশান রোল প্লে করছে। সেখানে পুলিশ গিয়ে ফুটবল ম্যাচ চালাচ্ছে শান্তির দূত হিসাবে। আর যে কোনো গণতান্ত্রিক তারা প্রতিবাদ করছেন দিনটিকে বা মাসটিকে অবজার্ভ করবার জন্য ...(এই সময় মাইক অফ হয়ে যায়।)...

...(গোলমাল)...

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, through you I would like to draw the attention of the Hon'ble Food Minister.

The total population in GTA was under whole PDS unit was around 12 lakh, to be precise it is 11,91,000. These people were receiving PDS at the rate or 1600 grams of rice, 1000 grams of atta and 700 grams of wheat. Then NFS, National Food Security came and the economic survey was counducted in 2011 and we were unaware of that and the figure upto 2011 census in PDS was only 4,27,000. Before NFS, they were getting 13 kg per unit. Now it will come down to 5 kg per unit. My question is what will be case of the rest of 11,91,000? Only 4.27 lakh will be receiving this PDS under NFS. But about the rest we do not know and the Department has not clarified what will be their status. So in this regard I want a clarification from the Hon'ble Food Minister regarding the status of those people who have not been recorded in NFS scheme.

Shri Basudeb Mete : (Not responded).

Shri K. P. Singh Deo : Mr. Speaker, Sir, I would like to draw you

kind attention to the department of Ministry of Environment that random use of plastic and ploythene is causing immense damage to the cities and small towns. All the drains and hydrants and passages are getting jammed up because of extensive use of polythene beyond prescribed limit. Sir, these are not only that, all the animals who are getting little bit of food in the plastic packet there is also written the guideline. I would like to draw the kind attention of the Hon'ble Minister of Environment to look into the matter because it is a very serious case.

...(গোলমাল)...

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্রের নাকাশিপাড়া ব্লকের বেথুয়াডহরিকে পঞ্চায়েত থেকে পৌরসভায় রূপান্তর করার প্রস্তাবে সার্বিকভাবে সরকারি ক্ষেত্রে অনুমোদিত পরিকল্পনা বাস্তবায়িত হয়ে আছে। ওই এলাকার মানুষের কাছে আধুনিকতম পরিষেবা পৌঁছে দেওয়ার জন্যে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন, বর্তমান আর্থিক বছরেই যাতে বেথুয়াডহরিকে পৌরসভা ঘোষণা করা হয় এবং অনুমোদিত হয়, সেই ব্যাপারে আবেদন ও অনুরোধ জানাই। ধন্যবাদ।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিশ্ববন্দিত ডঃ বি. আর. আম্বেদকর তাঁর নামে বিশ্ববিদ্যালয় করার জন্য অনুরোধ জানাচ্ছি। ডঃ বি. আর. আম্বেদকার শুধুমাত্র ভারতবর্ষের পার্লামেন্টের সংবিধান রচনা করেননি, তিনি দেশ স্বাধীন হওয়ার জন্য বিভিন্ন সময়ে বিভিন্নভাবে ত্যাগ স্বীকার করেছেন। শুধু তাই নয়, আর একটি বিষয় হওয়া দরকার যে, ডঃ বি. আর. আম্বেদকারকে যদি এখানে বিদ্যালয়ের পাঠ্যসূচিতে নিয়ে আসা যায় তাহলে আমার মনে হয়, বিশ্বনন্দিত ডঃ বি. আর. আম্বেদকারকে সম্মান জানানো হবে। ধন্যবাদ।

...(নয়েজ)...

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণে জানাচ্ছি, আমার বিধানসভার পূর্বদিকে গঙ্গার ওপারে চারখানি গ্রাম আছে। সেই গ্রামগুলি থেকে যাতায়াতের কোনও রাস্তা নেই। এটা কালিগঞ্জ বিধানসভার সীমানা পর্যন্ত চরসুজাপুর থেকে চরকুটিরিয়া — এই আড়াই কিমি রাস্তা, সেই রাস্তা দিয়ে আমার এলাকার মানুষেরা বাজারে এবং স্কুলে যায়। পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পূর্তমন্ত্রীর বার বার দৃষ্টি আকর্ষণ করেছি যাতে এই রাস্তাটি অবিলম্বে তৈরি করা হয়, সেই বিষয়ে আবার আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ZERO HOUR

...(নয়েজ)...

Dr. Manas Ranjan Bhunia : ...(absent)...

Shri Ranjit Kumar Mandal : ...(not responding)...

Shri Asit Mitra : ...(absent)...

...(নয়েজ)...

শ্রী শ্যামল মণ্ডল : আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খুব উদ্বেগের সঙ্গে জানানো যাচ্ছে যে, ২০০৯ সালের নভেম্বর মাসে আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী যখন কেন্দ্রের রেলমন্ত্রী ছিলেন সেই সময় ক্যানিং-এ মাখলা নদীর ওপর দিয়ে রেল-ব্রিজ নির্মাণ করে সুদূর ভাঙ্গনখালি থেকে সুদূর সুন্দরবন গদখালি পর্যন্ত রেলের সম্প্রসারণের কাজ শুরু করেছিলেন। বাজেটে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। কাজও চলছিল দুর্বার গতিতে। কিন্তু ২০১৪ সালে যখন কেন্দ্রে সাম্প্রদায়িক শক্তি বা সরকার এলো সঙ্গে সঙ্গে গত দু'বছর ধরে আমাদের এই ক্যানিং-এ মাখলা নদীর ওপরে রেল-ব্রিজ তৈরির কাজ সম্পূর্ণরূপে বন্ধ হয়ে গেল। এই নিয়ে সুন্দরবনের মানুষ স্বপ্ন দেখেছিলেন। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার কাছে আমি অনুরোধ করব যে, এই হাউস থেকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই হাউসে পবিত্র বিধানসভায় একটি রেসোলিউশান করা হোক যে রেসোলিউশানের মাধ্যমে কেন্দ্রের প্রধানমন্ত্রীর এবং রেলমন্ত্রীর কাছে আবেদন করব যে, এই সুন্দরবনের প্রায় ৫০ লক্ষ মানুষ যে স্বপ্ন দেখেছিল এবং মাননীয়া মুখ্যমন্ত্রী তথা তদানীন্তন রেলমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে স্বপ্ন দেখেছিলেন, আজকের কেন্দ্রের বিজেপি সরকার সেই রেল বাজেটের টাকা দু'দুবার বন্ধ করে দিয়েছে। কেন্দ্রে আজ যারা বন্ধু সরকার ছিল, দীর্ঘ বছর ধরে পর পর বামফ্রন্টের যারা সাংসদ ছিল, যাঁরা এমএলএ ছিল, যাঁরা কেন্দ্রের মন্ত্রী ছিল তাঁরা আজকে সুন্দরবনের মানুষের জন্য ভাবেনি। আজকে তাঁরা কোনো প্রতিবাদও করছে না। কতিপয় বামপন্থীদের কিছু সাংসদ আছে তারা সুন্দরবন মানুষের জন্য কোনোরকম প্রতিবাদ করছে না যে, কেন সুন্দরবনের রেল-ব্রিজের কাজ বন্ধ হয়ে গেল। তাই অধ্যক্ষ মহোদয়, আজকে আমি আপনার কাছে অনুরোধ করব, আজকে এই পবিত্র হাউস থেকে একটা রেসোলিউশান করে কেন্দ্রীয় সরকারের কাছে মাননীয়া মুখ্যমন্ত্রীর মাধ্যমে যাতে আমাদের মাখলা নদীর ওপর সেতুটি হয় তার জন্য অনুরোধ করছি, নমস্কার। ধন্যবাদ।

(At this stage the House was adjourn till 1.30 p.m.)

[1.30– 1.40 p.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আপনার অনুমতি নিয়ে একটু বলতে চাই।

মিঃ স্পীকার : আমি ফাইলটা দেখেছি, আজকেই ডেট ছিল। আজকে ১টার সময় একটা অর্ডার দিয়েছি। আদার সাইডের ওপর নোটিশ ইস্যু করেছি। অর্ডারটা আপনাকে কমিউনিকেট

করতে বলেছি। ...(নয়েজ)... না, আমি আপনার ওটা পেয়েছি এবং সেটা পাওয়ার পরিপ্রেক্ষিতে, Opposite Party, তার ওপর একটা নোটিশ ইস্যু করেছি for his comments. এবং সেই comments জমা দেওয়ার জন্য উনি প্রথমদিন সময় চেয়েছিলেন। দ্বিতীয়দিন, আজকে date ছিল, ততক্ষণে আমার কাছে রিপোর্ট এসেছে যে 'ওনাকে ট্রেস করা যাচ্ছে না'। ওনাকে শমন পাঠানো হয়েছিল সেটা আমাদের কাছে রিটার্ন আসেনি। আমি to be served by affixation order দিয়ে এবং একটা এক্স-পার্টি হেয়ারিঙের ডেট আমি দিয়ে দিয়েছি যদি ও না আসে। এক্স-পার্টি ম্যাটার শুনে আমি ডিসিশন নেব। At the same time, আজকে অর্ডার দেওয়ার পরে ...(নয়েজ)... লেটার অন একটা চিঠি পাঠিয়েছেন উনি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সেশন তো চলে যাচ্ছে।

মিঃ স্পীকার : কিন্তু আমাকে তো ওনাকে একটা opportunity দিতে হবে। আপনি তো জানেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : কোর্ট তো অর্ডার দিয়েছে। He is convicted. It stands removed.

মিঃ স্পীকার : আপনি যেটা বলেছেন, আপনারটা আমি দেখেছি। কিন্তু ওনাকে একটা opportunity দিয়েছি শোনবার জন্য।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : Constitution-এ এ ব্যাপারে very clear বলা আছে।

মিঃ স্পীকার : এটা নিয়ে তো এখানে বিতর্ক করার জায়গা নয়। ...(গোলমাল)... শুনানির সময় দিয়েছি, শুনানির দিন শুনে নেব। I have given a date for hearing. This will be communicated to you.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : When we will get justice? There is Supreme Court's ruling. ...(গোলমাল)...

মিঃ স্পীকার : I have given him an opportunity. দেখুন এটা নিয়ে এখানে বিতর্ক করার কিছু নেই।

Dr. Surjya Kanta Mishra : You have to say whether he is a member of the House or not.

...(গোলমাল)...

মিঃ স্পীকার : না, না, এখানে কোনো ...(গোলমাল)... I don't want to pass any comment right now, unless it is properly adjudicated. No, no, no. I will adjudicate the matter at your sweet will. It will not be adjudicated. Let it be very clear.

Dr. Surjya Kanta Mishra : You have to say whether he is a member or not.

...(গোলমাল)...

মিঃ স্পীকার : ঠিক আছে, আমি তো বলে দিলাম। আমি তো বলে দিয়েছি। ...(গোলমাল)... না, না, সূর্যবাবু আমি এইভাবে কিছু বলতে পারব না। এতে আপনার বলার কিছু নেই। কালকে সহিষ্ণুতা নিয়ে এত কথা বললেন আর আজকে আপনারা এই ধরনের কথা বলছেন! ...(গোলমাল)... না, না, Right at this juncture, I cannot pass any comment on it. No, no, I will give a proper order. না, না, আমি আপনাকে proper order দেব। আমি হেয়ারিঙের ডেট দিয়েছি। I will decide the matter exparte. Next ডেটের মধ্যে যদি উনি জমা না দেন I will decide the matter exparte. আমরা order দিয়ে দিয়েছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমরা জানতে চাই, whether he is a Member of this House or not. এটা আপনাকে বলতে হবে। মিঃ সোহরাব কী এই হাউজের মেম্বার, না মেম্বার নয়?

মিঃ স্পীকার : না, আমি এটা নিয়ে এখন কিছু বলব না Member কী not member. আমি এখন এ সম্বন্ধে কোনো কমেন্ট করব না। ...(গোলমাল)... The matter is under my examination. The matter is under my examination and I've given him an opportunity to submit written comments. আমি তো আপনাকে শুনানির ডেট দিয়েছি। আমি শুনানির তারিখ দিয়েছি। I've given a date.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি এটা পারেন না স্যার। উনি মেম্বার কী মেম্বার না তার জবাব দিন।

...(গোলমাল)...

...(At this state, all the Hon'ble Members of the Left Front Parties continued raising slogans in the well of the House)...

LEGISLATION

The Sanskrit College and University, West Bengal Bill, 2015

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce the Sanskrit College and University, West Bengal Bill, 2015.

(Secretary, then read the title of the Bill)

...(Noise)...

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the Sanskrit College and University, West Bengal Bill, 2015 be taken into consideration.

Mr. Speaker : There is one amendment to the Motion for reference of the Bill to the Select Committee by Shri Asit Mitra may now move his amendment.

...(Noise)

Shri Asit Mitra : Sir, I beg to move that the Sanskrit College and University, West Bengal Bill, 2015 be referred to a Select Committee of the House.

...(Noise)...

Mr. Speaker : Now, the matter will be taken up for discussion. তারপর আমরা এটার উপরে মাননীয় মন্ত্রীর বক্তব্য শুনবো।

Shri Prabodh Chandra Sinha : Not responded.

...(Noise)...

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে সংস্কৃত কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি বিল ওয়েস্ট বেঙ্গল 2015 যেটা আজকে এই পবিত্র বিধানসভায় পেশ করা হয়েছে।

...(Noise)...

...(At this stage, all the Hon'ble Members of the Left Front Parties walked out of the House)...

...(Noise)...

আমি স্যার মনে করি বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই রাজ্যের মুখ্যমন্ত্রী হওয়ার পর অনেকগুলি বিশ্ববিদ্যালয় করেছেন। কিন্তু ভারতবর্ষ শুধু নয়, গোটা বিশ্বের সব থেকে প্রাচীনতম যে ভাষা সেই সংস্কৃত ভাষার বিশ্ববিদ্যালয়, সেই বিশ্ববিদ্যালয় গঠনের সিদ্ধান্ত নিয়ে তিনি যে কমিশন বসিয়েছিলেন, সেই কমিশনের রায় অনুযায়ী, সেই কমিশনের সাজেশান অনুযায়ী তিনি বিশ্ববিদ্যালয় বিল এনেছেন। সংস্কৃত কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি বিল আজকে এই বিধানসভার পবিত্র সদনে এনেছেন। স্যার, আমরা জানি এই সংস্কৃত ভাষা সম্পর্কে — আমাদের উল্টোদিকে যারা ওয়াক আউট করে চলে গেলেন ওরা কেবলমাত্র সুযোগটুকু নেওয়ার জন্যই ওয়াক আউট করে চলে গেলেন। আমার নিজের ধারণা এবং জ্ঞান আছে বিভিন্ন কলেজে কলেজে সংস্কৃততে যাতে ছাত্ররা ভর্তি না হয় তার জন্য মার্কসবাদী কমিউনিস্ট পার্টি তাদের প্রিন্সিপালদের উপর চাপ সৃষ্টি করতেন। দক্ষিণ কলকাতায় একটি কলেজ আছে যেখানে ছাত্ররা সংস্কৃততে ভর্তি হতে গিয়েও তাদের বুঝিয়ে দেওয়া হত সংস্কৃত নিয়ে কোনো লাভ নেই, এখানে ক্লাস হয় না। কিসের ভয় আমি জানি না। এমন একটা ধারণা তথাকথিত বামপন্থীদের আছে সংস্কৃত পড়লেই সে হিন্দু হবে। আর হিন্দু হলেই সে বিজেপি করবে, আরএসএস করবে। এরকম একটা ধারণা ওদের ছিল। যে কারণের জন্য তারা সংস্কৃত পড়া যাতে না হয় — আজকেও আমি সংবাদপত্রে দেখেছি কিছু সরকারী অফিসার যারা ওখানে চাকরি করেন তারা বলেছেন প্রেসিডেন্সি কলেজ নাকি গোল্লায় গেছে এবং সংস্কৃত কলেজ নাকি গোল্লায় যাবে যদি এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আসলে বিষয়টা তা নয়। আসলে অরিজেনেট করছে ওখান থেকে ভারতবর্ষের কমিউনিস্টরা এবং

তাদের যারা অ্যালাইজ আছে তারা চায় না এই সুপ্রাচীন যে ভাষা, যে ভাষার মধ্যে বেদ, পুরাণ থেকে শুরু করে ভাগবৎ সমস্ত কিছু যার মধ্যে, জ্ঞান, বিজ্ঞান, ন্যায়ের সমস্ত কথা আছে।

[1.40– 1.50 p.m.]

যেটা পৃথিবীতে গ্রীক বলুন, লাতিন বলুন, প্রাচীন ভাষা হিসাবে পরিচিত হন পৃথিবীতে, তার থেকেও এই ভাষা অত্যন্ত পুরানো ভাষা এবং অত্যন্ত রিচ ভাষা। সেটা যাতে কিছুতেই পশ্চিমবঙ্গে না পড়ানো হয় তার একটা বন্দোবস্ত ওরা করেছিলেন। আমি অভিনন্দন জানাতে চাই রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে যে তিনি তার শত কাজের মধ্যেও এই সংস্কৃত কলেজকে যাতে করে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা যায় তার জন্য তিনি চেষ্টা করেছেন এবং আজকে তার একটা রূপ পেতে চলেছে এই বিধানসভার মধ্যে। স্যার, সংস্কৃত কলেজ অত্যন্ত প্রাচীন কলেজ। প্রায় ১৯১ বছরের পুরানো। ১৮২৪ সালে সম্ভবতঃ এই কলেজটি প্রতিষ্ঠিত হয়েছিল। একইসঙ্গে আজকের প্রেসিডেন্সী কলেজ — তখন প্রেসিডেন্সী কলেজ নাম ছিল না। দুটি কলেজ একই সঙ্গে প্রতিষ্ঠিত হয়েছিল এবং বর্তমান যে ঠিকানায় কলেজ দুটি আছে সেখানে ছিল না। ৬৬ নম্বর বৌবাজার স্ট্রিটে এই দুটি কলেজ একই সঙ্গে প্রতিষ্ঠিত হয় for center of excellence-এর জন্য, center of studies-এর জন্য। একদিকে সংস্কৃতের মতো সুপ্রাচীন ভাষা এবং একদিকে ইংরাজির মতো জ্ঞান-বিজ্ঞানে যারা অনেক বেশি এগিয়ে গিয়েছিল আমাদের দেশের থেকেও সেটাকে ভারতবর্ষের মানুষের কাছে নিয়ে আসার জন্য একই সঙ্গে প্রতিষ্ঠিত করা হয়েছিল। আজকে আমরা জানি, শুধু আমাদের রাজ্যে আমরা দেখতে পাচ্ছি যে সংস্কৃতকে অবজ্ঞা করা হচ্ছে। স্যার, পৃথিবীর বিভিন্ন দেশে সংস্কৃত পড়ানো হয়। লন্ডনে পড়ানো হয়, ইউনাইটেড স্টেটস-এ পড়ানো হয়, অস্ট্রেলিয়ায় পড়ানো হয়। গোটা এই পৃথিবীর নানা দেশের মানুষ তারা মনে করে যে সংস্কৃতের যে সমস্ত আদি বইগুলো আছে জ্ঞান, বিজ্ঞান থেকে শুরু করে ন্যায়শাস্ত্র থেকে শুরু করে সমস্ত কিছু আছে তার মধ্যে। তারা সেগুলো নিয়ে স্টাডি করছেন তাদের দেশে। এমনকি ভারতবর্ষেও আপনি শুনলে অবাক হবেন স্যার, অনেকগুলি বিশ্ববিদ্যালয় অলরেডি আছে ভারতবর্ষের নানা রাজ্যে, দিল্লিতে দুটো বিশ্ববিদ্যালয় আছে। বারণসীতে আছে, মহীশূরে আছে, দ্বারভাঙ্গায় আছে, তিরুপতিতে আছে, পুরীতে আছে, কালাডিতে আছে, রামটেকে আছে, জয়পুরে, সোমনাথে, উজ্জয়নীতে এবং ব্যাঙ্গালোরে অলরেডি এতগুলো সংস্কৃত বিশ্ববিদ্যালয় আছে। বিশেষ করে দক্ষিণ ভারতে বিভিন্ন স্কুল, কলেজগুলিতে অত্যন্ত গুরুত্ব দিয়ে এটা পড়ানো হয়। আমাদের দেশে CBSC যে কোর্স চালু আছে সেই কোর্সের সঙ্গে সংস্কৃতকে পড়ানো হয় অত্যন্ত গুরুত্ব সহকারে। স্যার, আমি আপনাকে বলি, এই যে পড়ানো হয় কিন্তু আমাদের রাজ্যে আমরা এটা এতদিন পর্যন্ত যে ভাষা থেকে সমস্ত ভাষার জন্ম হয়েছে, যে ভাষা আদি ভাষা পৃথিবীর। কথিত আছে যে মহাদেব কৃষ্ণলীলার সময় যে ডমরু বাজিয়েছিলেন সেই ডমরু থেকে নাকি এই সংস্কৃত শব্দের এবং গ্রামারের উৎপত্তি হয়েছিল। আমি জানি না এটা কতদূর সত্যি কিন্তু এটা কথিত আছে। স্যার, আপনাকে বলবো আজকে আমাদের রাজ্যে সেই ভাষাকে এতদিন পর্যন্ত যেভাবে অবজ্ঞা করা হয়েছিল — কিভাবে অবজ্ঞা করা হয়েছিল তা আমি আপনাদের কাছে একটু বলতে চাই। আমি

নিজে জানি, আমাদের স্কুলেতে যখন অপশান দিয়েছিল যে আপনি হিন্দি নেবেন, না সংস্কৃত নেবেন — আমি ব্যক্তিগতভাবে সংস্কৃত নিয়েছিলাম কারণ আমার বাড়িতে একটা সংস্কৃতের — মানে আমার বাবা ছিলেন কাব্যতীর্থ তাই আমি সংস্কৃত নিয়েছিলাম। কিন্তু আস্তে আস্তে কিভাবে সংস্কৃতকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন করে দেওয়া হচ্ছিল, সংস্কৃত পঠন-পাঠন যাতে না হয়, মানুষ যাতে তার আদিকালের ইতিহাস না জানতে পারে, তার নিজের সম্পর্কে জানতে না পারে তার জন্য কমিউনিস্টরা কত সচেষ্ট ছিল। আমি স্যার, আপনাকে বলি এই কলেজটা কতখানি গুরুত্বপূর্ণ — পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ছিলেন এর প্রথম অধ্যক্ষ। যার লেখা বর্ণপরিচয় প্রথম ভাগ এবং দ্বিতীয় ভাগ, আমরা ছোটবেলায় পড়েছি। আজকে সেই বর্ণপরিচয় উঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু আমি এখনও মনে করি যে বর্ণপরিচয় আমাদের সংস্কৃত থেকে বাংলায় মানুষকে যে উত্তরণ, সেই উত্তরণের পথে প্রথম পদক্ষেপ ছিল সেই বর্ণপরিচয় বলে আমি মনে করি। এই কলেজে আরও কারা ছিলেন? মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ছিলেন এই কলেজে। প্রাচ্যবিদ পণ্ডিত মহেশচন্দ্র ন্যায়রত্ন ছিলেন। দার্শনিক, ফিলোজফার যাকে বলে, সুরেন্দ্রনাথ দাশগুপ্ত এই কলেজের সঙ্গে যুক্ত ছিলেন এবং শিবনাথ শাস্ত্রী, অবনীন্দ্রনাথ ঠাকুর, ভূদেব মুখোপাধ্যায়ের মতন মানুষেরাও এই কলেজের ছাত্র ছিলেন, এই সংস্কৃত কলেজের। এই ১৯১ বছরের পুরানো কলেজ। কিন্তু আজকে বামপন্থীরা এই কলেজের জার্নাল বন্ধ করে দিয়েছিলেন। টোল বিভাগ— সেখানে পদ শূন্য রেখে, আমরা দেখেছি আমাদের পাড়াতেই টোল ছিল। সেই টোলগুলো আস্তে আস্তে উঠিয়ে দেওয়া হল যাতে সংস্কৃত চর্চা বন্ধ হয়ে যায় এবং এর যে গ্রন্থাগার অর্থাৎ এর মধ্যে অত্যন্ত যে রিচ সমস্ত বইগুলো রয়েছে, সেই বইগুলো যাতে সঠিকভাবে মেনটেন করা না হয় সেই ব্যবস্থা করেছিলেন এবং বিজ্ঞানের শিক্ষককে এই কলেজের অধ্যক্ষ নিয়োগ করা হয়েছিল। ভাবতে পারেন? একটা সংস্কৃত কলেজের অধ্যক্ষ নিযুক্ত হচ্ছেন একজন বিজ্ঞানের শিক্ষক। এছাড়া সংস্কৃত, পালি সহ ভাষাবিজ্ঞানের যে পদগুলো, সেগুলোকে শূন্য করে রাখা হয়েছিল। আজকে আমি এইটাই বলতে চাই যে আমাদের যে অরিজিন, সেই অরিজিন হচ্ছে সংস্কৃত, যে সংস্কৃত ভাষা চার হাজার বছরের প্রায় পুরনো ভাষা। আমরা যা দেখেছি যে খ্রীষ্টপূর্ব তিন হাজার বাহাত্তর সালে সংস্কৃততে কৃষ্ণলীলা অভিনীত হয়েছিল। তিন হাজার বাহাত্তর বছর পূর্বে। ২৮৭২ বছর আগেও ওই একইভাবে সংস্কৃতে বিভিন্ন ভাষায় কৃষ্ণলীলা সহ আমাদের দেশে নানা ধরনের যে ঘটনাগুলো আছে, সেগুলো সংস্কৃত ভাষায় দেখানো হয়েছিল। অর্থাৎ পৃথিবীর সব থেকে পুরনো ভাষা, যাকে আমরা বলতে পারি মাদার অফ অল ল্যাঙ্গুয়েজেস, সেই ল্যাঙ্গুয়েজের উপর একটি বিশ্ববিদ্যালয় তৈরি হচ্ছে পশ্চিমবাংলায়। আমি তার জন্য গর্বিত। আমাদের অহংকার যে আমাদের মা-মাটি-মানুষের সরকার এই সিদ্ধান্ত নিয়েছেন এবং এই প্রতিষ্ঠা করছেন। আমি তাই সরকারকে ধন্যবাদ দিচ্ছি। ওরা তো পালিয়ে গেছেন। পালিয়ে যাবেন জানতাম। আপনারা আছেন, আপনাদের কাছে পূর্ণ সমর্থন চাইছি।

মিঃ স্পীকার : কার মোবাইল বাজছে? আমি দেখছি একটা টেন্ডেসি হয়ে গেছে মোবাইল না বন্ধ করার। অবিচুয়ারির সময় আমি দেখেছি মোবাইল বেজে উঠল। আমি মাননীয় সদস্যদের

বার বার অনুরোধ করেছি যে আপনারা মোবাইলটা সাইলেন্ট মোডে রাখুন, না হলে অফ করে আসবেন।

শ্রী মহঃ সোহরাব : স্যার, আপনি হাউসের স্পীকার বাদ দিয়েও আপনি একজন ভেটেরান ল'ইয়ার। স্যার, যে প্রশ্নটা নিয়ে ওনারা ওয়াকআউট করলেন, আমি পরে বুঝলাম। যদি সত্যিকারের সুপ্রিম কোর্টের ক্লিয়ার কাট ভার্ডিক্ট থাকে যে একজন কোনো মাননীয় সদস্য যদি কনভিক্টেড হয়, তাহলে অটোমেটিক তার মেম্বারশিপ সিজ হয়ে যাবে। ইফ দ্যাট বি দি ভার্ডিক্ট অফ দি সুপ্রিম কোর্ট, আপনার কাছে আমার হামবেল সাবমিশান যে আপনি দয়া করে ভার্ডিক্টটা দেখে নেন, ইফ নেসেসারী উইদ দা কনসালটেশান অফ দি অ্যাডভোকেট জেনারেল। আমার স্যার বক্তব্য হচ্ছে এখানে আজকে অটোমেটিক যদি সিজ করে...

মিঃ স্পীকার : সোহরাব সাহেব, আপনি বলেছেন। এই ব্যাপারটা নিয়ে আলোচনা হয়েছে। আমি ওনাকে একটা অপারচুনিটি দিয়েছি যে রিটিন কমেন্টস দেবার জন্য। উনি একটা আমাদের কাছে প্রিভিলেজ এনেছেন। প্রিভিলেজে তো জানেন নিয়ম অনুযায়ী আর যে আদার সাইড আছে তাকে একটা সুযোগ দেওয়া হয় তার কমেন্টসের জন্য। সেই কমেন্টসটা আমি চেয়ে পাঠিয়েছি এবং আজকে আমি দেখেছি ওনার নোটিসটা সার্ভ করা যায়নি। ওনার যে অ্যাড্রেসটা রয়েছে, সেখানেও সার্ভ করা যায়নি। আমি একটা হিয়ারিং নেওয়ার জন্য ডেটও দিয়ে দিয়েছি। ইট ইজ আন্ডার মাই একজামিনেশান, এটা নিয়ে পরে আলোচনা করা যেতে পারে।

[1.50– 2.00 p.m.]

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী The Sanskrit College and University West Bengal Bill, 2015 এই হাউজে নিয়ে এসেছেন এবং তার আলোচনা শুরু হয়েছে, মাননীয় গভর্নমেন্ট চিফ হুইপ শোভনদেব চট্টোপাধ্যায় বক্তব্য পেশ করেছেন। Statement of Objects and Reasons — আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এখানে ১৮৮ বছরের এই সংস্কৃত কলেজকে দেখানো হয়েছে। সংস্কৃত কলেজ Sanskrit College has attained this year - 192 years. এটা একটু কারেক্ট করে নেবেন। ১৮২৪ সালে সংস্কৃত কলেজ ফাউন্ডেশান হয়েছিল। ১৮৫১ সালে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তার অধ্যক্ষ নিযুক্ত হয়েছিলেন। It's a long story of culture of Bengal Renaissance. সংস্কৃত কলেজ আমাদের রাজ্যে শুধু নয়, সারা ভারতবর্ষে এশিয়াতে পৃথিবীতে একটা গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। কিন্তু কালের গতিতে এই ভাষা, এই ভাষার চর্চা, এই কলেজ, এই কলেজে অধ্যয়ন, তার ঐতিহাসিক বিবর্তন এবং genesis of revolution of growth of this institution was hampered and stagnated due to lack of proper attention of the government serially. আমি কোনো বিশেষ সরকারের প্রতি আঙুল না তুলে বলতে পারি it was neglected perennially, perpetually. It was neglected. কিন্তু আমরা ভুলে গিয়েছিলাম The origin of the

Indian civilization based on the Sanskrit revolution. এটাকে কেউ Indo-Aryan বলে, কেউ বলে origin, Indo-Germanic এই নিয়ে রিসার্চ হচ্ছে পৃথিবীর বিভিন্ন দেশে বিশেষ করে জার্মানীতে। সংস্কৃত নিয়ে যেদিন কোনো আলোচনা হবে The language itself and its genesis of revolution, we can debate. But it is not the proper place to debate for Sanskrit. But today's motion is for establishment of Sanskrit unitary university which is non-affiliated Unitary university. This is a very important. আমার বক্তব্য — মাননীয় মন্ত্রী নেই চলে গেছেন। বোধহয় ঘরে বসে শুনছেন। মুখ্যমন্ত্রীরা ঘরে বসে শুনতেন। উনি তো এখনো মুখ্যমন্ত্রী হননি, উনি একটু হাউজে থাকলে ভালো হয়। একটা ডিপার্টমেন্টাল মিনিস্টার যদি হাউজে না থাকেন ডিবেটের সময় It's a pain in the heart of [illegible]. You please direct him to come. উনি শুনুন আমাদের কথা। এটা তো সৌজন্য।

মিঃ স্পীকার : উনি শুনছেন।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : এটা তো ঠিক নয় স্যার। এটার আমি প্রতিবাদ করছি। This is the insult of the proceedigs. No. Not at all. This is arrogance. This is a legislative arrogance.

মিঃ স্পীকার : আপনি বলুন আমি দেখছি।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : আসতে বলুন, শুনতে বলুন। এটা ঠিক নয়। আমাদের কতগুলি বক্তব্য আছে, সাজেশন। কোনো বিরোধিতা নয়। সাজেশন রাখতে এসেছি। সেই সাজেশন হল এই ইউনিভার্সিটি করার আগে ওর ঠিক অপোজিটে একটা কলেজ ছিল, একটা ইউনিভার্সিটি হয়ে গেছে। এক সময় বুদ্ধদেব ভট্টাচার্য্য বলতেন তার স্বপ্নের কলেজ-বিশ্ববিদ্যালয় করেছেন, করবেন — পারেননি পার্টির চাপে। শেষের দিকে কিছুটা উত্তরণ হয়েছিল। মাননীয়া মুখ্যমন্ত্রী প্রেসিডেন্সি কলেজকে — আমি ওই কলেজের ছাত্র ছিলাম ছয় মাস। এখন বিশ্ববিদ্যালয়। তার ঠিক উল্টো ফুটপাথে কলেজ স্ট্রিটে সংস্কৃত কলেজে ইউনিভার্সিটি হচ্ছে। আমার প্রথম কথা এই যে unitary non-affiliated university গুলি হচ্ছে How much is it effective in delivering the goods in the field of education? How much is it effective in qualitative form and quantitative form in delivering the goods in the quantum and qualitative analysis of education? আমাদের চোখের সামনে প্রেসিডেন্সী কলেজ পড়ে আছে, ডেভিড হেয়ার কলেজ পড়ে আছে। প্রতিদিন দেখছি ওমুক অধ্যাপক চলিয়া গেলেন, ওমুক অধ্যাপক পদত্যাগ করিতেছেন, ওমুক অধ্যাপক কান্নায় ভেঙে পড়ছেন, ওমুক অধ্যাপক জাতিগত সমস্যার শিকার হচ্ছেন। এ তো বিপজ্জনক ব্যাপার। পশ্চিমবঙ্গে ২০১৫ সালে যদি কোনো অধ্যাপক জাতিগত, বর্ণগত, সম্প্রদায়গত সমস্যার ভিকটিম হন, তাহলে এই লজ্জা বিধানসভার নয়, এই লজ্জা সরকারের নয়, এই লজ্জা বাংলার নয়, এই লজ্জা সভ্যতা, সংস্কৃতির নয়? Is it not the crisis of the civilization, crisis of education. সেই আলোকে আমি মাননীয় মন্ত্রীকে বলব, যে

অবজেক্টিভটা নিয়ে আপনি করতে যাচ্ছেন How far it will be effective in deliberation in implementation। কারণ আমাদের টোল সিস্টেম ছিল স্যার। সেই টোলগুলো এই ইউনিভার্সিটির আন্ডারে আসবে। আমাদের এই বিলে লেখা আছে প্রাইমারী, সেকেন্ডারী এডুকেশানও, হায়ার সেকেন্ডারী এডুকেশানও সংস্কৃত যেগুলো পড়ানো হবে, সেগুলো এই ইউনিভার্সিটির আন্ডারে আসবে। তাহলে এই যে উচ্চশিক্ষা মন্ত্রী, স্কুল শিক্ষামন্ত্রী এই যে ভাগটা, এই বিভাজনটা আছে, টোটাল এডুকেশান সিস্টেমে যদি স্কুল শিক্ষা দপ্তরের একটা ডাইরেক্টরেট থাকে, উচ্চশিক্ষার একটা কাউন্সিল থাকে, ডাইরেক্টরেট থাকে, তাহলে সংস্কৃতির ক্ষেত্রে টোটাল বাংলাটাকে যদি একটা ইউনিভার্সিটির আন্ডারে নিয়ে আসা যায়, তাহলে সেটা একটা কমপ্লেকক্সসিটি তৈরি করতে পারে নাকি? আমার প্রশ্ন, আমার সাবমিশন, অনারেবল মিনিস্টার এটা নিশ্চয়ই বলবেন। যদি ভালো পথ দেখিয়ে দেন, তাহলে আমরা রিসিভড করব। আমরা এটা একটুও বিরোধিতা করছি না। এটাকে সমর্থন জানিয়ে বলছি, it needs more deliberation, more interpretation, more discussion। কেন? আমরা খুব comprehensive exhaustive decision-এ ডিসিশানে বসতে চাই। তাই আমাদের মিঃ অসিত মিত্র অনারেবল এম.এল.এ, তিনি একটা অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন, to send this bill, very important Bill Sir, আমি সরকারকে এই ব্যাপারে ধন্যবাদ জানাব। They have at least decision নিয়েছেন যে সংস্কৃত এবং সংস্কৃত কলেজকে উচ্চমানের জায়গায় নিয়ে যেতে হবে। এটা অনেকদিন হয়নি। কিন্তু পদ্ধতিতে যদি ত্রুটি থেকে যায় সেইজন্যই অসিত মিত্রের অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করা দরকার। it should reach, it should go or your direction with the approval of the 'House' to the Select committee, টু দি সিলেক্ট কমিটি— এটা যাওয়া দরকার। কেন বলছি? এক—আমাদের অভিজ্ঞতা, উইথ প্রেসিডেন্সি কলেজ। দুই—কমপ্লেকমিটি অফ দি এডুকেশান পারফরমেন্স ইন সংস্কৃত। এটার জন্য কিভাবে স্কুল স্টেজটাকে, টোল স্টেজটাকে, কলেজ স্টেজটাকে, বিশ্ববিদ্যালয়—সংস্কৃত বিশ্ববিদ্যালয় স্টেজটাকে আমরা আলাদা-আলাদা করে অ্যাডমিনিস্ট্রেশানের আন্ডারে রাখব, নাকি একটা ছাতার তলায় নিয়ে আসব—এই জায়গাটায় আমাদের বোধহয় ভালো করে একটু সময় দিয়ে বিবেচনা করা দরকার। আর একটা তো সেশান আসছে, বোধহয় নির্বাচনের আগে তো একটা ভোট অন অ্যাকাউন্ট হবে। এতো তাড়াহুড়োর কিছু নেই, জেদাজেদিরও কিছু নেই। মাননীয় মন্ত্রী যদি এটা গ্রহণ করেন যে — ইয়েস, আমরা এটা সিলেক্ট কমিটিতে পাঠিয়ে আর একটু আলোচনা করে নিতে চাই। আরও vividly, আরও ডিসকাস করতে চাই তাহলে আমার মনে হয় এটা বেটার হবে। এটা ঘটনা যে সংস্কৃতের চর্চা পশ্চিমবঙ্গে খুব কমে গিয়েছিল, যেটা উত্তরপ্রদেশে আছে, অন্যান্য প্রদেশে আছে। বিদ্যাসাগর মহাশয় ১৮৫১ সালে প্রিন্সিপাল হয়েছিলেন। তার আগে '২৪ থেকে '৫১ — এই সময়টাতে প্রিন্সিপাল ছিল না—ইনচার্জ অফ দি কলেজ হিসাবে চলত এই কলেজটা। ব্রিটিশ সাম্রাজ্যবাদের মধ্যেও এটি একটি অন্যতম আকর্ষণীয় প্রতিষ্ঠান ছিল। লর্ড আমহার্স্ট এটার প্রথম উদ্যোক্তা ছিলেন। তারপর বলতে গেলে তো অনেক ইতিহাস বলতে হবে। আমি সেই জায়গায় যাচ্ছি না। তবে এইটুকু বলতে পারি পানিনির ব্যাকরণ বইয়ের উপরে ভিত্তি করে ফাইভ হান্ড্রেড ইয়ার বি সি আমাদের প্রথম ঋকবেদ রচিত হয়েছিল সংস্কৃত ল্যাংগুয়েজে।

[2.00— 2.10 p.m.]

এবং That Sanskrit language was Vedic Sanskrit, বৈদিক সংস্কৃত। Today's Sanskrit ওরাল কনভারসেসান অ্যান্ড written academic Sanskrit — এই দুটোর মধ্যে তফাৎ ছিল। এখনও আছে। কিন্তু পাণিনির ব্যাকরণ, তার উপর ভিত্তি করে যে সংস্কৃত এবং ঋকবেদ রচিত হয়েছিল, that is till now the subject of research work through out the world mainly in Germany, mainly in Germany. ভারতবর্ষের ক্ষেত্রে, বাংলার ক্ষেত্রে এটা আমাদের দৈন্যতা, আমরা এটা স্বীকার করে নিচ্ছি স্যার। অতীত এবং বর্তমানে আমরা সংস্কৃতকে নিয়ে এতটা চর্চা করিনি। ঠিক যেমনি করে আমাদের দেশে আয়ুর্বেদ neglected হয়ে আছে, আমি একজন ডাক্তার হিসেবে বলি, এখানে দুজন ডাক্তার ছিলেন নির্মলবাবু এবং সুদীপ্তবাবু, তাঁরা এখন নেই। All the ingredients and chemical formula of our allopath medicine are based on ayurved. ইন্ডিয়ান হাবস আমরা Contribute করছি স্যার। Intellectual property right-এ বিদেশের অনেক দেশ আমাদের দেশের সমস্ত ফলমুল নিয়ে নিয়েছে। আমরা লড়াই করছি, Patentce নিয়ে যুদ্ধ করছি। আমাদের দেশের উকিলের সংখ্যা এখনও অনেক কম আন্তর্জাতিক আইনে লড়াই করার জন্য। এখন ছেলেমেয়েরা interested হয়ে পড়ছে juridical university-তে। তাতে study করে দেখছিলাম যে আয়ুর্বেদ কি সাঙ্ঘাতিক। তার মূলে কিন্তু ওই সংস্কৃত। Evaluation of Indian civilization and evaluation of Sanskrit are synonymous, not parallel. এই জায়গাটাতে দাঁড়িয়ে পার্থবাবুকে আমি ধন্যবাদ দেব এই কারণে যে তিনি এই বিলটা এনেছেন কিন্তু একটু modify করলে আরো ভালো হয়। সেই modificationটা কি? Presidencyটাকে সামনে রাখুন। কি বীভৎস অবস্থা চলছে? আমি তো চমকে উঠেছি আজকে খবরের কাগজ পড়ে। একজন অধ্যাপক সে সিডুলকাস্ট বলে তাকে কুকুরের সঙ্গে তুলনা করছে। এ কি হচ্ছে? কোন বাংলার আমরা মানুষ? বিধানসভা চলছে। ওই ছাত্রছাত্রীদের identify করা উচিত। I shall request the Higher Education Minister সেই ছাত্রছাত্রীদের Identify করতে, তাদের চিহ্নিত করা উচিত। তাদের বাবা-মা-কে ডেকে বলা উচিত। তোমরা প্রেসিডেন্সির ছাত্র-ছাত্রী! তোমরা একজন অধ্যাপককে সে সিডুল কাস্ট বলে তাকে অপমান করছ কুকুর বলো! আমি মনেকরি এটা সরকারের পবিত্র কর্তব্য হওয়া উচিত। একের পর এক প্রফেসার চলে যাচ্ছেন ছেড়ে দিয়ে। কোন জায়গায় defect? অথচ সেখানকার ভাইস চ্যানসেলার, তিনি তো মুখ্যমন্ত্রীর খুব ক্লোজড। একসঙ্গে ঘোরেন, একসঙ্গে মিটিং-এ যান, একসঙ্গে থাকেন। তিনি কোনো শক্তি সঞ্চয় করতে পারছেন না to run this Presidency University in a proper way. তাহলে Presidency খোলনলচে যদি এই জায়গায় দাঁড়ায়, সংস্কৃত কলেজটাকে ঠিকমতো চালাতে গেলে কি কি করণীয় তা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী পার্থবাবুকে অনুরোধ করব। দ্বিতীয় স্যার কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি, একটাই কলেজ, একটাই ইউনিভার্সিটি, শোভনদা বামপন্থীদের সমালোচনা করছিলেন। সব সমালোচনাকে খারাপভাবে

দেখতে নেই। All criticism are bad-I do not agree, rather I appreciate the criticism to rectify myself. আমার ত্রুটি কোথায় সমালোচনা না হলে বুঝব কি করে। বামপন্থীরা যতই চক্রান্তকারী হোক একটা জায়গায় তো ঠিক বলেছে যে, কলেজটাকে রেখে যদি মাননীয়া মুখ্যমন্ত্রী রাজারহাটে নিউটাউনে ৫ একর, ১০ একর জায়গা দিতেন সংস্কৃত ইউনিভার্সিটি করার জন্য, we can go to that, প্রেসিডেন্সিকে যেমন দিয়েছেন সেকেন্ড ক্যাম্পাসের জন্য, তাই এখানে ফাস্ট ক্যাম্পাস হয়ে যেত, সংস্কৃত কলেজটা থাক which is heritage, which is Historical evaluation, তার হিস্ট্রি, তার সবকিছু। আমরা নতুন একটা campus তৈরি করে একটা University করতে পারি। এই জয়গাটায় বামপন্থীরা সমালোচনা করেছেন বলে এটা খারাপ এইভাবে দেখাটা বোধহয় ঠিক না। তাই সমালোচনার ভালো দিকটা নিতে হবে। তাই আমি পার্থবাবুকে বিশেষভাবে অনুরোধ করব যে এই বিষয়টা দেখবেন। ১৯৭২ সাল — সোহরাব সাহেব বসে আছেন — আমি তখন নীলরতন মেডিক্যাল কলেজের 3rd Year-এর ছাত্র, ওনারা তখন বিধানসভার সদস্য। ওই সময় একটা three-language policy adopt করেছিল পশ্চিমবঙ্গ সরকার। Mother tongue English and any classical language and modern language নিতে পারবে। আর যাদের মাতৃভাষা English, সেই Englishটা তার মাতৃভাষা থাকবে এবং other alternative language adopt করবে। এখানে ex-Chief secretary বসে আছেন, যিনি বর্তমানে একজন effective minister-ও বটে, তিনি অ্যাডমিনিস্ট্রেশনের নাড়ি-নক্ষত্র জানেন better than all of us, তিনিও জানেন এই three-language policy-তে যেভাবে এখানে presentation হয়েছে Billটা। school থেকে শুরু করে college পর্যন্ত এটা কি mandatory পড়তে হবে, না provisional? এটার কিন্তু clear indication নেই। Is it mandatory to read or provisional or optional, এটা কিন্তু বলা নেই ঠিকভাবে। এই তিন চারটে গুরুত্বপূর্ণ point এবং Existence of Sanskrit College, from its inception 1824 যার মাথায় ছিলেন '৫১ থেকে '৫৮ সাল পর্যন্ত পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। যার ইতিহাসের সঙ্গে পাণিনি জড়িয়ে আছেন, যার ইতিহাসের সঙ্গে ৬৫০০ বছরের before Christ evolution of Sanskrit language জড়িয়ে আছে, যার ইতিহাসের সঙ্গে বাংলার ইতিহাস, কৃষ্টি, সংস্কৃতি, বাংলাভাষার উত্তরণ, তা এই সংস্কৃত থেকে। তার আগে পালি, প্রাকৃত এই দুটো ভাগ ছিল, সেইগুলোও জড়িয়ে আছে। যার ইতিহাসের সঙ্গে ঋক্ বেদ জড়িয়ে আছে, যার ইতিহাসের সঙ্গে Bengal Renaissance জড়িয়ে আছে। আমি স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, আমাদের amendmentটা গ্রহণ করুন এবং Select Committee-তে পাঠিয়ে দিন। Bill টা ভালো, কিন্তু এর কিছু clause, কিছু para, কিছু বিষয়, সেইগুলো বোধহয় একটু বদলানো দরকার। নমস্কার।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ যেহেতু মাননীয় কংগ্রেস পরিষদীয় দলের নেতা সোহরাব সাহেব একটা বিষয়ে পয়েন্ট আউট করেছেন House-এ, আপনারাও শুনেছেন, এবং বিরোধী দলের নেতাও শুরুতে করেছিলেন, আমার মনে হয় হাউসকে আমার একটু অবগত

করানো দরকার যে, সূর্য্যকান্তবাবু যে প্রসঙ্গটা উত্থাপন করেছিলেন সেটা, সেই privilege টা magistrate-এর against আনা হয়েছিল এবং মাননীয় সদস্য যিনি রয়েছেন সোহরাব, তাঁর বিরুদ্ধে আনা হয়নি এবং এটা এনেছিলেন গৌরাঙ্গ চ্যাটার্জী। এবং Rules & Procedures অনুযায়ী গৌরাঙ্গ চ্যাটার্জী একমাত্র competent যিনি এটা জানতে চাইতে পারেন। তবু, যেহেতু আমাদের মর্যাদা রয়েছে, বিধানসভার সেই মর্যাদার কথা চিন্তা করে, আমাদের সোহরাব সাহেব যে প্রশ্নগুলো রেখেছিলেন, সেইগুলোর উত্তর আমি দিয়েছি। সুতরাং আজকে উনি যে কথাগুলো বলে গেলেন, সেই কথার সাথে কিন্তু আমি একমত বা সহমত হতে পারছি না — সূর্য্যবাবুর কথার সাথে। আমার মনে হয়, একটু বিভ্রান্তিকর কথাই। কারণ এই যে privilege-টা আনা হয়েছে, সেই privilege-টা magistrate-এর বিরুদ্ধে আনা হয়েছে, কিন্তু যেহেতু ওই order-টা আমাদের communicate করা হয়নি, অন্য কোনো privilege আনা হয়নি। এটা আমি House-কে জানালাম যেহেতু ওনার এই কথাগুলো এখানে বলে গেছেন।

শ্রী রমেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় আজকে সংস্কৃত কলেজ এবং বিশ্ববিদ্যালয় যে বিল এনেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করে এই সভায় দু-চারটে কথা বলছি। বিগত বাম আমলে একে একে আমরা দেখেছি ইংরাজী ভাষার বিলোপ ঘটানোর চেষ্টা করা হয়েছিল নিচু ক্লাসে এবং বাংলা ভাষাকে অবহেলিত করবার জন্যই বোধহয় সংস্কৃত চর্চার কোনো ব্যবস্থা তখন হয়নি। এইভাবে পশ্চিমবঙ্গের মানুষকে সংস্কৃত বঞ্চিত করে রেখে যে অবস্থাটা চলছিল তার বিরুদ্ধে এই বিল। আজকে ভারতবর্ষের মূল ভাষা, সারা পৃথিবীর প্রাচীনতম ভাষা সংস্কৃত, তার চর্চার ব্যবস্থাপনা করে আমাদের শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করি।

[2.10— 2.20 p.m.]

সংস্কৃতে কি নেই! সংস্কৃত ভাষার মধ্যে সাহিত্যের লালিত্য, শিক্ষার শিক্ষণীয় বিষয়ের ব্যবস্থা, চিকিৎসার ব্যবস্থা এবং অন্যান্য ব্যবস্থা যে পরিমাণে রয়েছে, বেদ, বেদান্ত, উপনিষদ ইত্যাদি এবং তার জ্ঞান আমাদের সমস্ত ভারতবাসীর নেওয়া উচিত। তা না হলে শিক্ষার ব্যাপারে পরিপুষ্টতা আসবে না। সেই জন্য পার্থ চট্টোপাধ্যায় যে বিল এনে পশ্চিমবঙ্গের মানুষকে জ্ঞাত করাতে চেষ্টা করেছেন, যে ভাষায় আমরা কথা বলি, যে ভাষায় আমরা খেলা করি, যে ভাষায় আমরা স্বপ্ন দেখি সেই বাংলা ভাষার মূল জায়গাটিও সংস্কৃত। সেই সংস্কৃতের মধ্যে ব্যাকরণের যে চর্চা যা আমরা পাণিনির অষ্টাধ্যায়ীর মধ্যে পেয়েছি, যে ক্লাসিকাল স্যানসক্রিট আমাদের ঋদ্ধ করেছে, পুষ্ট করেছে এবং যে রামায়ণ, মহাভারত আমাদের সমস্ত জাতিকে নিয়ন্ত্রণ করছে সেই ভাষাকে আমরা কোনো অবস্থাতেই অবহেলা করতে পারি না। তাই সংস্কৃতের চর্চার মাধ্যমে আজকে যে বিল আনা হয়েছে এবং যে বিলে কোথায় তার অবস্থান হবে না হবে, তার চেয়ে বড় কথা সংস্কৃতের চর্চা অনিবার্য করতে হবে। সেই জন্যই এই বিল আনা। সরকারের আর্থিক ক্ষমতার দৈন্যতাবশত বিভিন্ন জায়গায় এটা করা সম্ভব কিনা এটা চিন্তা করে আজকে সংস্কৃত

কলেজ যে সংস্কৃত কলেজে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান রয়েছে এবং যে সংস্কৃত কলেজের চিন্তা চেতনার মধ্যে দিয়ে সংস্কৃত চর্চাকে অব্যাহত রাখা সম্ভব হবে সেই কথা চিন্তা করে আজকে প্রাথমিক স্তরে এই সংস্কৃত কলেজকে অ্যাফিলিয়েটিভ না করে ইউনিটারি করার ব্যবস্থা করেছেন। তিনি ব্যবস্থা করেছেন একটা কমিশনের—সংস্কৃত কমিশন যে কমিশনের চেয়ারম্যান রূপে আমরা দেখেছি যে আমাদের নৃসিংহপ্রসাদ ভাদুড়ীকে দায়িত্ব দেওয়া হয়েছে। ইনি যেভাবে পরিকল্পনা করেছেন, চিন্তা করে যেটি সরকারের কাছে উপস্থাপিত করেছেন তার মাধ্যমে আজকে সংস্কৃত চর্চার মূল কেন্দ্র রূপে এই কলেজ যদি কাজ করে, টোলগুলোকে সুপরিচালনার ব্যবস্থা করে যাতে সংস্কৃতের প্রচার, প্রসার সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে যেতে পারে তার জন্য আজকে এই বিল। এই বিলকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করি। সংস্কৃতের মধ্যে আপনি যদি দেখেন, দেখবেন এর মধ্যে একটা ধর্মীয় অবতারণা আছে। যেখানে বলা যেতে পারে নৃত্যাবসানে নটরাজ রাজ ননাদঢক্কাং নব পঞ্চকারম উর্দ্ধতুকাম সনকাদি সিদ্ধান এতদ্বিমর্ষে শিবসূত্র জালম। আমরা শিবকে আমাদের দেবতা বলে মানি, সকলে মানুক না মানুক কিন্তু ধর্মচর্চার ভিতরে শিবের একটা অবদান আছে। তিনি নৃত্য করতে করতে পরে যখন ডমরু বাজালেন তার মধ্যে দিয়ে তৈরি হল শিবসূত্র, সেই শিবসূত্রকে অবলম্বন করে সাম্যের কথা এল, নৃত্যের কথা এল, অন্যান্য ব্যাপারগুলো এল তার মধ্যে দিয়ে জন্ম হল সংস্কৃত ভাষার। সংস্কৃতের কথা আপনারা জানেন, শুনেছেন এবং উপনিষদের কথা আপনারা শুনেছেন। যার মধ্যে অনেক জ্ঞান। সেই জ্ঞানের মধ্যে রয়েছে আত্মানং বিদ্ধির কথা। আমাদের মধ্যে যে আত্মা আছে এবং সেই আত্মা সকলের মধ্যে আছে এই জ্ঞানটা যদি আমাদের শিশু থেকে বৃদ্ধ সকলের মধ্যে হয় তাহলে আমরা বুঝব আমরা সকলে ভাই ভাই। সেই জ্ঞান সাংঘাতিক জ্ঞান। এই জ্ঞান মনুষ্যত্বের জ্ঞান। এই জ্ঞান আত্মজ্ঞান। বিশ্বাত্মার জ্ঞান এবং তার মধ্যে আমরা হিংসা ভুলে যাব। আমাদের মধ্যে শান্তি বিরাজ করবে। আমি বলতে চাই যে কেবলমাত্র এই কথাই নয়, আপনারা সংস্কৃতের মধ্যে যে রস সাহিত্যের যে রস সেটা কেউ অস্বীকার করতে পারে না। কশ্চিতকান্তা বিরহগুরুণা স্বাধিকারাৎ প্রমত্ত শাপেনাস্তং গমিত মহিমা বর্ষভোগ্যেন ভত্তুঃ, যক্ষশ্চক্রে জনকদুহিতা স্নানপুণ্যদকেষু। রামগির্যা শ্রমেষু বসতিং স্নিগ্ধ ছায়াতরষু। মহাকবি কালিদাস তাঁর মেঘদূতের মধ্যে এই ধরনের লেখা লিখে গেছেন। রসিকরা যারা, রসপিপাসু যাঁরা, তাঁরা কালিদাসের লেখার মধ্য দিয়ে অনেক কিছু পাবেন। অনেক রসাস্বাদন করতে পারবেন। মানুষের জীবন কেবলমাত্র খাবার মধ্যে নয়, পেট স্ফূর্তির মধ্যে নয়, মনের আনন্দ পাবার জন্য। তাই সংস্কৃতের মধ্যে যে রসভাণ্ডার আছে, অন্যান্য সমস্ত জ্ঞান আছে, সেই জ্ঞানের উজ্জীবনের জন্য যদি আজকে এই বিল এসে থাকে এই বিলকে আমি শতবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

মিঃ স্পীকার : মাননীয় সোহরাব সাহেব রয়েছেন। আপনি গোলাম রব্বানির বিরুদ্ধে একটা অ্যান্টি ডিফেকশানের নোটিশ দিয়েছিলেন। আজকে মামলাটার, সেই কেসটার ডেট ছিল। আমি যে অর্ডারটার কথা বলেছি তার পরিপ্রেক্ষিতে সেই কেসে আমি একটা এক্সপার্টি হিয়ারিং-এর ডেট দিয়েছি। আপনি নোটিশটা পেয়ে যাবেন। এবং যেটা সকালবেলায় আমি

বললাম যে আজকে হিয়ারিং-এর ডেট ছিল এবং আমি বাই অ্যাফিকসেসন সার্ভ করে একটা এক্সপার্টি হিয়ারিং-এর ডেট দিয়েছি। ইউ উইল গেট দ্য নোটিশ। সকালের সাথে ওটা একটু মিসম্যাচ হয়ে গিয়েছিল।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় দ্য স্যাংস্কৃট কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি ওয়েস্ট বেঙ্গল ২০১৫ আমাদের সামনে যা এনেছেন আমি এই বিলটিকে স্বাগত জানাচ্ছি এবং একই সঙ্গে এই রাজ্যসরকারকে ধন্যবাদ জানাচ্ছি। দীর্ঘদিন অবহেলা ও বঞ্চনার পরে বিলের ফরম্যাট যাই হোক না কেন সরকার এই ব্যাপারে উদ্যোগ নিয়েছেন, সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এর জন্য অবশ্যই ধন্যবাদ জানাই। সংস্কৃত কলেজ ১৯২ বছরের ঐতিহ্য নিয়ে দাঁড়িয়ে আছে। যার নাম ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সঙ্গে সিনোনেম। কিন্তু বাঙালির একটা অতীত আছে, ঐতিহ্য আছে। এই ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর যাকে অনেকে বলেছিলেন যে দশ হাজার বছরের মধ্যে একটা লোক কোনো জাতির মধ্যে এইরকম জন্মগ্রহণ করেননি। সেই ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর আমাদের মুখে ভাষা জুগিয়েছিলেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মূর্তির মাথাটা আমরা বাঙালিরা ভেঙে দিয়েছিলাম এবং তাঁকে আমরা বলেছিলাম ফরমিডেবল বৃটিশ এজেন্ট। সেই জায়গায় দাঁড়িয়ে এই দীর্ঘ বঞ্চনার পরে সংস্কৃত ভাষার দিকে মুখ তুলে তাকিয়েছেন বর্তমানের রাজ্য সরকার। আমি আবারও সেই সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। সামগ্রিকভাবে এই বিলটির আমরা কোথাও বিরোধিতা করছি না। কিন্তু বিলটির কয়েকটি ধারা উপধারা সম্পর্কে আমি আপনাদের সামনে অবহিত করতে চাই। বিষয়টি হল আমরা জানি সংস্কৃত কলেজের সঙ্গে মাত্র একটিমাত্র টোল যুক্ত আছে। নদীয়া, হুগলী, বর্ধমানের বিভিন্ন জায়গায় সংস্কৃত টোল আছে। আজকে যদি সমস্ত টোলগুলিকে এই বিশ্ববিদ্যালয়ের আওতায় এনে নেওয়া যায়, তাহলে আমার মনে হয় বাস্তবে সংস্কৃত বিষয়ের খুব একটা বেশী উত্তরণ সম্ভব হবে না। কারণ সংস্কৃত টোলের যদি আধুনিকীকরণ না থাকে, শুধু সংস্কৃত পড়ার জন্য শুধু সংস্কৃত টোলে কেউ যায়, আমার মনে হয় শোভনদেব চট্টোপাধ্যায় যে বক্তব্য রাখছিলেন টোলগুলির পুনরুজ্জীবন বাস্তবে কোনোদিন সম্ভবপর হবে না। কারণ আমরা যদি টোল চালাই কিংবা সংস্কৃত স্কুল কিংবা কলেজেস চালাই, তাহলে স্বাভাবিকভাবে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক ক্ষেত্রে টোলের জন্য একটা পৃথক কাউন্সিল তৈরি করবার জন্য দাবি জানাচ্ছি। কারণ যেকোনোভাবেই আমরা যদি চাই তাহলে প্রত্যেক ক্ষেত্রে ইউনিফর্মিটির দরকার আছে। ইউনিফর্ম কাউন্সিল, ইউনিফর্ম টিচিং অ্যান্ড লার্নিং সিস্টেম, ইউনিফর্ম এগজামিনেশন সিস্টেম, ইউনিফর্ম সার্টিফিকেশন সিস্টেম। আমার মনে হয় একটা বিশ্ববিদ্যালয়ের আওতায় এলে এটা বাস্তবে কোনোদিন সম্ভব হবে না। আমি আবার বলছি সরকারের এই উদ্যোগকে সম্পূর্ণভাবে স্বাগত জানিয়ে যে কম্বো প্ল্যানিং-এর কথা এখানে বলা হয়েছে এবং যেভাবে কলেজটাকে বাঁচিয়ে রেখে কলেজের সঙ্গেই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস তৈরি করা হচ্ছে, এটা যদি হয়, তাহলে এর পরিণতি আজকের যা হয়েছে প্রেসিডেন্সী কলেজের বা প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয়ের, সেই জায়গায় চলে যেতে পারে। এটা হপিং ফ্লাই ধরার মতো অধ্যাপকদের জায়গা হয়ে গেছে।

[2.20– 2.30 p.m.]

পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে মেধাবী ছাত্রছাত্রীরা আসছেন, আজকে তারা জায়গা করে নিচ্ছেন প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে। কিছুদিন বিশ্ববিদ্যালয়ে পড়ানোর পরে তারা এখান থেকে ভালো চাকরি খুঁজে চলে যাচ্ছেন। এই স্মৃতিটা কিন্তু আমাদের কাছে খুব একটা সুখের নয়। প্রেসিডেন্সি থেকে আমাদের শিক্ষা নেওয়া উচিৎ। আজকে বক্তব্য রাখতে গিয়ে কিছুটা আপ্লুত হয়ে বক্তব্য রেখেছেন আমাদের মাননীয় বিধায়ক রমেন্দ্রবাবু। তিনি একটি মারাত্মক কথা বলেছেন, সেই কথাটাই আমরা বলতে চাই। ভারতবর্ষের যে জাতিসত্তা, ভারতবর্ষের যে জাতীয়তাবাদ, ভারতবর্ষের যে সাংস্কৃতিক জাতীয়তাবাদ, সেই জাতীয়তাবাদের সঙ্গে সংস্কৃত সম্পূর্ণ অঙ্গাঙ্গীভাবে যুক্ত। এর মধ্যে কোনো সাম্প্রদায়িকতা নেই, এর মধ্যে কোনো কণ্ঠনিরাপত্তিতা নেই, এর মধ্যে কোনো ধর্মীয় চিন্তা-ভাবনা নেই। কারণ, কৃষ্ণ এবং শিবের কথা বারবার তুলে এনেছেন। একদিকে কৃষ্ণলীলার কথা শুনিয়েছেন আমাদের মাননীয় বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায়। আরেকদিকে রমেন্দ্রবাবু বলেছেন যে, সংস্কৃতের মধ্য দিয়ে রামায়ণ এবং মহাভারত আমাদের জাতিসত্তাকে, আমাদের জাতিকে নিয়ন্ত্রণ করছে। আমি তার এই বক্তব্যকে স্বাগত জানাচ্ছি। একইসঙ্গে আমি আরেকটি বই-এর উদ্ধৃতি দেবো স্যার। বিখ্যাত জার্মান ফিজিসিস্ট, নোবেল্ লরিয়েট ডঃ ফ্রিটজফ্ কাটরা, তিনি তাঁর বিখ্যাত বই 'দ্যা টাও অফ দ্যা ফিজিক্স'-এ যে সংস্কৃতের কথা বলা হচ্ছে, সেখানে তিনি বলছেন, তার কসমিক্ ড্যান্সের কথা। আমরা জানি শিবের যে নটরাজ মূর্তি আছে — সমভঙ্গ, অর্ধভঙ্গ ও ত্রিভঙ্গ — সৃষ্টি-স্থিতি-লয়, এনিয়ে তিনি সৃষ্টি তত্ত্ব বিচার করতে গিয়ে বার বার উল্লেখ করেছেন সংস্কৃতের সেই কসমিক ড্যান্সের কথা। আনকমন উইসডমে পৃথিবীর বিভিন্ন বিজ্ঞানী — এই যে আমাদের কনসেপ্ট অফ জিরো — যার ওপরে গোটা সভ্যতা দাঁড়িয়ে আছে, তার উদ্ভবও এই ভারতীয় সংস্কৃত থেকে। আমি আবার রাজ্য সরকারের কাছে আবেদন করবো যে, এই বিলটিকে যাতে পুরোপুরি কমপ্রিহেন্সিভ বানানো যায়। এই বিলটিকে যদি সত্যিই সংস্কৃত ভাষার পুনরুদ্ধারের জন্য এবং এখানকার সংস্কৃত শিক্ষাকে আরো সর্বাঙ্গীণ করার জন্য চেষ্টা করা যায়, তাহলে এর মধ্যে সামান্য কিছু পরিবর্তনের জন্য, কিছু নিয়ে আসবার জন্য একটি পৃথক বিশ্ববিদ্যালয় করে এই কলেজটিকে বাঁচিয়ে রাখার দরকার আছে এবং এই বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠিয়ে এই বিলের গুরুত্বটাকে বিবেচনা করার জন্য আবেদন রাখছি, ধন্যবাদ স্যার।

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আজকে এই পবিত্র সদনে পশ্চিমবঙ্গের মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় 'দ্য সংস্কৃত কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি বিল, ২০১৫'— যেটা এনেছেন, আমি তাকে সর্বতোভাবে সমর্থন করছি এবং এই সঙ্গে আমি মা-মাটি-মানুষের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমাদের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে ধন্যবাদ জানাচ্ছি যে, এ একটা মহান জাতীয় কর্তব্য তারা সম্পাদন করেছেন। এটি হয়তো অনেক আগেই করা উচিত ছিল। আমি তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, সংস্কৃত কলেজ একটা পুণ্যভূমি, একটা তীর্থ ভূমি এবং আমাদের বঙ্গীয় নবজাগরণের এটা পীঠস্থান। এখানে কত গুণী ছাত্র অধ্যয়ন করেছেন। কত গুণী অধ্যাপক এখানে অধ্যাপনা করেছেন এবং আমার তো আজকে বলতে গর্ব হচ্ছে—এখানে যখন

আলোচনা হচ্ছে এই পবিত্র সদনে — বিদ্যাসাগর মহাশয়ের কথা এখানে বারে বারেই আসছে। প্রথম অধ্যক্ষ তিনি এখানকার। আমি যে কলেজে অধ্যাপনা করতাম, সেটা বিদ্যাসাগর মহাশয়ের তৈরি করা কলেজ। আমি আরো গর্বিত এই কারণে যে, আমি যে অঞ্চলের বিধায়ক সেই অঞ্চলে একশোরও অধিক পণ্ডিত সংস্কৃত কলেজে অধ্যাপনা করেছেন। এদের মধ্যে আছেন বিখ্যাত পণ্ডিত ভরতচন্দ্র শিরোমনি, এর মধ্যে আছেন রামনারায়ণ তর্কালঙ্কার, 'কুলীনকুল সর্বস্ব' নাটকের তিনি রচয়িতা, বাংলার প্রথম নাট্যকার তিনি। এই ধরনের প্রায় ১০০ জনের মতো পণ্ডিত আমার এই অঞ্চল থেকে এসেছেন। এটা কিন্তু আমাদের কাছে অত্যন্ত গর্বের বিষয়। যাই হোক, আমাদের দেশে তখন ইস্ট ইন্ডিয়া কোম্পানির আধিপত্য স্থাপিত হয়েছে। বাঙালি তখন ছুটছে কি করে আমরা ইংরেজি শিখবো। কারণ, ইংরেজি শিখতে পারলেই তখন একটা চাকরি জুটে যায়। মধ্যবিত্ত বাঙালি ঘটি-বাটি বিক্রি করে ছুটছে ইংরেজি লেখাপড়া করতে। কলকাতার বুকে তখন ছোটো ছোটো কিছু ইংরেজি স্কুল স্থাপিত হয়ে গেছে। দেবেন ঠাকুরও সেই রকম একটা স্কুলে পড়তেন। ডিরোজিও সেইরকম একটা স্কুলে পড়তেন। অনেক স্কুল তখন স্থাপিত হয়ে গেছে। বাঙালি তখন উন্মাদের মতো ছুটছে ইংরাজী লেখাপড়া শিখব। ইস্ট ইন্ডিয়া কোম্পানি তখন তার এগেনস্টে। ওরা চাইছে যে এখানে ইংরাজী শিক্ষা হবে না, দেশীয় শিক্ষাই এখানে হবে। কেন না ইতিমধ্যে আমেরিকাতে বিপ্লব ঘটে গেছে, স্বাধীনতার কণামাত্র ইংরাজী শিক্ষার মধ্যে আছে, ওরা চাইছে দেশীয় শিক্ষা বিস্তৃত হোক। আর এই জন্যই আমরা দেখতে পাচ্ছি ১৭৮১ খ্রিস্টাব্দে ওয়ারেন হেস্টিংস এখানে আছেন, এই সময় এখানে ক্যালকাটা মাদ্রাসা স্থাপিত হচ্ছে। এখানে স্থাপিত হচ্ছে ১৭৮৪ এশিয়াটিক সোসাইটি। ১৭৯২ খ্রিস্টাব্দে বারানসীর একটা সংস্কৃত কলেজ স্থাপিত হচ্ছে। এতদ্‌সত্ত্বেও কিন্তু বাঙালি মানুষরা চায় ইংরাজী শিখতে। ইংরাজী শিখলে চাকরী হয় যাতে একটা। আমাদের দেশের প্রথম জাগ্রত মানুষ রাজা রামমোহন রায়, উনি চাইছেন পাশ্চাত্য শিক্ষা বিস্তৃত হোক। রক্ষণশীল নেতা রাধাকান্ত দেব চাইছেন ইংরাজী শিক্ষা বিস্তৃত হোক। আমরা ইতিহাসে লক্ষ করেছি ১৮১৫ রামমোহন রায় এখানে স্থাপন করছেন অ্যাংলো-হিন্দু কলেজ। ১৮১৭ হিন্দু কলেজ স্থাপিত হচ্ছে। ১৮১৭ কলকাতার বুকে অদ্ভুত একটা ব্যাপার ঘটলো। ডেভিড হেয়ার, রাধাকান্ত দেব এরা একটি সংস্থা করছেন তার নাম ক্যালকাটা স্কুল বুক সোসাইটি, সেখান থেকে ইংরাজী পাঠ্যপুস্তক বের হতো। অর্থাৎ ইংরাজী বইয়ের তখন ডিমান্ড বাড়ছে, এরা স্থাপন ক্যালকাটা স্কুল বুক সোসাইটি করছেন। ইতিহাসে আমরা দেখতে পাচ্ছি এই সময়ে ৩১ হাজার ইংরাজী পাঠ্যবই সেখানে বিক্রি হয়েছে। আমরা আবার দেখতে পাচ্ছি ১৮১৮ ক্যালকাটা স্কুল সোসাইটি স্থাপিত হচ্ছে। ইংরাজী স্কুল স্থাপন হবে এবং এই বিষয়ে উদ্যোগ নিচ্ছে আমার দেশের বাঙালি হিন্দু নেতৃবৃন্দ। কিন্তু ইংরেজ সরকার এটা চাইছে না। সরকারের মতটা অন্যরকম। ১৮২৩ সরকারের একটি দপ্তর স্থাপিত হল নাম হচ্ছে তার কমিটি অফ্ পাবলিক ইনস্ট্রাকশান। এরা স্থির করলো যে কলকাতায় একটা সংস্কৃত কলেজ স্থাপন করবেন। রামমোহন রায় এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ হানলেন। উনি বললেন সংস্কৃত শিখে কিছু হবে না, আমাদের ইংরাজী শিখতে হবে। পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞান আমাদের দরকার। সেদিনকার রামমোহন রায়ের সেই চিঠিটা সেটা আমাদের দেশের নবজাগরণের ইতিহাসে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল হিসাবে আছে। যাই হোক, শেষ পর্যন্ত

আমরা দেখলাম যে সংস্কৃত কলেজ স্থাপিত হচ্ছে এবং সময়টা হচ্ছে ১৮২৪ সালের ১লা জানুয়ারী। ১৮২০ বিদ্যাসাগর জন্মাচ্ছেন, সংস্কৃত কলেজের প্রথম অধ্যক্ষ। ১৮২০-তে বিদ্যাসাগরের জন্ম হচ্ছে আর ১৮২৪-তে কলেজ স্থাপিত হচ্ছে। গ্রামের পাঠশালার লেখাপড়া শেষ করে বিদ্যাসাগর দরিদ্র পিতার হাত ধরে গ্রাম-গঞ্জ-নদী-নালা-বিল-খানা অতিক্রম করে তিনি কলকাতাতে হাজির হচ্ছেন। কলকাতার বুকে তখন উত্তাল একটা আলোড়ন চলছে, ইংরাজী শিক্ষা চাই, ইংরাজী শিখতে পারলে একটা কিছু হবে, নবজাগরণ আসছে দেশে। কলকাতা এসে উনি সংস্কৃত কলেজে ভর্তি হচ্ছেন। সময়টা হচ্ছে ১৮২৯ সাল এবং তখন বয়স তার মাত্র ৯ বছর। ১৮৪১ সালে তিনি বিদ্যাসাগর উপাধি পাচ্ছেন। ১৮৫১ সালে তিনি অধ্যাপক হচ্ছেন, ১৮৫৮-তে তিনি ইস্তফা দিয়ে বেরিয়ে গেলেন। যাই হোক আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকার নবজাগরণের সেই পীঠস্থানে সংস্কৃত কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার জন্য এঁরা উদ্যোগ নিয়েছে, আমরা তাদের এই উদ্যোগকে সাধুবাদ জানাই। সংস্কৃত ভাষা ডেড ল্যাঙ্গুয়েজ নয়, এটা সমস্ত ভারতীয় ভাষার মাতৃস্বরূপা জননী। আপনারা শুনলে আশ্চর্য হবেন সংস্কৃত ভাষা, সংস্কৃত সাহিত্য এর মধ্যে অফুরন্ত সম্পদ আছে, যা চিন্তার অতীত। প্রাচীন ভারতীয় সভ্যতা, বিজ্ঞান, বাস্তু বিজ্ঞান থেকে শুরু করে চিকিৎসা বিদ্যা ইত্যাদি সম্বন্ধে গবেষণা করতে গেলে এর মধ্যে অফুরন্ত উপাদান রয়েছে। আপনারা শুনলে আরও আশ্চর্য হবেন যে, আজকের দিনে প্রায় দেড় লক্ষ সংস্কৃত ম্যানাস্ক্রিপ্ট তাতে শুধুমাত্র বিজ্ঞান নিয়ে আলোচনা আছে, যেগুলো আজও পড়া হয়নি।

[2.30— 2.40 p.m.]

যেগুলো আজও পড়া হয়নি কিন্তু এর গুরুত্ব একটা আছে। সেগুলো যদি উদ্ধার করা যায় তাহলে অনেক কিছু আবিষ্কার হয়ে যেতে পারে। আজকের বিদেশের বিশ্ববিদ্যালয়গুলিতে সংস্কৃত পণ্ডিতদের অত্যন্ত ডিমান্ড। আমাদের এখানে বিশ্ববিদ্যালয় হলে আপত্তি করছেন অনেকে, আমাদের এখানে সংস্কৃত চর্চায় আপত্তি করছেন অনেকে। বিদেশে কিন্তু সংস্কৃত পণ্ডিতদের ডিমান্ড অত্যন্ত। আমরা তাই মনে করি, এই সংস্কৃত বিশ্ববিদ্যালয় এটা কিন্তু একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমি এই বিলকে সর্বতোভাবে সমর্থন করছি এবং আমি আমার মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে সাধুবাদ জানাচ্ছি। নমস্কার।

শ্রী শাহাজাহান চৌধুরী : নট প্রেজেন্ট।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আমি প্রথমেই মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় আনীত The Sanskrit College and University, West Bengal Bill, 2015 একে পূর্ণ সমর্থন জানাচ্ছি। একটা অত্যন্ত শুভলগ্ন, শুভসময়, একটা শুভক্ষণে মাননীয় মন্ত্রী এটা ঘোষণা করলেন। শুভলগ্ন, শুভসময়, শুভক্ষণ এজন্যই যে ২০১১-র জুন মাস থেকে ২০১৫-র ডিসেম্বরের মধ্যে অর্থাৎ এই ক'বছরের মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ১৫টি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন। সর্বকালের সব রেকর্ডকে ভেঙে দিয়ে এই অগ্রগতির ক্ষণকে অভিনন্দিত করুন। স্বাধীনতার আগে-পরে ৭০ বছরের বেশি সময়ও বিশ্ববিদ্যালয়

হয়েছিল ১৩টি। আর তাকে অতিক্রম করে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ১৫টি বিশ্ববিদ্যালয় করলেন। তাঁর মুখের সেই বাণী, চরৈবেতি-চরৈবেতি। এগিয়ে চলো, এগিয়ে চলো। সেই বাণীকে সঙ্গে নিয়েই তিনি উন্নয়নের ধারাকে অব্যাহত রেখেছেন। স্যার, শিক্ষা সংস্কার করতে গেলেই একটা হইহই রব ওঠে। অগ্রগতি ঘটালেই ত্রাহি-ত্রাহি রব ওঠে। আপনারা যদিও সমর্থন করেছেন কিন্তু একটা সমর্থন করার মধ্যেও এটাকে আবার সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, এটাকে আরও একটু বিলম্বিত করে দেওয়া হোক এইরকম একটা প্রয়াস, এইরকম একটা প্রচেষ্টা লক্ষ করা গেছে যেটা সমর্থন যোগ্য নয়। কারণ আমরা মনে করি এই যে ত্রাহি-ত্রাহি রব তোলা এটা নতুন কোনো ঘটনা নয়। স্বয়ং পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর যখন সংস্কৃত কলেজের শিক্ষা সংস্কার করবার উদ্যোগ নিলেন তখন তাকে প্রবল বিরোধিতার সম্মুখীন হতে হয়েছিল। ১৮৫১ খ্রিঃ থেকে ১৮৫৮ খ্রিঃ পর্যন্ত বিদ্যাসাগর সংস্কৃত কলেজের অধ্যক্ষ ছিলেন। তার আগেই ১৮৫০ সালের ৫ই ডিসেম্বর সংস্কৃত কলেজে শিক্ষা সংস্কারের জন্য শিক্ষা সংসদে এক বিস্তৃত পরিকল্পনা পেশ করেন। ১৮৫২ সালে Notes on Sanskrit College নামে একটি প্রতিবেদন পেশ করেছিলেন। সেখানে তিনি লিখেছিলেন, 'আমি গভীরভাবে প্রচলিত শিক্ষাবিধির কার্যকারিতা নিয়ে চিন্তা করছি। সংস্কৃত, ইংরাজী বিদ্যা একই সঙ্গে গভীর জ্ঞানলাভের পরিকল্পনার উপর অনেক ভেবেচিন্তে আমি আমার অভিমত প্রদান করছি। আমার ধারণা এইরকম শিক্ষাই আমাদের স্বদেশী ভাষাগুলিকে পাশ্চাত্য বিজ্ঞান ও সভ্যতার রসে অভিসিঞ্চিত করার গুরুত্বপূর্ণ কাজের উপযুক্ত মানুষ গড়ে তুলবে'। বিদ্যাসাগরের এই অনুভূতি এবং তার প্রতিবেদনে যে বক্তব্য সেই বক্তব্যে পরিষ্কারভাবে তিনি ভারতীয় সংস্কৃতিকে তুলে ধরবার জন্য সংস্কৃত ভাষার যে চর্চা সেই চর্চার প্রয়োজনীয়তা অনুভব করেছিলেন। উনবিংশ শতাব্দীতে General Adam প্রচলিত শিক্ষা ব্যবস্থাই পাশ্চাত্য বিজ্ঞান এবং সাহিত্যের প্রচলন নিয়ে General Committee of Public Instructions গঠন করেন। তখনই সংস্কৃত কলেজের স্থাপনার বিষয়ে এই কমিটি ঘোষণা করেন। সময় এগিয়েছে, পরিবর্তন ঘটেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ডঃ নৃসিংহ প্রসাদ ভাদুড়ী মহোদয়কে চেয়ারম্যান করে Sanskrit Commission গঠন করলেন। সেই কমিশন বিচার বিশ্লেষণের পর সংস্কৃত শিক্ষার প্রসার নিয়ে report পেশ করেন। সেই রিপোর্টে সংস্কৃত কলেজকে ফুল ফ্লেজেড স্টেট এইডেড ইউনিভার্সিটি রূপে রূপান্তরিত করার সুপারিশ প্রদান করেন। রাজ্য সরকার তারই মান্যতা দিয়েছেন। এটা আমাদের গৌরব।

সংস্কৃত কলেজের এই মানোন্নয়ন বস্তুত পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রতি আমাদের একটা শ্রদ্ধার্ঘ্য। শুধু তাই নয়, একটি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ভারতীয় ভাষা সমূহ, ভারতীয় দর্শন, তুলনামূলক সাহিত্য এবং কয়েকটি বিদেশী ভাষা যেগুলো সংস্কৃতের সঙ্গে সংশ্লিষ্ট সেগুলোর চর্চা হবে। এটাতো ঐতিহাসিক ঘটনা। টোল, যে ভারতীয় ঐতিহ্যের সঙ্গে সম্পূর্ণভাবে জড়িত, তাকে আপনারা অর্থাৎ বামফ্রন্ট বিসর্জন দিয়েছিলেন। তার পুনঃপ্রচলন এই বিলের উদ্দেশ্য। এই বিশ্ববিদ্যালয়।

আমি শুনছিলাম স্যার, ডাঃ মানসরঞ্জন ভুঞ্যা একটি কথা বলছিলেন। তিনি হতাশ হয়ে যাচ্ছিলেন, তিনি আশঙ্কা প্রকাশ করছিলেন যে, বোধহয়, এই syllabus ঠিক করার সঙ্গে তিনি

গুলিয়ে ফেলছেন যে, নিয়ন্ত্রণের বিষয়টা। নিয়ন্ত্রণ আর syllabus ঠিক করা এক নয়। Higher Education Council, Higher Secondary Council, Board of Secondary Education এগুলো যেমন আছে, যেভাবে চলছে, সেভাবেই থাকবে। কিন্তু এঁরা বললেন কি, এঁরা বললেন, Commission বললেন এবং মাননীয় শিক্ষামন্ত্রী যেটা বিলে সংযোজন করেছেন, বললেন যে, হ্যাঁ, syllabus-টা গঠন করবেন, যদি কোনো বিশেষজ্ঞ অর্থাৎ যারা সংস্কৃত শিক্ষার প্রসার চাইছেন, যাঁরা সংস্কৃত শিক্ষাকে established করতে চাইছেন, যারা সংস্কৃত শিক্ষাকে বিশ্বের দরবারে নিয়ে যেতে চাইছেন, তাঁরা যদি মনে করেন যে, এই syllabus পঠনপাঠনের মধ্য দিয়ে আমাদের সংস্কৃত শিক্ষার অগ্রগতি ঘটবে — সেই পরামর্শ যদি তাঁরা দেন তাহলে অসুবিধাটা কোথায়। সুতরাং মানসবাবু যেটা মনে করেছেন যে, syllabus তৈরি করা আর নিয়ন্ত্রণ করা এক, এটা কিন্তু তা নয়। syllabus ঠিক করা এবং বস্তুত এরা কি করবেন এরা বললেন একটা Nodal Centre হিসাবে কাজ করবেন। এটা পরিষ্কার বিলে উল্লেখ করা রয়েছে যে, Nodal centre হিসাবে কাজ করবেন। এই Nodal centre হিসাবে কাজ করলে আমাদের তো যারা Higher Secondary পড়বেন তাদের syllabus অর্থাৎ একটা যদি parity থাকে, একটা যদি সমতা থাকে, একটা যদি সঙ্গতি থাকে, একটা যদি consistency থাকে তাহলে অসুবিধাটা কোথায়। কারণ, যিনি Primary-তে বই পড়ছেন তার সংস্কৃত চর্চাটা কেমন হওয়া উচিত। যিনি তারপরে Secondary-তে যাবেন তার চর্চা কেমন হওয়া উচিত। যিনি তারপরে Higher Secondary-তে যাবেন তার চর্চা কেমন হওয়া উচিত এবং কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে তারা যদি পড়েন তাহলে অসুবিধাটা কোথায়।

আর আমি তো অবাক হয়ে যাচ্ছি, এঁরা শিক্ষা নিয়ে চর্চা করেছেন, কিন্তু কি করে ভুলে যাচ্ছেন যে, Unitary একটা University, এই unitary university-তে যদি একটা কলেজ সেই নিয়ে যদি University হয় তাহলে অসুবিধাটা কোথায়। এরকম কি নেই? আমাদের কলেজের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সাযুজ্য রেখে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় চলছে না? এমনি কি নেই যে, আমরা বিশ্বভারতীতে কি আলাদা affiliated কোনো কলেজকে পাই? আমরা তো সেখানে দেখি একটাই কলেজ এবং একটাই University অর্থাৎ unitary university যেটা একটা কলেজ নিয়েও তৈরি হতে পারে। সেটা কলেজের তো শিক্ষা নয়। কলেজের শিক্ষার সঙ্গে unitary university-র শিক্ষা একে যদি সংযুক্ত করা যায় এবং যারা কলেজে পড়বেন তারাই যদি বিশ্ববিদ্যালয়ের পাঠ গ্রহণ করেন তাহলে নিশ্চয়ই শিক্ষার ক্ষেত্রে সেই সম্প্রসারণ ঘটবে, শিক্ষার ক্ষেত্রে সেই প্রসারতা ঘটবে। আমি মনে করি তাই স্যার, যে বিল এখানে ডঃ পার্থ চট্টোপাধ্যায় এনেছেন সেটি অত্যন্ত সঙ্গতভাবে, অত্যন্ত সময়োচিতভাবে এই বিলে আনয়ন করেছেন এবং বিলকে উপস্থাপনা করেছেন। আমি মনে করি যে, দলমত নির্বিশেষে সমস্তজন যেন আমরা পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রতি শ্রদ্ধার্ঘ্য জানাই।

[2.40– 2.50 p.m.]

পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর যে স্বপ্ন দেখেছিলেন তা এই পরিবর্তনের সঙ্গে সঙ্গে সেই স্বপ্নকে বাস্তবে রূপায়িত করবার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে উদ্যোগ গ্রহণ

করেছেন, আসুন আমরা সকলে মিলে তাঁকে সমর্থন করি। এই বিলে পূর্ণ সমর্থন করবার জন্য আমি মাননীয় সদস্যদের কাছেও আবেদন জানাব। কারণ আমরা মনে করি যে এই বিল একটা ঐতিহাসিক বিল হয়ে আমাদের কাছে চিরস্থায়ী আসন লাভ করবে এবং একটা ঘটনা পরম্পরায় আমরা সংস্কৃত সাহিত্যের প্রতি একটা সম্মান যেমন প্রদর্শন করবো, সংস্কৃত সাহিত্যের প্রতি আমাদের যেমন রাগ অনুরাগের প্রকাশ করবো, ঠিক তেমনি করেই সংস্কৃত সাহিত্য প্রসারিত হয়ে আমাদের এই বাংলার গর্বকে বাড়িয়ে তুলবে। পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আশীর্বাদধন্য হয়ে এই বিল প্রকাশ লাভ করুক। এই বিল আইনে পরিণত হোক, এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ : (অ্যাবসেন্ট)।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, দি সংস্কৃত কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি, ওয়েস্ট বেঙ্গল বিল, ২০১৫; এই মহতী সভায় পেশ করার সময় আমি বলেছিলাম যে আমরা আমাদের এই বিলের মধ্যেই কি কারণে এই সংস্কৃত কলেজ এবং ইউনিভার্সিটির প্রয়োজন তার ব্যাখ্যা দিয়েছি। আমি যখন ছিলাম না অর্থাৎ হাউসে ছিলাম, কিন্তু ভিতরে ছিলাম না, তখন মাননীয় সদস্য ডঃ মানস ভূঞ্যা প্রশ্ন করেছেন, আমার এখানে থাকা উচিত ছিল। কিন্তু আমি আপনার কাছে জানাই স্যার, যে বাইরে একটি অত্যন্ত বড় আকারের জমায়েত হয়েছিল, সেই জমায়েতকে ডিসবার্স করবার দরকার হয়ে পড়েছিল, কিন্তু আমরা মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী আমরা তাদের প্রতিনিধিদের সঙ্গে কথা বলি এবং সেটিকে এড়ানো সম্ভব। সেই কাজে ছিলাম। কিন্তু মানসবাবুর বক্তৃতা আমি পুরোটাই শুনেছি। আমি এখানে প্রথমেই বলি, সংস্কৃত বিশ্ববিদ্যালয় এটা কিন্তু অন্যান্য রাজ্যেও আছে। এবং সংস্কৃত বিশ্ববিদ্যালয় করার জন্যে যারা আজকে এখানে নেই, চলে গেছেন, তারাও যে দুটো কমিশন করেননি, তা নয়। এরা কমিশন করেন, কমিশন গঠন করেন, বিচার বিভাগীয় কমিশন গঠন করেন, কিন্তু লোকে তার ফলাফল দেখতে পায় না। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় সংস্কৃত বিশ্ববিদ্যালয় নিয়ে যে কমিটি গঠন করেন, ডঃ নৃসিংহ প্রসাদ ভাদুড়ীকে সামনে রেখে, বিশেষজ্ঞদের নিয়ে, তা সময় মতন তার রিপোর্ট জমা দেয় এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শক্রমে শিক্ষা দপ্তর এই সংস্কৃত কলেজ এবং বিশ্ববিদ্যালয় বিলটি আজকে এখানে উপস্থাপনা করছেন। এখন সংস্কৃত পড়তে চায়, এখানে বোধহয় সকলেই বলবেন সংস্কৃত পড়তে চাই। এমন কেউ নেই যে সংস্কৃত চর্চা করতে চান না, এরকম নেই। অনেকে ভয়ে হয়তো কম পড়েন, অনেকে ভালবাসায় পড়েন। কিন্তু সংস্কৃত আমাদের জীবনের মধ্যে, আমাদের ঐতিহ্যের মধ্যে, আমাদের সংস্কৃতির মধ্যে একটা বিশেষ স্থান করেছে। সেই ভাষা, যে ভাষার থেকে অন্য ভাষার বিস্তৃতি লাভ করেছে। সংস্কৃত কলেজ আপনারা সকলেই জানেন, যে এই সংস্কৃত কলেজ প্রায় ১৯২ বছর ধরে এই কলকাতার বুকে মাথা উঁচু করে সংস্কৃতকে ব্যাপৃত করবার কাজে নিয়োজিত এবং জেলায় জেলায় বিভিন্ন টোল, টোলের মাধ্যমেও সংস্কৃত চর্চার বা গবেষণা করবার একটা বন্দোবস্ত আছে। আমাদের সরকার সেটাকে সুসংহত করতে চায়। সেটাকে একত্রিত করে আরো প্রসার লাভের কথা বলতে চায়। এখানে যে সংস্কৃত কলেজের সঙ্গে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের নাম জড়িত আছে, আমরা

যারা খোঁজখবর রাখছি, আমি নিজেও দুবার ওখানে গিয়ে দেখে এসেছি, সমস্ত বিল তৈরি করার আগে তার অবস্থা দেখেছি এবং সেখানকার সঙ্গে যুক্ত যারা তাদের সঙ্গে কথাও বলেছি। ফলে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার বা মা-মাটি-মানুষের সরকারের যে ইচ্ছে যে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হোক এবং সংস্কৃত কলেজের নামটাকে এই কারণেই রাখতে চেয়েছি যে সংস্কৃত কলেজ হিসাবে তার একটা ঐতিহ্য, তার একটা সুনাম, নামের সঙ্গে বিভিন্ন মনীষীর সময়ে সময়ে তাতে অংশ নেওয়া, এইসব মিলিয়ে একটা ঐতিহাসিক পীঠস্থান। সেইজন্য আমরা কলেজ এবং বিশ্ববিদ্যালয়টি রেখেছি। মানসবাবু কতগুলো কথা বলেছেন, ঘর থেকে বসে শুনছিলাম। প্রেসিডেন্সিতে লোকে যদি কাঁদে, তাহলে তার কান্না তো থামানো যায় না। আগে প্রেসিডেন্সি এবং আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ের যে শিথিলতা ছিল, সেই শিথিলতা যখন উৎকর্ষতামুখী হয়, যখন নিয়ম কানুনের মধ্য দিয়ে শিক্ষা প্রতিষ্ঠানের সবাইকেই একসূত্রে বাঁধা হয়েছে এবং এগিয়ে যাওয়ার কথা বলা হয় তখন অনেকেই সেই ছন্দ হারিয়ে ফেলেন। যারা সেই ছন্দ হারিয়ে ফেলেন তারা সেই সূত্রে থাকতে চান না। আবার অনেকে কিছু সময়ের জন্য আসেন, আরও ভালো সুযোগ পেয়ে চলে যেতে চান। যারা চলে যেতে চান তাদের তো আটকে রাখা যায় না। তাই অধ্যাপক চলে গেলেন, এটা নিয়ে মানসবাবুরা অযথা দুঃখ করেছেন। চলে যাননি, তাদের সবাইকে চলে যাওয়ার আগে যে ইন্টারভিউ হয় সেই ইন্টারভিউর ব্যবস্থা আমাদের শিক্ষা দপ্তর যতটুকু শুনেছে প্রেসিডেন্সি কলেজ থেকে, আমি মনে করি আমাদের প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় অত্যন্ত ভালোভাবেই চলছে। অত্যন্ত ভালোভাবে চলছে। আমরা যদি সবাই মিলে এই ভালোভাবে চলাটাকে সাপোর্ট করতে পারি তাহলে সব বিশ্ববিদ্যালয়, সব শিক্ষা প্রতিষ্ঠানই ভালোভাবে চলতে পারে। প্রেসিডেন্সি কলেজের যে অনুভব নিয়ে বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছিল আমরা সংস্কৃত কলেজকেও, সেটা রেখে, সেই অনুভব নিয়ে আমরা সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয় নামে করতে চেয়েছি। এক্ষেত্রে সমস্যা আসতে পারে। এমন নয় যে সমস্যাহীন, কোনোদিন সমস্যা থাকতে পারে না। আমরা কিছু না করেই যদি বলি যে আমাদের সমস্যা হচ্ছে, এটা করার দরকার নেই। তবে কোনোদিনই সেটা করা সম্ভব হবে না। তাই সংস্কৃত বিশ্ববিদ্যালয় হোক। তার সমস্যাগুলো যদি থাকে তা নিয়েই প্রসিড করা হোক। আমরা সেতু না বেঁধেই বলছি তুমি সেতু পুরোটা বাঁধতে পারোনি। আমি বিরোধী বন্ধুদের বলবো এই ভাবনাটা থেকে একটু যদি দূরে থাকেন তাহলে ভালো হয়। আজকে যে মডেল ফলো করার কথা বলেছিলেন, প্রেসিডেন্সির বিষয়ে, মানসবাবু বলেছিলেন, সেখানে আমরা শুধু একটু চেঞ্জ করেছি, টেকনিক্যালি একটুখানি চেঞ্জ করে সংস্কৃত কলেজটাকে রেখেছি। কেন রেখেছি — সেটা একটু আগে আপনাদের আমি জানিয়েছি। আর একটা বিষয় যেটা মানসবাবু জিজ্ঞাসা করেছিলেন যে এটা ইউনিটারি, না নন অফিসিয়েটিং ইউনিটারি ইউনিভার্সিটি এটা আপনারা জানার চেষ্টা করেছেন। আমরা বলছি, এই কলেজ ও বিশ্ববিদ্যালয় বিলটি পাশ হয়ে যাওয়ার পর যে যেরকমভাবে বর্তমানে চলছেন ঠিক সেইরকমভাবেই চলবেন। যতক্ষণ না পর্যন্ত এই বিলটি কার্যকরী ভূমিকা নিতে পারছে সেক্ষেত্রে সরকার তাদের পাশে দাঁড়াবে। এবার আসি, কিছু কিছু সংগঠন আমার কাছে এসেছিলেন। আমার কাছে আসার আগে সংবাদপত্রে তাদের বিবৃতিও আমি পড়েছি।

[2.50– 3.00 p.m.]

এবার বলি, কিছু কিছু সংগঠন আমার কাছে এসেছিলেন, আমার কাছে আসার আগে সংবাদপত্রে তাদের বিবৃতিও আমি পড়েছি। কোনো কাজ করতে গেলে সবটাই যে সবাই সমর্থন করবে এমন নয়। সবাইকে নিয়ে চলবার জন্য আমাদের সরকারের একটা কনসালটেটিভ ফোরাম আছে। আমরা মনে করি না যে আমরা যেটা করছি সেটা সবটাই সঠিক। আমরা মনে করি আমরা যেটা করছি সেটা সবাইকে বলা উচিত, বোঝানো উচিত, যদি না বোঝে না বুঝলো। কিন্তু একটা কনসালটেটিভ অ্যাপ্রোচ, পার্টিসিপেটিভ অ্যাপ্রোচ আমাদের সরকারের আছে। সেই কারণে আমরা তাদের সঙ্গে কথা বলেছি। তাদের মূল ভয়টা হচ্ছে টোলগুলোর এখন কি হবে। আগে টোলগুলো চলতো একটা ক্লাসে, তাদের একটা কাউন্সিল ছিল। কোনো টোল ভগ্নপ্রায়, কোনোটার অবস্থা খুবই খারাপ। আমরা বলছি টোলগুলোকে প্রাণবন্ত করব, টোলগুলোতে গবেষণার কাজ করব। দেড় লক্ষ বই আজকে সংস্কৃত কলেজে আছে তার রক্ষণাবেক্ষণ সুন্দরভাবে হবে এবং আরও নতুন বই তার সঙ্গে যুক্ত হবে। অর্থাৎ একটা আধুনিকীকরণের ছোঁয়া দিয়ে সংস্কৃত ভাষাটাকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টাতে এই ইউনিভার্সিটি কাজ করবে। কিন্তু অনেকে প্রশ্ন তুলেছেন এই সরকারি কলেজটি চলে যাবে, তাহলে সরকারি অধ্যাপক যারা আছে তাদের কি হবে। আমরা খোঁজ খবর নিয়ে দেখেছি, মাত্র সাতজন অধ্যাপক — শুধু সংস্কৃত নয়, ইংরাজী-বাংলাও তার মধ্যে আনা হয়েছিল—সেখানে আছে। তারা যদি মনে করেন এই ইউনিভার্সিটির সঙ্গে তারা থাকবেন না, তাহলে অন্য গভর্নমেন্ট কলেজে নিশ্চয় তারা যাবেন। অনেকে বলবেন কলকাতা ছেড়ে কেন আমরা যাব, আমি তাদের জ্ঞাতার্থে বলছি, কলকাতাতেই তিনটি কলেজ আছে—একটা নিউ টাউনে হয়েছে, একটা হাজরায় আছে নিবেদিতা গভর্নমেন্ট কলেজ, আরেকটা আছে গভর্নমেন্ট জেনারেল ডিগ্রি কলেজ, নিউটাউন। ময়ূরভঞ্জ রোডে আরেকটি গার্লস কলেজ তৈরি হওয়ার মুখে, হয়তো সামনের মাসেই তার যাত্রা শুরু করতে পারে, মুখ্যমন্ত্রী টাইম দিলেই। সুতরাং এর সম্মিলিত যে পদের সংখ্যা, অধ্যাপক নিয়োগের যে সংখ্যা তা একশোভাগ। সাতজনের বদলে একশোভাগ। কোথায় সঙ্কুচিত হচ্ছে? এই ভাবনাগুলো আপনাদের সংগঠনের মধ্যে দিয়েই ছড়ায়। যারা এইসব ছড়াচ্ছেন তাদের কাছে আমাদের আবেদন, আপনারা যদি বাস্তবোচিত দৃষ্টিভঙ্গী নিয়ে দেখেন, তাতে দেখবেন সঙ্কুচিত নয়, বরঞ্চ অনেক বেশী অধ্যাপক নিয়োগের সুযোগ এখানে থাকছে। আমি টোলগুলোর ব্যাপারে আলাদা করে বলেছি, আপনি যদি বিলটি আলাদা করে পড়ে থাকেন তাহলে দেখবেন এর মধ্যে বিস্তৃত করে বলা আছে টোলগুলো কিভাবে চলবে, টোলগুলো কিভাবে চলা উচিত, গবেষণা কোথায় হবে ইত্যাদি ইত্যাদি। ইউনিভার্সিটির মদতে এইগুলো হবে এবং এটা বিলের মধ্যে পরিষ্কার করে বলা আছে। এছাড়াও অশিক্ষক কর্মচারীদের হিসাবে সেখানে যারা কাজ করছেন তারা যদি মনে করেন আমরা ইউনিভার্সিটির সঙ্গে যুক্ত হব না, তাদেরও সুযোগ আছে। এছাড়াও ৬৫টি অশিক্ষক কর্মচারী পদের সৃষ্টি হচ্ছে। সুতরাং এই ধারণাটা একেবারেই বোধহয় সঠিক নয়। আমরা যদি কলেজ থেকে ইউনিভার্সিটিতে চলে যাই তাহলে সরকারী অধ্যাপকদের বোধহয় অসুবিধা হবে। আমি সংখ্যাটা বললাম সাতজন, সুতরাং সংস্কৃত কলেজের লোকেরা

ইউনিভার্সিটিতে ইন্টারভিউয়ের মাধ্যমে যোগ্যতা প্রমাণ করলে নিশ্চয় সেখানে তারা সুযোগ পাবেন। আর অন্যদিকে সরকারী কলেজে অধ্যাপকের আসন সংখ্যা কমছে, পদের সংখ্যা কমছে এই ধারণাটা একেবারেই ভুল। তার কারণ সরকারী কলেজ হওয়াতে পদের সংখ্যা বাড়ছে। সুতরাং এই ধারণার বশবর্তী হয়ে সংস্কৃত কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের তৈরির এই ঐতিহাসিক যে সিদ্ধান্ত মমতা বন্দ্যোপাধ্যায় নিয়েছেন আসুন সবাই মিলে তাকে সমর্থন করি। আর অসিতবাবু একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছেন যেটা আমি গ্রহণ করতে পারছি না। কেন পারছি না আমি বুঝিয়ে বলি। আপনার এইটা যদি আমার নিতে হয় যে সময় আজকে দরকার, সেই সময়, ২০১৬ থেকে এই বিশ্ববিদ্যালয় তাহলে তার কার্যকাল শুরু করতে পারবে না। আমার যদি এটা সিলেক্ট কমিটিতে পাঠাতে হয় তার একটা মিনিমাম টাইম আছে, আবার একটা বিধানসভা বসতে হবে তারপরে আবার ওই সেই সই সাবুদ, সুতরাং ২০১৬ সালের যে শিক্ষাবর্ষ সেই ২০১৬ সালের শিক্ষাবর্ষ থেকে সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করতে পারবে না। সুতরাং সেই কারণেই আমরা আপনার এটাকে গ্রহণ করতে পারছি না। আপনাদের সকলের যখন বিরোধিতা নেই, সংস্কৃত বিশ্ববিদ্যালয় যখন আপনারা চান আসুন সকলে মিলে সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয় এই বিলটাকে সমর্থন করি। পথে চলতে গিয়ে যদি কোথাও দেখা যায় যে কোনো অসুবিধা হচ্ছে নিশ্চয় তখন বলবেন। সরকার উদার চিত্তে এবং নিশ্চয় অত্যন্ত সহিষ্ণুভাবে আপনাদের সেই বক্তব্য রাখবে যা বাস্তবোচিত হবে। আসুন আমরা সবাই মিলে এটাকে সমর্থন করি।

Mr. Speaker : The question before the House is the amendment of **Shri Asit Mitra that the Sanskrit College and University, West Bengal Bill, 2015** be referred to a Select Committee. As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe".

(voices : Noes)

Noes have it, noes have it.

Mr. Speaker : Now the question before the House is the motion of **Dr. Partha Chatterjee that the Sanskrit College and University, West bengal Bill, 2015** be taken into consideration. As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe".

(voices : Ayes)

Ayes have it, Ayes have it.

Clauses 2-59

Mr. Speaker : There is no amendment to clauses 2 to 59. The question before the House is that clauses 2 to 59 do stand part of the

Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe".

(voices : Ayes)
Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. The question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand a part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe".

(voices : Ayes)
Ayes have it, Ayes have it.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the **Sanskrit College and University, West Bengal Bill, 2015,** as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly be passed. As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe".

(voices : Ayes, ayes)

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

(The Bill is passed, the Bill is passed)

...(At this stage the business transacted during the eighteenth Session of the fifteenth Legislative Assembly was referred to by the Hon'ble Speaker in the House)

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
BUSINESS TRANSACTED DURING THE EIGHTEENTH SESSION OF THE FIFTEENTH LEGISLATIVE ASSEMBLY
(11TH DECEMBER TO 17TH DECEMBER, 2015)

Mr. Speaker : Today the 17th December, 2015 is the last day of the Eighteenth Session of the Fifteenth Assembly. Before I adjourn the House sine-die, I would like to narrate in brief the business transacted during this Session.

(Position as on the 17th December, 2015)

1. QUESTIONS:

(A)	Total Number of Notices of Questions received	336
(B)	Total Number of Questions allocated	236
	(i) Starred	187
	(ii) Unstarred	49
(C)	Total Number of Questions admitted	137
	(i) Starred	111
	(ii) Unstarred	26
(D)	Total Number of Questions disallowed	21
(E)	Total Number of Questions replied	43
	(i) Starred	38
	(ii) Unstarred	5
(F)	(i) Total Number of replies to Questions received from the Department but not yet placed in the order paper (Starred and Unstarred)	20
	(ii) Total Number of Questions pending with the Departments	74
	(iii) Total Number of Questions under Process	78

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not yet answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

2. GOVERNMENT BILLS :

(A)	Number of Bills introduced	3
(B)	Number of Bills passed	3

3. ADJOURNMENT MOTION :

(A)	Notices received	10
(B)	Consent withheld	10

4. **CALLING ATTENTION NOTICES :**

(A)	Notices received	9
(B)	Notices admitted	4

In this connection I would also like to make an announcement that replies to Calling Attention Notices admitted by me would be sent direct to the Members concerned.

5. **MOTIONS UNDER RULE 185**

(A)	Notices received	2
(B)	Admitted, discussed and carried	1
(C)	Disallowed	1

6. **LAYING OF RULES**

(A)	Notices received	3
(B)	Rules laid	3

7. **LAYING OF ANNUAL REPORTS AND ACCOUNTS OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS ETC.**

(i)	Reports and Accounts etc. laid	11
(ii)	**Other Report laid :** The Report of Justice G. R. Bhattacharjee Commission of Inquiry (Ex-BDO Kallol Sur Death Matter) alongwith State Government's Action Taken Report thereon.	

8. **LAYING OF NOTIFICATIONS**

(A)	Notices received	5
(B)	Notifications laid	5

9. **MENTION CASES** 20

10. **ZERO HOUR** 8

11. **NUMBER OF SITTINGS** 5

12. **TOTAL HOUR OF SITTINGS** 12 hours 37 minutes (upto 3.00 p.m. today)

[3.00 – 3.10 p.m.]

Mr. Speaker : Hon'ble Members, I want to make an announcement that during this session nearly 500 students from different schools and colleges have attended West Bengal Legislative Assembly Session. This is because of the fact that this year Youth Parliament Programme that has been initiated by the State Government which has gained popularity and in different districts and colleges and schools regular sittings are held regarding Youth Parliament. I, therefore, thank the Hon'ble Parliamentary Affairs Minister-s Department for making this particular department vibrant.

Again I want to make an announcement that out of total questions replied in the House-questions put by the members of the Opposition Parties i.e. Opposition members put the total questions. Number of supplementaries asked 100. Opposition-67, Ruling-33. That will show the picture that how Oppositions are getting prominence in the Assembly and in fact this Floor belongs to the Opposition as has been announced on the very first day by the Hon'ble Chief Minister.

Now Vote of Thanks. Dr. Partha Chatterjee.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই স্বল্পকালীন অধিবেশনের আজকেই সমাপ্তি। এই স্বল্পকালীন অধিবেশনে আমরা অনেক বিষয়ে আলোচনা করেছি, যা আপনি সুযোগ করে দিয়েছেন। আপনার সুযোগ্য পরিচালনায় এবার অনেক ভালো বিতর্ক আমরা দেখেছি, একটি রুল ১৮৫এ আলোচনাও হয়েছে। সমসাময়িক কালে এই রকম একটি বিলের উপরে প্রায় প্রত্যেককেই—যেভাবে আপনি তাদেরকে বক্তব্য রাখতে দিয়েছেন, যেভাবে এই মোশানটিকে বাক্যরচনায় সাহায্য করেছেন — আমি আপনাকে সর্বপ্রথম ধন্যবাদ জানাই। আমি ধন্যবাদ জানাই ডেপুটি স্পীকার সোনালী গুহ এবং চেয়ারম্যানকে — আপনার অবর্তমানে যেভাবে সভার কাজ চালিয়েছেন তাদের সকলকে। আমি ধন্যবাদ জানাই সমগ্র বিরোধীপক্ষকে এবং বিরোধী দলনেতা কংগ্রেসের দলনেতা সহ সকলকে। এমনকি হরকা বাহাদুর ছেত্রী, শমীক ভট্টাচার্য্য—এদের দুইজনকেই আমি অভিনন্দন জানাই যে আপনারা আপনাদের মতন করে এই সভায় আপনারা অংশ নিয়েছেন। আমি ধন্যবাদ জানাই আমাদের পরিষদীয় দলের সমস্ত সদস্যদের, মন্ত্রীদের এবং মুখ্যমন্ত্রী প্রথম দিন এসে যে শোক জ্ঞাপনের মধ্যে দিয়ে এই অধিবেশনের চলার পথ সুগম করেছেন আমি তাকেও ধন্যবাদ জানাই। আমি ধন্যবাদ জানাই সমস্ত স্টাফ, বিধানসভার সচিবালয়ের সচিব এবং অন্যান্য আধিকারিক ও স্টাফদের। আমি ধন্যবাদ জানাই নিরাপত্তারক্ষী যারা আমাদের বিধানসভার নিরাপত্তা দেন — কলকাতা পুলিশের নিরাপত্তা বাহিনী। আমি ধন্যবাদ জানাই সমস্ত সাংবাদিক বন্ধুদের। তারা আমাদের মতন সকাল

থেকে রাত পর্যন্ত এখানে সংবাদ সংগ্রহের জন্য উপস্থিত থাকেন। বিশেষ করে আমি আবার অধ্যক্ষকে ধন্যবাদ জানাই, আপনাদের সংবাদ সংগ্রহের অনেক সময় অসুবিধা দেখা দেয় বলে তিনি চিন্তা করেছেন। এই সভা যখন চলবে না তখন ১টা থেকে ৩টে পর্যন্ত আমাদের যে প্রেস কর্নার, সেটা ব্যবহার করবার বিধায়কদের তিনি অনুমতি দিয়েছেন। এছাড়াও যে সমস্ত স্কুলের ছাত্রছাত্রীরা এখানে এসে দর্শক আসনে বসে আমাদের সভা দেখেছে, তাদের প্রত্যেককেই আমি শুভেচ্ছা জানাই, তাদের স্কুলকে শুভেচ্ছা জানাই। তারা শুধু মক করে না, এখানে এসে দেখেও যেতে পেরেছে। যদিও এই দু-চারদিনের যা জিনিস দেখেছে, সেটা বোঝার উপরেই তারা শিখুক, এটাই আমি চাইব। তাদেরকেও আমি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের দলের চিফ হুইপ শোভনদেব চট্টোপাধ্যায়কেও ধন্যবাদ জানাচ্ছি যে, তিনি সুচারুভাবে সকলকে সময় দিয়ে বক্তা ঠিক করেছেন।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই স্বল্পকালীন পাঁচ দিনের অধিবেশনে উল্লেখযোগ্য দুটি ঘটনা ঘটল। এটা সবাই মনে রাখবে। প্রথম দিন, অবিচ্যুয়ারির দিন প্রাক্তন অধ্যক্ষ হাসিম আব্দুল হালিম সাহেবের। তাঁর অবিচ্যুয়ারিকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রী থেকে শুরু করে সবাই, বিভিন্ন রাজনৈতিক দল আমরা এখানে আছি, সবাইকে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করার আপনি একটা সুযোগ করে দিয়েছিলেন এবং সেই দিনেই তাঁর একটা তৈলচিত্র উন্মোচন হয়েছে আমাদের লবিতে, এটা একটা অত্যন্ত উল্লেখযোগ্য ঘটনা। স্যার, দ্বিতীয় উল্লেখযোগ্য ঘটনা হচ্ছে, বর্তমান ভারতবর্ষে যে রাজনৈতিক পরিবেশ চলছে, এই রাজনৈতিক প্রেক্ষাপটে আপনার নেতৃত্বে যে একটা ১৮৫ মোশান গতকাল আলোচিত হয়েছে, তাতে সবাই আমরা অংশগ্রহণ করেছি এবং আমাদের এই হাউসের থ্রু দিয়ে গোটা দেশের কাছে আমাদের পশ্চিমবাংলার মানুষের কী চিন্তাধারা, আমাদের কী ভাবনা, আমরা কী ভাবতে চাইছি, কী করতে চাইছি—এটা গোটা ভারতবর্ষের মানুষের কাছে আমরা পৌঁছে দিতে সক্ষম হয়েছি। পশ্চিমবাংলার কৃষ্টি, সভ্যতার একটা নিদর্শন আমরা সারা দেশে পৌঁছে দিতে পেরেছি, এটা একটা স্যার অত্যন্ত উল্লেখযোগ্য ঘটনা। আপনার নেতৃত্বে অন্যান্য যে সমস্ত জিনিস হয়েছে আপনি তা সুচারুভাবে সেটা পরিচালনা করেছেন, আপনাকে অশেষ-অশেষ ধন্যবাদ জানাই। আপনার অনুপস্থিতিতে—এবারে প্র্যাকটিকালি আপনি অনুপস্থিতিই ছিলেনই না, তথাপি ডেপুটি স্পীকার বা আমাদের যারা চেয়ারম্যান—তারা সভা চালান—তাদেরকেও আমি আন্তরিক ধন্যবাদ জানাই। তাছাড়া যখন অধিবেশন চলে, তখন এই বিধানসভা সচিবালয়ের কাজ অত্যন্ত জরুরী হয়ে যায়। কোনো অ্যাডজর্নমেন্ট মোশান বা কোনো বিল যখন দিই, সঙ্গে সঙ্গে — কিছুক্ষণের মধ্যেই তাদেরকে সেটা আবার রেডি করে দিতে হয়, তারা করে দেন, এই জন্য তাদেরকেও আমি অশেষ ধন্যবাদ জানাচ্ছি। আর যারা সাংবাদিক, তারা সারাদিন ধরে এই সংবাদ সংগ্রহ করার জন্য তারা থাকেন, সংবাদ তারা পরিবেশন করেন, তাদেরকেও ধন্যবাদ জানাচ্ছি। আর একটা জিনিস — আমাদের অনেক দিনের একটা চাহিদা ছিল যে যখন হাউস বসবে না, তখনও প্রেস কর্নারটা যাতে কিছু স্পেসিফিক সময়ের জন্য খুলে দেওয়া হয় — সেটা আপনি খুলে দেওয়ার ব্যবস্থা করেছেন। সেইজন্য আপনাকে অশেষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা

জানাচ্ছি। আবার প্রত্যেকটা দলের সমস্ত সদস্য যারা আছেন — মন্ত্রীসহ সবাই সকলকে আমার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Harka Bahadur Chhetri : Thank you very much, Sir, for giving me this opportunity to thank the Chair since the year is also coming to close. We are at the end of 2015. So before I forget I must express my best wishes of Christmas as well as the ensuring New Year, Sir. This House has witnessed quite a number of important decisions which has been taken during this period like Hon'ble Dr. Partha Chatterjee and Md. Sohrab has also pointed out.

[3.10 — 3.18 p.m.]

Those two important topics on which discussion was held — one on 'Tolerance' or rather Intolerance and the other Obituary Reference to Hon'ble Late Hasim Abdul Halim Saheb Sir. I was particularly interested in the Bill that came today and was passed almost unanimously. I would say of this Sanskrit College Sir. Sanskrit for many is a dead language, even in the census; I think the Sanskrit speaking population was barely two thousand across the country Sir. But nevertheless we should not forget the fact that it is the mother of many other languages and if we understand Sanskrit, we stand to enrich our own language to a great extent whether you call it Bengali, Hindi, or Nepali or any other language that has descended from Sanskrit, Sir. I was particularly struck by when I was reading a book by the French philosopher **Jaques Derrida** who propounded a theory of deconstruction, is **Book of Grammatology** which was originally written in French but was translated into 36 languages across the world Sir. In that Book, he talks about the Grammar of Panini and how Sanskrit was such a perfect language that even if we stuck with so computer-friendly. Probably, there is no other language is as computer-friendly as Sanskrit, Sir. So, at a level where the ground breaking researches are taking place, the scholars are finding that this is one language which can actually lead the rest of the world Sir, and by converting the Iswar Chandra Vidyasagar College into University, the Hon'ble Education Minister and this Government has done yeomen's job. I must congratulate Dr. Partha Chatterjee for that Sir. I, as a student, during my school days, used to study about Iswar Chandra Vidyasagar, there was a very short life history of Iswar Chandra in Nepali Textbook, Sir and how he used to stand before a lamp post because his parents did not have enough money to buy a lamp or buy kerosene to fill that lamp. So he used to go to the street

light and below that, he used to stand for hours' studying his text books and that is what went into making Iswar Chandra Vidyasagar. That is rightly mentioned by some of my friends that in centuries there is one like Vidyasagar produced. So it would be a great honour on the name of that great scholar which this Government has honoured, Sir. So, I do not prone my references more Sir, because there are other speakers also but before coming to an end, I must wish best of luck for the New Year to all my friends. We will be going into election very shortly Sir. Many of us might not come back and see and be witnessed to the vibrant discussion that happens in this but whatever Sir, I wish all of them good luck for the New Year. Thank you, Sir.

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই স্বল্পকালীন অধিবেশনে অধিবেশন কিছুটা হলেও উত্তপ্ত ছিল। সেই উত্তাপকে সম্পূর্ণ স্পর্শ করেও আপনি যেভাবে সভাকে পরিচালনা করেছেন তার জন্য আপনাকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই, ধন্যবাদ জানাই। বিধায়কদের জন্য প্রেস কর্নার খুলে রাখা, এর জন্য আবার আপনাকে ধন্যবাদ জানাই। একটি নজিরবিহীনভাবে যে ভাবে প্রয়াত শ্রদ্ধেয় স্পীকার হাসিম আব্দুল হালিমের অবিচ্যুয়ারিতে আপনি সভাকে পরিচালনা করেছেন তার জন্য আপনাকে, উপস্থিত থাকবার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এবং পরিষদীয় মন্ত্রী সহ সমস্ত মন্ত্রী, সমস্ত সদস্যকে আবার ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই, সমস্ত সাংবাদিকদের যাঁরা এখানে সংবাদ সংগ্রহের জন্য পরিশ্রম করেছেন। যারা এখানে উপস্থিত থেকেছেন, সমস্ত বিধানসভার স্টাফ, সেক্রেটারিয়েটের সমস্ত আধিকারিক এবং যারা এখানে অন্যান্য কর্মচারীবৃন্দ আছেন সকলকে আগাম বড়দিনের শুভেচ্ছা, নববর্ষের আগে প্রত্যেককে শুভেচ্ছা। প্রত্যেক সদস্যকে শুভেচ্ছা জানিয়ে আগামী বছর আপনাদের সকলের যাতে ভালো কাটে সেই আবেদন জানিয়ে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : মাননীয় পরিষদীয় মন্ত্রী, মন্ত্রিসভার মাননীয় সদস্যবৃন্দ, পরিষদীয় দলের নেতা, সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় মুখ্যসচেতক ছিলেন, সম্ভবত ওনার স্ত্রী-র চিকিৎসার ব্যাপারে বেরিয়েছেন, আমাদের মাননীয়া উপাধ্যক্ষা আজকে নেই, প্রেস এবং মিডিয়ার যাঁরা উপস্থিত রয়েছেন, আমাদের সচিব, সচিবালয়ের কর্মচারী, পুলিশ যাঁরা এখানে থাকেন, এখানে কাজ-কর্ম করেন, আজকে আমাদের এই স্বল্পকালীন অধিবেশনের শেষ দিন।

কিন্তু স্বল্পকালীন অধিবেশন হলেও প্রশ্নোত্তর-পর্বে আমরা এতগুলো প্রশ্ন নিতে পেরেছি যে লোকসভাতেও এতগুলো প্রশ্ন হয় না, অন্যান্য রাজ্য বিধানসভাতে হয় কিনা আমার যথেষ্ট সন্দেহ। মন্ত্রিসভার সদস্যগণ বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছেন। সরকারপক্ষ, বিশেষ করে বিরোধী দলের মাননীয় সদস্যগণ অনেক প্রশ্ন করেছেন এবং সবাই আমরা দেখেছি যে মাঝে মাঝে উত্তাপ হয়েছে, উত্তেজনা হয়েছে আবার সেই উত্তাপ নিভে গেছে।

পার্থবাবু বলছিলেন আমাদের এখানে যে স্কুল-কলেজের ছেলেমেয়েরা আসে তাঁরা যেন কিছু কিছু অংশ বাদ দিয়ে নেয়। বিধানসভার একটা নিজস্ব উত্তাপ থাকবেই। এটা ছিল, আছে ভবিষ্যতেও থাকবে। উত্তাপ থাকা মানেই যে বিধানসভাটাকে সবাই খারাপ চোখে দেখুক, তা নয়। উত্তাপ থাকবেই এবং সেই উত্তাপ আবার আস্তে আস্তে নিভেও যাবে। এটা না থাকলে মনে হয় বিধানসভার যে ঐতিহ্য সেই ঐতিহ্যটাই অনেকটা ম্লান হয়ে যায়।

আমাদের এখানে অনেকগুলো বিল পাশ করা হয়েছে, তিনটে বিল। এবং প্রথম দিন, বিশেষ করে আমি যে মোশানটা এনেছিলাম, কন্ডোলেন্স হয়েছিল, অবিচুয়ারি মোশান। আমার আগে যিনি এই সিটে ছিলেন, শ্রী হাসিম আব্দুল হালিম, তিনি একটানা ২৯ বছর বিধানসভার এই চেয়ারে বসে সভা পরিচালনা করেছেন। তাঁকে আমরা শ্রদ্ধাজ্ঞাপন করেছি। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি এসেছিলেন। সব পরিষদীয় দলের পক্ষ থেকে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।

এছাড়াও যে বিলগুলো আলোচনা হয়েছে, পাশ করা হয়েছে এবং তাতে আমি মনে করি মাননীয় সদস্যরা, মন্ত্রিসভার সদস্যরা উচ্চমানের বক্তৃতা রেখেছেন, নিজস্ব চিন্তা-ভাবনা রেখেছেন, বিলগুলো পাশ হয়েছে।

আর, সহিষ্ণুতার ওপর আমাদের একটা আলোচনা হয়েছিল। আমি মনে করি আমাদের নিজেদেরও একটু সহিষ্ণু হওয়া দরকার। কেউ কেউ বলেছেন আমি অত্যন্ত অসহিষ্ণু। কাজে করে না দেখালেও পারেন। সহিষ্ণু, অসহিষ্ণু বলে যে আমাকে দেখাতেই হবে, সেটা না দেখালেও মনে হয় আমাদের সহিষ্ণুতা দেখানো যেতে পারে।

যাই হোক, আজকের এই অধিবেশনের পরে আবার হয়তো ফেব্রুয়ারী বা মার্চ মাসে একটা বাজেট অধিবেশন হবে নির্বাচনের আগে। আমাদের এই স্বল্পকালীন অধিবেশন যেটা হল তাতে আপনারা যাঁরা সহযোগিতা করেছেন, সুষ্ঠুভাবে সভা পরিচালনা করার জন্য সবাইকে ধন্যবাদ জানাই। ক্রিসমাস আসছে এবং সেই সঙ্গে ইংরাজী নতুন বছর আসছে। সবাই ভালো থাকবেন, সুস্থ থাকবেন। নতুন বছরে আবার যেন আমরা সবাই এখানে আসতে পারি। কারো আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। যাঁরা ভালোভাবে কাজ করেছেন, আমরা তো সমস্ত মানুষের জন্যই কাজকর্ম করি, বিধানসভার নির্বাচিত জনপ্রতিনিধি তাঁরাই হন যাঁরা জনগণের সমর্থন নিয়ে আসেন। আমার মনে হয়, যাঁরা যে রকম কাজ করেছি সেইভাবে বিচার করে আবার মানুষ আমাদের ফেরৎ পাঠাবে। ২০১৬ সালে আবার আমাদের নতুন বিধানসভা গঠন করা হবে। অনেককে দেখতে পাব, আবার অনেককে দেখতে নাও পেতে পারি। কিন্তু আমাদের এইভাবেই চলতে হবে। এই পরম্পরা বরাবর চলবে। নতুন বছর সবার ভালো হোক এই কামনা করে, সকলকে ধন্যবাদ জানিয়ে আজকের অধিবেশন শেষ করছি। The House is adjourned sine die.

Adjournment

(Accordingly, the House was adjourned sine die, at 3.18 p.m. at the Assembly House, Kolkata.)

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol. 144, No. VI

(December Session, 2015)

[The 11th, 14th, 15th, 16th and 17th December, 2015]

Dated : 11th December, 2015

OBITUARY REFERENCES

by Mr. speaker / PP-1-4

Condolence Resolution of Shri Hasim Abdul Halim, former speaker of West Bengal Legislative Assembly / PP-4-22

spoke by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-5-8
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-8-11
— শ্রী মহঃ সোহরাব / PP-11-12
— শ্রী পরেশ চন্দ্র অধিকারী / P-13
— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা / PP-13-16
— Dr. Harka Bahadur Chhetri / PP-16-17
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-17-18
— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-18-19
— ডঃ পার্থ চ্যাটার্জী / PP-19-22

Dated : 14th December, 2015

Presentation of the Report of Business Advisory Committee
by Mr. speaker / PP-23-24 & PP-61-62

STARRED QUESTIONS

(to which oral answers were given)

*২ — শ্রী সমীর কুমার জানা

— শ্রী অসিত মজুমদার
— শ্রী তপন চ্যাটার্জী
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা
— Dr. Harka Bahadur Chhetri
replied by — শ্রী জাভেদ আহমেদ খান / PP-24-29

*৬ — শ্রীমতী রত্না ঘোষ (কর)
— শ্রী কল্লোল খাঁ
— শ্রী দীপক হালদার
— শ্রী পার্থসারথী ভৌমিক
— শ্রী নির্মল ঘোষ
replied by — শ্রী জাভেদ আহমেদ খান / PP-29-33

*১ — শ্রী অসিত মিত্র
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী কালীপদ মণ্ডল
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-33-36

*৪ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— Dr. Harka Bahadur Chhetri
— শ্রী যোগরঞ্জন হালদার
— শ্রী অসিত মজুমদার
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-37-38

*৮ — শ্রী জয়ন্ত নস্কর
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়
— শ্রী জীবন মুখোপাধ্যায়
replied by — শ্রী অরূপ রায় / PP-38-39

STARRED QUESTIONS
(to which answers were laid on the 'Table')

*৩ — শ্রী তজমুল হোসেন / P-40
*৫ — শ্রী বাসুদেব খাঁ / P-40
*৭ — শ্রী মনোরঞ্জন পাত্র / P-41

Motion for further Extension of Time for Presentation of Report of the Committee on Privileges (2014-2015 & 2015-2016)
– by Smt. Sonali Guha / P-41

Leave of Absence under Rule 242
– Shri Rajib Banerjee / P-42

ADJOURNMENT MOTION

by – শ্রী সুনীল চন্দ্র তিরকে
– ডঃ তরুণ কান্তি নস্কর
– শ্রী শমীক ভট্টাচার্য্য
– শ্রী আনিসুর রহমান / PP-42-44

CALLING ATTENTION (NOTICE)

(a) by – Shri Khagen Murmu
– Shri S. M. Sadi
– Shri Sk. Amjad Hossain
– Shri Akshay Thakur
– Shri Kanai Chandra Mondal
– Shri Dibakar Hansda
– Shri Susanta Besra and
– Shri Manoj Kumar Oraon / P-44

(b) by – Shri Insar Ali Biswas
– Shri Manoranjan Patra
– Shri Ranjit Kumar Mandal
– Shri Anandamay Mandal
– Shri Upen Kisku
– Shri Ramsankar Halder
– Shri Nirapada Sardar
– Shri Rameswar Doloi and
– Smt. Jahanara Khan / PP-44-45

(c) by — Shri Sekh Sahonawez (selected) / P-45

LAYING OF REPORTS AND ACCOUNTS

Laid by — Dr. Partha Chatterjee / P-45
— Shri Manish Gupta / P-45
— Dr. Sudarsan Ghosh Dastidar / P-46

LAYING OF NOTIFICATION

Laid by Shri Arup Roy / P-46

MENTION CASES

Raised by — Dr. Harka Bahadur Chhetri / P-46
— শ্রী শেখ শাহনাওয়াজ / P-47
— শ্রী অশোক ঘোষ / P-47

ZERO HOUR

Raised by — শ্রী শ্যামল মণ্ডল / P-48

LEGISLATION

Govt. Bill Introduced, Considered and Passed the Brainware University Bill, 2015 / PP-48-71

discussed by — শ্রী প্রবোধ চন্দ্র সিনহা / PP-48-51
— শ্রী জীবন মুখোপাধ্যায় / PP-51-53
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-53-55
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-55-57
— শ্রী সমীর কুমার জানা / PP-57-61
— শ্রী আনিসুর রহমান / PP-61-67
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-67-70

Dated : 15th December, 2015

STARRED QUESTIONS
(to which oral answers were given)

*৯ — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র

replied by — ডঃ অমিত মিত্র / PP-73-75

*১১ — শ্রী বাসুদেব খাঁ

replied by — শ্রী মলয় ঘটক / PP-75-77

*১৩ — শ্রীমতী মমতা রায়
— শ্রী শাহাজাহান চৌধুরী
— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা
— শ্রী অশোক ঘোষ
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়

replied by — শ্রী মলয় ঘটক / PP-77-82

*১৪ — শ্রী নির্মল ঘোষ
— শ্রী আনিসুর রহমান

replied by — শ্রী মলয় ঘটক / PP-82-86

*১০ — শ্রী সমীর কুমার জানা
— Dr. Harka Bahadur Chhetri
— শ্রী মনোরঞ্জন পাত্র
— শ্রী দেবপ্রসাদ রায়

replied by — শ্রী উজ্জ্বল বিশ্বাস / PP-86-110

*১২ — শ্রী কল্লোল খাঁ

replied by — ডঃ সৌমেন কুমার মহাপাত্র / PP-110-111

STARRED QUESTIONS
(to which oral answers were laid on the 'Table')

*১৫ — ডঃ সুখবিলাস বর্মা / PP-111-112
*১৬ — শ্রীমতী রত্না ঘোষ কর / PP-112-115
*১৭ — শ্রী জয়ন্ত নস্কর / PP-115-116

ADJOURNMENT MOTION

by — Shri Anisur Rahaman / PP-116-117

CALLING ATTENTION (NOTICE)

(i) by Shri Ram Sankar Halder
(ii) by Shri Nirmal Ghosh / PP-117-118

PRESENTATION OF COMMITTEE REPORT

Presented by (i) Shri Gyan Singh Sohanpal / P-118
(ii) Shri Jiban Mukhopadhyay / P-118

LAYING OF RULES

laid by — Shri Subrata Mukherjee / PP-118-119

LAYING OF REPORTS AND ACCOUNTS

laid by (i) Shri Upendra Nath Biswas
(ii) Shri Swapan Debnath / PP-119-120

LAYING OF NOTIFICATIONS

laid by — Shri Moloy Ghatak / P-120

MENTION CASES

raised by — ডঃ তরুণ কান্তি নস্কর / P-120
— Dr. Harka Bahadur Chhetri / P-121

— শ্রী শীতল কুমার সর্দার / P-121
— শ্রী অশোক ঘোষ / PP-121-122

ZERO HOUR

raised by — শ্রী নির্মল ঘোষ / P-122
— শ্রী শমীক ভট্টাচার্য্য / P-122

LEGISLATION

Government Bill Introduced, Considered and Passed
The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2015 / PP-123-134

discussed by — শ্রী এস. এম. সাদি / PP-123-125
— শ্রী আখরুজ্জামান / PP-125-127
— শ্রী অশোক দেব / P-127
— Shri Ali Imran Ramz / P-128
replied by — Smt. Chandrima Bhattacharya / PP-129-132

Dated : 16th December, 2015

STARRED QUESTIONS
(to which oral answers were given)

*১৯ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— শ্রী শ্যামল সাঁতরা।
replied by — ডাঃ শশী পাঁজা / PP-135-142

*২২ — শ্রী মনোজ কুমার ওরাওঁ
— শ্রী শমীক ভট্টাচার্য্য
— Dr. Harka Bahadur Chhetri
— শ্রী নেপাল মাহাত
— শ্রী আনিসুর রহমান
— শ্রী শেখ আমজাদ হোসেন
replied by — ডাঃ শশী পাঁজা / PP-142-145

*২৪ — শ্রী রামেশ্বর দলুই
— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা
replied by — ডাঃ শশী পাঁজা / PP-146-148

*২৫ — শ্রী নির্মল ঘোষ
— শ্রীমতী প্রতিমা রজক
replied by — ডাঃ শশী পাঁজা / PP-148-150

*১৮ — শ্রী অসিত মিত্র
শ্রী আনিসুর রহমান
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-150-152

*২৬ — শ্রী আনিসুর রহমান
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী মহঃ সোহরাব
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-152-154

*২১ — শ্রী অনন্তদেব অধিকারী
— শ্রী আসিফ মেহেবুব
— শ্রী মনোরঞ্জন পাত্র
— শ্রী খগেন মুর্মু
replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-154-156

STARRED QUESTIONS
(to which oral answers were laid on the 'Table')

*২০ — শ্রী তজমুল হোসেন / P-156

ADJOURNMENT MOTION

by — শ্রী আনিসুর রহমান / PP-156-157

CALLING ATTENTION (NOTICE)

(i) — Shri S. M. Sadi

— Shri Rameswar Doloi
— Shri Dhirendra Nath Mahato
— Shri Biram Mandi
— Shri Manoj Kumar Oraon
— Shri Sahajahan Choudhury / P-157

(ii) — Smt. Ratna Ghosh (Kar) (Selected) / P-157

PRESENTATION OF COMMITTEE REPORT

Presented by — Shri Prabodh Chandra Sinha / P-158

LAYING OF RULES

Laid by — Smt. Chandrima Bhattacharya / P-158

LAYING OF REPORTS AND ACCOUNTS

laid by — (i) Shri Manish Gupta
(ii) Dr. Shashi Panja / P-159

LAYING OF NOTIFICATION

laid by — Shri Manish Gupta / P-159

MENTION CASES

raised by — ডঃ তরুণ কান্তি নস্কর / PP-159-160
— শ্রী দেবপ্রসাদ রায় / P-160
— Dr. Harka Bahadur Chhetri / P-160
— শ্রী কে. পি. সিং দেও / P-161
— শ্রী কল্লোল খাঁ / P-161
— শ্রী শীতল কুমার সর্দার / P-161
— শ্রী জটু লাহিড়ী / PP-161-162

ZERO HOUR

— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা / PP-162-163
— শ্রী অসিত মিত্র / PP-163-164

— শ্রী শ্যামল মণ্ডল / P-164
— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-164-165
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-165-166

MOTION UNDER RULE 185 / PP (166-198)

discussed by — শ্রী সুভাষ নস্কর / PP-167-168
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-168-171
— শ্রী মহঃ সোহরাব / PP-171-173
— শ্রী তাপস রায় / PP-173-176
— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা / PP-176-178
— শ্রী পরেশ চন্দ্র অধিকারী / PP-178-179
— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-179-181
— শ্রী ফিরহাদ হাকিম / PP-181-183
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-183-185
— Dr. Harka Bahadur Chhetri / PP-185-187
— শ্রী আনন্দময় মণ্ডল / PP-187-188
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা / PP-188-190
— শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / PP-191-193
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-193-196
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-196-198

Dated : 17th December, 2015

OBITUARY REFERENCE

by — Mr. Speaker / P-199

STARRED QUESTIONS
(to which oral answers were given)

*২৭ — শ্রী অসিত মিত্র
— শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা
— শ্রী মনোরঞ্জন পাত্র
— শ্রীমতী প্রতিমা রজক
— শ্রী শেখ আমজাদ হোসেন

— শ্রী মনোজ কুমার ওরাওঁ
— শ্রী শেখ শাহনাওয়াজ
— শ্রী দেবপ্রসাদ রায়
— শ্রী আশিস মার্জিত
replied by — ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস / PP-200-205

*৩২ — শ্রী বাসুদেব খাঁ
— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা
replied by — ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস / PP-205-206

*৩৪ — শ্রী মনোরঞ্জন পাত্র
— শ্রী যোগরঞ্জন হালদার
replied by — ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস / PP-206-208

*২৮ — শ্রী অসিত মজুমদার
— শ্রী পরেশ চন্দ্র অধিকারী
— শ্রী জটু লাহিড়ী
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— শ্রী দীপক কুমার হালদার
replied by — শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-208-211

*৩৩ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— শ্রী আনিসুর রহমান
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র
replied by — শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-211-213

*৩৫ — শ্রী নিরাপদ সরদার
replied by — শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-213-214

*৩৬ — শ্রী আনিসুর রহমান
— শ্রী প্রবোধচন্দ্র সিনহা
— শ্রী রামেশ্বর দলুই
— ডঃ সুখবিলাস বর্মা
— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা
replied by — শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / PP-214-217

STARRED QUESTIONS
(to which oral answers were laid on the 'Table')

*২৯ — শ্রী তজমুল হোসেন / P-217
*৩০ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / PP-217-218
*৩৭ — শ্রী নগেন্দ্রনাথ রায় / P-218
*৩৮ — শ্রী পরেশ চন্দ্র অধিকারী / PP-218-219
*৩৯ — শ্রী অপূর্ব সরকার / P-219

UNSTARRED QUESTIONS
(to which written replies were laid on the 'Table')

— শ্রী তজমুল হোসেন / P-219, PP-219-220
— শ্রী সমীর কুমার জানা / P-220
— শ্রী অসিত মজুমদার / P-220, PP-220-221
— শ্রী মনোজ কুমার ওরাওঁ / P-221, P-221
— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা / PP-222-223
— শ্রী বাসুদেব খাঁ / P-223
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-224
— শ্রী রামেশ্বর দলুই / P-224, PP-224-225
— শ্রী মনোরঞ্জন পাত্র / PP-225-226
— শ্রী নিরাপদ সর্দার / P-226
— শ্রী অনন্ত দেব অধিকারী / PP-226-227
— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / P-227
— শ্রী পরেশ চন্দ্র অধিকারী / P-227
— শ্রী জয়ন্ত নস্কর / PP-227-228, PP-229-230
— শ্রী শাহাজাহান চৌধুরী / P-230
— শ্রী ভূপেন্দ্রনাথ হালদার / PP-231-239
— ডঃ সুখবিলাস বর্মা / PP-239-243, PP-243-249
— শ্রী সেখ পারভেজ রহমান / P-250
— শ্রী অসীম কুমার মাঝি / P-250

ADJOURNMENT MOTION

by — শ্রী আখরুজ্জামান / P-251
— শ্রী আনিসুর রহমান / P-251

CALLING ATTENTION

by — 1. Shri Samik Bhattacharya
— 2. Shri Asit Majumder (selected) / PP-251-252

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes & Scheduled Tribes Development & Finance Corporation for the year 2013-2014
by — Shri Upendra Nath Biswas / P-252

LAYING OF NOTIFICATION

Notification made by the Backward classes welfare Department, Government of West Bengal under The West Bengal Right to Public Services Act, 2013.
by — Dr. Upendra Nath Biswas / P-252

MENTION CASES

by — শ্রী শমীক ভট্টাচার্য্য / P-253
— ডঃ হরকা বাহাদুর ছেত্রী / P-253
— শ্রী কে. পি. সিং দেও / PP-253-254
— শ্রী কল্লোল খাঁ / P-254
— শ্রী শীতল কুমার সর্দার / P-254
— শ্রী শেখ শাহনাওয়াজ / P-254

ZERO HOUR

by — শ্রী শ্যামল মণ্ডল / P-255

LEGISLATION

The Sanskrit College and University, West Bengal Bill, 2015
— Introduction, Consideration and Passing / PP-257-278
discussed by — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-258-260
— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা / PP-261-265
— ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস / PP-266-267

— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-268-269
— শ্রী জীবন মুখোপাধ্যায় / PP-269-271
— ডঃ আশীষ ব্যানার্জী / PP-271-274
by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-274-277

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY BUSINESS TRANSACTED DURING THE EIGHTEENTH SESSION OF THE FIFTEENTH LEGISLATIVE ASSEMBLY (11th December to 17th December, 2015)
by — Mr. Speaker / PP-278-280

CLOSING OF THE EIGHTEENTH SESSION
/ PP-281-285

Speech delivered by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-281-282
— শ্রী মহঃ সোহরাব / PP-282-283
— ডঃ হরকা বাহাদুর ছেত্রী / PP-283-284
— শ্রী শমীক ভট্টাচার্য্য / P-284
— মিঃ স্পীকার / PP-284-285

Printed at :
Basumati Corporation Limited
(A Govt. of West Bengal Undertaking)
166 B. B. Ganguly Street
Kolkata-700 012
LAP-513 dt.20-12-2017/400 bks/'18